तिखाँचित

শাত্যনন্তকুমার ভট্টাচার্য্য ন্যায়তর্কতীর্থ



4015



বৈ ভাষিক দৰ্শন

4015



বৈভাষিক দর্শন

কলিকাতা সংস্কৃতকলেজের ভারশান্তাধ্যাপক শ্রীঅনন্তকুমার ভট্টাচার্য্য ন্যায়তর্কতীর্থ



ওরিয়েণ্ট বুক কোম্পানি ॥ কলিকাতা ১২॥ ॥ প্রথম প্রকাশ ॥ । বঙ্গাবদ ১৩৬১। । ইংরাজী: ১৯৫৫।

28.12.94

দাম ঃ কুড়ি টাকা

শ্রীপ্রফ্লাদকুমার প্রামাণিক কর্তৃক ১৯, শ্রামাচরণ দে খ্রীট, কলিকাতা ১২ হইতে প্রকাশিত ও শ্রীতীর্থনাথ পাল কর্তৃক নবজীবন প্রেস, ৬৬ গ্রে খ্রীট্, কলিকাতা ৬ হইতে মুদ্রিত।

4015

যাঁহাদের সম্নেহ আশীর্কাদে মাদৃশ অভাজনের পক্ষেও 'আশ্বীক্ষিকী'-বিভালাভ সম্ভব হইয়াছে সেই পরমনির্বত জনকজননীর শ্রীচরণকমলে বৈভাষিক দর্শন সমর্পিত হইল। ইহাতে দেবী শ্রীবালত্রিপুরস্থন্দরী শ্রীতা হউন।



ভূমিকা

পরম কারুণিক প্রীভগবানের অপার করুণার বৈভাবিক দর্শন মুদ্রিত হইল।
"ওরিরেণ্ট বৃক কোম্পানি"র স্বত্বাধিকারী উদারহ্বদর প্রীযুক্ত প্রহলাদকুমার
প্রামাণিক মহাশর বঙ্গভাষার ভারতীর সংস্কৃতির প্রচারার্থে আত্মনিরোগ করিয়াছেন।
আমার এই সামান্ত প্রকের দারা তাঁহার কার্য্যের সাহান্য হইবে মনে করিয়া
তিনি বহু অর্থবারে পুরুকথানি প্রকাশ করিলেন। যদি তিনি স্বেচ্ছায় নিজম্বদ্ধে
এই গুরুভার গ্রহণ না করিতেন, তাহা হইলে আমার ন্তায় দরিদ্র ব্রাহ্মণের
পক্ষে পুরুকের মূদ্রণ ও প্রকাশ সম্ভব হইত না। জীবনে বােধ হয় কথনও
অকারণকরুণ এই প্রহলাদবাব্বে ভুলিতে পারিব না। ভগবান্ তথাগতের চরণে
প্রার্থনা করি যে, তিনি সপুত্রপরিবারে নিরাময় দীর্ঘ জীবন লাভ করিয়া ভারতীয়
সংস্কৃতির উন্নতি বিধান কর্মন।

কৃষ্ণনগর কলেজের দর্শনশাস্ত্রের প্রধান অধ্যাপক শ্রীমান পরেশচন্ত ভট্টাচার্য্য এমৃ. এ. আমাকে বাংলা ভাষায় ভারতীয় দর্শনের একটা সরল ও বিশুদ্ধ পুস্তক লিখিবার জন্ম বিশেষভাবে অনুরোধ করেন। বাংলা ভাষাম্ব ভারতীয় দর্শনের পুস্তক রচনার কথা আমি আমার অক্কৃত্রিমস্থহান কলিকাতা বিশ্ববিচ্ছালয়ের সংস্কৃতবিভাগের 'শুরু আগুতোয' অধ্যাপক বছক্রত পণ্ডিত শ্রীযুত সাতকড়ি মুখোপাধ্যায় এম্. এ., পি. এইচ্. ডি. এবং দার্শনিকপ্রবর শ্রীযুক্ত গোপীনাথ ভট্টাচার্য্য এম্. এ., পি. আর্. এম্., ডাঃ শ্রীযুক্ত রাসবিহারী দাস এম্. এ., পি. এইচ্. ডি., ডাঃ প্রীযুক্ত অনিলকুমার রায়ভৌধুরী এম্. এ., ডি. লিট্, ডাঃ শ্রীমান কালিদাস ভট্টাচার্য্য এম্. এ., পি. এইচ্. ডি. প্রভৃতি অন্তরঙ্গ বন্ধুগণের নিকট বলি। আমার কথা শুনিয়া ইঁহারা সকলেই আনন্দিত হইলেন এবং অবিলক্ষে লেখা আরম্ভ করিতে বলিলেন। প্রথমে চার্ব্বাক দর্শন লিখিলাম এবং - 'দর্শন' পত্রিকায় তাহা প্রকাশিত হইল। কিন্তু, সরল ও সংক্ষেপে লিখিতে গিয়া যে ভাবে চার্ব্রাক দর্শন লিখিলাম, তাহা আমার নিজের মনোমত হইল না। পরে বৈতণ্ডিক দর্শন লিখিয়া বৌদ্ধ দর্শন লিখিবার সঙ্কল্ল করিলাম। একখানি পুস্তকে বৈভাষিক, সৌত্রান্তিক, যোগাচার ও শৃক্তবাদ এই চারি প্রকারে বিভক্ত বৌদ্ধ দর্শনের প্রমের ও প্রমাণাংশের যথাসিদ্ধান্ত আলোচনা করা অসম্ভব মনে হইল: অথচ চার্বাক দর্শনের ন্যায় সংক্ষেপে লেখাও আমার অভিপ্রেত ছিল না। স্কুতরাং,

প্রথমে কোন্ সম্প্রদায়ের মতাতুসরণে বৌদ্ধ দর্শন লেখা উচিত হইবে তাহা ভাবিতে লাগিলাম। নানাদিকে ভাবিয়া দেখিলাম যে, প্রথমে বৈভাষিকমতামুদারেই বৌদ্ধ দর্শন লেখা উচিত। কারণ, সৌত্রান্তিক প্রভৃতি সম্প্রদায়গুলি প্রমেয়াংশে বৈভাবিক্মতেরই অনুবর্ত্তন করিরাছে এবং নিজ নিজ সিদ্ধান্তানুসারে বৈভাবিক-সত্মত কোনও কোনও পদার্থ অস্বীকার করিয়াছে বা বিজ্ঞানাতিরিক্ত প্রমেয়গুলির অপারমার্থিকত্ব অথবা বিজ্ঞানেরও কল্লিতত্ব স্বীকার করিয়াছে। সৌত্রান্তিকগণ বৈভাষিকসন্মত প্রমেয়গুলির মধ্যে আকাশ, প্রতিসংখ্যানিরোধ ও অপ্রতিসংখ্যা-নিরোধ এইগুলির দ্রবাদত্তা অস্বীকার করিয়াছেন। তাঁহারা প্রমেয়মাত্রের ক্ষণিকত্বে চরম বিশ্বাসী। যোগাচার বা বিজ্ঞানবাদিগণ একমাত্র বিজ্ঞানেরই দ্রবসত্তা স্বীকার করিয়াছেন। তাঁহারা বৈভাবিকসন্মত অক্তান্ত প্রমেয়গুলিকে অপারমার্থিক বা প্রজ্ঞপ্রিসৎ বলিরাছেন। স্থতরাং, তাঁহারাও জগতের ব্যাখ্যায় বৈভাষিক্মতেরই অনুসরণ করিরাছেন। শৃত্যবাদিগণ কোনও পদার্থেরই দ্রব্যসতা স্বীকার করেন নাই। তাঁহারা চরম বৈত্তিক হইলেও জগদ্যাপারে বৈভাষিক-মতেরই সমর্থন করিরাছেন। স্থতরাং, বৈভাষিক্মত জানা না থাকিলে কোনও বৌদ্ধমতই জ্বানা সম্ভব হইবে না মনে করিয়া আমি প্রথমে বৈভাবিক্মতেরই ব্যাখ্যা আরম্ভ করিলাম।

আমার অন্তরঙ্গ বন্ধু সংস্কৃতকলেজের সংস্কৃত ও পালির অধ্যাপক প্রীযুক্ত দীনেশচক্র ভট্টাচার্য্য এম্. এ. মহাশয় নানা প্রকারে সংপরামর্শ দিরা আমার প্রকপ্রকাশে বিশেষ সাহায্য করিরাছেন। সংস্কৃতকলেজের বর্ত্তমান গ্রন্থাগারিক প্রীমান্ বিজয়কুমার মুখোপাধ্যায় এম্ এ., কাব্যতীর্থ ও আমার অন্তেবাসী প্রীমান্ গোপিকামোহন ভট্টাচার্য্য এম্. এ., গ্রায়তীর্থ এই গ্রন্থের শব্দস্থচী প্রস্কৃত করিরাছেন। বর্ত্তমান ভূমিকায় যে ঐতিহাসিক আলোচনা আছে তাহার তথ্যসংগ্রহে আমার সহকর্মী সংস্কৃতকলেজের প্রাচীন ভারতীর ইতিহাসের অধ্যাপক কল্যাণভাজন প্রীমান্ শিনিরকুমার মিত্র এম্. এ, এল্. এল্. বি বিশেষ সাহায্য করিয়াছেন। গ্রন্থানি বাহাতে স্মন্থূভাবে প্রকাশিত হয় সে বিষয়ে আমার ছাত্র কল্যাণভাজন প্রীমান্ গৌরীনাথ ভট্টাচার্য্য এম্. এ., ডি. লিট্ সবিশেষ যত্ন লইয়াছেন। ভগবানের নিকট ইহাদের নিরাময় দীর্যজীবন ও অভ্যুদয় কামনা করি।

বৈভাষিক মতের উৎপত্তি

আনুমানিক ৫৬৩ খ্রীষ্ট-পূর্ব্বাব্দে একদিন কোশল জনপদের অন্তর্গত ক্পিলবাস্ত নগরের সমিহিত লুম্বিনীকাননে বৈশাখী পূর্ণিমায় এক পর্মকল্যাণময়ু শিশু জন্মপরিগ্রহ করিয়াছিলেন। শাক্যকুলচ্ড়ামণি শুদ্ধোদন তাঁহার পিতা এবং শুদ্ধোদনপত্নী মারাদেবী ছিলেন ঐ শিশুর মাতা। শিশুটীকে প্রসব করাই বোধ হয় মাশ্লাদেবীর অবশিষ্ট কার্য্য ছিল। সেজ্গুই তিনি প্রসবের সপ্তাহকালের মধ্যেই ইহলোক পরিত্যাগ করিয়াছিলেন। পিতা গুদোদন শিশুটীর নাম রাথিয়াছিলেন "সিদ্ধার্থ"। সিদ্ধার্থ নানা বিভায় পারদর্শী ছিলেন। ২৯ বংসর বয়স (আঃ ৫৩৪ খ্রীঃ পৃঃ) পর্যান্ত তিনি সংসারাশ্রম স্বীকার করিয়া পুত্রজন্মের পরে প্রব্রজ্যা গ্রহণ করেন। তথন হইতে ৬ বংসর পর্য্যন্ত সিদ্ধার্থ মগধদেশের নানা স্থানে বিচরণ করেন এবং অতি উগ্রভাবে তপশ্চরণ ক্রিয়া ব্যর্থমনোর্থ হন। অনস্তর (বোধিমণ্ডলের অন্তর্গত) গ্রাধামের সন্নিহিত উক্তবেল গ্রামে (বর্ত্তমান বৃদ্ধগয়ায়) তিনি আঃ ৫২৮ খ্রীষ্ট-পূর্বান্দে বৈশাখী পূর্ণিমায় চতুর্বিধ আর্য্যসত্য প্রত্যক্ষতঃ উপলব্ধি করিয়া বৃদ্ধত্ব লাভ করেন। ইহার পরে বুদ্ধদেব উপযুক্ত অধিকারীর অন্বেষণে ঐ স্থান হইতে বহির্গত হইয়া বারাণদীর নিকটন্থ ঋষিপতন-মূগদাবে (সারনাথে) উপস্থিত হন এবং কৌণ্ডিন্ত-প্রমুথ শিষ্যগণসমভিব্যাহারে এক নৃতন ধর্মাচক্রের প্রবর্ত্তন করিয়া ঐ স্থানেই বর্ষা ঋতুর শেষ পর্যান্ত অবস্থান করেন। পরে তিনি ৪৫ বৎসর ধরিয়া নানঃ স্থানে পর্য্যটনপূর্ব্বিক ৮০ বৎসর বয়সে কুশীনগরের নিকটবর্ত্তী কোনও এক স্থানে ৪৮৩ খ্রীষ্ট-পূর্ব্বাব্দে মহাপরিনির্ব্বাণ প্রাপ্ত হন।

ভগবান্ ব্দদেবের জীবিতাবস্থাতেই তাঁহার তুইটী প্রিয় ও প্রধান শিষ্য সারিপুত্র ও মৌদ্গল্যায়নের জীবনাবসান হয়। ইহাতে শান্তরক্ষায় শক্ষিত হইয়া অমুবৃদ্ধ মহাকাশ্রপ স্থবির আনন্দ ও স্থবির উপালির সহায়তায় এক সঁভা আহ্বান করেন। ৪৮৩ খ্রীষ্ট-পূর্বান্দে মগধের রাজধানী রাজগৃহে এই সভা অমুষ্ঠিত হইয়াছিল এবং ইহাতে মগধরাজ অজাতশক্র সাহায্য করিয়াছিলেন। এই সভাতে পাঁচশত ইহাতে মগধরাজ অজাতশক্র সাহায্য করিয়াছিলেন। এই সভাতে পাঁচশত বৌদ্ধ শ্রাবক উপস্থিত ছিলেন। সভানায়ক মহাকাশ্রপ প্রথমতঃ স্থবির আনন্দের পরিচালনায় শ্রাবকগণের নিকট হইতে কতকগুলি বৃদ্ধ-বাণী সংগ্রহ করেন। সংগৃহীত সেই বাণী বা স্ত্রগুলিকে "স্ত্রপিটক" নামে পরিভাষিত করা হইয়াছিল।
পরে স্থবির উপালির সাহায্যে আরও কতকগুলি বাণী সংগৃহীত হয়। উপালির
পরিচালনার সংগৃহীত ঐ বৃদ্ধ-বাণীগুলিকে "বিনরপিটক" সংজ্ঞার পরিভাষিত করা
হইয়াছিল। এই সভা ৪৮৫-৮২ খ্রীষ্ট-পূর্বাব্দের ভাদ্র ক্ষাষ্ট্রমী তিথিতে আরম্ভ হইয়া
পরবর্ত্তী ফাল্গুন মাসে সমাপ্ত হয়। সাতমাসব্যাপী এই সভা "ধর্মবিনয়সংগ্রাহিণী" নামে প্রসিদ্ধি লাভ করিয়াছিল।

এই সভার একশত বংসর পরে ৩৮৩-৮২ খ্রীষ্ট-পূর্ব্বাব্দে বিনরশোধনার্য আর একটা সভা অনুষ্ঠিত হয়। এই সভার স্থান ছিল বৈশালীর উপকণ্ঠস্থ বালুকারাম। ইহাতে তংকালীন প্রধান প্রধান সাতশত বৌদ্ধ ভিক্ষু মিলিত হইরাছিলেন। এই সভার পাবেরক অর্থাৎ পাশ্চান্ত্য ভিক্ষুগণের প্রাধান্ত পরিলক্ষিত হইরাছিল এবং প্রাচ্য ভিক্ষ্গণ নিন্দিতাচার বলিরা ঐ সভা তাঁহাদিগকে বৌদ্ধসজ্ম হইতে বহিষ্কৃত করিরাছিল। এই দিতীয় সভা আট মাস ধরিরা অনুষ্ঠিত হইরাছিল এবং বিনর-পরিশোধনই ইহার প্রধান লক্ষ্য ছিল।

0

এই সভা হইতে বহিদ্ধত হইরা বৈশালিক অর্থাৎ প্রাচ্য ভিক্ষুগণ কৌশারী মণ্ডলে অর্থাৎ এলাহাবাদ জেলার এক মহাসভার সন্মিলিত হুইরাছিলেন। এই সম্মেলনে দশসহস্র বৌদ্ধ ভিক্ষু উপস্থিত হুইরাছিলেন। এই মহাসভার সিদ্ধান্তে যাঁহারা বিশ্বালী ছিলেন, তাঁহারা স্বসম্প্রদায়কে "মহাসাজ্যিক" নামে পরিভাবিত করিতেন। এই মহাসাজ্যিক বৌদ্ধগণ মহাসাজ্যিক, গোকুলিক, একব্যবহারিক, প্রজ্ঞপ্রিবাদী, বাহুলিক বা বাহুশ্রুতিক ও চৈত্যবাদী এই ছয়্টী অবান্তর সম্প্রদারে বিভক্ত ছিলেন। উক্ত ছয় সম্প্রদারের বৌদ্ধগণই পরবর্ত্তী কালে মহাবান-সম্প্রদার বলিয়া প্রসিদ্ধি লাভ করিয়াছিলেন।

অবশিষ্ট বৌদ্ধগণ, অর্থাৎ পাবেরক-সিদ্ধান্তানুসারী বৌদ্ধগণ, উক্ত সূভার পরবর্ত্তী শত বংসরের মধ্যে দ্বাদশ নিকায়ে অর্থাৎ সম্প্রদায়ে বিভক্ত হইয়া গিয়াছিলেন। স্থবিরবাদী, বাৎসীপুত্রীয়, মহীশাসক, সন্মিতীয়, ছন্দাগারিক, ভদ্রবানিক, ধর্মোগুরীয়, সর্ব্বান্তিবাদী, ধর্মগুপ্তিক, কাগুপীয়, সংক্রান্তিক ও সৌত্রান্তিক নামে উক্ত নিকায়গুলি পরিভাষিত হইত। বস্থমিত্রের নিকায়-বিভাগে এবিষয়ে বৈলক্ষণ্য দেখা য়য়। পূর্ব্বোক্ত প্রাচ্য বৌদ্ধগণের ছয়টী নিকায় এবং পাবেরক বৌদ্ধগণের বায়টী নিকায় মিলিয়া সর্ব্বসমেত আঠারটী

নিকায় গঠিত হইয়াছিল। দ্বিতীয় সভার পরবর্ত্তী শত বৎসরের মধ্যে , উক্তরূপে বৌদ্ধগণ বিভক্ত হইয়া গিয়াছিলেন।

পরে আবার ধর্মাশোকের শাসনকালে তাঁহারই সাহায্যে ২3৭ গ্রীষ্ট-পূর্ব্বাব্দে এক মহাসভার অনুষ্ঠান হইয়াছিল। পাটলিপুত্রস্থ অশোকারামে মৌদ্গলীপুত্র তিয়ের পরিচালনার সভার অবিবেশন হয়। মাঘ মাস হইতে আখিনী পূর্ণিমা পর্য্যন্ত নয় মাস ব্যাপিয়া সভার কার্য্য চলিয়াছিল। এই সভার সিদ্ধান্তামূসারে স্থবিরবাদ হইতে বাৎসীপুত্রীয়াদি অবশিষ্ঠ একাদশটী নিকায়কেই বহিদ্ধত করা হইয়াছিল। দ্বিতীয় সভায় মহাসাজ্যিক বিতাড়ন এবং তৃতীয় সভায় বাৎসীপুত্রীয়াদি একাদশ নিকায়ের বিতাড়নের ফলে স্থবিরবাদিগণ তুর্ব্বল হইয়া গিয়াছিলেন। তৃতীয় সভার বিতাড়ন-কার্য্য তিয়্যের অভিপ্রায়মুসারেই সংঘটিত হইয়াছিল। দীপবংশে তৃতীয় সভার বিবরণ পাওয়া যায়। তৃতীয় সভায় যাহারা বহিদ্ধত হইয়াছিলেন তাঁহারা প্রধানতঃ নালান্দায় গমন করেন এবং স্থবিরবাদীরা প্রধানতঃ চৈত্যপর্বতে অর্থাৎ সাঁচীতে আসিয়া মিলিত হন। নালান্দায়্থ একাদশ নিকায়ের বৌদ্ধগণকে মিলিতভাবে সর্ব্বান্তিবাদী বলা হইত। এই সভার অব্যবহিত পরেই মৌদ্গলীপুত্র তিয়্য কথাবস্তু নামে স্থবিরবাদের একথানি পুস্তক রচনা করেন এবং উহা সর্ব্বান্তিবাদের থণ্ডনপরই হইয়াছিল।

মৌর্য্যশাসনের শেষভাগে রাষ্ট্রীয় পরিবর্তনের ফলে নালানাধিষ্টিত সর্ব্বান্তিবাদী বৌদ্ধগণ ঐ স্থান পরিত্যাগ করিয়া মথুরাপ্রদেশস্থ নটভটীয় বিহারে চলিয়া যান এবং ঐ সময় হইতে নটভটীয় বিহারই সর্ব্বান্তিবাদের কেন্দ্র হয়। সংস্কৃত ভাষার অভ্যুদয় দেখিয়া সে সময়ে বৌদ্ধ ভিক্ষুগণ মুখ্যতঃ সংস্কৃত ভাষাতেই গ্রন্থরচনা করিতে আরম্ভ করেন। কাত্যায়নীপুত্র সংস্কৃতভাষায় "জ্ঞানপ্রস্থান" নামে একখানি উৎকৃষ্ট গ্রন্থ রচনা করেন। ইহাই সর্ব্বান্তিবাদের সংস্কৃতভাষাময় মূলগ্রন্থ।

্ধর্মাশোকের শাসনকালেই গান্ধার ও কাশার দেশে বৌদ্ধর্ম প্রচারের নিমিত্ত মাধ্যমিক স্থবিরকে প্রেরণ করা হয়। ইনি স্থবিরবাদী ছিলেন। স্মৃতরাং, পূর্ব্ব হইতেই ঐ সকল দেশে স্থবিরবাদের প্রসার হইয়াছিল। ক্রমে ঐ সকল দেশের স্থবিরবাদ সর্বান্তিবাদে রূপান্তরিত হইয়াছিল এবং গান্ধার-স্থবিরবাদ হইতে কাশ্মীর-স্থবিরবাদের কিছু কিছু বৈলক্ষণ্যও ছিল।

কুষাণ সমাট্ কনিষ্ক সর্ব্বান্তিবাদে বিশ্বাসী ছিলেন। তিনি তাঁহার রাজধানা

পুরুষপুরে (বর্ত্তমান পেশোয়ারে) সর্ব্বান্তিবাদের অভ্যাদয়ের নিমিত্র একটা মহাসভার অনুষ্ঠান করাইয়াছিলেন। ঐ সভার পাঁচশত প্রবীণ ভিক্ষ্ উপস্থিত হইয়া বস্থমিত্রের নায়করে ও অখলোয়ের সাহায্যে সর্ব্বান্তিবাদের প্রধান গ্রন্থ জ্ঞানপ্রহানের একথানি স্থাচন্তিত টীকাগ্রন্থ প্রণয়নের ব্যবস্থা করেন এবং ঐ টীকাগ্রন্থথানির নামকরণ হইয়াছিল "মহাবিভাষা"। ইহাতে গায়ার ও কাশ্মীরক সর্ব্বান্তিবাদের মধ্যে যে সকল মতভেদ ছিল, তাহার সমাধান হইয়া গিয়াছিল। এই মহাবিভাষায় মাথুর সর্ব্বান্তিবাদের সর্ব্বাংশে সমর্থন ছিল না। স্থতরাং এই বিভাষাপর্থীরা মাথুর সর্ব্বান্তিবাদ হইতে নিজেদের বৈশিষ্ট্য প্রতিপাদনের নিমিত্ত স্বকীয় বাদ'কে "মূলসর্ব্বান্তিবাদ" নামে পরিভাষিত করিয়াছিলেন। এই মহাবিভাষা এতই উৎরুষ্ট হইয়াছিল য়ে, পরবর্ত্তী কালে মাথুর সর্ব্বান্তিবাদ ক্রমশঃ হর্বল হইতে গাকে। বর্ত্তমানে মাথুর সর্ব্বান্তিবাদের প্রধান শাথা এই বৈভাষিকবাদ অকথানি মাত্র গ্রন্থ পাওয়া যায়। সর্ব্বান্তিবাদের প্রধান শাথা এই বৈভাষিকবাদ অবলম্বন করিয়াই আচার্য্য বস্ত্ববন্ধু "অভিবর্মকোন্ব" নামক একথানি সংগ্রন্থগ্রন্থ ও তাহার ভাষ্ম রচনা করিয়াছিলেন। প্রধানত: উক্ত অভিধর্মকোন্ব ও বশোমিক্রকৃত ভাষ্ম-ব্যাথ্যা শুটার্থাকে অবলম্বন করিয়াই "বৈভাষিক দর্শন" শিথিত হইল।

স্থাবিরবাদ ও সর্ব্বান্তিবাদের মধ্যে অভিধর্ম-বিষরেই মুখ্যত: মতভেদ ছিল।
স্থাপিটক ও বিনরপিটকে ইহাদের মধ্যে বিশেষ কোনও মতভেদ ছিল না।
স্থাবিরবাদের স্ত্রাপিটক দীঘনিকায়, মাজ্মমনিকায়, সংযুক্তনিকায়, অঙ্গুত্তরনিকায় ও খুলকনিকায় এই পঞ্চ নিকায়ে বিভক্ত ছিল। সর্ব্বান্তিবাদের
স্থাপিটক দীর্ঘাগম, মধ্যমাগম, সংযুক্তাগম, অক্ষোত্তরাগম ও ক্ষুদ্রকাগম এই পঞ্চ
আগমে বিভক্ত আছে।

উক্ত তুইটী বাদের বিনয়পিটক প্রথমতঃ বিভঙ্গ ও থন্ধক-ভেদে দ্বিধা বিভক্ত আছে। বিভঙ্গ আবার ভিক্ষু ও ভিক্ষ্ণী-ভেদে ভাগদ্বমে বিভক্ত হইরাছে। ভিক্ষ্মপর্কী বিভঙ্গকে পারাজিকা ও ভিক্ষ্ণীসম্পর্কী বিভঙ্গকে পাচিত্তি বলা হর। সর্ব্বাস্তিবাদানুসারে উহাদের পারাজিকা ও প্রায়শ্চিত্তক নাম দেওয়া হইরাছে। থন্ধকবিনরও মহা ও চুল্ল-ভেদে তুইভাগে বিভক্ত বলিয়া জ্বানিতে হইবে। গুবিরবাদে উহা মহাবগ্ গ ও চুল্লবগ্ গ নামে প্রসিদ্ধ আছে এবং সর্ব্বাস্তিবাদে উহা

অর্থাং খন্ধকবিনর অবদান ও জাতক নামে আখ্যাত হইয়াছে। বিনরের সংগ্রহ গ্রন্থগুলিকে পরিবার নামে পরিভাষিত করা হইয়াছে।

মহাপণ্ডিত সাদ্ধত্যানন রাহুল মহাশরের মতান্নসারে স্থবিরবাদের অভিধর্মপিটক ধর্মসদনী, বিভঙ্গ, ধাতৃকথা, পুগ্গলপঞ্ঞিত্তি, কগাবথ প্রকরণং, বমকং ও
পট্নং এই সপ্ত গ্রন্থে বিভক্ত আছে। সর্ব্বান্তিবাদের অভিধর্মপিটকেও সাতথানি
গ্রন্থেরই সমারবর্শ দেখিতে পাওয়া বায়। কাত্যায়নকৃত জ্ঞানপ্রস্থান, বস্থমিত্রকৃত
প্রকরণপাদ, দেবশর্মরিতিত বিজ্ঞানকায়, শারিপুত্রকৃত ধর্মস্কন্ধ, মৌদ্গল্যায়নকৃত
প্রজ্ঞপ্রশান্ত্র, পূর্ণকৃত ধাতৃকার ও মহাকোষ্টিলকৃত সঙ্গাতিপর্যায় এই গ্রন্থগুলিকেই
সর্ব্বান্তিবাদীরা অভিধর্মপিটক নামে পরিভাষিত করিয়াছেন। সর্ব্বান্তিবাদের
অভিধর্মগুলির মধ্যে কাত্যায়নবিরচিত জ্ঞানপ্রস্থান-নামক গ্রন্থই প্রধান,
অপর ছয়থানি গ্রন্থকে উহার পরিপূরক অন্ধ বলা যাইতে পারে। এই জ্ঞানপ্রস্থানের
উপরই মহাবিভাষা-নামক টীকা রচিত হইয়াছে। ঐ মহাবিভাষান্থসারী সর্ব্বান্তিবাদই বৈভাষিকবাদ নামে প্রসিদ্ধি লাভ করিয়াছিল। ইহাই বৈভাষিকবাদের
উৎপত্তির সংক্ষিপ্ত ইতিহাস।

দিতীর সভার ঘাঁহারা স্থবিরগণকর্তৃক বহিস্কৃত্ত হইয়া গিয়াছিলেন, সেই যে পূর্ব্বোক্ত ড্রাণে বিভক্ত মহাসাজ্যিক সম্প্রদায়, তাঁহারাই পরে মহাযান আখ্যার প্রসিদ্ধিলাভ করিয়াছিলেন। প্রাথক্যান, প্রত্যেকসম্বৃদ্ধান ও সম্যক্সমৃত্ধান এইরূপে শাস্ত্রে ত্রিয়াহিলেন। প্রাথক্যা যায়। এই যানত্রেই প্রাথকবোধিজের প্রাপ্তি অভিপ্রেত আছে। পুণ্য ও সমাধির তারতম্যান্ত্রসারে বোধিজের তারতম্য হইয়া থাকে। প্রজ্ঞাদি সপ্রবিধ পার্মিতার পরিপূরণ হইলে সম্যক্সম্বেধি লাভ হয়, অন্তথা হয় না। যে যান বা মার্গ সেই সম্যক্সমৃত্বত্ব-লাভের সহায়ক, তাহাই অন্বর্থতঃ মহাযান হইবে। বোধিলাভের পরেও ঘাঁহারা সম্যক্সমৃত্বত্ব-লাভের কামনা করেন এবং শমথের তীব্রম্ব ও বজ্রত্বের কলে পার্মিতার পরিপূরণ সম্ভব মনে করিয়া সকলের নিমিত্তই সম্যক্সম্বোধি-লাভের সম্ভাব্যতা স্বীকার করেন সেই মহাসাজ্যিক সম্প্রদায়ই মহাযানী। ঘাঁহারা সকলের পক্তে সম্যক্সম্বেধিলাভ অসম্ভব মনে করিয়া প্রাবক্ষান ও প্রত্যেকবৃত্বঘানের অনুসরণ করিতেই উপদেশ দিতেন, তাঁহারা মহাযানী নহেন। কিন্তু, এইপ্রকার হইলেও তাঁহারা স্বসম্প্রদায়কে হীন্যানাশ্রেমী মনে করেন না। অন্ত সম্প্রদায়ই তাঁহাদিগকে

হীন্ধানী বলিরা মনে করিতেন। এই ব্যাখ্যামুসারে স্থবিরবাদী ও সর্বান্তিবাদী বৌদ্ধগণ অ-মহাধানী হইবেন। মহাসাজ্যিক সম্প্রদায় বুদ্ধের লোকাতীতত্ত্ব বিশ্বাসী ছিলেন, তাঁহারা ব্দকে পূজা বলিয়া মনে করিতেন।

কিন্তু, মহাপণ্ডিত সাল্পত্যায়ন রাহুল মহাশ্র মহাসাজ্যিক সম্প্রানারের মহাবান-সম্প্রদায়ে পরিণতির কথা বিশ্বাস করেন না। পূর্ব্বোক্ত অষ্টাদশ নিকায়ের কোনও একটা বিশেষ নিকার হইতে মহাধান সম্প্রদারের উৎপত্তি হয় নাই, পরগ্ধি একাধিক নিকায়ের আংশিক গ্রহণ ও পরিবজনের কলেই মহাবান সম্প্রদারের স্পৃষ্টি হইয়াছিল বলিয়া তিনি বিশ্বাস করেন। বিক্রমান্দের প্রথম শতকের আচার্য্য নাগর্জ্নকেই তিনি মহাধান সম্প্রদায়ের প্রবর্ত্তক বলিয়া মনে করেন। অষ্টাদশ নিকারের প্রত্যেকেরই বেমন নিজ নিজ স্ত্র, বিনম্ন ও অভিধর্ম গ্রন্থ আছে, মহাযান সম্প্রদারের সেইরপ নিজস্ব সূত্র, বিনয় ও অভিধর্ম নাই। অভএব, মহাবান সম্প্রদায়ের নৈকায়িক বৌদ্ধত্বই নিশ্চিত নাই।

পরবর্তী কালে মহাযানসম্প্রদায় মন্ত্রবান, বজ্রয়ান, সহস্ত্রধান ও কালচক্রঘান এই চারিভাগে বিভক্ত হইয়া গিয়াছিল। যাঁহারা যথাযথভাবে ময়ের প্রয়োগে সম্যক্সমুক্ত লাভ করা যায় বলিয়া মনে করিতেন, তাঁহারা মন্ত্র্যানাশ্র্যী মহাযানী বলিরা প্রদিদ্ধ ছিলেন। সম্যক্সখুদ্ধর-লাভের দৃঢ়তর অর্থাৎ ফলপ্র্যাস্তগামী সক্ষরামুগত যে চিত্ত, তাহাকেই বজ্র বলা হয়। উক্তপ্রকার সক্ষরের অন্মনীরতার জ্ঞাই ঐরপ সঙ্করামুগত চিত্তকে বজ্র নামে পরিভাষিত করা হইরাছিল। এই-প্রকার চিত্তকেই খাঁহারা সমাক্সমুদ্ধত লাভের মুখ্য সহায়ক বলিয়া মনে করিতেন তাঁহারা বজ্রবানাশ্ররী মহাবানী নামে অভিহিত হইতেন। যাঁহারা শৃ্যতাকেই চিত্তের অবিকৃত বা সহস্ত অবস্থা বলিয়া মনে করিতেন এবং উক্ত শৃগ্যতার সাহায্যে সম্যক্ষধুরত-লাভে বত্ন করিতেন, তাঁহারা সহজ্বানাশ্রী মহাযানী আখ্যায় পরিচিত ছিলেন। বাঁহারা অখণ্ড কালকেই সর্বজ্ঞ, সর্বদর্শী ও ব্দ্ধের স্রষ্টা বলিগ্না মনে করিতেন এবং ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানত্বের দ্বারা পরিচ্ছিল্ল অন্বরত পরিবর্ত্তনশীল কালচক্রকে প্রতিক্রদ্ধ করিতে পারিলেই অথও মহাকালের প্রভাবে সম্যক্সমুদ্ধ লাভ করিতে পারা যায় বলিয়া বিশ্বাস করিতেন, তাঁহারাই কালচক্র-ধানাশ্রী মহাবানী বলিয়া খ্যাত ছিলেন। ইহাই বৌদ্ধমতের অতি সংক্ষিপ্ত পরিচয়।

গ্রীঅনন্তকুমার ভট্টাচার্য্য

নিবেদন

বৈভাষিক দর্শনের প্রমাণকাণ্ডে অনুমানের নিরূপণ-প্রসঙ্গে হেত্বাভাসের নিরূপণ অপরিহার্য। আয়মতের সহিত তুলনা করিয়া বৌদ্ধমতানুসারে হেতাভাসের নিরূপণ যত সংক্ষেপেই করা যাউক না কেন, উহা অস্ততঃ তুইনত-পৃষ্ঠাব্যাপী হইবে। অতএব, গ্রন্থ-কলেবরের অতিবৃদ্ধি ভয়ে আমি ঐ কার্য্যে হস্তক্ষেপ করি নাই। কিন্তু, হেতাভাসের নিরূপণ না করিলে গ্রন্থথানি ন্যুনতালোষে তুট হইয়া যাইবে বলিয়াই ঐ সম্বন্ধে যৎ-সামান্ত আলোচিত হইতেছে।

বৌদ্ধন্যায়ের প্রবর্ত্তক মহামতি দিঙ্নাগ তদীয় 'গ্যায়প্রবেশ'নামক এস্থে তিন ভাগে হেন্ধাভাসের বিভাগ করিয়াছেন।' এই বিভাগ যথাশ্রুতরূপে ছুষ্ট হেতুর হইলেও উহা হইতে অর্থতঃ হেতু-দোষের বিভাগও পাওয়া যাইতে পারে।

যদিও তারমতে হেন্বাভাস বা হুইহেত্র পঞ্চধাই বিভাগ হইয়াছে, তথাপি মহামতি দিঙ্নাগ ঐগুলিকে ভাগত্রেই বিভক্ত করিয়াছেন। অসিদ্ধ, অনৈকান্তিক ও বিরুদ্ধ-ভেদে হুই হেতু বা হেন্বাভাসগুলি তিন ভাগেই বিভক্ত আছে। এই বিভাগে বাধিত ও সংপ্রতিপক্ষিতের পৃথক্ উল্লেখ নাই। তারমতে হেন্বাভাসের বিভাগে ঐ হুইটীরও পৃথক্ উল্লেখ আছে।

আচার্য্য দিঙ্নাগ প্রধানতঃ প্রার্থন্থমানের উপর দৃষ্টি রাথিয়াই হেন্বাভাসের বিভাগ করিয়াছেন। স্বার্থ ও পরার্থ এই দ্বিবিধ অনুমানের প্রতি তুল্যভাবে মনোযোগী হইলে হয়ত তিনি অন্ত প্রণালীতেই হেন্বাভাসের বিভাগ করিতেন। যাহাই হউক, আমরা দিঙ্নাগের অভিপ্রায়ান্তসারেই হেন্বাভাসের সমুপস্থাপন করিতেছি। উক্ত ত্রিধা বিভক্ত হেন্বাভাসের মধ্যে প্রথমোদ্দিষ্ট যে অসিদ্ধ হেন্বাভাস,

১। অদিদ্ধানৈকান্তিকবিরুদ্ধা হেত্বাভাসাঃ। স্থারপ্রবেশ, পৃঃ ৩।

২। তে চ সব্যভিচারবিরুদ্ধসংপ্রতিপক্ষাসিদ্ধবাধিতাঃ পঞ্চ। তত্তিস্তামণি, সামান্তনিরুক্তি, পৃঃ ১৬০৪ চৌঃ সং।

তাহা চারি ভাগে বিভক্ত — উভরাসিদ্ধ, অন্তত্তমাসিদ্ধ, সন্দিগ্ধাসিদ্ধ ও আশ্ররাসিদ্ধ'। পরার্থান্থমান বা বিচারে সমুপস্থাপিত বে হেতুটাকে বাদী ও প্রতিবাদী উভয়েই তুল্যভাবে পক্ষধর্মীতে অর্বন্তি বলিয়া মনে করেন, তাহাই অর্থাৎ বিচারে সমুপস্থাপিত সেই হেতুই উভয়াসিদ্ধ হইবে। বাদি ও নৈয়ায়িকের বিচারস্থলে যদি কেই শন্দের অনিভ্যন্থ-সাবনাভিপ্রায়ে 'শন্দোহনিত্যঃ চাক্ষুবত্বাৎ বলা ঘটঃ' এই-প্রকারে অন্থমানের প্ররোগ করেন, তাহা হইলে এ চাক্ষুবত্বরূপ হেতুটা উভয়াসিদ্ধ হেত্বাভাস হইবে। কারণ, বাদী ও প্রতিবাদী ইহাদের মধ্যে কেইই শন্দের চাক্ষুবত্ব স্বীকার করেন না অর্থাৎ বৌদ্ধ বা নিয়ায়িক ইহাদের মধ্যে কেইই শন্দকে চক্ষুরিন্দ্রির-গ্রাহ্থ বলিয়া মনে করেন না। স্মৃতরাৎ, উক্ত স্থলে হেতুটা উভয়াসিদ্ধ হেত্বাভাস হইবে। পর্ম্মকীর্তির মতামুসারে 'বো মশ্চাক্ষ্বঃ সোহনিত্যঃ বলা ঘটঃ, শন্দণ্ড চাক্ষ্বঃ' এই আকারেই উক্ত স্থলে অনুমানের প্রয়োগ হইবে। কারণ, তিনি পরার্থাম্নমানে প্রতিজ্ঞাবাক্যের প্রয়োগ অস্বীকার করিয়াছেন।

বে অনুমানের প্ররোগস্থলে বাদী ও প্রতিবাদীর মধ্যে একতরের নিকট সাধ্যমাধকরূপে সম্প্রাপিত যে হেতুটা সাধ্যধর্মীতে অর্থাৎ পক্ষে অবৃত্তি হইবে, তাহাই দেই স্থলে অন্তত্ত্বানিদ্ধ-নামক হেত্বাভাস হইবে। তিনুরারিক ও মীমাংসক অথবা বৌদ্ধ ও মীমাংসক এই উভরের মধ্যে বিচারস্থলে কেহ বিদি শব্দের অনিতাত্ব সাধনের নিমিত্ত ক্রতকত্বকে হেতু করিয়া "শব্দোহনিতাঃ ক্রতকত্বাৎ যথা ঘটঃ" এইপ্রকারে পরার্থান্তুমানের সম্প্রাপন করেন, তাহা হইলে উক্ত স্থলে ক্রতকত্বরূপ হেতুটি অন্তত্ত্বাসিদ্ধ-নামক হেত্বাভাস হইয়া যাইবে। কারণ, উক্ত বিচারের একতর পক্ষ যে মীমাংসক, তিনি শব্দকে নিতা বলিয়াই মনে করেন। স্মৃতরাং, তাঁহার নিকট ক্রতকত্বরূপ হেতুটী শব্দরূপ সাধ্যধর্মীতে থাকে না। অভএব, উহা সদ্ধেতু বা হেতু না হইয়া অন্তত্ত্বাসিদ্ধ-নামক হেত্বাভাসই হইয়া বাইবে।

বাদৃশ অনুসানেত্ প্রয়োগহলে সাধ্য-সাধনার্থ সংগৃহীত যে ছেতুটীর নিজ

১। ত্রাদির-চতু: একার:। তদ্যপা উভয়ানির: অক্তরাদির: সনিধাসির: আশ্রা-দির্দেতি। ক্যার্থবেশ, পৃ: ৩।

২। তত্ৰ শন্ধানিত্যত্বে সাধ্যে চাক্ষ্যন্ত্বাদিত্যুভন্নাদিকঃ। ঐ।

^{ে।} কুতকত্মাদিতি শব্দাভিব্যক্তিবাদিনং প্রত্যক্তকাদিদ্ধঃ ঐ।

স্বরূপই অনিশ্চিত আছে অর্থাৎ হেতুরূপে সম্পশ্বাপিত অর্থে হেতুতাবচ্ছেদকীভূত ধর্মই সন্দিগ্ধ আছে. তাদৃশ হলে সেই হেতুটীকে সন্দিগ্ধালিজ বলিয়া ব্ঝিতে হইবে।' "পর্ব্ধতো বহিন্দান্ ধ্নাং" ইত্যাদি প্রয়োগহলে হেতুরূপে সম্পশ্বাপিত অর্থে যদি হেতৃতাবচ্ছেদকীভূত ধ্মত্বাত্মক ধর্মটী সন্দিগ্ধ থাকে অর্থাৎ ঐ বস্তুটী যদি 'ইহা কি ধ্ম অথবা বাস্প' এইরূপে সন্দেহের বিষয়ীভূত হয়, তাহা হইলে সাধ্যের অনুমাপকরূপে সম্পশ্বাপিত অর্থ টা হেতু হইবে না; পরস্তু, উহা সন্দিগ্ধাপিজ নামে হেত্বভাসই হইয়া যাইবে।

যে পরার্থান্তমানের প্রয়োগে সাধ্যধর্মীর অর্থাৎ পক্ষের স্বরূপসতাই বাদী ও প্রতিবাদী ইহাদের একতর পক্ষের নিকট অসিদ্ধ থাকে, সেই স্থলে হেতুরূপে সম্পস্থাপিত অর্থ টা হেতু হইবে না; পরস্ক, উহা আশ্রয়াসিদ্ধ-নামক হেডাভাস হইয়া বাইবে।' ইহার অভিপ্রার এই যে, বৈশেষিক ও সৌত্রান্তিকের বিচারস্থলে যদি আকাশের দ্রব্যস্থসাধনার্থ বৈশেষিকগণ "আকাশং দ্রব্যং গুণাশ্রম্থাং" এইভাবে পরার্থান্তমানের প্রয়োগ করেন, তাহা হইলে ঐ স্থলে হেতুরূপে সম্পস্থাপিত গুণবর্ত্তরপ অর্থ টা হেতু হইবে না; পরস্ক, উহা আশ্রয়াসিদ্ধ-নামক হেডাভাস্ই হইয়া যাইবে। কারণ, সৌত্রান্তিকসম্প্রদায় আকাশনামে কোনও দ্রব্যসৎ বস্তর অন্তিত্ব স্বীকার করেন নাই। স্থতরাং, অন্তমানের আশ্রয়টী অর্থাৎ সাধ্যধর্ম্মীটা একতর পক্ষ যে সৌত্রান্তিকসম্প্রদায়, তাঁহাদের নিকট অলীক বা অসৎ হওয়ায় উক্ত স্থলের হেতুটা, অর্থাৎ বৈশেষিকসম্প্রদায়কর্তৃক হেতুরূপে সম্পস্থাপিত অর্থ টা, আশ্রয়াসিদ্ধ-নামক হেডাভাস হইয়া গেল।

মহামতি দিঙ্নাগ অনৈকান্তিক-হেত্বাভাসকে ছরভাগে বিভক্ত করিয়াছেন — সাধারণ, অসাধারণ, সপক্ষৈকদেশবৃত্তিবিপক্ষব্যাপী, বিপক্ষৈকদেশবৃত্তিসপক্ষব্যাপী, উভয়পক্ষৈকদেশবৃত্তি ও বিরুদ্ধাব্যভিচারী।

অনুমানে সাধ্যসাধনার্থ প্রযুক্ত যে হেতুটা সকল সপক্ষে ও সকল বিপক্ষি থাকে, তাহাকে 'সাধারণ' অনৈকান্তিক-নামক হেত্বাভাস 'বলিয়া জানিবে। অর্থাৎ অমুমানের হেতুরূপে সমুপস্থাপিত বস্তুটী যদি সপক্ষত্ব ও বিপক্ষত্ব এই উভয়েরই

^{)।} বাস্পাদিভাবেন সন্দিহ্মানো ভূতসজাতোইগ্নিদিদাবুপদিশ্রমানঃ সন্দিদ্ধাসিদ্ধ : শ্যায়প্রবেশ, পৃঃ ৩

২। স্থব্যমাকাশং গুণাভায়ত্বাদিত্যাকাশাসত্ত্বাদিনং এত্যাশ্রয়াসিদ্ধ:। ঐ।

ব্যাপক হয়, তাহা হইলে উহা সাধারণ অনৈকাস্তিকহেন্বাভাস হইবে। কেহ বিদ শব্দের অনিত্যন্ত সাধন করিবার নিমিত্ত প্রমেন্নত্বরূপ কেবলার্থী ধর্মকে হেতুরূপে সম্পক্ষাপিত করেন, তাহা হইলে উহা সাধারণ অনৈকান্তিক-হেন্বাভাস হইয়া বাইবে। কারণ, কেবলার্থী বলিয়া প্রমেন্নত্বরূপ ধর্মটো সকল সপক্ষে ও সকল বিপক্ষে বৃত্তি হইয়াছে অর্থাৎ উহা সপক্ষত্র ও বিপ্কান্থ এই উভরেরই ব্যাপক হইয়াছে।

যে স্থলে সাধ্য-সাধনের নিমিত্ত সমুপ্স্থাপিত ধর্মটী কোনও সপক্ষে বা কোনও বিপক্ষেই আদে থাকে না, পরস্তু কেবল পক্ষেই থাকে, সে স্থলে উহা অসাধারণ অনৈকান্তিকনামক হেত্বাভাস হইবে। যদি কেহ শব্দে নিত্যত্বের সাধনের নিমিত্ত শ্রাবণস্বকে হেতু করিয়া "নিত্যঃ শব্দঃ শ্রাবণস্বাৎ" এইরূপে অনুমানের প্রয়োগ করেন, তাহা হইলে তাঁহার হেতুটী অসাধারণ অনৈকান্তিকরূপ হেত্বাভাগ হইরা যাইবে। কারণ, নিত্যত্তরূপ সাধ্যের সপক্ষ যে আকাশাদি ধর্মগুলি, তাহাতেও শ্রাবণস্বরূপ ধর্ম থাকে না এবং ঐ সাধ্যের বিপক্ষ বে ঘটপটাদিরূপ অনিতা ধর্মগুলি, তাহাতেও শ্রাবণত্ব থাকে না; পরস্তু, উহা কেবল অনুমানের পক্ষ যে শব্দাত্মক ধর্ম তাহাতেই থাকে। যদি বলা যায় যে, আমরা দিঙ্নাগ-প্রদর্শিত 'শব্দো নিত্য: শ্রাবণস্বাৎ' এই স্থলের শ্রাবণত্বরূপ হেতুটীকে অসাধারণ অনৈকান্তিকহেত্বাভাস বলিয়া মনে করিতে পারি না। কারণ, ধ্বনিত্ব বা বর্ণত্ব প্রভৃতি ধর্মাগুলি নিত্য হইলে উহা সপক হইবে এবং অনিতা হইলে উহা বিপক্ষ হইবে। ঐ ধর্মগুলি সপক্ষ বা বিপক্ষ ষাহাই হউক না কেন, উহাতে শ্রাবণত্বরূপ হেতু থাকায় উহাকে উভয়-পক্ষব্যাত্তরূপে অসাধারণ অনৈকান্তিকহেত্বাভাস বলিয়া গ্রহণ করা সঙ্গত হয় নাই। তাহা হইলেও উত্তরে বৌদ্ধমতানুসারে আমরা বলিতে বাধ্য হইব যে, পূর্ব্বপক্ষী সিদ্ধান্তে অনভিজ্ঞ বলিয়াই অসাধান্ত্ৰণ অনৈকান্তিকহে খাভাসের দিঙ্নাগ-প্রদর্শিত উদাহরণটীকে অসঙ্গত মনে করিয়াছেন। বর্ণত্ব বা ধ্বনিত্ব প্রভৃতি ধর্মগুলি সপক্ষ বা বিপক্ষ যাহাই হউক না কেন, তাহাতে প্রক্তের কোনও অনিষ্ট হয় নাই। কারণ, ঐ সকল কল্পিত অদ্রব্যসৎ ধর্ম্মে শ্রাবণত্বরূপ হেতু বুত্তিই হয় নাই। স্বলক্ষণ-বস্তুমাত্রগ্রাহী প্রাত্যক্ষিক বিজ্ঞানে কল্পিত বা অদ্রব্যসৎ · ধর্ম্মের ভান বৌদ্ধ সিদ্ধান্তে স্বীকৃত হয় নাই। স্থতরাং, সর্ব্ব সপক্ষ ও সর্ব্ব বিপক্ষ

হইতে ব্যাবৃত্ত হওয়ায় প্রদর্শিত স্থলে শ্রাবণত্বরূপ হেতুর অসাধারণ অনৈকান্তিক-হেণ্বাভাসত্বে কোনও অসামঞ্জস্ত নাই।

যে স্থলে অনুমানের হেতুরূপে সমুপস্থাপিত যে ধর্মটী কোনও সপক্ষ-বিশেষে থাকিয়া বিপক্ষত্বের ব্যাপক হইবে অর্থাৎ উহা তাবং-বিপক্ষে থাকিবে, সেই স্থলে অনুমানের হেতুরূপে সমুপস্থাপিত সেই ধর্মটী সপদৈকদেশবৃত্তি-বিপক্ষব্যাপী অনৈকান্তিকনামক হেড়াভাস হইবে। "শব্দো ন প্রযন্থনাস্তরীয়কঃ অনিত্যত্বাৎ" এই স্থলে হৈতুরূপে উপস্তুস্ত যে অনিত্যত্বরূপ ধর্মটী, তাহা সপক্ষেকদেশবৃত্তিবিপক্ষব্যাপী অনৈকান্তিকহেড্যাভাস হইয়া গিয়াছে। কারণ, উক্তপ্রযন্থনাস্তরীয়কত্বের অভাব সাধনীয় ধর্ম হওয়ায় বিহ্যাৎ ও আকাশ প্রভৃতি ধর্মগুলি সপক্ষ হইবে। ঐ বস্তুগুলি যে প্রযন্থনাধ্য নহে, তাহা বৌদ্ধমতে নিশ্চিতই আছে। ঐ সপক্ষগুলির মধ্যে আকাশে অনিত্যত্বরূপ হেতুটী না থাকিলেও বিহ্যাৎরূপ সপক্ষবিশেষে উহা থাকে। স্থতরাং, ঐ হেতুটী না থাকিলেও বিহ্যাৎরূপ সপক্ষবিশেষে উহা থাকে। স্থতরাং, ঐ হেতুটী না থাকিলেও কর্মতিল এবং ঐ স্থলের বিপক্ষ যে প্রযন্থ-সাধ্য ঘটপটাদি ধর্মগুলি, তাহাদের সর্মত্ব অনিত্যন্থ থাকার উহা বিপক্ষত্বের ব্যাপক্ত হইয়া গিয়াছে। অতএব, প্রদর্শিত হলে অনুমানের হেতুরূপে সমুপস্থাপিত যে অনিত্যত্বরূপ ধর্মটী তাহা 'সপক্ষেকদেশবৃত্তিবিপক্ষব্যাপী' অনৈকান্তিকহেড্যাভাস হইবে।

যে স্থলে অনুমানের হেতুরূপে প্রযুক্ত যে ধর্মটী বিপক্ষের একদেশে অর্থাৎ কোনও বিপক্ষবিশেষে থাকিয়া উহা সপক্ষত্বের ব্যাপক অর্থাৎ তাবৎ-সপক্ষে থাকিবে, সেই স্থলে হেতুরূপে সমুপত্তস্ত সেই ধর্মটী বিপক্ষৈকদেশবৃত্তিসপক্ষব্যাপী অনৈকান্তিক নামে হেত্বাভাস হইবে। যদি কেহ "শক্ষঃ প্রযন্ত্রনান্তরীয়কঃ অনিত্যত্বাৎ" এইরূপে অনুমানের উপত্যাস করেন, তাহা হইলে তাঁহার অভিমত হেতুটী ক্রিপক্ষৈকদেশবৃত্তিসপক্ষব্যাপী অনৈকান্তিকহেত্বাভাস হইয়া যাইবে। কারণ, উক্ত স্থলে প্রযন্ত্রনান্তরীয়কত্বটী সাধনীয় ধর্ম হওয়ায় বিহাৎ ও আকাশাদিরূপ ধর্মগুলি উহার বিপক্ষ হইয়াছে। উক্ত বিপক্ষগুলির মধ্যে কেবল বিহাৎ প্রভৃতিতে অনিত্যত্বরূপ হেতুটী থাকে, কিন্তু, আকাশাদিরূপ বিপক্ষে উহা থাকে না। স্মৃতরাৎ, হেতুরূপে অভিমত ঐ অনিত্যত্বরূপ ধর্মটী বিপক্ষের একদেশে এবং ঐ স্থলে প্রযন্ত্রনান্তরীয়কত্বরূপ সাধ্যধর্মের সপক্ষ যে ঘটপটাদি বস্তুগুলি, তাহাদের সর্ব্বত্ব থাকায় উহা সপক্ষব্যাপীও হইয়া গিয়াছে। অতএব,

এক্ষণে ইহা নিশ্চিতভাবে জ্বানা গেল যে, "শব্দঃ প্রযত্ননান্তরীয়কঃ অনিত্যত্বাং" ইত্যাদি স্থলে হেতুরূপে প্রযুক্ত অনিত্যত্বরূপ ধর্মটী হেতু হয় নাই; পরস্তু, উহা বিপক্ষৈকদেশবৃত্তিসপক্ষব্যাপী অনৈকান্তিকনামক হেত্বাভাসই হইয়া গিয়াছে।

যে প্ররোগন্তলে অনুমানের হেতুরূপে অভিমত যে ধর্মটা সপক্ষ ও বিপক্ষ এই উভরেরই একদেশে থাকিবে, তাবং-সপক্ষে বা তাবং-বিপক্ষে থাকিবে না, অর্থাৎ সপক্ষম্ব ও বিপক্ষর এই উভরের কাহারও ব্যাপক হইবে না, সেই স্থলের হেতুরূপে অভিমত সেই ধর্মটা উভরৈকদেশবৃত্তি অনৈকান্তিকনামক হেম্বাভাস হইবে। কেহ যদি "নিত্যঃ শব্ধঃ অমূর্ত্তমণে এইভাবে অনুমান প্রয়োগ করেন তাহা হইলে তাঁহার হেতুরূপে অভিমত অমূর্ত্তমন্ত ধর্মটা হেতু হইবে না; পরস্ক, উহা উভরৈকদেশবৃত্তি অনৈকান্তিক নামে হেম্বাভাস হইয়া যাইবে। কারণ, নিত্যম্বরূপ ধর্মটা সাধনীয় ধর্ম হওয়ার পরমাণ্ ও আকাশ প্রভৃতি বস্তুগুলি সপক্ষ এবং ঘট ও স্থেগুঃখাদিরূপ অনিত্য ধর্মগুলি উহার বিপক্ষ হইবে। কথিত সপক্ষগুলির মধ্যে পরমাণ্তে অমূর্ত্বয়টা খাকে না, কিন্ত, আকাশে থাকে এবং প্রদর্শিত বিপক্ষগুলির মধ্যে ঘটপটাদিতে উহা থাকে না, স্থে বা ছঃখাদিতে উহা থাকে। স্থেতরাং, অমূর্ত্তহরূপ ধর্মটা লপক্ষ ও বিপক্ষে থাকিলেও সপক্ষম্ব বা বিপক্ষম্বের ব্যাপক না হওয়ার উহা উভরৈকদেশবৃত্তি অনৈকান্তিকরূপ হেম্বাভাস হইয়া গিয়াছে।

যদি বাদী ও প্রতিবাদী পরম্পরবিরোধী ছইটী অনুমানের প্রয়োগ করেন, তাহা হইলে হেতুরূপে সমুপস্থাপিত ছইটী ধর্মাই হেত্বাভাস হইয়া যাইবে। সমানবল হইলে পরম্পরবিরোধী অনুমানদ্বয়ের সাধক হেতুদ্বয় মিলিতভাবে বিরুদ্ধাব্যভিচারী অনৈকান্তিক নামে হেত্বাভাস হইয়া থাকে।

বাদী কৃতক্ষের দারা শব্দে অনিত্যন্ত-সাধনার্থে "শব্দোহনিত্যঃ কৃতকত্বাৎ ঘটবং" এইরূপে অনুমানের প্রয়োগ করিলেন। এই অবস্থার প্রতিবাদী যদি প্রাবণত্বরূপ হেতুর অবলম্বনে শব্দে নিত্যত্ব-সাধনের নিমিত্ত "নিত্যঃ শব্দঃ প্রাবণত্বাৎ শব্দত্বং" এইভাবে বিপরীত অনুমানের সমুপস্থাপন করেন এবং প্রয়োগদ্বর সমানবল হয়, তাহা হইলে কৃতকত্ব ও প্রাবণত্বরূপ ফুইটী হেতুই মিলিতভাবে মধ্যস্থ ব্যক্তিগণের নিকট হেতু হইবে না; পরস্তু, উহা হেত্বাভাসই হইয়া য়াইবে। এইরূপ

স্থলে মিলিতভাবে ঐ হুইটা ধর্মই বিরুদ্ধাব্যভিচারী অনৈকাস্তিকনামক হেত্বাভাস হুইবে।

স্থারপ্রবেশকার বিরুদ্ধ হেডাভাসকে চারিভাগে বিভক্ত করিয়াছেন—
ধর্মস্বরূপবিপরীতসাধন, ধর্মবিশেষবিপরীতনাধন, ধর্মস্বরূপবিপরীতসাধন ও
ধর্মিবিশেষবিপরীতসাধন। এই বিভাগের ছারা সাধনীয় ধর্মাংশে ছই প্রকার ও
সাধ্যধর্মাংশে ছই প্রকার, এই চারি প্রকারে বিরুদ্ধ হেডাভাসের সম্পন্থাপন করা
ইইয়াছে।

যে স্থলে অনুমানের হেতুরূপে কথিত ধর্মনী সাধনীয় ধর্মের গমক বা অনুমাপক হইবে না, পরস্তু, উহা সাধনীয় ধর্মের বিরোধী যে ধর্ম, তাহারই গমক হইবে, সেই স্থলে অনুমানের হেতুরূপে সমুপস্থাপিত ধর্মনী বাস্তবিকপক্ষে হেতু হইবে না, উহা ধর্মস্বরূপবিপরীতসাধন-নামক বিরুদ্ধ হেডাভাস হইবে।

কেই যদি শব্দের নিত্যন্ত সাধন করিবার নিমিত্ত ক্রতকত্বকে হেতুরূপে গ্রহণ করেন এবং "নিতাঃ শব্দঃ ক্রতকত্বাৎ" এইভাবে অনুমানের প্রয়োগ করেন, তাহা হইলে ঐ ক্রতকত্বটী ধর্মস্বরূপবিপরীতসান-নামক হেত্বাভাস হইয়া বাইবে। উক্ত স্থলে-পাধনীয় ধর্মরূপে সমুপস্থাপিত যে নিত্যত্বরূপ ধর্মটী, তাহার সহিত ক্রতক্তবের আদৌ কোন সম্বন্ধই নাই। স্থতরাং, কোনও ক্রমেই উহা নিত্যত্বের অনুমাপক হইতে পারে না। পরস্ক, বিরোধী যে অনিত্যত্বরূপ ধর্মটী, তাহারই ব্যাপ্য হইয়াছে। অতএব, উহা সাধনীয় ধর্মের স্বরূপ-বিরোধী যে অনিত্যত্ব, তাহার সাধন হওয়ায় ধর্মস্বরূপবিপরীতসাধন-নামক বিরুদ্ধ হেত্বাভাস হইয়া গিয়াছে।

যে প্রয়োগে অনুমানের হেতুরূপে সমুল্লিখিত ধর্ম্মটী, সাধনীয় ধর্ম্মের গমক বা গালক হইবে না, পরস্ক, উহা সাধনীয় ধর্মের বিশেষাংশের অর্থাৎ বিশেষণরূপে প্রবিষ্ট অংশের যে বিরোধী ধর্মা, তাহারই অনুমাপক হইবে, সেই স্থলে অনুমানের হেতুরূপে সমুপস্থাপিত ধর্মাটীকে ধর্মবিশেষবিপরীতসাধন-নামক বিরুদ্ধ হেত্যভাস বলিয়া বুঝিতে হইবে।

সাংখ্য ও বৌদ্ধের বিচারস্থলে সাংখ্যপক্ষ ইদি ইন্দ্রিরের পরার্থতা-সাধনের নিমিত্ত "চক্ষুরাদয়ঃ পরার্থাঃ সভ্যাতত্বাৎ শর্মাদিবং" এইরূপে অনুযানের প্রয়োগ করেন, তাহা হইলে ঐ সভ্যাতত্বরূপ ধর্মটী বৌদ্ধগণের নিকট হেতু হইবে না, পরন্ত, উহা ধর্মবিশেষবিপরীতসাধন-নামক বিরুদ্ধ হেঝাভাসই হইয়া যাইবে। কারণ, ঐ স্থলে সাংখ্যমতের সাধনীয় ধর্ম্ম যে পরার্থতা, তাহাতে বিশেষণরপে যে পরাম্মক ধর্মটী প্রবিষ্ট আছে, তাহা তাঁহাদের মতারুসারে অসংহত বস্তু। অসঙ্গচিদাত্মক যে জীব, তদর্থতার সাধনার্থেই সাংখ্যাচার্য্যগণ অনুমানের প্রয়োগ করিয়াছেন। সজ্যাতাত্মক বস্তুগুলি যে জীবেরই প্রয়োজন সম্পাদন করে, ইহা সকলেই স্বীকার করেন। উক্ত সাধনীয় ধর্মের বিশেষণরপে প্রবিষ্ট যে অসংহত পরায়্মক ধর্মটী, সংহত পরায়্মক ধর্ম তাহার বিপরীত বা বিলোধী হইবে। বৌদ্ধগণ বলেন যে সক্ষ্যাতত্মরূপ হেতুর দ্বারা যে পরার্থতার সাধন হয়, তাহা অসংহত-পরার্থতা নহে; পরস্ত, উহা সংহতপরার্থতাই। কারণ, শরীরাজাত্মক রূপ এবং নানাবিধ চৈত্তধর্মের দ্বারা সংহত যে বিজ্ঞানাত্মক ধর্ম্ম, তাহাই ভোক্তা বা জীব, একক কোনও চিদাত্মক বস্তু প্রমাণসিদ্ধই নাই। স্থতরাং, ধর্মবিশেষবিপরীতের সাধক হওয়ার প্রদর্শিত স্থলের হেতুরূপে সমুল্লিখিত সক্ত্যাতত্মরূপ ধর্মটী গমক হয় নাই; পরস্তু, উহা ধর্মবিশেষবিপরীতসাধন-নামক বিরুদ্ধ হেত্বাভাসই হইয়া গিয়াছে।

বে স্থলে অনুমানের হেতৃরূপে প্রযুক্ত ধর্মটী সাধ্যধর্মীতে সাধ্যধর্মীর যাহা বিপরীত ধর্ম, তাহার সাধনেও সমর্থ হইবে, সেই স্থলে হেতৃরূপে সম্লিথিত ধর্মটী সন্ধেতৃ হইবে না; পরস্ত, উহা ধর্মিস্বরূপবিপরীতসাধন-নামক বিরুদ্ধ হেতাভাস হইরা যাইবে। নৈরারিকের সহিত বৌদ্ধের বিচারস্থলে নৈরারিক সম্প্রানার বিদ সন্তার অদ্রব্যস্থাধনের নিমিত্ত "ভাবো ন দ্রব্যং একদ্রব্যাশ্রিত্যাৎ" এইরূপে অনুমানের প্ররোগ করেন, তাহা হইলে উহা ধর্ম্মিস্বরূপবিপরীতসাধননামে বিরুদ্ধ হেত্বাভাস হইয়া যাইবে। কারণ, প্রকৃত স্থলে ভাব বা সত্তা ধর্মী হওয়ায় অভাবত্ব হইবে উহার স্বরূপের বিপরীত ধর্ম। ঐ একদ্রব্যাশ্রিতত্বের ছানা ভাবে অভাবত্বেও অনুমান হইতে পারে। অদ্রব্যত্বের স্থায় অভাবত্বের প্রক্ষেপ্ত

বে স্থলে অনুমানের হেতুরূপে সমুল্লিখিত ধর্মটী সাধ্যধর্মীর বিশেষণরপে প্রবিষ্ট অর্থের বিপরীত যে অর্থ, তাহার সাধনেও সমর্থ হয়, সেই স্থলে সেই অনুমানের হেতুরূপে সমুপস্থাপিত ধর্মটী হেতু হইবে না; পরস্ক, উহা ধর্মিবিশেষবিপরীতসাধননামক বিরুদ্ধ হেত্বাভাস হইয়া যাইবে। "ভাবো ন দ্রব্যং একদ্রব্যত্বাৎ" এই

অনুমানে ভাব অর্থাং সত্তা সাধ্যধর্মী এবং একদ্রব্যন্তটা হেতৃ। ভাব বা সন্তা ধর্মটা 'সং' ই ত্যাকার প্রত্যমের সাধক; স্কৃতরাং, উক্ত হলে সাধ্যধর্মীর বিশেষণরূপে সংপ্রত্যর্মাধকত্বরূপ অর্থ প্রবিষ্ট আছে। অসংপ্রত্যর্মাধকত্বরূপ ছইল উহার বিপরীত ধর্ম। একদ্রব্যহের দারা এ অসংপ্রত্যর্মাধকত্বরূপ অনুমান হইতে পারে। কারণ, হেতু যে একদ্রব্যুদ্ধ, তাহা 'ভাব' এইরূপ প্রতীতির সাধক হয় না, ভাবত্ব বা সন্তাত্বই এরূপ প্রতীতির সাধক হইয়া থাকে। স্কৃতরাং, 'একদ্রব্যুদ্ধরূপ প্রতীতির সাধক হর বা, ভাবত্ব বা সন্তাত্বই এরূপ প্রতীতির সাধক না হওয়ায় উহা অবশ্রুই অসং এইরূপ প্রতীতির সাধক হইবে, না হয় ত 'অসং' এইরূপ প্রতীতির সাধক হইবে। ধর্মগুলি হয় 'সং' এইরূপ প্রতীতির সাধক হইবে, না হয় ত 'অসং' এইরূপ প্রতীতির সাধক হইবে। কারণ, তৃতীয় কোনও প্রকার নাই। স্কৃতরাং, প্রদর্শিত অনুমানের হেতুরূপে সমুপস্থাপিত একদ্রব্যুদ্ধ বা একদ্রব্যান্তিতত্ব-রূপ ধর্মটো ভাবরূপ সাধ্যধর্মীর বিশেষণাংশ যে সংপ্রত্যয়সাধকত্বরূপ ধর্ম, তাহার বিপরীত যে অসংপ্রত্যর্মাধকত্বরূপ ধর্মটী, তাহারও গমক হওয়ায় উহা হেতু হয় নাই; পরস্ত, ধর্মিবিশেষবিপরীতসাধন-নামক বিরুদ্ধ হেদ্বাভাসই হইয়া গিয়াছে।

দিঙ্নাগ হেঝাভাবের স্থায় আরও হই প্রকার পৃথক্ আভাস স্বীকার করিরাছেন। তিনি পক্ষাভাস ও দৃষ্টান্তাভাস নামে হেঝাভাস হইতে ভিন্ন হই প্রকারের আভাস স্বীকার করিয়া উহাদের মধ্যে পক্ষাভাসকে প্রভাক্ষবিক্ষম, অন্থমানবিক্ষম, আগমবিক্ষম, লোকবিক্ষম, স্ববচনবিক্ষম, অপ্রসিম্নবিশেষ্য, অপ্রসিম্নোভর ও প্রসিম্নসম্ব এইরূপে নয় ভাগে বিভক্ত করিয়াছেন। তিনি দৃষ্টান্তাভাসকে প্রথমতঃ সাধর্ম্যাদৃষ্টান্তাভাস ও বৈধর্ম্যাদৃষ্টান্তাভাস এই হুই ভাগে বিভক্ত করিয়া সাধর্ম্যাদৃষ্টান্তাভাসকে সাধনধর্ম্মাসিম, সাধ্যধর্ম্মাসিম, উভয়ধর্ম্মাসিম, অনয়য় ও বিপরীভাষয় এইরূপে পঞ্চধা বিভক্ত করিয়াছেন। ব্রেবর্ম্মাদৃষ্টান্তাভাসকেও তিনি সাধ্যাব্যাবৃত্ত, সাধনাব্যাবৃত্ত, উভয়াব্যাবৃত্ত, অব্যতিরেক ও বিপরীভব্য তিরেক নামে পাঁচ ভাগে বিভক্ত করিয়াছেন। বিশেষজিজ্ঞামুগণ স্থারপ্রবেশ গ্রন্থে ইহাদের স্থিশের পরিচয় পাইবেন।

বিষয়

প্রষ্ঠা

প্রথম পরিচ্ছেদ

<mark>সর্ব্বান্তিবাদের পরিচয়</mark>

5-- 48

বৌদ্ধদর্শনের বিভাগ-নির্দ্দেশ—'অভিধর্ম' শব্দের ব্যাখ্যা—পৃঃ ১; বৈভাষিক-সর্ব্বান্তিবাদী—সামান্ততঃ সর্ব্বান্তিবাদের ব্যাখ্যা—পৃঃ ২; ধর্ম্বের ত্রিকালাস্তিত্বাদ—পৃঃ ৩-৬; 'ধর্মাত্রই নিত্য হইলে নির্ব্বাণলাভ হইবে না' এই আপত্তির উত্তরে বৈভাষিকমতের সমর্থন—প্: ৫-৬; ভারাস্তথাত্ববাদ—পৃঃ ৬ ; 'ভাব'শবের অর্থনির্দেশ—'ভদস্তধর্মত্রাত-ক্থিত ভাবান্তথাত্বাদের ব্যাথ্যা--পৃঃ ৭; সাংখ্যোক্ত পরিণামবাদের সহিত উহার সাদৃশ্য—পৃঃ ৭-৮; লক্ষণাত্যথান্ববাদ—ভদন্ত-ঘোষক-কথিত এই মতের নির্দেশ—পৃঃ ৮; ভাবাক্তথাত্ববাদের সহিত ইহার বৈসাদ্যু— পু: ১ ; অন্তথান্তথিকত্ববাদ—বৃদ্ধদেব-উক্ত এই মতের ব্যাথ্যা—পু: ৯-১০ ; অবস্থান্তথাত্বণাদ—ভদন্ত-বস্থমিত্ৰ-প্ৰচারিত এই মতের সহিত পূর্ব্বোক্ত অক্তথান্তথিকত্ববাদের সাদৃশ্র—পৃঃ ১০-১১; ভাবান্তথাত্ববাদের বিক্রছে পূর্ব্বপক্ষীর আপত্তি ও উক্ত প্রতিবাদের খণ্ডন—যশোমিত্র, কমলশীল প্রভৃতি ব্যাখ্যাতৃগণের আপত্তির সমালোচনা—পৃঃ ১২-১৪ ; লক্ষণাস্তথাত্ব-বাদের বিরুদ্ধে কমলশীলের প্রতিবাদ ও উহার প্রতিবাদে ভদস্ত ঘোষকের স্বমতসমর্থনে উক্তি ও তাহার অসারতা প্রদর্শন—প্রঃ ১৪-১৫ : অগ্রথাক্তথিকত্ববাদ-খণ্ডনে পূর্ব্বপক্ষীর উক্তি-পৃ: ১৫-১৬; অবস্থাক্তথাত্ব-বাদের বিরুদ্ধে স্মালোচনা ও উহার স্মাধান-পৃ: ১৬-১৮; 'কারিত্র' শবেদর অর্থ-পঃ ১৮; 'সংস্কৃতধর্ম ত্রিকালসং' এই মতবাদের বিরুদ্ধে জাচার্য্য বস্থবন্ধুর যুক্তি-পৃঃ ১৯-২৪; উহার খণ্ডন-পৃঃ ২১;

সর্ব্বান্তিবাদে কি প্রতীত্যসমুৎপাদ সম্ভব হয়—দৌত্রান্তিকমতে প্রতীত্যসমুৎপাদ সম্ভব নয়—পৃঃ ২:-২২; বৈভাষিকমতে উহা স্বীকৃত—
পৃঃ ২২-২৩; প্রাচীন বৈভাষিকমতের স্তায় সাংখ্যমতেও বস্তুর
ক্রিকালান্তিত্ব স্বীকৃত—পৃঃ ২৩; ভেদাভেদবাদ অবলম্বনেই ত্রিকালসৎ
ধর্মের উৎপত্তি-বিনাশের ব্যাখ্যা সম্ভব—পৃঃ ২৪।

দ্বিতীয় পরিচ্ছেদ

অসংস্কৃতধর্মের নিরূপণ

20- 02

সংস্কৃত ও অসংস্কৃত ধর্ম্মের নির্দেশ—অসংস্কৃতধর্মের বিভাগ-কথন—পৃঃ ২৫; পদার্থের প্রাথমিক বিভাগ—পৃঃ ২৬; আকাশের স্বরূপ-বিচার—পৃঃ ২৭-৩০; প্রতিসংখ্যানিরোধের ব্যাখ্যা—উহা অভাবাত্মক নহে—পৃঃ ৩০-৩১; প্র্যাসত্য ও উহার বিভাগ-নির্দেশ—পৃঃ ৩০; 'কুশলমূলে'র বিভাগ-বচন—পৃঃ ৩৪; বৌদ্ধশাস্ত্রে দর্শনমার্গ, আনন্তর্য্যমার্গ ও বিমৃক্তিমার্গের স্বরূপ-কথন—পৃঃ ৩৫-৩৬; প্রতিসংখ্যানিরোধের বর্ণন—যশোমিত্রের মতে ইহা আবরণস্বরূপ মতে উহা নিত্য, নানা ও অসন্তাথ্য ধর্ম—পৃঃ ৩৫-৪২; অপ্রতিসংখ্যানিরোধ—উহার লক্ষণ-নির্দেশ—পৃঃ ৪৩-৪৬; অনিত্যভানিরোধ—পৃঃ ৪৭ প্রত্যানিরোধর বিস্তৃত বিবরণ—পৃঃ ৪৭-৫১; বশোমিত্রের মত—পৃঃ ৪৪ ।

তৃতীয় পরিচ্ছেদ

রূপক্ষর -

202--09

সাত্রব ও অনাত্রব ভেদে পদার্থ দ্বিবিধ—পৃঃ ৫০; সাত্রব পদার্থের নির্দেশ ও পদটির অর্থনিরূপণ—পৃঃ ৫০-৫৫; সংস্কৃতধর্মসমূহকে সাত্রব নামে অভিহিত করার কারণ—পৃঃ ৫৫; 'সাত্রব' পদটির নানাবিধ ব্যাথ্যা ও তাহার সমালোচনা—পৃঃ ৫৫-৫৭; বস্তুবন্ধু-উক্ত 'আত্রবপ্রিপোষকত্বই

সাস্রবত্ব' এই মতের সমর্থন--পৃঃ ৫৭-৫৮; এ বিষয়ে অ্যান্ত মতের উল্লেখ-পৃঃ ৫৮; পদার্থের প্রদশিত বিভাগ ন্যুনতাদিদোধরহিত-পু: ৫৮-৫৯; উপাদানস্থন্ধের নির্দেশ—পৃ: ৫৯-৬০; উক্ত পদটির ব্যুৎপত্তি-নিরূপণ-পৃঃ ৬০; সাম্রব ধর্মের বিভিন্ন সংজ্ঞা-পৃঃ ৬০-৬২; অভিধর্ম-শাস্ত্রোক্ত দাস্রব ও অনাস্রব ধর্মের অন্যান্ত সংজ্ঞা—অধবা, কথাবস্তু, সনিঃসার ও সবস্তুক — পৃঃ ৬৩-৬৪; সামান্ততঃ সংস্কৃতবর্ষের নিরূপণ —পৃঃ ৬৪; বিশেষরূপে সংস্কৃতধর্মের নিরূপণ—পৃঃ ৬৪; রূপস্করের বিস্তৃত বিবরণ--পৃঃ ৬:-১০১; রূপ বিংশতি-প্রকার-পৃঃ ৬৬; বায়ু ক্নপের অন্তর্গত কিনা—পৃঃ ৬৯ ; রাহল সাক্ষ্ত্যায়নের মতে বায়ু ক্বঞ্চবর্ণ ও চক্রাকার-পৃ: ৬৯; এ বিষয়ে বৈভাষিক ও নৈয়ায়িক মতের পার্থক্য-পৃঃ ৬৯ ; 'ধর্মমাত্রই ক্ষণিক' ইহা বৈভাষিক সিদ্ধান্ত নহে—পৃঃ ৭০ ; বৈভাষিক্মতানুসারে ক্ষণিকত্বের আলোচনা—পৃঃ ৭০-৭১ ; ধাতু ও মহাভূত-পৃঃ ৭২-৭৩; ইন্দ্রিয় রূপস্বভাব-পৃঃ ৭৪-৭৫; যশোমিত্র-ক্থিত 'রূপ' পদটির তাৎপর্য্য-পৃঃ ৭৫; এ বিষয়ে বস্থবন্ধুর কথা-পৃঃ ৭৫; অক্সান্ত মতের যৌক্তিকতা-বিচার—পৃঃ ৭৬-৮০ ; জ্বনৈক বৃদ্ধাচার্য্যের মতের প্রতিবাদ ও স্বমতের সমর্থন—পৃঃ ৮১-৮২ ; শব্দ-নিরূপণ—বৈশেষিকমতের সহিত বৈভাষিকের সাদৃশ্য ও পার্থক্য—পৃঃ ৮২-৮৩; শব্দের সামান্ত-লক্ষণ-পৃঃ ৮৩-৮৪; শব্দের বিভাগ-পৃঃ ৮৪-৮৫; রস-নিরূপণ-রসের সামান্তলক্ষণ—-বৈশেষিকের সহিত উহার সাদৃগ্য ও বৈসাদৃগ্য—-পৃঃ ৮৫-৮৬ ; গব্ধের সামান্তলকণ ও বিভাগ—পৃঃ ৮৭; শুষ্টব্যধর্ম—পৃঃ ৮৭-৮৮; 'ভৌতিক' পদটির অর্থ নিরূপণ—পৃঃ ৮৮-৯০; অবিজ্ঞপ্তি-নিরূপণ— পৃঃ ৯০-১০১; কর্মনির্দেশ—পৃঃ ৯০-৯১; সোঁত্রান্তিকমতে সংস্থানের দ্রব্যসন্তা-খণ্ডন ও বৈভাষিকমতে উহার প্রতিবাদ— পৃঃ ৯১-৯৭ ; 'পরমাণু সংস্থান-স্বভাব নহে' এই বৈভাষিকমতের স্থাপন-পৃঃ ৯৫-৯৬ ; বাককর্ম ও কায়কর্মের নির্দেশ—পৃঃ ৯৭-৯৮; 'পারাজিক' পদটির অর্থ—পৃঃ ৯৯; প্রাতিমোক্ষসম্বর—পৃঃ ১৯-১০০; ধ্যানসম্বর—অনাস্রবসম্বর— অসম্বর— নসম্বরনাসম্বর—কর্ম্মপথ—কর্ম্মপথমূল—অকুশ্লমূল—পৃঃ ১০০-১০<u>১।</u>

চতুর্থ পরিচ্ছেদ

ক্ষণিকত্বনিরূপণ · · ১০২—১৪১

ক্ষণিকত্ব প্রত্যক্ষসিদ্ধ নহে—পৃঃ ১০২ ; ক্ষণিকত্বের স্বরূপ-নির্বাচন— পৃঃ ১০২-১০; ক্ষণিকত্বে অনুমানের প্রয়োগ—পৃঃ ১০৩-১০৪; পূর্বাপক্ষীর প্রতিবাদ ও উহার খণ্ডনপূর্বক 'ক্ষণিকত্ব অর্থক্রিয়াকারী বস্তুর স্বভাব' এই মতের স্থাপন-পৃ: ১০৪-১০৭; 'স্থিরত প্রত্যক্ষসিদ্ধ' এই পূর্বাপক্ষের থণ্ডন—পৃ: ১০৭; ফণিকত্বে ব্যতিরেক-ব্যাপ্তিমূলক প্রসঙ্গানুমানের প্রয়োগ—পৃ: ১০৮; 'অর্থনামর্থ্যসমূহ ব্যাপ্যবৃত্তি' এই আপত্তির থণ্ডন— পুঃ ১০৮-১০৯; সহকারিবাদখণ্ডন—পুঃ ১০৯-১১০; বস্তুর হিরত্ববাদে ক্রমিকোৎপত্তি অসম্ভব – পৃঃ ১১১; কারণত্বের নির্বাচন— পৃঃ ১১২; সামর্থ্য-বিচার—পৃ: ১১১-:২০; সত্তাহেতুক ক্ষণিকত্বানুমানে পূর্বপক্ষীর আপত্তি ও উহার বিস্তৃত সমালোচনা—পৃ: ১২০-১২৬ ; ক্ষণিকত্বের সহিত সত্ত্বের অবিরোধ – পৃঃ ১২৩-২৪; ভাববস্তুর ক্ষণিকত্বে অন্তান্ত যুক্তির উপস্থাপন--পৃঃ ১২৬-১৩১; সহকারিবাদের স্থবিস্তৃত সমালোচনা এবং বৈস্বাত্য ও ক্ষণিকত্ব-স্থাপন—পৃঃ ১৩১-১৪২ ; 'সত্ত্ব-হেতুক ক্ষণিকত্ব-সাধক অর্মানে হেতুটি অসাধারণ-দোবে ছুট'— এই আপত্তির সমাধান— পৃঃ ১৪২-১৪৪ ; ক্ষণিকত্ববাদে ক্ষেত্রাদি-কর্মণের নিপ্রয়োজনতারূপ আগত্তির খণ্ডন—পৃ: ১৪৫-:৪৬; ক্ষণিকত্ববাদে বৈজ্ঞাত্যের আবশ্রকতা-বিচার-পৃ: ১৪৭-১৪৮; বৈজাত্যস্বীকারেও তদ্ধপাবচ্ছিয়েরই 'পর্বতো বহ্নিমান্ ধ্মাৎ' এইরূপে অমুমান-প্রয়োগের উপপত্তি— পৃ: ১৪৮-৪৯।

পঞ্চম পরিচ্ছেদ

হৈতুমল ভাব ... ১৫০—১৮-৫ ন্থায়-বৈশেষিক্মতে কারণত্বের স্বরূপ— বৈভাষিক্মতের সহিত উহার ন্যোদ্খা—পৃঃ ১৫০; কারণের ছয়প্রকার বিভাগ—পৃঃ ১৫১; কারণহেতুর স্বরূপ-বিচার—পৃঃ ১৫২-১৫৫; অবশিষ্ট পাঁচপ্রকার হেতুও কারণহেতুরই

অন্তর্গত-পৃঃ ১৫৫ ; সহভূহেতু-পৃঃ ১৫৫-১৫৯ ; সহভূহেতুর স্থল-নির্ণন্ন-পু: ১৫৬-১৫৯ ; চিত্তামুবর্তী ধর্ম-পু: ১৫৮-৫৯ ; সহভূহেতুর বিশেষ বাবস্থা ও যশোমিত্রের মতদ্বৈধ পৃঃ ১৫৯; সভাগহেতু-পৃঃ ১৫৯-১৬৭; সভাগহেতুর নিয়ামক পাদৃশ্য—পৃঃ ৬০ ; একসন্তানবর্তী ধর্মদ্বয়ের সভাগ-হেতৃত্ব-সমর্থন — পৃঃ ১৬০-:৬১ ; রূপাদি-স্কন্ধপঞ্চকের সভাগহেতৃত্ব-নিরূপণ— পুঃ ১৬১ .৬০; অনাগভধর্মের সভাগহেতুত্ব-নিষেধ—পৃঃ ১৬৩-১৬৬; বৌদ্ধসম্মত ভূমি ও মার্গসভারে উল্লেখ—পৃঃ ১৬৭; সর্ব্বত্রগহেতু— পৃ: ১৬৭-১৬৮ ; সভাগহেতু ও সর্বত্রগহেতুর পার্থক্য--পৃ: ১৬৭-১৬৮ ; সম্প্রযুক্তকহেতু—পৃঃ ১৬৮-১৬৯ ; চিত্ত ও চৈত্তের সম্প্রযুক্তক-হেতুতা-নিরূপণ—পৃঃ ২৬৯; বিপাকহেতু পৃঃ ১৬৯-১৭৪; বিপাকহেতুর একফলতা ও একাধিকফলতা-বিচার—পৃঃ ১৭১-১৭২ ; ভদস্ত বস্থমিত্রের মত—পৃঃ ১৭২-১৭৩; ফলভাববিচার—পৃঃ ১৭৪-১৭৯; বৈভাষিক-भारतांक शीव्यकांत कल्-शः २१६; नियमकल०-शः २१६-२१२; পুরুষকার-ফল পঃ ১৭৯-১৮৯; বিপাকফল—পঃ ১৮৯-১৮১; বিসংযোগ-ফল--পৃঃ ১৮১; প্রভার-পৃঃ ১৮১-১৮৫; হেতুপ্রভায়-পৃঃ ১৮১; সমনস্তরপ্রত্যর—পৃ: ১৮১-১৮৪ ; আলম্বনপ্রত্যর—পূ: ১৮৫ ; অধিপতি-প্রত্যম—পৃঃ(১৮।।

যন্ত পরিচেছদ

চিত্ত ... ১৮৬—২৪২

চিত্ত বা বিজ্ঞানের স্বরূপ—পৃঃ ১৮৬; চিত্তের প্রকারভেদ—পৃঃ ১৮৬;
চিত্তই আত্মা—পৃঃ ১৮৭-১৮৮; চিত্তপ্রবাহ-নিরূপণ্—পৃঃ ১৮০;
মৃত্যুদশায়ও চিত্তপ্রবাহের স্থিতি—পৃঃ ১৮৯-১৯১; বৈভাষিকমতে
জন্মান্তরের অন্তিত্বে যুক্তি—পৃঃ ১৯১-১৯২; চারিপ্রকার ভব—পৃঃ ১৯২;
অন্তরাভবিকসত্বের নিরূপণ—পৃঃ ১৯২-১৯৫; এ বিষয়ে গুণমতি ও
বস্ক্রমিত্রের আপত্তি ও বৈভাষিকমতে উহার সমালোচনা—পৃঃ ১৯৪-১৯৬;
বৈভাষিকমতে মূর্চ্ছাবস্থায়ও বিজ্ঞান-সন্থানের স্থিতি—পৃঃ ১৯৬-৯৭; মৃত্যু

ও সমাধির ভেদ-নির্ণন্ধ--পৃঃ ১৯৭-৯৮; বিজ্ঞানস্থিতি-পৃঃ ১৯৮-২০০; তিনপ্রকার লোক ও তাহাদের অবান্তর বিভাগ : পৃঃ ১৯৮-১৯৯ ; চিত্ত-সম্প্রবৃক্ত-নিরূপণ – পৃঃ ২০০-২১১; ষট্চত্বারিংশৎ-প্রকার চিত্তসম্প্রযুক্তের স্বরূপ-কগন—পৃঃ ২০২-: ০৮; বিতর্ক ও বিচার সম্বন্ধে বিশেষ কণা— পৃঃ ২০৪-২০৮; পাঁচপ্রকার চৈত্তধর্ম—পৃঃ ২০৮-২০১; অনিয়ত চৈত্তধর্মনির পণ--পঃ ২০৯; কৌকত্যের ভেদ-নির্ণয়-- পৃঃ ২০৯-২১০; কামাবচর চিত্তের প্রকারভেদ—পৃঃ ২১০-২১১। 'চিত্তবিপ্রযুক্ত'পদের অর্থনিরূপণ – পৃঃ ২১১-২১২; চিত্তবিপ্রযুক্ত অর্থের বিভাগ – পৃঃ ২১২; প্রাপ্তি-পদার্থ-নির্বন্ধ— পৃঃ ২১২-২২১ ; প্রাপ্তির দ্রব্যসন্তা-বিচার— পৃঃ ২১৩-২১৯; প্রাপ্তির স্বরূপ-ক্থন—পৃঃ ২১৯-২২০; অগ্রাপ্তি-নিরূপণ — পৃঃ ২২১-২২৩ ; 'সভাগতা' পদের অর্থ – পৃঃ ২২৩-২২৪ ; নিকায়সভাগ —পৃঃ ২২৪; সভাগতা বা নিকান্নসভাগের বিরুদ্ধে সৌত্রাস্তিক সম্প্রদারের আপত্তি ও উহার খণ্ডন—পৃঃ ২২৫-২২৮; নিকায়সভাগের প্রকারভেদ — পৃঃ ২২৮-২২৯; আচার্য্য-সজ্বভদ্র-কথিত নিকায়সভাগের স্বরূপ — পৃঃ ২২৯-২৩০; আসংজ্ঞিকসমাপত্তি ও নিরোধসমাপত্তি-নিরূপণ — পৃ: ২৩০-২৩২; জীবিত-নামক বিপ্রায়ুক্তবর্ষের ফ্রপ-নির্গান পৃঃ ২৩৩-২৩৪; লক্ষণ-নামক চিত্তবিপ্রযুক্তধর্ম্মের প্রকারভেদ—পৃঃ ২৩৪-২৩৫; অমুলক্ষণ ধর্ম — পৃঃ ২৩৫-২৩ ; লক্ষণাতুলক্ষণসমূহের দ্রবাসন্তা-বিচার— পৃঃ ২৩%-২৪১; নামকায়, পদকায় ও ব্যঞ্জনকায়-নিরূপণ পৃঃ ২৪১-২৪২।

সপ্তম পরিচেছদ

প্রতীত্যসমূৎপাদ

'প্রতীত্যসমূৎপাদ' পদটির নির্বচন—পৃঃ ২৪৩-২৪৪; স্মভাববাদ-নিরাস—পৃঃ ২৪৪-২৪৫; কাল, প্রধান বা পরমাণুই জগতের কারণ নহে—পৃঃ ২৪৫; ঈশবের জগৎকর্জ্ব-নিষেধ—পৃঃ ২৪৫-২৪৭; বাচম্পতিমিশ্রোক্ত প্রতীত্যসমূৎপাদের ব্যাখ্যা ও তাহার সমালোচনা—পৃঃ ২৪৭-২৪৯; ভামতীকারক্থিত প্রতীত্যসমূৎপাদের দ্বৈধ্য —পৃঃ ২৪৮-২৪৯; বস্তুবন্ধু-প্রদর্শিত

প্রতীত্যসমুৎপাদের স্বরূপ—পৃঃ ২৪৯-২৫০; ভবচক্রের অনাদিত্ব-নিরূপণ— পৃঃ ২৫০ ২৫১; দ্বাদশপ্রকার প্রতীত্যসমুৎপাদের বর্ণনা, বিভিন্ন প্রণালীতে উহার কথন পৃঃ.২৫১-,৫৭।

অষ্টম পরিচ্ছেদ

ঈশ্বর-খণ্ডন

२05-269

সর্বজ্ঞ ঈশ্বরে অঙ্কুরের কারণতা-নিষেধ—পৃঃ ২৫৮; সর্বাশক্তিমান্ ঈশ্বর-স্বীকারে কার্য্যের দেশ-কালভেদে উৎপত্তির অনুপণত্তি—পৃঃ ২৫৮-২৫৯ ; ইহাতে পূর্ব্বপক্ষীর আপত্তি ও উহার সমাধান —পৃ: ২৫৯-২৬০ ; অগ্র-নাপেক্ষ সর্ব্বজ্ঞ চেতন বস্তুর জগৎ-কর্তৃত্ব-নিষেধ—পৃঃ ২৬০-২৬১ ; ঈশ্বরের অস্তিত্বে প্রত্যক্ষ-প্রমাণাভাব—পৃঃ ২৬১-২৬২ ; ঈশ্বরাস্তিত্বে অনুমান-প্রদর্শন -- পৃঃ ২৬২-২৬<mark>০ ;</mark> উক্ত অন্ত্রমানে অনৈকাস্তিকতা-দোষের উদ্ভাবন—পৃঃ ২৬০; ঈশ্বরবাদীর প্রদর্শিত অনুমানের ব্যতিরেকিত্ব এবং অন্বর-ব্যত্তিরেকিত্ব-নিষেধ---পৃঃ ২৬৪-২৬৬, অবিদ্ধকরণোক্ত ঈশ্বর-সাধক অনুমানের উল্লেখ-পৃঃ ২৬৬-২৬৭; পূর্ব্বোক্ত অমুখানে হেত্বসিদ্ধি-দোষের উদ্ভাবন-পৃ: ২৬৭ ২৬৮ ; অংশতঃ পকাসিদ্ধি দোষ—পৃ: ২৬৯; আশ্রয়াসিদ্ধি-দোবের নিরূপণ-পৃ: ২৬৯-২৭০ ; অন্তরীতিতে স্বরূপাপিদ্ধি ও সন্দিশ্ধ-অনৈকাস্তিকতা-দোধের উদ্ভাবনে বিস্তৃত বিচার—পৃঃ ২৭০-.৭৩; নিত্যজ্ঞানে প্রমাণাভাব—পৃঃ ২৭৪; উদ্যোতকর-প্রদর্শিত ঈশ্বরামুমান—পৃঃ ২৭৪-২৭৫ ; উহার খণ্ডন—পৃঃ ২৭৫ ; উক্ত হেতুটি বৌদ্ধমতে অলীক—ৃপৃঃ ২৭৬; উহা অনৈকাস্তিক ও ব্যাপ্যত্বা-সিদ্ধ--পৃ: ২৭৬; ঈশ্বরান্তিত্বে অনুমানান্তর-প্রদর্শন--পৃ: ২৭৬-২৭৭; উক্ত অনুমানের হেতুটি লিঙ্গাভাস—পৃঃ>৭৭ ; উপাধি-দোষের উদ্ভাবন – পৃঃ ২৭৮ ; ক্ষিত্যস্থরাদির সকর্তৃকত্বশাধক-অনুমানে সৎ-প্রতিপক্ষতা-দোবের উদ্ভাবন এবং উহার যৌক্তিকতা-বিচার—পৃঃ ২০১-২৮৩; শরীরাভাবের দ্বারা ঈশ্বরের অকর্ত্তৃকত্ব-স্থাপন ও ঈশ্বরবাদীর আপত্তি—পৃঃ ২৮৩-২৮৪ ; ঈশ্বর-সাধকযুক্তিসমূহের পরম্পার-অসামঞ্জশু-প্রদর্শন – পৃঃ ২৮৪-২৮৫; ঈশ্বরবাদীব সমাধান -- পৃঃ ২৮৫-২৮); বৌদ্ধমতানুসারে ঈশ্বরণ্ডন -পৃঃ ২৮৭-২৮৯।

নবম পরিচেছদ

অবয়বি-খণ্ডন

220-000

ন্থান্ন-বৈশেষিকাদিমতে অবয়ব হইতে অবয়বি-দ্রব্যের ভিন্নতা-প্রদর্শন—পৃঃ
২৯০-২৯১; বৈভাষিকমতে অবয়বসমূহ হইতে অবয়বীর অভিয়তা-সাধনে

যুক্তি ও পূর্ব্বপক্ষীর মতখণ্ডন—পৃঃ ২৯১-২৯২; যোগ্যান্তপলির দারা অবয়বাতিরিক্ত অবয়বি-দ্রব্যের নিষেধ—পৃঃ ২৬৪; উহাতে পূর্ব্বপক্ষীর সমাধান ও
তাহার প্রত্যুত্তর – পৃঃ ২৯৪-২৯৫; অবয়ব-দান্নবেশের ফলে অবয়বি-দ্রব্যের
উৎপত্তিস্বীকারে নীরূপত্ব ও জ্বাতিচ্যুতির আপত্তি —পৃঃ ২৯৬; পুঞ্জবাদেও
পূর্ব্বোক্ত দোষসমূহের আশক্ষা ও বৌদ্ধসম্প্রদারের সমাধান—পৃঃ
২৯৬-২৯৮; ঘটপটাদির পরমাণ্পুঞ্জতা-পক্ষে প্রত্যক্ষত্বসাধন—পৃঃ ২৯৮;
উহাতে পূর্ব্বপক্ষীর আপত্তি ও তাহার সমাধান—পৃঃ ২৯৮-৩০০।

দশম পরিচ্ছেদ

অনাভ্রব সংস্কৃতধর্ম

905-029

মার্গ বা অনাস্রব সংস্কৃতধর্মের স্বরূপ—পৃঃ ৩০১; মার্গের প্রকারভেদ ও বিধাতুর স্বরূপ-কথন—পৃঃ ৩০১; দর্শনমার্গের ভেদনির্ণয়—পৃঃ ৩০২; তৃঃথের বিভাগ-বচন—পৃঃ ৩০২; দোত্রান্তিকসম্মত প্রজ্ঞার বিবরণ—পৃঃ ৩০২-৩০০; ভাবনায় অধিকারী পুরুষের স্বরূপ—পৃঃ ৩০৩; পুরুষের প্রকারভেদ—পৃঃ ৩০৩-৩০৪; ভাবনাভ্যাসের সামান্ততঃ উল্লেখ—পৃঃ ৩০৪; চারিপ্রকার স্মৃত্যুপস্থানের স্বরূপ —পৃঃ ৩০৫-৩০৬; ধর্মমুত্যুপস্থান —পৃঃ ৩০৬-৩০৭; চতুর্বিষধ আর্য্যসত্য —পৃঃ ৩০৭-৩০৮; সমুদরদৃষ্টি ও নিরোধদৃষ্টির প্রকার-ভেদ পৃঃ—৩০৮; মুদ্ধা ও ক্ষান্তির স্বরূপ—পৃঃ ৩০৮-৩০৯; মুদ্ধা ও ক্ষান্তির বিভাগ—পৃঃ ৩০৯-৩১০; আকার ও সত্যের অপদ্ধাসের প্রণালী—পৃঃ ৩১০; রূপাবচর সত্যচতুষ্টয়ের পরিহার-রীতি পৃঃ ৩১০-৩১১; অধিমাত্রেকান্তি, মধ্যক্ষান্তি ও মৃত্রুকান্তির নির্দেশ – পৃঃ ৩১১; যোগাচারীর স্বরূপ ও বিভাগ-বচন—পৃঃ ৩১২; নির্বেধভাগীয়ের স্বরূপ-কথন ও বিস্তৃত বিচার – পৃঃ ৩১৩-৩১৭; নির্বেধভাগীয়ের প্রকারভেদ—পৃঃ ৩১৭-৩১৯;

মোকভাগীয়ের স্বরূপ—পৃঃ ৩১৯; দর্শন্মার্গের বিভাগ – পৃঃ ৩২০; সত্যাভিসময়ের বিভাগ – পৃঃ ৩২৪-৩২৬; বেদনাস্কর—পৃঃ ৩২৬; সংজ্ঞান্তর্ম—পৃঃ ৩২৬; সংস্কারস্কর্—পৃঃ ৩২৭।

দিতীয় খণ্ড

প্রথম পরিচ্ছেদ

দ্বিতীয় পরিচ্ছেদ

প্রত্যক

999-999

বস্থবদ্দকথিত প্রত্যক্ষলক্ষণ—পৃঃ ৩৪৩-৩৪৮; দিছ্নাগোক্ত প্রত্যক্ষলক্ষণ—পৃঃ ৩৫১; দিছ্নাগমতে কল্পনা—পৃঃ ৩৫১; অপোঢ়পদের ব্যাখ্যা—পৃঃ ৩৫১; দিছ্নাগীয় লক্ষণের সমালোচনা ও স্বমতের উল্লেখ—পৃঃ ৩৫১; হরিভদ্র ও পার্শ্বদেবকৃত ব্যাখ্যার দোষ-প্রদর্শন—পৃঃ ৩৫৩-৩৫৪; ধর্মাকীন্তি-সম্মত প্রত্যক্ষলক্ষণ—পৃঃ ৩৫৪; ধর্মাকীন্তি-সম্মত কল্পনার স্বরূপ—পৃঃ ৩৫৫-৩৫৬; শান্তরক্ষিতোক্ত কল্পনার সহিত ধর্মাকীর্ত্তি-সম্মত কল্পনার পার্থক্য—পৃঃ ৩৫৯; প্রত্যক্ষের সামান্ত-লক্ষণ—পৃঃ ৩৫৯-৩৬১; প্রত্যক্ষের বিভাগ-প্রদর্শন—পৃঃ ৩৬১; ইন্দ্রিরজ্ঞান—পৃঃ ৩৬১-৩৬২; মনোবিজ্ঞান—পৃঃ ৩৬২-৩৬৪; স্বসংবেদন—পৃঃ ৩৬৪-৩৬৬; যোগিজ্ঞান—পৃঃ ৩৬৬; চক্ষুরিন্দ্রিরের অপ্রাপ্যকারিত্ব-বিচার— ৩৬৭-৩৭৩; অপ্রাপ্যকারিত্বে দিছ্নাগ্রন্থদর্শিত হেতু ও তাহার অযৌক্তিকতা-প্রদর্শন—পৃঃ ৩৭০-৩৭৩।

·তৃতীয়. পরিচ্ছেদ

অমুমানের শামান্ত-লক্ষণ--পৃঃ ৩৭৪, ধর্মোত্তরের উক্তি ও তাহার সমালোচনা—পৃঃ ৩৭৫; হরিভদ্রস্থরি-ক্থিত অনুমানের সামান্ত-লক্ষণ — পৃঃ ৩৭৫-৩৭৮; শব্দপ্রামাণ্য বিষয়ে বৌদ্ধমতের উল্লেখ —পৃঃ ৩৭৭-৩৭৮; শব্দ-প্রমাণ অনুমানে অন্তর্ভুক্ত-এ বিষয়ে বৌদ্ধ ও বৈশেষিক মতের পার্থক্য—ৃপৃঃ ৩৭৮; স্বার্থানুমান—পৃঃ ৩৭৯-৪১৯; হেতুনিরূপণ—পৃঃ ৩৭৯-৩৯৮; ধর্মকীত্তি-প্রদর্শিত হেতু-লক্ষণ—পৃ: ৩৭৯-৩৮১, পাত্রস্বামি-কথিত হেতুর লক্ষণ – পৃঃ ৩৮৫-৩৮৯; দিছ্নাগোক্ত হেতুলক্ষণের আলোচনা—পৃঃ ৩৯০-৪০০ ; সিদ্ধসেনের আপত্তি ও তাহার খণ্ডন—পৃঃ ৩৯২-৩৯৮ ; কার্য্যকারণভাব ও তাদায্ম্যের দ্বারা ব্যাপ্তিগ্রহ — পৃঃ ৩৯৮-৪০০ ; ব্যাপ্তির স্বরূপ — ৪০০-৪০১ ; স্বভাবহেতুক-অনুমানের গুলে অন্বর্ব্যতিরেক-নিশ্চর —পৃঃ ৪০১-৪০০; উক্ত বিষয়ে ধর্মোত্তরের মত —পৃঃ ৪০৩-৪০৪; স্বভাবহেতুর স্থলে সাধ্যকেতুর ব্যতিরেকনিশ্চয়—পৃঃ ৪০৪-৪০৭ ; কার্য্য-হেতুক অমুমান-পৃঃ ৪০৭-৪০৯; অমুপলব্ধি-লিঙ্গক অনুমান-পৃঃ ৪০৯-৪১৯; কুমারিলভট্টমতে অনুপলব্ধির স্বরূপ—পৃঃ ৪১০; ঈশ্বরসেন-ক্থিত অনুপলব্ধির স্বরূপ—পৃ: ৪১৫-৪১১; কুমারিল-মতের বিচার —পৃ: ৪১১-৪১২ ; পার্থসার্নথি মিশ্রের ব্যাখ্যা – পৃঃ ৪১২-৪১৩ ; ধর্মকীর্ত্তির মতে অমুপলব্বির স্বরূপ ও তাহার ফল - পুঃ ৪১৩-৪১৬; তাঁহার মতে অমুপলব্ধির বিভাগ-—পৃ: ৪১৬-৪১৭; অমুপলব্ধি-হেতুতে অহায়-নিশ্চয়-প্রকার – পৃঃ ৪১৭-৪১৮; স্বভাবারুপলব্ধিন্থলে ব্যতিরেক-নিশ্চয় – পৃঃ ৪১৮-৪১৯ ; পরার্থানুমান —পৃঃ ৪১৯-৪২৮ ; দিঙ্নাগমতে পরার্থানুমান— পৃঃ ৪২১, স্থান্নমতে প্রার্থানুমান পৃঃ ৪২১, উক্ত অনুমানে প্রতিজ্ঞাবাক্যের নিশ্রব্যেজনত্ব-স্থাপন---পৃঃ ৪২২-৪২৮; গ্রায়ভাষ্যকারের মত ও তাহার খতন-পৃঃ ৪২৫-৪২৭ ; উদ্যোতকরের মত ও উহার খণ্ডনে ধর্মকী তির बृक्ति-शृः ६२१-६२৮।

প্রথম খণ্ড

প্রথম পরিচ্ছেদ

সর্কান্তিবাদের পরিচয়

প্রসিদ্ধি অনুসারে বৌদ্ধবাদ চারিভাগে বিভক্ত—বৈভাষিক, সৌত্রান্তিক, বোগাচার ও মাধ্যমিক। ইহাদের মধ্যে বৈভাষিকবাদই মূল। কারণ, বৈভাষিক বাদ-সিদ্ধ পদার্থ গুলিরই আংশিক খণ্ডনে, অপরাপর মতগুলির সমুদ্ভব হইয়াছে। স্থতরাং, আমরা প্রধানতঃ বৈভাষিকমতেরই ব্যাখ্যা করিব।

অভিধর্মের অনুসরণ করিরাই বৈভাষিকগণ স্বমতসন্মত ধর্মগুলির (অর্থাৎ পদার্থসমূহের) উদ্দেশ, লক্ষণ ও পরীক্ষা করিরাছেন। যাহা অনাশ্রব প্রজ্ঞা, তাহাকেই মূখ্যতঃ "অভিধর্ম" বলা হয়। এই অভিধর্ম লাভে যাহারা সহায়ক হয় সেইগুলিকেও "অভিসর্ম" নামে পরিভাষিত করা হইরাছে'। অনাশ্রব প্রজ্ঞার সহায়করূপে কাত্যায়নীপুত্র-বিরচিত "জ্ঞানপ্রস্থান" নামক শাস্ত্র এবং ঐ শাস্ত্রের প্রকরণ বলিরা প্রসিদ্ধ "প্রকরণপাদ", "বিজ্ঞানকার," "ধর্মস্বন্ধ", "ধাতুকার" এবং "সঙ্গীতিপর্যায়" এই ছয়খানি গ্রন্থকেও "অভিধর্ম" নামেই পরিভাষিত করা হইরাছে'। এই গ্রন্থগুলি সবই সংস্কৃতভাষার নিবদ্ধ। পুর্ব্বোলিথিত ষট্প্রকরণমূক্ত মূল "অভিধর্ম" শাস্ত্র বর্ত্ত্বমানে লুপ্তপ্রায় হইরা গিরাছে। পুর্ব্বোক্ত "অভিধর্ম" শাস্ত্রের অর্থ লইরা বস্ত্বন্ধ "অভিধর্মকোশ"

১। "প্রজ্ঞানলা দাত্মচরাভিধর্মন্তংপ্রাপ্তয়ে যাপি চ যক্ত শাস্ত্রম্"।" কোশস্থান ১, কা ২।

২। "অত্যে ব্যাচকতে শান্তমিতি জ্ঞানপ্রস্থানম্। তন্ত শরীরভূতন্ত ষট্ পাদাঃ, প্রকরণ-পাদো বিজ্ঞানকায়ো ধর্মস্বলঃ প্রজ্ঞপ্রিশান্তং ধাতুকায়ঃ সঙ্গীতিপথ্যায় ঠৈতি ।……সাঙ্কেতিকো-হতিধর্ম ইত্যাচতে"। কোশস্থান ১, কা ২, ক্ষ্টার্থা।

[&]quot;জ্ঞানপ্রস্থান", "প্রকরণপাদ" "বিজ্ঞানকায়", "ধর্মক্ষম", "প্রজ্ঞপ্রিশান্ত্র", "ধাতুকায়" এবং "সঙ্গীতিপর্য্যায়" যথাক্রনে কাত্যায়নীপুত্র, স্থবিরবস্থমিত্র, স্থবিরদেবশর্মা, শারিপুত্র, মৌদ্গল্যায়ন, পূর্ব এবং মহাকৌন্তিল কর্তৃক বিরচিত হইয়াছিল।

নামে একথানি সংগ্রহ-গ্রন্থ রচনা? করিয়াছিলেন। ঐ "অভিধর্মকোশে"র অনুসরণ করিয়াই আমরা বর্ত্তমান গ্রন্থে বৈভাষিকমতের সমুপস্থাপন করিব। বৈভাষিকগণ সর্ব্বান্তিবাদী বলিরা প্রসিদ্ধ। স্থতরাং, প্রথমতঃ সর্ব্বান্তিববাদেরই সামাক্ততঃ ব্যাথ্যা করা যাইতেছে; পশ্চাৎ বিশেষতঃ, অর্থাৎ পৃণগ্ভাবে, প্রত্যেক বিভিন্ন ধর্মের নাম উল্লেখ করিরা উহার ব্যাথ্যা করা হইবে। উক্তর্বীতি অনুসারেই আমাদের দেশে শাস্ত্রসমূহ বিরচিত হইয়াছিল এবং শাস্ত্রপ্রণরনের পক্ষে উহাই বৈজ্ঞানিক বা যুক্তিসন্মত রীতি।

পৃথিবী, জন প্রভৃতি বাহ্ন বস্ত ও চিত্ত, চৈত্তাত্মক আভ্যন্তর বস্তু, এই দ্বিবিধ বস্তুর বা ধর্মেরই যাঁহারা অন্তিত্ব স্বীকার করেন, তাঁহারা সর্ব্বান্তিত্ববাদী । এই সর্ব্বান্তিত্ববাদীরা আবার ছই সম্প্রদারে বিভক্ত — বৈভাষিক ও সৌত্রান্তিক। সাধারণতঃ, সর্ব্বান্তিত্ববাদ বলিতে বৈভাষিক ও সৌত্রান্তিক এই ছইটী মতকে বুঝাইরা থাকে।

উপরে বাহা বলা হইল ইহা ছাড়া আরও কিছু বিশেষ অর্থ "সর্ব্বান্তিবাদ" কথাটীর মধ্যে অন্তর্নিহিত আছে বলিয়াই আমরা মনে করি। কারণ, বাহ্য ও আভ্যন্তর এই দিবিধ ক্ষম বা সমুদায় স্বীকার করিয়াও সৌত্রান্তিকগণ বৌদ্ধ-সম্প্রদায়ের নিকট "সর্ব্বান্তিবাদী" আখ্যায় প্রসিদ্ধ নহেন। উঁহারা "ক্ষণিকবাদী" বলিয়াই স্বসম্প্রদায়ের নিকট পরিচিত।

যাহারা ধর্মমাত্রেরই অনাগত, বর্ত্তমান ও অতীত এই ত্রিকালে অন্তিত্ব স্বীকার করেন, তাঁহারাই বৌদ্ধসম্প্রদায়ের মধ্যে "সর্ব্বান্তিবাদী" বা "সর্ব্বান্তিত্ববাদী" বলিয়া প্রসিদ্ধ। ধর্মের ত্রিকালান্তিসক্রপ বিশেষ অর্থেই "সর্ব্বান্তিত্ববাদ" কথাটীর প্রাধান্ত

>। "তস্তাৰ্থতোহশ্মিন্ সমনুপ্ৰবেশাৎ যো বাশ্ৰয়োহস্তেত্যভিধৰ্মকোশঃ"। কোশস্থান ১, কা ২॥

[&]quot;অভিধর্মো জ্রানুপ্রস্থানাদিরেকতা মদীয়তা শাস্ত্রতা আশ্রয়ভূতঃ। ততো হার্যাদভিধর্মাদ্ এতমদীয়ং শাস্তং নিরাকৃষ্টন্ অর্থত ইত্যাধিকৃতন্"। ঐ, ক্ষুটার্থা।

২। "তত্র যে যে সর্কান্তিরবাদিনো বাহ্যমান্তরঞ্চ বর্তভ্যুপগচ্ছন্তি ভূতং ভৌতিকঞ্চ চিত্তং চৈত্তঞ্চ তাংস্তাবং প্রতিক্রমঃ"। বেদান্তদর্শন ২, ২, ১৮, শারীরকভাষ্য।

 ^{&#}x27;সর্ব্বান্তিবাদ' ও "সর্ব্বান্তিববাদ' এই ছুইটা কথা একই অর্থে ব্যবহৃত হইয়াছে।
 কারণ, ঐ ছুইটা কথাই প্রচলিত আছে।

বা পরিভাষা ব্ঝিতে হইবে'; বাহ্ন ও আভ্যন্তর এই দ্বিধি সম্দারের অন্তিষে নহে। এই দ্বিধি সম্দার স্বীকার করিরাও সৌত্রান্তিকগণ সর্ব্বান্তিবাদী নহেন; কারণ, তাঁহারা ধর্মের ত্রিকালান্তির স্বীকার করেন নাই। স্থবিরগণ ও বৈভাষিক সম্প্রদার, ইহারাই সর্ব্বান্তিবাদী। কারণ, এই ছই সম্প্রদারের মধ্যেই পদার্থের ত্রিকালান্তির অভ্যুপগত আছে। বর্ত্তমান গ্রন্থে আমরা স্থবির বা "থেরা" বালের আলোচনা করিব না; বৈভাষিকবাদেরই সংক্ষিপ্ত আলোচনা করিব।

সর্কান্তিবাদীদের কেহ কেহ এই প্রকার মনে করিতেন যে, ধর্ম্মের বিকালান্তিত্ব আছে ইহা ঠিক; কিন্তু, তাহা হইলেও ধর্ম্মাত্রই বিকালসং নহে। প্রত্যুংপন্ন ধর্মাগুলি সবই সং, অর্থাৎ প্রত্যেক ধর্ম্মেরই বর্ত্তমানকালে সন্তা আছে; এবং অতীত ধর্ম্মের মধ্যে কেবল সেগুলিই সং হইবে বেগুলি এখন পর্য্যস্তও নিজ নিজ ফল প্রদান করে নাই, পরস্ত ভবিশ্যতে ফল প্রদান করিবে। অনাগত ধর্ম্ম এবং বাহার কারিত্র শেষ হইরা গিরাছে, অর্থাৎ বাহা হইতে আর কোনও ফল পাওয়া বাইবে না, এমন অতীত ধর্ম্মের অন্তিত্ব, অর্থাৎ সন্তা, নাই। এইরূপ মত বাহারা পোষণ করিতেন তাঁহারা সর্কান্তিবাদা নহেন। বৌদ্ধাণ উক্ত মতের পোষকদিগকে "বিভজ্যবাদী" বলিতেন। কারণ, উহারা বিভাগ করিরা ধর্মের বিকালান্তিত্ব মানিতেন; নিরবশেষে সকল ধর্ম্মের বিকালান্তিত্ব উহারা স্বীকার করিতেন না।

সর্বান্তিবাদীরা, অর্থাৎ বৈভাষিকগণ, ধর্ম্মের ত্রিকালান্তিত্ব সমর্থন করিতে গিয়া প্রথমতঃ ইহাই বলিয়াছেন বে, স্থত্রে নির্বিশেষে সকল ধর্ম্মেরই ত্রিকালান্তিত্ব কথিত হইয়াছে। স্কৃতরাং, স্থত্র-প্রামাণ্যে প্রত্যেক ধর্মের ত্রিকালান্তিত্ব সিদ্ধ আছে। স্থত্ত্বে এই প্রকার বলা হইয়াছে যে, অতীত এবং অনাগত অবস্থায়ও রূপ, অর্থাৎ ধর্মা, অনিত্য হয় ; স্কৃতরাং, বর্ত্তমান অবস্থায়ও যে উহা অনিত্য হয়বৈ তাহা নিঃসন্দির্ম। যে আর্থ্যশ্রাবক এইয়পে ধর্মের ত্রেকালিক অনিত্যতা দর্শন করেন তিনি অতীত ধর্মের অপেকা রাথেন না ; তিনি অনাগত ধর্মকে অভিনন্দিত

১। "তদন্তিবাদাং সর্ব্বান্তিবাদী মতঃ। কোশস্থান ৫, কা ২৫, 'ফুটার্থা'।

২। যে হি প্রত্যুংপারস্ত অতীতৈকাংশস্ত চান্তিহ্বম্, অনাগতস্তাতীতৈকাংশস্ত চ নান্তিহং মন্তন্তে তে বিভয়াবাদিনঃ ন সর্বাতিবাদিনঃ"। ঐ, কা, রাহুলকৃত ব্যাখা, পৃঃ ১৬৮।

করেন না এবং প্রত্যুৎপন্ন ধর্মের নিরোধে সর্কাদা সচেষ্ট থাকেন। যদি অতীত ধর্মা বস্তুতঃ অসৎ হইত, তাহা হইলে আর্য্যশ্রাবক তাহাতে অনপেক্ষা বৃদ্ধি করিতেন না। শশশৃসকে অনপেক্ষিত বলিয়া বৃদ্ধিবার কোনও সার্থকতা নাই। যেহেতু আর্যাশ্রাবক অতীত ধর্মকে অনপেক্ষিত বলিয়া মনে করেন, তথন তিনি নিশ্চরই অতীত ধর্মের সত্তা স্বীকার করেন বলিয়া বৃদ্ধিতে হইবে। আর্য্যশ্রাবক বথন অনাগত ধর্মকে অনভিল্বিত বলিয়া মনে করেন, তথন তিনি অনাগত ধর্মেরও অতিত্ব আছে বলিয়াই বৃদ্ধিয়াছেন; অন্তথা, তাহাকে অনভিল্বিত বলিয়া বৃদ্ধিবার কোনও সার্থকতা থাকিতে পারেনা। আকাশকুস্থমে অনভিল্বিত বলিয়া বৃদ্ধিবার কোনও সার্থকতা থাকিতে পারেনা। আকাশকুস্থমে অনভিল্বিত বলিয়া বৃদ্ধের কোনও সার্থকতা থাকিতে পারেনা। যে বাহাকে অসৎ বলিয়া বৃদ্ধে সে তাহাতে অভিলাব বা অনভিল্বাব করে না। বস্তুবিশেষে অভিল্বিতত্ববোধে অনিষ্ঠের আশক্ষার শাস্তে উহাকে অনভিল্বিত বলা হইয়া থাকে। স্বত্রাৎ, অনাগত অধ্বাতেও ধর্মের অন্তিত্ব উক্ত স্ত্রের অভিপ্রেত বলিয়া মনে করিতে হইবে'।

স্ত্রবাকোর দারা বেমন ধর্ম্মের ত্রিকালাস্তিত্ব প্রমাণিত হয়, তেমন যুক্তির দারাও বৌদ্ধসিদ্ধান্তামুসারে ইহা প্রমাণিত হয় যে, ধর্মগুলি বর্ত্তমান অধ্বার স্থায় অতীত এবং অনাগত অধ্বাতেও সং।

চাক্ষাদি বিজ্ঞান হলে ইহা প্রমাণিত আছে যে, ঐ বিজ্ঞানগুলি আলম্বন-প্রত্যয়রপে রূপাদি বিষয় এবং অধিপতি-প্রত্যয়রপে চক্ষ্ঃপ্রভৃতি ইব্রিয়গুলিকে অপেক্ষা করিয়া সমুৎপন্ন হইরা থাকে। বৌদ্ধসিদ্ধান্তে অতীত ও অনাগত বিষয়েও মানসবিজ্ঞান স্বীকৃত হইরাছে। স্থতরাং, ঐ মানসবিজ্ঞান অতীত বা অনাগত রূপাদি আলম্বনপ্রত্যয় হইবে এবং মন হইবে অধিপতিপ্রত্যয়। এক্ষণে যদি অতীত বা অনাগত ধর্ম্মের অস্তিত্ব অস্বীকার করা যায়, তাহা হইলে কথিত মানসবিজ্ঞানের উপপত্তি হয় না। কারণ, প্রথমতঃ উহা নিরালম্বন হয় না। কারণ, প্রথমতঃ উহা

১। "রূপমনিতামতীতানাগতন্ কঃ 'পুনর্কাদঃ প্রত্যুৎপন্নতা। এবংদ্পী দ্রুতবানার্থা-শ্রাবকোংতীতে রূপেংনপেকো ভবতি। অনাগতং রূপং নাভিন্দতি। প্রত্যুৎপন্নতা রূপতা নির্কেদে বিরাগায় নিরোধায় প্রতিপন্নো ভবতি"। (সংযুক্তাগম ৬, ১৪) কোণস্থান ৫,

মতে অতীতবিজ্ঞানকেই মন বলা হইরাছে'। স্থতরাং, অতীতবিজ্ঞানাত্মক
মন অসং হওয়ার মানসবিজ্ঞান অধিপতিরহিত অর্থাৎ নিরাশ্রয় হইয়া পড়ে।
বিজ্ঞান কথনও নিরাশ্রয় হয় না। "মানসবিজ্ঞানং সালম্বনং বিজ্ঞানতাৎ, চাক্ষ্মবিজ্ঞানবং" এই অনুমান এবং "মানসবিজ্ঞানং সাধিপতি বিজ্ঞানতাৎ, চাক্ষ্মবিজ্ঞানবং", এই অনুমানের দ্বারা যথাক্রমে মানসবিজ্ঞানের সালম্বনত্ব এবং সাধিপতিত্ব প্রমাণিত আছে। উক্তপ্রকারে প্রমাণিত যে সালম্বনত্ব ও গাধিপতিত্ব তাহা অনুপপন্ন হইয়া পড়ে যদি অতীত এবং অনাগত অধ্বায় ধর্মের অন্তিত্ব অধ্বায় করা হয়'। স্থতরাং, বর্ত্তমান অধ্বার তায় অতীত এবং অনাগত অধ্বাত্ত ওধর্মের অন্তিত্ব অধ্বাত্ত ওধর্মের অন্তিত্ব অধ্বাত্ত ওধর্মের অন্তিত্ব অব্ধাই স্বীকার করিতে হইবে।

প্রদর্শিত যুক্তিতে সকল ধর্ম্মেরই যদি ত্রৈকালিক অন্তিম্ব প্রমাণিত হয়, তাহা হইলে ফলতঃ ধর্মমাত্রই নিত্য বা শাশ্বত হইয়া গেল এবং রাগাদি আম্রবের প্রহাণ সম্ভব হইল না। বাহা সন্তাখ্য এবং শাশ্বত তাহাকে জ্বীব কথনই পরিহার করিতে পারিবে না। এই ভাবে রাগাদি আম্রবের পরিহার অসম্ভব হইলে প্রতিসংখ্যানিরোধ নিক্ষল হইয়া যাইবে এবং কাহারপ্র আর নির্বাণ লাভ করা সম্ভব হইবে লা।

ইহার উত্তরে বৈভাষিকপক্ষ অবলম্বন করিয়া ভদস্ত ধর্ম্মত্রাত বলিয়াছেন —

১। "ষয়ামনস্তরাতীতং বিজ্ঞানং যদ্ধি তথানঃ। যঠা শ্রমপ্রসিদ্ধার্থং ধাতবোইটাদশ স্থতাঃ।" কোণস্থান ১, কা ১৭। "ষয়ামিতি নির্দ্ধারণে ষঠা। তেষামের মধ্যে নানাদিতার্থং। অনস্তরগ্রহণং অক্তবিজ্ঞানবাবহিতনিব্তার্থন্। যদ্ধি যক্তানস্তরমক্তবিজ্ঞানাব্যবহিতং তত্তু তক্ত আশ্রয়ঃ। ব্যবহিতং তু ন তক্তাশ্রয়ঃ। তেষাক্রমক্তবিজ্ঞানাব্যবহিতং তত্তু তক্ত আশ্রয়ঃ। ব্যবহিতং তু ন তক্তাশ্রয়ঃ। তেষাক্রতগ্রহণং প্রত্যুৎপন্ননিরাদার্থন্, মনোবিজ্ঞানং হি আশ্রয়ি তক্তামবস্থারাং প্রত্যুৎপন্নন্, অতন্তনতীত্মিয়তে। তদেব চৈতত্ত্বতে ষষ্ঠাশ্রম্প্রসিদ্ধার্থমিতি।" ঐ, ক্টার্থী।

২। "ততো বিজ্ঞাননের ন স্যানালম্বনাভাবাং"।

উপলক্ষিম্বভাবত্বাং চকুর্বিজ্ঞানবং। বিস্তমানম্বলক্ষণং শুভাশুভ্যমতীতং কর্ম বিপক্তিকাল
উৎপাল্যমানফলত্বাং বর্ত্তমানধর্মবং। কোশস্থান ৫, কা ২৫, স্ফুটার্থা। তত্র যদি অতীতানাগতং
ন স্যাৎ, অভ্যাহাসম্মতো, ভবিশ্বতি শখ্চক্রবর্ত্তী ইতি অতীতাল্লাতয়ো বিজ্ঞানং নিরালম্বনমের
স্যাৎ। তত্তক বিজ্ঞানমের ন স্যাৎ আলম্বনাভাবাং।" ত্রুসংগ্রহ, ৫০৫ পৃঃ।

৩। ঐতিহাসিকগণের মতে ইনি খুষ্টায় ১ম শৃতকের লোক। ডাঃ বিনয়তোষ ভটাচাত্র
কৃত তত্ত্বসংগ্রহের 'মুখবন্ধ', পৃঃ, LVI।

না, আমরা ধর্মের ত্রৈকালিক অন্তিম স্বীকার করিলেও ধর্ম্মাত্রকেই যে নিত্য বা শাখত বলিয়া স্বীকার করিয়াছি, তাহা নহে। সংস্কৃতধর্মের নিত্যতা আমরা স্বীকার করি নাই। ঐগুলিকে আমরা অনিত্য বলিয়াই স্বীকার করিয়াছি এবং "রূপমনিত্যমতীতমনাগতং কঃ পুনর্মাদঃ প্রত্যুৎপদ্মশু" ইত্যাদি স্ত্রবাক্যের ঘারাও সংস্কৃতধর্মগুলিকে অনিত্যই বলা হইয়াছে। যাহার উৎপাদ ও বিনাশ আছে, তাহাকেই সংস্কৃতধর্ম বলা হইয়াছে। আতি, জরা এবং মরণই ধর্মের সংস্কৃতত্ব, অর্থাৎ জাতি, জরা ও মরণ সংস্কৃতধর্মের লক্ষণ। কেবল ত্রিকালে অস্তিম্ব থাকিলেই যে ধর্ম শাখত বা নিত্য হয়, তাহা নহে; পরন্ধ, সং হইয়া যদি সংস্কাররহিত অর্থাৎ জাতি, জরা ও মরণ রহিত হয়, তাহা হইলে উহা শাখত বা নিত্য হইবে'। স্কৃতরাং, ত্রেকালিক সত্তা থাকিলেও রাগাদিরূপ সাম্রব সংস্কৃতধর্মের দর্শন ও ভাবনা মার্গের সাহায্যে পরিহাণ সম্ভব এবং রাগাদি প্রহাণের দ্বারা আর্য্যপুদ্গেলের নির্ম্বাণপ্রাপ্তিও সম্ভব:ইইবে।

ভাবাদ্যথাত্ববাদ

ভদন্ত ধর্মক্রাত সংস্কৃতধর্ম সম্বন্ধে এই প্রকার অভিমত পোষণ করিতেন যে, সংস্কৃতধর্মগুলি ত্রিকালসং হইলেও উহারা একটী ভাব পরিত্যাগ করিয়া ভাষান্তর গ্রহণ করে, অর্থাৎ উহাদের ভাবের অন্তথাত্ব হয় ; কিন্তু দ্রব্যাংশের কোনও পরিবর্ত্তিন হর না। দ্রব্যাংশ কালত্ররে যথাবৎ অপরিবর্ত্তিতই থাকে। অবস্থাই সামগ্রীর ফল, দ্রব্যাংশ সামগ্রীর ফল নহেও। এই মতে "ভাষ" কথাটির দ্বারা আকৃতি এবং রূপাদি গুণবিশেষ কথিত হইয়াছে । মূলীভূত দ্রব্যাংশ

শংস্কৃতলক্ষণযোগাদিতি"। যত্রাৎ সংস্কৃতলক্ষণানি জাত্যাদীনি সংস্কারাণামর্থসক্ষারা
প্রবর্ততে। অতত্তেমামশাখতত্বং প্রতিক্রায়তে। কোশস্থান ৫, কা ২৫, ফুটার্থা।

<mark>২। "ভাৰাত্যণাবাদী</mark> ভদন্তধৰ্মত্ৰাতঃ"। পঞ্জিকা, পৃঃ ৫০৪।

ও। ভাষাক্তথারং ভ্রতীতি। অতীতানাগতপ্রত্যুৎপন্নস্ত ভাষ্যাক্তথারং ভ্রতীতার্থঃ। ন দ্রব্যাক্তথাত্ম্। ন দ্ধপাদি স্বলক্ষণস্তাক্তথাত্মিতার্থঃ।" কোশস্থান ৫, কা ২৬, ক্ষুটার্থা। "অবস্থাক্ষনং সামগ্রাং ন দ্রবাফলমিতি সিদ্ধান্তঃ"। কোশস্থান ৫, কা ২৪, ক্ষুটার্থা।

৪। "কঃ পুনর্ভাবস্তেনেষ্টঃ ? গুণবিশেষঃ যতো২তীতান্তভিধানজানপ্রবৃত্তিঃ"। পঞ্জিকা, পু, ৫০৪।

অভিন হইলেও এই ভাবের পরিবর্তনেই উহাতে বিভিন্ন আকারে জ্ঞান এবং ্ৰী বিভিন্ন সংজ্ঞা প্ৰবৰ্ত্তিত হইরা থাকে। কোনও নৃতন আকৃতি বা গুণের আবিৰ্ভাব **इंडेल** क्रेनारक छेरभन्न धनः छेशत जित्ताजात्वर क्रांक विनष्टे न्या रहेगा থাকে। এই ভাবান্তরের আবির্ভাব বা তিরোভাব ছাড়া দ্রব্যাংশের বস্তুতঃ কোনও উৎপাদ বা বিনাশ হয় না। স্থবর্ণ হইতে যে বলয়, কুণ্ডল, কেয়ুর প্রভৃতি নানাবিধ অলঙ্কার প্রস্তুত হইয়া থাকে, ইহা আমরা সর্ব্রদাই দেখিতে পাই। ইহাতে স্থবর্ণের যে পূর্শ্ববর্ত্তী পিণ্ডাক্লতি, তাহা তিরোহিত হইয়া যায় এবং নৃতন আকার গ্রহণ করিলে ঐ স্থবর্ণকেই আমরা বনম অথবা কুণ্ডল বলিয়া বৃদ্ধি এবং ঐ ঐ নামে ঐগুলির ব্যবহার করি। উহাতে স্মবর্ণরূপ দ্রব্যাংশ, পিণ্ডাকারেও যাহা ছিল, বলর ও কুণ্ডলাদি আকারেও তাহাই যথাবং থাকে; কেবল আকারেরই পরিবর্ত্তন হইতে দেখা যায়। এই আক্ততির পরিবর্ত্তনেই একটী নূতন বলয় বা কুণ্ডল হইল বলিয়া আমরা মনে করি এবং অপরের নিকট ঐসকল নামে উহাদিগকে বলিয়া থাকি। দ্রগ্ধ হইতে যে দ্বাধ উৎপন্ন হয়, ইহা আমনা দেখি। ইহাতে পুর্নের হ্রপ্পের যে রস ছিল, তাহা তিরোহিত হইয়া যায় এবং অন্ত নবীন রসের আবির্ভাব হয়। এইরূপ হইলেও মূলীভূত যে উপাদানদ্রব্য, তাহা ত্রগ্ধ ও দুধি উভয়ত্ত একই থাকে। তথ্যকে দধি করিতে হইলে আমরা তথ্যের উপাদান ছাড়া অন্ত কোনও উপাদান সংগ্রহ করি না। কেবল আস্বাদাদি পরিবর্ত্তনের নিমিত উহাতে অয়দ্রব্যের সংযোগ করি। স্থতরাং, স্বাদাদির বৈষম্য থাকিলেও হুগ্ধ ও দ্ধিস্থলে উপাদানীভূত মূল দ্রব্যাংশের কোনও বৈষম্য থাকে না। অতএব, এই সকল দৃষ্টান্তের দারা ইহাই আমরা ব্রিতে পারিলাম যে, সংস্কৃতধর্মগুলির দ্রব্যাংশ, অর্থাৎ ধাতু, ত্রিকালনৎ এবং উহাদের বিভিন্ন ভাবগুলির প্রতিনিয়ত পরিবর্ত্তন হইতেছে। ঐ ভাবপরিবর্ত্তনের ফলেই ঐগুলিকে আমরা উৎপন্ন, বিনষ্ট বা অনাগত বলিয়া মনে করি ও সেই সেই নামের দ্বারা ব্যবহার করি। এই মতটী ভদন্ত ধর্মত্রাত কর্ত্ত্ব উপদিষ্ট হইয়াছিল। ইহা সাংখ্যের পরিণামবাদের প্রায় অনুরূপ বলিয়াই মনে হয়'। কিন্তু, ধর্মত্রাত পরিণামবাদী হইলেও সাংখ্যসম্মত প্রধানাদি পদার্থে আস্থাবান্ নহেন। বৈভাষিকসন্মত ত্রেধাতুক পদার্থেই ইনি বিশ্বাসী।

১। "সাংখ্যপক্ষে নিক্ষেপ্তবা "ইতি। কোশস্থান ৫, কা ২৬. স্ফুটার্থায় উদ্ধ ত বহুবন্ধুকৃত্ত ভাষাংশ।

তবে সংস্কৃতধর্ম্বের উৎপাদবিনাশাদির ব্যাখ্যাতে ইনি সাংখ্যসম্মত পরিণামবাদের আশ্রয় লইয়াছেন ৰলিয়া কেহ কেহ মনে করেন।

লক্ষণান্তথাত্বাদ

ভদস্ত ঘোষকও সংস্কৃতধর্মের ত্রিকালান্তিত্ব স্বীকার করেন। যদিও আকাশ ও প্রতিসংখ্যানিরোধাদি শাশ্বত ধর্ম্মেরও ত্রিকালান্তিত্ব সংস্কৃতধর্মের স্থায় সমানভাবেই আছে ইহা সত্য, তথাপি অন্তদিকে উক্ত উভয়বিধ ধর্মের বৈলক্ষণ্য আছে। কারণ, সংস্কৃতধর্মের লক্ষণাংশে অন্তথাভাব হয়; আকাশাদি অসংস্কৃতধর্মের ত'হাও হয় না । এই লক্ষণান্তথাত্ব যে সকল ধর্মের আছে তাহারা সংস্কৃত এবং উহা যাহাদের (অর্থাৎ যে সকল পদার্থের) নাই সেগুলি অসংস্কৃত বা নিত্য।

লক্ষণাগ্রথাত্ববাদিগণের অভিপ্রার এই যে, সংস্কৃতধর্মের যে জ্বাতি (অর্থাৎ জ্বন্ম), জরা ও মরণাদি লক্ষণগুলি, তাহার সবগুলিই সর্বন্দা নিজ্ব নিজ্ব লক্ষ্যে বিছ্যমান থাকে। অর্থাৎ, একটা স্থবর্ণময় কুগুল যথন জন্মিল, তথনই উহা উহার জরা ও মরণরূপ অপর লক্ষণগুলিকে সঙ্গে লইয়াই জন্মিল; জরা বা মরণকে পরিহার করিয়া উহা জন্মে না। এই সহাবস্থিত লক্ষণগুলির মধ্যে যথন যে লক্ষণটীর সমুদাচার হয়, অর্থাৎ য়থন যে লক্ষণটী আবির্ভূত হয়, তথন সেই লক্ষণাত্মারে আমরা সংস্কৃতধর্মপ্রতিকে উৎপন্ন, জরাগ্রস্ত বা বিনম্ভ বলিয়া মনে করি। কুগুলকে যথন আমরা উৎপন্ন বলিয়া মনে করি, তথনও ঐ কুগুলে জরা ও মরণ আছে; কিন্তু, জাতিরূপ লক্ষণটীই লব্ধবৃত্তিক অর্থাৎ আবির্ভূত, জরা বা মরণরূপ লক্ষণগুলি লব্ধবৃত্তিক নহে। এই লব্ধবৃত্তিক লক্ষণাত্মসারেই কুগুলকে জ্বাত বলিয়া মনে করা হয়। আবার যথন মরণরূপ লক্ষণটী লব্ধবৃত্তিক হইবে, তথন জাতিরূপ লক্ষণটী থাকিলেও, আমরা আর জ্বাত বলিয়া মনে করিব না; পরস্তু, মৃত বলিয়াই মনে করিব?।

>। ঐতিহাসিকগণের মতে ইনি শ্বন্ধীয় ২য় শতকের লোক। তত্ত্বসংগ্রহ, মুংবন্ধ,

২। লক্ষণান্তথাত্বাদী ভদন্তঘোষকঃ। পঞ্জিকা, পৃঃ ৫০৪।

ও। লক্ষণান্তথিকস্য লক্ষণবৃত্তিলাভাপেকো ব্যবহারঃ। কোশস্থান ৫, কা ২৬, ক্টার্গা।
"ধর্মোহধ্বন্ প্রবর্ত্তনানাহতীতোহতীতলক্ষণবৃত্তঃ আগতপ্রত্যুৎপন্নলক্ষণাভ্যামবিযুক্তঃ"।
ঐ, বন্ধবন্ধুকৃত ভাষ্য।

এইরপে সংস্কৃতধর্মে অতীতত্ব, বর্ত্তমানত্ব ও অনাগতত্ব এই তিনটা লক্ষণ যুগপৎ বিভ্যমান হইলেও, কালবিশেষে লক্ষণবিশেষের বৃত্তিলাভ বা সমুদাচার অমুসারেই কথনও উহা অতীতত্ব ধর্ম্মের দারা পরিজ্ঞাত ও "অতীত" নামের দারা কথিত হইবে। অতীতত্ব লক্ষণের সমুদাচার অবহার উক্ত ধর্ম্মে অনাগতত্ব ও বর্ত্তমানত্বরূপ লক্ষণদ্বর বিভ্যমান থাকিলেও, উহাদের সমুদাচার না থাকার উক্ত দশার ধর্ম্মটী বর্ত্তমান বা অনাগতরূপে পরিজ্ঞাত বা তক্তৎ নামের দারা ব্যবহৃত হইবে না।

ভদন্ত ধর্মত্রাতের মতে স্থবর্ণপিগুলি সংস্কৃতধর্মে পূর্বের যে কুগুলাদি আকারটা ছিল না, তাহা কুগুলাদি স্থবর্ণময় বস্তুতে নৃতন করিয়া প্রবৃত্তিত হইল এবং ছুর্মে পূর্বের যে রসটা ছিল না তাহা ছগ্মবিকার দ্বিতে নৃতনভাবে আসিল। এই রূপে দ্রবাংশের অপরিবর্ত্তনে ও প্রকারাংশের, অর্থাৎ আকার বা গুণের, অক্তথাভাবেই (অর্থাৎ উৎপাদ-বিনাশেই) ঐ মতের পরম তাৎপর্য্য বৃক্তিতে হইবে। উক্ত মত হইতে ভদন্ত ঘোষকের মতে বিশেষ এই যে, এই মতে দ্রব্যাংশের স্থান্ন তদীয় ভাবাংশেরও অন্থণাভাব, অর্থাৎ নৃতন করিয়া সৃষ্টি বা বিনাশ, হর না। ত্রৈকালিক সন্তাতে ভাইপ্তলিও তাহাদের আশ্রমীভূত দ্রব্যাংশের সহিত সমান। পরস্ক, ত্রিকালমৎ যে সংস্কৃতলক্ষণগুলি, তাহাদের সমুদাচারের কাদাচিংকত্ববশতঃ সংস্কৃতধর্মগুলি বিভিন্নকালে বিভিন্নভাবে পরিজ্ঞাত ও বিভিন্ন নামের নারা ব্যবহৃত হইয়া থাকেও। "প্রাপ্তি" নামক যে চিত্তরিপ্রযুক্ত ধর্ম, বৈভাবিকশান্ত্রান্ত্রদারে তাহাই প্রথমক্ষণে "সমন্বাগ্রম" ও পরবর্ত্তী ক্ষণে "সমুদাচার" হইবে। যথাস্থানে আমরা "প্রাপ্তি" পদার্থ টীর বিষয়ে আলোচনা করিব।

অক্তথাক্তথিকত্বাদ

বৃদ্দেবে অন্তথান্তথিকত্ববাদী । ইনিও সংস্কৃতধর্মের ত্রিকালাস্তিত্ব স্বীকার করেন। ইনি বলিতে চাহিয়াছেন যে, ষেমন একই স্ত্রীলোক কোনও লোককে অপেক্ষা করিয়া পত্নী, লোকবিশেষকে অপেক্ষা করিয়া মাতা এবং তৃতীয়

শ্বধা পুরুষ: একস্তাং প্রিয়াং রক্তঃ শেবাস্ববিরক্ত এবমনাগতপ্রত্যুৎপত্নাবিপি বাচ্চো।
 শশু হতীতাদিলক্ষণবৃত্তিলাভাপেক্ষো ব্যবহার ইতি পূর্বকাট্টেদং"। পঞ্জিকা, পৃঃ ৫০৪।

২। ঐতিহাসিকগণের মতে ইনি খুষ্টায় ২য় শতকের লোক। তত্ত্বসংগ্রহ, মুথবন্ধ, পৃঃ LVIII।

কোন ব্যক্তিকে অপেকা করিয়া ছহিতা নামে ব্যবহৃত হইয়া থাকেন ; তেমন একই ধর্ম বিভিন্ন ধর্মকে অপেক্ষা করিয়া অতীত, বর্ত্তমান ও অনাগতরূপে ব্যবহৃত হইর। থাকে। বিভিন্ন ব্যবহারের নিমিত্তগুলি পৃথক্ পৃথক্ হইলেও অতীতত্বাদিপ্রকারে ব্যবহার্য্য ধর্মটী পৃথক্ পৃথক্ নহে'। একই ধর্ম, ভাব বা লক্ষণাংশের কোথাও প্রকারান্তরতা-প্রাপ্ত না হইরাই, আপেক্ষিক কারণের, অর্থাৎ অপেকা-কারণের, বিভিন্নতাবশতঃ অতীত্ত্ব, অনাগতত্ব ও বর্ত্তমানত্ব-প্রকারে ব্যবহারের বিষর হয়। আমরা বে ঘটটাকে আজ্ব বর্ত্তমান বলিতেছি তাহাকেই পূর্ব্বে আমরা অনাগত বলিতাম এবং পরে অতীত বলিব। স্কুতরাং, দেখা বাইতেছে বে, একই তর্ত্তকে আমরা কালভেদে বর্তুমানম্বাদিপ্রকারে ব্যবহার করি। সেই তন্ত্রটী যদি সর্বকালীন না হইত, তাহা হইলে তাহাকে আমরা অন্ত বর্ত্তমান, অতীতে অনাগত এবং অনাগতে অতীত বলিরা বুঝিতাম না। বখন আমরা কোনও একটা ধর্ম সম্বন্ধে ইহামনে করি যে, তাহার পূর্ববর্ত্তী অনেকানেক বস্তু আছে বা ছিল, তথন আমরা তাহাকে অনাগত বলি। সেই বস্তুটীকেই সাধার আমরা অতীত বলি, যথন তাহার উত্তরকালে অনেক কিছু আছে বা ছিল বলিরা মনে করি। আবার, সেই বস্তুটীকেই আমরা বর্ত্তমান বলি, যখন আমর। ইহা মনে করি যে তাহার পূর্ব্বেও অনেক কিছু ছিল বা আছে এবং তাহার পরেও অনেক কিছু আছে বা থাকিবে। এইভাবে বস্তুগুলি সবই ত্রিকালসং। কেবল পূর্কোক্ত আপেক্ষিকতাবশতঃ বর্ত্তমানস্বাদি ব্যবহার হয়; বস্তুর ভেদবশতঃ নহে?॥

অবস্থান্তথাত্বাদ

ভদস্ত বস্থমিত্র অবস্থান্তথাত্ববাদ প্রচার করেন। ইনিও সংস্কৃতগর্ম্বের ত্রিকালসত্তা স্বীকার করেন । পূর্ব্বপ্রদর্শিত বুদ্ধদেবের মতের ন্যার এই মতেও

>। ধর্মোংধ্বত্ব বর্ত্তমানঃ পূর্বাপরমপেক্ষ্যান্তোন্ত উচ্চতে। যথৈকা দ্রী মাতা চোচাতে তুহিতা চেতি"। পঞ্জিকা, পৃঃ ৫০৪।

২। "অন্ত পূর্ব্বাপরাপেক্ষো ব্যবহারঃ, যশু পূর্ব্বমেবান্তি নাপরঃ সোহনাগতঃ, যদ্য পূর্ব্বমন্তি অপরঞ্চ দ বর্ত্তমানঃ, যদ্যাপরমেব ন পূর্ব্বং দোহতীতঃ"। পঞ্জিকা, পৃঃ ৫০৪।

ও । ঐতিহাসিকগণের মতানুসারে ইনি খৃষ্টায় প্রথম শতকের লোক । তত্ত্বসংগ্রহ, মুথবন্ধ,
 পৃ: LV । "অবস্থান্তথান্ববাদী ভদন্তবন্ধমিত্রঃ" । পঞ্জিকা, পৃঃ ৫৫৪ ।

ধর্ম্মের ভাব বা লক্ষণাংশের কোনও পরিবর্ত্তন স্বীকৃত হয় নাই। ধর্ম্মের দ্রব্যাংশে, ভাবাংশে বা লক্ষণাংশে কোনও প্রকারাস্তরতাই ইনি স্বীকার করেন নাই। কারিত্র-অংশের তারতম্যেই সংস্কৃতধর্ম্মের বর্ত্তমানত্বাদি প্রত্যয় ও ব্যবহার হয় বলিয়া ইনি মনে করিতেন । যেমন কতকগুলি গুলিকা বাম হইতে দক্ষিণে তাহাদের অবস্থানদেশের তারতম্যে কেহ এককাঙ্কে পড়ে কেহ বা শতকাঙ্কে পড়ে; এবং এখন যাহা শতকাঙ্কে আছে তাহাকে স্থানচ্যুত করিয়া এককাঙ্কের স্থানে এবং এককান্ধকে তাহার স্থানে স্থাপন করিলেই দেখা যায় যে, দ্রব্য, ভাব বা লক্ষণাংশের কোনও পরিবর্ত্তন ব্যতিরেকেই পূর্ব্বে বাহা শতকাঙ্কে পড়িয়াছিল এক্ষণে তাহাই আবার এককাঙ্কে এবং যাহা এককাঙ্কে ছিল তাহাই শতকাঙ্কে পড়িরাছে ; তেমন সংস্কৃতধর্মগুলিও এফণে যাহা বর্ত্তমান অতীত বা অনাগত. কারিত্রের তারতম্যে তাহাই অনাগত, বর্ত্তমান বা অতীত হইয়া পড়ে। ইহাতে দ্রব্যাংশের, ভাবাংশের বা লক্ষণাংশের কোনও তারতম্যই আবশ্যক হয় না। স্কুতরাং, ধর্মগুলি দ্রব্যাংশের ভাষাংশের বা লক্ষণাংশের তারতম্য ব্যতিরেকেই কালত্ররে সত্তাবান্। একটী সংস্কৃতধর্ম্ম, যেমন চক্ষ্রিক্রিয়, তাহা যখন নিজ কারিত্রের সহিত যুক্ত থাকে, ত্রখন আমরা তাহাকে বর্ত্তমান বলি। ঐ চক্ষুরিন্দ্রিরটীই যথন আবার নিজ কারিত্র পরিত্যাগ করিবে, তথন আমরা তাহাকেই অতীত বলিব এবং পূর্বে বখন উহা অপ্রাপ্তকারিত্র ছিল, তথন উহাকেই আমরা অনাগত বলিতাম'। বদি অনাগত বা অতীত ধর্ম অসং হইত, তাহা হইলে আমাদের অনাগতত্বাদি ব্যবহারের কোনও বিষরই থাকিত না; ঐ ব্যবহার শশশূঙ্গের ব্যবহারের সহিত সমান হইরা বাইত। কিন্তু, অতীতত্বাদির ব্যবহারকে আমরা ভ্রান্ত বা অসৎসম্পর্কী মনে করি না। স্কুত্রাং, প্রত্যেক সংস্কৃত্ধর্মই ত্রিকালসং। কারিত্রের যোগারোগেই উহাতে আমাদের বর্ত্তমানত্ব অনাগত্ব, ও অতীত্থাদিরূপে বিভিন্ন ব্যবহার হইয়া থাকে।

১। "কারিত্রেণ বিভাগোইয়য়ধ্বনাং যৎ প্রকলতে"। তবদংগ্রহ, কা ১৭৯১। "তৃতীয়ঃ শোভনোইধ্বানঃ কারিত্রেণ ব্যবস্থিতাঃ"। কোশস্থান ৫, কা ২৬।

২। "কারিত্রেংবস্থিতো ভাবো বর্ত্তমানস্ততঃ প্রচুতোংতীতস্তদপ্রাপ্তোংনাগত ইতি"। প্রস্লিকা, পৃঃ ৫০৪।

অবস্থানই অসম্ভব হইরা পড়িত। যাহা স্বরং অন্তের দ্বারা আরুত হয় না, এই মাত্রকে অনাবরণ বলিলেও এইরূপ অনাবরণত্ব অবকাশস্বভাবত্বের সাধক হইবে না। কারণ, অন্ধকারে উহা অবকাশস্বভাবত্বের ব্যভিচারী হইরা যাইবে। অর্থাৎ, অন্ধকার নিজে অন্তের দ্বারা আরুত হয় না; স্কতরাং, পূর্ব্ধপ্রদর্শিত অনাবরণত্ব উহাতে আছে; অর্থচ, অবকাশস্বভাবত্ব উহাতে নাই। অন্ধকার যে অবকাশস্বভাব নহে ইহা অনারাসেই ব্রা যায়। অন্ধকারকে অবকাশস্বভাব বলিলে অন্ধকারশৃত্ত স্থানে অবকাশ না থাকায় বস্তুর অবস্থান সন্তব হইবে না; অর্থচ, অন্ধকাররহিত যে আলোকিত স্থান, তাহাতেও ঘটপটাদি বস্তুর অবস্থান দেখা যায়। স্কুতরাং, অন্ধকার কথনই অবকাশস্ব গ্রাব হইতে পারে না।

বিদি আপত্তি করা যায় — "অস্থানাবরকত্বে সতি অস্থানাবৃত্ত্ব" রূপ অনাবরণ্ত্বটী যে আকাশে প্রসিদ্ধ আছে, তাহা কিপ্রকারে ব্যা যাইবে ? আকাশে উহা পূর্ব্ধ হইতে প্রসিদ্ধ না হইলে ঐ লিঙ্গে পক্ষধর্মতা-নিশ্চয় সম্ভব হইবে না। আর, তাহা না হইলে, ঐ লিঙ্গের দ্বারা আকাশের অবকাশদান-স্বভাবতারও অনুমান করা যাইবে না। স্মৃতরাং, ইহা কিরূপে বলা যাইতে পারে যে, পূর্ব্ব-প্রদর্শিত অনাবরণাত্মকত্ব-রূপ লিঙ্গের দ্বারা আকাশের অবকাশস্বভাবত প্রমাণিত হইয়া যায় ?

তাহা হইলেও উত্তরে আমরা বলিতে পারি যে, আকাশ যে অনাবরণাত্মক, তাহা প্রসিদ্ধই আছে। কারণ, যাঁহারা আকাশনামক দ্রব্যান্তর স্বীকার করিয়াছেন তাঁহারা সকলেই উহাকে অনাবরণস্বভাবও বলিয়াছেন। স্নতরাং, আকাশের অনাবরণাত্মকতা অপ্রসিদ্ধ নহে।

বাঁহারা আকাশ নামক দ্রব্যান্তর স্বীকার করেন না, তাঁহাদের নিকট অবশু 'অনাবরণত্ব' লিঙ্গের দারা আকাশের অবকাশস্বভাবতাও প্রমাণিত করা যাইবে না। কারণ, পক্ষ ও লিঙ্গ এই হুইকেই তাঁহারা অপ্রসিদ্ধ বলিবেন। অনুমান কথনই অপ্রসিদ্ধপক্ষক বা অপ্রসিদ্ধলিঙ্গক হুইতে পাঁরে না।

এইরূপ হইলেও আমরা সকলকেই আকাশ মানিতে বাধ্য করিতে পারিব, যদি তাঁহারা যুক্তির প্রামাণ্য স্বীকার করেন এবং তত্ত্বাভিলাধী হন। ইহা আমরা সর্ব্বদাই প্রত্যক্ষ করিয়া থাকি বে, আকারযুক্ত ঘটপটাদি যে কোনও বস্তু যথন নিজ দেশে অবস্থান করে, তথন ঐ দেশটা অপর কোনও সাকার বস্তুর দারা আক্রাস্ত থাকে না। এই অভিজ্ঞতার দ্বারা ইহাই প্রমাণিত হইরা যার যে, সাকার বস্তর দেশাবস্থানে ফাঁক অত্যাবশ্রক। এই যে অপেক্ষিত ফাঁক নামক ধর্মটী, লোকে সাধারণতঃ ইহাকে শুলু বা অভাব বলিয়াই মনে করে। কিন্তু, ইহা অভাবাত্মক হংতে পারে না। কারণ, অভাব অনুপাথ্য বলিয়া উহা কোনও কার্য্যেরই সহায়ক হইতে পারে না। কোনও প্রকারের সামর্থ্যই নাই ; অথচ, কার্য্যবিশেষে সহায়তা করে — ইহা পরস্পর বিক্ষম উক্তি। যদিও গ্রারাদিমতে অভাব সম্বস্তু, তথাপি উক্ত দাঁক অভাবাত্মক হুইতে পারে না। কারণ, অভাব সপ্রতিযোগিক পদার্থ, কিন্তু, ফাঁককে কেহুই সপ্রতিযোগিক বলিয়া মনে করেন না। তাহা ছাড়া ফাঁককে যাঁহারা অভাবাত্মক ধর্ম মনে করিয়া সপ্রতিযোগিক বলিবেন, তাঁহাদিগকে জিজ্ঞাসা করা যাইতে পারে যে, ঘটপটাদি বিভিন্ন সাকার বস্তুর স্থানদাতা যে ফাঁক নামক অভাব, তাহা এক অথবা ভিন্ন ভিন্ন। যদি এক হয়, তাহা হইলে ঐ ফাঁক নামক অভাবের বিভূষ স্বীকার করিতে হয়। অভএব, ঘটকালেও ঘটাবস্থানদেশে পটের স্থান-দাতা ফাঁক বিভ্যমান থাকিবে। কারণ, বিভুত্ব ও অপস্থতি, ইহারা পরস্পরবিরুদ্ধ ধর্ম। এরপ্র ফ্রাক থাকিলে ঘটকালেই ঘটদেশে পটের থাকিবার উপযোগী যে ফ্লাক, তাহা অবশুই স্বীকার্য্য হইরা পড়ে। কিন্তু, ঐ কালে ঐ দেশে পটের স্থান আছে, ইহা কেহ মনে করেন না।

যদি বলা যার যে, ঐ অবস্থার ঐ স্থানে পটের বসিবার উপযোগী ফাঁক নামক অভাবটী থাকিলেও, পটের অবস্থানের বিরোধী যে পটাতিরিক্ত দাকার বস্তু, তাহা অবস্থিত থাকার পট থাকিবে না; তাহা হইলেও উত্তরে আমরা বলিব যে, পূর্ব্বপক্ষীর উক্তি সমীচীন হয় নাই। কারণ, তিনি পটাতিরিক্ত যে কোনও সাকার বস্তুর স্থানবিশেষে অবস্থানকে সেইস্থানে পটের অবস্থানের বিরোধী বলিয়াছেন; কিন্তু, কি অবস্থা ঘটাইয়া বিরোধ করে, তাহা তিনি বলেন নাই। যেমন কর্তৃপ্রভৃতি কারকগুলি কোনও না কোনও ব্যাপার করিয়াই নিজ নিজ কার্য্য সম্পাদন করে, তেমন যাহা বিরোধ করিবে তাহাও, কোনও না কোনও ব্যাপার সম্পাদন করের, তেমন যাহা বিরোধ করিবে তাহাও, কোনও না কোনও ব্যাপার সম্পাদন করিয়াই উহা করিবে; অন্তথা বিরোধীই হইবে না। ব্যাপারাতিরিক্ত বস্তুমাত্রই ব্যাপারসম্পাদনের দারা আমুক্ল্য বা প্রাতিক্ল্য করিয়া থাকে। ঘটাদি ধর্ম যদি স্থাক্রান্ত দেশে স্থাতিরিক্ত সাকার

এই চারিটা মতের মধ্যে চতুর্থ মতটাকে, (ঐ মতটা অভিধর্মকোশে তৃতীর বলিরা পরিগৃহীত হইরাছে) অর্থাং ভদস্ত বস্ত্মিত্রের মতটাকে, আচার্য্য বস্তবন্ধ্ অস্ত মত হইতে কথঞ্জিং সমীচীন বলিরাছেন। ধর্মজ্ঞাত, ঘোষক ও বৃদ্ধদেবের মতগুলির বিশেষ কোনও মর্য্যাদা তিনি দেন নাই।

প্রথম মতে দোব এই বে, উহা ফলতঃ সাংখ্যের পরিণামবাদই হইয়া গিয়াছে। স্থতরাং, সাংখ্যমতে যে দোব আছে এ মতেও সেই দোবই থাকিবে। স্থবণিপপ্ত তাহার পিপ্তাকার পরিত্যাগ করে এবং কুণ্ডনাদিরূপ অন্ত নাকার গ্রহণ করে — এই বাহা দৃষ্টাস্তরূপে বলা হইয়াছে, তাহাতে অবশ্রুই প্রশ্ন হইরে যে, পূর্ব্বাকার-পরিত্যাগ ও অন্তাকার-গ্রহণ কি ক্রমিক ঘটে অথবা যুগপং হইয়া থাকে? যদি বলা বার বে উহা ক্রমিক হয়, তাহা হইলে দ্রব্যাংশেরও পূর্ব্ববর্ত্ত্ত্বী আকাররূপ ভাবাংশের তার তিরোধান স্বীকার করিতেই হইবে। কারণ, দ্রব্য স্বভাব পরিত্যাগ করিয়া থাকিতে পারে না। পূর্ব্ববর্ত্ত্বী আকারের নাশ এবং আকারান্তরের উৎপত্তি, এই উভয় সমকালীন হইলেও পূর্ববন্ত্রী আকারের নাশবশতঃ দ্রব্যাংশের নাশ হইবেই। পূর্ববর্ত্ত্বী আকারের অপরিত্যাগে আকারান্তরের আবির্ভাব স্বীকার করিলে, উভয় আকারে দ্রব্যটার প্রত্যক্ষের আপত্তি হইবে। যে ন্ময়ে স্থবর্ণে কুণ্ডনাকারটী আমরা দেখিতে পাই, তথন আমরা উহাতে পূর্বের পিণ্ডাকার দেখিতে পাই না।

কিন্তু, উপরিক্থিত খণ্ডনকে আমরা সমীচীন বলিয়া মনে করিতে পারিতেছি
না। কারণ, ক্রমিক একই দ্রব্যে ভাবদ্বরের উৎপত্তি হইতে কোনও বাধা নাই।
খ্যারমতে উৎপত্তিক্ষণাবচ্ছেদে জন্মন্তব্যে গুণ বা ক্রিরা অস্বীকৃত হইলেও
ক্র ক্ষণে জন্মন্তব্যের নত্তা অস্বীকৃত হয় নাই, এবং স্থলবিশেষে দ্রব্যাংশের অবিনাশেও পাকের দ্বারা পূর্বরূপাদির নাশ ও অন্যরূপাদির উৎপত্তি স্বীকৃত
হইরাছে। এইরূপে দ্রব্যাংশের বিনাশ ব্যতিরেকেও তাহাতে পূর্ববর্তী আকারের
নাশ ও আকারান্তরের উৎপত্তি হইতে পারে।

বাস্তবিকপক্ষে, সাংখ্যমতে স্থবর্ণমর কুণ্ডলাদি স্থলে যাহা স্থবর্ণের পিণ্ডাবস্থায় ছিল না এমন কোনও অভিনব আকার লইরা কুণ্ডলের উৎপত্তি স্বীকৃত হয় নাই। পরস্কু, স্থবর্ণের পিণ্ডাবস্থায়ও কুণ্ডলটি নিজ আকার লইয়াই উহাতে স্ক্রাবস্থায় বিশ্বমান ছিল; স্ক্র্মতার জন্ম পিণ্ডাবস্থায় কুণ্ডলাকার দৃষ্টিগোচর হর নাই। অনস্তর ঐ কুণ্ডলাকার যথন স্থলতা প্রাপ্ত হইলা আবির্ভূত হইল অর্থাৎ, উহার সন্মতাদোষ অপস্থত হইল, তথনই উহা আমাদের দর্শনযোগ্য হইল। এক একটী দ্রব্যের যুগপৎ অসংখ্য আকার থাকিলেও একটী আকারের স্থলতা হইলে অপরাপর আকারগুলি বিজ্ঞমান থাকিয়াই সন্মতা প্রাপ্ত হয়। স্থতরাং, অনস্ত আকার থাকিলেও একটী দ্রব্যে যুগপৎ নানা আকার দৃষ্টিগোচর হয় না। কিন্তু, একই দ্রব্যে যে যুগপৎ নানা আকার থাকে, তাহা যুক্তির দ্বারা বুঝিতে পারা যায়।

ভদস্ত ধর্মত্রাতের মতে স্থবর্ণময় কুণ্ডলাদির স্থলে পিণ্ডাকারের বিনাশ এবং অভিনব আকারান্তরের উৎপত্তি স্বীকৃত হইরাছে। স্থতরাং, স্থবর্ণপিও ও স্থবর্ণময় কুণ্ডল ইহাদের দ্রব্যাংশের একত্ব স্বীকৃত হইলেও ভাবাংশে একত্ব না থাকায় এই মতটী আদে সাংখ্যমতের অনুক্রপই হয় নাই। অতএব, সাংখ্যমতের দোষ এই মতে প্রযুক্ত হইবে না বলিয়াই আমাদের মনে হয়।

যশোমিত্র, কমলশীল প্রভৃতি ব্যাখ্যাতৃগণ ভদস্ত ধর্মতাতের মতে নিমলিখিত ভাবে আপত্তি তুলিয়াছেন। পূর্ব্বেক্ত স্থবর্ণমর কুণ্ডলের নৃষ্টান্ত অবলম্বনে ধর্মত্রাত বলিয়াছেন যে, যেমন স্থবর্ণমর কুণ্ডলম্বলে স্থবর্ণরূপ দ্রবাংশের অন্যথাভাব না হইলেও পূর্ব্ববর্তী পিণ্ডাকারের পরিহার ও অভিনব কুণ্ডলাকারের আবির্ভাব হয়, তেমন দ্রব্যাংশের অন্যথাভাব ব্যতিরেকে সংস্কৃতধর্মগুলি তাহাদের অনাগতভাব পরিহার করিয়া অভিনব বর্ত্তমান ভাব গ্রহণ করে। ইহাতে জিজ্ঞাসা এই যে, এই পরিবর্ত্তন কি পূর্ব্ব স্থভাবের, অর্থাৎ অধ্বার, পরিত্যাগে হয়, অথবা অপরিত্যাগে হয় ? যদি বলা যায় যে — পূর্ব্ব স্থভাবের, অর্থাৎ অনাগতত্ব-অধ্বার, পরিত্যাগে বর্ত্তমানত্ব-অধ্বার গ্রহণ হয়, তাহা হইলে দোষ এই য়ে, দ্রব্যাংশের ত্রিকালান্তির থাকিল না। কারণ, অনাগতত্ব-অধ্বার পরিত্যাগের উৎপত্তিক্ষণে তাহাতে বর্ত্তমানত্বাদি অপর অধ্বাগুলিও থাকিল না। অধ্ববিন্দি জ্বভাবের, অর্থাৎ অনাগতত্ব-অধ্বার, অপরিত্যাগেই উহা বর্ত্তমানত্বাদি অধ্বান্তর গ্রহণ করে, তাহা হইলে অধ্বাণ্ডলির সাক্ষর্য্য ঘটিয়া গেল। কারণ, অনাগতত্ব-অধ্বাণ্ডলির সাক্ষর্য্য ঘটিয়া গেল। কারণ, অনাগতত্ব-অধ্বাণ্ডাকিতে থাকিতেই দ্রব্যে আবার বর্ত্তমানত্বরূপ অধ্বান্তর আদিয়া উপস্থিত হইল'।

>। "পূর্ব্যস্থাবাপরিতাাগেন বা পরিণামো ভবেৎ, পরিত্যাগেন বা। যন্তপরিত্যাগেন তদাহধ্বসন্ধর্যপ্রসঙ্গঃ। অথ পরিত্যাগেন ভদা সদাভিত্ববিরোধঃ।" প্রিকা, গৃঃ ৫০৫ ।

কিন্ত, আমরা খণ্ডনের প্রণালীটা সমর্থন করিতে পারিতেছি না। কারণ, পূর্ববর্তী যে অনাগতম্বভাব তাহার পরিত্যাগ এবং বর্ত্তমানস্বব্দভাবের আবির্ভাব এই তুইই সংস্কৃতধর্মে যুগপং হইতে পারে। স্কৃতরাং, পরিত্যাগকালেই অধ্বত্তির গৃহীত হওরার এক্ষণে আর সংস্কৃতধর্মগুলি অধ্ববিনির্মুক্ত অবস্থার থাকিল না। আরও কথা এই যে, রূপ ও রসাদি স্বভাবের পরিত্যাগেও যে পৃথিব্যাদি দ্রব্যগুলি সং থাকিতে পারে, তাহা স্থারমতে উৎপত্তিকালাবচ্ছেদে স্বীকৃতই আছে। স্কৃতরাং, স্বভাবিবিশেবের পরিত্যাগেও দ্রব্যাংশের সন্তাতে কোনও বাধা নাই। অতথ্রব, স্বভাবের পরিহার হইলে দ্রব্যাংশও পরিহাতই হইরা যাইবে, ইহা ভদস্ত ধর্মত্রাত্তকে বৃথান যাইবে নাঁ।

দিতীয় কোটি, অর্থাৎ পূর্ব্ববর্ত্তী স্বভাবের পরিত্যাগ না করিরাই সংস্কৃত-ধর্মাগুলি অন্ত স্বভাব গ্রহণ করে, এই পক্ষ ধর্মাত্রাত স্বীকারই করেন না। স্কৃতরাং, দ্বিতীয় কোটির আশ্রয় লইলে অধ্বসাদ্ধগ্য হইরা যার, এই প্রকার স্বকপোলকল্পিত দোবের উদ্ভাবনে ভদন্ত ধর্মাত্রাতকে পরাব্বিত করা সম্ভব হইবে না।

লক্ষণান্তথাত্ববাদের খণ্ডন করিতে গিরা কমলশীল বলিরাছেন যে, এই মতে অতীতত্ব, বর্তুমানত্ব ও অনাগতত্ব এই অধ্বরূপ লক্ষণগুলির সান্ধর্য হইরা পড়ে। কারণ, তিনি অনাগত থাকিতে থাকিতেই সংস্কৃতধর্মে বর্তুমানত্বাদি অন্ত অধ্বাণ্ডলির সমাবেশ স্বীকার করিরাছেন। স্কৃত্রাং, একই সংস্কৃতধর্মে মুগপৎ সকল অধ্বাণ্ডলি থাকার উহাদের সাম্বর্য্য হইল'।

এই আপত্তির বিরুদ্ধে স্বমত স্থাপন করিতে গিরা ভদস্ত ঘোষক বলিয়াছেন বে, সংস্কৃতধর্মে অন্বাণ্ডলির যে সান্ধর্য্য, অর্থাৎ মুগপৎ অবস্থিতি, আছে, তাহা ত ঠিকই। তাহা হুইলেও একই সংস্কৃতধর্মে যুগপৎ অধ্বত্ররের প্রতীতি বা ব্যবহার হুইবে না। বর্ত্তমানত্ব-অধ্বার সমুদাচারকালে অনাগতত্ব প্রভৃতি অপর অধ্বাণ্ডলি কেবল সমন্বাগতই আছে। উহারা সমুদাচারে, অর্থাৎ লব্ধাবস্থায়, নাই। সমুদাচার অবস্থা লইন্নাই লক্ষণগুলির প্রতীতি বা ব্যবহার হুইয়া থাকে ।

এই প্রকারে ভদন্ত ঘোষক স্বমতের সমর্থন করিরাছেন বটে, কিন্তু তাহা সমীচীন হয় নাই। কারণ, উহা বৈভাষিক সিদ্ধান্তের বিরুদ্ধ হইয়া গিয়াছে।

 ^{। &}quot;चिठायम्गाणि वाकित्नारमः मक्कत এव, मर्ववमा मर्ववक्कनरयागार।" পঞ্জিকা, পৃঃ ৫০৫ ।

২। অসা হতীতাদিলকণ্ৰভিলাভাপেকো ৰ্যবহার ইতি পূর্বকাছেদঃ। ঐ, পৃ: ৫০৪।

বৈভাষিকমতে অপর একটা ধর্ম সহস্কেই অন্ত একটা ধর্মের, প্রাপ্তি, অর্থাৎ সমুদাচার (লাভ) বা সমন্বাগম স্বীকৃত হইরাছে। ধর্ম-ধর্ম্মীর অভেদস্থলে প্রাপ্তি স্বীকৃত হয় নাই। পুরুষ রাগপ্রাপ্ত হইতে পারে; কারণ, রাগাদি ক্রেশ পুরুষ হইতে পৃথক্ বস্তু। ঘট কথনই কাঠিন্যস্বভাবের দ্বারা প্রাপ্ত বা সমন্বাগত হইতে পারে না। কারণ, কাঠিন্যস্বভাবটা ঘট হইতে পৃথক্ বস্তু নহে। অনাগতথাদি স্বভাবগুলি আপন আপন ধর্ম্মী হইতে পৃথক্ না হওয়ায় সংস্কৃতধর্মের পক্ষে উক্ত লক্ষণ বা স্বভাব সম্বন্ধে প্রাপ্তি অর্থাৎ সমুদাচার বা সমন্বাগমের কথা উঠে না'। আর সংস্কৃতপদার্থের মধ্যে বাহা বাহা সন্থাথ্য, অর্থাৎ প্রাণিস্কিনী ধর্মা, ইন্দ্রিরাদি বা রাগাদি ক্রেশ, তাহাদেরই প্রাপ্তি বা অপ্রাপ্তি বৈভাষিক্ষান্তে স্বীকৃত হইয়াছে; অসন্থাথ্য সংস্কৃতধর্মের প্রাপ্তি বা অপ্রাপ্তি নিধিদ্ধ হইয়াছে'। ঘটটী কথনও লব্ধ বা সমন্বাগত হয় না এবং ঘট অপর কোন ধর্ম্বও লাভ করিতে পারে না। অপ্রাণী লব্ধা হয় না। অতএব, অনাগতথাদি অধ্বাগুলির সমুদাচার বা সমন্বাগমের দ্বারা কথিত অধ্বনান্ধর্ম্বের পরিহার সম্ভব হয় না।

অন্তথান্তথিকত্ববাদের, অর্থাৎ বৃদ্ধদেবদেশিত মতের, থণ্ডনপ্রসঙ্গে উক্ত গ্রন্থকারগণ বলিয়াছেন যে, ঐ মতেও অধ্বাণ্ডলির দান্ধর্যী গুনিবার হইয়া পড়ে। কারণ, তিনি বলিয়াছেন যে, পূর্ববর্তী যে বর্ত্তমান বা অতীত বস্তু, তাহাকে অবলম্বন করিয়া ধর্ম্মে অনাগতত্বের প্রতীতি ও ব্যবহার হয়, উত্তরবর্তী যে বর্ত্তমান বা অনাগত বস্তু, তাহাকে অবলম্বন করিয়া অতীতত্বের প্রতীতি বা ব্যবহার হয় এবং উত্তরবর্তী অনাগত ও পূর্ববর্তী অতীত বস্তুকে অবলম্বন করিয়া ধর্মে বর্ত্তমানত্বের ব্যবহার হয়। এইরূপ হইলে প্রথমতঃ দোষ এই য়ে, অনাগত বস্তুতেও বর্ত্তমানত্বের প্রতীতি বা ব্যবহার হইবে। কারণ, অনাগত অধ্বার প্রথমক্ষণস্থ যে বস্তুটী, তাহার উত্তরকালবর্তী অপর একটী অনাগত বস্তু এবং তাহার পূর্ববর্ত্তী অপর একটী ব্যবহার হিত্তমান বৃদ্ধবর্ত্তী অপর একটী অনাগত বস্তু এবং তাহার পূর্ববর্ত্তী অপর একটী ব্যবহার বিত্তমান বৃস্তুকে অবশ্রুই আমরা গ্রহণ করিতে পারি। স্কুতরাং,

১। পুরুষত্থান্তরভূতরাগসমূলাচারাদ্ রক্ত উচাতেংবিরক্তণ্চ সমন্বাগমমাত্রেণ। ন তু ধর্মসা লক্ষণসমূলাচারে। লক্ষণসমন্বাগমো বা প্রান্তিলক্ষণোইন্ডি, অন্তত্তপ্রসঙ্গালক্ষণস্য প্রান্তি-বদিতি ন সামাং দৃষ্টান্তস্য দাষ্ট্রান্তিকেন। পঞ্জিকা, পৃঃ ৫০৫।

২। "ন হি অসন্ত্ৰসংখ্যাতৈঃ কশিত সময়াগম ইতি। কোশস্থান ২, কা ৩৬, স্ফুটাৰ্থাতে উন্ত ভাগা।

উত্তর্বতী অনাগত এবং পূর্ববতী বর্তমান এই হুইটার অপেক্ষায় অনাগত বস্ততেও ক্ষণবিশেষ-অবচ্ছেদে বর্ত্তমানত্বের আপত্তি হইবেই। দ্বিতীয়তঃ, স্মতীত বস্তুতেও বর্ত্তমানত্বের আপত্তি হইবে। কারণ, প্রথম অতীত শশটী গ্রহণ করিলে আমর। দেখিতে পাই যে, এ কণের পূর্ববর্তী অতীত এবং উহার উত্তরবর্তী বর্তমান বা অনাগত বস্তুত্তর আছে। আর, অতীত বস্তুতে ক্ষণবিশেষ-অবচ্ছেদে অনাগতত্ত্বেরও আপত্তি হইবে। কারণ, ঐ অতীত ক্ষণটার পূর্ব্বকালে আমরা অতীত অন্ত বস্তুর সন্ধান পাই। স্থতরাং, পূর্ব্ববর্ত্তী অতীত বস্তু লইয়া উহাতে অনাগতত্বের আপত্তি ত্রনিবার হইয়া যাইতেছে। অবস্থান্তথাত্ববাদে, অর্থাৎ ভদন্ত বস্ক্রমিত্রের মৃতে, এত শহজ ভাবে অদ্ধনান্ধর্য্যের আপত্তি হইবে না। কারণ, তিনি কারিত্রের দারা অনাগতত্বাদি অধ্বাগুলির ব্যবস্থা করিয়াছেন। যাহা অপ্রাপ্ত-কারিত্র তাহা অনাগত, যাহা কারিত্রযুক্ত তাহা বর্ত্তমান এবং যাহা পরিছত-কারিত্র তাহা অতীত। অনাগত অধ্বার পূর্ববীমা না থাকায় যদিও উহা অনাদিপ্রসারিত, তথাপি তদস্তর্ব্বর্ত্তী এমন একটী ক্ষণও পাওয়া যাইবে না যাহাতে কারিত্তের যোগ আছে। অতএব, অনাগত অধ্বার অবস্থিত বস্তুতে বর্ত্তমানত্বের আপত্তি হইবে না এবং কারিত্রের যোগ না থাকার উহার ক্ষণগুলিতে কারিত্রের পরিহারও থাকিবে না। <mark>স্কুতরাং, উহাতে অতীতত্বের আ</mark>পত্তিও হইবে না। অতীত অধার উত্তর্গীমা <mark>না</mark> থাকায় যদিও ঐ অক্ষার প্রসার অনস্ত, তথাপি অতীত বস্তুতে বর্ত্তমানত্বের বা অনাগতত্বের আপত্তি হইবে না। কারণ, ঐ অনাদি ক্ষণগুলির মধ্যে এমন একটী ক্ষণও নাই, যাহাতে কারিত্রের যোগ বা অপ্রাপ্তি আছে। স্থতরাং এই অবস্থান্তথাত্বাদে অন্তৰ্গান্ধৰ্য্য হইবে না।

সংস্কৃতধর্মগুলি সমান ভাবে ত্রিকালসং হইলেও বস্থুমিত্র যে কারিত্রের
দারা তাহাতে অনাগতত্বাদি ব্যবহার ও প্রতীতির ব্যবস্থা করিয়াছেন, ইহাতে
অবশুই জিজ্ঞাসা হইবে যে, ব্যবস্থাপক কারিত্রটী কি, অর্থাৎ বস্থুমিত্র
কাহাকে কারিত্র নামে অভিহিত করিতেছেন ? যদি বলা যায় যে, সেই সেই
সংস্কৃতধর্মসমূহের আপন আপন কাজগুলিই তাহাদের কারিত্র । চক্ষ্রিক্রিয়-

১। "কিং পুনরত্র কারিত্রম্ ? যদি দর্শনাদিলক্ষণো ব্যাপারঃ যথা পঞ্চানাং চক্ষুরাদীনাং দর্শনাদিকম্, যতশ্চক্ষ্ণ পগুতি গ্রোত্রং শৃণোতি দ্রাণং জিন্নতি জ্বিস্বা স্বাদয়তীত্যাদি বিজ্ঞানস্যাপি বিজ্ঞান্ত্রিং বিজ্ঞানাতীতি কৃষা রূপাদীনামিন্সিয়গোচরত্বম্।" পঞ্জিকা, পৃঃ ৫০৬।

ন্দণ সংস্কৃতধর্মের আপন কাজ হইতেছে দেখা। অতএব, এই যে দেখা বা দর্শন,
ইহাই হইবে চক্ষ্রিভ্রিয়ের কারিত্র। এই প্রণালীতেই অপরাপর ধর্মাগুলিরও
কারিত্র ব্রিয়া লইতে হইবে। এই কারিত্রের যোগেই বস্তুতে বর্তমানছের,
ইহার বিরোগেই অতীতত্বের এবং ইহার অপ্রাপ্তিতেই অনাগতছের প্রতীতি ও
ব্যবহার হইবে।

তাহা হইলেও পূর্ব্বপক্ষী বনিতেছেন যে, প্রদর্শিত কারিত্রের দ্বারা অধ্বার প্রতীতি ও ব্যবহার বথাবথভাবে উপপন্ন হয় না। কারণ, তৎ-সভাগ, অর্থাৎ যাহা বিগুমান থাকিয়াও আপন কাজ করিতেছে না এমন যে চক্ষুরিন্দ্রিয়, তাহাতে বর্ত্তমানত্বের ব্যবহার ও প্রতীতি অনুপপন্ন হইয়া যাইবে। কারণ, বর্ত্তমানত্বের ব্যবহার ও প্রতীতির নিয়ামক দর্শনরূপ কারিত্রের যোগ ঐ তৎ-সভাগ চক্ষুরিন্দ্রিয়ে নাই; অগচ কারিত্রের অযোগেও উহাতে বর্ত্তমানত্বের প্রতীতি ও ব্যবহার হইতেছে।

ইহার উত্তরে অবস্থান্তথাত্ববাদী অবশুই বলিতে পারেন — না, আমার মতে উক্ত দোম হর না। তৎ-সভাগ চক্ষ্ রিন্দ্রিয়টীতে যদিও দর্শনরূপ কারিত্রের যোগ নাই ইহা সতা, তথাপি উহা সামান্ততঃ কারিত্রশ্ন্ত নহে। কারণ, উহা তৎকালেও নিশুলকল বা পুরুষকারফল প্রদান, অর্থাৎ আক্ষেপ, করিতেছে এবং উক্ত ফলের প্রতি সভাগহেতুরূপে অবস্থান করিয়া উক্ত নিশুলকলের প্রতিগ্রহও করিতেছে। এই যে ফলদান বা ফলপ্রতিগ্রহ, অর্থাৎ ফলাক্ষেপ বা হেতুরূপে অবস্থান', ইহাই কারিত্র। ধর্মগুলি এই কারিত্রের যোগে বর্ত্তমান, বিয়োগে অতীত এবং অপ্রাপ্তিতে অনাগত হইবে। প্রদর্শিত চক্ষ্ রিন্দ্রিয়ে উক্ত কারিত্রের যোগ থাকার উহাতে বর্ত্তমানত্বের ব্যবহার বা প্রতীতির কোনও অনুপ্রপত্তি নাই।

এখন অবগ্রাই আপত্তি হইবে যে, ফলদান বা ফলপ্রতিগ্রহকে কারিত্র বলিলে এবং কারিত্রের দারা অধ্বব্যবস্থা স্বীকার করিলে পূর্ব্ব পূর্ব্ব মতের স্থায় এই

১। "সভাগন্তংসভাগো>পি শেষো যো ন স্বকর্মকুং।" যো ন স্বকর্মকুং স তংসভাগ ইতি সম্বন্ধনীয়ম্। কোশস্থান ১, কা ৩৯ ও স্কুটার্থা।

[॰] २। "জননাৎ প্রযক্ত হেতুভাবেনাবস্থানাৎ মুহাৎ চক্র্বর্তমানমূচাতে"। পঞ্জিকা, পৃঃ ৫০৬

মতেও অধ্বৰান্কৰ্য্য আসিয়া উপস্থিত <mark>হইবে। কা</mark>রণ, বৈভাষিক্মতৈ অতীত সভাগহেতুতে বা অতীত বিপাকহেতুতে ফ্ল্লান স্বীকৃত হইয়াছে।

ইহার উত্তরে আমরা অবগ্রহ বলিতে পারি যে, ফলদানরূপ কারিত্রের দারা অধ্বয়বস্থা নহে; পরস্ক, ফলপ্রতিগ্রহরূপ কারিত্রের দারাই অধ্বয়বস্থা করা হইরাছে। ফলপ্রতিগ্রহ বলিতে ফলের আক্ষেপকে ব্রুগর। এক্ষণে অতীত সভাগহেতু বা বিপাকহেতুতে বর্তুমানরের আপত্তি, অর্থাৎ অতিব্যাপ্তি, হইবে না। কারণ, ঐ হেতুগুলি বর্ত্তমান অবস্থার নিজ্ঞ নিজ্ঞ কলের আক্ষেপ করে। আফিপ্ত, অর্থাৎ উৎপন্ন, ঐ ফলগুলি ব্যবহিত থাকে। অতীত অবস্থার উপনীত সভাগ বা বিপাকহেতুগুলি বর্থাসমরে ঐ প্রের্বাৎপন্ন ফলগুলি প্রদানমাত্রই করে'। স্বত্তরাৎ, ফলাক্ষেপরূপ কারিত্র অতীত দশার না থাকার এক্ষণে আর অতীত হেতুতে বর্ত্তমানত্ব-অধ্বার আপত্তি হইবে না। ফলাক্ষেপের যোগ বর্ত্তমানত্বের, ফলাক্ষেপের পরিহার অতীতত্বের এবং ফলাক্ষেপের অপ্রাপ্তি অনাগতত্বের নিয়ামক হইবে।

আচার্য্য সভ্যভদ্র বলিয়াছেন যে, ফলাফেপকশক্তিই এই স্থলে কারিত্র পদের হারা বিবন্ধিত হইয়াছে; ফলজনন, অর্থাৎ ফলোৎপাদায়ুক্ল ব্যাপার, নহে। ফলাফেপকশক্তি বর্ত্তমানকালেই থাকে, অতীতকালে বা অনাগতকালে উহা থাকে না। একবার যাহাতে ঐ শক্তির সম্ভাবনা আছে, তাহা অতীতকালে বা অনাগতকালে থাকিয়াও আপন ফল উৎপাদন করিতে পারে। সর্ব্বদাই ফলোৎপত্তিকালে উক্ত শক্তির উপস্থিতি আবশ্রুক নহে। এই মতে অতীত অবস্থায়ও সভাগাদিহেতুর দারা ফলের উৎপত্তি স্বীকৃত হইয়াছে। পূর্ব্বোক্ত মতের স্থায় এই মতে, কোন কোন সভাগহেতু বা বিপাকহেতু বিস্থমান অবস্থায় ব্যবধানে ফলোৎপাদন করিয়া অতীত অবস্থায় ফলপ্রদান করে, ইহা স্বীকৃত হর নাই। পরস্ক, এই মতে উহায়াও অতীত অবস্থায়ই ফলোৎপাদন এবং ফলপ্রদান করে বলিয়া মনে করা হইয়াছে। সকল মতেই কিন্তু ফলাফেপক-শক্তিটি সর্ব্বত্রই বিস্থমান দশায় স্বীকৃত হইয়াছে। এই ফলাফেপক-শক্তিটি সর্ব্বত্রই বিস্থমান দশায় স্বীকৃত হইয়াছে। এই ফলাফেপক-শক্তিটি সর্ব্বত্রই বিস্থমান দশায় স্বীকৃত হইয়াছে। এই ফলাফেপক-শক্তির যোগে বর্ত্তমানত্ব, বিরোগে অতীতত্ব এবং অপ্রাপ্তিতে অনাগতত্বের প্রতীতি ও ব্যবহার

১। "বর্ত্তমানাঃ ফলং পঞ্চ গৃহস্তি। ইত্যবধারণম্। প্রতিগৃহস্তীতি। আদিপিতি হেতৃতাবেন অবতিষ্ঠিত ইত্যর্থঃ।.....উৎপাল্পমানাবস্থায়ামেব ফলং নিবর্ত্ত্যতে নাক্সমা। কেবলত্ত ব্যবহিতং তৎফলমিত্যবগত্তবাদ্।" কোশস্থান ২, কা ৫৯, স্ফুটার্থা।

হইবে। অনাগত বা অতীত ধর্ম্মে উক্ত শক্তির যোগ না থাকায়, একণে আর ০ পুর্বোক্ত অধ্যসান্ধর্য্যের আপত্তি হইবে না।

আচার্য্য বস্ত্রবন্ধ্য সংস্কৃতধর্মের ত্রিকালাস্তিত্ব স্বীকার করেন না। তিনি পূর্ব্বোক্ত বস্ত্রমিত্রের মত থণ্ডন করিতে গিয়া বলিয়াছেন যে, সংস্কৃতধর্মের ত্রিকালাস্তিত্ব স্বীকার করিয়াও বস্ত্রমিত্র ইহা কিরপে বলিতে পারিলেন যে, ত্রিকালসং হইলেও সংস্কৃতধর্মগুলি সর্বাধা নিজ নিজ কারিত্র করে না, কদাচিৎই উহা করিয়া থাকে? হেতু বা সমনন্তরাদি অস্তান্ত প্রত্যায়ের অসমবধানবশতঃ কারিত্র না করা সন্তব; কিন্তু, প্রত্যায়াস্তরের বিকলতা বা অসমবধান বস্ত্রমিত্রের মতে অসম্ভব। কারণ, তিনি ঐ সকল ধর্মের প্রত্যেকতঃ ত্রিকালাস্তিত্ব স্বীকার করিয়াছেন। সকল পদার্থ ই যদি ত্রিকালসং হয়, তাহা হইলে একটা পদার্থ অপর পদার্থের দ্বারা অসমবহিত হইতে পারে না। স্কৃতরাং, কারিত্রের কাদাচিৎকত্বের দ্বারা অন্বব্যবহা নিতান্তই অসমীচীন। ধর্মমাত্রই ত্রিকালসং হইলে প্রত্যেক ধর্মেই সর্বাধা কারিত্রের বোগ অবশ্বস্তাবী হইয়া পড়ে।

আরও কণা এই যে, পূর্ব্বোক্ত ব্যাখ্যানুসারে কারিত্রের স্বরূপ যাহাই হউক না কেন, তাহাতেই এই আপতি হইবে যে, অব্বব্যবস্থা করিতে গিয়া কারিত্রের যোগ, কারিত্রের পরিহার এবং কারিত্রের অপ্রাপ্তির কথা বলা হইয়াছে। ইহাতে কলতঃ কারিত্রকে বর্ত্তমান, অতীত এবং অনাগতই বলা হইয়াছে। ঐ স্থলে অবশ্যই জিজ্ঞাসা হইবে যে, কারিত্রের অব্বব্যবস্থা কিরূপে উপপন্ন হইবে? উত্তরে যদি কারিত্রের কারিত্রান্তর স্বীকার করা হয়, তাহা হইলে অনবস্থা হইবে।

যদি বলা যার — কারিত্রে বর্ত্তমানথাদির প্রতীতি ও ব্যবহার কারিত্রের স্বরূপসত্তার দারাই হইবে; অর্থাৎ, স্বরূপসত্তার যোগে কারিত্রে বর্ত্তমানস্বের প্রতীতি
ও ব্যবহার, স্বরূপসত্তার অপ্রাপ্তিতে উহাতে অনাগতত্বের প্রতীতি ও ব্যবহার এবং
স্বরূপসত্তার পরিহারে উহাতে অতীতত্বের প্রতীতি ও ব্যবহার হইবে; আর
অপরাপর সংস্কৃতধর্মে কারিত্রের দারা বর্ত্তমানঘাদি অধ্বার প্রতীতি ও ব্যবহার
হইবে। ইহার প্রতিবাদে আচার্য্য বস্থবন্ধু বলিবেন যে, পূর্ব্বোক্ত সমাধান
অসক্ষত। কারিত্রে অধ্বার প্রতীতি ও ব্যবহারের নিমিন্ত যখন উহাতে স্বরূপসত্তা
স্বীকৃতই হইল, তখন অপরাপর সংস্কৃতধর্মেও পৃথক্ পৃথক্ স্বরূপসত্তা
স্বীর্বাই তাহাদের দারা অধ্বার প্রতীতি ও ব্যবহার উপপন্ধ হইতে পারে এবং

বৈভাষিক দৰ্শন

সমাধানই সমীচীন হইবে। বিনাশ, উৎপাদ ও প্রাগভাবের দারা ইমান স্কর্মসন্তাতে অধ্বর্যবহার উপপাদিত হইবে; অর্থাৎ বিনাশপ্রতিযোগিত্বের দারা বরূপসতাতে অতীতত্বের প্রতীতি ও ব্যবহার, উৎপত্তি অর্থাৎ প্রথমক্ষণসম্বন্ধের দারা উহাতে বর্ত্তমানত্বের প্রতীতি ও ব্যবহার এবং প্রাগভাবপ্রতিযোগিত্বের দারা উহাতে অনাগতত্বের প্রতীতি ও ব্যবহার ব্যবহাপিত হইবে। এই প্রণালীতেই যথন অধ্বার প্রতীতি ও ব্যবহারের সকল সমস্তার সমাধান হইরা যায়, তথন কারিত্রের দারা সংস্কৃতধর্মে অধ্বব্যবহা করিতে গিয়া নানা জটিলতার সম্মুখীন হওরা অসমীচীন।

যদি বলা যার যে — প্রদশিত প্রণালীতে স্বরূপসন্তার দারা সংস্কৃতধর্মে প্রধানীত স্বরূপসন্তার দারা সংস্কৃতধর্মে প্রধানীত করিতে গেলে, উহা সরল হয় ইহা সত্য ; কিন্তু, তাহা করা সম্ভব নহে। কারণ, উহাতে সংস্কৃতধর্মগুলির ত্রিকালাস্তিত্ব-সিদ্ধান্ত ব্যাহত ইইবে। কারণ, প্রতীত ও অনাগত কালে ধর্মের স্বরূপসন্তার বিনাশ এবং প্রাগভাব কথিত হইরাছে। যে যে কালে যাহাতে স্বরূপসন্তা থাকিবে না সেই সেই কালে তাহা প্রস্তি, অর্থাৎ সৎ, হইতে পারে না ; অগচ, সংস্কৃতধর্মগুলিরও ত্রিকালাস্তিত্ব-স্বীকার করা যে আবঞ্চক, তাহা পূর্বের যুক্তির দারা এবং স্ত্তের সাশায্যে ব্যাখ্যাত ইইরাছে।

ইহার উত্তরে প্রতিবন্দী উপস্থাপন করিয়া (অর্থাৎ বিপরীতভাবে) বলা যার বে, সংস্কৃতধর্মগুলির ত্রিকালান্তির স্বীকার করিয়া কারিত্রের দ্বারা উহাদের যে অধ্বনিরম ব্যবস্থাপিত হইয়াছে, তাহাও নানাপ্রকার অসামঞ্জপ্তে পরিপূর্ণ। কারণ, প্রথমতঃ জিজ্ঞাসা হইতে পারে যে, কারিত্রগুলি সংস্কৃতধর্ম হইতে ভিন্ন বা অভিন্ন ? যদি উহাদিগকে ভিন্ন বলা হয়, তাহা হইলে বৈভাষিক সিদ্ধান্ত ব্যাহত হইবে। কারণ, স্কন্ধ বা ধাতুর বাহিরে কোনও সংস্কৃত পদার্থ বৈভাষিক সিদ্ধান্তে গৃহীত হয় নাই; অথচ, ত্রিকালান্তিম্ববাদীরা কারিত্র নামক একটা পৃথক্পদার্থ স্বীকার করিতেছেন। অতএব, এই মতে স্বসিদ্ধান্তবিরোধ হুর্নিবার হইয়া পড়ে। আর, যদি কারিত্রকে সংস্কৃতধর্ম হইতে অভিন্ন বলা যায়, তাহা হইলে ত্রিকালসৎ সংস্কৃতধর্ম্মের কারিত্রের দ্বারা যে অধ্বব্যবস্থা করা হইয়াছে, তাহা সঙ্গত হইবে না। কারণ, সংস্কৃতধর্ম্ম হইতে অভিন্ন হওয়ায় ঐ কারিত্রগুলিও নিজেরা ফলতঃ ত্রিকালসৎই হইয়া গেল। স্কৃতরাং, ত্রিকালসৎ ঐ কারিত্রের বিরোগাদি সম্ভব না

হওদার দ্বারা সংস্কৃতধর্মের অতীতত্বাদি প্রতীতি ও ব্যবহার উপপাদিত হৈইবে নার এবং সর্মাদা কারিত্রের যোগ গাকায় অতীতত্বাদি দশাতেও বর্তমানত্বের প্রতীতি ও ব্যবহারের আপত্তি হইবে। অতএব, দেখা যাইতেছে যে, হয় সংস্কৃতধর্মের ত্রিকালান্তিত্ববাদ পরিহার করিতে হয়, নতুবা অধ্বব্যবস্থা জ্বলাঞ্জলি দিতে হয়। তুইটীকে সমানভাবে রক্ষা করা বায় না।

বস্থবন্ধ বলিতে চাহেন যে, ধলি একটার পরিহার অবগুন্তাবীই হয়, তাহা হইলে সর্ব্বসম্মত অন্তার প্রতীতি ও ব্যবহারকে রাখিয়া, যে ত্রিকালাস্তিত্বনাদ অমুত্বসিদ্ধ নহে, তাহা পরিত্যাগই করাই সমীচীন। তাহা হইলে স্বরূপসন্তার দ্বারাই সংস্কৃতধর্মে অন্তার প্রতীতি ও ব্যবস্থা উপপন্ন হইবে; এবং স্বরূপসন্তার নিজের অন্তব্যক্তা প্রাগতাব, উৎপাদ ও বিনাশের দ্বারা হইবে।

বস্থবন্ধুর এই মতটী আপাতমনোরম হইলেও, ইহার খুব বেশী মূল্য আছে বলিয়া আমর। মনে করিতে পারি না। কারণ, তিনি যে অভাব পদার্থ স্বীকার করিয়া স্বরূপসত্তাতে অতীতত্ব ও বর্ত্তমানত্বের ব্যবস্থা করিতে চাহিয়াছেন, তাহা সমীচীন হয় নাই। কারণ, কোনও বৌদ্ধমতেই অভাবের পদার্ঘত্ত বীকৃত হয় নাই। স্থতরাং, ইহা বৌদ্ধশিদ্ধান্তবিক্ষ হইয়া গিয়াছে। আরও জিজ্ঞান্ত এই যে, অন্ধ-ব্যবস্থাপকরূপে যে স্বরূপসত্রাটী স্বীকৃত হইরাছে, উহা কি স্বাশ্রয়ীভূত সংস্কৃতধর্ম हरेट जिन्न ना अजिन ? यपि जिन्न हम, जोहा हरेटन निकास्त्रविद्यांध हरेटन। কারণ, স্বন্ধ বা ধাতু হইতে পৃথক্ কোনও সংস্কৃত পদার্থ বৌদ্ধমতে স্বীকৃত হয় নাই। আর, যদি অভিন্ন হয়, তবে উহার দারা অন্তব্যবস্থা সম্ভব হইবে না। অভেদ থাকিলে ব্যবস্থাপা-ব্যবস্থাপক ভাব দেখা गান্ন না। স্বতরাং, দেখা যাইতেছে ষে, বস্থমিত্রাদির মতের ভায় বস্থবন্ধুর মতও সামঞ্জন্তীন। অতএব, প্রচলিত বৈভাষিকমত বলিয়া আমরা সর্ব্বান্তিত্ববাদেরই আদর করিব। বস্ত্রবন্ধুর মতকে আমরা ঠিক্ ঠিক্ বৈভাষিকমত বলিয়া গ্রহণ করিব না। বস্থবন্ধু যে ষে পদার্থগুলির উল্লেথ করিয়াছেন, সেই সকল পদার্থকে আমরা সর্বান্তিবাদের দিদ্ধান্তানুসারেই বর্ত্তমান গ্রন্থে গ্রহণ করিব; অন্তথা, উহা বৈভাষিক্ষত হঠবে না বলিয়াই আমাদের ধারণা।

এক্ষণে সামরা বিচার করিয়া দেখিব বে, সর্বাস্তিবাদে সংস্কৃতধর্মের প্রতীত্য-সমুৎপাদ সম্ভব হয় কি না ভদন্ত শ্রীলাভ সৌত্রান্তিক বুলিয়াই আমাদের

28. 12.94

বিশ্বাস। কারণ, তিনি সংস্কৃতধর্মের বিনাশ স্বীকার করিয়াছেন। তাঁহার ব্যাখ্যাত্মসারে "প্রতি প্রতি ইত্যানাং বিনাশিনাং ধর্মান্তরেঃ সহ উৎপাদঃ" এই রূপেই প্রতীত্যসমুৎপাদ কথাটীর নির্বাচন হইবে।

সৌত্রান্তিকমতে ধর্মের আগামী বা অতীত কালে সত্তা স্বীক্বত হর নাই।' উৎপত্তির পূর্বকালে যাহা নিতান্তই অসৎ ছিল, এমন বস্তুর যে ভাব, অর্থাৎ ফল-সম্বন্ধ, তাহাই বন্ধর উৎপত্তি।' এই যে ভাব বা উৎপত্তি, ইহা কোগার আশ্রিত ? উত্তরে এইরূপ বলা যায় না যে, ইহা অনাগত ধর্মে সমাশ্রিত। কারণ, সৌত্রান্তিকমতে অনাগত ধর্ম অভাব অর্থাৎ অসদাত্মক; এবং অসৎ কাহারও আশ্রুর হইতে পারে না। যদি বলা যার যে, উহা, অর্থাৎ উৎপত্তি, সৎ বস্তুতেই আশ্রিত, তাহা হইলেও দোষ এই যে, উৎপত্তির দারা যাহা আত্মলাত করিয়াছে তাহাই সং। এই সং বস্তুতে উৎপত্তি আশ্রিত হইলে ফলতঃ উৎপন্ন বস্তুরই প্রনক্ষণতি স্বীকার করা হইল। কারণ, যাহা উৎপত্তির দারা পূর্বের সং হইরাছে ইদানীং তাহার উৎপত্তি হইল। ইহার উত্তরে সৌত্রান্তিকমতের অনুকূলে আমরা বলিতে পারি — না, উৎপত্তির দারা আত্মলাভ করা সৎ হওয়া নহে; পরন্তু, অর্থক্রিয়াকারী হওয়াই ধর্মের পক্ষে সং হওয়া। যাহা অর্থক্রিয়াকারী তাহাই সং। এই অর্থক্রিয়াকারিত্ব ও উৎপত্তি এই উভরের সহিত ধর্মাগুলি একক্ষণেই সম্বন্ধ। স্কৃত্রাং, উৎপত্তি সদস্ততে আশ্রিত হইলেও এক্ষণে আর উৎপন্ধের পুনক্বংপত্তি স্বীকার করিতে হইল না।

এইরপে উৎপত্তি সম্ভব হইলেও সোত্রান্তিকমতে। প্রতীত্যসমুৎপাদ সম্ভব হইল না। কারণ, সমুৎপন্নধর্মের স্বীয় সমুৎপত্তির পূর্ব্বে হেতু বা প্রত্যান্তের সহিত প্রাপ্তি সম্ভব হইল না। উৎপত্তির পূর্ব্বে উহা অসৎ ছিল; এবং অসৎ কোনও হেতু বা প্রত্যয়কে প্রাপ্ত হইতে পারে না। ইহার সমাধানে সোত্রান্তিকমতের স্মান্ত্রক্ আমরা বলিতে পারি যে, হেতু বা প্রত্যারের প্রাপ্তি ও সমুৎপত্তি এই উভয় ক্রিয়ার সমানকালীনত্বপক্ষেই সোত্রান্তিকগণ ধর্মাগুলিকে প্রতীত্যসমূৎপন্ন বলেন; প্রাপ্তির পূর্বকালীনতা লইরা নহে। এককর্জুনিপ্রাভ ক্রিয়াদ্বরের সমানকালীনতা

 ^{া &}quot;উৎপাদক নাম অভূত্বা ভাবলক্ষণঃ। সৌত্রান্তিকনয়েন উৎপত্তি ধর্মাণাং তদানীমেব ভবতীতি"। কোশস্থান ৩, কা ২৮. ফুটার্থা।

২। "ন চামে পূর্বমুৎপাদাৎ কশ্চিদন্তীতি মৌত্রান্তিকমতেন"। ঐ।

৩। "সহভাবেংগি চ নাস্তীভি বিস্তরঃ"। ঐ।

বুরাইতেও "ল্যপ্" প্রত্যন্ত প্রযুক্ত হইরা থাকে। 'মুথব্যাদান ও শরন অর্থাৎ নিদ্রা এই ক্রিয়াদ্বরের সমানকালীনত্ব স্থলেই ''মুখং ব্যাদার শেতে" এইরূপ প্ররোগ হইরা থাকে। স্থতরাং, এক্ষণে ইহা আমরা বেশ বুরিতে পারিলাম যে, সৌত্রান্তিক-মতে প্রতীত্যসমূৎপাদের কোনও অনুপপত্তি নাই। বৈভাষিকমতের বস্থবন্ধ প্রভৃতি নব্যব্যাথ্যাত্গণ ধর্মের অতীত বা অনাগত লতা স্বীকার করেন নাই। অতএব, ইহারাও সৌত্রান্তিক সম্প্রদায়ের যুক্তির আশ্রয়েই নিজ নিজ্ব মতে প্রতীত্যসমূৎপাদের উপপত্তি করিবেন।

প্রাচীন বৈভাষিকমতে সংস্কৃতধর্ম্মেরও ত্রিকালাস্তিত্ব স্বীকার করা হইরাছে। এই মতে উংপত্তির পূর্ব্বেও বস্তুর অন্তিয় থাকায় স্ব স্ব উৎপত্তির পূর্ব্বেও ইহারা হেতু ও প্রত্যানের সহিত প্রাপ্ত হইতে পারে। কিন্তু, এই মতে সংস্কৃতধর্মের উৎপত্তি ব্যাখ্যা করা নিতাস্ত সহজ বা সরল হইবে না। কারণ, বাহা উৎপত্তির পুর্বেও সংই, তাহাতে "অভূত্বা ভাবঃ" রূপ উৎপত্তি সম্ভব হয় না। যদি বলা যায় — কেন ? কেবল বৈভাষিকমতেই যে সংস্কৃতধর্মের ত্রিকালান্তিম্ব স্বীকৃত আছে, তাহা নহে; পরস্কু, সাংখ্যমতেও বস্তুর ত্রিকালসত্তা স্বীকৃত হইয়াছে এবং <u>ঐপ্রকার ত্রিকালসং মহৎ প্রভৃতি বিকারগুলির উৎপাদ-বিনাশও ঐ মতে অস্বীকৃত</u> হয় নাই। অতএব, সাংখ্যমতের গ্রায় এই মতেও সংস্কৃতধর্মের উৎপাদ বা বিনাশ অসম্ভব হইবে না। তাহা হইলেও পূর্মপক্ষী বলিবেন যে, পূর্মে যাহা বলা হইল, উহার দারা তাঁহার প্রশ্নের কোনও সত্ত্তর দেওয়া হয় নাই। সাংখ্যমতের দৃষ্টান্ত উপস্থাপন করিয়াই বৈভাষিকগণ ক্ষান্ত হইয়াছেন ; কিন্তু, তাঁহারা কোনও হেতু উপস্থাপিত করেন নাই। কেবল দৃষ্টান্তের দ্বারা বস্তুসিদ্ধি হয় না। তুল্যযুক্তিতে সাংখ্যমতেও পূর্ব্বপক্ষীর আপত্তি রহিয়াছে। কারণ, পূর্ব্বপক্ষী মনে করেন যে ত্রিকালাস্তিত্বনিবন্ধন সাংখ্যমতেও ধর্ম্মের উৎপত্তি সম্ভব হয় না। ইহার উত্তরে যদি বলা যায় যে, পূর্বে হইতেই যাহা বিভ্যমান তাহারও সময়বিশেষে আবির্ভাব এবং সময়বিশেষে তিরোভাব হয়, ইহা আমরা দেখিতে পাই। এই সাময়িক আবিভাব এবং সামন্ত্রিক তিরোভাবই, ত্রিকালসং ধর্মের উৎপাদ ও বিনাশ। পূর্ব হইতেই বিভাষান গ্রহনক্ষতাদি, মেঘাদি আবর্ণের অপসারণে কখনও আবিভূতি এবং উহার অন্তরালে কদাচিৎ তিরোহিত হয়, ইহা আমাদের অনুভবসিদ্ধ; অথচ, সকল সময়েই সমানভাবে গ্রন্থকজাদির আকাশে

বিশ্বমানতা আমরা স্থীকার করি। স্থতরাং, ত্রিকালসং ইইলেও সংস্কৃতবর্মের উৎপত্তি ও বিনাশ অসন্তব নহে। তাহা ইইলেও আমরা বলিব যে, এই-রূপে উৎপত্তি ও বিনাশের ব্যাখ্যা সঙ্গত নহে। কারণ, ইহার দ্বারা পূর্ব্ব-সিদ্ধ বস্তুর স্বীয় অবস্থার কোনও পরিবর্ত্তন প্রমাণিত হইল না। স্বয়ং যথাবং অপরিবর্ত্তিত থাকিরাই আবরণের অপস্থতিতে আবির্ভূত এবং উহার উপস্থিতিতে তিরোহিত হইল। বৈভাষিকমতে সংস্কৃতধর্মের প্রতিক্রণেই নিজ নিজ অবস্থার পরিবর্ত্তন স্বীকৃত হইয়াছে।

কিন্তু আমাদের মনে হর যে, দ্রব্যরূপ সংস্কৃতধর্মগুলি ত্রিকালসং হইলেও তাহাতে বিভিন্ন কালে বিভিন্ন ক্রিরা হওয়া অসম্ভব নহে এবং ক্রিয়া হইলে বস্তুতে কোনও না কোনও অবস্থার পরিবর্ত্তন আসিবেই। স্কৃতরাং, পূর্ব্বসিদ্ধ বস্তুর যে এক জাতীর নবীন ক্রিয়া, তাহাই তাহার উৎপত্তি এবং তৎকালে সংদ্রব্যেই অস্তু প্রকারের যে ক্রিয়া, তাহা উহার বিনাশ। এই ক্রিয়াগুলির ত্রিকালান্তিত্ব স্থীকারের কোনও আবশুকতা নাই। এই ক্রিয়াগুলির দ্রব্যাংশ-পরিহারে বাহান্তিত্ব নাই। স্কৃতরাং, ক্রিয়াগুলি দ্রব্য হইতে একাস্ততঃ পৃথক্ নহে। যাবদ্দ্রব্য-ভাবিত্ব না থাকার ঐ ক্রিয়াগুলিকে একাস্ততঃ দ্রব্যাত্মকও বলা যাইবে না। স্কৃতরাং, এই ভেদাভেদবাদ অবলম্বন করিয়াই ত্রিকালসং ধর্ম্মের উৎপাদ ও বিনাশ ব্যাখ্যাত হইতে পারে, অস্তুথা নহে। কিন্তু, সৌল্রান্তিক্মতে দ্রব্যে কোনও ক্রিয়া স্বীকার করা বাইবে না। কারণ, বাহা একাস্ততঃ ক্ষণিক, তাহাতে ক্রিয়া হওয়া অসম্ভব। বস্কুবরুর মতেও সৌত্রান্তিক্মতের স্থার্মই প্রতীত্যসমুৎপাদ ব্যাখ্যাত হইবে। কারণ, তিনিও সংস্কৃতধর্মের ত্রিকালান্তিত্ব স্বীকার করেন নাই। একাস্ততঃ-ক্ষণিকতাপক্ষেই তাঁহার স্বর্স আছে ।।

১। "বিজ্ঞত্তিৰ্ন গতিৰ্নাশাৎ সংস্কৃতং ক্ষণিকং যতঃ"। কোশস্থান ৪, কা ২।

দ্বিতীয় পরিচ্ছেদ

অসংস্কৃতধর্ম্মের নিরূপণ

অভিধর্মশাস্ত্রে প্রথমতঃ ধর্ম বা পদার্থগুলিকে সংস্কৃত ও অসংস্কৃত এই ছুই ভাগে বিভক্ত করা হইয়াছে। যাহা হেতু ও প্রত্যয়ের ঘারা নিপান্ন সেই ধর্মগুলিকে (অর্থাৎ জন্তুপদার্থগুলিকে) সংস্কৃত, এবং যাহা হেতু বা প্রত্যয়ের ঘারা নিপান্ন নহে (অর্থাৎ নিতা) সেই ধর্মগুলিকে অসংস্কৃত নামে পরিভাষিত করা হইয়াছে।

পদার্থের সামান্তবিভাগে সংস্কৃতধর্ম্মের প্রথমতঃ উল্লেখ থাকিলেও অসংস্কৃত-ধর্মাগুলির নিরূপণের পরেই আমরা সংস্কৃতধর্ম্মের নিরূপণ করিব। কারণ, সংস্কৃত-ধর্ম্মের অপেক্ষার অসংস্কৃতধর্মাগুলি সংখ্যাতেও অল্প এবং উহাদের জটিনতাও কম। স্মৃতরাং, স্ফুটীকটাহন্যারে প্রথমে অসংস্কৃতধর্মেরই নিরূপণ করা যাইতেছে।

আকাশ

বৈভাষিকশাস্ত্রে অসংস্কৃতধর্মগুলিকে তিন ভাগে বিভক্ত করা হইরাছে—
আকাশ, প্রতিসংখ্যানিরোধ ও অপ্রতিসংখ্যানিরোধ। এই যে তিনপ্রকার
অসংস্কৃতধর্মের কথা বলা হইল, ইহারা সকলেই অনাস্রব অর্থাৎ নির্দ্দোর ।
"সাস্রব" কথাটা বৌদ্ধশারে 'নিগৃঢ়' অর্থে প্রযুক্ত হইরাছে। অগ্রে সংস্কৃতধর্মের
নিরূপণপ্রসঙ্গে আমরা উক্ত কথাটার তাৎপর্য্যার্থ সম্বন্ধে বিশেষভাবে আলোচনা
করিব। তথন আমরা পরিন্ধারভাবে বুঝিতে পারিব যে, কিরূপ গূঢ়ার্থে
অভিধর্মশাস্ত্রে অনাস্রব কথাটা ব্যবহৃত হইরাছে। এক্ষণে আমরা সাধারণভাবে
নির্দ্দোধ এই অর্থই অনাস্রব কথাটাকে গ্রহণ করিলাম।

কেবল উক্ত তিনপ্রকার অসংস্কৃতধর্মই যে অভিধর্মশান্তানুসারে অনাস্ত্রব

১। ''অনাশ্ৰৰা মাৰ্গসত্যং ত্ৰিবিধঞাপ্যসংস্কৃতং। আকাশং হো নিরোধো চ''----- । কোশস্থান ১, কা ৫।

নামে পরিভাবিত হুইবে তাহা নহে; পরন্ত, বৌদ্ধশান্তে "মার্গসত্য" নামে বে সকল পদার্থ কীর্ত্তিত হইন্নাছে, তাহারাও অনাস্রব পদার্থ বলিন্নাই স্বীকৃত আছে। কিন্তু, অনাস্রবককাতে প্রবিষ্ট মার্গসভ্য অসংস্কৃতকক্ষার প্রবিষ্ট নহে। প্রথমোক্ত সংস্কৃতবিভাগে প্রবিষ্ট পদার্থগুলিকে সাম্রব ও অনাম্রব এইরূপে তুইভাগে বিভক্ত করা হইরাছে। সংস্কৃতধর্ম গুলির মধ্যে একমাত্র মার্গসত্যই অনাস্রব এবং অবশিষ্ট সমুদায় সংস্কৃতধর্মাই সাস্রব বলিরা পরিগণিত হইয়াছে'।

স্থতরাং, বৈভাষিকসিদ্ধান্তের অনুসরণ করিয়া আমরা নিমোক্তপ্রকারেও পদার্থের প্রাথমিক বিভাগ করিতে পারি। পদার্থ বা ধর্ম হুই প্রকার — জনাস্ত্রব ও নাস্ত্রব। আকাশ, প্রতিসংখ্যানিরোধ, জপ্রতিসংখ্যানিরোধ ও মার্গসত্য ইহারা অনাস্রবধর্ম। আর, হেতু ও প্রত্যন্ত্রের দারা নিষ্পন্ন অবশিষ্ট যত পদার্থ আছে, তাহারা সকলেই সাম্রবধর্ম।

উক্ত অনাস্রবধর্মগুলিকে আমরা আবার ছইভাগে বিভক্ত করিতে পারি— অসংস্কৃত এবং সংস্কৃত। আকাশ, প্রতিসংখ্যানিরোধ ও অপ্রতিসংখ্যানিরোধ এই তিনটী মাত্র পদার্থই বৈভাবিকশাস্ত্রামুসারে অসংস্কৃত বা নিত্য বলিয়া স্বীকৃত হইরাছে এবং অবশিষ্ট সকল পদার্থ ই এই মতে সংস্কৃত বা জনিতা বলিয়া পরিগণিত হইয়াছে। এই মতে ধর্মগুলি অনিত্য হইলেই যে দাস্ত্রব হইয়া যাইবে, তাহা নহে; পরস্তু, অনিত্য বা সংস্কৃত হইলেও মার্গসত্যকে এই মতে অনাস্রবকক্ষায় পরিগণিত করা হইরাছে। মার্গনত্য ভিন্ন অবশিষ্ট সকল সংস্কৃতধর্মাই যে সাম্রব-কক্ষায় প্রবেশিত হইরাছে, তাহা আমরা পূর্বেই জানিয়াছি।

ইহা বিশেষ করিয়া মনে রাখিতে হইবে যে, সৌত্রান্তিকমতে আকাশাদি অসংস্কৃতধর্মগুলির দ্রব্যসত্তা স্বীকৃত হয় নাই। সৌত্রান্তিকগণ নিত্য পদার্থ স্বীকার করেন নাই। ইঁহারা পদার্থমাত্রেরই নিতান্ত ক্ষণিকত্বে বিশ্বাসী । কিন্তু, আমরা বিশেষভাবে বৈভাষিক্ষতানুসারেই পদার্থের আলোচনায় প্রবৃত্ত হইয়াছি। অতএব, আমরা অসংস্কৃতধর্মগুলিরও বিশেষভাবে আলোচনা করিব। বাৎসী-

১। "সংস্কৃতা মার্গবর্জিতাঃ সাম্রবাঃ"। কোশস্থান ১, কা ৪।

২। "ন রূপাদিভাঃ পঞ্ভাব্যসংস্কৃতং ভাবান্তরমন্তি অতো নাসংস্কৃতং স্রব্যান্তরমিতি দৌত্রান্তিকা;"। কোশস্থান ২, কা ৫৫, ক্ফুটার্থা।

পুত্রীরগণ যে নিত্য ধর্ম সর্ব্বাথা অস্বীকার করিরাছেন, তাহা নহে। তাঁহারা নিত্য পদার্থরূপে আকাশ, প্রতিসংখ্যানিরোধ ও অপ্রতিসংখ্যানিরোধের দ্রব্যসন্তা স্বীকার না করিলেও, নির্বাণকে তাঁহারা নিত্য এবং দ্রব্যসং বলিয়া স্বীকার করিরাছেন।

এক্ষণে, অসংস্কৃতধর্মের বিশেষভাবে নিরূপণপ্রসঙ্গে আকাশের নিরূপণ করা যাইতেছে। যাহা অবকাশ প্রদান করে, অথবা যাহার অন্তরে পদার্থ সমূহ বিকাশ লাভ করে, (অর্থাৎ বাহাকে আশ্রয় করিয়াই অন্তান্ত ভাবগুলি আত্মলাভ করে) এইপ্রকার অর্থে আকাশ পদটি নিম্পন্ন হইয়াছে^২। উক্ত নির্বাচন অনুসারে অবকাশস্বভাব ধর্ম বা পদার্থ ই আকাশ কথার অর্থ, ইহা বুঝা যাইতেছে।

যাহা স্বরং অন্য ধর্মকে আবরণ করিবে না এবং নিজেও অন্য ধর্মের দ্বারা আরত হইবে না, এইরপ হইলেই তাহা অবকাশস্বভাব হইতে পারে; যেমন পৃথিবী। ইহা ব্যতিরেকী দৃষ্টাস্ত। আকাশ ছাড়া অন্য কোনও অনাবরণ-স্বভাব ধর্ম না থাকার অন্বরী দৃষ্টাস্ত সম্ভব হর নাও। যাহা অন্যকে আবরণ করে না, এইমাত্র বলিলে অনাবরণদ্বটী আলোকে ব্যভিচারী হইরা যার। কারণ, আলোকে প্র প্রকার অনাবরণদ্ব আছে; অথচ, উহাতে অবকাশস্বভাবত্ব নাই। স্থতরাং, যাহা নিজে অন্যের দারা আরত হর না, এই অংশটীও অনাবরণদ্ব-শরীরে প্রবিষ্ট থাকিবে। এক্ষণে আর ঐ প্রকার অনাবরণদ্বটী অবকাশস্বভাবত্বের ব্যভিচারী হয় না। কারণ, আলোক অন্যের দ্বারা আরত হর বলিয়া উহাতে অনাবরণদ্ব-রূপের কাল লিক্ষটী নাই। সাধ্যরহিত স্থানে লিক্ষ থাকিলেই উহা সাধ্যের ব্যভিচারী হইয়া যায়। আলোক যে অবকাশস্বভাব ধর্ম নহে, তাহা আমরা অনামানেই ব্রিতে পারি। কারণ, অন্ধকারেও ধর্মগুলি স্বস্থানে যথাবং অবস্থিত থাকে। আলোক অবকাশাত্রক ধর্ম হইলে, অন্ধকারে অবকাশ না থাকার ধর্মগুলির আলোক অবকাশাত্রক

 ^{া &}quot;কেচিদেকমেবাসংয়তং নির্ব্বাণমিত্যাহর্যথা বাৎসীপুত্রীয়াঃ"। কোশস্থান >, কা
 য়ন্টার্থা।

২। "অবকাশং দদাতীত্যাকাশমিতি নির্মানন্ত ভূশমস্যান্তঃ কাশন্তে ভাবা ইত্যাকাশমিত্যপ্রে"। কোশস্থান ১, কা ৫, স্ফুটার্থা।

৩। ''যোহন্যান্ ধর্মান্ নার্ণোতি অন্যৈবা নাবিয়তে তদনাবরণস্বভাবমাকাশঃ।
তদপ্রত্যক্ষবিষয়ত্বাৎ অনার্ত্যা অনুমীয়তে"। কোশহান ১, কা ৫, স্ফ্টার্থা।

ধর্মের অবস্থানে বিরোধ করে, তাহা হইলে উহা, হর ফাঁকের অপসারণের দারা বিরোধ করিবে, না হয় উহা ফাঁককে নিজের দারা অবচ্ছিন্ন করিয়া, অর্থাৎ বিলক্ষণভাবে সংযুক্ত করিয়া, বিরোধ করিবে। ফাঁককে অভাব বলিলে ঐ প্রকারে বিরোধ করা সম্ভব হয় না। কারণ, অভাবকে অপসারিতও করা যায় না, সংযুক্তও করা যায় না। কিন্তু, আকাশকে ভাবপদার্থ বিলায় স্বীকার করিলে, ঐ সমস্তা আর থাকে না। কারণ, বিভূত্বনিবন্ধন আকাশের অপস্তি সম্ভব না হইলেও অবচ্ছেদ সম্ভব হইবে। ঘট আকাশে স্বাবচ্ছেদ সম্পাদন করিয়া স্বাতিরিক্ত সাকার জব্যের স্বদেশে অবস্থানে বাধা দেয়। স্কতরাৎ, যতক্ষণ ঐ দেশে ঘট বিসিয়া থাকিবে, ততক্ষণ আর ঐ দেশে অন্তের স্থানসক্ষ্লান হইবে না। আকাশকে অভাবাত্মক বিলায় নানা বলিলে পূর্ব্বক্থিত দোষ ত থাকিলই; অধিকন্ত, গৌরব হইল। অতএব, আকাশকে নানা অভাবাত্মক বলা বায় না।

আলোকময় দেশে উপস্থিত ঘট যেমন স্বস্থান হইতে আলোককে অপসারণ করিরাই স্বদেশে অবস্থান করে, ঘট কিন্তু সেইরূপ আকাশকে সরাইরা দিয়া নিজ্ঞ দেশে অবস্থান করে না। প্রথমতঃ, আকাশ বিভূ হওরার উহার অপসারণ সম্ভব হয় না; দ্বিতীরতঃ, আকাশকে সরাইরা দেওরার অর্থ হইবে নিজের অবকাশকেই সরাইরা দেওরা। এরপ হইলে অবকাশ না থাকার ঘটের নিজ্ঞ দেশে অবস্থানই অসম্ভব হইরা পড়িবে। স্কতরাং, ঘটপটাদি সাকার জব্যগুলি স্ব স্ব দেশে আসিরা উপস্থিত হইলেও এ দেশে আকাশক্রবাটা পূর্বের মতই থাকিয়া গেল। অতএব, আকাশ অত্যের দারাও আরত হয় না। এ দেশাবচ্ছেদে ঘটসংযোগ হওরার জন্ম, এ দেশের আকাশে আর অন্যের অবকাশ হইবে না। এই কারণেই নিজের অবকাশ না থাকার, তৎকালে এ দেশে পটাদি সাকার বস্তগুলি আর থাকিবার স্থান পায় না।

প্রতিসংখ্যানিরোধ

ভগবান্ বৃদ্ধ চারিপ্রকার আর্য্যসত্যের উপদেশ করিয়াছেন। ছঃখসত্য, সুমুদ্রস্ত্য, নিরোধসত্য ও মার্গস্ত্য। ইহাদের মধ্যে তৃতীর্দীর, অর্থাৎ নিরোধ-স্ত্যের, সম্বন্ধে আমরা সম্প্রতি আলোচনা করিতেছি। নিরোধসত্য সাধারণতঃ তিনপ্রকার — প্রতিসংখ্যানিরোধ, অপ্রতিসংখাা
 নিরোধ ও অনিত্যতানিরোধ। ইহাদের মধ্যে তৃতীয়টী, অর্থাৎ অনিত্যতা নিরোধটী, আর্য্যসত্যের মধ্যে পরিগণিত নহে বলিয়াই আমাদের বিশ্বাস। কারণ,
 অনাস্রবধর্মের পরিগণনায় প্রতিসংখ্যানিরোধ ও অপ্রতিসংখ্যানিরোধের উল্লেখই
 পাওয়া যায়।

"নিরোধ" কথাটীর ঘারা সাধারণতঃ আমরা অভাবরূপ অর্থ ই ব্রিন্ধা থাকি। ঘটের নিরোধ বলিলে আমরা ঘটের বিনাশ ব্রিন্ধা থাকি। 'নদীর প্রবাহ নিরূদ্ধ হইরা গেল' এই প্রকার বাক্য প্রয়োগ করিলে আমরা সাধারণতঃ ইহাই ব্রিন্ধ যে, পূর্ব্ধ হইতে জলের যে প্রবাহটী বিভ্যমান ছিল, বর্ত্তমানে তাহা আর নাই, অর্থাৎ প্রচলিত জলপ্রবাহটী বিনষ্ট হইরা গিয়াছে। কিন্তু, আমাদের আলোচ্য নিরোধ অভাবাত্মক নহে। বৌদ্ধমতে, অর্থাৎ বৈভাষিকমতে, অভাবকে অসৎ বা অলীক বলিয়াই মানা হইয়াছে এবং নিরোধকে বলা হইয়াছে আর্য্যসত্য। নির্ব্বাণার্থী পুল্গলকে প্রতিসংখ্যানিরোধ লাভ করিতে হইবে। বিশেষতঃ, বৈভাষিকমতে প্রতিসংখ্যানিরোধ ও অপ্রতিসংখ্যানিরোধকে অসংস্কৃতধর্মের মধ্যে প্ররিগণিত করা হইয়াছে; অর্থাৎ, উক্ত নিরোধন্বয়কে বৈভাষিকমতে নিত্যপদার্থয়পে গ্রহণ করা হইয়াছে। স্কুতরাং, প্রতিসংখ্যানিরোধ বা অপ্রতিসংখ্যানিরোধকে বৈভাষিকমতে নিত্যপদার্থয়পে বিরোধকে বৈভাষিকমতারুসারে আমরা অভাবাত্মক বলিতে পারি না; উহা একপ্রকার নিত্য ধাতু বা নিত্য দ্রবাং।

"প্রতিসংখ্যরা প্রাণ্যো নিরোধঃ" এইপ্রকার ব্যুৎপত্তিতে "প্রতিসংখ্যানিরোধ" পদটী নিপান হইরাছে। অতএব বুঝা যাইতেছে যে, যে নিরোধ প্রতিসংখ্যার দারা পাওয়া যায়, তাহাই প্রতিসংখ্যানিরোধ হইবে। স্থতরাং, উক্ত নিরোধের জ্ঞানে প্রতিসংখ্যার জ্ঞান আপেক্ষিত থাকায়, আমরা প্রথমে সংক্ষেপে

১। ''অনাশ্রবা মার্গনতাং ত্রিবিধকাপাসংস্কৃতন্। আকাশং ছো নিরোধোঁ চ তত্রাকাশমনা-বৃতিঃ''। কোশস্থান ১, কা ৫।

২। "দ্ৰব্যন্ন প্ৰতিসংখ্যানিবোধঃ সত্যচতুষ্ট্যনিৰ্দ্দেশনিৰ্দিষ্টত্বাৎ মাৰ্গসত্যবিদিতি বৈভাষিকাঃ"। কোশস্থান ১, কা ৬, স্ফুটাৰ্থী।

Nirodha dhatu—the element or condition of annihilation, one of the three dhatus (vide the Pali Dictionary edited by Rhys Davids, Part IV p. 207.)

প্রতিসংখ্যার নিরূপণ করিতেছি। "প্রতিসংখ্যা" কথাটা বৈভাষিকশাস্ত্রে তথ্যসত্যাদিবিষয়ক অনাস্রবপ্রজ্ঞাকে প্রতিপাদন করিবার নিমিত্ত প্রযুক্ত হইয়া থাকে।

পুরুষ বা পুদ্গল সাধারণতঃ ছই প্রকার — রাগবছল এবং বিতর্কবছল।
রাগবছল পুদ্গল অঞ্চভাবনা এবং বিতর্কবছল পুদ্গল আনাপনস্থতির,
অর্থাৎ প্রাণারামের, দারা ভাবনামার্গে প্রবেশ করিতে পারেন । মার্গে প্রবেশ
করিতে না পারিলে অনাম্রবপ্রজা বা প্রতিসংখ্যা লাভ হইবে না।

শরীরের অগুচিতা দেখিয়া তাহাকে শ্মশাননিক্ষিপ্ত শব বলিয়া মনে করিতে হইবে। এই ভাবটীতে স্থিতিলাভ করিতে পারিলে তবে উহা অগুভভাবনা হইবে। ইহা অলোভস্বভাব'। যিনি এই ভাবনাতে স্থিতিলাভ করিতে পারিবেন, তিনি যোগে নবদীক্ষিত হইবেন। বৌদ্ধশাস্ত্রে তাঁহাকে "আদিক্ষিক" নামে অভিহিত করা হইয়াছে"।

যাঁহারা উক্ত অণ্ডভভাবনা বা অধিকারভেদে প্রাণায়ামের দারা স্বস্থ চিত্ত-ধাতুকে উপশান্ত করিতে পারিবেন, তাঁহাদের প্রযন্ত্রামুদারে তাঁহার। স্মৃত্যুপস্থান লাভ করিতে সমর্থ হইবেন । অশান্তচিত্তে স্মৃত্যুপস্থান আসে না।

শরীর, বেদনা ও চিত্তের স্বলক্ষণতা ও সামান্তলক্ষণতা পরীক্ষা করিতে করিতে যথাকালে স্বত্যুপস্থান লাভ হয় । প্রথমতঃ, এই পরীক্ষা শ্রুতমন্ত্রী হইবে, অর্থাৎ প্রথমতঃ সচ্ছাদ্রামুসারে কারাদির স্বলক্ষণতা ও সামান্তলক্ষণতা পরীক্ষা করিবে। পরে সমর্থক যুক্তির দ্বারা ঐ পরীক্ষাকে দৃঢ় করিবে। এই পরীক্ষা দৃঢ়ীভূত ইইলে ভাবনার দ্বারা পরীক্ষিত বিষয়ে সমাহিত হইবে। এই ত্রিবিধ পরীক্ষাই ক্রমানুসারে করিতে হইবে। প্রথমতঃ, শরীর অবলম্বনে, পরে বেদনা অবলম্বনে, পশ্চাৎ চিত্ত অবলম্বনে, সর্বধানের ক্রেশেষে ক্লেশ অবলম্বনে এই পরীক্ষা করিবে। এই

১। "তত্র রাগবহুলোহওভভাবনয়াবতরতি বিতর্কবহুলশ্চানাপানস্থতা"। কোশস্থান ৬, কা ৯, রাহুলকৃত ব্যাখ্যা।

<mark>২। অলোভো দশভ</mark>ুঃ কামদৃশ্যালম্বা নৃজাহশুভা"। কোশস্থান ৬, কা ১১।

৩। "যোগে নক্দীক্ষিত আদিক্সিক উচ্যতে"। কোশস্থান ৬, কা ১০, রাহলকৃত ব্যাথা।

१। "निश्वानमधरमाव मृज्यश्वानङावना"। कामश्रान ७, का ১८।

^{ে। &}quot;কায়বিচ্চিত্তধর্মাণাং ছিলক্ষণপরীক্ষণাং"। ঐ।

ত্রিবিধ পরীক্ষাকে বথাক্রমে শ্রুতমন্ত্রী, চিস্তামন্ত্রী ও ভাবনামন্ত্রী প্রজ্ঞা বলা

ইহার ফলে পুদ্গল "ধর্মমুত্যুপস্থান" লাভ করিয়া থাকেন। এই ধর্মমুত্যুপস্থানে স্থিতিমান্ পুরুষ সমস্ত ধর্মকে (জর্মাৎ বস্তুকে) জনিত্যুদ্ধপে, তৃঃখক্রেপে, শুক্তরূপে ও অনাম্মনেপে দেখিতে থাকেন ।

এই ধর্মস্থাপস্থানের প্নঃপুনঃ অভ্যাসের ফলে পুরুষ "কুশলমূল" লাভ করিয়া থাকে। এই কুশলমূলকেই বৌদ্ধশারে "উয়গত" নামে অভিহিত করা হইয়াছে।" ধর্মস্থাত্যুপস্থানের ফলীভূত এই কুশলমূল বা উয়গতই যথাসময়ে চতুর্বিবধ আর্য্যসত্যকে আলম্বন করিয়া পুরুষের নিকট উপস্থিত হয়। বৌদ্ধশারে হঃখ, সমূদয়, নিরোধ ও মার্গ এই চারিটীকে আর্য্যসত্য নামে অভিহিত করা হইয়াছে। উক্ত আর্য্যসত্য চতুষ্ঠয়ের প্রত্যেকটী সত্য আবার চতুর্ধা বিভক্ত আছে। স্কভরাং, আর্য্যসত্য বিষয়ক দৃষ্টিগুলি প্রত্যেকে চতুর্ধা বিভক্ত হইবে। হঃখদৃষ্টি চতুর্বিবধ — ধর্মে হঃখতাদৃষ্টি, ধর্মে শৃক্ততাদৃষ্টি, ধর্মে অনিত্যতাদৃষ্টি ও ধর্মে অনাত্মকতাদৃষ্টি। সমূদয়দৃষ্টি চতুর্বিবধ — সমূদয়দৃষ্টি, প্রভবদৃষ্টি, হেতুদৃষ্টি ও প্রত্যায়দৃষ্টি। নিরোধদৃষ্টি চতুর্বিবধ — নিরোধতাদৃষ্টি, শাস্ততাদৃষ্টি, প্রণীততাদৃষ্টি ও প্রত্যানিকতাদৃষ্টি। মার্গদৃষ্টি চতুর্বিবধ — মার্গতাদৃষ্টি, স্থায্যতাদৃষ্টি, প্রতিপত্তাদৃষ্টি ও নিঃসরণতাদৃষ্টি। মার্গদৃষ্টি চতুর্বিবধ — মার্গতাদৃষ্টি, স্থায্যতাদৃষ্টি, প্রতিপত্তাদৃষ্টি ও নির্যাণিকতাদৃষ্টি। গ্রহ্বাক্ত ধর্মস্বভূগস্থানের ফলে পুরুষ এই ষোড়শ আকারে কুশলমূল লাভ করিতে পারে।

এই কুশলমূল বা উন্নগত ক্রমে মৃত্র, মধ্য ও তীব্ররূপে বৃদ্ধিত হইতে থাকে।

১। প্রজ্ঞা শ্রতাদিময়ী। কোশস্থান ৬, কা ১৫। সা চ প্রজ্ঞা শ্রতময়ী চিন্তাময়ী ভাবনাময়ী চ। স্বাহলত্তব্যাখ্যা।

২। স ধর্মসূত্যপন্থানে সমস্তালগনে ছিতঃ। তানেব প্রগুত্যনিতাত্বংধশ্ন্থনিরাগ্নতঃ॥
ঐ, কা ১৬।

ও। ধর্মসূত্যপস্থানাভ্যাদেন ক্রমশঃ কুশলমূলমূৎপদ্ধতে। তদেবোদগতমিত্যুচ্যতে। ঐ, কা ১৭, রাছন কৃতব্যাখ্যা।

৪। ছঃখদ্টি:—ছঃখমনিতাং শ্নামনাক্ষকম্। সমুদয়দৃটিঃ—সমুদয়ঃ, প্রভবঃ, হেতুঃ,
প্রতায়ঃ। নিবোধদ্টিঃ—নিবোধঃ, শাঅং, প্রনীতং, নিংসরণম্। মার্গদৃটিঃ—মার্গঃ, স্তায়ঃ,
প্রতিপতিঃ, নৈর্থাণিকম্। কোশস্থান ৬, কা ১৭, রাহলকৃতব্যাথা।

প্রকর্ষের প্রান্তগত হইলে ঐ উন্নগতই "মূর্দ্ধান" নামে অভিহিত হয়। স্কুতরাং, মূর্দ্ধানও ফলতঃ চতুর্বিধ আর্য্যসত্যগোচর এবং পূর্ব্বোক্ত বোড়শপ্রকারই। এই মুর্দ্ধান বখন অধিমাত্রতার পৌছে, তখন উহাকে "কান্তি" নামে অভিহিত করা হয়। নিরতিশয় রোচমানতাই "কান্তি" শব্দের অর্থ। এই ক্ষান্তি বখন প্রকর্ষের প্রান্ত-সীমার আব্দে, তখন উহাকে "অগ্রধ্য" বলা হইয়া গাকে।

অতএব, পূর্নোক্ত কুশলমূল ফলতঃ চারিভাগে বিভক্ত হইল — উন্নগত,
মূর্দ্ধান, ফান্তি ও অগ্রধর্ম। এইগুলি সবই ধর্মস্বত্যুপস্থানেরই প্রকারভেদ। এই
কুশলমূলচতুষ্টরকে বৌদ্ধশাস্ত্রে "নির্ন্ধেণভাগীয়" নামে অভিহিত করা হইয়াছে।
প্রী ও পুরুষ উভরেই সমানভাবে এই সকল অনাম্রব প্রীক্রার অধিকারী।
থই যে নির্ন্ধেণভাগীয়, ইহা সমাধি ব্যতিরেকে লাভ করা যায় না।

এই প্রণালীতে ক্রমে চতুর্বিধ আর্য্যসত্যে ধর্মজ্ঞান ও ধর্মকান্তি, অয়য়জ্ঞান ও অয়য়য়্লান্তি আসিয়া উপস্থিত হয়। কামধাতুগত হঃখনত্যাদিবিয়য়ক অনিত্যতাদির বিনিশ্চয়কে ধর্মজ্ঞান বলা হয়, এবং রূপ বা আরূপ্য ধারুসম্বন্ধী হঃখাদিসত্য অবলম্বনে যে অনিত্যতাদিধর্মের জ্ঞান হয়, তাহাকে অয়য়জ্ঞান বলা হয়। ধর্মজ্ঞান ও অয়য়জ্ঞান এই হুইটা পৃথক্ সংজ্ঞা কেবল হঃখনত্যাদির ধাতুগত ভেদবশতঃ হুইয়াছে; ভানের আকারগত ভেদ ইহাতে নাই। হঃখনত্যে ধর্মক্রান্তিরও বাহা আকার, ঐ সত্যে অয়য়য়্লান্তিরও তাহাই আকার। কামধাতুগত হঃখনত্য আলম্বন হুইলে তাহাকে ধর্মক্রান্তি বলা হয়; আরু রূপ বা আরুপ্য ধাতুগত হঃখনত্য আলম্বন হুইলে তাহাকে অয়য়য়্লান্তি বলা হয়; আরু রূপ বা আরুপ্য ধাতুগত হঃখনত্য আলম্বন হুইলে তাহাকে অয়য়য়্লান্তি বলা হয়; আরু রূপ বা আরুপ্য ধাতুগত হঃখনত্য আলম্বন হুইলে তাহাকে অয়য়য়্লান্তি বলে। সমুদয়াদিসত্য সম্বন্ধেও ধর্মজ্ঞান বা অয়য়জ্ঞান পূর্ব্বোক্ত প্রণানীতেই, অর্থাৎ ধাতুভেদেই, ভিন্ন হুইবে; আকারে উহাদের কোন ভেদ নাই।

আরও হুই প্রকারের জ্ঞান অভিধর্মশাস্ত্রে উল্লিখিত আছে — ক্ষরজ্ঞান ও অনুৎপাদজ্ঞান। আর্য্যপুদ্গল ব্যক্তাপম সমাধির অনন্তর ইহা লাভ করিয়া থাকেন। "আমি হুঃখ প্রভৃতি আর্য্যসত্যগুলি যথাযথভাবে জ্ঞানিয়াছি; স্থতরাং, আমার জ্ঞাতি, অর্থাৎ জ্বন্মপরম্পরা, ক্ষীণ হইয়া গিয়াছে" এইরূপ আকার লইয়া প্রথমে

>। এবং নির্বেধভাগীয়ং চতুধা ভাবনাময়ম্। কোশস্থান ৬, কা ২০।

২। অর্থর্মান্ ধ্যা এয়ান্ লভতে হঙ্গনা। ঐ, কা ২১।

৩। ধর্মসংখ্যস্য গোচরঃ কামছঃখাত্তব্যস্য তুর্দ্ধছঃখাদিগোচরঃ। কোশস্থান ৭, কা ৩।

ক্ষমজ্ঞান উৎপন্ন হয়। পরে, "অন্ত কিছু এমন অবশিষ্ট নাই যাহা আমি প্রত্যক্ষতঃ জানিতে পারি নাই এবং অবশিষ্ট এমন কোন ক্লেশও নাই যাহা আমার পক্ষে প্রহাতব্য" এইরূপ আকার লইয়া অনুংপাদজ্ঞান উপস্থিত হয়। এই ক্ষমজ্ঞান ও অনুংপাদজ্ঞানকেই "বোধি" নামে অভিহিত করা হইয়াছে।

চতুর্বিধ আর্য্যসত্যবিষয়ক বে ধর্মজ্ঞান বা অন্বর্ত্ঞান, তাহা যদি সমাধিজ না হইনা শ্রুতিময় হয়, অর্থাৎ শাস্ত্রবিচারজ হয়, অথবা চিন্তাময়, অর্থাৎ যুক্তিনিধ্যানজ্ঞানত হয়, তাহা হইলে ঐ ধর্মজ্ঞান বা অন্বর্জ্ঞানকে বৌদ্ধশাস্ত্রে "মোক্ষভাগীয়" নামে অভিহিত করা হইনা থাকে। পুন্গল নির্বেধভাগীয় লাভের পুর্বেই মোক্ষভাগীয় লাভ করেন।

পূর্ব্বোক্ত নির্ব্বেধভাগীয়ের অন্তর্গত ধোড়শ জ্ঞানের মধ্যে, অর্থাৎ হুংথে ধর্মক্ষান্তি হইতে আরম্ভ করিয়া মার্গসত্যে অম্বরজ্ঞান পর্য্যন্ত বোড়শটী জ্ঞানের মধ্যে, মার্গে অন্বয়জ্ঞানকে বাদ দিয়া অন্ত পঞ্চনশ জ্ঞানকে, অর্থাৎ হৃঃথে ধর্মজ্ঞানজ কান্তি হইতে আরম্ভ করিয়া মার্গে অন্বরজ্ঞানক্ষান্তি পর্য্যন্ত এই পনেরটিকে, বৌদ্ধশাস্ত্রে "দর্শনমার্গ" নামে অভিহিত করা হইয়াছে; আর অবশিষ্টকে "আনস্তর্য্যমার্গ' বলা হইয়াছে। আনস্তর্য্য উপস্থিত হইলে ক্লেশক্ষয় অবশ্রস্তাবী। নিজকার্য্য ক্লেশক্ষয়ে অন্তরায়রহিত বলিয়া উহাকে আনন্তর্য্যমার্গ বলা হইরাছে। আর জ্ঞানগুলিকে, অর্থাৎ পূর্ব্বোক্ত ধর্মজ্ঞান ও অবর্ঞ্জানকে, "বিমুক্তিমার্গ" বলা হইরাছে। এই বিমুক্তিমার্গের দারা বিসংবোগের প্রাপ্তি হয়, অর্থাৎ বিমুক্তিমার্গের সাহায্যে পুদ্গল প্রতিসংখ্যানিরোধ প্রাপ্ত হন। আনন্তর্য্য-মার্গের সাহায্যে যেন ক্লেশচৌরকে নিফাসিত করা হয়, আর বিমুক্তিমার্গের দারা বেন বিসংযোগ কপাটের অর্গন পড়ে। পূর্বোক্ত প্রতিসংখ্যানিরোধ বা ক্লেশপ্রহাণকেই বৌদ্ধশাস্ত্রে "অসংস্কৃতবিমুক্তি" নামে অভিহিত করা হইয়াছে। এই অসংস্কৃতবিমুক্তি বা প্রতিসংখ্যানিরোধকে তিনভাগে বিভক্ত করা হইয়াছে — প্রহাণধাতু, বিরাগধাতু এবং নিরোধধাতু। রাগবিনাশ, অর্থাৎ রাগবিসংযোগকে, বিরাগধাতু, অস্তান্ত ক্লেশের বিনাশকে, অর্থাৎ বিসংযোগকে.

১। ক্লোনাং প্রহাণং প্রতিস থানিরোধ্য অসংস্কৃতা বিম্ক্তিকচ্চতে। কোশস্থান ৬, কা

প্রহাণধাতু এবং রূপাদির বিনাশকে, অর্থাৎ বিসংযোগকে, নিয়োদধাতু বলা হইগ্নছে।

আমরা পূর্বেই প্রতিসংখ্যানিরোধের স্বরূপবর্ণনার প্রবৃত্ত হইরাছি। কিন্তু, প্রতিসংখ্যার জ্ঞান ব্যতিরেকে প্রতিসংখ্যানিরোধের স্বরূপজ্ঞান হইতে পারে না মনে করিরাই আমরা এপর্য্যস্ত প্রতিসংখ্যাসম্বন্ধেই আলোচনা করিতে বাধ্য হইলাম। কিন্তু, ইহাতেও প্রতিসংখ্যানিরোধের স্বরূপজ্ঞান বা স্বরূপনিরূপণ অনারাসে হইবে না। কারণ, বৈভাষিকসম্মত "প্রাপ্তি" নামক পদার্থের জ্ঞান বা নিরূপণ উহাতে বেশ অপেক্ষিত আছে। কিন্তু, এই প্রাপ্তি নামক পদার্থটীও নিরোধপদার্থের মতই তুর্বোধ্য। বাহা হউক, এক্ষণে আমরা প্রাপ্তিকে ত্যাগ করিয়াই তুর্বোধ্য প্রতিসংখ্যানিরোধের বর্ণনায় প্রকৃত্ত হইতেছি।

অভিধর্মগ্রন্থে "প্রতিসংখ্যানিরোধো বো বিসংযোগঃ পৃথক্ পৃথক্" এই কারিকাংশের দারা বিসংযোগকে প্রতিসংখ্যানিরোধ এবং "উৎপাদাত্যস্তবিদ্রো২স্যো নিরোধোহপ্রতিসংখ্যয়া" এই অবশিষ্ট কারিকাংশের দারা উৎপত্তির অত্যস্ত-বিদ্বভূত নিরোধকে অপ্রতিসংখ্যানিরোধ বলা হইরাছে। কারিকাস্থ "বিসংযোগঃ" পদটির ব্যাথ্যা করিতে গিয়া যশোমিত্র বলিয়াছেন — "বিসংযুক্তি বিসংযোগঃ ক্লেশবিসংষ্ক্তিলক্ষণ:" । এই ব্যাখ্যার দারা বিসংযোগ পদার্থটী যে সংযোগের অভাব হইবে না; পরন্ত, যাহা সংযোগকে বাধা দিতে পারে, উহা সেইরূপ একটী ভাব-বস্ত হইবে, তাহা আমরা পরিকারভাবে ব্ঝিতে পারি না। কারণ, নিষেধ অর্থেও "বি" উপসর্গের গ্রোতকতা আছে। কিন্তু, তাঁহারই "সংযোগদ্রব্যসংযোগ-প্রাপ্তিনিয়তরোধভূতো বা যোধর্মঃ দ প্রতিসংখ্যানিরোধঃ" এই অগ্রিম পংক্তির দারা আমরা কোনও ক্রমে ইহা ব্ঝিলেও ব্ঝিতে পারি ষে, এমন একটি প্রতিরোধ

>। অসংদ্বতা বিমুক্তিব্রয়ো ধাতবং প্রহাণধাতুং, বিরাগধাতুং নিরোধধাতুণ্চ। রাগবিনাশ এব বিরাগধাতুঃ। অভ্যেষাং ক্লেশানাং প্রহাণং প্রহাণধাতুঃ। রূপানাগ্রবাদীনাং বিশাশো নিরোধধাতুঃ। কোশস্থান ৬, কা ৭৮, ব্যাখ্যা।

२। क्लांब्रान ३, का ७।

[ा]र्घ ।

⁸¹ वे कृतिर्था।

^{11 31}

বা বাধকে, অর্থাৎ কপাটকে. প্রতিসংখ্যানিরোধ বলা হইয়াছে, যাহা উপস্থিত হইলে আর কপাটের (বাধের) বহিদ্দেশন্থ বস্তু ভিতরে আসিয়া অন্তঃস্থ বস্তুর সহিত মিলিত হইতে পারে না। যদিও রোধপদটা সাধারণতঃ ভাববিহিত ঘঞ্প্রত্যয়ের দ্বারা নিশান হওয়ার উহা প্রতিক্রিয়ারূপ অর্থই প্রকাশ করে, তথাপি প্রকৃতস্থলে উহা প্রভিরোধক, অর্থাৎ যাহা রোধ বা প্রতিক্রিয়া করে — এইরূপ অর্থেই অস্ত্যর্থক প্রত্যরের দ্বারা নিশান বলিরা গৃহীত হইবে; অন্তথা আমরা বাধ বা কপাটরূপ অর্থে উহাকে পাইব না; অথচ 'রোধ' কথা হইতে আমাদের ক্রিরূপ অর্থ ই গ্রহণ করিতে হইবে। কারণ, অর্গ্রে এইরূপ বলা হইয়াছে যে, যেমন ছই জন লোক থাকিলে, একজন চোরকে নিদ্ধানিত করে এবং অপর ব্যক্তি কপাট বন্ধ করিয়া দেয়। করে একং অপরটা বিসংযোগপ্রাপ্তিরূপ কপাট বন্ধ করিয়া দেয়। কত্রাং, যাহা সংযোগপ্রাপ্তির রোধক তাহাকেই "বিসংযোগ" বা "সংযোগপ্রাপ্তির নিম্নতরোধ" বলা হইয়াছে। স্কৃতরাং, ব্রিতে হইবে যে, প্রকৃতস্থলে প্রতিঘাত রোধ নহে; পরন্ত, প্রতিঘাতকই রোধ।

উক্ত ব্যাখ্যামুসারে "সংযোগদ্রব্যসংযোগপ্রাপ্তিনিয়তরোধভূতো বা যো ধর্মঃ স প্রতিসংখ্যানিরোধঃ" এই লক্ষণবাক্যের নিয়কথিতরূপ অর্থ গ্রহণ করিতে হইবে। সংযোগদ্রব্যের যে সংযোগপ্রাপ্তি, তাহাকে প্রতিনিয়তভাবে যে ধর্ম (অর্থাৎ, যে বস্তু) প্রতিরোধ করে, সেই ধর্ম বা বস্তুই বৈভাষিকমতে প্রতিসংখ্যানিরোধ হইবে। স্কুতরাং, বৈভাষিকমতে ঈদৃশ প্রতিসংখ্যানিরোধ অভাবাত্মক নহে। কারণ, নিঃস্বরূপ অভাবের দ্বারা কোনও কিছুরই প্রতিরোধ হইতে পারে না। প্রতি-সংখ্যানিরোধ একটা অর্থক্রিয়াকারী ধাতু এবং ইহা চতুর্বিষধ আর্য্যসত্যের অস্তুত্ম।

যশোমিত্র এই প্রতিসংখ্যানিরোধকে একটা আবরণস্বরূপ বলিয়াছেন।
এই আবরণ উপস্থাপিত হইলে পুদগলের আর ক্লেশপ্রাপ্তি হয় না। ইহার দ্বারাও
এই নিরোধ যে ভাবাত্মক ধর্ম্ম, তাহা আমরা ব্বিতে পারি। অভাবের দ্বারা
আবরণ হইতে পারে না।

১। যথা ঘাজানেকেন চৌরো নিজান্ততে দ্বিতীয়েন তদপ্রবেশায় কপাটং পিধীয়তে এবমানস্তর্যামার্গেণ ক্রেশচৌরো নিজান্ততে তংপ্রাপ্তিভেদতঃ, বিমৃক্তিমার্গেণ চ বিসংযোগ-প্রাপ্তিকপাটং পিধীয়তে বর্ত্তমানীকরণতঃ। কোশস্থান ৬, কা ৩০, স্ফুটার্থা।

বদিও "সংযোগদ্রব্যের বে সংযোগপ্রাপ্তি" ইহার স্থলে "সংযোগদ্রব্যের বে প্রাপ্তি", তাহার নিরতভাবে প্রতিরোধক দর্মকে প্রতিসংখ্যানিরোধ বলিলেও সংযোগদ্রব্যের প্রাপ্তির যাহা নিরতভাবে প্রতিরোধকারী ধর্মা, তাহাকে আমরা প্রতিসংখ্যানিরোধ বলিরা ব্রিতে পারিতাম ইহা সত্য, তথাপি নিরোধের বিসংযোগলক্ষণত্বের অন্মরোধেই লক্ষণবাক্যে "সংযোগপ্রাপ্তি" পদটীর প্ররোগ হইরাছে। "বিসংযোগ" পদটীর অর্থ করিতে গিরা যশোমিত্র বলিরাছেন যে, সংযোগপ্রাপ্তির নিরতভাবে প্রতিরোধক ধর্মই বিসংযোগ। স্নতরাং, পর্য্যবসিত লক্ষণবাক্যটীর "সংযোগদ্রব্যপ্রাপ্তি (বা সংযোগ)-নিরতরোধভূত" এইরূপ আকার না হইরা "গংযোগদ্রব্যসংযোগপ্রাপ্তিনিরতরোধভূত" এইরূপ আকার হইরাছে।

আমাদের মনে হর যে, "সংযোগজবাসংযোগনিরতরোধভূতে। ধর্মঃ প্রতিসংখ্যানিরার্ধঃ" এইমাত্র বলিলে লক্ষণটা অসম্ভবদোষে ত্রন্থ হইরা যায়। কারণ, আনস্তর্যমার্গের দ্বারা সংযোগজবার নিদ্ধাসন হইলেও বিমুক্তিমার্গের দ্বারা ঐ সংযোগজবার এমন কোনও প্রতিরোধক উপস্থাপিত হর না, যাহা উহার সংযোগজবার এমন কোনও প্রতিরোধক উপস্থাপিত হর না, যাহা উহার সংযোগর সামান্ততঃ বিন্ন উৎপাদন করে। কারণ, নিদ্ধাসিত ঐ সংযোগজবা অতীত বর্ত্তমান বা প্রত্যুৎপন্নাবস্থার যে কোনও অবস্থায় কোণাও অবশুই সংযুক্ত থাকিবে। "সংযোগজবাসংযোগপ্রাপ্তিনিরতরোধভূতে। যো ধর্মঃ" এইরূপে বাকাটীর প্ররোগ হইলে আর উক্ত দোব হয় না। কারণ, বৈভাষিকমতে প্রাপ্তিটী সন্ধাথ্য ধর্ম। উহা পুদ্গলেই স্বাভাবিক। পুদ্গলাতিরিক্ত জব্যের প্রাপ্তি হয় না। পুদ্গল যদি আনস্তর্যামার্গাবলমনে সংযোগজব্যুকে নিদ্ধাসিত করিরা বিমুক্তিমার্গের অমুসরণ করে, তাহা হইলে ঐ নিদ্ধাসিত সংযোগজব্যুর, আর সংযোগ, অর্থাৎ প্রাপ্তি হয় না, যদিও বা উহা অন্তত্ত্ব সংযুক্ত হয়। ধর্মের প্রাপ্তি সাক্ষাৎ হয় না; পরস্ত, সংশ্লেষের দ্বারাই হইরা থাকে। এই কারণে "সংযোগজব্যপ্রাপ্তিনিয়তরোধভূতো যো ধর্মঃ" এইরূপ না বলিয়া "সংযোগজব্যসংযোগপ্রাপ্তিনিয়তরোধভূতো যো ধর্মঃ" এইরূপ না বলিয়া "সংযোগজব্যসংযোগপ্রাপ্তিনিয়তরোধভূতো যো ধর্মঃ" এইরূপ না বলিয়া "সংযোগজব্যসংযোগপ্রাপ্তিনিয়তরোধভূতো যো ধর্মঃ" এইরূপ বলা হইয়াচে।

এক্ষণে আমরা পূর্ব্বোক্ত লক্ষণবাক্যস্থ "সংযোগদ্রব্য" পদটীর তাৎপর্য্যার্থ বিবৃত্ত করিব; অন্তথা, লক্ষণটীকে পরিষ্কারভাবে বৃঝিতে পারা যাইবে না। স্থতরাং, আমরা নির্বাচনমুখে ঐ পদের ব্যাখ্যা করিতেছি। "সংযোগ"পদটী ভাববাচ্য এবং অধিকরণবাচ্য এই ছই বাচ্চেই নিষ্পান্ন হইতে পারে। প্রথমপক্ষে "সংযোগ" কথাটার অর্থ হইবে যোগ। এইরূপ হইবে "সংযোগায় দ্রবাণি" এই
বিগ্রহ হইতে নিম্পন্ন "সংযোগদ্রব্য" পদটার অর্থ হইবে সেই দ্রব্য, অর্থাৎ ধর্মগুলি,
যাহারা সংযোগের, অর্থাৎ ক্লেশাদি আম্রবযোগের, কারণ। আর, দ্বিতীয়পক্ষে
সেই দ্রব্য বা ধর্মগুলিই হইবে সংযোগ, যাহাতে ক্লেশাদি আম্রবগুলি অনুশরিত,
অর্থাৎ কার্য্যকরী, হয় এবং এই পক্ষে কর্মধারয়সমাসের গরারা "সংযোগদ্রব্য" এই
পদটি নিম্পন্ন হইবে। উক্ত দ্বিবিধ বাৎপত্তির যে কোন বাৎপত্তিই গৃহীত হউক না
কেন, "সংযোগদ্রব্য" পদটার সাম্রবদ্রব্যই অর্থ হইবে। ভগবান বৃদ্ধ সাম্রবদ্রব্যকেই
পুদ্গলরূপ বলীবর্দের বন্ধনস্ভরূপে বর্ণনা করিয়াছেন। স্কুতরাৎ, বন্ধনের
নিমিত্ত বা স্কন্তগুর্মার সাম্রব যে ধর্মা, তাহাই "সংযোগদ্রব্য" পদটার অর্থ
হইবে। অতএব, এই ব্যাখ্যানুসারে ইহাই আমরা ব্রিতেছি যে, যে যে ধর্মগুলি
সাম্রবদ্রব্যের সংবোগপ্রাপ্তির পক্ষে নিয়তভাবে প্রতিরোধকারী, সেই ধর্মগুলিকেই
বৈভাষিকশান্তে "প্রতিসংখ্যানিরোধ" নামে অভিহিত করা হইয়াছে।

আকাশাদি অসংস্কৃত দ্রব্য, অর্থাৎ ধর্মগুলি, সাম্রব হয় না। অসংস্কৃত দ্রব্যে ক্লেশাদি আম্রবের অনুশরন বা সমুদাচার হয় না। অতএব, ঐগুলি সাম্রবদ্রবারশে পরিগৃহীত হইবে না। সংস্কৃতধর্মের মধ্যেও মার্গস্বত্য প্রভৃতি এমন কতকগুলি ধর্ম আছে, যাহাতে কোনও ক্লেশ বা আম্রব বৃত্তিলাভ করিতে পারে না। সংস্কৃত্তর মধ্যে আবার বে ধর্মগুলি অনুংপত্তিবর্মা (সাম্রবই হউক বা অনাম্রবই হউক) তাহাদের নিরোধকে অপ্রতিসংখ্যানিরোধ বলা হইরাছে। স্কৃতরাং, ইহাই বুঝা যাইতেছে বে, অতীত, প্রত্যুৎপন্ন বা উৎপত্তিবর্মা বে আম্রবযুক্ত সংস্কৃতদ্রব্য, তাহাদের সংখোগপ্রাপ্তির নিরতপ্রতিরোধকারী ধর্মকে প্রতিসংখ্যানিরোধ বলে। অতএব, ইহাই আমরা বৃথিতেছি বে, অসংস্কৃতধর্ম্মের, অনাম্রব সংস্কৃতবর্মের ও সাম্রব-অনাম্রব-নির্বিশেষে অনুংপত্তিবর্মা। সংস্কৃতর্মের, অনাম্রব সংস্কৃতর্মের ও সাম্রব-অনাম্রব-নির্বিশেষে অনুংপত্তিবর্মা। সংস্কৃতর্মার প্রতিসংখ্যানিরোধ হয় না। যাহা উৎপন্ন হইয়া অতীত অধ্বা প্রাপ্ত ইয়াছে তাহাকে অতীত, যাহা উৎপন্ন হইয়া বর্ত্ত্মান অধ্বাকে প্রাপ্ত ইয়াছে তাহাকে প্রত্যুৎপন্ন এবং যাহা উৎপন্ন হয় নাই অথচ নিশ্চয়ই উৎপন্ন

১। সংযুক্তিযোগঃ। সংযোগায় ভব্যাণি সংযোগদ্রবাণি। সংপ্রযুদ্ধান্তে তেয়ু ইতি বা সংযোগাঃ, সংযোগান্চ তে দ্রবাণি চেতি সংযোগদ্রব্যাণি। সাত্রবন্ত্রব্যাণীতি যাবছুক্তং ভবতি। কোশস্তান ১, কা ৬, স্ফুটার্থা।

হইবে, তাহাকে উৎপত্তিধর্মা বলা হইয়াছে। আর, যাহা উৎপন্ন হর নাই এবং অগ্রে কখনও উৎপন্ন হইবে না, তাহাকে অনুৎপত্তিধর্মা বলা হইয়াছে। এই অনুৎপত্তিধর্মা সংস্কৃতদ্রব্যের যে নিরোধ, তাহাকেই অপ্রতিসংখ্যানিরোধ বলা হইয়াছে। যথাস্থানে আমরা ইহার আলোচনা করিব। প্রতিসংখ্যানিরোধের বিশেষ পরিচরের জন্ম এইস্থানে সাধারণভাবে অপ্রতিসংখ্যানিরোধের উল্লেখ করা হইল।

পূর্ব্বোক্ত প্রতিসংখ্যানিরোধ বৈভাষিক মতামুসারে ভাবভূত ধর্ম এবং ধাতু। এই বে নিরোধ, ইহা হেতু বা প্রত্যারের দারা উৎপান্ত নহে; পরস্তু, ইহা অসংস্কৃত. অর্থাৎ অন্তংপান্ত, এবং সর্বাদা বর্ত্তমান-মধ্বপ্রাপ্ত। অতীততা বা অন্তংপত্তিধর্মতা ইহাতে নাই; এবং উৎপত্তি নাই বলিরা ইহাকে প্রত্যাৎপন্নও বলা বার না। প্রতিসংখ্যানিরোধ অসংস্কৃত বলিয়া উহার আর নিরোধ হয় না। ফলতঃ উহা নিত্য ধর্ম হইল।

প্রতিসংখ্যানিরোধের কোনও সভাগহেতু নাই। কারণ, জন্ম ধর্মের, অর্থাৎ সংস্কৃত বস্তুরই, সভাগহেতু থাকা সম্ভব। প্রতিসংখ্যানিরোধ অসংস্কৃতধর্ম। প্রতিসংখ্যানিরোধ নিত্য বলিয়া বেমন ইহার কোনও সভাগহেতু নাই, তেমন ইহা নিজেও অন্ম কোন: সংস্কৃতবর্মের সভাগহেতু হর না। সংস্কৃতধর্মেই অন্ম কোনও সংস্কৃতবর্মের সভাগহেতু হইতে পারে। অপ্রতিসংখ্যানিরোধ ও অনিত্যতানিরোধ নামতঃ নিরোধ হইলেও প্রতিসংখ্যানিরোধের সহিত্ উহাদের কোনও সাদৃশ্য নাই। স্কৃতরাং, প্রতিসংখ্যানিরোধ একটা অপ্রতিসদৃশ বা অসভাগ অসংস্কৃতধর্ম। প্রতিসংখ্যানিরোধ শ্রায়বৈশেষিকাদিসম্মত অভাব পদার্থের মত সপ্রতিযোগিক ধর্ম্ম নহে; পরন্ত, ইহা ঘটপটাদি পদার্থের মতই নিপ্রতিযোগিক। আনন্তর্য্যমার্গের সাহায্যে বেমন যেমন ক্লেশের প্রহাণ বা নিস্কাসন হইবে, তেমন তেমন বিমুক্তিমার্গের দ্বারা প্রতিসংখ্যানিরোধের প্রাপ্তি

<mark>>। নিতাঃ ধা প্রতিসংখ্যানিরোধঃ। কোশস্থান ১, কা ৬, ফুটার্থা।</mark>

২। নিতাঃ খলু প্রতিসংখ্যানিরোধঃ। তন্ত কিং সভাগহেতুনা প্রয়োজনমিতাসভাগহেতুর-সভাগঃ। নান্তি সভাগহেতুরন্তেতাসভাগো বহুত্রীহিসমাসঃ। নাসো কন্তচিদিতি। নাসো প্রতিসংখ্যানিরোধঃ কন্তচিদন্তন্ত ধর্মাত্ত সভাগহেতুরিতাধিকৃতন্। কিং কারণম্, সংশ্বত এবেতি সভাগহেতুরিলতে। ঐ।

হইবে। প্রতিসংখ্যানিরোধের প্রাপ্তি হইলে আর এজাতীয় ক্লেশের সমন্বাগম বা প্রাপ্তি হইবে না।

আচার্য্য বস্থবন্ধ "পৃথক্ পৃথক্" এই কারিকাংশের দারা প্রতিসংখ্যানিরোধের নানান্থ স্বীকার করিয়াছেন। ভিন্ন ভিন্ন ক্লেশের প্রভিরোধক প্রতিসংখ্যানিরোধও ভিন্ন ভিন্নই ইইবে। অন্তপা, তঃথে ধর্মজ্ঞানের দারা প্রতিসংখ্যানিরোধের প্রাপ্তি ইইলে আর কোনও ক্লেশের সমন্বাগমের উপায় না থাকান্য সমৃদয়াদিতে ধর্মাদি জ্ঞানের প্ররোজন থাকে নাই এবং প্রতিসংখ্যানিরোধের বাঁধ পথ রুদ্ধ করিয়া থাকার সমৃদয়াদিবিষয়ক ধর্মজ্ঞানক্ষান্তি ও স্বপ্রহাতব্য ক্লেশের নিদ্ধাসনে অসমর্থ ই ইইনা পড়িবে। প্রতিসংখ্যানিরোধের সংখ্যাভেদ স্বীকার করিলে, অর্থাৎ ব্যক্তিগত ভেদ স্বীকার করিলে, আর উক্ত দোষ হয় না। কারণ, তঃখে ধর্মজ্ঞানের দারা যে প্রতিসংখ্যানিরোধ-ব্যক্তিটীর প্রাপ্তি বা সমন্বাগম ইইয়াছে, তাহা সমৃদয়ধর্মজ্ঞানক্ষান্তির দারা প্রহাতব্যক্লেরের পক্ষে প্রতিরোধক না হওয়ায় ঐ নিরোধকালেও সমৃদয়ক্ষান্তিরাধ্য ক্লেশের বহিনিদ্ধাসন এবং তজ্জাতীয় ক্লেশান্তরের সমন্বাগম সম্ভব হওয়ায়, সমৃদয়ক্ষান্তি এবং সমৃদয়ধর্মজ্ঞান সপ্রয়োজনই হইল।

প্রতিসংখ্যানিরোধ সর্বাথ্য ধর্ম নহে। যাহা শরীরেক্রিয়াদির উপচয়াপচয়ে উপচিত বা অপচিত হয়, তাহাকে "সর্বাথ্য" বলা হইয়াছে। প্রতিসংখ্যানিরোধ অসংস্কৃতধর্ম বলিয়া উহার উপচয় বা অপচয় সম্ভব হয় না। স্কৃতরাং, ইহা বৌদ্ধদর্শনানুসারে অসল্বাথ্যই হইবে। অসল্বাথ্য হইলেও বৈভাষিকমতে প্রতিসংখ্যানিরোধের প্রাপ্তি স্বীকৃত আছে। প্র

১। অন্যথা যদ্যেক ইতার্থঃ। সর্বাক্রেশনিরোধসাক্ষাংক্রিয়েতি। সমুদ্রাদিদশনভাবনাহেয়রোশনিরোধপ্রাপ্তিরিতার্থঃ। শেষরেশপ্রতিপক্ষভাবনাবৈয়র্থ্যমিতি। শেষরেশসমুদ্রাদিদর্শনভাবনাপ্রহাতব্যাক্ষকপ্রতিপক্ষমার্গোৎপাদনং নিস্তায়োজনমিতার্থঃ। কোশহান ২, কা ৬,
ফুটার্থা।

২। চক্ষুরাদয়ঃ সত্ত্বনংখ্যাতাঃ, কেশাদরো রূপীন্দ্রিয়সন্থরাঃ সত্ত্বনংখ্যাতা এব বেদিতব্যাঃ। তদকুগ্রহোপঘাতপরিশামাত্মবিধানাং। তথাহি রূপীন্দ্রিয়োপঘাতাং পানিত্যাদিবিকারঃ কেশাদীনাং দৃগ্যতে, রুসায়নোপযোগেন চাকুগ্রহাং পানিত্যাদিপ্রত্যাপত্তিরিতি। কোশস্থান ২, কা ৩৬, ক্টার্থা।

প্রতিসংগাপ্রতিসংখ্যানিরোধয়োরসন্থসংখ্যাতয়োরপি প্রাপ্তাপ্রাপ্তী ভবত: । ঐ ।

পূর্ব্বকৃথিত নিরোধের কোন রূপ, অর্থাৎ কোনও বিশেষ নীলপীতাদি বর্ণ বা সংস্থান নাই। আরূপ্যধাতৃতেও নিরোধের প্রাপ্তি হয়। স্কুতরাং, উহাতে রূপ থাকিতে পারে না। নিরোধ অরূপ হইলেও উহা আকাশের ন্যায় বিভূ হইবে না বলিরাই আমাদের মনে হয়। কারণ, বিভূর প্রাপ্তি সম্ভব হয় না। স্কুতরাং, প্রাপ্তি আছে বলিরা নিরোধের অবিভূষ স্বীকার করিতে হইবে। অবিভূষবশতঃ যদি নিরোধের কোনও আশ্রর বা আধার স্বীকার করিতে হয়, তাহা হইলে অপ্রাপ্ত অবস্থার উহা আকাশেই আশ্রিত হইবে। প্রাপ্তাবস্থার পুদ্গল বা মনকেও নিরোধের আশ্রর বলা যাইতে পারে। একজাতীয় ক্লেশের প্রতিরোধী নিরোধও পুদ্গলভেদে পৃথক্ পৃথক্ই হইবে; অন্তথা, এক পুদ্গলের নিরোধপ্রাপ্তি হইলে অন্ত পুদ্গলের ক্রিজাতীয় নিরোধের প্রাপ্তি অসম্ভব হইরা পড়িবে।

আমরা পূর্ব্বে ইহা বলিয়াছি যে, প্রতিসংখ্যা বলিতে বিমৃক্তিমার্গকে ব্নার এবং দর্শনাত্মক বিমৃক্তিমার্গের সাহায্যেই পুদ্গল প্রতিসংখ্যানিরোধের দারা সমন্বাগত হয়। উক্ত দর্শন সর্ব্বথা নির্ব্বিচিকিৎস, অর্থাৎ নিঃসন্দিগ্ধ, এবং উহার দ্বারা লভ্য বলিয়াই আলোচ্য নিরোধকে প্রতিসংখ্যানিরোধ নামে অভিহিত করা হইয়াছে।

যশোমিত্র "তুঃখাদীনামার্য্যসত্যানাং যথ প্রতিসংখ্যানং প্রজ্ঞাবিশেষস্তেন প্রজ্ঞাবিশেষণ প্রাপ্তথা নিরোধ ইতি প্রতিংখ্যানিরোধঃ" এই ভাষ্যপংক্তি উদ্ধৃত করিয়া "প্রজ্ঞাবিশেষ" এই কথাটীর অর্থরূপে আনন্তর্যামার্গকে, অর্থাৎ ক্ষান্তিকে, গ্রহণ করিয়াছেন। "প্রজ্ঞাবিশেষ" কথাটীর যশোমিত্রক্ষিত ব্যাখ্যা সঙ্গত হয় নাই বলিয়াই আমাদের মনে হয়। কারণ, অত্যে ষঠকোশস্থানের ব্যাখ্যাম ইহা বলা হইবে যে, প্রজ্ঞাস্বভাব হইলেও আনন্তর্য্যমার্গ, বা ক্ষান্তি, সর্ব্বথা নির্বিচিকিৎস নহে — উহার দ্বারা ক্লেশের প্রহাণ বা নিক্ষাসনই হয়; উহার দ্বারা নিরোধপ্রাপ্তি হয় না। বিমৃক্তিমার্গ, অর্থাৎ তঃখসত্যে, ধর্ম্ম বা অয়য়জ্ঞানই সর্ব্বথা নির্বিচিকিৎস এবং উহার দ্বারাই নিরোধের প্রাপ্তি হয়।

^{›।} প্রজাবিশেষ ইতি বিশেষগ্রহণং কেশপ্রহাণানন্তর্যামার্গপ্রজাগ্রহণার্থম্। কোশস্থান ১, কা ৬, স্ফুটার্থা।

অপ্রতিসংখ্যানিরোধ

নিরোধ অভাবাত্মক নহে এবং বৈভাষিকমতে উহা যে একপ্রকার প্রতিরোধ-কারী ধর্ম বা ধাতু, ইহা আমরা পূর্বেই জানিয়াছি। স্কুতরাং, আমাদের আলোচ্য নিরোধও অভাবাত্মক নহে; পরন্তু, উহা একটা ধর্ম বা ধাতু। "ন প্রতিসংখ্যয়া প্রাপ্যো নিরোধঃ অপ্রতিসংখ্যানিরোধঃ" এইরূপ ব্যুৎপত্তি করিলে পূর্ব্বোক্ত প্রতিসংখ্যার দ্বারা যাহাকে পাওয়া যায় না, এমন নিরোধই অপ্রতিসংখ্যানিরোধ रुटेर्द । এইমাত্র বলিলে প্রতিসংখ্যানিরোধে লক্ষণের অব্যাপ্তি না रुटेलেও অনিতাতানিরোধে অতিবাাপ্তি থাকিয়াই যাইবে। কারণ, অনিতাতানিরোধের প্রাপ্তিও প্রতিসংখ্যার দারা হয় না।। এই কারণেই লক্ষণবাকো "উৎপাদাত্যস্ত-বিদ্রঃ" পদটীর প্রয়োগ করা হইরাছে। যাহা সংস্কৃতধর্শ্বের উৎপত্তির আত্যস্তিক-ভাবে প্রতিরোধ করে, অথচ প্রতিসংখ্যার দ্বারা প্রাপ্য নহে, এমন নিরোধই অপ্রতিসংখ্যানিরোধ হইবে। এক্ষণে আর অনিত্যতানিরোধে লক্ষণের অতিব্যাপ্তি হইবে না। কারণ, অনিত্যতানিরোধ উৎপত্তির প্রতিরোধক নহে; পরন্ত, উহা সংস্কৃতধর্ম্মের স্থিতিরই প্রতিরোধক। উক্ত প্রতিরোধ বা নিরোধ থাকার জ্মাই সংস্কৃত্যশাগুলি স্থিতিলাভ করিতে পারে না; উৎপত্তির পরক্ষণেই অতীতাবস্থা প্রাপ্ত হয়। আর, এই অনিত্যতানিরোধ স্বীকৃত হওয়াতেই বৈভাষিক-মতেও সংস্কৃতধর্মগুলি সবই ক্ষণিক বলিয়া গৃহীত হইয়াছে। "সংস্কৃতধর্মের উৎপত্তির আত্যন্তিকভাবে প্রতিরোধক যে নিরোধ" এইরূপ না বলিয়া ইহার স্থলে "যাহা সংস্কৃতধর্ম্মের উৎপত্তির প্রতিরোধক এবং প্রতিসংখ্যার দ্বারা প্রাপ্য নহে, তাহাই অপ্রতিসংখ্যানিরোধ" এইরূপ বলিলে অসংজ্ঞিকতাতে অথবা নিরোধসমাপত্তিতে লক্ষণের অতিব্যাপ্তি হইবে। ঐ অতিব্যাপ্তির পরিহারার্থে ই <mark>লক্ষণবাক্যে "আত্যস্তিকভাবে" এই কথাটীর প্রয়োগ হইয়াছে।</mark>

বৈভাষিকশাস্ত্রে প্রাণীর আবাসস্থান বিস্তৃতভাবে কথিত হইয়াছে। তাহাতে

>। উৎপাদগ্রহণমনিত্যতানিরোধবুদাসার্থাম অনিত্যতানিরোধো হি ধর্মস্থিতেরতান্ত-বিল্লোন ধর্মোৎপাদন্ত। কোশস্থান ১, কা, ৬, ক্ষুটার্থা।

২। অত্যন্তগ্রহণমসংজ্ঞিনিরোধসমাপত্তাসংক্ষিব্যুদাসার্থম্। তানি হি অনাগতানাং চিত্রচৈত্তানামুংপাদবিছো ন হত্যন্তম্। তাবংকালিকছাত দ্বিদ্বভাবস্থা। ঐ।

দোবে দুষ্ট হইরা যাইবে। স্থতরাং, লক্ষণবাক্যে তৃতীয় "নিরোধ" কথাটা প্রযুক্ত হইরাছে। আমরা ঐ অতিব্যাপ্তি অনায়াসেই ব্নিতে পারি। কারণ, ঘটাত্মক বে ধর্মটা, তাহা প্রতিসংখ্যানিরোধও নহে এবং তাহা অনিত্যতানিরোধও নহে। অতএব, আমরা উক্ত দিবিধ নিরোধ হইতে ভিন্ন বস্তুরূপে ঘটকেও অবশুই গ্রহণ ক্রিতে পারি।

এইভাবে আমরা প্রতিসংখ্যানিরোধের এবং অনিত্যতানিরোধেরও লক্ষণ করিতে পারি। যাহা অপ্রতিসংখ্যানিরোধও নহে এবং যাহা অনিত্যতানিরোধও নহে, অথচ নিরোধ, তাহাই প্রতিসংখ্যানিরোধ এবং যাহা প্রতিসংখ্যানিরোধ নহে এবং অপ্রতিসংখ্যানিরোধও নহে, অথচ নিরোধ, তাহাই অনিত্যতানিরোধ হইবে।

এই প্রণালীর লক্ষণগুলি ইতরব্যাবর্ত্তকরূপে নির্দোষ হইলেও এইজাতীর <mark>লক্ষণের দ্বারা যথাযথভাবে বস্তুর, অর্থাৎ লক্ষ্যের, স্বরূপপরিচয় হয় না। কারণ,</mark> মানুষ সাধারণতঃ তাহার অজ্ঞাত বস্তু সম্বন্ধে কার্য্যকারিতার দ্বারাই পরিচয় লাভ করে এবং কার্য্যকারিতা না জ্বানিলে বস্তকে ঠিক ঠিক জানিতে পারিল না <mark>র্বালিয়াই মনে করে। স্থতরাং, যে নিরোধ সাস্রববস্তুর প্রাপ্তিকে নিয়তভাবে প্রতি-</mark> রোধ করে এবং অনাস্রবপ্রজ্ঞার সাহায্যে মানুষ যাহাকে প্রাপ্তঃ হয়, তাহাই প্রতিসংখ্যানিরোধ। প্রতিসংখ্যার দারা প্রাপ্য বলিরাই ইহাকে প্রতিসংখ্যা-নিরোধ বলা হয়। অতীত, প্রত্যুৎপন্ন বা উৎপত্তিধর্মা বস্তুরই প্রাপ্তি হইতে পারে; অন্তংপত্তিধর্মা বস্তুর আদে উৎপত্তি হর না বলিয়া তাহার প্রাপ্তিও সম্ভব হর না। আনস্তর্য্যার্গের দারা ক্লেশের নিষাসনের পরে বিমুক্তিমার্গের সাহায্যে এই নিরোধের প্রাপ্তি হয়। স্থতরাং, আমরা ইহা স্পষ্টই বুঝিতে পারিতেছি যে, প্রতিসংখ্যানিরোধ পদার্থটী বৈভাষিকমতানুসারে প্রথমতঃ সাম্রবংর্দেরই নিরোধ; মার্গসত্যাদিরূপ অনাম্রব সংস্কৃতধর্ম্মের যে নিরোধ, তাহা প্রতিসংখ্যা-নিরোধ হইবে না। অনাস্রবধর্ম কখনও প্রহাতব্য হয় না। আর, আমরা ইহাও ব্ঝিতেছি যে, উক্ত নিরোধ অমুৎপত্তিগর্মা বস্তর সম্বন্ধী হয় না। স্কুতরাং, প্রতিসংখ্যানিরোধের ইহাই প্রকৃষ্ট পরিচয় হইতেছে যে, অতীত, প্রত্যুৎপন্ন অথবা উৎপত্তিবৰ্দ্ধা সাম্রববস্তুর প্রাপ্তির প্রতি আত্যস্তিক বিল্লকারী নিরোধই প্রতিসংখ্যা-নিরোধ এবং বিমৃত্তিমার্গরূপ অনাম্রবপ্রজ্ঞার দারাই উহার প্রাপ্তি হয়।

উৎপত্তির অত্যন্ত বিদ্নকারী যে নিরোধ, তাহাই অপ্রতিসংখ্যানিরোধ।

অতীত, প্রত্যুৎপন্ন বা উৎপত্তিধর্মা যে বস্তুগুলি, তাহাদের মধ্যে প্রথম ও বিতীরের উৎপত্তি হইরা গিয়াছে এবং তৃতীরেরও আগামীকালে উৎপত্তি হইবেই। স্মৃতরাং, উহাদের উৎপত্তি আত্যন্তিক ভাবে বিদ্নিত হইতে পারে না। যে বস্তুর উৎপত্তি আদে হইবেই না, এমন সংস্কৃতধর্ম্মের উৎপত্তিই আত্যন্তিকভাবে বিদ্নগ্রন্ত হয়। অসংস্কৃতধর্মের উৎপত্তি কল্পনামও আসে না। স্মৃতরাং, ইহাই অপ্রতিদংখ্যানিরোধের প্রকৃষ্ট পরিচন্ন যে, অমুংপত্তিধর্মা সংস্কৃতবন্তর (উহা সাম্রব বা অনাম্রব যাহাই হউক না কেন) উৎপত্তির প্রতি আত্যন্তিকভাবে বিদ্নকারী নিরোধই অপ্রতিসংখ্যানিরোধ। আর সংস্কৃতধর্মের স্থিতির অত্যন্তবিদ্নকারী নিরোধই স্মৃত্যতানিরোধ হইবে।

আমরা এক্ষণে হুই একটা দৃষ্টান্তের দ্বারা উক্ত অপ্রতিসংখ্যানিরোধের বিবরণ প্রদান করিতেছি। ইহাতে অপ্রতিসংখ্যানিরোধের স্বরূপজ্ঞানে অধিকতর সহায়তা করিবে। যে স্ক্রেক্ষণে কোনও একটা পুদ্গলের মন এবং চক্লুরিন্ত্রিয় একটা বিশেষ রূপব্যক্তির সহিত সংশ্লিষ্ট রহিয়াছে, সেই ক্ষণটাতে উক্ত পুদ্গলের উক্ত রূপব্যক্তিবিষয়ে একটীমাত্র চাক্ষ্মবিজ্ঞানই উৎপন্ন হয়; উক্তক্ষণে তাহার আর অপর কোনও বিজ্ঞান হয় না। অবকাশ থাকে না বলিরাই একসস্তানে একক্ষণে একাধিক বিজ্ঞান সমুৎপন্ন হইতে পারে না। ইহা বৈতাধিক সিদ্ধান্ত যে, একটা বিজ্ঞানব্যক্তির দ্বারা সমাক্রান্তক্ষণে অন্তংপত্তিধর্মা অপরাপর বিজ্ঞানের যে অনুৎপত্তি তাহা অপ্রতিসংখ্যানিরোধের কল।

কোনও একটা বিজ্ঞানের উৎপত্তিক্ষণে উক্ত বিজ্ঞানব্যক্তির অবিষয় অতীতরূপ বা প্রেষ্টব্যাদিধর্ম অবলম্বনে অপর চাক্ষ্মাদিবিজ্ঞানের অন্তংপত্তির কারণ এই যে, উক্ত বিষয়গুলি অতীত অধ্বাকে প্রাপ্ত হইয়া গিয়াছে এবং চাক্ষ্মাদি বিজ্ঞানের বর্ত্তমান ধর্মাই আলম্বন হয়। স্থতরাং, আলম্বনপ্রত্যয়ের বিকলতাবশতঃই উক্তক্ষণে অক্সরূপাদিবিষয়ে অপর কোন চাক্ষ্মাদিবিজ্ঞান সমুৎপন্ন হইবে না। উক্ত

 [।] অনাগতানাং ধর্মাণামুংপাদস্তাত্যস্তং বিদ্বোহতাস্তবিদ্বোহতাস্তনিয়তরোধঃ অন্তঃ ইতি
 অপ্রতিসংখ্যানিরোধঃ। কোশস্থান ১, কা ৬, ক্টার্থা।

২। নহি তে পঞ্চ বিজ্ঞানকায়া অতীতং বিষয়ং স্বালম্বনমপি শক্তা প্রহীতুং বর্ত্তমানালম্বনমণে পঞ্চানাং বিজ্ঞানকায়ানাম্। সতেষামপ্রতিসংখ্যানিরে।ধঃ প্রত্যর্থবিকল্যাৎ প্রাপ্যতে। আলম্বনপ্রত্যর্থবিকল্যাৎ। ঐ।

বিজ্ঞানব্যক্তির বর্ত্তমানফণে বর্ত্তমান অধ্বাকে প্রাপ্ত যে রগ বা প্রপ্তব্যাদিরূপ অপরাপর আলম্বন, তিরিবরেও উক্তক্ষণে অপর কোনও ম্পার্শনাদিবিজ্ঞান সম্ৎপন্ন হর না।
উক্ত বিষয়গুলি বিভামান গাকিলেও সমনস্তরপ্রত্যায়ের বিকলতাবশতঃই উক্তক্ষণে ম্পার্শনাদিবিজ্ঞানের উৎপত্তি হইতে পারে না। বাস্তবিকপক্ষে যে চাক্ষ্ব বিজ্ঞানটা উক্তক্ষণে সম্ৎপ্র হইরাছে, তাহার অব্যবহিতপূর্ব্ববর্ত্তী এবং তৎসন্তানপতিত বিজ্ঞানব্যক্তিই উহার সমনস্তরপ্রতায় হইবে। উহা, অর্থাৎ সমনস্তরপ্রতায়টা, অগ্রে একটামাত্র চাক্ষ্ববিজ্ঞানকেই উৎপন্ন হইবার নিমিত্ত অবকাশ প্রদান করিবে। মতরাৎ, ইহা ব্রা গেল যে, সমনস্তরপ্রত্যায়র বৈকলাবশতঃই বর্ত্তমান প্রইব্যাদি আলম্বনেও অন্ত কোন ম্পার্শনাদিবিজ্ঞান উৎপন্ন হইতে পারিবে না। অতএব বৈভাবিক সিদ্ধান্তান্ত্রসারে ইহাই প্রমাণিত হইতেছে যে, উক্তক্ষণে অপ্রতিসংখ্যানিরোধই অন্তংপত্তিধর্মা বিজ্ঞানগুলির সম্ৎপত্তিতে আত্যন্তিকভাবে বিন্নসৃষ্টি করিয়াছে এবং তজ্জন্তই অন্ত বিজ্ঞানগুলির সম্ৎপত্তিতে আত্যন্তিকভাবে বিন্নসৃষ্টি

বৈভাষিক্ষতে ইহাও দিদ্ধান্তিত আছে যে, যাঁহারা ক্ষান্তিলাভী অর্থাৎ যে সকল পুশ্গল ধর্মজ্ঞানক্ষান্ত্যাদিরপ আনন্তর্য্যমার্গে অভ্যন্ত, অথবা স্রোভ-আপন্ন যে আর্য্য পুদ্গলং তিনি বদি মৃত্-ইন্দ্রির হন, তাহা হইলে তাঁহাকে "শ্রন্ধান্ত্রনারী", আর বদি তীক্ষ-ইন্দ্রির হন, তাহা হইলে তাঁহাকে "ধর্মান্ত্রসারী" বলা হয়।

শ্রদ্ধান্ত্রসারী বা ধর্মান্ত্রসারী আর্য্য পূদ্গল যদি ভাবনাহের সাম্রব ধর্মগুলিকে
১। সমনস্তরপ্রভারবৈকল্যাদিত্যপরে। সমনস্তরপ্রত্যয়ো হি তদানীং চিত্তিচ্তলক্ষণঃ
একল্যৈব তপ্ত নীলবিজ্ঞানস্ত উৎপত্তের্গ অবকাশং দদাতি নেতরেষাং নীলাস্তরাদিবিজ্ঞানানাম্।।
কোশস্থান ১, কা ৬, স্ফুটার্থা।।

২। যিনি পঞ্চৰশক্ষণাত্মক দর্শনমার্গে বিচরণ করেন, তিনিই আর্ণ্যপূর্ণল। নিমলিথিত পঞ্চদশক্ষণকে দর্শনমার্গ বলা হইয়াছে—হুংখে ধর্মজ্ঞানক্ষান্তি (১) ছুংখে ধর্মজ্ঞান (২) ছুংখে অবয়জ্ঞানক্ষান্তি (২) ছুংখে অবয়জ্ঞানক্ষান্তি (২) ছুংখে অবয়জ্ঞান (৬) সমূদ্যে ধর্মজ্ঞানক্ষান্তি (২) সমূদ্যে অবয়জ্ঞানক্ষান্তি (৭) সমূদ্যে অবয়জ্ঞান (৮) নিরোধে ধর্মজ্ঞানক্ষান্তি (৯) নিরোধে ধর্মজ্ঞানক্ষান্তি (১০) নিরোধে অবয়জ্ঞানক্ষান্তি (১০) মার্গে ধর্মজ্ঞানক্ষান্তি (১০) মার্গে ধর্মজ্ঞানক্ষান্তি (১০) মার্গে ধর্মজ্ঞানক্ষান্তি (১০) মার্গে ধর্মজ্ঞান

ত। "অনৃষ্টদৃষ্টে দু (জ্নাগন্তিক পঞ্চনশক্ষণাঃ। মৃত্তীক্ষেন্তিরে তের্ একাধর্মানুসারিশৌ। কোশস্থান ৬, কা ২৮-২৯॥

পরিত্যাগ না করিয়া থাকেন, তাহা হইলে ঐ দ্বিধি আর্য্যপুদ্গলকেই "শ্রোভআপন্ন" নামে অভিহিত করা হইয়া থাকে। ইহারা নির্বাণনদীর শ্রোতে
প্রবেশ করিয়াছেন বলিয়া ইহাদিগকে "শ্রোত-আপন্ন" বলা হয়।

পূর্ব্বোক্ত ক্ষান্তিলাভী এবং স্লোত-আপন্ন আর্য্যপুদ্গলসমূহের আর অপারগতি হর না, অর্থাৎ ইহাদের আর আগামিকালে প্রেত বা তির্য্যক্ প্রভৃতি যোনিতে পরিভ্রমণ করিতে হর না। এই যে অনুৎপত্তিধর্মা অপারগতি, ইহার উৎপত্তির অত্যন্ত বিম্নকারী নিরোধকে বৈভাষিকমতামুসারে অপ্রতিসংখ্যানিরোধ বলা হয়। যদিও উক্ত অপারগতিরপ ধর্মগুলি সাম্রব হওয়ার প্রহাতব্য ধর্ম ; অতএব, পূর্ব্বোক্ত দর্শনমার্থ থাকায় প্রহাণানন্তর উহাদের প্রতিসংখ্যানিরোধই কল্লিতপ্রায় হইতে পারে ইহা সত্য; তথাপি উক্ত নিরোধ প্রতিসংখ্যানিরোধ হইবে না। কারণ, উৎপত্তির বিম্নকারী নিরোধকে কখনও প্রতিসংখ্যানিরোধ বলা যায় না; প্রাপ্তির বিরোধী হইলেই তাহা প্রতিসংখ্যানিরোধ নামে আখ্যাত হইবে। স্কুতরাং, প্রদর্শিত নিরোধ অপ্রতিসংখ্যানিরোধ নামেই অভিহিত হইবে।

পূর্ব্বে যে আমরা প্রত্যয়ের বৈকলাবশতঃ অপ্রতিসংখ্যানিরোধের প্রাপ্তির কথা বলিয়াছি, তাহা যশোমিত্র অস্বীকার করিয়ছেন।° কারণ, প্রত্যয়ের অভাবরূপ যে প্রত্যয়বৈকল্য, বৈভাবিকমতে তাহার প্রাপকত্ব স্বীকৃত হইতে পারে না। পূর্ব্বোক্ত ধর্মগুলির অন্তংপত্তিধর্মতাই জ্বানাইয়া দিতেছে যে, উহাদের উৎপাদ অত্যন্ত বিদ্বিত। অতএব, উৎপাদের আত্যন্তিক বিম্নকারী যে অপ্রতিসংখ্যানিরোধ, তাহার প্রাপ্তি ভিন্ন ভিন্ন স্থলে ভিন্ন কারণে হইয়া থাকে। যেমন পূর্ব্বোক্তস্থলে দর্শনমার্গের প্রাপ্তির ফলে উহার প্রাপ্তি হইয়াছে, এইপ্রকারে অন্তান্তস্থলেও

^{)।} অহীনভাবনাহেয়ো ফলাগ্যপ্রতিপন্নকো। প্রথমফলং স্রোতআপারফলন্। কোশস্থান ৬, কা ২৮-২৯।

২। অপ্রতিসংখ্যানিরোধমেবাভিসন্ধায় প্রোত্তআপন্নং পুদ্ধলমধিকৃতা উক্তং ভগবতা, নিরুদ্ধা অস্ত নরকৃতির্যাঞ্চঃ প্রেতা ইতি। তদেবংজাতীয়কানামনাগতধর্মাণাং প্রত্যয়বৈকলাং প্রতিসংখ্যামন্তরেণ উংপাদন্ত নিয়তরোধভূতো যো ধর্ম্ম সোহপ্রতিসংখ্যানিরোধ ইত্যুচাতে। কোশস্থান ১, কা ৬, ক্ষুটার্থা।

 [।] ন প্রত্যয়
বৈকলামাত্রাদতায়ং তদক্ৎপত্তিয়পপদ্যতে। প্রস্কাতীয়প্রতায়দারিখে
তর্পত্তিপ্রসয়াৎ। ঐ।

অপ্রতিসংখ্যানিরোধের প্রাণককে নিজ প্রজ্ঞানুসারে ব্রিয়া লইতে হইবে।
কল কথা এই বে, বে নিরোধটী আগামিধর্মের উৎপাদের অত্যন্ত বিম্নকারী, তাহা
হুলবিশেষে প্রতিসংখ্যার দ্বারা প্রাণ্য হইলেও উহা প্রতিসংখ্যানিরোধ হইবে
না; পরস্কু, অপ্রতিসংখ্যানিরোধই হইবে। প্রতিসংখ্যার দ্বারা প্রাণ্য হইলেই
তাহা প্রতিসংখ্যানিরোধ হইবে, এইরূপ ব্রিলে বৈভাধিক্ষভানুসারে উহা ভ্রম
হইবে। অতীত, প্রত্যুৎপন্ন অথবা উৎপত্তিধর্মা সাম্রবধর্মের বে নিদ্যাসনপূর্বকে
নিরোধ, যাহার কলে ঐগুলির আর প্রাপ্তি হইবে না, তাহাই প্রতিসংখ্যানিরোধ।
এই নিরোধের প্রাপ্তি প্রতিসংখ্যা ব্যতিরেকে হয়না — ইহাই "প্রতিসংখ্যানিরোধ"
এই নামটীর দ্বারা স্থান্তি হইয়াছে।

সত্তংপত্তিধর্মা যে অনাশ্রব সংস্কৃতধর্ম, স্থলবিশেষে তাহাদেরও অপ্রতিসংখ্যানিরাধ বৈভাষিকসিদ্ধান্তে স্বীকৃত হইরাছে। অনাগামী আর্য্যপূদ্গলগণের মধ্যে কেহ কেহ যে ভূমিলাভ কবেন সেই ভূমিতেই পরিনির্ম্বাণ প্রাপ্ত হন; তাঁহাদের উর্দ্ধ উর্দ্ধ ভূম্যন্তরপ্রাপ্তি আবশ্যক হর না। এই যে অপ্রাপ্ত উর্দ্ধভূমি-গুলি, ইহারা অনাশ্রবধর্ম বলিরাই শাস্ত্রে কীর্ভিত হইয়াছে। উক্ত অনাগামী আর্য্যপূদ্গলগণ অপ্রতিসংখ্যানিরোধ প্রাপ্ত হন বলিরাই আগামী উর্দ্ধভূমিগুলি আর তাঁহারা লাভ করিতে পারেন না'।

ুত্বাৎ, পূর্বে আমরা যে স্রোত-আপরের কথা বলিয়াছি, সেই নির্বাণগদার প্রবাহস্থ পুরুষই অনাগামী অবস্থা লাভ করেন, যথন তিনি সর্বাধিধ ক্লেশকে, অর্থাৎ নৃষ্টিহেয় ও ভাবনাহেয়, এই দ্বিবিধ ক্লেশকে, ত্যাগ করিতে সমর্থ হন এবং কামাদি ধাতুতে বিরক্ত থাকেন। প্রক্ষীণক্লেশ এ পুদ্গলকে শাস্ত্রামুসারে "অনাগামী" সংজ্ঞায় অভিহিত করা হয়। এই অনাগামী সংজ্ঞায় অভিহিত প্র্দৃগলগুলিকে আবার পাঁচ ভাগে বিভক্ত করা হইয়াছে ঃ—"অন্তরাপরিনির্বায়ী", "উপপছপরিনির্বায়ী", "মাভিসংশ্বারপরিনির্বায়ী", "অনভিসংশ্বারপরিনির্বায়ী"

১। "তদ্ যথা অনুংপত্তিধর্মাণামনাস্রবসংস্কৃতানান্"। কোশস্থান ১, কা ৬, বহুবর্কুত ভান্ত (ক্টার্থায় উক্ত)। তদ্ যথা বড়ভূমিকানাগামাধানাস্তরধ্যানভূমিকানাং শ্রদ্ধান্দ্রমার্থাণামেকবিন্ সন্মুখীভূতে শেষাণাং পঞ্চানামপ্রতিসংখ্যানিরোধো লভ্যতে। ন্তু প্রতিসংখ্যানিরোধোংনাস্ত্রতাং। নহি নির্দ্ধোষং প্রহাণার্থং ভবতি। কোশস্থান ১, কা ৬।

ও ভির্মান্তা"। ইংগদের মধ্যে যিনি অন্তরাপরিনির্ব্বারী নামে অভিহিত, তিনি অন্তরাভবলোকেই স্থীর পরিনির্ব্বাণ প্রাপ্ত হন; অপর কোন ভূমির লাভ তাঁহার পক্ষে আবশুক হর না। ঐ অন্তংপত্তিধর্মা অনাস্রব ভূমিগুলি তাঁহার পক্ষে আর উৎপন্ন হইতে পারে না। কারণ, অপরাপর ঐ সকল ভূমির অপ্রতিসংখ্যানিরোধ তিনি প্রাপ্ত হইন্নাছেন। অন্তরাপরিনির্ব্বারী আর্য্যপুদ্গল যদিও পূর্ব্বোক্ত দর্শনমার্গরূপ প্রতিসংখ্যার সাহায্যেই উক্ত ভূমিনিরোধ প্রাপ্ত হইন্নাছেন ইহা সত্য, তথাপি ঐ নিরোধকে আমরা প্রতিসংখ্যানিরোধ বলিতে পারি না। কারণ, প্রথমতঃ উহা সাম্রবধর্ম্বের নিরোধ নহে। দ্বিতীয়তঃ উহা অন্তংপত্তিরম্বা যে অগ্রিম ভূমিগুলি, তাহাদের নিরোধ। অতএব, প্রতিসংখ্যার দ্বারা প্রাপ্ত হইনেও উহা অপ্রথতিসংখ্যানিরোধই হইবে।

যিনি কামধাতৃতে আনাগাম্যকল প্রাপ্ত হইয়া পুনরায় অন্তর্যাভবপূর্বক ঐ কামধাতৃতেই জন্মগ্রহণ করেন এবং ঐ দিতীয় জন্মেই পরিনির্ব্বাণপ্রাপ্ত হন, তাঁহাকে উপপালপরিনির্ব্বারী সংজ্ঞায় অভিহিত করা হইয়াছে। ইনিও অন্তান্ত আগামী উর্দ্বোর্দ্ধভূমির অপ্রতিসংখ্যানিরোধ প্রাপ্ত হইয়া থাকেন। মিনি কামধাতৃতে আনাগাম্য লাভ করিয়া পুনর্ব্বার কামবাতৃতে জন্মিয়া প্রয়াণে, অর্থাৎ মৃত্যুর পরে, পরিনির্ব্বাণ লাভ করেন, তাঁহাকে সাভিসংস্কারপরিনির্ব্বায়ী সংজ্ঞায় অভিহিত করা হইয়াছে। ইনিও আগামী উর্দ্বোর্দ্ধভূমিয় অপ্রতিসংখ্যানিরোধ প্রাপ্ত হইয়া থাকেন। যিনি কামধাতৃতে আনাগাম্য প্রাপ্ত হইয়া প্রবজ্বান্তর ব্যতিরেকেই ঐ কামধাতৃতেই নির্ব্বাণলাভ করেন, তাঁহাকে অনভিসংখ্যানিরোধ প্রাপ্ত হন। যিনি রূপ বা আরূপ্যধাতৃতে আনাগাম্য প্রাপ্ত হইয়া আর কামধাতৃতে ফিরিয়া আসেন না; পরস্ক, উর্দ্বোর্দ্ধলোক প্রাপ্ত হইয়া পরিনির্ব্বাণ প্রাপ্ত হন, তাঁহাকে উর্ক্বপ্রোতা নামে অভিহিত করা হইয়াছে। এই উর্ক্বপ্রোতাদের তৎকালে অন্ত সকল ভূমিয় অপ্রতিসংখ্যানিরোধের প্রাপ্তি হয় না।

উক্ত উৰ্ধ্বশ্ৰেতোগণ প্ৰথমতঃ হুই ভাগে বিভক্ত — "অকনিষ্ণগ" ও "ভবাগ্ৰগ"। বাঁহারা অকনিত্ব পর্যান্ত উৰ্ধ্ব উৰ্ধ্ব লোকগুলি পরিভ্রমণ করিয়া পরে নির্ব্বাণ প্রাপ্ত হন, তাঁহাদিগকে অকনিষ্ণগ নামে এবং বাঁহারা শেষ উৰ্ধ্বভূমি ভবাগ্ৰ লাভ করিয়া ঐ ভবাগ্ৰেই নির্ব্বাণ লাভ করেন, তাঁহাদিগকে ভবাগ্ৰগ সংজ্ঞায় অভিহিত করা হইরাছে। এই ভবাগ্রগগণ আর কোনও উর্ন্নভূমিরই অপ্রতি-সংখ্যানিরোধ প্রাপ্ত হন না। কারণ, ইংহারা সকল ভূমিই প্রাপ্ত হইরা পরে সর্ব্বোর্নভূমি যে ভবাগ্র, তাহাতে নির্ব্বাণ লাভ করেন।

রূপধাতৃত্ব পুদ্রল অন্তরাপরিনির্ব্বারী বা উপপত্যপরিনির্ব্বারী হইতে পারেন।

যিনি রূপধাতৃতে আনাগাম্য ফল লাভ করিয়া অন্তরাভবে পরিনির্ব্বাণ প্রাপ্ত হন,

তিনি প্রথম ও যিনি ঐ রূপধাতৃতে আনাগাম্য ফল লাভ করিয়া পুনরার অন্তরাভবপূর্ব্বক কামধাতৃ বা রূপধাতৃতে জন্মিয়া ঐ জন্মেই নির্ব্বাণলাভ করেন, তিনি

দিতীয়। যিনি কামধাতৃতে আনাগাম্য ফল প্রাপ্ত হন, তিনি আর অন্ত পাতৃতে

জন্মিবেন না। তিনি হয় অন্তরাভবে, না হয় পুনরায় কামধাতৃতে, প্রত্যাবৃত্ত

হইয়া নির্ব্বাণপ্রাপ্ত হইবেন।

ভূতীর পরিচ্ছেদ

রপন্ধন

অনাস্রবধর্মের, অর্থাৎ তত্ত্ব (বা পদার্থের) নিরূপণ পরিসমাপ্ত হইরাছে। সম্প্রতি আমরা সাস্রবধর্মের নিরূপণ করিব। পদার্থ ছই প্রকার — সাস্রব ও অনাস্রব। প্রথমতঃ বৈভাষিকশান্ত্রে, অর্থাৎ অভিধর্মকোশে, উক্তর্নপে পদার্থের বিবেচন বা প্রবিচয় আরক হইরাছে'। বস্তুবন্ধু স্বোপজ্ঞ ভাষ্যগ্রন্থে উক্ত বিভাগকেই পদার্থের সংক্ষিপ্তবিভাগ বা "সমাসনির্দেশ" বলিয়াছেন'। পদার্থগুলি হয় সাস্রব হইবে, না হয় অনাস্রব হইবে। জগতে এমন কোনও ধর্ম নাই, যাহা উক্ত বিভাগদ্বরের কোনও বিভাগেই অন্তর্ভুক্ত হইবে নাও। কারণ, সাস্রবন্ধ ও অনাস্রবন্ধ ইহারা পরম্পর বিরুদ্ধ হওয়ায় তৃতীয় পক্ষ সম্ভব হয় না। স্কুতরাং, প্রদর্শিত বিভাগে ন্যুনতাদোষ নাই।

আমরা বৌদ্ধনিদ্ধান্তের অমুসরণ করিয়া অন্ত প্রণালীতেও পদার্থগুলিকে তুই ভাগে বিভক্ত করিতে পারি। পদার্থ দিবিধ — "সংস্কৃত" ও "অসংস্কৃত" । যে ধর্মগুলি হেতু বা প্রত্যয়ের দারা সমুৎপন্ন হয়, তাহারা সংস্কৃত নামে ' এবং যে ধর্মগুলি হেতু বা প্রত্যয়ের দারা সমুৎপন্ন নহে তাহারা অসংস্কৃত নামে অভিহিত হইয়া থাকে। অতএব, ইহা বৃঝা যাইতেছে যে, যে ধর্মগুলি সহেতুক বৈভাষিকশাস্ত্রে সেই পদার্যগুলিকে সংস্কৃত বলা হইয়াছে। মার্গসত্য ভিন্ন জগতে অবশিষ্ট যত সংস্কৃতধর্ম আছে, সেই ধর্মগুলি সবই সাম্রব নামে অভিহিত হইবে । অসংস্কৃতধর্ম আছে, সেই ধর্মগুলি সবই সাম্রব নামে অভিহিত হইবে । অসংস্কৃতধর্ম

১। সাম্রবানাপ্রবা ধর্মা। কোশস্থান ১, কা ৪।

र। এव मर्व्वधर्मानाः ममामनिट्यनः। ঐ, कृतार्था।

৩। এতাৰস্তো ধৰ্ম্মা যহুত সাম্ৰবাশ্চানাম্ৰবাশ্চ। নৈতন্মতিরিক্তা ধৰ্মাঃ সন্তি। ঐ।

৪। অন্তেহপি সমাসনির্দেশাঃ সন্তি, সংস্কৃতাসংস্কৃতাঃ, রপারপেণঃ, সনিদর্শনানিদর্শনা
 ইত্যেবমাদয়ঃ। ঐ।

^{ে।} হেতুপ্রতায়জনিতা রূপাদয়ঃ সংস্কৃতাঃ। ঐ।

৬। সংস্কৃতা মাৰ্গবৰ্জিতাঃ দাস্ৰবাঃ। কোশস্থান ১, কা ৪।

(মর্থাৎ বৈভাষিকশাস্ত্রে নিত্য বলিরা স্বীকৃত যে, আকাশ, প্রতিসংখ্যানিরোধ ও জম্প্রতিসংখ্যানিরোধ এই তিনটা পদার্থ, ইহারা) কথনও সাম্রব হয় না। সংস্কৃত (মর্থাৎ সহেতুক) হইলেও বৌদ্ধশাস্ত্রে যে সকল পদার্থকে মার্গসত্য নামে অভিহিত করা হইরাছে, তাহারা সাম্রব নামে ক্ষিত হইবে না। অতএব, ইহা বুঝা যাইতেছে যে, মার্গসত্য এবং নিত্যপদার্থ ছাড়া অবশিষ্ঠ যত পদার্থ আছে, তাহারা সকলেই সাম্রব নামক বিভাগে অন্তর্ভুক্ত হইবে।

এক্ষণে আমাদিগকে প্রথমে সাম্রব পদটীর মর্থ নিরূপণ করিতে হইবে। মন্তথা, বে উদ্দেশ্যে ঐরপে পদার্থের বিভাগ করা হইরাছে, আমরা তাহা ব্রিতে পারিব না। অভিধর্মণান্তে "আশ্রব", "অনুশ্র", "ক্লেশ" ও "উপাদান" এই সংজ্ঞাগুলি প্রার একার্থক বলিরাই গৃহীত হইরাছে। এই সংজ্ঞাগুলির অর্থের যে সামান্ত প্রভেদ আছে, তাহা পরে ব্যক্ত হইবে। রাগ, প্রতিঘ অর্থাৎ দ্বেষ, মান, অবিল্লা, দৃষ্টি ও বিমতি এইরূপে ছয় ভাগে অনুশরগুলিকে বিভক্ত করা হইয়াছে?। স্থতরাং, এই ছয় প্রকারের চৈত্রাত্মক ধর্মাই আত্রব বা ক্লেশ হইবে। মার্গসত্য ভিন্ন বত সংস্কৃতধর্ম আছে, তাহাদের প্রত্যেকটাই উক্ত আশ্রব বা ক্লেশের দারা সাম্রব বা ক্লিষ্ট। বিমতি বলিতে বিচিকিৎসা বা সংশয়কে বুঝায়। পঞ্চম অনুশ্র বে দৃষ্টি, তাহাকে নিম্নোক্তরূপে পাঁচ ভাগে বিভক্ত করা হইয়াছে — সং-কায়দৃষ্টি, অন্তগ্রাহদৃষ্টি, মিগ্যাদৃষ্টি, দৃষ্টিপরামর্শ ও শীলব্রতপরামর্শ। রূপাদি পঞ্চন্ধরে আত্মত্ব বা আত্মীয়ত্বদৃষ্টিকে, সংকায়দৃষ্টি এবং সকল পদার্থকে ধ্রুব বলিয়া মনে করা, অথবা সকল পদার্থকে বিনাশী বলিয়া মনে করাকে, অন্তগ্রাহদৃষ্টি নামে অভিহিত করা হইরাছে। স্থকর্ম বা কুকর্মের কোনও ফল নাই, এইরূপ মনে করাকে মিথ্যাদৃষ্টি বলা হইরাছে। হীনোচ্চদৃষ্টিকে দৃষ্টিপরামর্শ এবং অহেতুকে হেতু বলিরা, অমার্গকে মার্গ বলিরা মনে করাকে শীলবতপরামর্শ নামে পরিভাষিত করা হইরাছেই। আহ্রীক্য প্রভৃতি দশ প্রকারের পর্য্যবস্থানকেও শাস্ত্রে আম্রব নামে পরিভাষিত করা হইয়াছে?। স্কুতরাং, শাস্তে রাগ, প্রতিঘ, মান, অবিভা,

১। বড্রাগঃ প্রতিষম্ভণা মানোহবিদ্যা দৃষ্টিশ্চ বিমতিঃ। কোশস্থান ৫, কা, ১।

২। দৃষ্টয়ঃ পঞ্চ সংকায়মিপান্তিগ্রাহদৃষ্ট্যঃ দৃষ্টিশীলব্রতপরামর্শে । কোশস্থান ৫, কা ৩।

৩। আহ্নীকামনপত্রাপানীর্যা মাংস্গ্রম্কৃতিঃ। কৌকৃত্যন্তানিমিক্বানি প্রাবস্থানমন্ত্রধা। ক্রোধো স্রক্ষক। কোশস্থান ৫, কা ৪৭।

দৃষ্টি ও বিমতি এই ছয় প্রকারের অনুশয় ও আব্রীক্য প্রভৃতি দশ প্রকারের পর্য্য-বস্থান, সমষ্টিতে এই বোলটা ধর্মকে আশ্রব নামে পরিভাষিত করা হইয়াছে। অতএব, ইহা বুঝা গেল যে, মার্গসভ্য দিয় সকল সংস্কৃতধর্মই উক্ত আশ্রবের দ্বারা সাম্রব হইয়া থাকে।

আমরা পূর্ব্বাক্ত প্রবন্ধের দার। আশ্রব পদটীর অর্থ জানিয়াছি। কিন্তু, এখনও আমরা ইহা পরিকারভাবে ব্ঝিতে পারি নাই যে, কি কারণে সংস্কৃতধর্মগুলিকে সাম্রব নামে অভিহিত করা হইয়াছে। যদি বলা যার যে, কোনও না কোনও আশ্রবের সহিত সম্প্রেরাগ, অর্থাৎ সমকালীন স্থিতি, আছে বলিয়াই সংস্কৃতধর্মগুলিকে সাম্রব বলা হইয়াছে; তাহা হইলেও আমরা বলিতে বাধ্য হইব যে, উক্ত ব্যাখ্যা বৈভাষিকসিদ্ধান্তের বিরুদ্ধ, হইবে। কারণ, বৈভাষিকশান্তে চিত্ত ও চৈত্ত এই ছই প্রকার ধর্মেরই পরম্পর সম্প্রযুক্ততা স্বীকৃত হইয়াছে। স্কৃতরাং, এরূপ হইলে কেবল চিত্ত ও চৈত্ত এই ছই প্রকার ধর্মই সাম্রব হইবে ; ভূত ও ভৌতিকাদি ধর্মগুলি সাম্রব হইবে না। কারণ, উহারা আশ্রব-সম্প্রেক্ত বলিয়া বৌদ্ধশান্তে কথিত হয় নাই। কিন্তু, সিদ্ধান্তে চিত্ত বা চৈত্তের স্থায় ভূত আ ভৌতিকাদি ধর্মগুলিকেও সাম্রবই বলা হইয়াছে। স্কৃতরাং, অব্যাপ্তিদোষে ছষ্ট হওয়ায় সাম্রব পদটীর পূর্ব্বোক্ত ব্যাখ্যাটিকে আমরা শ্রদ্ধার সহিত গ্রহণ করিতে পারিব না।

যদি বলা যায় যে — বৈভাষিকশাস্ত্রের পারিভাষিক সম্প্রযুক্ততাকে এইস্থলে সম্প্রয়োগ বলা হয় নাই; পরস্ক, যৌগপত্যমাত্রকেই সম্প্রয়োগ বলা হয়য়াছে। এক্ষণে আর ভূত বা ভৌতিকাদি বস্তুর সাম্রবহে কোন বাধা থাকিল না। কারণ, উক্তথর্মগুলি স্ব বা পরস্কুতানগত কোনও না কোনও রাগাদি আম্রবের সহিত সমকালীন হইবেই — তাহা হইলেও, আমরা বলিব যে, উক্ত ব্যাখ্যা সমীচীন হয় নাই। কারণ, এরপ হইলে নিরোধসত্যাদিরপ অসংস্কৃতধর্মগুলিও সাম্রব হইয়া যাইবে। কারণ, উক্ত ধর্মগুলিও, কোনও না কোনও আম্রবের সহিত সমকালীন হইয়াই যাইবে।

যদি বলা যায় যে, যে ধর্মগুলি আশ্রবের সহিত উৎপন্ন, অর্থাৎ যে ধর্মগুলি

>। বজাত্রবসম্প্রয়োগাৎ ক্লিষ্টা এব চিভুচৈত্রাঃ সাত্রবাঃ স্থানাজ্ঞে। কোনস্থান ১,
কা ৫, ক্ষুটার্থা।

আস্তবের সহিত সমানদেশে সম্ৎপন্ন হর, তাহ রাই সাস্তব ; তাহা হইলেও জন্ত্রপ ব্যাখ্যা সঙ্গত হইবে না। কারণ, উক্ত ব্যাখ্যানুসারে সত্ত্বসংখ্যাত যে পাঁচ প্রকারের উপাদানস্কর (অর্থাৎ প্রাণী বলিতে বে এক একটা ধর্মসম্ভান ব্ঝায়, তদন্তর্গত যে ৰূপ বা বিজ্ঞানাভাষ্মক সন্থানী), তাহারাই সাম্রব হইবে। কারণ, উপাদানস্বন্ধে অন্তভুক্তি সন্তানীগুলিই রাগাদি আত্রবের সহিত সমানদেশে সমুৎ-পন্ন হইরা থাকে। বাহার। উক্ত সস্তানের অন্তর্গত নহে, এইরূপ রূপাদি বাহ ধর্মগুলি আর সাম্রব হইবে না । কারণ, বাহুস্থ যে নীলাদিক্ষণসন্তান, তাহাতে সন্তানীরূপে রাগাদি আশ্রবগুলি সমন্ত্রপ্রবিষ্ট থাকে না। কিন্তু, সিদ্ধান্তে বাহ্ সন্তানকেও সাম্রব বলিয়াই স্বীকার করা হইয়াতে। আর, যাদৃশ সন্তসংখ্যাত-শস্তানে রাগাদি, আশ্রবগুলি লব্ধবৃত্তিক নহে, এইরূপ বোধিসত্ত্বসন্তানের সম্ভানীরাও প্রোক্ত ব্যাখ্যানুসারে সাম্রব বলিয়া পরিগৃহীত হইবে না। কারণ, উক্ত সম্ভানে রাগাদি আপ্রবের বৃত্তি, বা প্রাপ্তি, না থাকায় ঐ সন্তানান্তর্গত যে রূপাদিক্ষণাত্মক সম্ভানীগুলি, তাহারা আশ্রবের সহিত সমানদেশে সমুৎপন্ন হয় নাই। কিন্তু, সিদ্ধাত্তে বোধিসত্ত্বের শত্রীরকৈও সাম্রব বলিয়াই স্বীকার করা হইরাছে। মার্গসত্য ছাড়া নির্বিশেষে অপরাপর সকল সংস্কৃতধর্মকেই যে সাম্রব নামে পরিভাষিত করা হইয়াছে, তাহা আমরা পূর্ব্বেই জানিয়াছি। স্বতরাং, অব্যাপ্তিদোষে দুষ্ট হওয়ায় উক্ত ব্যাখ্যায় আমাদের সমাদর নাই।

যদি বলা যায় যে — যাহারা আপ্রবের আশ্রা, তাহারাই বৈভাষিক্মতামুসারে সাম্রব হইবে। এই আশ্রবাশ্রয়ত্বরূপ সাম্রবস্থকে বৃদ্ধিস্থ করিয়াই বৈভাষিক্শাস্ত্রে সংস্কৃতধর্মগুলিকে, সাম্রব নামে পরিভাষিত করা হইরাছে — তাহা হইলেও আমরা বলিতে বাধ্য হইব যে, সাম্রবস্থের প্রদেশিত প্রকারের নিরূপণ সিদ্ধান্তামুসারী হয় নাই। কারণ, এরপ হইলে চক্ষ্রাদি-ইন্দ্রিয়াত্মক আয়তনগুলি, সাম্রব হইবে; নীলপীতাদি ক্ষণগুলি আর সাম্রব হইবে না'। রাগাদি আশ্রবগুলিকে

১। অথাপ্রবদহোৎপাদাৎ একস্তাং সন্ততো সমৃদাচরৎক্রেশন্ত সত্তন্ত্র যথাসন্তবং প্রকোপাদানস্কলাঃ সাম্রবাং স্থাঃ নাসমৃদাচরৎক্রেশন্ত, নাপি বাহা ধর্মাঃ। কোশস্থান ১, কা ৪, ক্টার্থা।

২। অগাস্রবাণাং য আশ্রয়াস্তে দাস্রবা ইতি বড়েবায়তনানি আধ্যাগ্রিকানি দাস্রবাঃ স্থাঃ। ঐ।

বৈতাধিকশাস্ত্রে ইন্দ্রিয়াশ্রিতই বলা হইরাছে। যে ইন্দ্রিরের আধিপত্যে যে বিজ্ঞানকণ্টী সমুংপন্ন হয় এবং যে চৈত্তক্ষণটী ঐ বিজ্ঞানক্ষণের সহতূ হইবে, তাহারা
উভরে সেই ইন্দ্রিরে আশ্রিত থাকে বলিয়াই বৈতাধিকগণ মনে করিতেন। স্কতরাং,
নীলাদিক্ষণাত্মক সংস্কৃতধর্মে অব্যাপ্তি হওয়ায়, আমরা সাম্রবত্তের পূর্ব্বোক্ত
নিরূপণকে সমীচীন বলিয়া গ্রহণ করিতে পারিলাম না।

কেং কেহ রাগাদি আশ্রবের আলম্বন বা বিষয় হর বলিরাই সংস্কৃতধর্মগুলিকে সাম্রব বলিতে চাহিয়াছেন। স্কৃতরাং, এইমতে রাগাদি আশ্রবের আলম্বনত্বই সাম্রবত্ব হইবে। এই ব্যাখ্যা আর অব্যাপ্তিদোষে তুই হইবে না। কারণ, সক্ত্রন্থ্যাতই হউক বা অসত্বসংখ্যাতই হউক, সকল সংস্কৃতধর্মই কাহারও না কাহারও আশ্রবের আলম্বন হইবেই। এই ব্যাখ্যাকেও আমরা অভিনন্দিত করিতে পারিতেছি না। কারণ, ইহা অতিব্যাপ্তিদোষে তুই হইয়া গিয়াছে। শাস্ত্রে নিরোধ বা মার্গাদিসতাগুলিকে অনাম্রবই বলা হইয়াছে। প্রদর্শিত ব্যাখ্যামুসারে উহারাও সাম্রবই হইয়া যাইতেছে। কারণ, ঐ সকল সত্যসম্বন্ধেও সত্ত্বগণ রাগাদিমান্ হইয়া থাকেন। ইষ্টকে ইষ্ট ব্রিয়া অভিলাষ করা বা বিপরীতভাবে অনিষ্ট ব্রিয়া ছেষ করা অস্বাভাবিক্ষ নহে'।

আচার্য্য বস্থবন্ধ সাম্রবপদটীর ব্যাখ্যা করিতে গিয়া বলিয়াছেন যে, রাগাদি ।
আম্রবগুলি যাহাতে অমুশন্তিত হয়, অর্থাৎ পুষ্টি বা প্রতিষ্ঠা, লাভ করে, তাহাই
সাম্রব। মার্গসত্য ভিন্ন চিত্তিচিত্ত বা ভূতভৌতিকরূপ যে ধর্মগুলি, তাহাতেই
রাগাদি আম্রবসমূহ পরিপুষ্ট হইয়া থাকে। আমরা স্বসন্তানস্থ চিত্তক্ষণে অমুরক্ত
হওয়ার ফলেই অনিষ্ঠাশন্ধায় পরসন্তানস্থ চিত্তক্ষণে বিদ্বিষ্ট হইয়া থাকি। এই
প্রণালীতে বিচার করিলে দেখা যাইবে যে, প্রত্যেকটা সংস্কৃতধর্ম্মই আম্রবের
পরিপোষণ করে। মার্গসত্য বা প্রতিসংখ্যানিরোধাদি অসংস্কৃতধর্মে রাগাদি
আম্রবগুলি প্রতিষ্ঠালাভ করে না। মার্গসত্যে অমুরক্ত পুদ্গল বিদ্বেধাদির
পরিহারই করিয়া থাকেন; তিনি অমুত্র বিদ্বিষ্ট হন না। স্কৃত্রাং, আম্রবগুলি
উহাতে পরিপুষ্টি বা প্রতিষ্ঠা লাভ করিতে পারে না। অতএব, আম্রবের
পরিপোষক না হওয়ায় উক্ত মার্গসত্যাদি ধর্মগুলি সাম্রব হইবে

১। অথ আন্তরাণামালম্বনানি সাত্রবাণি, নিরোধমার্গসভামিপি সাত্রবং প্রাপ্নোতি।
কোশস্থান ১, কা ৪, কুটাথা।

না'। প্রতিপক্ষের উদর না হইলে নিরোধসত্য সন্মুখীভূত হর না। অতএব, নিরোধসত্যে রাগাদি আশ্রবের প্রতিষ্ঠার কথা উঠে না। আকাশ অনাবরণস্বভাব হওয়ার উহাও আশ্রবের পরিপোবক হয় না। স্ক্তরাং, ইহা দেখা যাইতেছে বে, প্রদর্শিত প্রধানীতে আমরা যদি সাত্রব কথাটার ব্যাখ্যা করি, তাহা হইলে আর অতিব্যাপ্তি বা অব্যাপ্তি দোব হয় না। অতএব, আল্রবপরিপোবকত্বই প্রকৃতত্ত্বে সাত্রবন্ধ এই পরিপোবকত্বকে অবলয়ন করিয়াই বৈভাবিকশান্তে মার্গনত্য ভিন্ন সংস্কৃতধর্ম গুলিকে সাত্রব নামে পরিভাবিত করা হইয়াছে।

কেহ কেহ সাম্রব কথাটার নিমোক্ত প্রকার ব্যাখ্যা করিতেন — আহবগুলি বাহাতে অনুশরিত হয় (অর্থাৎ অনুগুণ বা অনুকৃল হয়), তাহাই সাত্রব। ব্রাগাদির দারা অভিযুদ্দিত কর্মের ফলরূপেই চিত্তটেত বা ভ্তভৌতিকাদি সংস্কৃতধর্মপ্রতিল সমুংপয় হইয়া থাকে। এই ব্যাখ্যানুসারে "স্বজ্যুক্মপ্রস্তুত্ব"ই হইবে সাম্রবহ। এইরূপে সাম্রবহটী আছে বলিয়াই সংস্কৃতধর্মগুলিকে সাম্রব বলা হইয়াছে। ত্রিশরণগ্রহণ করার ফলেই পুন্গন মার্গসত্যে প্রবৃত্তিত হন; রাগাদির ফলে নহে। স্কৃতরাং, রাগাদিজ্য যে কর্ম, তজ্জ্যুত্ব না থাকায় সংস্কৃত হইলেও, অর্থাৎ জাতি, জ্বরা ও মরণাদিগ্রোগ থাকিলেও, মার্গসত্যগুলি সাম্রব হইবে না; এবং জ্যুত্ব, অর্থাৎ উক্ত সংস্কৃতত্ব, না থাকায় অসংস্কৃতবর্মগুলিও সাম্রব

আমাদিগকে এথানে বিচার করিয়া দেখিতে হইবে যে, পদার্থের, (বা ধর্মের), বে সাস্রবত্ব ও অনাস্রবত্ব এই তৃষ্টী ধর্মের দারা বিভাগ করা হইরাছে, তাহাতে সাস্রবত্ব, অর্থাৎ আস্রব, এবং অনাস্রবত্ব, অর্থাৎ আস্রবাভাব, এই তৃষ্টী ধর্ম বিভাগের অন্তর্গত হইরাছে অথবা বিভাগের বহির্ভূত হইরা গিরাছে। উহারা যদি বিভাগের বহির্ভূত হইরা থাকে, তাহা হইলে প্রদর্শিত বিভাগ ন্যুনতাদোবে তৃষ্ট হইমা যাইবে। আর, যদি উহারা বিভাগের অন্তর্গত হইরা থাকে, তাহা হইলে উক্ত

 ^{। &}quot;আব্রবান্তেণু ফলাৎ সমনুশেরতে"। কোশস্থান ১, কা ৪; ক্টার্থাধৃত ভাস্ক।
 অনুশেরতে পৃত্তিং লভত্তে প্রতিগ্রাং লভত্তে ইত্যর্থো বা। কোশস্থান ১, কা ৪, ক্টার্থা।

২। অপরে বাচক্ষতে বণা অনুশেরতে মমারমাহার ইতি পধ্যোহনুগুণীভবতীতার্থ: তণ।
রাগাদয়োহপি তেয়্ ধর্মের অনুশেরতে অনুগুণীভবতীতার্থ:। রাগাভিয়ান্দিতকম নির্বৃতিতা হি
সামবা ধর্মা:। এ।

বিভাগদ্বয়ের কোন বিভাগে অস্তর্ভুক্ত হইরাছে, তাহা আমাদিগকে দেখিতে

ইইবে।

আমরা পূর্নের ইহা জানিতে পারিয়াছি যে, রাগাদিরূপ যে অনুশর বা ক্লেশগুলি, তাহাদিগকেই শাসে আশ্রব নামে পরিভাষিত করা হইয়ছে। উহারা, অর্থাৎ অমুশর বা ক্লেশগুলি, উৎপত্তিমান্; অতএব, উহারা সংস্কৃতই হইবে। উহাদের এক একটীকে অবলম্বন করিয়া অপরাপর আশ্রবগুলি পরিপুষ্ট হয়। মৃতরাং, আশ্রবপরিপোষকত্ব, অর্থাৎ পরিপোষকত্ব সম্বন্ধে আশ্রববন্ধ, থাকায় উহারাও, অর্থাৎ রাগাদি ক্লেশগুলিও, সাশ্রব বিভাগেরই অন্তর্ভুক্ত হইবে। আয়াদৃষ্টি রূপ যে আশ্রব, তাহাকে অবলম্বন করিয়া অপর আশ্রব যে রাগছেরাদি, তাহারা পরিপুষ্ট হয়। অলায়্য আশ্রবেরও এই প্রণালীতেই আশ্রবপরিপোষকত্ব ব্রিতে হইবে। আশ্রবাভাবরূপ যে অনাশ্রবন্ধ, তাহা ক্রব্যসং না হওয়ায় বিভাগের অন্তর্ভুক্ত না হইলেও ক্ষতি হইবে না।

অনাপ্রবর্তী যদি দ্রবাসং না হয়, তাহা হইলে এপ্রকার অসং ধর্মের দ্বারা সদ্ভূত যে অসংশ্বৃতধর্মগুলি, তাহাদের কি প্রকারে বিভাগ হইতে পারে ? দ্রবাসং না হইলেও তীহা প্রজ্ঞপ্রিসং হইয়াছে। শাস্ত্রে উহার উল্লেখ আছে। স্ক্তরাং, বিভাগ শাস্ত্রবিক্তম্ন হয় নাই। অতএব, এক্ষণে ইহা আমরা পরিষ্কারভাবে ব্রিতে পারিলাম যে, রাগাদি আত্রবগুলি সাম্রব বিভাগের অন্তর্গত হওয়ায় এবং অনাপ্রবর্তী দ্রবাসং না হওয়ায় প্রদর্শিত বিভাগ ব্যনতাদিদোবে তুষ্ট হয় নাই।

শাস্ত্রে সাম্রব সংস্কৃতধর্মগুলিকে "উপাদানস্কন্ধ" নামে পরিভাষিত করা হইয়াছে। সাম্রবধর্মগুলির উৎপত্তি ক্লেশমূলক। এই কারণে, ইহাদিগকে উপাদানস্কন্ধ বলা হইয়াছে'। যে সকল ধর্ম "সস্ত্বসংখ্যাত", তাহাদিগকেই ত উপাদানস্কন্ধ নামে অভিহিত করা উচিত। কারণ, প্রাণীর মধ্যে পরিগণিত স্কন্ধগুলিই উপাদানাভিষ্যন্দিত কর্মের ফলরূপে সমুৎপন্ন হইয়া থাকে। অসম্বসংখ্যাত যে সংস্কৃতধর্মা-গুলি, অর্থাৎ নীলবর্ণাদিরূপ বাহ্যধর্মগুলি, উহারা সংস্কৃত (অর্থাৎ হেতুপ্রতায়-সমুপ্) হইলেও উপাদান বা ক্লেশ হইতে সমুৎপন্ন নহে। স্কৃতরাং, যাবৎ সাত্রবধ্বাগুলিকে কেমন করিয়া উপাদানস্কন্ধ নামে অভিহিত করা যাইতে পারে প্

১। যে সাত্ৰবা উপাদানগ্ৰহান্তে। কোশস্থান ১, কা ৮।

আমরা ইহার উত্তরে বলিতে পারি বে, শাস্ত্রে সহুসংখ্যাতধর্মের স্থায় অসম্বসংখ্যাত সংস্কৃতধর্মগুলিকেও ক্লেশমূলকই বলা হইয়াছে। স্কৃতরাং, সকল সংস্কৃতধর্মগুলিই যে উপাদানস্কন্ধ হইবে, ইহাতে কোনও অনুপপত্তি নাই'। বৃদ্ধের শরীরও উপাদানস্কন্ধ নামে অভিহিত হইবে। কারণ, ঐ শরীরও পূর্ম্বস্থানগত ক্লেশের ফলরূপেই সমুৎপন্ন হইয়া থাকে।

বেমন "তৃণসন্ত্ত অগ্নি" এই বিগ্রহে মধ্যন্থিত "সন্ত্ত" পদটার লোপ করিয়া "তৃণাগ্নি" এইরূপ সমাসটা হয়, তেমন "উপাদানসন্ত্ত রুদ্ধ" এইরূপ বিগ্রহে "সন্ত্ত" পদটীর লোপ করিয়া "উপাদানস্কদ্ধ"রূপ সমাসটা হইতে পারে"। অথবা, যেমন "পুপের হেতু বে কৃফ", এইরূপ বিগ্রহে মধ্যন্থিত "হেতু"পদটার লোপ করিয়া "পুপের্কু" এই সমাসটা হয়, তেমন "উপাদানের হেতু বে কৃদ্ধ", এইরূপ বিগ্রহে "হেতু" পদটীর লোপ করিয়া "উপাদানস্কদ্ধ" এই সমাসটা সাধু হইতে পারে"। প্রথম সমাসে উপাদানকে কারণ এবং ক্ষমকে কার্য্ররূপে পাওরা বাইবে এবং দিতীয় সমাপে বিপরীতভাবে উপাদানকে কার্য্য ও ক্ষমকে কার্য্ররূপে পাওরা বাইবে এবং দিতীয় সমাপে বিপরীতভাবে উপাদানকে কার্য্য ও ক্ষমকে কার্য্রন্রেপে পাওরা বাইবে। কেহ ক্ষেত্রার মধ্যন্থ পদের লোপ না করিয়াই, "উপাদানের ক্ষম" এইপ্রকার বিগ্রহে মধ্যমাসে "উপাদানস্কদ্ধ" পদটীর ব্যুৎপত্তি করিয়াছেন। এই সমাসেও অর্থ পূর্বের ন্যায়ই হইবে।

বৌদ্ধশাস্ত্রে পূর্ব্বোক্ত সাত্রবধর্মগুলিকে "সরণ", "হৃঃথ", "সমুদর", "লোক", "দৃষ্টিস্থান" এবং "ভব" এই সকল সংজ্ঞার দ্বারাও অভিহিত করা হইয়াছে । যেমন রণ বা যুদ্ধে নিজের ও অপরের অনিষ্ট হয়, তেমন সাত্রবধর্মগুলিকে, সরণ নামে হইয়া থাকে। এই কারণে, ইহাদিগকে, অর্থাৎ সাত্রবধর্মগুলিকে, সরণ নামে

১। যে সন্ত্ৰসংখ্যতান্ত উপাদানস্ক্ৰাঃ ক্লেশভিয়নিতকৰ্ম হৈতুকতাং। বাহান্ত ভাবাঃ কথনুপাদানস্ক্ৰাঃ ? তেংপি উপাদাননিৰ্বৃত্তাঃ, কৰ্মজং লোকবৈচিত্ৰামিতি সিদ্ধান্তাং। কোশস্থান ১, কা ৮ ফুটাৰ্থা।

২। অৰ্হংস্কনা অপি পারনান্তানিকোপাদানবিধেয়াঃ বিক্রিয়াপাদনাৎ। ঐ।

৩। উপাদানসভূতাঃ কক্ষা উপাদানককাঃ। মধাপদলোপাং। যথা তৃণসভূতোংগ্রিস্থাগ্রিঃ। এ।

৪। উপাদানানাং সম্ভবা হেতবো বা স্কনা উপাদানস্কনাঃ পুপফলবৃক্ষবং। ঐ।

^{ে।} সরণা অপি ছঃখং সমুদয়ো লোকো দৃষ্টিস্থানং ভবশ্চ তে। কোশস্থান ১, কা ৮।

অভিহিত করা হইয়াছে'। আর্যাপুদ্গেলের প্রতিকূলতা করে বলিয়া ইহাদিগকে
দঃশ নামে অভিহিত করা হইয়াছে। প্রতিকূলবেদনীয় বস্তকেই ছঃথ বলা
হয়। উক্ত সাম্রবর্ধর্যগুলি হইতে ছঃথের উদর হয়। এই কারণে ইহাদিগকে
সমুদর বলা হইয়াছে। বিনাশপ্রাপ্ত হয় বলিয়া সাম্রবর্ধর্যগুলিকে লোক নামে
অভিহিত করা হইয়াছে'। এই বে উপাদানস্কর্রপ সাম্রবর্ধর্যগুলি, ইহাদের মধ্যে
কোনও কোনও ধর্মকে আমরা আত্মা বলিয়া মনে করি এবং যথন বে ধর্মকে আমরা
আত্মা বলিয়া মনে করি, তথন অন্যান্ত সাম্রবর্ধর্যগুলিকে আমরা আবার আত্মীয়,
অর্থাৎ আত্মসম্বন্ধী, বলিয়া বৃঝি। এই কারণে শাস্তে সাম্রবর্ধর্যগুলিকে দৃষ্টিস্থান
নামে অভিহিত করা হইয়াছে। অভিধর্মশাস্তে উৎপত্তি হয় বলিয়া এইগুলিকে
ভব সংজ্ঞায় পরিভাষিত করা হইয়াছে।

যদি পূর্ব্বোক্ত কারণেই সাম্রবর্ষণগুলিকে তৃঃখাদি সংজ্ঞায় অভিহিত করা হইরা থাকে, তাহা হইলে মার্গসত্যরূপ যে অনাম্রব সংস্কৃত্বর্ষাগুলি, তাহাদিগকেও বি সকল নামে, অর্থাৎ তৃঃখপ্রভৃতি নামে, অভিহিত করা উচিত। কারণ, মার্গসত্যেরও সংস্কারতৃঃখতা আছে। মার্গসত্যও সমনন্তরপ্রত্যয়রূপে তৃঃখের স্ষ্টি করে। স্কৃত্রাং, উহারা পূর্ব্বোক্ত অর্থে সমুদর নামেও অভিহিত হইতে পারে। উহারা বিনাশী বলিয়া লোক এবং উৎপত্তিমান্ বলিয়া ভব নামেও উল্লিখিত হইতে পারে। আমরা ইহার সমাধানে বলিব যে, পূর্ব্বক্থিত তৃঃখাদি সংজ্ঞাগুলি যে কেবল যোগার্থ অবলম্বন করিয়াই অর্থের অভিধান করে তাহা নহে; পরস্ক, উহারা রুঢ়িবৃত্তির দ্বারাও স্ব স্ব অর্থে প্রযুক্ত হয়। আমরা এক্ষণে আর

রণা হি রেশা আত্মপরবাবাধনাথ। যে হি আত্মানং পরাংল্চ বাবাধন্তে তে রণা

ক্রানীত্রর্থা। তথৈব চ রেশা রণা উচাত্তে। কোশস্থান ১, কা ৮, ক্রটার্থা।

২। পুদ্ধাত ইতি লোকঃ। বৃদ্ধাতে বিনগুতীতার্থঃ। বৃদ্ধিরিহ গৃহীতো ন লোকিঃ। ব্রা

 [।] মার্গসত্যমপি হি সংস্কারত্বংখতয়া ত্বংখন্। সমনন্তরপ্রতায়ভাবেন চাম্মাৎ দাপ্রবং
 বস্তু সমুদেতি লুজাতে চ দৃষ্টিশ্চ তদালম্বতে ভবতি চ তত্বংপদ্মত ইতার্থঃ। ঐ।

৪। রুড়িঞ্চাপেক্ষতে শব্দবৃতিঃ। যে চ ধর্মাঃ সংস্কারত্বঃপত্যা আন্যাণাং প্রতিকূল।
ছংখানিরোধিনঃ তত্ত্ৎপাদকাঃ প্রসিদ্ধাঃ দৃষ্টিগুষ্টিজনিকাঃ অনাদিমতি চ সংসারে বিনগুতি ভবিত্তি
তেম্বোমী ছুঃথাদয় আব্যাঃ সঙ্কেতিতা ন মার্গসত্যে। এ।

মার্গসত্যরূপ অনাপ্রবধর্মগুলিকে তুঃখাদি নামে অভিহিত করিতে পারি না। কারণ, ঐ সকল নামের, বা সংজ্ঞার, যে রাঢ়ি-বৃত্তি, অর্থাৎ পরিভাষা, তাহা মার্গসত্যাদি অনাপ্রবধর্মে নাই। সাপ্রবধর্মকেই ঐ সকল সংজ্ঞায় পরিভাষিত করা হইয়াছে।

অভিধর্মশাস্ত্রে সাম্রবধর্মের অভিধানের নিমিত্ত যে সকল বিভিন্ন পারিভাষিক সংজ্ঞা উল্লিখিত হইরাছে, পূর্বের আমরা তৎসম্বন্ধে সংক্ষিপ্ত আলোচনা করিরাছি। এক্ষণে আমরা অভিধর্মশাস্ত্রে সাম্রব ও অনাম্রব এই তুই প্রকারের সংস্কৃতধর্মের সামান্ততঃ বোধক যে সকল সংজ্ঞা উল্লিখিত হইরাছে, তাহাদের সম্বন্ধে কিছু আলোচনা করিতেছি।

আকাশ, প্রতিসংখ্যানিরোধ ও অপ্রতিসংখ্যানিরোধ এই তিন প্রকারের পদার্থ
তির জগতে আর যত পদার্থ, বা ধর্ম, আছে (অর্থাৎ রূপ হইতে আরম্ভ করিরা
মার্গসত্য পর্য্যন্ত সমস্ত পদার্থ ই), তাহারা অভিধর্মশারে সংস্কৃত নামে অভিহিত
হইয়াছে। পরম্পর পরম্পরকে অপেকা করিয়া উৎপর হর বলিয়াই উহাদিগকে
সংস্কৃত নামে পরিভাষিত করা হইয়াছে। বৈভাষিকসিদ্ধান্তে, অথবা বৌদ্ধসিদ্ধান্তে, নীলাদিপরমাণুক্ষণগুলির একক উৎপত্তি স্বীকৃত হয় নাই; পরস্ক,
উহারা (অর্থাৎ যথাসম্ভব কতকগুলি পরমাণুক্ষণ) সন্নিবেশবিশেষে মিলিত হইয়া
একসঙ্গেই, অর্থাৎ যুগপৎই, সমুৎপন্ন হইয়া থাকে। তিক্তরূপে পরম্পরসাপেক্ষভাবে সমুৎপন্ন হয় বলিয়াই উহাদিগকে সংস্কৃত বলা হয়। শাস্ত্রে উক্ত কারণেই

ঐ সকল পদার্থকৈ স্কন্ধ নামেও অভিহিত করা হইয়াছে।

শান্ত্রে উক্ত রূপাদি মার্গসত্যান্ত সংস্কৃত্যশাগুলিকে "অধ্বা" (অধ্বন্) নামেও অভিহিত করা ইইরাছে। সাধারণভাবে, অর্থাৎ লোকতঃ, অধ্বাপদটী পথরূপ অর্থে প্রযুক্ত হইরা থাকে। উক্ত পথ একদা গ্রাম পর্য্যন্ত চলিয়া গিয়াছিল, উহা গ্রাম পর্য্যন্ত গিয়াছে এবং উহা ভবিষ্যতে গ্রাম পর্য্যন্ত বাইবে, এইভাবে অতীত, বর্ত্তমান ও ভবিষ্যৎরূপ কালত্রের সম্বন্ধী করিয়া আমরা অধ্বা শব্দের প্রয়োগ করিয়া থাকি। এই যে কালত্ররসম্বন্ধ, ইহা সংস্কৃতধর্মেও আছে। সংস্কৃতধর্মগুলি অতীত হইরা ধারু, বর্ত্তমানও হয় এবং আগামীও হইয়া থাকে। এইভাবে

১। "ন বৈ পরমাণুরূপমেকং পৃথগভূতমন্তি"। কোশস্থান, ১, কা ১০; স্ফুটার্থোদ্ধ্ ত ভায়।
পৃথগভূত মদজ্বাতাবস্থমিতার্থঃ। তাদৃগ্ নান্তি। সন্ত্বাতস্থং নিত্যং ভবতি। ঐ ক্ষুটার্থা।

গুণোগে থাকার সংস্কৃতবর্মাগুলিকে শাস্ত্রে অধ্বা নামে পরিভাবিত ক্রা হইরাছে।

বৌদ্দান্তে উক্ত সংস্কৃতধর্ম গুলিকে "কথাবস্তু" নামেও অভিহিত করা হইরাছে।
অভিধর্মশান্তে বাক্, অর্থাৎ বর্ণাত্মক শব্দকে, কথা নামে অভিহিত করা
হইরাছে। প্রকৃতস্থলে বস্তুপদটা বিষয়রূপ অর্থে প্রযুক্ত হইরাছে। স্কুতরাধ,
কথাবস্তুপদটা হইতে আমরা কথার বিষয়রূপ অর্থ প্রাপ্ত হইতেছি। সংস্কৃতধর্মগুলি কথার বিষয় হয়, অর্থাৎ ভাষার দ্বারা রূপাদি ধর্ম গুলির ব্যবহার হয় বলিয়া
উহাদিগকে কথাবস্তু সংজ্ঞায় অভিহিত করা হইয়াছে। বিদ্ধু সাম্দান্তাবে
নামই বাগাত্মক কথার বিষয় হয়, তথাপি অপরাপর ধর্মগুলি আবার নামের
বিষয় হয়য়য় সাক্ষাৎ ও পরম্পরা এই হই ভাবের অন্ততরভাবে সংস্কৃতধর্মগুলির প্রত্যেক ধর্মই কথার বিষয় হয়য়া থাকে। অধ্বাত্মক কথার, অর্থাৎ
অধ্বন্ পদটীর অর্থরূপে, আমরা অতীত, বর্তুমান ও ভবিষ্যুৎ এই কালত্রয়কে
পাই। উক্ত কালত্রয়ের সহিত সম্বন্ধ না থাকায় আকাশাদি অসংস্কৃতধর্মাগুলি
তাহার বিষর, অর্থাৎ অধ্বন্ পদের অর্থ, হইতে পারে না। উক্ত কারণেই
অসংস্কৃতধর্মগুলিকে কথাবস্তু নামে অভিহিত করা যায় না।

শাস্ত্রে উক্ত সংস্কৃতধর্মগুলিকে আবার "সনিংসার" সংজ্ঞায়ও অভিহিত করা হইয়াছে। উহাদের নির্বাণ হয়, অর্থাৎ মুক্তিদশায় উক্ত সংস্কৃতধর্মগুলিকে নিংশেষে অপসারিত করা হয়; এই কারণে উহাদিগকে সনিংসার নামে অভিহিত করা হইয়াছে। নির্বাণে মার্গসত্যও পরিহৃত হয়। স্কুতরাং, উহাও সনিঃসার হইবে।

শাস্ত্রে "সবস্তক" পদটীও সংস্কৃতথর্মের সংজ্ঞারূপে ব্যবহৃত হইয়াছে। এই স্থলে "বস্তু" শব্দটী হেতুরূপ অর্থে ব্যবহৃত হইয়াছে। বস্তু, অর্থাৎ হেতু, (বা কারণ)

১ 1 লোকে প্রসিক্ষমধ্বান্মপেক্ষ্যায়মধ্বা ব্যাগাতঃ। তথাহি লোকে কথাত অয়মধ্বা গ্রামং গতঃ অয়মধ্বা গছতি অয়মধ্বা গমিয়্যতীতি। এবমিহাপি গতোহধ্বা বোহতীতঃ, গছতি যো বর্ত্তমানঃ, গমিয়্যতি যোহনাগতঃ ইতি। কোশস্থান ১, কা ৮, ফুটার্থা।

२। कथा नाकाः नर्भाञ्चकः भन्न ইতार्थः। তञा दछ नाम निवय हेटार्थः। छ।

৩। অসংস্কৃতং কন্মান্ন কথাবস্তুত্বেনাক্তম্ ? অধ্বপতিশুস্ত নামোংনধ্বপতিশুক্তন সহ অর্থাযোগাং। ঐ।

গাহার আছে এইরূপ অর্থে পরিনিপান্ত সংস্কৃত্বদাটী অভ্যাত্রের বোধক ইইয়াছে। স্তরাং, জ্বতা হওয়ার সংস্কৃতধর্ম গুলিকে সবস্তুক নামে অভিচিত করা 53775 1

শাস্ত্রবন্ধ ও অনাস্ত্রবন্ধ প্রকারে পদার্থের বিভাগ করা হইরাছে। ইহার দ্বারা, <mark>অর্থাৎ উক্ত বিভাগের দারা, মোক্ষার্</mark>থীর পক্ষে কোন পদার্থ হের এবং কোন পদার্থ উপাদের, তাহা সংক্ষেপতঃ কথিত হইরাছে। যে ধর্মগুলি সাম্রব তাহারা পরিত্যাজ্য এবং যে ধর্মগুলি অনাশ্রব তাহারা উপাদের হইবে।

অভিধৰ্ষশাস্ত্ৰে সংস্কৃতধৰ্মগুণ্ডলিকে নিম্নোক্ত পাঁচ ভাগে বিভক্ত করা হইয়াছে— "রপক্র", "বেদনাক্রম", "নংজ্ঞাক্তর", "সংস্থারক্তর" ও "বিজ্ঞানক্রম" । সাম্রব ও খনাম্রব এই হুই প্রকারের সংস্কৃতধর্মই উক্ত বিভাগের অন্তর্ভুক্ত হুইরাছে। উহাদের মধ্যে মার্গসতা ভিন্ন অবশিষ্ট সকল ধর্মই সাত্রব বলিয়া পরিগণিত হইবে। অভিধর্মনাস্ত্রে উল্লিখিত ক্রমানুসারেই ক্রমগুলি সন্নিবেশিত হইরাছে। পূর্ব্ব পূর্ব্ব স্করগুলিকে উত্তরাতর স্কর অপেক্ষায় সূল মনে করিয়াই যথাক্রমে উহাদের নির্দ্দেশ করা ফুল্লাচে । ভূপতম বা অধিকতম উদার বলিরাই সর্ব্বপুণমে রূপক্ষরের এবং সন্মতন বলিয়া স্ক্রেণ্ডের বিজ্ঞানস্করের নিদেশ হইয়াছে। বৈভাষিক্মতে উক্ত শ্বদ্ধগুলির বৃংক্রমনির্দেশ অনভিপ্রেত। অনেকে রূপ, বিজ্ঞান, বেদনা ইত্যাদি ক্রমে রন্ধের নির্দেশ করিরা থাকেন। ঐ প্রকারের নির্দেশকে আমরা সমীচীন মনে করিতে পারি না। কারণ, উহাতে বিনা প্রয়োজনে শাস্ত্রীয় ক্রমের উল্লব্জন করা হইরাছে। সংস্কৃতধর্মগুলির নিঃসঙ্গস্থিতি নাই; উহার। কতকগুলিতে মিলিয়া, অর্থাৎ এক একটা দলে গুজ্ছাকারেই, থাকে। এই কারণেই উহাদিগকে স্ক্রের্রপে বিভক্ত করা হইরাছে °। সংস্কৃত্থর্মগুলির পূর্ব্বোক্ত প্রকারে অবস্থানই ষে স্বভাব, তাহাই স্কন্ধ পদটীর দ্বারা বিজ্ঞাপিত হইয়াছে।

এই স্থানেই সংস্কৃতধর্ম গুলির সামাগ্রতঃ নিরূপণ পরিসমাপ্ত হইল। এক্ষণে উহাদের বিশেষতঃ নিরূপণ করা বাইতেছে। পূর্ব্বোক্ত বিভাগে রূপস্কন্ধই

১। তে পুনঃ সংস্কৃত। ধমা । রুপাদিক্রপাঞ্কম্। কোশস্থান ১, কা १।

২। ক্রনঃ পুনঃ যথৌদারিকসংব্রেশভাজনাতার্থধাতৃতঃ। কোশস্থান ১, কা ২২।

^{ে।} রাজায়দারপোত্রাথাঃ ক্লায়ন্ধাতবঃ। কোশস্থান ১, কা ২০।

স্থান পাইয়াছে এবং পদার্থ বা ধর্মারূপে উহাই স্থুলতম। অতএব, বিশেষনিরূপণেও রূপস্কন্ধই প্রথমে গৃহীত হইন।

বৈভাষিকশান্তে রূপস্কর বলিতে নিম্নোক্ত পঞ্চদশপ্রকার ধর্মকে ব্যায়।
চক্ষ্রিন্দ্রির, রসনেন্দ্রির, শ্রবণেন্দ্রির, দ্রাণেন্দ্রির ও ত্বগিন্দ্রির, এই পাঁচপ্রকার
ইন্দ্রির; রূপ, রস, শব্দ, গন্ধ ও প্রষ্টব্য এই পাঁচপ্রকার কর্য, অর্থাৎ জ্ঞের বস্তু, এবং পাঁচ প্রকার অবিজ্ঞপ্তি — সমষ্টিতে উক্ত পঞ্চদশপ্রকার ধর্মকে বৈভাষিকশান্তে রূপস্কর নামে অভিহিত করা ইইরাছে ।

বৈভাষিকমতে ভূতবিকার গোলকগুলিকেই ইন্দ্রির নামে অভিহিত করা হইয়াছেই। এইমতে ইন্দ্রিরগুলিও প্রত্যক্ষের বিষয়। স্বগিল্রিয়ের দ্বারা চক্ষুরাদি ইন্দ্রিয়গুলিকে প্রত্যক্ষভাবেই জানা যায়। বৈভাষিকিসিদ্ধান্তে চক্ষ্রিল্রিয়ের দ্বারা গ্রহণবোগ্য বে ধর্মগুলি, তাহাদিগকে "রূপ" সংজ্ঞায় পরিভাষিত করা হইয়াছে। বৈশেষিকশাস্ত্রে যেমন কেবল নীলপীতাদি বর্ণগুলিকেই রূপ বলা হইয়াছে, বৈভাষিকমতে কিন্তু তেমনভাবে কেবল বর্ণমাত্রকেই রূপ বলা হয় নাই। এইমতে নীলপীতাদি বর্ণগুলিকেও রূপ বলা হয়রাছে; এবং হয়স্বলীর্ঘরাদি যে আরুতিগুলি, দ্বহাদিগকেও রূপ নামে অভিহিত করা হয়রাছে। অর্থাই বৈশেষিকমতের পরিমাণগুলিকেও বৈভাষিকমতের রূপই বলা হয়রাছে। বৈশেষিক্মতের বর্ণ বা পরিমাণ যেমন দ্রব্যাত্মক পদার্থ নহে — পরস্তু, দ্রব্যান্দ্রিত গুণাত্মক; বৈভাষিক্মতে কিন্তু ঐগুলিকে তেমনভাবে দ্রব্যাশ্রিত বা গুণাত্মকপদার্থ বলিয়া স্বীকার করা হয় নাই। উক্তমতে ঐগুলির প্রত্যেকটীকেই একএকটা পৃথক্

নীল, লোহিত, পীত ও অবদাত, অর্থাৎ গুত্র, এই চারিপ্রকার প্রধান বর্ণ; মেঘ, বাম্প, রজঃ, মিহিকা, ছায়া, আতপ, আলোক এবং তমঃ এই আটপ্রকার অপ্রধান বর্ণ; দীর্ঘন্ধ, হস্ত্রন্থ, বর্ত্ত্বলম্ব, পরিমাণ্ডল্যা, উন্নতি, অবনতি, সাত ও বিসাত এই আটপ্রকার সংস্থান; বৈভাষিকশাস্ত্রে মিলিতভাবে উক্ত বিংশতি-প্রকার ধর্মকে রূপ নামে পরিভাষিত করা হইয়াছে ।

১। রূপং পঞ্চেল্রিয়াণ্যর্থাঃ পঞ্চাবিজ্ঞপ্তিরেব চ। কোশস্থান ১, কা ৯।

২। বৈভাষিকা হি ক্রবতে ভূতবিকারবিশেষা এব ইক্রিয়াণীতি। ঐ, ক্টার্থা।

৩। রূপং দ্বিধা বিংশতিধা · · · · ৷ কোশস্থান ১, কা ১ • ।

যাহার আছে এইরূপ অর্থে পরিনিপার স্বস্তুকপদটা জ্বামাত্রের বোধক হইরাছে। স্লুতরাং, জ্বাত্ত হওরার সংস্কৃত্রশা গুলিকে স্বস্তুক নামে অভিহিত করা হইরাছে।

সকারণ-নির্বাণকে প্রতিপাদন করাই অভিধর্মশান্তের পরম তাৎপর্য্য। এইজন্মই সাম্রবন্ধ ও অনাম্রবন্ধ প্রকারে পদার্থের বিভাগ করা হইরাছে। ইহার দ্বারা, দ্বার্ধাৎ উক্ত বিভাগের দ্বারা, মোক্ষার্থীর পক্ষে কোন পদার্থ হেয় এবং কোন পদার্থ উপাদেয়, তাহা সংক্ষেপতঃ কপিত হইরাছে। যে ধর্মগুলি সাম্রব তাহারা পরিত্যান্ত্য এবং যে ধর্মগুলি অনাম্রব তাহারা উপাদেয় হইবে।

অভিধর্মণাস্ত্রে সংস্কৃতধর্মগুলিকে নিম্নোক্ত পাঁচ ভাগে বিভক্ত করা হইয়াছে—
"রপস্কর্ম", "বেদনাস্কর্ম", "সংজ্ঞাস্কর্ম", "সংস্কারস্কর্ম" ও "বিজ্ঞানস্কর্ম" । সাম্রব ও
অনাম্রব এই হুই প্রকারের সংস্কৃতধর্মই উক্ত বিভাগের অন্তর্ভুক্ত হইরাছে। উহাদের
মধ্যে মার্গসত্য ভিন্ন অবশিষ্ঠ সকল ধর্মই সাম্রব বলিয়া পরিগণিত হইবে।
অভিধর্মশাস্ত্রে উল্লিখিত ক্রমামুসারেই স্কন্মগুলি সন্নিবেশিত হইরাছে। পূর্ব্ব পূর্বর
স্কন্মগুলিকে উত্তরোত্তর স্কন্ম অপেক্ষায় স্থুল মনে করিয়াই যগাক্রমে উহাদের নির্দেশ
করা হইরাছে '। স্থুলতম বা অধিকতম উদার বলিয়াই সর্ব্বপ্রথমে রূপস্কন্মের
এবং স্ক্লেতম বলিয়া সর্বন্ধেবে বিজ্ঞানস্কন্ধেরে নির্দেশ হইরাছে। বৈভাধিকমতে
উক্ত স্কন্মগুলির বৃৎক্রমনির্দেশ অনভিপ্রেত। অনেকে রূপ, বিজ্ঞান, বেদনা
ইত্যাদি ক্রমে সন্ধের নির্দেশ করিয়া থাকেন। এ প্রকারের নির্দেশকে আমরা
সমীচীন মনে করিতে পারি না। কারণ, উহাতে বিনা প্রয়োজনে শাস্ত্রীয় ক্রমের
উল্লজন করা হইয়াছে। সংস্কৃতধর্মগুলির নিঃসঙ্গস্থিতি নাই; উহার। কতকগুলিতে
মিলিয়া, অর্থাৎ এক একটা দলে গুচ্ছাকারেই, থাকে। এই কারণেই উহাদিগকে
স্কন্ধপে বিভক্ত করা হইয়াছে ও সংস্কৃতবর্মগুলির পূর্ব্বোক্ত প্রকারে অবস্থানই
বে স্ক্রাব্য, তাহাই স্কন্ম পদ্টীর দ্বারা বিজ্ঞাপিত হইয়াছে।

এই স্থানেই সংস্কৃতধর্মগুলির সামান্ততঃ নিরূপণ পরিসমাপ্ত হইল। একণে উহাদের বিশেষতঃ নিরূপণ করা বাইতেছে। পূর্ব্বোক্ত বিভাগে রূপস্কর্মই

১। তে পুনঃ সংস্কৃতা ধর্মা রূপাদিস্করপঞ্চন্ম। কোশস্থান ১, কা ৭।

২। ক্রনঃ পুনঃ যথৌদারিকসংক্রেশভাজনাদ্মর্থধাতুতঃ। কোশস্থান ১, কা ২২।

[ু] রাগ্রায়ধারগোত্রার্থাঃ স্কন্মনধাতবঃ। কোশস্থান ১, কা ২•।

স্থান পাইয়াছে এবং পদার্থ বা বর্মারূপে উহাই স্থূলতম। অতএব, বিশেষনিরূপণেও রূপশ্বরূষ প্রথমে গৃহীত হইল।

বৈভাষিকশাস্ত্রে রূপক্ষর বলিতে নিম্নোক্ত পঞ্চদশপ্রকার ধর্মকে ব্ঝায়।
চক্ষ্রিন্ত্রিয়, রসনেন্দ্রির, শ্রবণেন্দ্রির, দ্রাণেন্দ্রির ও ত্বগিন্দ্রির, এই পাঁচপ্রকার
ইন্দ্রির; রূপ, রস, শন্দ, গন্ধ ও প্রষ্টব্য এই পাঁচপ্রকার অর্থ, অর্থাৎ জ্ঞের বস্তু, এবং
পাঁচ প্রকার অবিজ্ঞপ্তি — সমষ্টিতে উক্ত পঞ্চদশপ্রকার ধর্মকে বৈভাষিকশাস্ত্রে
রূপক্ষর নামে অভিহিত করা হইরাছে ।

বৈভাষিকমতে ভূতবিকার গোলকগুলিকেই ইন্দ্রির নামে অভিহিত করা হইয়াছেই। এইমতে ইন্দ্রিরগুলিও প্রত্যক্ষের বিষয়। স্বগিল্রিয়ের দারা চক্ষুরাদি ইন্দ্রিয়গুলিকে প্রত্যক্ষভাবেই জানা যায়। বৈভাষিকসিদ্ধান্তে চক্ষ্ রিন্দ্রিয়ের দারা গ্রহণবোগা যে ধর্মগুলি, তাহাদিগকে "রূপ" সংজ্ঞার পরিভাষিত করা হইয়াছে। বৈশেষিকশান্তে যেমন কেবল নীলপীতাদি বর্ণগুলিকেই রূপ বলা হইয়াছে, বৈভাষিকমতে কিন্তু তেমনভাবে কেবল বর্ণমাত্রকেই রূপ বলা হর নাই। এইমতে নীলপীতাদি বর্ণগুলিকেও রূপ বলা হইয়াছে; এবং হ্রস্বস্থদীর্ঘত্যদি যে আরুতিগুলি, উহাদিগকেও রূপ নামে অভিহিত করা হইয়াছে। অর্থাৎ বৈশেষিকমতের পরিমাণগুলিকেও বৈভাষিকমতে রূপই বলা হইয়াছে। বৈশেষিকমতে বর্ণ বা পরিমাণ যেমন দ্রব্যাত্মক পদার্থ নহে — পরস্তু, দ্রব্যান্ত্রিত গুণাত্মক; বৈভাষিকমতে কিন্তু ঐগুলিকে তেমনভাবে দ্রব্যান্ত্রিত বা গুণাত্মকপদার্থ বলিয়া স্বীকার করা হয় নাই। উক্তমতে ঐগুলির প্রত্যেকটীকেই একএকটী পৃথক্ দ্রব্য বলিয়া স্বীকার করা হয়ার হয়া হয়াছে।

নীল, লোহিত, পীত ও অবদাত, অর্থাৎ গুল্ল, এই চারিপ্রকার প্রধান বর্ণ; মেঘ, বাম্পা, রজঃ, মিহিকা, ছায়া, আতপ, আলোক এবং তমঃ এই আটপ্রকার অপ্রধান বর্ণ; দীর্ঘন্ধ, হস্তব্ব, বর্ত্ত্বান্ধ, পরিমাণ্ডল্য, উন্নতি, অবনতি, সাত ও বিসাত এই আটপ্রকার সংস্থান; বৈভাষিকশাস্ত্রে মিলিতভাবে উক্ত বিংশতি-প্রকার ধর্মকে রূপ নামে পরিভাষিত করা ইইরাছে ।

১। রূপং পঞ্চেন্দ্রিয়াশার্থাঃ পঞ্চাবিজ্ঞপ্তিরেব চ। কোশস্থান ১, কা ন।

২। বৈভাষিকা হি ক্রবতে ভূতবিকারবিশেষা এব ইন্সিংগাঁতি। ঐ, কুটার্থা।

ত। ক্লপং দ্বিধা বিংশতিধান । । কোশস্থান ১, কা ১ ।।

এই যে বর্ণ ও সংস্থান লইয়া বিংশতিপ্রকার রূপের কথা বলা হইল, ইহাতে আমরা তিনটা বিভাগ দেখিতে পাই। প্রথমটা, অর্থাৎ নীলাদি, কেবল বর্ণাম্মক; তৃতীয়টী, অর্থাৎ দীর্ঘন্তাদি, কেবল সংস্থানাত্মক এবং দ্বিতীয়টী বর্ণ ও <mark>সংস্থানাত্মক। ইহাতে অবশুই প্রশ্ন হইবে যে, দ্বিতীয় বিভাগটীর পূগগ্ভাবে</mark> উল্লেখের প্রয়োজন কি ? কারণ, উহা প্রথম ও তৃতীরের দারা চরিতার্থ হইয়া গিয়াছে। মেঘাদিতে নীলবর্ণ এবং দীর্ঘয়াদিরপ সংস্থানের সমাবেশ আছে; স্বতরাং, উহারা নীলবর্ণ ও দীর্ঘয়াদি সংস্থানেরই অন্তর্ভুক্ত হইবে। বৈভাষিক্<mark>গণ</mark> ইহার উত্তরে বলিবেন যে, তৃতীয় বিভাগের অন্তর্গত যে দীর্ঘনাদি সংস্থানগুলি, তাহারা কারবিজ্ঞপ্রিরূপ ধর্ম, অর্থাৎ উহারা কারিক সংস্থানবিশেযাত্মক এক প্রকার ক্রিয়া । উহারা দীর্ঘাদি নানা আকারে আকারিত হইয়া থাকে। একটী লোক পদ ব্ৰম্পে কিছু দ্ব চলিয়া গেলে ঐ কায়িকক্ৰিয়াকে আমরা দীর্ঘ বুলিয়া মনে করি; এইরূপ চক্রাকারে আবর্তুন করিলে ঐ ক্রিগাকে আমরা ষর্ভুল বলিয়া ব্ঝি। স্কুতরাং, কায়িকক্রিয়াগুলিও ফলতঃ দীর্ঘাদি আকার-বিশিষ্টই হইন্না থাকে। বৈভাষিকশান্ত্রে উক্ত গমনাদিরূপ ক্রিয়াগুলিকে "কাম্বিজ্ঞপ্তি" নামে অভিহিত করা হইয়াছে। বৈশেষিকের ক্রিয়ার ধারণা হইতে বৈভাষিকের ক্রিয়ার ধারণাকে সম্পূর্ণ পৃথক করিতে হইবে। বৈশেষিক-মতে ক্রিরার আশ্ররূপ দ্রব্যকে পৃথক্ এবং স্থায়ী ^{বি}লয়া স্বীকার করা হইয়াছে। ঐমতে পৃথক্ আশ্রর এবং উহার স্থায়িত্ব স্বীকৃত থাকা<mark>র ক্রিয়া নামক</mark> পৃথক্ একটা পদার্থ স্বীকার করা সম্ভব হইয়াছে। বৈভাষিকমতে প্রতিক্ষণ-পরিণামী স্বভাবের ধর্মকে ক্ষণিক বলিয়া স্বীকার করা হইয়াছে এবং ক্রিয়ার আধার-রূপে কোনও পৃথক্ দ্রব্যাত্মক পদার্থ স্বীকার করা হয় নাই। স্নতরাৎ, এইমতে প্রতীম্বমান দীর্ঘত্বাদি আকারগুলিকেই ফলতঃ লৌকিকভাবে ক্রিয়া বলা হইয়াছে। ধর্মগুলি প্রতিক্ষণপরিণানী হইলে তাহাতে কোনও পৃথক্ ক্রিয়া সম্ভব হইতে পারে না। এই যে কায়বিজ্ঞপ্রিরপ দীর্ঘয়াদি সংস্থানগুলি, ইহারা রূপদর্শন ব্যতিরেকেই

১। কায়বিজ্ঞপ্রিস্তাব ইতি। কায়বিজ্ঞপ্তি হিঁ কদাচিদ্ দীর্ঘা কদাচিদ্ হ্রস্বা কদাচিদ্ বাবিদিনাতেতি। কীদৃশী পুনঃ সা অবগন্তব্যা? তদালস্থনচিত্দমুখাপিতং যৎ কায়কর্ম। কেশস্থান ১, কা ১০, ক্ফুটার্থা।

চকুর ঘারা গৃহীত হইরা থাকে '। আমরা যে কোনও প্র্চলাকে দীর্ঘ বলিয়া দেথি; ঐ দেখার সহিত কোনও বর্ণগ্রহণ, অর্থাৎ রূপদর্শন, সহভূত থাকে না। অর্থাৎ কোনও লোকের শ্রীরকেও আমরা দীর্ঘ বলিয়া দেখি এবং সে যথন কোনও পথবিশেষে গমন করে, তখন জ গমনকেও আমরা দীর্ঘ বলিরাই মনে कति। এই य इरेंगै नीर्यं पर्नन्न, रेश्रापत প्रथम नीर्यं पर्नात, पर्याद मंतीतमधकी দীর্ঘত্তের গ্রহণে, নালাদিবর্ণে। দর্শন সহভূত থাকে। আমরা একসঙ্গেই শরীরের বর্ণ ও তাহার দীর্ঘত্ত দর্শন করিয়া থাকি। কিন্তু, আমত্রা যখন ঐ লোকটীর গমনকে দীর্ঘ বলিয়া মনে করি, তথন উহাতে কোনও বর্ণের দর্শন যুক্ত থাকে না। এই যে কায়বিজ্ঞপ্তিস্বভাবের সংস্থান গুলি, ইহাদিগকে পৃথগ্ভাবে ব্ঝাইবার নিমিত্তই তৃতীয় বিভাগে দীৰ্ঘনাদি সংস্থানগুলি কীৰ্ত্তিত হইয়াছে। উক্ত বিজ্ঞপ্তিসভাব ব্যতিরেকেও যে দীর্ঘত্বাদিরূপ সংস্থান আছে, তাহা জ্বানাইবার নিমিত্তই দ্বিতীয় বিভাগে যেঘ, বাম্প, মিহিকা, রজঃ, ছায়া ও তমঃ ইহাদের পৃথগ্ভাবে গ্রহণ করা হইরাছে। কিন্তু, এই সকল বস্তুর দীর্ঘত্তাদি সংস্থানগুলি আদে বিজ্ঞপ্তিস্বভাবের নহে। আমরা ঐ সংস্থানগুলিকে ক্রিয়া বলিয়া বুঝি না। আর, আমরা যথন উহাদের দীর্ঘকাদি আকারগুলিকে দেখিয়া থাকি তথন ঐ সংস্থানদর্শনের সহিত মিলিতভাবে কোনও না কোনও বর্ণের দর্শন থাকিবেই। অর্থাৎ, ঐ স চল স্থলে বর্ণ ও আকার, এই দ্বিবিধ আলম্বনেই একটী চাকু্যবিজ্ঞান সমুংপন্ন হয়। বিভিন্ন আলম্বনে পৃথক্পৃথগ্ভাবে যুগণৎ বিজ্ঞানদ্য উৎপন্ন হয় বলিয়া মনে করিলে উহা সিদ্ধান্ত বিরোধী হইবে। বৈভাষিকমতে যুগপৎ বিজ্ঞানদন্তের উৎপত্তি অস্বীকৃত আছে । যদি কোনও সন্তানে হুইটা চিত্তের, অর্থাৎ বিজ্ঞানের, যুগপৎ উৎপত্তি স্বীকার করা যার, তাহা হইলে ঐ তুইটীর মধ্যেও পরস্পর সমনস্তরপ্রতায়তা অবশ্রুই স্বীকার করিতে হয়। কারণ, ঐ ছুইটীর প্রত্যেকেই পরম্পর পরম্পরের

বৈভাষিকাণাময়মভিপ্রায়ঃ—নীলাদিগ্রহণমাতপালোকগ্রহণং বা সংস্থাননিরপেক্ষং
প্রবর্ত্ততে; কায়বিজ্ঞপ্তিগ্রহণয় বর্ণনিরপেক্ষং পরিশিষ্টরূপায়তনগ্রহণয় বর্ণসংস্থানাপেক্ষং প্রবর্ত্ততে।
কোশস্থান ১, কা ১০, ক্ষ্টার্থা।

 [।] সমনন্তরপ্রত্যা হি তদানীং চিত্ত চৈত্রলক্ষণঃ এক তৈর তপ্ত নীলবিজ্ঞানপ্ত উৎপত্তের

অবকাশং দদ।তি। নেতরেষাং নীলান্তরা দিবিজ্ঞানানাং যুগপদিক্রানোৎপত্তাসন্তবাং। কোশস্থান

১' কা ৬, স্ফুটার্থা।

সমনন্তর, অর্থাৎ অন্তররহিত, হইরাছে। শাস্ত্রে পূর্কবর্তী ও ব্যবধানরহিত, অর্থাৎ অব্যবহিত পূর্কবর্তী, যে চিত্তক্ষণ, তাহাকেই পরবর্তী চিত্তক্ষণের প্রতি সমনন্তর-প্রত্যায় নামে অভিহিত করা হইরাছে। উক্ত শাস্ত্রীয় দিদ্ধান্ত ব্যাহত হয় বলিয়াই বৌদ্ধমতে যুগপৎ চিত্তদ্বরের উৎপত্তি স্বীকৃত হইতে পারে না।

পূর্ব্বক্থিত যে বর্ণদর্শনলাপেক্ষদর্শনের বিষয়ীভূত সংস্থানগুলি, উহাদিপকে পৃথগ্ভাবে ব্যাইবার নিমিন্তই, অর্থাৎ বিজ্ঞপ্তিস্বভাবের সংস্থান হইতেও বে অন্ত প্রকারের দীর্ঘত্বাদি সংস্থান আছে — ইহা জানাইবার নিমিন্তই, দিতীর বিভাগে মেদ, বাম্প প্রভৃতির পৃথক্ উল্লেখ করা হইরাছে। আমরা এই বিভাগে বে আতপ ও আলোকের উল্লেখ দেখিতে পাই, তাহার দারা বর্ণাত্মক রূপও বে স্থলবিশেষে সংস্থানদর্শননিরপেক্ষভাবে দৃষ্টিগোচর হর, ইহাই জানাইয়া দেওরা হইরাছে। এইস্থলে আতপ পদের দারা স্বর্য্যের প্রকাশ এবং আলোক পদের দারা স্বিশ্বপ্রকাশ, অর্থাৎ চল্রের প্রকাশকে, বলা হইরাছে । আমরা বে আতপ ও আলোক দেখিরা থাকি, ইহাতে কেবল বর্ণ ই আলম্বন হয় ; দীর্ঘত্মাদি কোনও সংস্থান ইহার আলম্বন হয় না। এসকলম্বলে আমরা কোনও আকার না দেখিরাই বর্ণ দেখিরা থাকি। অন্তল্প সকলম্বলে আমরা কোনও আকার না দেখিরাই বর্ণ দেখিরা থাকি। অন্তল্প সকলম্বলে আমরা কোনও আকার বা সংস্থান অবশ্বই দেখিরা থাকি, অর্থাৎ ঐসকলম্বলে প্রত্যেকটী চাক্ষ্ম বিজ্ঞানই বর্ণ ও সাংস্থান এই উভরকে আলম্বন করিয়া থাকে।

বর্ণ ও সংস্থানের বিজ্ঞানে যে প্রদর্শিতরূপ বৈচিত্র্য আছে, ইহা জ্ঞানাইবার নিমিত্তই শাস্ত্রে বিংশতিপ্রকার রূপগুলিকে ভিন ভাগে বিভক্ত করিয়া দেখান হইরাছে। যে ধর্মগুলিকে লোকতঃ পৃথিবী, জল, তেজ ও বায়ু নামে অভিহিত্ত করা হর, তাহারাও পূর্ব্বোক্ত রূপেরই অন্তর্গত হইবে। কারণ. উক্ত ধর্মগুলিও বর্ণ এবং দীর্ঘন্বাদি সংস্থানাত্মক প্রমাণুর সমষ্টিরূপই। পৃথিবীর স্থায় জল এবং তেজেও যে বর্ণ এবং আকার বা সংস্থান আছে, ইহা আমরা সকলেই বৃঝি। জতএব, পৃথিবীর স্থায় জল এবং তেজেও যে বর্ণ ও সংস্থানপ্রমাণুর সমষ্টিভূত, তাহা নিঃসন্দিশ্বই আছে। আমরা বায়ুর কোনও বর্ণ বা কোনও আকার দেখিতে

১। আতপঃ উক্প্ৰকাশঃ ফুৰ্যান্ত, আলোকঃ শীতপ্ৰকাশ ইন্দোঃ। কোণস্থান ১, কা ১০, ৰাহুলফুছব্যাথা।

পাই না। স্থতরাং, এই প্রশ্ন আসিরা উপস্থিত হইতেছে যে, বাযুধর্মটী রূপের অন্তর্গত হইবে কি না ? যদি না হয়, তাহা হইলে উহা পঞ্চস্করের বহিত্তি হইরা যাইবে। এইরূপ হইলে সংস্কৃত্যবর্মের বে স্কন্ধরূপে বিভাগ করা হইয়াছে, ভাহা ন্যুনতাদোযে ছণ্ট হইয়া যাইবে।

<u>পাঙ্কতাারন রাহল উক্ত প্রশ্নের সমাধান করিতে গিয়া তদীর বৃতিগ্রন্থে</u> বলিয়াছেন যে, বায়ুও রূপেরই অন্তর্গত হইবে। কারণ, আমরা বায়ুর রুঞ্চবর্ণ ও চক্রাকার দেখিতে পাই'। কুষ্ণবর্ণ লইরা বারুব প্রত্যক্ষ হর — ইহা আমরা নিজ অভিজ্ঞতায় পাই নাই এবং কেহ যে ঐ প্রকার বায়ুকে দেখিয়াছে ইহাও আমাদের কর্ণে অত্যাববি আসে নাই। স্কুতরাং, আমরা অত সহজে বায়ুকে কুঞ্চবর্ণাত্মক বলিয়া সিদ্ধান্ত করিতে পারি না। বায়ুর বর্ণাত্মকতাসম্বন্ধে যশোমিত্রও কোন পরিকার কথা বলেন নাই। আরু, বায়ু যে রূপের অন্তর্গত হইবে, ঐ বিষয়ে তিনি ভদীয় ব্যাখ্যাগ্রন্থে কোনও আলোচনাই করেন নাই। অথচ, বৈভাষিকসিদ্ধান্তে বায়ু যে রূপের অন্তর্গত, তাহা নিঃসন্দিগ্ধ। বায়ুর য়ে বর্তুগত্বাদিসংখান আছে, আম্রা তাহা কতকটা নিজ্ব অভিজ্ঞতায় বলিতে পারি। আমরা অনেক সময় ইহা দেখিতে পাই যে, ঘূর্ণীবাত্যায় আকাশমার্গে তৃণাদি উৎক্ষিপ্ত হয় এবং তাহাতে বায়ুর চক্রত্বরূপ সংস্থান দৃষ্টিগোচর হইতেছে বলিয়াই আমাদের মনে হয়। অবশ্র ঐন্থলে বাত্যার আকারের প্রত্যক্ষ সর্ববাদিসমূত হইবে না। নৈয়ায়িক বলিবেন ষে আমরা ঐস্থলে শৃশ্রুস্থ তৃণাদির আবর্তনক্রিয়ার প্রত্যক্ষ করিয়া বায়ুর ঐজাতীয় ক্রিয়ার অনুমানই করি; উহা বায়ুর নিজস্ব সংস্থান বা আকার নহে একং উহা প্রত্যক্ষতঃ জ্ঞাত হয় না। কোনও কোনও নৈয়ায়িকের মতে বায়ুর প্রত্যক্ষ স্বীকৃত হয় নাই। বৈভাষিকমতে উহা প্রত্যক্ষজ্ঞান এবং বর্তুলম্বরূপ সংস্থানই উহার বিষয়। ধর্মের ক্ষণিকত্ববাদে সংস্থানাতিরিক্ত ক্রিয়াপদার্থ স্বীকৃত হইতে পারে না । প্রতিক্ষণে অবিরশক্রমে যদি স্বসমানজাতীয় ভিন্ন ভিন্ন ধর্মের উৎপত্তি এবং পূর্ব্ব পূর্ব্ব ধর্মের বিনাশ হয়, তাহা হইলে আমরা ইহা মনে করি যে, একটীই ধর্ম চলিয়া বেড়াইতেছে। কিন্তু, বাস্তবিকপক্ষে কোনও ধর্মাই চলিয়া

বায়্ধাতুরপি পৃথিব্যাদিবদ্বর্ণসংস্থানরপঃ। অতএব লোকে কৃঞো বায়ুঃ চক্ররপো
 বায়ুরিভি ব্যবহারঃ। কোশস্থান ১, কা ১৩, রাহলকৃতব্যাখ্যা।

বেড়ার না'। আমনা যথন এই প্রণালীতে গতিপ্রতাক্ষের উপপত্তি করিতে পারি, তথন পদার্থান্তর বলিয়া গতির কল্পনা কলা নিপ্রয়োজন; স্থতরাং, গৌরব স্বীকার করা সমীচীন হইবে না। যদি পদার্থগুলি বাডবিকপক্ষে ফণিক হয়, ভাহা হইলেই উক্ত প্রণালীতে আমরা গতিপ্রতীতির উপপত্তি করিতে পারি। অভ্যথা, পূর্ব্ব পূর্ব্ব ধর্মগুলি স্ব স্থ হোনে হারিভাবে বিভ্যমান থাকায় উত্তরোত্তর ফণে স্বসমান-জাতীয় ধর্ম।ন্তরের অবিরলক্রমে উৎপত্তি হইলেও, উহার দানা গতিপ্রতীতিয় উপপত্তি হইবে না। স্কুতরাং, ইহা দেখা যাইতেছে যে, ধর্মগুলির ক্ষণিকত্বের উপরই গতি অস্বীকার করিবার মূল নিহিত আছে। বৈশেষিকাদিমতে ধর্ম্মের স্থায়িত্ব স্বীকার করায় গতিকে পদার্থান্তর বলিয়া স্বীকার করিতে হইয়াছে। অন্তপা, ঐ সকলমতেও গতি অস্বীকৃতই হইয়া যাইত। অতএব, বৌদ্ধনার্শনিকগণ দদি গতির সংস্থানরূপতা স্বীকার করেন, তাহা হইলে তাহাদিগকে অবশুই পদার্পের ক্ষণিকত্বে প্রমাণের উপত্যাস করিতে হইবে। , মত্তো আমরা ধর্মের ফণিকত্বসম্বন্ধে সবিস্তার আলোচনা করিব। এইস্থানে বৈভাষিক্মতানুসারে কিঞ্চিং আলোচনা করিলাম। উক্তমতে আকাশাদি অসংস্কৃতধর্মের নিত্যত্বই স্বীকৃত হইরাছে। স্থতরাং, বৈভাষিকমতে ধর্মমাত্রের ক্ষণিকত্ব সিদ্ধান্তিত নহে।; এই কারণে, আকাশাদি ধর্ম্মে ব্যভিচারী হওয়ায় সত্ত্বকে লিঙ্গ করিয়া ধর্মমাত্রের অনিত্যস্ক, অর্থাৎ ক্ষণিকত্ব, অনুমান করা সম্ভবপর হইবে না। অর্থাৎ, দর্নং ফণিকং সন্ত্রাৎ প্রদীপবং — এইরূপ স্থায়প্রয়োগ এইমতে সম্ভব হইবে না। কারণ, আকাশাদি অসংস্কৃতধর্মে ক্ষণিকত্ব না থাকার উক্ত অনুমান বাধদোধে ছষ্ট এবং ক্ষণিকত্বশ্যু আকাশে সত্ত্ব থাকার উহা ক্ষণিকত্বের ব্যভিচারী হইরা গিয়াছে। স্কুতরাং, এই মতে ভিন্ন ভিন্ন ধর্মকে পক্ষ করিয়াই ভিন্ন ভিন্ন লিঙ্গের দ্বারা সংস্কৃতগর্ম্মে ক্ষণিকত্বের অনুমান করিতে হইবে। এইস্থানে আমরা পৃথিব্যাদিপদার্থ লইয়া আলোচনা করিতেছি। স্কুতরাং, আমরা প্রথমতঃ তাহাদেরই ক্ষণিকত্তে অনুমানের উপত্যাস করিব। পৃথিব্যাদীনি ভূতানি ক্ষণিকানি রূপত্বাৎ প্রদীপবং — এইরূপ প্রয়োগের দ্বারা

১। ক্ষণিকানাং নান্তি দেশান্তরগমনং বত্রৈব উৎপদ্ভিন্তত্রৈব বিনাশঃ, তেনৈবম্চাতে দেশান্তরোৎপাদনস্বভাবা ভূতস্রোভসঃ ঈড়না ক্ষণিকত্বাৎ প্রদীপবং। কোশস্থান ১, কা ১২, ক্টার্থা।

ক্ষণিকজেন অনুমান করা যায়। প্রদীপশিখাতে ইহা দেখা গিয়াছে যে, রূপাত্মক হইলে তাহা ক্ষণিক হয়, অর্থাৎ রূপত্ব থাকিলে তাহাতে ক্ষণিকত্ব থাকে। স্থতরাং, প্রদীপের শিখার স্থায়ই রূপত্ব থাকায় পৃথিব্যাদিভূতসমূহেও ক্ষণিকত্ব থাকিবে। বৈভাষিকমতে "দিতীয়ুদ্রণবৃত্তিধ্বংসপ্রতিযোগিতকে" ক্ষণিকত্ব বলা যাইবে না। কারণ, সর্ব্বান্তিত্ববাদে ধর্ম্মের নিরম্বরবিনাশ্চ স্বীকৃত নাই। এইমতে অতীত এবং আগানী বস্তরও সত্তা স্বীকৃত হইরাছে। স্তুতরাং, বৈভাষিক্মতে "স্বাধিক্রণ-ক্ষণত্ববাপকপরিণামবর ই ক্ষণিকত্ব হইবে। কোনও বস্তু যদি অপরিণামী অবস্থায় এক্ফণুমাত্রও স্থায়ী হয়, তাহা হইলে তাহার পরিণাম আর স্বাধিকরণক্ষণত্তের ব্যাপক হইবে না। এইমতে নীলাদি প্রমাণুগুলির অনাদিত্ব স্বীকৃত থাকায় উহাদের অধিক:প্রপে আমরা এমন একটা ক্ষণত পাইব না, যে ক্ষণে উহাদের কোনও পরিণাম হয় নাই। কিন্তু, বস্তুগুলির সাদিও স্বীকার করিলে তদীয় পরিণামে স্বাধিকরণকণত্বের ব্যাপকত্ব থাকিতে পারে না। কারণ, এরূপ হইলে বস্তুর অধিকরণীভূত যে প্রাণম ফাণ্টী, তাহাতে তাহার নিজের কোনও পরিণাম না হওরার ঐ পরিণাম আর স্বাধিকরণক্ষণকত্বের ব্যাপক হইল না। আর, বস্তর অনাদিত্বপক্ষে তাহার অধিকরণীভূত ক্ষণগুলির কোনও ক্ষণকেই প্রথমক্ষণ বলিয়া গ্রহণ করা যাইবে না। কারণ, সেইক্ষণের পূর্বাক্ষণেও বস্তুটী সেইক্ষণের স্থায়ই বিভ্যমান ছিল। আকাশাদিরূপ যে নিত্য ধর্মগুলি, তাহারা অপরিণামী হওয়ার উহাতে উক্ত ফণিকত্বের লক্ষণ অতিব্যাপ্ত হইবে না। বস্তুগুলি প্রতিক্ষণে অবিরলভাবে সমানাকারে পরিণামপ্রাপ্ত হয় বলিরাই উহাদিগকে আমরা স্থায়ী বুলিয়া মনে করি। কোনও একটা বৈত্যুতিক আলোককে যদি ক্ষণব্যবধান না রাধিয়া একই স্থানে পুনঃ পুনঃ নির্বাপিত ও প্রজ্ঞলিত করা যায়, তাহা হইলে কিছুক্ষণ ধরিয়া একটা আলো জনিতেছে বনিয়াই আমরা দেখিতে পাই। স্কুতরাং, আমরা এফণে ইহা বেশ বুঝিতে পরিলাম যে, লোকব্যবহারে পৃথিবী, জ্বল, তেজ্ব ও বায়ু বলিয়া বাহারা পরিচিত, তাহারাও বর্ণ বা সংস্থানাত্মক হওয়ায় বৈভাষিক-মতানুসারে রূপেই অস্তর্ভুক্ত হইয়াছে।

পৃথিবী খন্তস্বভাব, অর্থাৎ কঠিন। জল মেহস্বভাব, অর্থাৎ চূর্ণীকৃত বস্তুর
১। ক্ষণিকানি চ ভূতানি রূপহাৎ প্রদীপবং। প্রদীপণ্ট ক্ষণিকঃ প্রাসিদ্ধ ইত্যুদাহরণম্।
কোশস্থান ১, কা ১২, ক্ষ্টার্থা।

পিওতাসম্পাদনকারী। তেজ উষ্ণতাস্বভাব এবং বাষু ঈরণস্বভাব, অর্থাৎ গমনশীল। কঠিনস্বভাব হওয়ায় পৃথিবী সন্ধারক। মেচস্বভাব, অর্থাৎ আর্দ্রস্বভাব, হওয়ায় জল সংগ্রাহক। উষ্ণতাস্বভাবনশতঃ তেজ পাচক এবং গতিস্বভাব হওয়ায় বায়ু প্রসর্পক। উক্ত চারিটা ধর্মকে বৈভাবিকশায়ে "বাহু" এবং "মহাভূত" সংজ্ঞায় পরিভাবিত করা হইয়াছে।

আমরা এক্ষণে ইহা স্পষ্টভাবে ব্ঝিতে পারিলাম যে, বৈভাষিকমতে রূপ বলিতে নীলপীতাদি বর্ণ ও ব্রস্বত্দীর্ঘলাদি পরিমাণকে ব্ঝার। বৈভাষিক-শান্তে উক্ত পরিমাণগুলিকেই "সংস্থান" নামে পরিভাষিত করা হইরাছে। যে সকল ধর্ম পৃথিবী, জল, তেজ ও বায়ু বলিরা লোকপ্রসিদ্ধ সেইধর্মগুলিই উক্তমতান্ত্রসারে রূপ বলিরা পরিগৃহীত হইবে। কারণ, পূর্ব্বোক্ত বিচাবের দ্বারা উক্ত ধর্মগুলির বর্ণ ও সংস্থানাত্মকতা প্রতিপাদিত হইরাছে।

বৈভাষিকশান্ত্রে বর্ণ ও সংস্থানাত্মক বস্তুগুলিই আবার ধাতৃ এবং মহাভূত সংজ্ঞায়ও অভিহিত হইরা থাকে। ইহার অভিপ্রায় এই যে, বর্ণ ও সংস্থানরপে পৃথিবী ও জলাদির একই সংজ্ঞা রূপ। অর্থাৎ, রূপ এই একটা মাত্র সংজ্ঞার দ্বারাই মিলিতভাবে পৃথিবী এবং জলাদিরপ ধর্মাগুলি অভিহিত হইরা থাকে। কারণ, উহারা প্রত্যেকেই বর্ণ ও সংস্থানাত্মক ধর্ম। উহাদিগকেই আবার পৃথক্প্রগৃভাবে ব্যাইবার নিমিত্ত শাস্ত্রে "পৃথিবীধাতু", "জলধাতু", "তেজোধাতু" ও "বায়ুণাতু" এইরূপ ধাত্মসংজ্ঞা কীত্তিত হইরাছে। উহারা, অর্থাৎ ধাত্মসংজ্ঞাগুলি, বর্ণত্ব বা সংস্থান হ-প্রকারে অর্থের উপস্থাপন করে না; পরস্তু, কাঠিন্সাতিদ-ধর্মপুরস্বারেই বর্ণ ও সংস্থানাত্মক পদার্থগুলির পৃথক্পৃথগ্ভাবে অভিধান করে'। পৃথিবীধাতু এই পদটী কঠিনস্বভাব বর্ণ ও সংস্থানগুলিকেই কেবল উপস্থাপিত করে — উহার দ্বারা আর্দ্রস্থভাব বর্ণ ও সংস্থানগুলি অভিহিত হয় না। জলধাতু বা অপ্ধাতু এই পদটী কেবল আর্দ্রস্থভাব বর্ণ ও সংস্থানগুলির হিন স্থ্পস্থাপন করে — উহা কঠিনাদিস্বভাব বর্ণ ও সংস্থানগুলির অভিধান করে না। তেজোধাতু এই পদটী

গৃথিবীধাতুরপ্তেজোবায়্ধাতবং। কোশস্থান ১, কা ১২। ধাতুগ্রহণং বর্গসংস্থানাক্ষকপৃথিব্যাদিনিরাসার্থন্। কাঠিভাদিস্থলক্ষণং চক্রাজ্যপাদায়য়রপঞ্চ দধ্তীতি ধাতবং।
ঐ, ক্টার্থা।

কেবল উঞ্চমভাব বর্ণ ও সংস্থানগুলিরই অভিধান করে — উহা আর জন্ম স্বভাবের বর্ণ ও সংস্থানগুলির সমুপস্থাপন করে না। বায়ুগাতু এই পদটা কেবল ঈ:গস্বভাব বর্ণ ও সংস্থানগুলিরই অভিযান করে — স্বভাবান্তরের বর্ণ ও সংস্থানগুলিকে উহা উপস্থাপিত করে না। উক্ত বর্ণ ও সংস্থানাত্মক ধর্ম বা বস্তগুলির যে কাঠিন্তাদিরূপ ভিন্ন ভিন্ন স্বলক্ষণ আছে, ইহা জানাইবার নি।মত্তই উক্ত ধর্মাগুলিকে আবার পৃথিবীধাত্রপ্রভৃতি বিভিন্ন নামে অভিহিত করা হইগাছে। শাস্ত্রে ঐ ধর্মগুলিকেই পুনরায় মহাভূত বা ভূত নামেও অভিহিত বা পরিভাষিত করা হইয়াছে। সন্ধারণপ্রভৃতি বৃত্তিগুলি উহাদের দ্বারা সমুভূত হয়। এই কাবণে উহাদিগকে ভূত নামে অভিহিত করা হইরাছে। উহাদের রচনা অতিবিশাল; এই কারণে উহাদিগকে মহাভূত নামে অভিহিত করা হইয়াছে '। পৃথিবীতে যে অপরাপর বস্তুগুলি ধৃত আছে, ইহা আমরা সকলেই জানি। সক্তুপ্রভৃতি চ্বদ্রাগুলি জলসংযোগে সংগৃহীত, অর্থাৎ পিণ্ডীভূত, হইন্না থাকে। এই যে সংগ্রাহিকা বৃত্তি, ইহা জলের দারা সমুত্ত হয়। এই কারণে জলকে ভূত নামে অভিহিত করা হইয়াছে। তেজের দ্বারা বৃস্তা পাক হয়, ইহা আম্বা সকলেই দেখিয়াছি। তাপের ফলে যে ক চা আম পাকে, অন্নব্যঞ্জনাদির পাক যে অগ্নিসংযোগের ফলেই হইয়া থাকে, ক্রঠরাগ্রির সাহায্যেই যে ভুক্ত ও পীতবস্ত পরিপাকপ্রাপ্ত হয়, ইহা আমাদের অজ্ঞাত নাই। এই যে পাচকরন্তি, ইহা তেজ হইতে সমভূত হয় :বলিয়াই তেজকে ভূত নামে অভিহিত করা হইয়াছে। বায়ুর সাহায্যে যে অপরাপর বস্তু পরিচালিত বা বৃদ্ধিপ্রাপ্ত হয়, ইহাও আমরা জানি। ধায়ু সবেগে প্রবাহিত হইলে বুকের শাথাপত্রাদি যে ইতস্ততঃ সঞ্চালিত হইতে থাকে, আমাদের শরীর যে প্রাণ-বায়ুর সাহায্যে বৰ্দ্ধিত হয়, ইহা আমাদের জানাই আছে। এই যে প্রসর্পণ বা বাহনবৃত্তি, ইহা বায়ু হইতে সমুভূত হয় বলিয়াই শাস্ত্ৰে উহাকে ভূত নামে অভিহিত করা হইয়াছে। এইসকল বিভিন্ন বৃত্তির উদ্ভাবক যে ভূতগুলি, ইহাদের বিশালতার নিমিত্তই ইহাদিগকে মহাভূত সংজ্ঞার অভিহিত করা

১। তৈ মহাভূতৈক ূতা ব্যক্তা বৃত্তিঃ ধৃত্যাদিকা যেবুতে ইমে ততুভূতবৃত্তয়ঃ পৃথিবাপ্ত তেজাবায়ুস্কলাঃ। এবাং মহাভূতানাং মহাসন্নিবেশহাৎ মহারচনহাৎ। কোশস্থান ১, কা ১২,

হইয়াছে। শাস্ত্রকারগণ একই বর্ণ ও সংস্থানাম্মকংশ্বকে বিভিন্ন দৃষ্টিভঙ্গীতে রূপ, ধাতু ও ভূত এই সকল বিভিন্ন নামে মভিহিত করিয়াছেন।

আমরা ব্যাবহারিক জগতে যে সকল বিভিন্ন ধর্মকে পৃথিবা বা জনাদি ধারু বিলয়া মনে করি, তাহারা কেহই একজাতীর ধারুমাত্রের নমষ্টি নহে। অর্থাং, জলীরাদি ভিন্নজাতীর পরমাধুর সংমিশ্রণ নাই, এমন কোনও পার্থিব পরমাণুর সমষ্টিরূপ পৃথিবীবাতুকে আমরা ব্যাবহারিক জগতে পাইব না। আমরা ধদি পার্থিব ধারুর দৃষ্টান্তরূপে একথানি প্রস্তর গ্রহণ করি, তাহা হইলে আমরা বিচারে দেখিতে পাইব নে, উহাতে জল, তেজ ও বার্নাতুর সংমিশ্রণ আছে। অস্তান্ত ধর্মকে ধারণ করিবার সামর্থা থাকার উহা পৃথিবী হইবে। ঐ স্থলে পাথিব পরমাণুগুলি সংগৃহীত থাকার উহাতে জলপরমাণুর মিশ্রণ স্বীকার করিতে হইবে। পাকের ফলে উহা প্রস্তরন্ধাপ্ত হইরাছে; স্মতরাং, উহাতে তৈজস পরমাণুরও সংশ্বেষ আছে। ক্রমে বৃদ্ধিপ্রাপ্ত ইইতেছে; কাজেই উহাতে বার্থীয় পরমাণুর সংশ্বিশ্রণও মানিতে হইবে। এই প্রণালীতে বিচার করিরাই জল প্রভৃতি মন্ত্রান্ত ধাতুতেও অপরাপর ধাতুর সংযোগ বৃধিরা লইতে হইবে ।

পূর্ব্বে আমরা রূপস্করের পরিগণনায় পঞ্চপ্রকার ইন্দ্রির, রূপশব্দাদি পঞ্চপ্রকার অর্থ এবং পঞ্চপ্রকার অবিজ্ঞপ্তি — মিলিভভাবে উক্ত পঞ্চদশ্রপ্রকার ধর্ম্বের উল্লেখ করিরাছি। ইহাতে সাধারণতঃ ইহাই মনে হইবে বে, ইন্দ্রিয় গুলি পদার্থতঃ রূপাত্মক নহে, উহারা ভিন্নজাতীয় ধর্ম। কারণ, উক্ত পরিগণনার রূপের উল্লেখ সত্ত্বেও পৃথক্ভাবে আবার ইন্দ্রিয়ের উল্লেখ আছে। ইন্দ্রিয় গুলি বিদির রূপেরই অন্তর্গত হয়, ভাহা হইলে উহাদের পৃথক্ উল্লেখ সমীচীন হয় না।

আমরা ইহার সমাধানে বলিব বে, রূপ ইইতে চক্ষুরাণি ইন্দ্রিয়গুলি পৃথক্
পদার্থ নহে। উহারা বর্ণ ও সংস্থানাত্মক বলিয়া রূপেই অন্তর্ভুক্ত আছে।
বৈভাষিকশান্ত্রে বর্ণ ও সংস্থানকেই রূপ নামে পরিভাষিত করা হইয়াছে।
অভিধর্মকোশেও চক্ষুরাণি ইন্দ্রিয়গুলিকে (মন ব্যতীত) রূপপ্রসাদ, অর্থাৎ
রূপস্বভাবই, বলা ২ইরাছে। এইরূপ হইলেও পৃথগ্ভাবে জ্ঞানার প্রয়োজন
আছে বলিয়াই গ্রন্থকার ইন্দ্রিয় নামে উহাদের পৃথক্ উল্লেখ করিয়াছেন। বর্ণ ও

>। উপলাদিকে হি পৃথিবীদ্ৰব্যে সংগ্ৰহপতিবৃহ্নদর্শনাচ্ছেষাণাং জলতেজোবাগুনামন্তিবসমূ-মীয়তে । কোশস্থান ১, কা ১২, ফুটার্থা।

সংস্থানাত্মক হইলেও ঘটপটাদি ধর্ম হইতে চক্ষুরাদি ইন্দ্রিয়গুলির বৈশিষ্ট্য আছে।
চক্ষ্রাদি ইন্দ্রিয়গুলি চাক্ষ্যাদি বিজ্ঞানের আশ্রম হয় এবং উহাদের নামে "চাক্ষ্যবিজ্ঞান" এইভাবে বিজ্ঞানের ব্যবহার হইয়া থাকে। এইভাবে বিশেষ্ট্র পরিজ্ঞানের নিমিত্তই রূপক্ষদ্ধে উহারা পৃথক্ উল্লিখিত হইয়াছে। ধর্মারূপে উহারা রূপ হইতে পৃথগ্ঞাতীয় নহে।

বৈভাষিকশাস্ত্রে বর্ণ ও সংস্থানাত্মক পৃথিবী প্রভৃতি পদার্থগুলিকে রূপ নামে অভিহিত করা হইয়াছে। যশোমিত্র এই নামটীর তাৎপর্য্যার্থের বর্ণনা করিতে গিয়া বাহ। বলিয়াছেন, প্রয়োজনবোধে নিমে আমরা তাহার মর্মার্থ প্রদর্শন করিতেছি --

"রপাতে বাধ্যত ইতি রপম্" এইরপ বৃৎপত্তিতে "রপ" পদটী পরিনিম্পন্ন হইরাছে। উক্ত বৃৎপত্তি অমুসারে যাহা বাধনার, অর্থাৎ ফুথের, দ্বারা পীড়িত হয়, তাহাকেই রপ বলা হইরাছে। অভিধর্মশাস্ত্রে উক্ত অর্থকে একটী দৃষ্টান্তের দ্বারা নিম্নোক্ত প্রকারে ব্রান হইরাছে। কোনও একটী সকাম ব্যক্তির কামনার বিষয়ীভূত বস্তু যদি সমৃদ্ধ বা সম্পন্ন না হয়, তাহা হইলে সেই ব্যক্তি শল্যাহত পুরুষণণের স্থায় ফুথের দ্বারা পীড়িত হইয়া থাকে। এইরপে ফুথের দ্বারা পীড়িত হইয়া থাকে। এইরপে ফুথের দ্বারা পীড়িত

উক্ত ব্যাখ্যাতে যদি আপত্তি করা যায় যে, দৃষ্টাস্ত ও দাষ্ট্র থিকের মধ্যে সমতা না থাকার উক্ত ব্যাখ্যা সমীচীন হইতে পারে না। উক্ত হলে একটা চেতন বস্তুজে দৃষ্ট্র করিয়া অচেতন বস্তুজলিকে তাহার সহিত তুলিত করা হইয়াছে। বৈষম্য থাকার উক্ত উভয়ের উপমানোপমেয়ভাব নাই। যদিও সচেতন বস্তুটী নিজ কাম্যবিষয়ের অসম্পত্তিতে বাস্তবিকপক্ষেই তুঃখপীড়িত হইতে পারে ইহা সভ্য; তথাপি অচেতন বস্তু যে ঘটপটাদি, তাহারা এভাবে বাধনার দারা পীড়াগ্রস্ত হইতে পারে না। স্মৃতরাং, উক্ত ব্যাখ্যায় ঘটপটাদি ধর্মগুলি আর রূপ সংজ্ঞায় ক্ষিত হইতে পারিল না; অথচ, শাস্ত্রে এ সকল ধর্মকেও রূপই বলা হইয়াছে।

এই আপত্তির সমাধান করিতে গিয়া স্বোপজ্ঞ ভাষ্যকার বস্তুবন্ধু বলিরাছেন ষে, যদিও সচেতন ধর্মগুলির ন্থায় অচেতন ধর্মগুলি সত্যসত্যই হৃঃথের দ্বারা পীড়িত হন্ন না ইহা যথার্থ; তথাপি পরিণামী হওয়ায় অচেতন বস্তুগুলিও বিকৃত হয়;

১। রূপ্যতে শব্দো বাধনার্থ এব পরিচ্ছিত্যতে। কোশস্থান ১, কা ১৩, স্ফুটার্থ:।

এই কারণে, উহারাও রূপ হইবে। সংস্কৃতবর্মগুলি যে প্রতিক্ষণপরিণামী, বৈভাষিকমতে ইহা সিদ্ধান্তিতই আছে । আরও কথা এই যে, "তম্ম কাম্যানম্ম ফলজাতম্ম কামান সমৃদ্যতে, শল্যবিদ্ধ ইব রূপ্যতে" এই বাক্যস্থ "রূপ্যতে" কথাটা "বিকারপ্রাপ্ত হয়" এইরূপ অর্থে প্রযুক্ত হইলে আর দৃষ্টান্ত ও দার্টান্তিকের মধ্যে বৈষ্যের প্রশ্ন উঠে না। কারণ, চেতন বস্তুর মতই সমানভাবে অচেতন বস্তুগুলিও বিকারপ্রাপ্ত হইন্না থাকে?।

কেই কেই আবার "রূপরতি স্বদেশে পরস্থ উৎপত্তিং প্রতিহৃত্তি" এইরূপ বৃত্পত্তিতে রূপ পদটার সাধন করেন। ইহাতে যাহা নিজদেশে অপরকে উৎপর্ম ইইতে দের না, তাহাই রূপ নামে কথিত হইবে।" বর্ণ ও সংস্থানাত্মক ধন্ম গুলি স্বোৎপত্তিফণে নিজস্থানে অপর বস্তকে আসিতে দের না। একটা ঘট যখন সেইস্থানে থাকে, তথন যে সেইস্থানে অপর বস্তর জ্বারগা হর না, ইহা আমরা সকলেই জ্বানি। বর্ণ ও সংস্থানাত্মক ধর্মগুলি পরপ্রতিঘাতী হয় বলিরাই শাস্ত্রে উহাদিগকে রূপ নামে অভিহিত করা করা হইরাছে। বৈভাষিকশান্তে এই প্রকার ধর্মগুলিকে "সপ্রতিঘ" নামেও অভিহিত করা হইরাছে।

উক্ত ব্যাখ্যার বিরুদ্ধে বদি নিম্নোক্তরূপে আপতি করা যায় যে, প্রতিঘাতকারী বা সপ্রতিঘ ধর্মই বদি রূপ হয় তাহা হইলে নীলাদি প্রমাণুক্ষণগুলি প্রত্যেকতঃ রূপ নামে অভিহিত হইবে না। কারণ, নিরবয়ব হওয়ায় উহারা প্রত্যেকতঃ অন্ত কাহাকেও প্রতিঘাত করিতে সমর্থ হয় না। পুর্কের ব্যাখ্যাতেও প্রমাণ্ড সম্বন্ধে এই আপত্তি প্রযুক্ত হইবে। কারণ, নিরবয়ব হওয়ায় প্রমাণুশুলি পরিণামী বা বিকারী হইতে পারে না। ছগ্ধাদিরূপ যে সকল ধর্ম সবিকার বলিয়া প্রসিদ্ধ আছে, তাহারা প্রত্যেকেই সাবয়ব। স্কতরাং, বিকারিশ্বের ব্যাপক যে সাবয়বয়, তাহার অনুপ্রাধিরূপ লিক্ষের ঘারা নীলাদি পরমাণুক্ষণের

 [&]quot;রপত্র কথং বাধ্যতে ? বিপরিণামোৎপালেন"। কোশস্থান ১, কা ১, ফুটার্থাধৃত হান্ত।

২। "তথাচ ইহার্থে দতি শল্যবিদ্ধ ইব রূপ্যত ইত্যত্রাপি যদি বিক্রিয়ত ইত্যর্কো গৃহুতে স্তরাদর্থো যুক্তাতে"। ত্র ।

^{ে। &}quot;প্রতিঘাত ইতি। বদেশে প্রস্রোৎপত্তিপ্রতিবন্ধঃ"। ঐ।

৪। দ্রব্যপর্মাণ্রপং ন রূপং প্রাপ্তোত। কন্মাৎ? অরূপণাৎ নিরবয়বতে সতি অরূপণাদিতার্থঃ। কোশস্থান ১, কা ১৬, ক্ফুটার্থা।

প্রবিকারিরই প্রমাণিত হট্যা যাইবে। স্তরাং, প্রথম ব্যাখ্যামুসারেও প্রত্যেকতঃ প্রমাণ্গুলিকে রূপ নামে অভিহিত করা যাইবে না।

তাহা হইলেও বস্তবদ্ধ উত্তরে বলিয়াছেন যে, পূর্ব্ধপক্ষীর। তত্ত্বের সম্যুগ্রমপ জ্ঞাতা নহেন বলিয়াই প্রদৰ্শিতরূপ আপত্তির উত্থাপন করিয়াছেন; অন্তথা, তাঁহারা ঐরপ আপত্তি কঞিতেন না। কারণ, যদি অসম্ভবাত্ত্ব কোনও প্রমাণ্ব্যক্তি থাকিত, তাহা হইলেই তাহার সম্বন্ধে অপ্রতিদত্ব বা অবিকারিত্বের কথা
উঠিত। কিন্তু, জগতে বাস্তবিকপক্ষে এমন একটীও প্রমাণ্কণ নাই, যাহা
অসম্ভবাত্ত্ব এবং একাকী। সভ্যাত্ত্ব হইরা থাকাই প্রমাণ্র স্বভাব। এইরূপ
স্বভাব থাকাতেই প্রমাণুগুলি প্রত্যেকেই সবিকার এবং সপ্রতিদ হইয়াই আছে।
সত্রব, উহাদের প্রত্যেকটীতেও রূপ-সংজ্ঞা যথায়প্রভাবেই প্রযুক্ত হইবে।

স্বামরা পূর্ব্বোক্ত বৃংপত্তি হইতে রূপ পদ্টীর যেরপ অর্থ পাইরাছি, তাহাতে সভীত এবং অনাগত অবস্থার নীলাদি পরমাণুক্ষণগুলি আর রূপ নামে সভিহিত হইবে না। বৈভাষিকমতে সভীতাদি অবস্থারও ধর্মের অন্তিম্ব স্বীকৃত হইরাছে এবং ইহা আমরা সর্ব্বান্তিবাদের ব্যাখ্যার জানিরাছি। অতীত বা অনাগত অধ্বাত্মক যে ক্ষরগুলি, তাহারা সেই সেই অধ্বায় সন্ত্বাতম্ব হইলেও, ঐ অবস্থার উহারা বিকৃত বা সপ্রতিম্ব হয় না। বর্ত্তবান অধ্বান্তেই পরমাণুক্ষণগুলি বিকৃত হর এবং স্বদেশে ধর্মান্তরের প্রতিম্বাত করে, অধ্বান্তরে নহে।

ৰস্থবন্ধ ইহার সমাধানে বলিয়াছেন যে, যদিও অতীত ও অনাগত অধ্বপ্রাপ্ত প্রমানুক্ষণগুলি বিকারী ও সপ্রতিঘ হয় না ইহা সত্য, তথাপি উহারা উহাদের বর্তুমান অধ্বায় বিকারী ও সপ্রতিঘ হইয়াছিল; অতএব, দশাবিশেষে বিকারিম ও সপ্রতিঘত্ত থাকায় উহারাও রূপ নামে অভিহিত হইবে। অতীতাদি ক্রিরার অতীতাদি সম্বন্ধ লইয়াও বে কারকশব্দের বর্ত্তমানকালে প্রারোগ হর,

>। পক্ষদ্যেংপি এততো জিম্পজন্তন্। বাধনারপণে প্রতিধাতরপণে চ দ্রব্যের্থার শক্তে রুপায়িতুম্। কোশস্থান ১, কা ১৩, স্টার্থা।

२। "ৰ বৈ প্রমাণ্রপমেকং পৃথগ্ভূতমন্তি"। ঐ, ক্টার্থাগৃতভাক্ত।

৩। "অতীতানাগতমদেশহার রূপ্যতে ন বাধ,তে নালি প্রতিহলতে"। এ।

ওদপি রূপিতমিতাতীতবাধনাপ্রতিঘাতার্থেন, রূপরিন্তুমাণমিতানুৎপতিধর্মকমনাগতন্,
 তেনৈবার্ধনয়েন। কোশস্থান ১, কা ১৩, স্ফুটার্থা।

ইহা আমরা লোকেও দেখিতে পাই। আমাদের বাড়াতে একটা পাচক ব্রাহ্মন আছেন। তিনি যখন পাককার্য্যে নিযুক্ত নাই, এমন সময় একটা বন্ধু আসিরা ঐ লোকটার সম্বন্ধে পরিচর জানিবার নিমিত্ত জিজ্ঞাসা করিলে, উত্তরে আমরা ইহাই বলি যে "ইনি আমাদের পাচক"। যে কালে আমরা উহার পাচকছের কথা বলিনাম, ঠিক সেই নির্দিষ্ট কালে কিন্তু তিনি পাককার্য্য করিতেছেন না; অগচ, আমরা সেই কালেই তাঁহাকে পাচক নামে অভিহিত করিলাম। কিন্তু, প এই অবস্থারও আগন্তুক বন্ধুটা এইরপ আপত্তি করিলেন না যে, এক্ষণে ত ইনি পাককার্য্য করিতেছেন না, তথাপি আপনারা কি করিয়া এক্ষণে ইহাকে পাচক বলিলেন? কারণ এই যে, অতীত বা আগামী পাকক্রিয়ার অতীত বা আগামী সম্বন্ধ লইয়াই এক্ষণে ইহাকে পাচক বলা হইয়াছে, ইহা তিনি জ্ঞাত আছেন এবং তিনি নিজেও প্রয়োজনামুসার উক্তপ্রকারেই সংজ্ঞার নির্দেশ করেন। স্বতরাং, অতীতাদিবিকারিত্ব বা সপ্রতিঘত্বের দ্বারাও অতীতাদি পরমাণুক্ষণে বর্ত্তমানকালীন রূপ নামের প্রয়োগে কোনও বাধা নাই।

পূর্ব্বোক্তসিদ্ধান্তের বিরুদ্ধে যদি এইপ্রকার আপত্তি করা যার যে, বিকারিত্ব বা সপ্রতিঘত্ব থাকার জন্মই যদি বর্ণ ও সংস্থানাত্মক ধর্মগুলি রূপ নামে অভিহিত হইরা থাকে, তাহা হইলে অবিজ্ঞপ্তিরূপ পদার্থ আর রূপ হইবে না। কারণ, শাস্ত্রে অবিজ্ঞপ্তিকে অবিকারী ও অপ্রতিঘাতী বলিয়াই মানিয়া লওয়া হইয়াছে।' অবিজ্ঞপ্তি যে বর্ণ ও সংস্থানাত্মক ধর্মেই অন্তর্ভুক্ত আছে, ইহা আমরা পরে অবিজ্ঞপ্তির ব্যাখ্যা হইতে জানিতে পারিব।

উক্ত আপত্তির সমাধানে কেহ কেহ এইরূপ বলিরাছেন যে, পূর্ব্বোক্ত প্রকার আপত্তি সমীচীন হর না। কারণ, অবিজ্ঞপ্তিধর্মগুলিও সবিকার হওয়ায় রূপ নামে অভিহিত হইবার যোগ্য। প্রত্যক্ষ প্রমাণের দ্বারা অবিজ্ঞপ্তিধর্ম্মের বিক্ষতি প্রমাণিত না হইলেও অনুসানের দ্বারা উহারও সবিকারতা প্রমাণিত হয়।' বুক্ষ এবং তদীয় দ্বারাস্থলে ইহা আমরা দেখিতে পাই যে, দ্বারার সমুখাপক যে

>। অবিজ্ঞতি তুর্হি রূপং ন প্রাপ্তোতি ? কমাৎ অপ্রতিঘন্তাৎ। অপ্রতিঘত্তের হি সা ন বাধ্যতে নাপি প্রতিহয়তে। কোশস্থান, ১, কা ১৩, ফুটার্থা।

২। সাপি বিজ্ঞান্তিপাদিতি বিস্তরঃ। বিজ্ঞান্তিরবিজ্ঞানিস্থাপিকা, ততাঃ সপ্রতিঘারা
রূপণাদবিজ্ঞানিপ রূপতে। যথা ছায়াসমূপাপকতা বৃক্ষতা প্রচলনাভায়া প্রচলতি তবং। এ।

বৃক্ষ তাহা প্রকম্পিত হইলে তৎসমুখাণ্য যে ছারা, তাহাও প্রকম্পিত হইতে থাকে। এই যে বৃক্ষ ও ছারার দৃঠান্ত, ইহার দ্বারা এইরূপ নিরম প্রমাণিত হইরা নাইতেছে যে, বাহা, বাহা হইতে সমুখাণিত হর, তাহা সমুখাণকের বিকারে স্বরংও বিক্রত হইরা যার। এইরূপ হইলে অবিজ্ঞপ্রিণর্ম গুলিকেও অবগ্রই বিকারী বলিরা স্বীকার করিতে হইবে। কারণ, এ অবিজ্ঞপ্রিণ্ম গুলিকে যে বিজ্ঞপ্রিণর্ম গুলি তাহারা স্বিকার। অন্ধ্যানটী নিমোক্ত আকারে প্রযুক্ত হইবে— অবিজ্ঞপ্রিণর্ম গুলিও স্বিকারই হইবে, বেহেতু উহারা স্বিকার ধর্ম হইতেই সমুখাণিত হইরা থাকে। যেমন বৃক্ষের ছারা। স্বত্যাং, উক্ত অন্ধ্যানের দ্বারা স্বিকার বলিরা প্রমাণিত থাকার অবিজ্ঞপ্রিণর্মও রূপ সংজ্ঞার অভিহিত হইবে।

বস্থবন্ধুপ্রভৃতি অনেকানেক আচার্য্য প্রদৰ্শিত সমাধানকে সিদ্ধান্তবিরোধী বলিয়া মনে করিতেন। কারণ, অবিজ্ঞপ্তি ধর্মগুলিকে অবিকারী বলিয়াই স্বীকার করা হইয়াছে। উহার উত্থাপক বিজ্ঞপ্তির বিকারেও তত্নথাপ্য অবিজ্ঞপ্তিকে শাস্ত্রে অবিকৃতই বলা হইয়াছে। স্থতরাং, পূর্ব্বোক্ত অনুযান পিদ্ধান্তবিক্ষম হ ওয়ায় উহা প্রমাণরূপে গৃহীত হইবে না।

যাহারা অবিজ্ঞপ্তিও বিক্বত হয় বলিয়া মনে করিতেন, তাঁহারা স্বমতসমর্থনে বলিয়াছেন বে, কোনও অবস্থাতেই অবিজ্ঞপ্তিধর্মাণ্ডলি বিক্বত হয় না, এইরূপ তাৎপর্য্যে শাস্ত্রে অবিজ্ঞপ্তিকে অবিকারী বলা হয় নাই; পরন্ত, উহার সমুখাপক বিজ্ঞপ্তিরে বিকার না হইলে অন্তভাবে অবিজ্ঞপ্তি বিক্বত হয় না, এইরূপ তাৎপর্য্যেই অবিজ্ঞপ্তিকে অবিকারী বলা হইরাছে। অন্তথা, অর্থাৎ কোনও অবস্থাতেই, অবিজ্ঞপ্তিধর্মাণ্ডলি বিকারপ্রাপ্ত হয় না, ইহাই যদি শাস্ত্রের অভিমত হয়, তাহা হইলে সমুখাপক বিজ্ঞপ্তির মৃত্ মধ্য ও অধিমাত্রতায় তৎসমুখাপ্য অবিজ্ঞপ্তির মৃত্ মধ্য ও অধিমাত্রতায় তৎসমুখাপ্য অবিজ্ঞপ্তির মৃত্ মধ্য ও অধিমাত্রতার বিক্তম্ব হইরা যাইত। বিক্তম্ব হইরা যাইত। বিক্

১। স্বসম্থাপকবিকারামুবিধায়িনী অবিক্রন্তিঃ সম্খাপ্যতাং বৃক্ষন্ত্রাবদিতি। কোশস্থান ১, কা ১৩, ক্ষুটার্থা।

২। সেয়ং পূর্বাভূপেগমবিরোধিনী প্রতিজ্ঞা। অভূপেগতে। হি বিজ্ঞপ্রিবিকারেইপি অবিজ্ঞপ্রেবিকারঃ। ঐ।

৩। অত্র কশ্চিং ন অবিকারাদিতি ন সমাগেতছ্ত্রমিতি দূর্য়তি। বিক্রিয়ত এবারিজ্ঞপ্তি বিজ্ঞপ্তিবিকারে সতি। মৃদ্মধাধিমাত্রতে হি বিজ্ঞপ্তেঃ মৃত্মধ্যাধিমাত্রতা ভবত বিজ্ঞপ্তে-রিতি। ঐ।

বনুখাপক বিজ্ঞপ্তির মৃত্তার তৎসমুখাপ্য অবিজ্ঞপ্তির মৃত্তা আলে, তাহা হইলে ফলতঃ ইহাই স্বীকার করা হইল বে, সমুখাপকের অবস্থানুসারে সমুখাপ্য অবিজ্ঞান্ত অবস্থান্তরতাপ্রাপ্ত হইরা থাকে। এই অবস্থান্তরতাই বিকার। স্কুতরাং, স্বিকার হওরার অবিজ্ঞপ্তির্ব্দ্ধগুলিও রূপ নামেই অভিহিত হইবে।

আচার্য্য বস্ত্বক্ এই ব্যাখ্যার বিক্লছে বলিনাছেন বে পূর্বপক্ষিণণ শাস্ত্রের মর্মার্থ অবধারণ করিতে পারেন নাই। তনিমিত্ত তাঁহারা কুব্যাখ্যার আশ্রাম্থে অনগণকে মোহিত করিবার চেষ্টা করিয়াছেন। শাস্তে ইহাই বলা হইয়াছে যে, বিজ্ঞপ্তির মৃত্ মধ্য ও অধিমাত্রতার অবিজ্ঞপ্তিওলিও মৃত্ মধ্য ও অধিমাত্রতা লইরা সমুপের হয়। উহার দারা পূর্ব্বোৎপর অবিজ্ঞপ্তির অবস্থান্তরতার কথা বলা ২র নাই। পূর্ব্বোৎপর বস্তুর যে অন্তথাভাবপ্রাপ্তি, তাহাকেই বিকার নামে অভিহিত্ত করা হয়।' স্কৃতরাং, শাস্ত্রে অবিজ্ঞপ্তিকে স্বিকার বলিয়া উল্লিখিত করা হর নাই; প্রস্তু, বিপরীত্রভাবে উহাদিগকে অবিকারীই বলা হইয়াছে।

প্রদর্শিত ব্যাখ্যাগুলির একটাও নির্দোষ হয় নাই। অতএব, পূর্ব্বাক্ত প্রশ্নই পাকিয়া গেল মে, অবিজ্ঞপ্তিধর্মগুলি কেমন করিয়া রূপ নামে অভিহিত হইতে পারে? কেহ কেহ ইহার উত্তরে বলিয়াছেন মে, অবিজ্ঞপ্তিগুলি নিজেরা সবিকার না হইলেও, উহাদের আশ্রম্ম বা অধিকরণ নে পৃথিব্যাদি ভূতচতুল্লম, তাহারা বিকারী বলিয়াই তদাশ্রিত অবিজ্ঞপ্তিগুলিকে রূপ নামে অভিহিত করা হইয়াছে।

ইহার বিরুদ্ধে যদি আপত্তি করা যার যে, অবিজ্ঞপ্তিধর্মগুলি নিজেরা বিকারী বা সপ্রতিষ না হইলেও যদি তাহাদের আশ্রন্ধী হূত পৃথিবীপ্রভৃতি ভূতগুলির সবিকারত্ব ও সপ্রতিঘত্বের দারা তদাশ্রিত অবিজ্ঞপ্তিল রূপ সংজ্ঞার অভি-ধানের যোগ্য হর, তাহা হইলে তুল্য কারণে বিজ্ঞানগুলিও রূপ নামে অভিধানের যোগ্য হইবে ? কারণ, ঐ বিজ্ঞানের আশ্রন্ধ যে চক্ষ্রাদি ইন্দ্রিরগুলি, তাহারাও বাস্তবিকপক্ষেই সবিকার এবং সপ্রতিষ।

১। তদেতনযুক্তং কস্মাৎ ? উংপত্তিরেব অবিজ্ঞপ্তেরেবং ভবতি মৃত্মধাধিনাত্রতা বা!
ন তু বিকারঃ। উৎপদ্নতা হি ধর্মান্তা পুনরত্তবোৎপাদনং বিকারঃ। তত্ত রূপণমভিপ্রেতম্।
কোশস্থান ১, কা ১৩, কুটার্মা।

২। আত্রয়ভূতরপণাদিত্যপরে ইতি বুদ্ধাচার্য্যবস্থবন্ধঃ। ঐ।

চক্রাভাগররপণাৎ তরিজ্ঞানানামপি রূপত্থসক:। ঐ।

এইরপ হইলেও আচার্য্য বয়বন্ধর পূর্বের রাজ রামাধানের সমর্থন করিতে গিরা কোনও কোনও বুদ্ধাচার্য্য বলিরাছেন যে, উক্তপ্রকার আপত্তি সমীচীন হয় নাই; কারণ, দৃষ্টান্ত ও দার্ষ্টান্তিকের মধ্যে বৈষম্য আছে'। ইহার অভিপ্রায় এই যে, বস্ততঃই ছারা যেমন রুক্ষকে আশ্রয় করিরা থাকে অথবা মণিপ্রতা যেমন মণিকে আলিঙ্গন করিয়া থাকে, তেমনভাবে যাহা যাহার ঔপশ্লেষিক আশ্রয় হইবে, তাহার সবিকারত্ব বা সপ্রতিঘত্তেই তদাশ্রিত বস্তগুলি রূপ নামে অভিধানের যোগ্য হইবে। যাহা যাহার ঔপশ্লেষিক আশ্রয় হইবে না, তাহার সবিকারত্ব বা সপ্রতিঘত্তের রূপ নামে অভিধানের যোগ্য হার্য বা সপ্রতিঘত্ত্ব আশ্রিতের রূপ নামে অভিধানের যোগ্যতা থাকিবে না। পৃথিব্যাদি ভূতচতুইয় অবিজ্ঞপ্তিগুলির ঔপশ্লেষিক আশ্রয়। উক্তভূতনিচরের সহিত উপশ্লিষ্ট, অর্থাৎ সংযুক্ত, হইরাই অবিজ্ঞপ্তিগুলি বিজ্ঞান থাকে। কিন্ত বিজ্ঞানগুলি উপশ্লিষ্ট হইয়া চক্ষুরাদি ইন্দ্রিয়ের আশ্রিত হয় না। চক্ষুরাদি ইন্দ্রিয়ের নামে বিজ্ঞানগুলি সমুৎপন্ন এবং ব্যবহৃত হয় বলিয়াই উক্ত বিজ্ঞানগুলিকে ইন্দ্রিয়াশ্রিত বলা হইয়াছে। স্কুতরাৎ, দৃষ্টাস্ত যে অবিজ্ঞপ্তিগুলি, তাহাদের সহিত দাষ্টান্তিক যে বিজ্ঞানগুলি, তাহারা সমান হয় নাই। ত্বত্বব্য, পূর্বপক্ষীর আপত্তিকে সমীচীন বলা যায় না।

আমরা উক্ত সমাধানকেও সর্কাংশে গ্রহণ করিতে পারি না। কারণ, উহাতে কিছুটা সিদ্ধান্তবিক্তন কথা আছে। উত্তরবাদী বৃশকে ছায়ার এবং মণিকে প্রভার উপশ্লেষিক আশ্রয় বলিয়াছেন। কিন্তু, বৈভাষিকমতে উহা স্বীকৃত হয় নাই। বৈভাষিকমতে ছায়া বর্ণপরমাণুর সমষ্টিরূপ — অর্থাৎ কৈভাষিকমতে একপ্রকার বর্ণাত্মক পরমাণুর যে সভ্যাত বা সমষ্টি, তাহাই ছায়া। বৃক্ষ ছায়ার কারণ হইলেও উহা ছায়ার উপশ্লেষিক আশ্রয় নহে। পরস্তু, যে পৃথিব্যাদি ভূতচ হুইয় মিলিত হইয়া ছায়ার আকার ধারণ করিয়াছে, সেই ভূতচ হুইয়ই ছায়ার উপশ্লেষিক আশ্রয় হইবে। স্কুতরাং, ব্যাখ্যাতে বৃক্ষকে ছায়ার উপশ্লেষিক আশ্রয় বলিয়া উল্লেখ করায় ঐ ব্যাখ্যা বৈভাষিকসন্মত হইতে পারে না। প্রভাত্মক যে একপ্রকার বর্ণপরমাণু, তাহাদের সভ্যাতকেই বৈভাষিকমতে মণিপ্রভা বলা হইয়াছে। উক্ত প্রভা উপশ্লেষতঃ, অর্থাৎ সংযোগসম্বন্ধে, মণিতে আশ্রিত নহে। পরস্ত, যে যে

⁽১) বিষমোংয়মুপন্থাদ ইতি বৃদ্ধাচার্য্যবন্ধবন্ধদেশীয় কশ্চিৎ পরিহরতি। অবিএপ্তি ন্তইতি বিস্তরঃ। ছামা বৃক্ষমুপশ্লিষ্টাশ্রিতা বর্ত্ততে। প্রভাপি মণিং তথৈব। ক্যেশস্থান ১, কা, ১০, স্ফুটার্থা।

ভূতচতৃষ্ট্য মিলিত হইরা প্রভারপে পরিণত হইরাছে, সেই ভূতচ্তু দ্বীই প্রভার ওপশ্লেষিক আশ্রয় হইবে। ব্যাখ্যাকার মণিকে প্রভার ওপশ্লেষিক আশ্রয় বলিরাছেন। স্কতরাং, উক্ত ব্যাখ্যা বৈভাষিকসন্মত হইবে না'। অবিজ্ঞপ্রির পক্ষে মহাভূতচ্তু দ্বীই উহার ওপশ্লেষিক আশ্রয় হইবে। ওপশ্লেষিক আশ্রয় যে উক্ত পৃথিব্যাদি মহাভূতগুলি, তাহারা বিকারী এবং সপ্রতিঘ হওয়ার তদাশ্রিত অবিজ্ঞপ্রিও রূপে নামে অভিহিত হইবে। চক্ষুরাদি ইন্দ্রিরগুলি সবিকার হইলেও বিজ্ঞানগুলি ঐ সকল ইন্দ্রিরে উপশ্লেষতঃ আশ্রিত না হওয়ার উহারা (ক্র্যাং বিজ্ঞানগুলি) রূপে নামে অভিহিত হইবে না।

আরও কথা এই যে, অবিজ্ঞপ্তির আশ্রয় যে মহাভূতগুলি এবং বিজ্ঞানের আশ্রয় যে ইন্দ্রিয়গুলি, ইহাদের মধ্যেও প্রভেদ থাকার, অবিজ্ঞপ্তি রূপ নামে অভিহিত হইলেও বিজ্ঞান রূপ নামে অভিহিত হইলেও বিজ্ঞান রূপ নামে অভিহিত হইলে না। উভরের মধ্যে প্রভেদ এই যে, যাহা যাহা অবিজ্ঞপ্তির আশ্রয় হয়, তাহাদের সকলগুলিই সবিকার এবং সপ্রতিঘ। কিন্তু, বিজ্ঞানের যাহারা আশ্রয়, তাহাদের মধ্যে কেহ কেহ সবিকার ও সপ্রতিঘ হইলেও সকলগুলি এরূপ হয় নাই। চাকুষাদিবিজ্ঞানের আশ্রয় যে চকুরাদি ইন্দ্রিয়গুলি, তাহারা সবিকার এবং সপ্রতিঘ হইলেও মনোবিজ্ঞানের আশ্রয় যে মনোরূপ ইন্দ্রিয়, তাহা সবিকার এবং সপ্রতিঘ নহে। স্থতরাং, ইহাই সিদ্ধান্ত হইল যে, যে ধর্মগুলি স্বয়ং সবিকার বা সপ্রতিঘ, এবং যাহাদের সকল আশ্রয় সবিকার বা সপ্রতিঘ, এই দ্বিবিধ ধর্মের অন্ততরগ্রই রূপ নামের দ্বারা অভিধানের নিরামক হইবে। নিরামক অন্ততরগ্রই ও অন্তান্ত বর্ণসংস্থানাত্মক ধর্মে থাকায় তাহার। রূপ নামে অভিহিত হইবে। বিজ্ঞানাদিধর্মে নিরামক অন্ততরগ্রহী নাই; অতএব, উহারা রূপ নামে অভিহিত হইবে। বিজ্ঞানাদিধর্মে নিরামক অন্ততরগ্রহী নাই; অতএব, উহারা রূপ নামে অভিহিত হইবে।

রূপস্বন্ধের অন্তর্গত ইন্দ্রিয় ও রূপের নিরূপণ পূর্বের পরিসমাপ্ত হইয়াছে।
সম্প্রতি অবশিষ্ঠ শব্দাদি ধর্মগুলির যথাক্রমে নিরূপণ করা যাইতেছে।
বৈশেষিকের শব্দ ও বৈভাষিকের শব্দ স্বরূপতঃ একই পদার্থ। অর্থাৎ

⁽১) নৈতহৈভাষিক্মতং, বৈভাষিক্মতং তু ছায়া বর্ণপর্মাণুঃ অভূতচতুক্মাখ্রিত্য বর্ত্তত । প্রভাপি মণিং তথৈব। উৎপত্তিনিমিত্রমাত্রং তানি তেষাং নোপ্রিষ্টানীতি ভাবঃ। কোশস্থান ১, কা ১৬, কুটার্থা।

শ্রবণে জ্রিয়ের দারা গ্রহণ হয়, অন্থ ই জ্রিয়ের দারা গ্রহণ হয় না, এই অংশ লইমা .উক্ত মতদ্বরের মধ্যে কোন বৈষম্য নাই। এইরূপে সমতা থাকিলেও অস্তাৎশে মতদরের সমতা নাই। বৈশেষিকমতে শব্দকে গুণপদার্থে অন্তর্ভুক্ত করা হইয়াছে। বৈভাষিকমতে গুণাত্মক কোনও পারিভাষিক ধর্ম আদৌ স্বাকৃতই হয় নাই। স্বতরাৎ, বৈভাষিকসিদ্ধান্তের অনুসরণ করিয়া আমরা শককে গুণ বলিতে পারি না। আমরা বৈভাষিকমতে শব্দকে ভৌতিক ধর্ম বলিতে পারি। এই মতে ঘটপটাদি ধর্মগুলির গ্রায় শব্দও এই জাতীয় প্রমাণুরই সজ্বাত বা সমষ্টিরূপ । বিশেষ এই যে, ঘটপটাদি ধর্মগুলি বর্ণাত্মক ও সংস্থানাত্মক প্রমাণুগুলির সভ্যাতাব্দেষ; আর শব্দ, অন্তপ্রকার প্রমাণুর সমষ্টিরূপ, উহা বর্ণপ্রমাণুর সমষ্টি নহে। পরমাণুসঞ্চরাত্মক হওরায় শব্দও ঘটপটাদির স্থায় সপ্রতিঘই হইবে। এই দিক্ দিরা বিবেচনা করিলে আমরা শব্দকে দ্রব্যাত্মক পদার্থই বলিতে পারি। আমরা যদিও বর্ণস্বরূপতা লইয়া বৈভাষিকমতে শব্দকে রূপ নামে অভিহিত করিতে পারি না ইহা সত্য, তথাপি আমরা স্প্রতিঘত্তস্তরপতা লইয়া শব্দকে রূপ নামে অভিহিত করিতে পারি। অর্থাৎ যে সকল ধর্মা রূপস্করে অস্তর্ভুক্ত হইয়াছে, বর্ণ বা সংস্থানত্বরূপস্বভাবে তাহারা সকলেই রূপাত্মক না হইলেও সবিকারিত বা সপ্রতিঘত্তরপম্বভাবে উহারা সকলেই রূপ নামে পরিভাবিত হইবে। এই কারণেই উহারা রূপশ্বন্ধে অন্তর্ভুক্ত আছে । এইভাবে তুলনা করিয়া বৈশেষিকের পদার্থের সহিত বৈভাষিকের পদার্থের সাম্য ও বৈষম্য বুঝিতে হইবে।

এইমতে সাধারণতাবে শ্রবণেন্দ্রিয়গ্রাহ্মত্বকে শব্দের সামান্তলক্ষণ বলা যাইবে না। একপ্রকার অবিজ্ঞপ্ত্যাত্মক শব্দ এই মতে স্বীকৃত আছে। কিন্তু, শ্রবণেন্দ্রিয়ের দ্বারা তাহাদের প্রত্যক্ষ এইমতে স্বীকৃত হয় নাই। অতএব, অবিজ্ঞপ্তিরূপ শব্দে অব্যাপ্তি হওয়ায় শ্রবণেন্দ্রিয়গ্রাহ্মত্বকে শব্দের সামান্তলক্ষণরূপে গ্রহণ করা যাইবে না। বৈশেষিকের ন্তায় ইহারা জ্বাতিরূপ পদার্থ স্বীকার করেন নাই। স্কৃতরাং, শ্রবণেন্দ্রিয়গ্রাহ্মজ্বাতিমন্তকেও এইমতে শব্দের সামান্তলক্ষণ করা থইমতে শন্তর না। অতএব, অনায়াসে শব্দের কোনও সামান্তলক্ষণ করা এইমতে সম্ভব হইবে না। ব্রুপ, রস, গন্ধ ও ম্পর্ণ — এতচ্চতুইয়ভিন্নত্বে সতি

⁽১) সঞ্চিতা দশরপণিঃ। কোশস্থান ১ কাং ৩৫। পরমাণুসঞ্গস্থভাব। দলৈবেতার্থঃ। এ, স্ফুটার্থা।

ভৌতিকত্ব'কে আমনা বৈভাষিকমতে শব্দের সাম।গুলক্ষণ বলিরা গ্রহণ করিতে পারি। ভিন্নত্বান্ত বিশেষণের দ্বানা রূপাদিতে অতিব্যাপ্তির বারণ হইবে এবং ভৌতিকত্বরূপ বিশেঘাংশের দ্বানা বিজ্ঞানাদিতে অতিব্যাপ্তির নিরাস হইবে। সাধারণ শব্দে এবং অবিজ্ঞপ্তিরূপ শব্দে এই লক্ষণের সমন্বর হইবে। কারণ, উভর্মবিধ শব্দেই রূপাদিভিন্নত্ব এবং ভৌতিকত্ব আছে ।

ইদানীং বৈভাষিক্মতানুদারে শব্দের বিভাগ করা যাইতেছে। অভিনৰ্ম-কোশে শব্দকে অষ্ট্রধা বিভক্ত করা হইরাছে^২। শব্দ প্রথমতঃ ছই ভাগে বিভক্ত— সন্ধাথ্যশব্দ ও অসন্ধাথ্যশব্দ। বিজ্ঞপ্তিস্বভাবের যে শব্দ, অর্থাৎ যে দকল শব্দ শুনিরা তাহাদের সাক্ষাৎ কারণরূপে আমরা কোন প্রাণীর ধারণা করিতে পারি, শাস্ত্রে তাহাদিগকেই সন্ত্রাথ্য শব্দ বলা হইরাছে। উক্ত বিজ্ঞপ্রিস্বভাবের <mark>শব্দ ভিন্ন যে শব্দ, তাহাকে অসন্ত্রা</mark>থ্য শব্দ নামে অভিহিত করা হইরাছে^৩। <mark>অবিজ্ঞপ্তাত্মক শব্দগুলি দ্বিতীয় বিভাগে অন্তর্ভুক্ত থাকিবে। উক্ত সন্ত্বাথ্য শব্দ</mark> <mark>আবার হই ভাগে বিভক্ত—উপাত্তমহাভূতহেতুক ও অনুপাত্তমহাভূতহেতুক।</mark> অসত্ত্বাধ্য শব্দও উক্ত প্রকারেই তুইভাগে বিভক্ত হইবে। এক্ষণে আমরা ফলতঃ চারিপ্রকার শব্দ পাইলাম। তুইপ্রকার সত্ত্বাথ্য শব্দ ও তুইপ্রকার অসক্তাথ্য শব্দ। ইন্দ্রিয়াবিনির্ভাগী অর্থাৎ ইন্দ্রিয়ের সঙ্গে বিযুক্ত হয় না এরূপ এবং প্রত্যুৎপন্ন, অর্থাৎ জন্ম পৃথিব্যাদিভূতগুলিকে, উপাত্তমহাভূত নামে পরিভাষিত করা <mark>হইয়াছে[ঃ]। যাহারা এইরূপ নহে এমন বৃক্ষপ্রভৃতি ভূতগুলিকে অনুপাত্ত-</mark> মহাভূত বলা হইয়াছে। প্রাণীর হস্তপদাদির দারা সমুৎপন্ন যে শব্দ, তাহাই উ<mark>পাত্ত্যহাভূতহেতুক হইবে। আ</mark>র বৃক্ষ বা বায়ুপ্রভৃতির দ্বারা সমুৎপন্ন যে শব্দ তাহা অনুপাত্তমহাভূতহেতুক নামে অভিহিত হইবেং। মনুষ্যাদি প্রাণীর যে

⁽১) ক্ষপিণো নব ভৌতিকাঃ। কোশস্থান ১, কা ৩৫। চক্ষুরাদীনি পঞ্চ ইন্দ্রিয়াণি রূপাদয়ঃ পঞ্চ তেষাং বিষয়াশ্চেতি দশ ধাতবো ভৌতিকাঃ। ঐ, রাহুলকৃত ব্যাখ্যা।

⁽२) শন্ধো২ষ্টধা ভবেং। কোশস্থান ১, কা ১০।

ক্রাথ্যে বাগ্বিজ্ঞপ্রিশন্বোহসত্বাথ্যাহন্তঃ। ঐ, ক্ফার্থা।

⁽৪) উপাত্তমহাত্তহেতৃক ইতি। প্রতাৎপন্নানীন্দ্রিমাবিনির্ভাগীনি ভূতারাপাতানি অস্তাম্পর পাতানি। ঐ।

⁽e) যথা হস্তশক ইতি। যথা বায়ুবনম্পতিশক ইতি। ঐ।

অবিজ্ঞপ্তিরূপ শব্দ, তাহা উপাত্তমহাভূতহেতুক হইবে। এক্ষণে আমাদিগকে দেখিতে হইবে যে, বিজ্ঞপ্তিশন্দ কিরূপে অন্থপাত্তমহাভূতহেতুক হইতে পারে। বৌদ্ধশান্তে ইহা স্বীকৃত আছে যে, যোগীরা যোগপ্রভাবে একপ্রকার স্থিষ্টি করেন, যাহা দেখিতে প্রাণীরই মত। কিন্তু, তাহাদের নিজস্ব কোনও ইন্তির থাকে না। নির্দ্ধাতা যে যোগী, তাঁহার অভিপ্রার অনুসারে উক্ত নির্দ্ধিতেরা কান্ত করে। নির্দ্ধাতা যাহা বলেন নির্দ্ধিতেরা তাহাই বলে। নির্দ্ধিতের যে হস্তশন্দ ও বাগাদিশব্দগুলি, তাহা বিজ্ঞপ্তিস্বভাবের। নির্দ্ধিতের ইন্তির না থাকার উক্তশন্দ অনুপাত্তমহাভূতহেতুক হইবে'। এই যে চারি প্রকার শব্দ, ইহারা মনোক্র ও অমনোক্ত ভেদে অষ্টপ্রকারে বিভক্ত হইরা থাকে।

শন্দের নিরূপণ সংক্ষেপে পরিসমাপ্ত হইল। এক্ষণে সংক্ষেপে ক্রমপ্রাপ্ত রসের নিরূপণ করা বাইতেছে। রসনেক্রিয়জন্তপ্রত্যক্ষবিষয়ত্বকে আমরা রসের দামান্তলক্ষণ বলিরা গ্রহণ করিতে পারি না। যে রসব্যক্তিনিকে কোনও প্রাণীই আস্বাদন করে নাই, তাহাতে উক্ত লক্ষণের অব্যাপ্তি হইবে। রসের এমন কোনও বাধ্যতা নাই যে, তাহাকে রসনা-ইক্রিয়ের শরণাপন্ন হইতেই হইবে। স্থতরাং, জগতে এমন কতকগুলি রসব্যক্তি থাকা সম্ভব, যাহা কোনও প্রাণীরই আস্বাদনের বিষয় হয় নাই। যাহা কোন দিনই কোনও নির্দিষ্ট কার্য্যের উৎপত্তিতে সাহায্য করে নাই, করিলে হয়ত করিতে পারিত, তাহাতেও যেমন লায়বিশেষিকাদিমতে নির্দিষ্ট কোনও কার্য্যের যোগ্যতা স্বীকৃত হইরাছে, বৌদ্ধনতে তেমনভাবের যোগ্যতা স্বীকৃত হর নাই। এইমতে যে ধর্ম্মটী বাস্তবিকপক্ষেই যে কার্য্যের উৎপত্তিতে সাহায্য করিরাছে, কেবল সেই ধর্ম্মেই সেই কার্য্যের যোগ্যতা স্বীকৃত হইরাছে। করিলে করিতে পারিত — এইরূপ সম্ভাবনামূলক যোগ্যতার ধারণাকে ইহারা সমাদ্র করেন নাই। ক্ষণিকত্বের নিরূপণে এই সম্বন্ধে বৌদ্ধনতের স্বিস্তার আলোচনা হইবে। স্থতরাং, রসনেক্রিয়়জন্তপ্রত্যক্ষবিষয়ত্বকে পরিত্যাগ

⁽১) বাহ্যোপপি হি নিশ্মিতো মনুয়াকারো হস্তবাক্শনং কুর্যাং। স চানুপাত্মহাভূত-হেতুকস্বভাবোহবগন্তব্য ইন্দ্রিয়বিনির্ভাগবর্তিছাং। স চ মানুষীমপি বাচং নির্মাত্বশাদ্ভাষেত। বক্ষাতি হি

একস্ত ভাষমাণস্ত ভাষন্তে সর্কনির্ম্মিতাঃ। একস্ত তুঞ্চীভূতন্ত সর্কে তুঞ্চীভবন্তি হি॥ কোশন্থান ১, কা ১০, স্ফুটার্থা।

বৈশেষিকমতের রসের স্বরূপ হইতে এইমতে রসের স্বরূপ অন্তপ্রকার হইবে। বৈশেষিকমতে রস-পদার্থ পরমাণুস্বভাব নহে, উহা দ্রব্যাশ্রিত একপ্রকার গুণ। উক্তমতে মাধুর্য্যাদি রসগুলি পৃথিবী ও জ্বলে সমসারসম্বন্ধে থাকে। পৃথিবী ও জ্বল রসের আধার। তদাশ্রিত এবং রসনাগ্রাহ্য একপ্রকার গুণই রস হইবে। বৈভাষিকমতে রস-পদার্থ একজাতীয় পরমাণুর সমষ্টি। স্কৃতরাং, ঐ মতে উহা দ্রব্যাত্মক পদার্থ। উক্ত রসনামক পরমাণুগুলি বর্ণ, সংস্থান ও শক্ষপরমাণু হইতে বিলক্ষণ-স্বভাবযুক্ত। অন্তান্থ পরমাণুর ন্তায়, অর্থাং বর্ণাদি পরমাণুর ন্তায়, রসপরমাণুও সবিকার এবং সপ্রতিঘ। এইরূপ অর্থাৎ সবিকার ও সপ্রতিঘ বলিয়া রসও রূপেই অন্তর্ভুক্ত হইবে। একারণেই ইহাদিগকে রূপস্বন্ধে অন্তর্ভুক্ত করা হইয়াছে। বৈশেষিকমতের ন্তায় বৈভাষিকমতেও রস পদার্থ ছয় ভাগে বিভক্ত আছে—মধুর, অম্ব, লবণ, কটু অর্থাৎ ঝাল, কষায় ও তিক্ত। রস প্রধানতঃ প্রদর্শিত ছয় ভাগে বিভক্ত হইলেও অপ্রধানভাবে উহারা অনস্থবিভাগে বিভক্ত আছে। উক্ত রসপরমাণুগুলির বিভিন্নপ্রকার মিশ্রণে নানা প্রকারের বিভিন্ন রস সমুৎপন্ন হইয়া থাকে।

এইমতে গন্ধও একপ্রকার পরমাণুর সমষ্টি। এই প্রমাণুগুলিও অপরাপর প্রমাণু হইতে বিলক্ষণ। এইমতে রূপ, রুস, শন্দ ও স্প্রষ্টব্য এই যে ধর্ম চতুষ্টয়,—এতভিমন্তে সতি ভৌতিকত্বই গদ্ধের সামাগ্রলক্ষণ হইবে। যে

গদ্ধব্যক্তিটা কোনও প্রাণীরই দ্রাণজপ্রত্যক্ষের বিষয় হয় নাই, সেই গদ্ধব্যক্তিতে
অব্যাপ্ত ইইবে বলিয়া দ্রাণে ক্রিজ্ঞ প্রত্যক্ষবিষয়ত্বকে গদ্ধের সামাগ্রলক্ষণ বলা
যাইবে না। গদ্ধ প্রধানতঃ তুইভাগে বিভক্ত — স্থগদ্ধ ও তুর্গদ্ধ। উৎকট ও
অনুৎকটভেদে প্রত্যেকে তুইপ্রকার হওয়ায় এক্ষণে ফলতঃ উহারা চারিভাগে
বিভক্ত হইয়া গেল—তুইপ্রকার স্থগদ্ধ ও তুইপ্রকার তুর্গদ্ধ।

বৈভাষিকমতে একপ্রকারে সঞ্চিতপ্রমাণুর সমষ্টিকে স্প্রষ্ঠব্য নামে অভিহিত করা হইরাছে। ইহা দ্রব্যাত্মক পদার্থ ; বৈশেষিকের স্থার গুণাত্মক পদার্থ নহে। ত্বণিক্রিয়জন্তপ্রত্যক্ষবিষয়ত্তকে স্পষ্টব্যের সামান্তলক্ষণ বলা যাইবে না। কারণ, বাস্তবিকপক্ষে যে স্প্রষ্টবাধর্মটী কোমও প্রাণীরই প্রত্যক্ষে আসে নাই, তাহাতে উক্ত লক্ষণ অব্যাপ্ত হইয়া যাইবে। পূর্ক্ষোক্ত প্রণালীর অনুসরণ করিয়া 'রূপ, শব্দ, রস ও গন্ধ—এতচ্চতুইরভিন্নত্বে সতি ভৌতিকত্ব'কেও স্প্রষ্টব্যের সামান্ত-লক্ষণরূপে গ্রহণ করা যাইবে না। কারণ, উহা কর্কশন্ত বা কাঠিগ্রাদি স্প্রষ্টবো অব্যাপ্ত হইয়া যাইবে। উপাদায় অর্থাৎ ভৃতপ্রকৃতির সাহায্যে সমুৎপন্ন যে ম্পর্শাদি ধর্মগুলি, ভাহাদিগকেই বৈভাষিকশাস্ত্রে ভৌতিক সংজ্ঞায় অভিহিত করা হইয়াছে। পৃথিব্যাদিভূতের স্বলক্ষণধর্ম যে কাঠিন্তাদি, তাহাদিগকে ভৌতিক নামে উল্লিখিত করা হয় নাই। স্কুতরাং, ভৌতিকত্বরূপ বিশেষ্যাংশটী কাঠিন্তাদিরূপ স্প্রষ্টবাধর্মে না থাকার উহাতে উক্ত লক্ষণের সমন্বর হইবে না। পরে যে পার্থিব-স্পর্নাদি একাদশপ্রকার স্রান্তব্যের কথা বলা হইবে, তদগুতমত্বকেই অনুগুগত্যা স্প্রষ্ঠব্যের সামাগুলক্ষণ বলিয়া স্বীকার করিতে হইবে। উক্ত শ্রাষ্ট্রব্য একাদশ বিভাগে বিভক্ত আছে—পার্থিবস্পর্শ, জ্লীয়স্পর্শ, তৈজ্ঞসম্পর্শ, বায়বীয়ম্পর্শ এই চারি প্রকার ম্পর্শ, এবং মৃত্তুত্ব, কর্কশত্ব, গুরুত্ব, শত্ত্ব, বৃভূকা ও পিপাসা এই সাতটী; স্কুতরাং, সমষ্টিতে স্প্রষ্ঠব্যধর্ম একাদশপ্রকার হইল।

পৃথিব্যাদি ভূতগুলির একটা বিশেষ সন্নিবেশের ফলে তাহাদের এমন একটা অবস্থা আসে, যে অবস্থাবিশেষের সহিত কায়েক্রিয়ের সংস্পর্শ হইলে আমরা তাপের আবশ্যকতা মনে করি। ঐ যে অবস্থাবিশেষ তাহারই নাম শীতত্ব। বৃভূক্ষা বা জ্বিঘংসা বলিতে সাধারণতঃ ভোজনের ইচ্ছাকে বৃঞ্ধায়। ইহা এক

প্রকার চৈত্রসিক বা চৈত্রাত্মক ধর্ম। ইহা কখনও রূপস্করান্তর্গত যে প্রস্তিব্য <mark>ধর্ম, তাহাতে অন্তর্ভুক্ত হইতে পারে না। স্থত</mark>রাং, এই স্থলে বৃভূকা বলিতে। ইহাই বুঝিতে হইবে যে, প্রাণিদেহে উদরের অভ্যন্তরভাগে পৃথিবীগাতুর <mark>একপ্রকার সাময়িক পরিণাম হয়, বাহার সহিত কায়েন্দ্রিয়ের সংস্পর্শ ইইলে</mark> প্রাণিগণের ভোজনে ইচ্ছা হয়। ঐ যে উদরাভ্যন্তরস্থ ভৌতিক পরিণামবিশেষ, ব্ভুক্ষার কারণ বলিয়া তাহাকেই এই হলে বৃভুক্ষা নামে অভিহিত করা হইয়াছে। কারণে বে কার্য্যবোধক পদের ঔপচারিক প্রয়োগ হয়, ইহা আমরা শাস্ত্রের অনুসন্ধানে জানিতে পারি। শাস্ত্রে বুদ্ধের জন্মকে স্থুখ বলা হইয়াছে। স্থুখ চৈতসিক ধর্ম, আর জন্ম হইল কায়িক ধর্ম; স্মুতরাং, জন্ম ও স্থুখ মুখ্যতঃ এক হইতে পারে না। এইপ্রকার ভেদসত্ত্বেও বুদ্ধের জন্মকেই শান্ত্রে স্থথ বলা <mark>হইয়াছে। নানাপ্রকারের অভ্যুদর ও নিঃশ্রেয়সলাভের নিমিত্তই বুদ্ধভগবান্</mark> <mark>জিমিরা থাকেন। স্থতরাং, অভাদয় ও নিঃশ্রেরসরূপ স্থারে সহায়ক বলিয়াই</mark> বুদ্ধের জন্মকে উপচরিতভাবে স্থখ বলা হইরাছে। ইহা কার্য্যবোধক পদের কারণে ঔপচারিক প্ররোগ! এইপ্রকার স্পষ্টব্যধর্মের অন্তর্গত পিপাদাকেও <mark>একপ্রকার শারীরিক পরিণাম বলিয়াই ব্ঝিতে হইবে, পানবিষয়ক ইচ্ছা</mark> বলিয়া নহে। ঐপ্রকার চৈতসিক ধর্ম কথনই স্রাষ্টব্য ধর্মের অন্তভূক্তি হইতে পারে ন।। যাদৃশ কায়িক পরিণামের সহিত কায়েন্দ্রিয়ের সংস্পর্শ হইলে প্রাণিগণ পান করিতে অভিলাধী হয়, সেই যে আভ্যন্তরিক কায়িক পরিণাম-বিশেষ, তাহাই এই স্থলে পিপাসা পদে কথিত হইয়াছে।

বৌদ্ধশাস্ত্রান্থসারে ভৌতিক কথাটীর অর্থে প্রায়ই আমরা প্রমাদগ্রন্ত হইয়া
পড়ি। এই প্রমাদের হাত হইতে রক্ষা পাইবার নিমিত্ত প্রসদ্ধৃত্রমে ঐ বিষয়ে
কিঞ্চিৎ আলোচনা করিতেছি। পূর্বের আলোচনা হইতে ইহা আমরা জ্ঞানিতে
পারিয়াছি যে, লোকব্যবহারে পৃথিবী, জল, তেজ ও বায়ু নামে ঘাহা
আমাদের নিতান্তই পরিচিত আছে, তত্ত্বতঃ উহারা সকলেই বর্ণ ও সংস্থানরূপ।
বর্ণ ও সংস্থান কাহাকে বলা হইয়াছে, অর্থাৎ বর্ণ ও সংস্থান বলিতে বৌদ্ধসিদ্ধান্তে
কি বুঝায়, তাহা আমরা পূর্বের জ্ঞানিয়াছি। এইভাবে পৃথিব্যাদির বর্ণ ও সংস্থানরূপতারূপ তত্ত্বের প্রতিপাদন করিয়া আবার পৃথিবীকে কঠিনস্বভাব, জ্ঞলকে
মিগ্রস্বভাব, তেজকে উষ্ণস্বভাব ও বায়ুকে ঈরণস্বভাব বলা হইয়াছে। এই

প্রকারে তুইভাবে বলার তাৎপর্য্য এই যে, বর্ণ বা সংস্থানাত্মক হইলেও পৃথিবীর উহা স্বভাব বা স্বলক্ষণ নহে। কারণ, পৃথিবীর স্থায় জ্বলও বর্ণ বা সংস্থানাত্মক। এইরূপ জ্লাদিসম্বন্ধেও বর্ণ বা সংস্থানকে উহাদের নিজ নিজ স্বভাব বা স্বলক্ষ্ণ বলা ঘাইবে না; কারণ, উহা পৃথিব্যাদি বায়ুপর্য্যন্ত সকলগুলি ধর্মেরই সাধারণ-স্বভাব বা সামাগুলক্ষণ। নীল্য বা পীত্ত্বও পৃথিবীর স্বভাব হইতে পারে না ; কারণ, পৃথিবীমাত্রই নীল বা পীত নহে। যে পৃথিবীটী বর্ত্তমানে নীল, প্রক্ষণেই পাকবশে উহা পীত বা রক্তাকারে পরিণত হইয়া যাইতে পারে। বিচার করিলে সংস্থানকেও আমরা পৃথিব্যানি প্রত্যেকের নিজস্বভাব বা স্বলক্ষণ বলিতে পারি না। কারণ, পৃথিবী হইতে ভিন্ন যে জলাদিরূপ ধর্মগুলি, উহাদেরও সংস্থান আছে। আরও কথা এই যে, কোনও একটা বিশেষ সংস্থানকে আমরা পৃথিবীর বা জলের স্বভাব বা স্বলক্ষণ বলিতে পারি না। কারণ, পৃথিব্যস্তর ও জ্বাতস্তরের অত্যপ্রকার সংস্থান দেখিতে পাওয়া যায়। এইরূপ হইলেও আমরা ব্যবহারে যাহাকে পৃথিবী বা জলাদি নামে অভিহিত করিয়া থাকি, বিশ্লেষণ ক্রিলে বর্ণ ও সংস্থান ছাড়া অন্ত কিছু উহাদের মধ্যে আমরা পাই না। এই কারণেই তত্ত্তঃ উহাদিগকে বর্ণ ও সংস্থানাত্মক বলা হইয়াছে। কতকগুলি প্রমাণু একত্র সঞ্চিত হইলেই উহারা বর্ণ ও সংস্থানে পর্য্যবসানপ্রাপ্ত হইয়া যায়। স্বলক্ষণ না হওয়ায় পৃথিব্যাদির পক্ষে ঐ যে বর্ণ ও সংস্থান, উহারা আগন্তুক বা উপাদায়স্বরূপ। এই বে উপাদায়স্বরূপ ধর্মগুলি, ইহাদিগকেই বৈভাষিকমতে ভৌতিকত্ব নামে অভিহিত করা হইরাছে বলিরা আমরা বুঝিয়াছি। পৃথিব্যাদির পক্ষে বর্ণ ও সংস্থান উপাদায়স্বরূপ হইলেও এমন কোনও পৃথিবী বা জ্লাদি আমরা পাইব না, যাহাতে ঐ রকম একটা না একটা বর্ণ বা সংস্থানাত্মক আগন্তক স্বরূপ নাই। স্বলক্ষণ নহে বলিয়াই ঐগুলিকে আগন্তুকলক্ষণ বা উপাদায়স্বরূপ বলা হইয়াছে। কোনও কালে বা দেশে এমনও পৃথিবী আছে, যাহাতে কোনও বর্ণ বা সংস্থান নাই। এই তাৎপর্য্যে বর্ণ ও সংস্থানকে পৃথিবীর আগন্তুকস্বভাব বলা হয় নাই।

উক্ত বর্ণ ও সংস্থান ব্যতিরেকেও পৃথিবীপ্রভৃতির অন্ত স্বরূপও আছে ধেমন পৃথিবীর কাঠিন্স, জলের শ্লিগ্ধতা, তেজের উষ্ণতা ও বায়ুর ঈরণ বা গতি। উক্ত-ধর্মগুলি প্রত্যেকতঃ পৃথিব্যাদির স্থলক্ষণ। পৃথিবীভিন্ন অন্তত্র কাঠিন্স নাই; প্রত্যেক পৃথিবীতে কাঠিন্ত আছে। অতএব, উহা পৃথিবীর স্বলকণ বা অনাগন্তক ধর্ম। জলাদিসম্বন্ধেও এই প্রণালীতেই ম্মিগ্রতাদির স্বালকণ্য ব্রিতে হইবে। উক্ত স্বলক্ষণধর্মগুলি শাস্ত্রে ভৌতিকত্ব নামে পরিভাবিত হয় নাই। ইহাদিগকে অভৌতিক বলা বাইতে পারে। রূপের ন্তায় শব্দ, রস, গন্ধ ও স্পর্শ ইহারাও স্মাগন্তক ধর্ম বলিয়া ভৌতিক সংজ্ঞায় পরিভাষিত হইবে। উপাদায় কথাটী বৌদ্ধশাস্ত্রে আগন্তক বা কার্য্যরূপ অর্থে প্রযুক্ত হইয়া থাকে।

একণে রূপস্করের অন্তর্গত অবিজ্ঞপ্তির নিরূপণ করা যাইতেছে। চতুর্থ কোশস্থানে কর্মনির্দেশে ইহা ব্যাখ্যাত হইরাছে। বৈভাষিকশাস্ত্রে কর্মকে প্রথমতঃ ছই ভাগে বিভক্ত করা হইরাছে — চেতনা ও চেতনাকৃত। মানস কর্মকে চেতনা এবং বাচিক ও কার্যিক কর্মগুলিকে চেতনাকৃত বলা হইরাছে। স্কত্যাং, বৈভাষিক্মতে মানস, বাচিক ও কার্যিক এই তিন প্রকার কর্ম স্বীকৃত হইরাছে বলিয়া ব্রিতে হইবে ।

ভোমি ইহা এইপ্রকারে করিব' এইরূপ মানসসন্ধরাত্মক যে চেতনা, তাহার ফলে বাক্কর্ম বা কায়কর্মের উৎপত্তি হয়। এই কারণেই বাক্কর্ম ও কায়কর্মকে চেতনাকৃত বলা হইরাছে। মনের দ্বারা সমুখাপিত হয় বলিয়া পূর্বোক্ত সন্ধরগুলিকে মানস, স্বভাবতঃ বাগাত্মক অর্থাৎ প্রনি বা বর্ণাত্মক বলিয়া দিতীয়প্রকার কর্মকে বাক্কর্ম এবং শরীরে আশ্রিত বলিয়া তৃতীয়প্রকার কর্মকে বাক্কর্ম এবং শরীরে আশ্রিত বলিয়া তৃতীয়প্রকার কর্মকে কায়কর্ম নামে অভিহিত করা হইরাছে । মানস এবং বাক্কর্ম যে গতি বা স্পন্দাত্মক নহে, তাহা অনায়াসেই ব্যা যায়। কারণ, 'ইহা আমি করিব' অর্থবা 'আমি এইরূপ হইব' এইরূপ সন্ধরগুলিকে মানস কর্ম এবং ধ্বনি বা বর্ণকে বলা হইয়াছে বাক্কর্ম। সন্ধর বা বাক্ যে স্পন্দাত্মক নহে, ইহা সর্ব্বাদিসমাত। অনেকানেক তীর্থকরগণ কায়কর্মকে স্পন্দাত্মক বলিতে পারেন; বৈশেষিকাদি শাস্ত্রের সিদ্ধান্ত্যমারে শারীরিক ক্রিয়াকে কায়কর্ম্ম বলিতে হইবে।

⁽১) কর্মজং লোকবৈচিত্রং চেতনা তংকৃতঞ্চ তং। চেতনা মানসং কর্ম তভেজ বাক্কায়-কর্মনী। কোশস্থান ৪, কা ১।

⁽২) আশ্রতঃ বভাবতঃ সম্থাগনতকেতি। এয়াণামিতি। কায়বাঃমনস্মাণানাশ্রয়তঃ কায়কর্ম কায়াএয়ং কর্মকায়কর্মেতি, বভাবতো বাক্কর্ম, বাগেব কর্মেতি, সম্থানতো মনস্বর্ম মনঃসম্থিত্যিতি কুড়া। কোশস্থান ৪, কা, ১, ক্টার্থা।

কিন্তু, বৈভাষিকমতে কায়কর্মপ্ত ম্পদাত্মক হইবে না। কারণ, এইমতে সংস্কৃতধর্মের স্থিতি স্বীকৃত হয় নাই। যাহা স্থিতিশীল নহে তাহাতে ম্পদাত্মক ক্রিয়া সম্ভব
হয় না। স্পত্রাং, এইমতে কায়াপ্রিত কর্মগুলিকে রূপাত্মকই বলিতে হইবে। রূপাত্মক
হইলেও বৈভাষিকমতে উহারা নীল বা পীতাদি বর্ণাত্মক হইবে না; পরস্ক, উহারা
দীর্মসাদি সংস্থানাত্মকই হইবে। বৈভাষিকমতে যে বর্ণ ও সংস্থানভেদে রূপকে
ছই প্রকারে বিভক্ত করা হইরাছে, ইহা আমরা পূর্ব্বেই জ্ঞানিতে পারিয়াছি।

বৈভাষিক্মতে বৰ্ণাত্মক ৰূপ হইতে পৃথগ্ভাবে সংস্থানাত্মক ৰূপ স্বীকৃত হইলেও পৌত্রান্তিকমতে সংস্থানকে বর্ণাতিরিক্ত ও দ্রব্যসৎ ধর্ম বলিয়া স্বীকার করা হয় নাই এবং ইহা আমরা সংক্ষিপ্তভাবে পূর্ব্বেই জানিয়াছি। সৌত্রান্তিকগণ বে সকল যুক্তির দ্বারা সংস্থানের দ্রব্যসন্তা খণ্ডন করিয়াছেন, প্রয়োজনবোধে <mark>একণে</mark> তাহ। আলোচিত হইতেছে। তাঁহারা এইরূপ মনে করেন যে, যাহা রূপগ্রহণকে অপেক্ষা করিরা গৃহীত হইরা থাকে, তাহা দ্রবাসৎ নহে। অলাত্যুক্ত, অর্থাৎ জ্বলন্ত অঙ্গারযুক্ত, দণ্ডাদির ক্রত ঘূর্ণনকালে আমরা একটা অবিচ্ছিন্ন চক্রাকার সংস্থান 🕴 দেথিতে পাই। উহা অলাতের উজ্জ্বলবর্ণের গ্রহণকে অপেক্ষা করিয়াই গৃহীত, অর্থাৎ পরিদৃষ্ট, হইরা থাকে। যিনি অঙ্গারের বর্ণ দেখিতে পান না, তিনি উহার চক্রাকার সংস্থানও দেখিতে পান না। উক্তস্থলীয় চক্রাকার সংস্থানটা যে বর্ণ হইতে পৃথগ্ভূত দ্ৰব্যসং পদাৰ্থ নহে, ইহা সকলেই স্বীকাৰ করিয়া থাকেন। স্কুতরাং, ঐ অলাতচক্রের দৃষ্টান্তে ইহা প্রমাণিত হইরা ধাইতেছে যে, যাহা ধাহা বর্ণের দর্শনকে অপেকা করিয়া পরিদৃষ্ট হইয়া থাকে তাহা দ্রব্য<mark>সৎ নহে ; ষ্থা</mark> অলাতযুক্ত দণ্ডাদির চক্রাকার সংস্থান। সৌত্রান্তিক সম্প্রদায় এই নিয়মের বলে নিম্নোক্তরূপে অনুমানের সমুপস্থাপন করিয়া থাকেন। দীর্ঘডাদিরূপ সংস্থানগুলি <u> জব্যসৎ নহে</u>; কারণ, উহারা বর্ণের গ্রহণকে অপেক্ষা করিয়া গৃহীত হইয়া থাকে[।]

বৈভাষিকগণ ইহার উত্তরে বলিয়াছেন যে, উক্ত অনুমানের দ্বারা সংস্থানের দ্রব্যসত্তা নিষিদ্ধ হইতে পারে না। কারণ, উক্ত অনুমানের হেতু যে বর্ণগ্রহণ-সাপেক্ষগ্রহণ, তাহা সংস্থানরূপ পক্ষধর্মীতে নাই। অপক্ষধর্মের যে গমকতা নাই, তাহা দিছনাগ প্রভৃতি নৈয়ায়িকগণ স্পষ্টভাবেই বলিয়া গিরাছেন। সংস্থানের

⁽১) ন জবাসং সংস্থানম্ বর্ণগ্রহণাপেক্ষগ্রহণাৎ অলাভচক্রবং। কোশস্থান ৪, কা ১, ফুটার্থা।

গ্রহণে বে বর্ণের গ্রহণ অপেক্ষিত থাকে না, তাহা অনারাসেই বুঝা যার। আমরা যথন কারেন্দ্রিরের দ্বারা অন্ধকারে অথবা চক্ষু মুদ্রিত করিরা কোনও দণ্ডাদি বস্তুর স্পর্শের গ্রহণ করি, তথন উহার দীর্ঘত্বরূপ সংস্থানকেও আমরা ঐ কায়েন্দ্রিরের দ্বারাই গ্রহণ করিরা থাকি। ঐ অবস্থার কথনও সংস্থানের গ্রহণকে বর্ণগ্রহণসাপেক্ষ বলা যার না। যাহাকে পরিহার করিয়াও যাহা সমুৎপন্ন হইয়া থাকে, তাহা কথনই তৎসাপেক্ষ হইতে পারে না। স্কতরাং, সংস্থানগ্রহণে বর্ণগ্রহণসাপেক্ষতা না থাকার উক্ত হেতুর দ্বারা সংস্থানের দ্রব্যুসন্তা নিষিদ্ধ হইতে পারে না ।

বৈভাষিকগণের উক্ত আপত্তির বিরুদ্ধে সৌত্রান্তিক সম্প্রদায় যদি এইরূপ বলেন যে, বর্ণগ্রহণ ব্যতিরেকেও কায়েন্দ্রিয়ের দারা স্পষ্টব্যের গ্রহণকালে সংস্থানের কারেব্রিয়জগ্রহণের কথা যে বৈভাষিকগণ বলিয়াছেন, তাহা সমীচীন হয় নাই। কারণ, ঐস্থলে কার্মেন্দ্রিরের দারা স্রাষ্ট্রব্যের গ্রহণকালে আমরা যে সংস্থানসম্বন্ধে ধারণা করি, তাহা গ্রহণাত্মক নহে; পরন্তু, উহা স্মরণাত্মকই। আমরা চক্ষুরিন্দ্রিরের ম্বারা যথন অগ্নির বর্ণের গ্রহণ করি, তথন আমরা ঐ অগ্নিকে উঞ্চস্বভাবের বস্ত বলিয়াও মনে করি। ঐ স্থলে উষ্ণতার ধারণাকে কেংই চাক্ষুষ বলেন না। কারণ, সকলেই স্পর্শগ্রহণে চক্ষুরিন্দ্রিরকে অযোগ্য বলিয়া মনে করেন। স্থতরাৎ, উক্তস্তলে অগ্নির উঞ্চতার স্মরণাত্মকজ্ঞানই সর্ববাদিসম্মত। অগ্নির বর্ণের সহিত উষ্ণতার স্মরণ হইয়া থাকে। সকলেই পরম্পরসম্বন্ধী বস্তুদ্বয়ের একের গ্রহণে অপরের শারণ স্বীকার করিয়া গাকেন। এইরূপ কায়েন্দ্রিয়ের দ্বারা স্পর্শের গ্রহণকালে আমাদের দীর্ঘত্তাদি সংস্থানের গ্রহণাত্মকজ্ঞান হয় না; পরস্তু, স্পর্শের স্থিত সাহচর্য্য থাকায় ঐস্তলে আমাদের সংস্থানের স্মরণাত্মক জ্ঞানই হইয়া থাকে। স্বতরাং, সংস্তানের গ্রহণাত্মকজ্ঞানে রূপদর্শনের সাপেক্ষতা থাকায় পূর্ব্বোক্ত অনুমানের হেতুটী আর পক্ষধর্মীতে অসিদ্ধ হইল না এবং ঐ অনুমানের দ্বারা <mark>সংস্থানের দ্রব্যসত্তাও যথাযথভাবেই নিরস্ত হইল ।</mark>

^{(&}gt;) যপা স্প্রষ্টব্যে দীর্যক্রমাদিগ্রহণম্, ন চ স্প্রষ্টব্যায়তনসংগৃহীতং সংস্থানং তথা বর্ণেহপি সম্ভাব্যতাম্ দীর্ঘাদিগ্রহণম্। ন চ রূপায়তনসংগৃহীতং সংস্থানমর্থান্তরভূতং স্থাদিত্যর্থ:। কোশস্থান ৪, কা ১, স্ফুটার্থা।

⁽২) স্মৃতিমাত্রং তত্রেতিবিস্তরঃ।.....যথ। অগ্রিরপং দৃষ্ট্রা তৃত্তাগ্রেক্ষতায়াং স্মৃতি র্ভবতি সহচারাং পুপশু চ চম্পক্ত গদ্ধং আহা তদ্বর্ণেহণি স্মৃতিঃ সহচারাং। ঐ।

তাহা হইলেও উত্তরে বৈভাষিকসম্প্রদার সৌত্রান্তিকসম্প্রদারের বিরুদ্ধে এই কথা বলিতে পারেন যে, দৃষ্টান্ত ও দাষ্ট্রণিন্তিকের মধ্যে বৈষম্য থাকার পূর্বের্বাক্ত ব্যাখ্যা অসমীচীন হইয়া গিয়াছে। যদিও অগ্রির বর্ণগ্রহণের দ্বারা উহাতে উষ্ণতার মরণ সম্ভব হয় ইহা সত্য, তাহা হইলেও স্পর্শের গ্রহণের দ্বারা দীর্ঘত্তাদি সংস্থানের মরণ সম্ভব হইবে না। কারণ, অগ্রির বর্ণে উষ্ণতার সাহচর্য্যনিয়ম আছে। ঐরূপ উজ্জল বর্ণবিশিষ্ট হইলেই তাহা স্পর্শে উষ্ণ হইয়া থাকে। স্কতরাং, অগ্রির বর্ণগ্রহণের ফলে উষ্ণতার মরণ হইয়া থাকে। কিন্তু, কোনও প্রকার স্পষ্টব্যধর্মেই দীর্ঘত্তাদি সংস্থানের নিয়ম না থাকার, শ্লক্ষ্যাদি স্পষ্টব্যের দর্শনে দীর্ঘত্তাদি সংস্থানের মরণ সম্ভব হইবে না। শ্লক্ষ বা কর্কশ হইলেই যে তাহা দীর্ঘ বা ব্রুলও হইতে পারে এবং হস্ম বা বর্তুল না হইয়া, উহা দীর্ঘও হইতে পারে ও

সৌত্রান্তিকগণ উক্ত আপত্তির সমাধানে যদি এইরপ বলেন যে, শ্বরণের জন্ম গাহচর্য্যের নিয়ম অপেক্ষিত নাই; পরস্ত সাহচর্য্যই অপেক্ষিত আছে। স্মৃতরাং শ্লক্ষণাদি স্পষ্টব্যে দীর্ঘন্তাদি সংস্থানের সাহচর্য্য থাকায় এক সম্বন্ধীর গ্রহণ অপর সম্বন্ধীর শ্বারক হয় এই রীতিতে শ্লক্ষণাদি স্পষ্টব্যের গ্রহণের ফলে দীর্ঘন্তাদি সংস্থানের শ্বরণ অমুপপন্ন হইবে না।

তাহা হইলেও উত্তরে বৈভাষিকগণ বলিবেন যে, যদি দীর্ঘণাদি কোনও সংস্থানবিশেষের সহিত শ্লক্ষণাদি স্পষ্টব্যধর্মগুলি অনিয়তভাবেই সহচারী হয়, অর্থাৎ কদাচিং শ্লক্ষপদার্থ দীর্ঘ হয় কদাচিং বা হ্রম্ব অথবা বর্তুল আকারের হয়; তাহা হইলে ঐ স্পষ্টব্য পদার্থের গ্রহণের (বা বর্ণাদির গ্রহণের) ফলে দীর্ঘণাদি সংস্থানের স্মরণও অনিয়তভাবেই হইবে। নীলাদি বর্ণের স্থলে শ্লক্ষণাদি স্পষ্টব্যের কারেন্দ্রিশ্ল গ্রহণস্থলে কদাচিং নীলম্বের কদাচিং বা পীতত্বের অনিয়তভাবেই ভাবেই স্মরণ হইয়া থাকে। কিন্তু, দীর্ঘণাদিসংস্থানের স্থলে নিয়তভাবেই উহাদের জ্ঞান হইতে দেখা যায়। স্কুতরাং, সৌত্রান্তিকগণ স্পষ্টব্যের গ্রহণের ফলে দীর্ঘণাদি সংস্থানের স্মরণ হয়, গ্রহণ হয় না — ইহা বলিতে পারেন না। স্পষ্টব্যের

⁽১) যত্র হায়িরূপং তত্র তত্ত্বভাষা ভবিতবাং যত্র চ চম্পকগন্ধ স্তত্র তদ্ধপেণ ভবিতবাং, নতু যত্র শ্লক্ষত্বং কর্কশত্বং বা বর্ত্ততে তত্র দীর্ঘত্বেন ব্রস্থত্বেন বা ভবিতবাস্। তন্মাৎ তত্ত্বভারিপ্রো-নিয়মেন যুজ্যতে সংস্থানে তু নিয়মেন স্মরণং ন প্রাপ্নোতি। কোশস্থান ৪, কা ১, স্ফুটার্থা।

যদি কেই প্রমাণ্তেও দীর্ঘবাদিসংস্থান আছে মনে করিয়। বলেন বে, সংস্থানপ্রমাণ্তালি যদি একদিকে অর্থাৎ দক্ষিণে বা বামে ক্রমিকভাবে সমিবিষ্ট হইতে থাকে, তাহা হইলে ঐকপ সমিবেশের কলে উহাদের দীর্ঘবসংস্থান প্রত্যক্ষের বিষয় হয়, ঐকপ সমিবেশ না হইলে প্রমাণ্ডতে থাকিলেও দীর্ঘবস্থানের জ্ঞান হয় না। স্থতরাং, প্রমাণ্ডতেও দীর্ঘবাদিসংস্থানগুলি বাস্তবিক্পক্ষেই আছে।

বৈভাষিকগণ ইহার উত্তরে বলিবেন যে, পূর্ব্বপক্ষীর মতকে আমরা অনুমত বলিতে পারিতাম, যদি অন্তর্মণ সন্নিবেশহলেও দীর্ঘন্তের গ্রহণ ব্যাহত না হইত। বাস্তবিকপক্ষে তাহা হয় না। স্কতরাং, পরমাণুতে সংস্থান স্বীকৃত হইতে পারে না। একপ্রকারে সন্নিবিষ্ট অবস্থায় যে পরমাণুগুলি পূর্ব্বে দীর্ঘ বলিয়া জ্ঞানা গিয়াছিল, সেই পরমাণুগুলিই আবার অন্তপ্রকারে সমাবিষ্ট হইলে বর্তুল বলিয়া প্রতীয়মান হয়। অতএব, কোনও পরমাণুক্ষণকেই আমরা স্বভাবতঃ দীর্ঘ বলিয়া মনে করিতে পারি না। স্বভাবতঃ নীল যে পরমাণুক্ষণগুলি, তাহারা যে কোনও রূপ সন্নিবেশেই থাকুক না কেন, কথনই পীত বলিয়া গৃহীত হয় না, সর্বাদা নীল বলিয়াই গৃহীত হয়। স্বতরাং, বর্ণের ন্তায় নিয়তস্বভাবের না হওয়ায় পরমাণুক্ষণকে সংস্থানস্বভাব বলা যায় না। বৌদ্ধমতে রাগ্রাদিরূপ সন্নিবেশগুলি পরমাণুক্ষণকে প্রত্যক্ষেই সহায়তা করে, উহারা পরমাণুতে কোনও অবস্থাবিশেষের উৎপাদন করে না। স্বতরাং, বিভিন্নসন্নিবেশে বিভিন্নভাবে সংস্থানের গ্রহণ হওয়ায় পরমাণুক্ষণকে সংস্থানস্বভাব বলা যায় না।

কেহ কেহ সংস্থানকে বর্ণ হইতে অপৃথগ্ভূত মনে করিয়া বলেন যে বর্ণপ্রমাণ্
গুলিই বিভিন্ন সন্নিবেশের ফলে বিভিন্নসংস্থান লইয়া প্রতীয়মান হয়। স্ত্তরাং,
সংস্থানগুলি বর্ণ হইতে পৃথগ্ভূত কোন দ্রব্যসং পদার্থ নহে। এইরূপ কল্পনাকেও
আমরা সমীচীন বলিতে পারি না। কারণ, বর্ণরহিত যে বায়বীয় প্রমাণ্গুলি,
সন্নিবেশবিশেষের ফলে তাহাতেও বর্ভুল্যাদিসংস্থানের প্রতীতি হইয়া থাকে।
বায়্তে যে সংস্থানের প্রতীতি হয়, তাহা প্র্রেই ব্যাখ্যাত হইয়াছে। আরও কথা
এই যে, বর্ণ ও সংস্থান অপৃথগ্ভূত হইলে বর্ণের ঐক্যে সংস্থানের নানাত্ব সম্ভব
হইবে না। কিন্তু, নীলক্ষণগুলি বিভিন্নভাবে সন্নিবিষ্ট হইলে উহারা সমানভাবে
নীল থাকিয়াই দীর্ঘবর্জুল্যাদি নানা সংস্থানে প্রতীত হইয়া থাকে। অতএব, বর্ণ

ও সংস্থানের অভেদবাদীকৈ আমরা সমর্থন করিতে পারি না। স্থতরাং, চক্ষু এবং কায় এই দিবিধ ইন্দ্রিয় হইতে উৎপন্ন অবাধিত প্রত্যক্ষের দারা প্রমাণিত সংস্থান অবশ্যুই দ্রবাসং হইবে।

আমরা পূর্বের যে বাগাত্মক কর্মের কথা বলিরাছি এবং এস্থলে যে সংস্থানাত্মক কারকর্ম্বের কথা বলিলাম, এই কর্মগুলি প্রত্যেকেই <u>তুইভাগে</u> বিভক্ত। আজ্ঞাপ্রদানাদিরপ বাক্কর্ম এবং সংস্থানাদিরপ কায়কর্ম, উভরেই বিজ্ঞপ্তি এবং অবিজ্ঞপ্তি-নামক তুইভাগে বিভক্ত আছে। যে বাগাত্মক কৰ্মগুলি স্বসমুত্থাপক চিত্ত বা চৈত্তের বিজ্ঞাপন করে, অর্থাৎ যে-প্রকার বাক্কর্মস্কপ চিচ্ছের দারা অপরলোক বক্তার চিত্তের অবস্থাগুলি ব্ঝিতে পারে, সেই আজ্ঞাপ্রদানাদিরূপ বাক্কর্মকে শাস্ত্রে বিজ্ঞপ্তি সংজ্ঞায় অভিহিত কর<mark>া হইয়াছে।</mark> আমরা প্রায় সব সময়েই বক্তার কথা শুনিয়া তাহার মনের ভাব ব্রিতে পারি। এইরূপ প্রেরণার্থক কথাগুলিও বিজ্ঞপ্তিনামক বাক্কর্ম হইবে। ছাড়াও বৈত।ধিকশান্ত্রে একপ্রকার বাক্ স্বীকৃত আছে, বাহার মূলে বক্তার নিজস্ব কোনও অভিপ্রায় নাই। এইরূপ প্রেরণাত্মক বাক্কেই বৈভাষিক-মতামুসারে অবিজ্ঞপ্রিনামক বাক্কর্ম বলা হইরাছে। এইরূপ বাক্কর্মের মুলে বক্তার কোন বিশেষ অভিপ্রায় না থাকায় ইহা বক্তার চিত্তের বিজ্ঞাপক হইতে পারে না। ইহা প্রায়শঃই শ্রবণযোগ্য হয় না। কিন্তু, কখন কখনও এই অবিজ্ঞপ্তিবাক্ অপরের শ্রুতিগোচরও হুইতে পারে। বক্তা উদাসীন থাকিলেও প্রাণিদেহস্থ মহাভূতগুলির পরম্পর সঙ্ঘাতের ফলে এই জাতীয় শুভ বা অশুভ প্রেরণামন্ত্রী বাণীর স্বৃষ্টি হয় বলিয়া বৈভাষিকসম্প্রদায় মনে করেন। বাহা প্রাণিদেহের অন্তঃপাতী নহে এমন মেঘগর্জনাদি ভূতজ শব্দ, এবং বাহা অপ্রেরণাত্মক, তাহা বাক্কর্ম নামে অভিহিত হইবে না। অবিজ্ঞপ্তিম্বভাব বাক্কর্মের মূলে বক্তার অভিসন্ধি না থাকিলেও চেতনানামক যানসকর্ম উহার মূলে থাকিবেই। কারণ, চেতনাকৃত কর্মগুলিকেই বাক্কর্ম ও কায়কর্ম, এই তুইভাগে বিভক্ত করা হইয়াছে। স্মুতরাং, মৃতদেহস্থ ভূতোৎপাদিত শন্দকে বাককৰ্ম বলা ্যাইবে না। এইবার আমরা কাহাকে বিজ্ঞপ্তি-বাক্কর্ম এবং কাহাকে অবিজ্ঞপ্তি-বাক্কর্ম বলা হইরাছে, তাহা বুঝিতে পারিলাম।

বাক্কর্ম্মের স্থার সংস্থানাত্মক যে কায়কর্মা, তাহাও বিজ্ঞপ্তি ও অবিজ্ঞপ্তি ভেনে

ছিবিখ। যে সকল কারকর্ম স্বসমূত্থাপকচিত্তের অবস্থাবিশেষের পরিজ্ঞাপন করে তাহা বিজ্ঞপ্তিস্থভাব ; আর ধাহা তদ্রাপ নহে তাহা অবিজ্ঞপ্তিস্বভাব হইবে।

শান্ত্রে উক্ত অবিজ্ঞপ্তিকে "অনুপাত্তিকা" বা "অনুপাত্তা" নামে অভিহিত করা হুইশ্লাছে। ইহা চিত্ত বা চৈতকে হেতুলপে উপাদান বা গ্রহণ না করিয়াই উৎপন্ন হইরা থাকে মর্থাৎ অবিজ্ঞপ্তিপ্রিল অভিসন্ধি বা সঙ্কলমূলক নহে। এ কারণে ইহাদিগকে অনুপাতা বা অনুপাত্তিকা বলা হইয়াছে। यपि ও অবিজ্ঞপ্তিওলি সম্বর্মুলক নহে, তাহা হইলেও ইহারা নিত্য বা অরুংপন্ন নহে। পরন্ত, ইহারা শরীরান্তর্বর্তী কুশল বা অকুশল মহাভূতদিগকে আশ্রয়হেতুরূপে গ্রহণ করিয়া প্রাণিদেহে সমুৎপন্ন হইয়া থাকে। আশ্ররীভূত মহাভূত কুশল হইলে তৎসমুখ অবিজ্ঞপ্তি কুশলস্বভাব এবং উক্ত মহাভূত অকুশল হইলে উহ। অকুশলস্বভাব হইরা থাকে। এ কারণে শাস্ত্রে অবিজ্ঞগ্রিণ্ডলৈকে "নৈয়ন্দিক" বলা হইরাছে । বিজ্ঞপ্তিকর্মগুলি কুশলও হইতে পারে, অকুশলও হইতে পারে এবং উহা অব্যাক্তত এর্থাৎ কুশলাকুশলত্ববিনির্ম্মক্তও হইতে পারে। অবিজ্ঞপ্তিকর্ম কখনও অব্যাক্তত হয় না'। মহাভূতগুলি অবিজ্ঞপ্তির সভাগহেতু এবং অবিজ্ঞপ্তিগুলি উহাদের নিয়ান কল। বিজ্ঞপ্তিকর্মগুলি যদি অব্যাক্ত মহাভূতকে আশ্রয় করিয়া সমুৎপন্ন হয় তাহা হইলে এ মহাভূত গুলি ঐ বিজ্ঞপ্তি-কর্ম্মের প্রতি সভাগহেতু হইবে না ; পরস্তু, বিপাকহেতু হইবে এবং ঐ বিজ্ঞপ্তিত্তি উক্ত মহাভূতের বিপাকফল হইয়া যাইবে। অবিজ্ঞপ্তির কোনও বিপাকহেতু থাকে না এবং উহা কাহারও বিপাকফলও হয় না।

বৈভাষিকমতে উক্ত অবিজ্ঞপ্তিকে তিন ভাগে বিভক্ত করা হইরাছে —
সম্বর, অসম্বর, ও নসম্বরনাসম্বর। বাহা তঃশীলতা হইতে বিরতির কারণ হয়
তাহাকে সম্বর; যাহা উক্ত সম্বরের বিপরীত, তাহাকে অসম্বর এবং উক্ত
দ্বিবিধ অবিজ্ঞপ্তি হইতে ভিন্ন অবিজ্ঞপ্তিকে নসম্বরনাসম্বর নামে অভিহিত করা
হইরাছে ।

⁽১) অবিজ্ঞপ্তিরমূপান্তিকা। কোশস্থান ৪, কা ে। নৈয়ন্দিকী চ সত্তাথ্যা নিয়ন্দোপাত-ভূতন্তা ঐ, কা ৬।

⁽२) নাব্যাকৃতান্তাবিজ্ঞপ্তির্ম্যদেব ত্রিধা শুভুম্। এ, কা १।

অবিজ্ঞপ্তিত্তিবিধেতি সম্বরাসম্বরেতরা। ঐ, কা ১৩।

বৈভাষিকশাস্ত্রে প্রাণাতিপাত, অদত্তাদান, কামমিথ্যাচার, মৃষাবাদ, পৃক্ষধের প্রতিষিদ্ধাঙ্গম্পর্শ, এবং হস্ত ভিক্ষুনীর দোষের অনাবিদ্ধরণ, সভ্য হইতে বহিন্ধত ভিক্ষুর অমুবর্ত্তন ও কামাভিপ্রায়ে পৃরুষের হস্তবন্ত্রাদি স্পর্শ এই আটটাকে "পারাজিক" নামে পরিভাষিত করা হইরাছে। ইহাদের মধ্যে প্রথম চারিটা ভিক্ষুর পক্ষে এবং সকলগুলিই ভিক্ষুণীর পক্ষে পারাজিক হইবে। পতনের কারণ বলিয়া ইহাদিগকে পারাজিক বলা হইরাছে। পারাজিকের যাহা প্রতিপক্ষ বা বিরোধী, তাহাই বৈভাষিকশাস্ত্রান্থমারে শীল হইবে'। স্করাপানের বিরতিকে অপ্রমাদান্ধ এবং উচ্চশন্ত্রন, নৃত্যুগীত ও বিকালভোজনের বিরতিকে ব্রতান্ধ নামে অভিহিত করা হইয়াছে।

শীলাঙ্গ, অপ্রমাদান্ত এবং ব্রতাঙ্গের স্বীকার বা গ্রহণ করিলে যে অবিজ্ঞপ্তি সমুৎপন্ন হয় তাহাকে প্রাতিমোক্ষসম্বর নামে অভিহিত করা হইয়াইছ। উক্ত প্রাতিমোক্ষ নামক অবিজ্ঞপ্তিকেই চারিভাগে ভাগ করা হইয়াছে — উপাসক-প্রাতিমোক্ষ, উপবাসপ্রাতিমোক্ষ, শ্রামণেরপ্রাতিমোক্ষ ও ভিক্ষুপ্রাতিমোক্ষ ।

প্রাণাতিপাত, অদন্তাদান, কামমিথ্যাচার, মুষাবাদ ও স্থ্রামেরর, অর্থাৎ
মত্যাদিপান, এই পাঁচটী হইতে বিরতির ফলে যে অবিজ্ঞপ্তি উৎপন্ন হয়
তাহাকে উপাসকপ্রাতিমাক্ষ বলা হইয়াছে। ঐ পাঁচটী এবং নৃত্যগীতবাদিত্র,
উচ্চশয়ন ও বিকালভোজন, এই আটটী হইতে বিরতির ফলে যে অবিজ্ঞপ্তি
সমুৎপন্ন হয়, তাহাকে উপবাসপ্রাতিমোক্ষ এবং ঐ আটটী ও রজতপ্রতিগ্রহ, এই
নয়টী হইতে বিরতির ফলে যে অবিজ্ঞপ্তি উৎপন্ন হয়, তাহাকে শ্রামণেরপ্রাতিমোক্ষ
নামে অভিহিত করা হইয়াছে। প্রাণাতিপাতাদি বিকালভোজনান্ত আটটি
এবং সকলপ্রকার প্রতিগ্রহ হইতে বিরতির ফলে যে অবিজ্ঞপ্তি হয় তাহাকে

⁽১) শীলাক্ষমপ্রমাদাকং ব্রতাক্ষণ বথাক্রমম্। শীলং পারাজিকাভাবঃ।

ক্ষানেরয়বিরতিরপ্রমাদাকং, উচ্চশঃনন্তাগীতবিকালভোজনবিরতয়ঃ ব্রতাক্ষম্।

কোশস্থান ৪, কা ১৯। রাহলকুত্ব্যাথা

[্] অষ্টধা প্রাতিমোক্ষাযো বস্তুতন্ত্র চতুর্বিধঃ। কোশস্থান ৪ কা ১৪। ইবং ভিক্ষ্শ্রামণেরোপাসকোপবাসস্থভেলাচতুর্বিধঃ প্রাতিমোক্ষঃ। ঐ রাহুলকৃতব্যাখা। পঞ্চাষ্টলশসর্ক্ষেভ্যো বর্জোভ্যো বিরতিগ্রহাৎ। উপাসকোপবাসস্থশ্রমণোদ্দেশভিক্ষ্তা। কোশস্থান ৪,
কা ১৫।

ভিক্ষপ্রতিযোক্ষ নামে পরিভাষিত করা হইরাছে। কেছ কেছ গন্ধমাল্যাদি এবং নৃত্যগীতাদি এইভাবে ভাগ করিয়া শ্রামণেরপ্রাতিমোক্ষ স্থলে দশটা হইতে বিরতির কথা বলিরাছেন। আমরা গন্ধমাল্য, নৃত্য ও গীতাদি এই সবগুলিকে একটা কক্ষার গ্রহণ করিয়া নয়টা হইতে বিরতির কথা বলিলাম।

এই বে প্রাতিমোক্ষসম্বরের কথা বলা হইল, ইহার পূর্ব্বে শিক্ষাপদ ও বিশ্বরণের গ্রহণ আবশুক। ঐ গ্রহণগুলি বিজ্ঞপ্তিস্বভাব এবং প্ররোগকালে প্রথম ক্ষণে উক্ত প্রাতিমোক্ষও বিজ্ঞপ্তিরূপই হইয়া থাকে। দ্বিতীয় ক্ষণ হইতে উহা স্ববিজ্ঞপ্তিস্বভাব হয়। এই অবিজ্ঞপ্তাাত্মক প্রাতিমোক্ষকে রক্ষা অর্থাৎ পালন করিবার নিমিত্তও বিজ্ঞপ্তিক্রিয়ার আবশুকতা আছে।

শীলাঙ্গ, অপ্রমাদাঙ্গ ও ব্রতাঙ্গের ধ্যানের ফলে যে অবিজ্ঞপ্তি সমুৎপন্ন হয়,
তাহাকে ধানসম্বর নামে অভিহিত করা হইরাছে। ধ্যানভূমিতে জাত পুরুষ
প্রয়োগব্যতিরেকেই উহা প্রাপ্ত হন। অত্যের পক্ষে ভাবনার প্রয়োগে উহা সমুৎপন্ন
হয়। এই যে ধ্যানসম্বয় ইহা সর্বাদাই অবিজ্ঞপ্রিস্বভাব; ইহা প্রয়োগাবস্থায়ও
বিজ্ঞপ্রাাম্বক হয় না।

আর্য্যসত্ত্বগণের মধ্যে শৈক্ষ্য এবং অশৈক্ষ্যদিগের যে শীলাঙ্গাদ্বি, তাহাদিগকে অনাস্রব সম্বর নামে অভিহিত করা হইয়াছে। উক্ত ধ্যানসম্বর ও অনাস্রবসম্বর আবার অবস্থাবিশেষে প্রহাণসম্বর নামে অভিহিত হইয়া থাকে।

শীলাঙ্গাদির যাহা বিপরীত, অর্থাৎ প্রাণাতিপাতাদি, বা পঞ্চবিধ দৌঃশীল্য বা বারিত, তাহাদিগকেই অভিধর্মশান্তে অসম্বর নামে অভিহিত করা হইরাছে। ইহাও প্রেরোগাবস্থার বিজ্ঞপ্তিম্বভাব এবং দিতীয়াদিক্ষণ হইতে অবিজ্ঞপ্তিম্বভাব হইবে।

উক্ত সম্বর বা উক্ত অসম্বরের কোনটীই যাহার নাই এবংবিধ ছর্কালমনা সত্ত্বের অবিজ্ঞপ্তিকে শান্তে নসম্বরনাসম্বর নামে অভিহিত করা হইয়াছে।

শান্তে উক্ত শীলাঙ্গাদি এবং উক্ত দৌঃশীল্যকে কর্মপথ নামে অভিহিত করা হইরাছে। শীলাকগুলি কুশল কর্মপথ আর দৌঃশীল্যগুলি অকুশল কর্মপথ বলিয়া কীর্ত্তিত হইরাছে।

⁽১) অসম্বরো দুশ্চরিতং দৌংশীল্যং কর্ম্মতৎপগঃ। কোশস্থান ৪, কা ২৪।

অলোভ, অদেষ, অমোহ এবং লোভ, দ্বেৰ সার মোহ এই ছন্নটাকে কর্ম্পথ-মূল নামে অভিহিত করা হইরাছে। অলোভ, অদেব ও অমোহ এই তিনটী কুশলমূল এবং লোভ, দ্বেষ ও মোহ অবশিষ্ট এই তিনটাকে অকুশলমূল নামে অভিহিত করা হইরাছে।

অভিবর্ধশাস্ত্রে আরও অনেক প্রকার কর্মের উল্লেখ আছে! দার্শনিকবিচারে তাহাদের বিশেষ কোনও স্থান নাই; স্থতরাং, তাহাদের বিশেষভাবে ব্যাখ্যা নিশ্রমোজন মনে করিলাম। যদিও এই যে অবিজ্ঞপ্তির কথা বলা হইল, ইহাও আমাদের নিকট যুক্তি বা প্রত্যক্ষাদি প্রমাণের দারা প্রমাণিত নহে, তথাপি রূপস্কর্মে সমূল্লিথিত থাকার ইহার পরিচর প্রদত্ত হইল। শীলাঙ্গাদি চারিত্র-গুলি ও পারাজিকাদি বারিত্রগুলি লোকপ্রসিদ্ধ হইলেও উহাদের অবিজ্ঞপ্তিরূপতালোক বা শাস্ত্রান্তরে প্রসিদ্ধ নাই। স্থতরাং, বৈভাষিক্মত জ্ঞানিবার জন্ম অত্যন্ত আবশ্রুক হওয়ায় উহাদের অবিজ্ঞপ্তিরূপতাও এই গ্রন্থে ব্যাখ্যাত হইল। এই অবিজ্ঞপ্তিগুলি বৈভাষিক্মতামূলারে রূপস্কন্ধে অন্তর্ভুক্ত আছে। এই স্থানেই রূপস্কন্ধের পরিচয় পরিসমাপ্ত হইল।

চতুর্থ পরিচ্ছেদ

ক্ষণিকত্বনিরূপণ

কর্মের ব্যাখ্যাপ্রসঙ্গে পূর্বের এই কণা বলা হইরাছে যে, বৌদ্ধাতে দ্রব্যপৎপদার্থের ক্ষণিকত্ব স্বীকৃত আছে। অতএব, উক্ত মতে গতিরূপ ক্রিয়া স্বীকৃত হইতে পারে না। স্মৃতরাং, বৌদ্ধাতে ক্রিয়া বা কর্মগুলি পদার্থরূপে সংস্থানাত্মকই হইবে। এই যে ক্রিয়ার সংস্থানাত্মকতার কথা বলা হইল, ইহাকে প্রমাণিত করিতে হইলে বস্তুর ক্ষণিকত্বকে প্রমাণিত করা আবশ্রক। স্মৃতরাং, বস্তুর ক্ষণিকত্ব আলোচনা করিতেছি। এন্থলে বলিয়া রাখা কর্ত্তব্য যে, যে সকল গ্রন্থকার ক্ষণিকত্বের বিরুদ্ধে সমালোচনা করিয়াছেন, তাঁহাদের প্রত্যেকের প্রত্যেক্টি যুক্তির খণ্ডন করিতে হইলে আমাদের এই আলোচনার আর পরিসমাপ্তিই হইবে না। অতএব, ক্ষণিকত্বকে প্রমাণিত করিতে যাহা পর্য্যাপ্ত আমরা এন্থলে সেই আলোচনাই করিব।

বস্তুর ক্ষণিকত্ব প্রত্যক্ষের দারা প্রমাণিত নহে। উহা প্রত্যক্ষণিক হইলে
ঐ সম্বন্ধে বাদিগণের মধ্যে মতবৈষম্য থাকিত না। অতএব, বৌদ্ধদিগকে যুক্তির
সাহায়েই বস্তুর ক্ষণিকত্বকে প্রমাণিত করিতে হইবে। বাহাকে কোনও ধর্মিবিশেষে যুক্তির সাহায়ে প্রমাণিত করা হয়, তাহা পূর্দ্ধ হইতে পরিচিত থাকা
আবশ্রুক; সর্ব্বথা অপরিচিত হইলে তাহা সাধ্যধর্ম্ম হইতে পারে না। যিনি
পূর্ব্ধ হইতে বহ্নির স্বরূপ জানেন না, অর্থাৎ বিনি বহ্নিই চেনেন না, তিনি কথনই
যুমরূপ লিঙ্কের দারা পর্ব্বতাদি-ধর্ম্মীতে বহ্নির অনুমান করিতে পারেন না।
এজন্ত্র, বস্তুর ক্ষণিকত্বে ন্যারপ্রয়োগের পূর্ব্বে উহার স্বরূপনির্ব্বচন আবশ্রুক।
অতএব, প্রথমতঃ ক্ষণিকত্বের স্বরূপনির্ব্বচন করা যাইতেছে। 'স্বাধিকরণসময়প্রাগভাবাধিকরণক্ষণাসম্বন্ধিত্ব'ই ক্ষণিকত্ব হইবে। যে বস্তু আপনার আধারভূত কালের
প্রোগভাবের অধিকরণ যে ক্ষণ, তাহার সম্বন্ধী হয় না, তাহাই ক্ষণিক। যদি কোনও
বস্তু নিজ্বের উৎপত্তির পরে একটীমাত্র ক্ষণও স্থায়ী হয়, তাহা হইলে উহা

স্বাধিকরণকালের প্রাগভাবের অধিকরণ যে ক্ষণ, তাহার সম্বন্ধীই হইয়া বাইবে; অসম্বন্ধী হইবে না। কারণ, আমরা ঐ বস্তুটার আধারভূত কালরূপে অন্ততঃ হুইটা ক্ষণকে পাইব। প্রথমটা তাহার উৎপত্তি ক্ষণ ও দ্বিতীয়টি তাহার স্থিতিক্ষণ। এই ষে স্থিতিফ্রণাত্মক দিতীয় ক্রণটী, ইহাও উক্ত বস্তুর স্থাধিকরণ সময় হইবে এবং ঐ স্বাধিকরণসময়রূপ দ্বিতীয় ক্ষণটীর প্রাগভাব, ঐ বস্তুর উংপত্তিক্ষণে বিগুমান আছে। এই যে স্বাধিকরণসমরপ্রাগভাবাধিকরণ ক্ষণরূপ উৎপত্তিক্ষণটা, তাহার সহিত ঐ বস্তুটী সম্বন্ধী হইরাছে, অসম্বন্ধী হয় নাই। স্তুতরাং, উহা ক্ষণিক হইবে না। যাহা তুইটীমাত্র ক্ষণ-সম্বন্ধী, তাহাই বদি স্বাধিকরণসমন্ধ্রপ্রাগভাবাধিকরণক্ষণাসম্বন্ধী না হয়, তাহা হইলে বাহারা আরও অধিককাল পর্য্যস্ত স্থায়ী হইবে, তাহারা যে ঐরূপ হইবে না, ইহা অনাগ্নাসেই বুঝা যায়। যদি কোনও বস্তু উৎপত্তির পরে আর একক্ষণও বিভয়ান না থাকে, তাহা হইলে এ বস্তুই ক্ষণিক হইবে। কারণ, ঐ বস্তুর স্বাধিকরণকাল বলিয়া কেবল প্রথম ক্ষণটীই গৃহীত হইবে। ঐ যে উহার আধারভূত প্রথমক্ষণাত্মক কালটী, তাহার প্রাগভাবের অধিকরণক। হইবে, ঐ ক্ষণের পূর্ববর্ত্তী ক্ষণগুলি। কিন্তু, তথন উক্ত বস্তুটী উৎপন্নই হর নাই। এজগুই, ঐ যে স্বাধিকরণসমন্ত্রপাগভাবাধিকরণাত্মক ক্ষণগুলি, তাহাদের কাহারও সহিত কণিতবস্তুটীর সম্বন্ধ নাই। এইপ্রকার হওরার উহা ক্ষণিক হইবে। অতএব, এক্ষণে ইহা আমরা বেশ ব্ঝিতে পারিলাম যে, স্বাধিকরণসময়-প্রাগভাবাধিকরণক্ষণাস্বিরত্বই ক্ষণিকত্বের স্বরূপ। এইরূপ ক্ষণিক ঃকেই বৌদ্ধগণ বস্তুমাত্রে প্রমাণিত করিতে চাহিতেছেন। স্থায়াদিমতেও অস্ত্যশব্দের স্থিতি স্বীকৃত হর নাই। ঐ সকল মতেও উক্ত ক্ষণিকত্বৰণ সাধ্যটীকে অপ্রসিদ্ধ বলা যাইবে না। কারণ, অন্ত্য শব্দটীতেই উক্ত ক্ষণিকত্বরূপ সাধ্যটী প্রসিদ্ধ আছে।

জ্ঞানশ্রী বা রত্নকীর্ত্তি যে প্রণালী অবলম্বন করিয়া বস্তুর ক্ষণিকত্বে অনুমানের উপস্থাদ করিয়াছেন, আমরা প্রথমতঃ তাহা হইতে একটু পৃথক্ রীতিতে ক্ষণিকত্বে পরার্থান্থমানের উপস্থাদ করিব। অবশু, ইহাতে কেবল নৈয়ায়িক ও বৈশেষিক সম্প্রদারই প্রতিবাদী থাকিবেন। শব্দের নিত্যতাবাদীরা ইহার প্রতিবাদী হইবেন না। রীতিটী পৃথক্ হইলেও যুক্তিগুলি তাঁহাদের গ্রন্থ হইতেই সংগৃহীত হইয়াছে। "পটঃ ক্ষণিকঃ অর্থ ক্রিয়াকারিয়াৎ অস্ত্যশব্দবৎ" এই ভাবেই আমরা ক্ষণিকত্বে

ভারের প্ররোগ করিলাম। অন্ত্যশক্তে অর্থক্রিরাকারিত্ব এবং ফণিকত্ব এই তুইই বৌদ্ধ এবং নৈরায়িকাদি মতে সিদ্ধ থাকার তদন্তর্ভাবে অর্থক্রিরাকারিতে ফণিকত্বের ব্যাপ্তি নিশ্চিতই আছে। স্কুতরাং, কোনও অস্কুবিধা না থাকার উক্ত প্রকারে ফ্রণিকত্বে পরার্থাছ্মান প্রযুক্ত হইতে পারে। ক্ষণিকত্বটা হইতেছে অর্থক্রিয়াকারী বস্তুর স্বভাব। যাহা যেই ধর্মের ব্যভিচারী হয় তাহা তদ্ধমাবছিলের প্রতিষ্বভাবই হইতে পারে না। স্কুতরাং, উক্ত স্বভাবহেতুর দ্বারা অনারাসেই পটাদি বস্তুতে ক্ষণিকত্বের অন্ত্রমান হইতে পারে।

বিদি ক্ষণিকন্ত্রটা অবশ্রুই অর্থক্রিয়াকারী বস্তুর স্বভাব হর, তাহা হইলে উহার বারা ঘটপটাদি বস্তুর ক্ষণিকত্ব প্রমাণিত হইরা ঘাইবে ইহা সত্য ; কিন্তু, ক্ষণিকন্ত্রটী বে অর্থক্রিয়াকারী বস্তুর স্বভাব, ইহাই ত অত্যাবধি নির্ণীত হয় নাই। মত্রাং, উক্ত অনুমানের দারা বস্তুর ক্ষণিকন্ত প্রমাণিত হইরা গিরাছে, ইহা বলা বার না।

এই পূর্ব্বপফের উত্তরে বৌদ্ধগণ বলিবেন বে, পূর্ব্বপফীর আপত্তিকে তাঁহারা সমীচীন মনে করেন না। কারণ, ফণিক ষটা যে অর্থক্রিরাকারী বস্তুর সভাব হইবে, তাহা প্রমাণিত আছে। অভিপ্রায় এই যে, ঋদি ফণিকত্বটী অর্থ ক্রিরাকারী বন্ধর সভাব না হয়, তাহা হইলে উহা স্থির অর্থাৎ একাধিকক্ষণে স্থায়ী হইবে। কারণ, ফণিকত্ব বা স্থায়িত্ব ছাড়া বস্তুর কোনও তৃতীয় প্রকার <mark>স্বভাব কল্পিত হইতে পারে না। বস্তুর স্থান্পিকপক্ষে অবগ্রই এই প্রকার প্রশ্ন</mark> হইবে বে, ঘট বা পটাদি বস্তগুলি বর্তুমানক্ষণে যে অর্থক্রিয়া করিতেছে, অতীত বা আগামী ক্ষণেও কি উহারা সেই একই অর্থক্রিয়া করিয়াছিল বা করিবে; অথবা বর্ত্তমানক্ষণে বাহা করিতেছে অতীতে তাহা করে নাই, অন্ত কিছু করিয়াছিল এবং আগামীতেও অন্তকিছুই করিবে; কিংবা অতীতে কোনও কিছু করে নাই ভবিষ্যতেও করিবে না, যাহা করার বর্ত্তমানেই তাহা করিতেছে। এই তিনটী পক্ষের মধ্যে কোনও একটা পক্ষকে অবশুই স্থায়িত্ববাদী স্বীকার করিবেন। কারণ, উক্ত পক্ষত্রর ছাড়া অপর কোনও পক্ষ কল্পিত হইতে পারে না। প্রথম ও চরম পক্ষ পূর্ব্বপক্ষীর অভিপ্রেত হইতে পারে না। স্থিরবস্তু স্বাধিকরণ যে বিভিন্ন ক্ষণগুলি, তাহাতে একই অর্থ সম্পাদন করে, ইহা প্রথমপক্ষে বলা হইয়াছে। এইপ্রকার হইলে বস্তুর ক্বতকারিও স্বীকার করিতে হয়। বস্তু

ক্ষণিকত্বনিরূপণ

তাহার স্বাধিকরণ মতীতক্ষণে যাহা করিয়াছিল বর্ত্তমানক্ষণেও ় করিতেছে <mark>এবং ভবিষ্যতেও তাহাই করিতে থাকিবে। কিন্তু, ইহা সম্ভব হয় না।</mark> কারণ, যাহা একবার করা হইয়া গিয়াছে তাহাকে পুনরায় কেহ করিতে পারে না। এইভাবে কৃতকারিতা দোষের আপত্তি হয় বলিয়া প্রথমপক্ষ পূর্ব্বপক্ষীর সম্মত হইতে পারে না। চরমপক্ষও পূর্ব্বপক্ষীর অভিপ্রেত হইতে পারে না। উক্ত পক্ষে ইহা বলা হইয়াছে যে, বস্তগুলি নিজের অধিকরণ যে ক্ষণসমূহ, তাহাদের মধ্যে কেবল বর্ত্তমান কণ্টাতেই অর্থসম্পাদন করে, অভীতে উহারা কোনও অর্থসম্পাদন করে নাই এবং আগামীতেও করিবে না। এইপক্ষ স্বীকার করিলে আর বস্তুর স্থিরত্ব স্বীকার করা সম্ভব হয় না। কারণ, অর্থক্রিয়াকারিছই বস্তুর সত্ত্ব। অতীতক্ষণে বা আগামিক্ষণে বাহা অর্থসম্পাদন করিল না, তাহা আর উক্তকণে সং হইল না। স্থতরাং, পূর্ব্বপক্ষী চরমপক্ষ অবলম্বন করিয়া বস্তুর স্থিরত্বে বিশ্বাসী হইতে পারেন না। এফণে গত্যন্তর না থাকার অবশিষ্ট পক্ষটীই পূর্ব্ধপক্ষীর অবলম্বনীয় হইবে। এইপক্ষে ইহাই বলা হইয়াছে বে, বস্তুগুলি তাহাদের নিজ নিজ অধিকরণীভূত বিভিন্ন কণে বিভিন্ন অর্থের সম্পাদন করিয়া থাকে। ইহাতে ক্তকারিত্ব বা ক্ষণবিশেষে অসত্ত্বে আপত্তির অবসর থাকিল না। কারণ, বস্তগুলি প্রতিক্ষণেই কিছু করিল এবং পূর্বের যাহা করিয়াছে তাহা করিল না। ইহাতেও প্রশ্ন হইবে যে, উক্ত বিভিন্ন সামর্থ্যগুলি কি স্র্বদাই বস্তুতে থাকে অথবা কখনও থাকে, কখনও থাকে না। যদি দিতীয় পক্ষটী অবলম্বন করিয়া পূর্ব্বপক্ষী বলেন যে, বিভিন্ন কালে সম্পাদনীয় অর্থগুলির যে বিভিন্ন সামর্থ্যগুলি ইছারা বিভিন্ন সমরেই স্থিরবস্তুতে বিভ্যমান থাকে, সর্বাদা থাকে না। তাহা হইলেও পূর্ববপক্ষীর পক্ষকে আমরা সমীচীন বলিতে পারি না। কারণ, উহাতে তিনি পরম্পর বিরুদ্ধধর্মগুলির একত্র সমাবেশই স্বীকার করিলেন। কোনও একটী কার্য্যের সামর্থ্য ও তাহার . নিষেধ ইহারা পরস্পর পরস্পরের বিরুদ্ধ ধর্ম। ভাবাভাবের বিরোধ নর্কবাদিসম্মত। স্থির-পদার্থের অতীত অর্থক্ষতাটী উহাতে অতীতক্ষণেই ছিল, বর্ত্তমান বা আগামি-ক্ষণে উহা নাই। এইরূপ বর্ত্তমান অর্থক্ষমতাটী উহাতে বর্ত্তমানক্ষণেই আছে, <mark>অতীত বা অনাগতক্ষণে উহাতে উহা নাই। স্নতরাং, বস্তুর স্থিরত্ববাদীকে</mark> একই পদার্থে একই অর্থক্ষমতা ও তাহার অভাব স্বীকার করিতে হইল। কিন্তু,

বাস্তবিকপক্ষে বিক্লন্ধর্ম একত্র সমাবিষ্ট হয় না। এই ভাবে বিক্লন্ধর্মের একত্র <mark>সমাবেশের আপত্তি হওরায় পদার্থের স্থি</mark>রত্ব স্বীকার করিরা বিভিন্ন ক্ষণে উহাতে বিভিন্নপ্রকার অর্থক্রিরাকারিত্ব স্থীকার করা যায় না। পূর্ব্ধপক্ষী যদি নিজের মতের সমর্থনে এই কথা বলেন যে, ভাব ও অভাব ইহারা একই কাল বা একই দেশাবচ্ছেদে একত সমাবিষ্ট হয় না, বিভিন্নকাল বা বিভিন্নদেশাবচ্ছেদে একই বস্তুতে থাকিলেও উহাদের বিরোধের হানি হর না। স্থতরাং, স্থিরবস্তুতে বে একই অর্থসামর্থ্য ও তাহার অভাব আছে, উহা বিভিন্নকালীন হওরার দোষের হয় নাই। অতীত অর্থক্ষতাটী অতীত ক্ষণাবচ্ছেদেই আছে এবং <mark>বর্তুমান বা আগামিকণাবচ্ছেদে উহাতে উহার অভাব আছে। অতএব, কণিকর্ত্তু-</mark> বাদীরা যে স্থিরত্ববাদে বিরুদ্ধনশ্রের আপত্তির কথা বলিয়াছেন, তাহা গ্রহণযোগ্য নহে। তাহ: হইলেও উত্তরে ক্ষণিকত্ববাদী বলিবেন যে, পূর্ব্বপক্ষী স্থিরত্ববাদে অন্ধবিশ্বাদী বলিয়াই উক্তপ্রকার কল্পনার আশ্রাম্য বিরোধের নিষেধ ক্রিয়াছেন ; তিনি নিরপেক্ষভাবে তরার্থী হইলে বিভিন্ন অবচ্ছেদের কল্লনা করিয়া বিরোধভঙ্গের স্বপ্ন দেখিতেন না। অভিপ্রায় এই যে, ভাব ও অভাবের যে অসামানাধিকরণ্য আছে, ইহা সর্ব্বাদিসম্মত। বিভিন্ন দেশক্রপ অবচ্চেদকের কল্পনা করিরা ঐ অসামানাধিকরণ্যকে তাঁহারাই সম্কুচিত করিবেন যাঁহারা অতিরিক্ত অবরবী বা বস্তুর স্থিরত্ব স্বীকার করিরাছেন। বৃক্ষকে প্রমাণু<mark>পুঞ্জ</mark> হইতে পৃথক্ অবয়বী বলিয়া ধরিরা লইলেই উহাতে অগ্রাবচ্ছেদে কপিসংযোগ এবং মূলাবচ্ছেদে তদভাবের কল্পনা করিরা কপিসংবোগ ও তদভাবের স্থলে বিরোধের সঙ্কোচ করিতে হয়; অগ্রথা, মূলাত্মক পুঞ্জে কপিসংযোগের অভাব <mark>এবং অগ্রাত্মক পুঞ্জে কপিসংযোগ গাকিলেও উহাদের বিরোধের হানি হইল না।</mark> এজন্ত, বিভিন্ন অব্য়বরূপ অবচ্ছেদকের কল্পনা করিয়া বিরোধের সঙ্কোচ অনাবশুক্ট হইল। এইরূপে বস্তুর স্থিরত্ব মানিয়া লইলেই বিভিন্নকালীন অর্থক্রিয়াসামর্থ্য ও তদভাবের একত্র সমাবেশ আসিয়া উপস্থিত হয় এবং তাহার সমাধান করিতে গিয়া বিভিন্ন ফণকে সামর্থ্য ও তদভাবের অবচ্ছেদকরূপে কল্পনা করিতে হয়। জন্তথা, অবচ্ছেদকের কল্পনার কোনও মূলই থাকে না। স্তরাং, যতক্ষণ পর্য্যন্ত বস্তুর স্থিরত প্রমাণিত হয় নাই, ততক্ষণ পর্য্যন্ত অর্থক্রিয়া-পামর্থা ও তদভাবের বিভিন্নক্ণাবচ্ছেদে একই বস্তুতে থাকার প্রশ্নই উঠে না।

অতএব, বস্তুর ক্ষণিকত্ব স্থীকার না করিলে স্থিরত্বাদে অর্থক্রিরাসামর্থ্য ও তদভাবের যে একত্র সমাবেশের আপত্তি হয়, তাহার কোনও সমাধান হইবে না। ক্ষণিকত্বাদে উক্তপ্রকারে বিরুদ্ধদর্মের একত্র সমাবেশের আপত্তি হর না। কারণ, যাহাতে অর্থক্রিয়াসামর্থাটী থাকিল, তাহাতে আর তাহার অভাব থাকিল না। অতএব, ক্ষণিকত্ব যে অর্থক্রিরাকারী বস্তুর স্বভাব হইবে, তাহাতে আর কোনও সন্দেহের অবকাশ থাকিল না।

স্থিরত্ববাদী পূর্ব্বোক্ত যুক্তির বিরুদ্ধে যুদি এই কথা বলেন যে, তাঁহারা বস্তর স্থিরত্বকে অন্ধবিশ্বাসে মানিয়া লন নাই; পরস্ত, উহা চাক্ষ্মাদি প্রভ্যক্ষের দারা সিদ্ধই আছে। অতএব, প্রভ্যক্ষসিদ্ধ স্থিরত্বের অন্ধরোধেই অর্থসামর্থা-বিশেষ ও তদভাবরূপ বিরুদ্ধর্মদ্বরের একত্র সমাবেশের আপত্তির উত্তরে, বিভিন্ন ক্ষণকে উহাদের অবচ্ছেদকরূপে স্বীকার করা অনিবার্য্য হইয়া পড়িয়াছে। স্কতরাং, ঐ প্রকারে বিরুদ্ধধর্মের একত্র সমাবেশের আপত্তিকে মূল করিয়া বৌদ্ধরণ ক্থনই ক্ষণিকত্বকে অর্থক্রিয়াকারী বস্তর স্বভাবরূপে প্রমাণিত করিতে পারেন না।

আমরা ইহার উত্তরে ক্ষণিক্ষবাদের অমুকৃলে বলিতে পারি যে, পূর্বপক্ষী বস্তুর স্থিরত্বকে প্রত্যক্ষসিদ্ধ বলিয়া ভুল করিয়াছেন। কারণ, একই বস্তুর বিভিন্নক্ষণসম্বন্ধিষ্ণরূপ যে স্থিরত্ব, তাহা প্রত্যক্ষের দ্বারা জানা যাইতে পারে না। ক্ষণগুলি অতিশয় স্থাবস্ত্র। এজন্ত, উহাদের প্রাত্যক্ষিকজ্ঞান সম্ভব হর না। আর, বর্ত্তমানে বিভিন্নক্ষণসম্বন্ধী বস্তুর একত্বেই বিবাদ চলিতেছে। স্থতরাং, বিক্ষরবাদীরা বর্ত্তমানে ইহা ক্থনই স্থীকার করিবেন না বে, একত্বঘটিত যে বিভিন্নক্ষণসম্বন্ধিত্ব, তাহা প্রত্যক্ষতঃ সিদ্ধ হয়। এই যে বিভিন্নক্ষণসম্বন্ধিত্ব, ইহাকে মূল করিয়াও বৌদ্ধগণ বস্তুর ভেদই বলিতে চাহেন। অন্তথা, ক্ষণবিশেষসম্বন্ধিত্ব ও তদভাবরূপ পরস্পার বিক্ষরদর্শের একত্র সমাবেশের আপত্তি গ্রনিবার
হইয়া পড়ে। স্থতরাং, বস্তুর নানাক্ষণসম্বন্ধিত্ব, অর্থাৎ স্মাবিষ্ট-নানাক্ষণসম্বন্ধিত্বরূপ স্থিরত্বকে বিক্ষরবাদীর নিকট প্রত্যক্ষসিদ্ধ বলিয়া প্রমাণিত করা গেল না।

স্থতরাং, এক্ষণে ইহা আমরা বেশ ব্রিতে পারিলাম যে, ক্ষণিকন্বটী অর্থ-ক্রিয়াকারী বস্তুর স্বভাব এবং "পটঃ ক্ষণিকঃ অর্থক্রিয়াকারিদ্বাৎ অস্ত্যশব্দবং" এই প্রকার পরার্থান্ত্মানের দ্বারা পটাদিবস্তুর ক্ষণিকত্ব প্রমাণিত হইরা গেল।

"অর্থক্রিয়াসমর্থ্য বস্তু যদি ক্ষণিকত্বসভাবকং ন স্থাৎ তদা পরম্পরবিক্ষমোভয়-বং স্থাং" এই আকার লইরাই প্রদর্শিত প্রদন্ধান্তমানটার প্রয়োগ হইবে। यদিও উক্ত প্রসঙ্গারুমানের মূলরূপে আমরা অম্বয়ব্যাপ্তির প্রদিদ্ধি দেখাইতে পারিব না ইহা সত্য, তথাপি ব্যতিরেকব্যাপ্তি প্রসিদ্ধ থাকাম উক্তপ্রকারে প্রসঙ্গানুমানের প্রয়োগে কোনও বাধা নাই। বাহা অফণিকত্বস্কভাব তাহা পরম্পরবিক্ষরেতি ভরবান্ হইরা থাকে, এই প্রকার অম্বরব্যাপ্তিকে আমরণ উক্তপ্রনঙ্গালুমানের স্লরূপে গ্রহণ করিতে পারিনা। বাদী ও প্রতিবাদী এই উভরের স্বীকৃত এমন একটা বস্তুও আমরা পাইব না, বাহা অফণিকত্বস্তাব। স্তুতরাং, উভর-বাদিসম্মত্রূপে আপাদকটা প্রসিদ্ধ নাই বলিয়া ঐ প্রকার অম্বয়ব্যাপ্তি मस्य रहेरत ना धवर भन्नम्भन्नविक्रक्षवनात य इसेंगे भन्नार्थ, वर्षाए वर्षाक्रिया-বিশেষসামর্থ্য ও তদভাব, ইহারা খণ্ডশঃ প্রসিদ্ধ থাকিলেও উভয়বাদিপ্রসিদ্ধ এমন কোনও বস্তু আমনা পাইব না, বাহা উক্ত-বিরুদ্ধোভয়বান্ হইবে। অতএব, প্রদর্শিতপ্রকারে উপক্তন্ত যে অম্বর্যাপ্তি, তাহাকে আমরা উক্ত প্রদঙ্গানুমানের মূল বলিতে পারি না। উক্তন্থলে অধ্যব্যাপ্তির প্রাকিদ্ধি না থাকিলেও ব্যতিরেক-ব্যাপ্তি প্রনিদ্ধ আছে। "যাহা বাহা পরম্পরবিরুদ্ধ উভর্গ্ন্স হয় তাহা অফণিকত্বসভাব হর না, যেমন অস্ত্যশক্ষণ। অন্ত্যশক্ষ যে অফণিকত্বসভাব নহে, অর্থাৎ ক্ষণিকসম্বভাবই, তাহা বাদী এবং প্রতিবাদী সমানভাবেই স্বীকার <mark>করেন এবং বিক্লন উভয়ের অভাবও উহাতে স্বীকৃতই আছে। অতএব, একণে</mark> ইহা আমরা বেশ বৃঝিতে পারিলাম যে, উক্ত প্রসঙ্গান্তমানটী ব্যতিরেকব্যাপ্তি-মূলে প্রদর্শিত হইরাছে।

স্থিরত্ববাদীরা যদি এইপ্রকার বলেন যে, বিভিন্ন অর্থসামর্থ্যগুলি যে বিভিন্নজ্ঞগাবচ্ছেদে বস্তুতে থাকে তাহা নহে; পরস্তু, ঐ অর্থসামর্থ্যগুলি সর্ব্ধকাবেই মিলিতভাবে বস্তুতে থাকে; অর্থাৎ ঐ সামর্থ্যগুলি ব্যাপ্যবৃত্তি হইরাই স্থিরবস্তুতে থাকে। এইপ্রকার হইলে আর পূর্ব্ধোক্তভাবে বিরুদ্ধধর্মদ্বয়ের সমাবেশের আপত্তি হইবে না। কারণ, যে অর্থসামর্থ্যটি যে বস্তুতে আছে, তাহাতে আর তাহার অভাব নাই।

তাহা হইলেও বৌদ্ধগণ উত্তরে বলিবেন যে, স্থিরত্ববাদীর উক্ত ব্যাখ্যাকে তাহার। অভিনন্দিত করিতে পারেন না। কারণ, উহাতে তাবৎকার্য্যের যুগপৎ-

উৎপত্তির আপত্তি ঘূর্নিবার ইইরা পড়ে। অভিপ্রান্ন এই বে, একটা স্থিরবস্তু ক্রমিক যতগুলি প্রয়োজন সম্পাদন করে, তাহাদের প্রত্যেক প্রয়োজনের সম্পাদনক্ষমতা যদি বর্ত্তমানক্ষণে বস্তুতে থাকে, তাহা ইইলে ঐ বস্তুতে বর্ত্তমানক্ষণেই অতী তাবে প্রয়োজনটা উহা করিয়াছিল তৎসম্পাদনক্ষমতা এবং উহা আগামী যে প্রয়োজনকরিবে, তৎসম্পাদনক্ষমতা স্থীকার করা ইইল। এইরূপ ইইলে উহাকে বর্ত্তমানক্ষণেই আবার অতীত অর্থক্রিয়ার সমুৎপাদন করিতে ইইবে এবং ঐ ক্ষণেই উহাকে প্রয়ায় আগামী অর্থক্রিয়ার ও সম্পাদন করিতে ইইবে এবং ঐ ক্ষণেই উহাকে প্রয়ায় আগামী অর্থক্রিয়ার ও সম্পাদন করিতে ইইরে। কারণ, উহাতে বর্ত্তমানক্ষণেই সকলগুলি সামর্থ্য তুল্যভাবে বিলয়ান আছে। এইরূপ অতীতক্ষণেও উহাকে বর্ত্তমান এবং আগামী অর্থক্রিয়ার সমুৎপাদন করিতে ইইয়াছিল বলিয়া মনে করিতে ইইবে। কারণ, অতীতক্ষণেও উহাতে বর্ত্তমানের গ্রায়ই বর্ত্তমান অর্থ ক্রিয়ার সম্পাদনক্ষমতা ছিল। উহাকে আগামী ক্ষণেও অতীত এবং বর্ত্তমান যে অর্থক্রিয়ার সম্পাদনক্ষমতা ছিল। উহাকে আগামী ক্ষণেও অতীত এবং বর্ত্তমান যে অর্থক্রিয়ার সম্পাদনক্ষমতা গুলি বিল্নমান থাকিবেই। কিন্তু, বাস্ত্রবিক্রপক্ষে অতীতের পুনরুহণিত্তি বা আগামীর বর্ত্তমানে গ্রাণ্ডিলি বায়াগুরিত ইইয়াই বস্তুতে বিল্নমান আছে।

যদি প্রদর্শিত আপত্তির সমাধানে স্থিরত্বাদী এই প্রকার বলেন যে, যদিও স্থিরবস্তুতে বর্তমানক্ষণেও অতীত ও আগামী অর্থক্রিয়ার সামর্য্য বিভ্যমান আছে ইহা সত্য, তথাপি বর্ত্তমানক্ষণে অতীত বা আগামী অর্থক্রিয়াণ্ডলির উৎপত্তির সম্ভাবনা নাই। কারণ, যে সহকারীটী সঙ্গে লইয়া অতীতে উহা অর্থক্রিয়াণ্ডলির করিমাছিল, বর্ত্তমানে সেই সহকারীটী উহার সঙ্গে নাই বিশেষের সম্পাদন করিয়াছিল, বর্ত্তমানে সেই সহকারীটী উহার সঙ্গে নাই এবং আগামীতে যে সহকারীটি উহার নাই। স্কৃতরাং, সমর্থ হইলেও সহকারীর করিবে, বর্ত্তমানে সেই সহকারীটি উহার নাই। স্কৃতরাং, সমর্থ হইলেও সহকারীর করিবে, বর্ত্তমানে উহা অতীত বা আগামী অর্থক্রিয়ার সমুৎপাদন করিবে না। পরস্ক, সহকারিবিশেষের সাকল্য থাকায় বর্ত্তমানে উহা কেবল বর্ত্তমান অর্থক্রিয়াটীরই সমুৎপাদন করিবে। অতীতেও সহকারিবিশেষের বৈকল্যবশতঃই বর্ত্তমান বা আগামী অর্থক্রিয়ার সমুৎপাদন করিতে পারে নাই; কেবল তাৎকালিক অর্থক্রিয়াটীরই সমুৎপাদন করিয়াছিল এবং আগামী কালেও সহকারার বৈকল্যবশতঃই বর্ত্তমান বা অতীত অর্থক্রিয়ার সমুৎপাদন করিবে না; কেবল একটী বৈকল্যবশতঃই বর্ত্তমান বা অতীত অর্থক্রিয়ার সমুৎপাদন করিবে না; কেবল একটী

মাত্র যে আগামী অর্থক্রিরা, তাহারই সমুৎপাদন করিবে। স্থতরাং, প্রদর্শিত আপত্তি নির্ভূল হওরায় পদার্থের স্থিরত্বে আর কোনও বাধা থাকিল না।

তাহা হইলেও ক্ষণিকত্ববাদী বলিবেন যে, স্থিত্তবাদীর ব্যাখ্যা সমীচীন হয় নাই। তিনি স্থিরতে অন্ধবিধাসী বলিরাই উহাকে রক্ষা করিতে গিরা সমর্থ অর্থকেও স্বীর ফলোৎপাদনে সহকারিসাপেক্ষ বলিয়া মনে করিয়াছেন। যাহা বে-প্রকার ফলোৎপাদনে সমর্থ হইবে, তাহা অন্তনিরপেক্ষভাবেই স্বাব্যবহিতোত্তর-<mark>ক্ষণে সে-প্রকার স্বীন ফলের সমুৎপাদন করিবে। সমর্থ হইয়াও বস্তুগুলি সহকারীর</mark> বৈকল্যে ফলোৎপাদন করিবে না; কেবল চুপচাপু বসিয়া বসিয়া ঝিমাইবে ইহা হইতে পারে না। যাহা যে ক্ষণে স্বাব্যবহিতপূর্ব্বস্তরূপ সম্বন্ধে যে ফলবিশিষ্ট হয়, তাহাকে দেই ক্ষণে দেই ফলজননে নমর্থ বলা হইরা থাকে। স্থতরাং, তিরবস্তুটী বদি বর্ত্তমানক্ষণে স্বাব্যবহিতপূর্ব্বস্থস্থনে অতীত বা চির আগামী যে ফল, তদ্বিশিষ্ট না হয়, তাহা হইলে ঐ ক্ষণে ঐ স্থিরবস্তুটীকে কখনই মতীত বা চিন্ন আগামী ফলের সমুৎপাদনে সমর্থ বলা বার না। স্থতরাং, স্থিরবস্তুটী অতীত বা আগামী · ফলে সমর্থ হইলেও বর্ত্তমানক্ষণে সহকারীর সহিত যুক্ত না হওয়ায় উহা অতীত বা আগামী ফলের সমুৎপাদন করিল না, ইহা বলা যায় না। <u>যাহা যে ফলের</u> সমুৎপাদনে সমর্থ, তাহা যে অভসহকারীকে অপেকা না করিয়াই স্বসামর্থ্যেই অব্যবহিতোত্তরক্ষণে নিরভভাবে স্বীয় কলের সমুৎপাদন করে, ইহা আমরা দৃষ্টান্ত অবলম্বন করিরাও বৃঝিতে পারি। সামগ্রীর যে কলোৎপাদনসামর্থ্য আছে, ইহা স্থিরত্ববাদী ও ফণিকত্ববাদী উভয়েই স্বীকার করিয়া থাকেন। স্থতরাং, উভয়বাদীর স্বীকৃত হওয়ার সামগ্রীই সমর্থের দৃষ্টান্ত হইবে। ঐ সামগ্রী বে স্বীর ফলের সমুৎপাদনে অন্ত কাহারও অপেক্ষা রাথে না, ইহা উভয়েই স্বীকার করেন। অতএব, ঐ যে সামগ্রীরূপ দৃষ্টান্ত, তাহার দারা ইহাই প্রমাণিত হইন্না শাইতেছে যে, যাহা যে কলের সমুৎপাদনে সমর্থ, তাহা অন্তনিরপেক্ষভাবে নিয়তই অব্যবহিতপরক্ষণে সেই ফলের সমুৎপাদন করিবে। এজ্ঞা, স্থিরত্ববাদী ইহা কখনই বলিতে পারেন না যে, যাহা অতীতে ফলোৎপাদন করিয়াছিল, বর্ত্তমানে ফলোৎপাদন করিতেছে এবং আগামীতেও ফলোৎপাদন করিবে, তাহা এতাবৎকাল-পর্য্যস্ত স্থারী একটা বস্তু এবং ঐ বিভিন্ন ফলের উৎপাদন সামর্থ্যগুলি উহাতে সর্ব্ব-কালেই বিভাষান আছে।

বিদ্যাপর স্থিরত্ববাদী এই প্রকার কর্মনা করিয়া নিজমতের সমর্থন করেন যে, ঘটপটাদি বস্তুগুলি স্থির হইলেও বিভিন্নকালীন বিভিন্নকলের যে উৎপাদনসামর্থ্যগুলি, তাহা উহাতে সর্ব্বদা বিভ্রমান থাকে না; পরন্তু, অতীত কলের উৎপাদনসামর্থ্য উহাতে বর্ত্তমানে নাই, অতীতেই ছিল; আগামী কলের যে উৎপাদনসামর্থ্য, তাহাও স্বর্ত্তমানে উহাতে নাই, আগামী কালেই থাকিবে এবং বর্ত্তমান ফলটীর উৎপাদনসামর্থ্য বর্ত্তমানকালে উহাতে আছে। স্কৃতরাং, স্থিরত্ববাদেও বিভিন্নকলের ক্রমিকোৎপাদে কোন অসামঞ্জন্ত নাই।

তাহা হইলে ক্ষণিকদ্ববাদী উত্তরে বলিবেন যে, উক্ত প্রগল্ভবাদ প্রশংসনীয় হইলেও গ্রহণীয় নহে। কারণ, বস্তু যদি নানাক্ষণস্থায়ী একটা হয় এবং তাহাতে নানাক্ষলজনন-সামর্থ্য থাকে, তাহা হইলে উহাতে সর্ব্বদাই ঐ সামর্থ্যগুলি থাকা আবগুক। বস্তুটী থাকিয়া গেলেও তাহার সামর্থ্যবিশেষ থাকিবে না, নষ্ট হইয়া যাইবে এবং বস্তুটী বিশ্বমানই আছে অথচ বর্ত্তমানে সামর্থ্যবিশেষ উহাতে নাই, ভবিশ্যতে উহা আসিবে — ইহা হইতে পারে না। এইরূপ হইলে, স্বোৎপাদকসামগ্রা হইতে বিলক্ষণসামগ্রীকে বস্তুগতকলোৎপাদন-সামর্থ্যের নির্মামক বলিতে হয়। ইহাতে সর্ব্বসামর্থ্যরহিত অবস্থায়ও বস্তুর অন্তিদ্বের আপত্তি হইবে। কারণ, স্বোৎপাদক-সামর্থ্যা হইতে বিলক্ষণ, এমন যে সামর্থ্যোৎপাদকসামগ্রী, তাহা কদাচিৎ স্বোৎপাদকসামগ্রীকালে অমুপস্থিতও থাকিতে পারে। বিভিন্ন সামগ্রীগুলি মিলিত হইবেই ইহা ত বলা চলে না। স্কৃত্রাং, স্বসামগ্রীবশে বস্তু উৎপন্ন হইয়া গেলেও উহাতে সামর্থ্য উৎপন্ন হইল না; কারণ, সামর্থ্যেৎপাদক সামগ্রীর সমবধান নাই।

পূর্ব্বে বস্তুতে বিভিন্নফলোৎপাদক সামর্থ্যগুলির সর্বাদা-বিগমানতা-পক্ষে, অতীত এবং আগামী ফলেরও বর্ত্তমান কালে সম্ৎপত্তির আপত্তি প্রদর্শিত হইয়াছে এবং যাহা যে কালে যে কার্য্যের প্রতি সমর্থ হয়, তাহা তৎকালে তৎকার্য্যের সমৃৎপাদন করিয়া থাকে, যথা সামগ্রী — এইপ্রকার যে নিয়ম তাহাকে উক্ত আপত্তির মূল বলা হইয়াছে। একটা বিশেষস্থল অবলম্বনে উক্ত আপত্তিকে ব্রিবার চেষ্টা করা যাইতেছে।

পদার্থের স্থিরত্ববাদীরা কুশ্লস্থ ও ক্ষেত্রস্থ বীজের ঐক্য স্বীকার করিয়া বলেন যে, যে বীজটী এক্ষণে কুশ্লে অর্থাৎ গোলাতে আছে, তাহাই আগামী কালে ক্ষেত্রে উপ্ত হইবে এবং কুশ্লে থাকার সময়েও উহাতে অঙ্গুরোৎপাদন-সামর্থ্য আছে। ইহাতে ক্ষণিকত্ববাদীরা আপত্তি করেন যে, কুশ্লে থাকার সমরেও যদি বীন্ধটা আগামী অন্থ্রের উৎপাদনে সমর্থ হয়, তাহা হইলে এ কালেও উহা আগামী অন্ধ্রের সম্পোদন করিবে। এই আপত্তিতে ভাবী অন্ধ্রেরংপাদনসামর্থ্যটা আপাদক এবং আগামী অন্ধ্রুরকারিত্ব আপাত্ত হইরাছে। সামর্থ্য ও কারিত্বে ভেদ না থাকার উক্ত প্রকারে আপত্তি সম্থাপিত হইতে পারে না। অনুমানে যেমন সাধ্য ও সাধনের ভেদ আবশ্রুক হর, আপত্তিতেও তেমন আপাদক এবং আপাত্যের ভেদ থাকা আবশ্রুক।

দামর্থ্য ও কারিত্ব যে একই বস্তুর বিভিন্ন নামমাত্র, তাহা আমরা একটু অমুসন্ধান করিলেই ব্ঝিতে পারি। সামর্থ্যটাকে কারণত্ব এবং যোগ্যতা এই তুই প্রকারে নির্ম্কান করা যাইতে পারে। ফলের অব্যবহিত পূর্বক্ষণের সহিত যে সম্বন্ধ তাহারই নাম কারণত্ব বা ফলোগধান। যোগ্যতা তুই প্রকার — সহকারি-যোগ্যতা এবং স্বন্ধপ্রযোগ্যতা। সহকারীর সম্ব্ধান্বশে যে অব্যুক্তলোৎপাদন, তাহারই নাম হইতেছে সহকারিযোগ্যতা। কারণতাবচ্ছেদক ধর্ম বা সহকারিবিরহ-প্রযুক্ত ফলাভাববত্ত্বই স্বন্ধপ্রোগ্যতা হইবে।

কারিত্ব বলিতেও ঐ কারণতা বা যোগ্যতাই লোকে ব্রিন। থাকে। এই কারণতা বা যোগ্যতাকে বাদ দিরা অন্যপ্রকারে কারিত্বের নির্বাচন সম্ভব হইবে না। বৌদ্ধগণ "ফলাব্যবহিত পূর্ব্বিক্ষণসম্বদ্ধ"রূপ যে কারণত্ব, তাহাকেই সামর্থ্য বা কারিত্ব বলিবেন। সহকারীর অপেক্ষা স্বীকৃত না থাকার যোগ্যতাকে তাঁহারা সামর্থ্য বা কারিত্ব বলিতে পারেন না। স্থতরাং, এক্ষণে ইহা বেশ বুঝিতে পারা গেল যে, আপাত্ম ও আপাদক এক হইরা যাওয়ায় বৌদ্ধগণ পূর্ব্বোক্তপ্রকারে আপত্তির সমুখাপন করিয়া হিরত্ববাদে বীজাদি বস্তুতে অতীতাদি ফলজননসামর্থ্যের অভাবকে প্রমাণিত করিতে পারেন না। তাহা না হইলে আর সামর্থ্যাসামর্থ্যক্রপ বিরুদ্ধ-ধর্মের আপত্তিমূলে সদ্বস্তুর ক্ষণিকত্বস্থভাবতাও প্রমাণিত হইবে না।

ইহার উত্তরে বৌদ্ধগণ বলিবেন যে, ব্যাবৃত্তির ভেদ থাকায় প্রদর্শিত আপাছা-পাদকভাবে কোনও দোষ নাই। অসামর্থ্যের যে ব্যাবৃত্তি, তাহাই প্রকৃতস্থলে সামর্থ্য এবং অকারিত্বের যে ব্যাবৃত্তি তাহাই কারিছ। এই যে অসামর্থ্যের ব্যাবৃত্তি ও অকারিত্বের ব্যাবৃত্তিদ্বর ইহাদের পরম্পর ভেদ থাকায় সামর্থ্যের দারা কারিছের আপত্তিতে কোন বাধা নাই। ইক্ত সমাধানের বিরুদ্ধে যদি আপত্তি করা যায় যে, এরূপ সমাধান সমীচীন হয় নাই। কারণ, বাহারা ব্যাবর্ত্তা হইবে তাহাদের এক্য মদি কোনও কারণে অমূপপন্ন হয়, তাহা হইলেই তাদৃশ স্থলে ব্যাবৃত্তি পৃথক্ হইয়া থাকে। প্রকৃতস্থলে ব্যাবর্ত্তার এক্য অমূপপন্ন না থাকায় ব্যাবৃত্তির ভেদ প্রমাণিত হইবে না। ব্যাবর্ত্তার এক্য সেই স্থলে অমূপপন্ন হইবে, যে স্থলে একের দ্বারা বাহা পরিগৃহীত অস্তের দ্বারা তাহার পরিত্যক্ত হয়। একের দ্বারা যাহা পরিগৃহীত অস্তের দ্বারা তাহার পরিত্যাগ সাধারণতঃ ছই প্রকারে হইয়া থাকে। প্রথম স্থলে একের দ্বারা বাহাদের পরিগ্রহ অস্তের দ্বারা নির্মতঃ তাহাদের পরিত্যাগ, দ্বিতীয় স্থলে একের দ্বারা যাহাদের গ্রহণ অস্তের দ্বারা তাহাদের কোনও কোনওটীয় পরিত্যাগ হয়। এই যে কোনও কোনওটীর পরিত্যাগ, ইহা একের দ্বারা বা

অঘটব্যাবৃত্তি ও অপটব্যাবৃত্তিরূপ যে ব্যাবৃত্তিয়র ইহার। পরম্পর পৃথক্ হইবে।
কারণ, উক্ত স্থলে ব্যাবর্ত্তাগুলি পৃথক্ পৃথক্ হইয়াছে। ঐ স্থলে অপটব্যাবৃত্তিমন্দ্রন্দে গৃহীত যে পটাত্মক বস্তু, তাহা অঘটব্যাবৃত্তিমন্ত্রনেপে আদৌ গৃহীতই হয় না। স্থতরাং, একের দ্বারা যাহাদের গ্রহণ অন্তের দ্বারা তাহাদের নিরমতঃ পরিত্যাগ হওয়ার, ব্যাবর্ত্তা যে অঘট ও অপট ইহারা ভিন্ন হইয়াছে। এই প্রকারে ব্যাবর্ত্তা ভিন্ন হওয়াতেই উক্ত স্থলে ব্যাবৃত্তিদ্বয়ও ভিন্নই হইয়া গিয়াছে। এই-রূপ স্থলে ধর্মাহয় পরম্পর পরম্পরের বিরুদ্ধ হওয়ায় একের দ্বারা অপরের অমুমিতি হয় না। পটবটী ঘটবের বিরুদ্ধ এবং ঘটবটী পটবের বিরুদ্ধ হওয়ায় উহাদের একটা যে অপরটীর অনুমাপক হয় না, ইহা আমরা সকলেই জ্ঞানি।

অভূতব্যাবৃত্তি ও অমূর্তব্যাবৃত্তিরূপ যে ব্যাবৃত্তিরয়, ইহারাও পরম্পর পৃথক্
হইবে। কারণ, অভূতব্যাবৃত্তিমন্তরূপে গৃহীত যে পৃথিবী, জল, তেল্ল, বায়ু ও
আকাশ এই পাঁচপ্রকার পদার্থ, ইহাদের অন্তর্গত আকাশটা অমূর্তব্যাবৃত্তিমন্তরূপে
সংগৃহীত হয় না। এইরূপ অমূর্তব্যাবৃত্তিমন্তরূপে সংগৃহীত যে ক্ষিতি, জল,
তেল্ল, বায়ু ও মন এই পাঁচপ্রকার পদার্থ, তাহাদের মধ্যে মন অভূতব্যাবৃত্তিমন্তরূপে গৃহীত হয় না। স্কতরাং, ব্যাবর্ত্তা যে অভূত ও অমূর্ত্ত ইহারা
ভিন্ন হয়। এইরূপ স্থলেও একের দ্বারা অল্পের অনুমান হয় না। কারণ, উহারা
পরম্পরে পরম্পরের ব্যভিচারী হইয়া গিয়াছে।

অবৃক্ষ-ব্যাবৃত্তি ও অশিংশপা-ব্যাবৃত্তিরূপ যে ব্যাবৃত্তিদর ইহারাও পরস্পার ভিন্ন হইবে। কারণ, উক্ত স্থলে অরুজ-ব্যাবুতিমত্বরূপে যাহার। সংগৃহীত আছে, তাহাদের মধ্যে অশ্বর্থ বা বটাদি বৃক্ষগুলি অশিংশপা-ব্যাবৃত্তিমত্ত্বের দ্বারা সংগৃহীত হয় না। স্ত্রাং, একের দারা যাহা সংগৃহীত আছে, অন্সের দারা তাহাদের কোনটার পরিত্যাগ হওয়ার উক্ত স্থলে ব্যাবর্ত্ত্য যে অবৃক্ষ ও অশিংশপা তাহারা ভিন হইনা গিনাছে। এজন্ম, ঐ স্থলেও ব্যাবৃত্তি ভিন্নই হইল। পূর্মের স্থল ছইটী হইতে এই স্থলটীর একটু বিশেষ আছে। প্রথম স্থলে একের দ্বারা যাহারা সংগৃহীত তাহাদের একটারও অন্তের দ্বারা সংগ্রহ হর নাই, দ্বিতীয় স্থলে একের দ্বারা যাহারা সংগৃহীত, তাহাদের মধ্যে কোন কোনটা অন্সের দারা সংগৃহীত হয় নাই। তৃতীয় স্থলে একের দারা সংগৃহীত সবগুলির অন্তের দারা সংগ্রহ হয় নাই ; কিন্তু অন্তের দারা সংগৃহীত সবগুলিই একের দারা সংগৃহীত হইরা গিয়াছে। অবৃক্ষ-ব্যাবৃত্তিমত্ত্বের দ্বারা বাহারা সংগৃহীত তাহারা সকলে অশিংশপা-ব্যাবৃত্তিমত্ত্বের দ্বারা সংগৃহীত না হইলেও অশিংশপা-ব্যাবৃত্তিমত্ত্বের দারা যাহারা সংগৃহীত, তাহারা <mark>সকলেই কিন্তু অনুদ্ধ-ব্যাবৃত্তিমত্ত্বের দ্বারা সংগৃহীত হইয়া গিয়াছে। স্কুতরাং, প্রথম</mark> এবং দ্বিতীয় স্থল হইতে তৃতীয় স্থলটী অন্মপ্রকার হইরাছে। এইরূপ স্থলেই অন্মটী একটীর অনুমাপক হয়; কিন্তু একটী অন্তটীর অনুমাপক হয় না। শিংশপাস্থই বৃক্ষত্বের অনুমাপক হয়, কিন্তু বৃক্ষত্বটী শিংশপাত্বের অনুমাপক হর্ম না।

এই যে তিনপ্রকার ব্যাবর্ত্তাভেদের কথা বলা হইল, সামর্য্য ও কারিজেরস্থলে •
ইহাদের কোনও প্রকারটীই সম্ভব না হওরায় উক্ত স্থলে ব্যাবর্ত্তার ভেদ
প্রমাণিত হইবে না; স্মতরাং ব্যাবৃত্তিও ভিন্ন হইবে না। এইরূপ হইলে সামর্য্য ও
কারিজ অভিন্নই হইয়া যাইবে। অভেদে সাধ্যহেতু-ভাব বা আপাতাপাদক-ভাব
না থাকায় সামর্য্যের দ্বারা যে কারিজের আপাদন করা হইয়াছে, তাহা নির্দ্মুলই
হইয়া গেল।

শার্ম্য ও কারিত্বের স্থলে যে ব্যাবর্জ্যভেদক প্রকারগুলি সম্ভব হয় না তাহা
আমরা অনামাসেই ব্রিতে পারি। কারণ, অসামর্য্য-ব্যাবৃত্তিমন্ত্বরূপে যাহা যাহা
গৃহীত হয়, তাহার সব গুলিই অকারি-ব্যাবৃত্তিমন্ত্বের দারা সংগৃহীত এবং অকার্থিরব্যাবৃত্তিমন্তরূপে যাহা যাহা সংগৃহীত হয়, তাহার সবগুলিই আবার অসমর্থব্যাবৃত্তিমন্ত্বের দারা সংগৃহীত হয়া যায়। স্কুতরাং, একের দারা গৃহীতের অন্যের

দারা পরিত্যাগ বা অন্তের দারা সংগৃহীতের একের দারা পরিত্যাগ হইল না। তাহা না হইলে আর পূর্ব্বোক্ত প্রকারগুলি সম্ভব হইল না।

উক্ত পূর্ব্বপক্ষের উত্তরে ক্ষণিকহ্বাদীরা অবশুই প্রথমতঃ বলিবেন বে, পূর্ববিদ্ধী নিজেই বাহা মানেন না, তাহাকে অবলম্বন করিরাই তিনি বাবর্ত্তালিদের দ্বারা ব্যার্ভি-ভেদের কথা বলিরাছেন। স্থতরাং, স্বসিদ্ধান্তের বিরুদ্ধবাদী পূর্ববিদ্ধীকে আমরা সমর্থন করিতে পারি না। পূর্ববিদ্ধী প্রমেরহের দারা বাচাহের অনুমান করিয়া থাকেন। অথচ, তাঁহার কথিত প্রণালীতে প্রমেরহ ও বাচাদের ভেদে প্রমাণিত হয় না। উক্ত হলে অপ্রমের-বাার্ভি ও অবাচ্যার্ভিরুপ বে বাার্ভিদ্বর তাহাদের ভেদের নিয়ামক বে একের দারা সংগৃহীতের অন্তের দারা পরিত্যাগ, তাহা সম্ভব হয় না। অপ্রমের-বাার্ভিমত্তরকে বাহা বাহা সংগৃহীত হয় তাহার সবগুলিই অবাচ্য-বাার্ভিমত্তের দারা পরিত্যাগ স্বগুলিই অবাচ্য-বাার্ভিমত্তের দারা মংগৃহীত হয় তাহার সবগুলিই আবার অপ্রমের-বাার্ভিমত্তর দারা সংগৃহীত হয় যায়। স্থতরাং, ব্যাবর্ত্তাদের ভেদও প্রমাণিত হইলে না। অভএব, উক্ত ব্যাবৃত্তিদ্বরের ভেদও প্রমাণিত হইবে না। এইপ্রকার অবস্থামুও পূর্ববিদ্ধী প্রমেরহের দারা বাচ্যত্বের অনুমান করিয়া থাকেন। আর, অপ্রমের এবং অবাচ্য প্রসিদ্ধ না থাকায় উক্ত ব্যাবৃত্তিই তাঁহার মতে প্রসিদ্ধ হইবে না।

একের দারা যাহাদের গ্রহণ হয় তাহাদের সকলগুলি অন্তের দারা পরিত্যুক্ত

হইলে পরম্পর বিরোধ থাকার সেই হলে সাধ্যসাধনভাব থাকে না বলিয়া বে
পূর্ব্বপক্ষী বলিয়াছেন, তাহাও সঙ্গত হয় নাই। কারণ, পূর্ব্বপক্ষী ধ্নের দারা
বিহ্নির অনুমান স্বীকার করিয়াছেন; অথচ বহ্নিপদে যাহা গৃহীত হয় তাহার
কোনটাই ধ্ম-পদে গৃহীত হয় না। বহ্নি একপ্রকার পদার্থ, ধ্ম অন্তপ্রকার
পদার্থ। স্থতরাং, সামর্থ্যের দারা কারিছের আপত্তিতে পূর্ব্বপক্ষী যে দোর
প্রদর্শন করিয়াছেন তাহা সমীচীন হয় নাই।

আর, সামর্থ্যকে আপাদক না করিয়াও কারিত্বের আপত্তি প্রদর্শিত হইতে পারে। "যদি সমর্থত্বেন ব্যবহার্য্যঃ স্থাৎ কারী স্থাৎ" এইপ্রকারে সমর্থব্যবহার-গোচরত্বকে আপাদক করিয়া কারিত্বের আপত্তি করিলে আর আপাত্যাপাদকের উক্যের কথাই উঠে না। সামর্থ্য এবং কারিত্ব ইহারা যদিও অভিন্ন বলিয়া আশস্কিত হইতে পারে, তথাপি সমর্থ-ব্যবহারগোচর ও কারি ইহারা অভিন বিনিয়া আশস্কিত হইতে পারে না। জ্ঞানীর পদার্থ যে বিষয়ত্ব, তাহা জ্ঞান-নিরপেক্ষ যে কারিহাদি পদার্থ তাহার সহিত একীভূত হইতে পারে না। স্কুতরাং, উক্ত প্রকার কুদ্র দোবের উদ্ভাবন করিয়া পূর্ব্বপক্ষী নিজের অজ্ঞতারই পরিচয় দিয়াছেন; ক্ষণিক হ্বাদের কোনও হানি করিতে পারেন নাই।

শ্বদ্ যদা বংসমর্থব্যবহারগোচরঃ তত্তদা তৎকারি, যথা সামগ্রা" এইরপ ব্যাপ্তি
শ্বে "বস্তু যদি বর্ত্তমানক্ষণেহপি অতীতকার্য্যসমর্থব্যবহারগোচরঃ স্থাৎ তদা
বর্ত্তমানেহপি অতীতকার্য্যকারি স্থাৎ" এই আকারে ক্ষণিকত্ববাদীরা প্রসঙ্গাত্মমানের
সমুখাপন করিয়াছেন। ইহার বিরুদ্ধে যদি নিম্নোক্তপ্রকারে দোষের সমুদ্ধাবন
করা যায় যে, যদিও উক্ত স্থলে সমর্থ-ব্যবহারগোচরত্বরূপ আপাদক ও কারিত্বরূপ
আপাত্মের মধ্যে অভেদ নাই ইহা সত্য; তথাপি সমর্থ-ব্যবহারগোচরত্বটী বে
কারিত্বের প্রতি ব্যভিচারী হইরা গিরাছে, ইহা অনায়াসেই ব্রুম যার। কারণ,
কুশ্বস্থ বীস্তেও অন্ধ্রজননসামর্থ্য আছে বলিরাই লোকেরা ব্যবহার করেন;
অধচ, তাহাতে তৎকালে অন্ধ্রকারিত্বটী থাকে না।

তাহা হইলেও উত্তরে ক্ষণিকত্ববাদিগণ বলিবেন যে ন্তির্ত্ববাদীরা তাঁহাদের অভিপ্রায় ব্ঝিতে পারেন নাই বলিরাই প্রদর্শিত প্রকারে ব্যভিচারের উদ্ভাবন করিয়াছেন। কিন্তু, বাস্তবিকপক্ষে তাঁহাদের অভিপ্রেত আপাদকে আপাদ্ধের ব্যভিচার নাই। কুশ্লন্থ বীব্দে যে অন্ত্র্রন্ত্রন্ত্রন্ত্রামার্ত্রের ব্যবহার হয়, তাহা মুখ্য ব্যবহার নহে; পরস্তু, উহা গৌণ ব্যবহার। মুখ্য যে সমর্থ-ব্যবহার, ত্রিষম্বকেই কারিত্রের আপাদক করা হইয়াছে, ব্যবহারমাত্রকে নহে। স্প্তরাং, যাহাতে কারিত্র নাই তাহাতে মুখ্যভাবে সমর্থ-ব্যবহারগোচরত্ব না থাকার প্রদর্শিত আপত্তির আপাদকটী ব্যভিচারদোবে গ্রন্থ হয় নাই।

এই যে কুশ্লন্থ বীজে মুখ্যভাবে সমর্থ-ব্যবহারগোচরত্ব নাই বলিয়া সিদ্ধান্ত করা হইল, ইহার বিরুদ্ধে স্থিরত্ববাদী যদি বলেন যে, উক্ত প্রকারে আপাদকটীকে নিশ্চিতভাবে ব্যভিচাররহিত বলা যার না। কারণ, কুশ্লন্থ বীজেও মুখ্য-সমর্থ-ব্যবহারগোচরত্বটী সন্দিশ্বই আছে। কুশ্লন্থ বীজে মুখ্য-সমর্থ-ব্যবহারগোচরত্ব থাকার বিরুদ্ধে কোনও প্রমাণ নাই এবং বীজত্বাদিরূপ যে সাধারণধর্ম, তাহা উক্ত বীজেও আছে। এজগুই সন্দিশ্ব ব্যভিচারী ঐ যে মুখ্য-সমর্থ-ব্যবহারগোচরত্ব,

তাহা কারিত্বের আপাদন করিতে পারে না। তাহা হইলেও উত্তরে ক্ষণিকত্ব-বাদী ব্লিবেন বে, তাঁহাদের আপাদকটা সন্দিংভাবেও আপাছের ব্যভিচারী হয় নাই। কারণ, কুশূলস্থ বীজাদিতে উহার থাকার বিরুদ্ধেই প্রমাণ বিভ্যমান আছে। আমরা যে বস্তবিশেষে কার্যাবিশেষের সামর্থ্য আছে বলিয়া মনে করি বা তাদশ সামর্থ্যবিশেষের ব্যবহার করি তাহা নির্নিমিত্ত নহে। তাহা হইলে বটবীজকেও আমরা পনসাস্কুরের সমর্থ বলিয়া মনে করিতাম ও তদক্ররূপ বাবহার করিতাম। এজন্ত, ইহা বুঝা যাইতেছে যে, নিমিত্তবিশেষবশতঃই আমরা বস্তুবিশেষে কার্য্যবিশেষের সামর্থ্য আছে বলিয়া মনে করি ও তদমুসারে ব্যবহার করিয়া থাকি। কার্য্যবিশেষের জননই ঐ প্রকার মনে করিবার বা ব্যবহার করিবার হেতু। ঐ জ্বনন যে বস্তুতে যথন দেখা যাইবে না, তথন আমরা পেই বস্তুকে সেই কার্য্যের সমর্থ বলিয়া মনে করি না এবং তদমুদ্ধপ ব্যবহারও করি না। জ্বনন বা উৎপাদকে অবলম্বন করিয়া বে সামর্থ্যের ব্যবহার হয়, ইহা সামগ্রী হলে বাদী ও প্রতিবাদীর সম্মতই আছে। "যত্র যদা সামর্থ্যবাহারঃ তত্র তদা তৎকার্যাজননম্" এইপ্রকার নিয়ম সামগ্রারণ দৃষ্টান্তে সিদ্ধই আছে। স্কুতরাং, কুশুলস্থ বীজাদিতে মুখ্যভাবে অঙ্কুরসামর্থ্যের ব্যবহার সম্ভব নহে। যদি জননকে বাদ দিয়াও সামর্থ্যের ব্যবহার হয় তাহা হইলে "বটবীজেও প্নসাঙ্গুরসামর্থ্যের ব্যবহার হউক" এইপ্রকার আপত্তির দারা কুশ্লস্থ বীজে সামর্থ্যব্যবহার নিষিদ্ধ থাকায়, উহাতে আর সামর্থ্যব্যবহারের মুখ্যত্ব সন্দি<mark>গ্</mark>ধ হইতে পারে না। অতএব, বিপক্ষে বাধকতর্ক থাকায় মুখ্য-সমর্থ-ব্যবহার-গোচর হকে আর কারিত্বের প্রতি সন্দিশ্বব্যতিরেকী বলা যায় না।

এক্ষণে যদি পূর্ব্রপক্ষী নিম্নোক্ত নির্মে সামর্থ্যব্যহারের মুখ্যত্বকে নির্মন্তিত করিতে চাহেন যে, "যত্র যদা সামর্থাব্যবহারঃ তত্র তদা সহকারিসাকল্যম্", তাহা হুইলেও ক্ষণিক রবাদী বলিবেন যে, উহার দ্বারা কুশুলন্থ বীজে সামর্থ্যব্যহারের মুখ্য র প্রমাণিত হুইবে না। কারণ, কুশুলন্থতাকালীন যে বীজগুলি, তাহারা নিজ নিজ সহকারীর দ্বারা তৎকালে যুক্ত হয় নাই। আর, যদি তিনি এইপ্রকার বলেন যে, সহকারীর সাকল্য সমর্থব্যবহারের নিরামক নহে; পরস্ক, সহকারিবিরহপ্রযুক্ত যে কার্য্যের অনুৎপাদ তাহাই মুখ্যভাবে সামর্থ্যব্যহারের নিরামক। কুশুলন্থতাকালেও বীজগুলিতে সহকারিবিরহপ্রযুক্ত যে কার্য্যের, অর্থাৎ

অন্ধুরের অন্ধুৎপাদ, তাহা আছে। স্থতরাং, উহাতেও সামর্থ্যব্যবহার মুখ্যই হইবে।
এইরপ হইলে সামর্থ্যবহারগোচর হটা কারিত্রের প্রতি ব্যভিচারী হওয়ার "বহু
ইদানীমপি যদি আগামিকার্য্যানুক্লসামর্থ্যব্যবহারগোচরঃ স্থাৎ, তদা ইদানীমপি আগামিকার্য্যকারি স্থাৎ" এই প্রকারে আপত্তির সমুখাপন করিতে পারিবেন
না। আর, তাহা না হইলে অর্থক্রিয়াকারিহের ফণিকত্বত্বভাবকতা প্রমাণিত
হইল না। অতএব, বৌদ্ধগণ আর "পটঃ ফণিকঃ অর্থক্রিয়াকারিবাৎ অন্ত্যশক্ষবৎ"
এই আকারে পরার্থানুমানের প্রয়োগে বস্তুর ক্ষণিক হও সাধন করিতে পারিলেন না।

তাহা হইলেও উত্তরে বৌদ্ধগণ বলিবেন যে তাঁহাদের পূর্ব্বপক্ষী অকারণ উল্লিসিত হইয়াছেন। কারণ, সহকারিবিরহপ্রযুক্ত কার্য্যের অন্তৎপাদকে সামর্থ্যব্যবহারের নিয়ামক বলিলে কার্য্যোৎপাদকালে আর সামর্থ্যব্যহার সম্ভব হইবে
না। সামর্থ্যব্যহারের ব্যাপক যে কার্য্যান্তংপাদ, তাহা তৎকালে নাই। অতএব,
ফ্রিবছবাদী ইহা কথনই বলিতে পারেন না যে, সহকারিবিরহপ্রযুক্ত যে কার্য্যাত্তৎপাদ তাহা সামর্থ্যবাবহারের প্রতি নিয়ামক।

পূর্ব্বোক্ত দোষের সমাধান করিতে গিন্না পূর্ব্বপক্ষী যদি বলেন যে, সহকারিবৈকল্যপ্রযুক্ত যে কার্য্যের অন্যুংপাদ, তাহা সামর্থাব্যবহারের নিরামক নহে; পরন্তু, "যদ্ধাবিশিষ্টটী সহকারীর বৈকল্যে কার্য্যের সমুংপাদন করে না, তদ্ধাবত্ত্ব"ই সামর্থ্যব্যবহারের প্রয়োজক হইবে। এক্ষণে আর কার্য্যের অন্যুংপাদকে সামর্থ্যব্যবহারের প্রয়োজক হইবে। এক্ষণে আর কার্য্যের অন্যুংপাদকে সামর্থ্যব্যবহারের নিরামক বলা হইল না। পরন্তু, সেই ধর্ম্মটীকেই সামর্থ্যব্যবহারের প্রতি নিরামক বলা হইল, যে ধর্ম্মের দ্বারা বিশিষ্ট হইরা বস্তুটী সহকারীর অসমবর্ধানে বা বিকলতার কার্য্যের সমুংপাদন করে না। বীজত্ত্বরূপ ধর্ম্মের দ্বারা বিশিষ্ট যে বীজবন্তুদী, তাহা সহকারী যে ক্ষেত্র বা জলসিঞ্চনাদি, তাহাদের অসমবর্ধানে অন্ধুররূপ নিজকার্য্যের সমুংপাদন করে না। সেই যে বীজব্যুরূপ ধর্ম্মটী, তাহা কুশুলম্ব বীজেও আছে, ক্ষেত্রম্থ বীজেও আছে। স্মৃতরাং, এই উভর বীজে মুখ্যভাবেই সামর্থ্যব্যবহার হইবে। স্মৃতরাং, ইহা বেশ ব্যা যাইতেছে যে প্রদর্শিত প্রণালীতে সামর্থ্যব্যবহারের নিরামকের কল্পনা হইলে আর কোনও দোষ হইল না। আর এইরূপ হইলে মুখ্য যে সামর্থ্যব্যবহার তদ্গোচরত্বকে কারিব্যের প্রতি ব্যাপ্য বলা যাইবে না। কারণ, কারিভাটী নাই এমন যে কুশুলম্ব বীজ, তাহাতেও সামর্থ্যবহাররগাঁচরভূটী থাকার উহা কারিব্যের ব্যভিচারী হইয়া গেল। অতএব,

"বস্তু ইগানীমণি বদি আগামিকার্যান্তকূলনামর্থ্যবহারগোচরঃ স্থাৎ তদা ইদানামণি আগামিণার্থ্যং কুর্য্যাৎ" এইপ্রকারে আর আপত্তির সমুখাপনের সম্ভাবনা থাকিল না। এইভাবে আপত্তির সমুখাপন না হইলে আর সামর্থ্যান্দ লামর্থ্যক্রপ বিরুদ্ধধর্মের আপত্তি ভিরপক্ষে সম্ভব হইবে না। আর তাহা না হইলে আ ক্রিয়াকারি থকে ক্ষণিক প্রভাবক বলিয়া প্রমাণিত করা যাইবে না। একন্ত বৌদ্ধগণ "পটঃ ক্ষণিকঃ অথক্রিয়াকারিত্বাৎ, অস্ত্যশক্ষবৎ" এইভাবে স্কলবহত্তক অনুমানের দ্বারা পটাদি বস্তুর ক্ষণিকছকে প্রমাণিত করিতে পারিলেন না।

তাহা হইলেও উত্তরে বৌদ্ধগণ বলিবেন যে, পূর্ব্ধপক্ষীর সিদ্ধান্ত সমীচীন হয় নাই। কারণ, উক্ত প্রকারে সামর্থ্যব্যহারের নিয়মকত্বের কয়না করিলে বটবীজে পনসাস্ক্রসাম গ্রব্যবহারের আপত্তি ছনিবার হইয়া যাইবে। কারণ, বীজত্বরূপ ধর্মবিশিষ্ট যে বটবীজ্ঞটী তাহাও সহকারীর বৈকল্যে পনসাস্ক্ররূপ কার্য্যের সমুৎপাদন করে না এবং ঐ বীজ্জ্বরূপ ধর্ম্মটী উহাতে বিভাষান আছে।

উক্ত দোষের সমাধানে যদি খিরত্ববাদী বলেন যে, যদ্ধানিশিষ্ট হইয়া বস্তুটী যে-কালে যে-কার্য্যন্ন করে না, তাহার সেই কার্য্য না করার প্রতি যদি সহকারীর বৈকল্য বা অসমবর্থান প্রয়োজক হয় তাহা হইলেই সেই ধর্মটীকে আমরা সেই কার্য্যান্নকৃল যে সামণ্য তাহার ব্যবহারের প্রতি নিয়ামক বলিব, অগ্রথা নহে। বীজ্বরূপ ধর্মবিশিষ্ট বস্তুটী কুশ্লস্থিতিকালে যে অঙ্কুররূপ কার্য্যের উৎপাদন করে না, সহকারীর বৈকল্যই তাহার প্রতি প্রয়োজক। অতএব, ঐ যে বীজ্বত্বন্ধ রাত্মক কার্য্যান্নকৃল সামার্থ্যের ব্যবহারের প্রতি নিয়ামক হইবে। কুশ্লভিতিকালেও ঐ বীজ্বত্ব ধর্মটী বীজে থাকার কুশ্লভ বীজেও অজ্বরান্নকৃলসামর্থ্যের মুখ্যতঃই ব্যবহার হইবে। এক্ষণে আর বটবীজে পনসান্নকৃলসামর্থ্যের মুখ্য ব্যবহারের আপত্তি হইবে না। কারণ, বীজ্বরূপ ধর্মবিশিষ্ট বটবীজ যে পনসাত্মক কার্য্য করে না তাহার প্রতি সহকারীর বৈকল্য নিয়ামকই হয় না। কারণ, সহকারীর সাকল্যস্থলেও বটবীজ হইতে পনসান্ধ্র উৎপন্ন হয় না। কারণ, সহকারীর সাকল্যস্থলেও বটবীজ হইতে পনসান্ধ্র উৎপন্ন হয় না। কারণ, সহকারীর সাকল্যস্থলেও বটবীজ হইতে পনসান্ধ্র উৎপন্ন হয় না। সহকারীর সাকল্য বাহা যে কার্য্য করে তাহার সেই কার্য্য না করার প্রতি সহকারীর বৈকল্যই নিয়ামক হইয়া থাকে।

তাহা হইলেও উত্তরে ক্ষণিকত্ববাদী বলিবেন যে পূর্ব্বপক্ষীর ব্যাখ্যা সমীচীন

ত্য় নাই। কারণ, যদিও বটবীজ কোনকালেই পনসাস্কুরের সমুৎপাদন কবে না ইহা সত্যা, তথাপি বীজ্বরূপধর্মবিশিষ্ট যে প্নস্বীজ্ঞ, তাহা ত সহকারীর <mark>সাকল্যে পনসাস্কুরের সমুৎপাদন করে বলিরা পূর্ব্বপক্ষীও স্বীকার করেন।</mark> এইরূপ হইলে, বীজত্বরূপনর্মবিশিষ্ট প্নস্বীজ বে কৃশ্লস্থিতিকালে প্নসান্ত্র করে না, তাহার প্রতি পূর্ব্বপক্ষীর মতানুদারে সহকারীর বৈকল্য প্রযোজক হইলই এবং ঐ বে নীজতরপ ধর্মটী তাহা পনস্বীজের স্থার বটবীজেও বগাবগই বর্ত্তমান আছে। অতএব, প্নসাশ্রাগুকুল-সামর্থাব্যবহারের নিয়ামক যে বীজ্তরপ ধর্ম, তাহা কটবীজে থাকায় উহাতেও প্রসান্থ্রান্ত্ক্ল-সামর্থ্যব্যবহারের আপত্তি পূর্কের মতই রহিয়া গেল। আর, বৌদ্ধমতে কার্য্যের প্রতি সহকারীর প্রযোজকতা সিদ্ধ না থাকার উক্তমতবাদীরা সহকারীর বৈকলাকে কখনই কার্যানুৎপাদের প্রতি প্রয়োজক বলিয়া স্বীকার করিবেন না। স্থতরাং, পূর্ব্বপক্ষীর কথিত প্রণালীতে সামর্থ্যব্যবহারের নিয়ামক কল্পিত হইতে পারে না।

এই যে অর্থক্রিয়াকারিত্বকে, অর্থাৎ সত্তাকে, হেতু করিয়া পটাদিবস্তর ক্ষণিকত্বে অনুমানের উপস্থাপন করা হইয়াছে, ইহার বিরুদ্ধে যদি আপত্তি করা যায় যে, ক্ষণিবন্যবাদী কথনই উক্ত হেতুর দারা ক্ষণিকত্বের অনুমান করিতে পারে<mark>ন না।</mark> তাঁহাদের মতান্মদারে উক্ত হেতুকে অসিদ্ধ বলিয়া স্বীকার করিতে হয়ৢৢ ; <u>ষতএব, হেতুটী অসিদ্ধ হওরায় উহার বারা পটাদি বস্তুসমৃহের ক্ষণিকত্ব প্রমাণিত</u> ংইতে পারে না। অভিপ্রার এই যে, অর্থক্রিরাকারিত্বরূপ যে সত্তা তাহার মধ্যে আমরা ছুইটী বস্তু পাই। একটা অর্থ ক্রিয়া, অর্থাৎ ফল বা কার্য্য; অন্তটী কারিত্ব বা কারণত্ব। জতএব, বুঝা যাইতেছে যে, কার্য্য ও কারণত্ব এই হুইটী বস্তুর জ্ঞান ইইলে তবে অর্থক্রিয়াকারিত্ব বা সম্ভের জ্ঞান হইতে পারে। যে জ্ঞানের দ্বারা বস্তুবিশেষের কারণভূটী গৃহীত হইবে সেই জ্ঞানের দ্বারা কথনই ঐ কারণের যে কার্যা, তাহার জ্ঞান হইতে পারে না। কারণের উপস্থিতিতে কারণত্ত্বে যে জ্ঞান হইবে, তাহা প্রত্যক্ষাত্মকই হইবে। ঐ বে প্রাত্যক্ষিক কারণের জ্ঞান, তাহাতে কার্য্যের প্রকাশ সম্ভব হটবে না। কারণ, তথনও কার্য্যের উৎপত্তিই হয় নাই। জন্তুংপন্ন বস্তু কংনই প্রত্যক্ষজানে ভাসমান হয় না। অভএব, ইহা বেশ পরিষ্ণারভাবে ব্রা গেল যে, ক্ষণিকত্ববাদে কারণের জ্ঞানে কথনই কার্য্যের

⁽১) নতুচ সাধনমিদম সিদম্। ক্ষণভলসিদিঃ, পৃঃ ২৮।

প্রকাশ হইতে পারে না। কারণের পূর্ববর্তিতে নিয়ম থাকার ক্ষণিকস্ববাদে কারণ ও কার্য্য ইহারা মিলিতভাবে কথনই সমকালীন, অর্থাৎ এককালীন, হইতে পারে না। অতএব, বিভ্যমানমাত্রের গ্রহণকারী বে প্রত্যক্ষজ্ঞান, তাহাতে কার্য্য ও কারণের সমকালে প্রকাশ হইতে পারে না। তুলাযুক্তিতে কার্য্যের ষে প্রত্যক্ষজ্ঞান, তাহাতেও কারণের আলম্বনতা সম্ভব হইবে না। কারণ, পরক্ষণে উৎপন্ন কার্য্যকে আলম্বন করিয়া যে প্রোতাক্ষিক জ্ঞান উৎপন্ন হইল, তাহার উৎপত্তির পূর্বেই কারণ নপ্ত হইয়া গিয়াছে। বিনপ্ত বস্তু কথনও প্রাত্যক্ষিক জ্ঞানে প্রকাশ পায় নাও। পূর্বক্ষণে উৎপন্ন কারণের জ্ঞান এবং তাহার পরক্ষণে উৎপন্ন কার্য্যের জ্ঞান, এই তুইটী জ্ঞানের সমষ্টির দ্বারাও কার্য্য ও কারণ এই উভয়ব্যটিত অর্থ ক্রিয়াকারিত্বের জ্ঞান উপপন্ন হইবে না। কারণ, ক্ষণিক হ্বাদে তুইটী জ্ঞানের সমকালে মিলনই সম্ভব হয় না। আর, তুইটী জ্ঞানের কোনটীর দ্বারাই কার্য্য ও কারণ এই উভঃরব প্রকাশ না হওয়ায় উক্ত জ্ঞানদ্বের সমষ্টির দ্বারাও উভয়ের প্রকাশ উপপন্ন হইবে না।

যদি বলা যায় বে, প্র্কালয়য়পে গৃহীত যে প্র্কোৎপন্ন কারণের জ্ঞান এবং উত্তরকালীনিজয়পে গৃহীত যে পরবর্ত্তী কার্য্যের জ্ঞান, এই ছুইটী জ্ঞান ক্রমিক উৎপন্ন হইয়া গেলে, পরে তৃতীয় আর একটা বিকয়জ্ঞান হয় যাহাতে একের কার্য্য ও অপরের কারণয় প্রকাশ পায়। এই যে তৃতীয় বিকয়বিজ্ঞান ইহায় ঘারাই সত্র বা অর্থক্রিয়াকারিজের সিদ্ধি হইয়া গেল। অতএব, ক্ষণিকত্ববাদী হইলেও আমাদের মতে অর্থক্রিয়াকারিজের অপ্রসিদ্ধি নাই। তাহা হইলেও হিরম্ববাদী বলিবেন যে ক্ষণিকত্ববাদে কথনও উক্ত প্রকারে বিকয় বিজ্ঞানের সমুৎপত্তি সন্তব হইবে না। পূর্ব্বোৎপন্ন জ্ঞানদ্বরের জ্ঞাতা বলিয়া স্থির যদি কোনও বস্তু থাকে তাহা হইলেই পূর্ব্বপক্ষীর কথা অনুসারে তৃতীয় বিকয়-বিজ্ঞান হইতে পারেও। প্রথমে যিনি একটীকে পূর্ব্ববর্তী বলিয়া বৃরিয়া

⁽১) ন হি কারণবৃদ্ধা কার্যাং গৃহতে। তস ভাবিতাং। ন চ কার্য্যবৃদ্ধা কারণন্। তস্তাতীতবাং। ন চ বর্ত্তমানগ্রাহিণা জ্ঞানেন অতীতানাগতয়োগ্রহণমতিপ্রসঞ্চাং। কণভক্সিদিন্ধিঃ, পৃঃ ২৮।

⁽২) ন চ পুর্বোত্তরকালয়োরেকপ্রতিসন্ধান্তান্তি ক্ষণভদ্গভদ্গপ্রসন্ধাং।....একস্ত প্রতিসন্ধাতুরভাবে পূর্বাপারগ্রহণয়োরযোগাং বিকল্পবাসনায়া এবাভাবাং। ঐ, পৃঃ ২৮-২৯

ছিলেন, তিনিই পরে অন্তর্গীকে পরবর্ত্তী বলিয়া ব্ঝিলেন। স্থতরাং, একণে তৃতীয়বারে তিনি একটাকে কারণ ও অন্তর্গীকে কার্য্য বলিয়া কলনা করিতে পারেন। কারণ, পূর্বজ্ঞানত্ব সংস্কার তাঁহার আছে। কিন্তু, যে মতে দির কোনও জ্ঞাতা স্বীকৃত হয় নাই, সেই মতে সংস্কারী কেহ না থাকায় এ প্রকার বিকল্পবিজ্ঞান হইতে পারে না।

তাহা হইলেও উত্তরে ক্ষণিকত্বাদী বলিবেন যে, পূর্ব্বপক্ষী পূর্ব্ব হইতেই জ্ঞাতার খিরত্বের সংস্থারে মুগ্ধ হইরা রহিরাছেন। স্থতরাং, তিনি মনে করিতেছেন ৰে ক্ষণিকত্ববাদে কাৰ্য্যকারণভাবের জ্ঞান অসম্ভব। নিরপেক্ষ থাকিলে তিনি নিজেই প্রকারান্তর আশ্রর করিতেন। কার্য্যকারণভাবের জ্ঞান হয় ইহা আমরা <mark>সকলেই স্বীকার করি। এক্ষণে দেখিতে হইবে যে ইহা কেমন করিয়া সম্ভব হয়।</mark> <mark>জ্ঞাতাকে স্থির বলিয়া স্বীকার করিলে অবগ্</mark>যই পূর্ব্বপক্ষী য'হা বলিয়াছেন, তাহাতেও <mark>কার্য্যকারণভাবের জ্ঞান ব্যাখ্যাত হইতে পারে। কিন্তু, জ্ঞাতার হিরম্ব</mark> প্র<mark>থাণিত না থাকিলে</mark> ঐ প্রণালী গৃহীত হইবে না। কার্য্যকারণভাব-জ্ঞানের <mark>অন্তথানুপপত্তিমূলেও জ্ঞাতা</mark>র স্থিরহকে সর্ববাদীর সম্মত করাইতে পারা যাই**বে** না। কারণ, অন্তপ্রকারেও কার্য্যকারণভাবের জ্ঞানকে উপপানে করা যায়। আমরা যে মতেই বিশ্বাসী হই না কেন, কার্য্যকারণভাবের জ্ঞান যে আমাদের হয়, ইহা নিঃসন্দিশ্ধ। প্রিরন্ববাদীরই উহা হয়, ক্ষণিকত্ববাদীর হয় না, অথবা ক্ষণিকত্ব-বাদীরই উহা হয়, স্থিরত্ববাদীর হয় না, ইহা নহে। স্থতরাং, সর্বপ্রকার মতের বাহিরে থাকিয়া দেখিতে হইবে বে, উহার ব্যাখ্যা হয় কিনা। প্রথমে কারণরপ বস্তুর জ্ঞান প্রত্যক্ষতঃ হইয়া গেলে পরে যে কার্য্যের জ্ঞান হয়, তাহা বিশিষ্ট <mark>সামর্থ্য লইরাই হইরা থাকে। এই ছইটা প্রত্যক্ষ জ্ঞান হইরা গেলে, পরে</mark> "কারণটী থাকিলে কার্যাটী থাকে" এই আকারে এইটা বিকল্পপ্রতীতি হয়। এই বে বিকল্পপ্রতীতিটা ইহাই কার্য্য ও কারণের সম্বন্ধে অন্বর্জ্ঞান'। এইরূপ কারণের অভাব গৃহীত হইলে, অর্থাৎ কারণকে অপেক্ষা করিয়া কেবল ভূতলাদি অধিকরণের জ্ঞান হইয়া গেলে, পরে নে কার্য্যাভাবের জ্ঞান হয়, অর্থাৎ কার্য্যকে অপেক্ষা করিয়া কেবল ভূতলাদি অধিকরণের জ্ঞান হয়, তাহাও বিশিষ্ট

১। তণাহি কারণজ্ঞানোপাদেয়ভূতেন কার্যগ্রাহিণ। জ্ঞানেন তদপিতসংস্কারগর্ভেণ অস্থ ভাবে অন্ত ভাব ইতি অন্নয়নিশ্চয়ো জন্মতে। ক্ষণভক্ষসিদ্ধিঃ, পৃঃ ৩১।

সামর্থ্য লইরাই সমুৎপন হর। এই ছুইটী জ্ঞান হইরা গেলে পরে "কারণ না থাকিলে কার্য্য থাকে না⁹ এই আকারে একটা বিকলপ্রতীতি হয়। এই বিকলপ্রতীতিকেই কার্য্যকারণের ব্যতিরেক জ্ঞান বলা হয়'। এইভাবে অন্বয় ও ব্যতিরেকের জ্ঞান হইয়া গেলে, পরে "ইহা অমুকের কারণ" অথবা "ইহা অমুক অর্থক্রিয়ার সমর্থ" এই আকারে কারণত্বের বা অর্থক্রিয়াকারিজের বোধ আম'দের হইয়া থাকে। স্থতরাং, ক্ষণিকত্ববাদেও অর্থ ক্রিয়াকারিত বা সত্ত্ব অপ্রসিদ্ধ হইবে না। জ্ঞাতার স্থিরত্ববাদীরা যেমন আত্মগত সংস্কারের কল্পনা করিয়া অস্বয় ও ব্যতিরেকের প্রতিসন্ধানের উপপত্তি করেন এবং আত্মার নিত্যন্থ ও তদুগত সংস্থারের প্রাণ্ডাঙ্গিক জ্ঞান না হইলেও উহার অস্তিত্ব কল্লনা করেন, তেমন ক্ষণিকত্ববাদীরাও পূর্ব্ব পূর্ব্ব জ্ঞানক্ষণগুলিতে পর পর বিকল্পোৎপত্তির সামর্থ্য কল্পনা করিয়া স্থির প্রতিসন্ধাতার অস্বীকারেও পূর্ব্বোক্ত প্রণালীতে জ্ঞানের অন্তর ও ব্যতিরেক উপপাদন করিয়া থাকেন। আত্মার স্থিরত্ব ও সংস্কার প্রত্যক্ষসিদ্ধ না কার্য্যানুরোধে পূর্ব্ব পূর্ব্ব জ্ঞানক্ষণবিশেষে পরবর্ত্তী কার্য্যানুকূল সামর্থ্য বা শক্তির কল্পনা করেন, তাঁহা হইলে তাঁহারা বিশেষ কিছু অস্তায় করিলেন বলিয়া মনে করা বায় না। স্থির জ্ঞাতাকে স্বীকার না করিলেও পূর্ব্বক্ষণবিশেষে সামর্থ্যবিশেষের কল্পনা ও অকল্পনার দ্বারাই ক্ষণিকত্ববাদেও স্মরণ, প্রত্যভিজ্ঞাদির প্রতিনিয়ম উপপন্ন হইয়া যাইবে। স্থতরাং, পূর্ব্বপক্ষী ক্ষণিকত্ববাদের বিরুদ্ধে সত্তের যে অপ্রশিদ্ধি দোধের সমুদ্রাবন করিরাছেন, তাহা নিতাস্তই অকিঞ্চিৎকর।

কেহ কেহ "পটঃ ক্ষণিকঃ সত্ত্বাৎ, অস্ত্যাশক্ষবং"এই অনুমানের বিক্লচ্চে এই প্রকার আপত্তি করেন যে, 'সত্ত্ব' হেতৃর দ্বারা কথনই বস্তুর ক্ষণিকত্ব প্রমাণিত হইতে পারে না। কারণ, ক্ষণিকত্বের প্রতি উহা বিরুদ্ধ। যে হেতৃ যাহার বিরুদ্ধ সে কখনই তাহার জ্ঞাপক বা গমক হইতে পারে না। ইহার অভিপ্রায় এই যে, ক্ষণিক হইলে

>। কারণাপেক্ষয়া ভূতলকৈবলাগ্রাহিজ্ঞানোপাদেয়ভূতেন কার্যাপেক্ষয়া ভূতলকৈবলাগ্রাহিণা জ্ঞানেন তদর্গিতসংস্কারগর্ভেণ অস্থাভাবে অস্থাভাব ইতি ব্যতিরেকনিক্ষয়ে
জন্ততে। কণভদ্যসিদ্ধিঃ, পুঃ ৩১।

[&]quot;একাবসায়সমনস্তরজাতমশুবিজ্ঞানমহয়বিমর্ধমূণাদধাতি।
এবং তদেকবিরহাত্নভবোদ্ভবাশুব্যাবৃত্তধীঃ প্রথয়তি ব্যতিরেকবৃদ্ধিম্। জ্ঞানশ্রীর কারিকা।

তাহা অবশ্রই স্বোৎপত্তির অব্যবহিত পরক্ষণে বিনাশপ্রাপ্ত হইরা যাইবে। যাহা ক্ষণিক বস্তুর কার্য্য বা ফল হইবে, ভাহা অবশ্রুই ঐ ক্ষণিক বস্তুর পরবর্তী হইবে। কারণ, যাহা যাহার পূর্ববর্তী হইবে না ভাহা ভাহারকারণ ই হইবে না। উৎপত্তির পূর্বে ক্ষণিক বস্তুটী না থাকার স্বোৎপত্তিক্ষণে উহা অন্ত কার্য্যের আরম্ভ করিতে পারে না। এই প্রকার স্বোংপত্তির অব্যবহিত পরক্ষণেও উহা কোনও কার্য্যের আরম্ভ করিতে পারিবে না। কারণ, ঐ ক্ষণে উহা নিজে বিনম্ভ হইরা গিরাছে। যাহা কোনও কার্য্যের আরম্ভ করেতে পারিবে না। কারণ, ঐ ক্ষণে উহা নিজে বিনম্ভ হইরা গিরাছে। যাহা কোনও কার্য্যের আরম্ভ করে। ঘটরূপ কার্য্যের সহিত সম্বন্ধ থাকিয়াই কপালকে ঘটাত্মক কার্য্যের আরম্ভ করিতে দেখা যায়। স্কৃতরাং, স্বোংপত্তির অব্যবহিত পরক্ষণে বিনশ্রদ্বস্থতা-প্রাপ্ত কার্য্যের আরম্ভ করিতে দেখা যায়। স্কৃতরাং, স্বোংপত্তির অব্যবহিত পরক্ষণে বিনশ্রদ্বস্থতা-প্রাপ্ত কার্য্যের আরম্ভ করিতে পারিবে না। এইরূপ হইলে ক্ষণিকর ও কারিত পরস্পার বিরুদ্ধই হইরা গেল। স্কৃতরাং, এক্ষণে ইহা বেশ বুঝা গেল যে, অর্বক্রিয়াকারিত্ব বা সন্ত্ব ক্ষণিকত্বের বিরুদ্ধ হওয়ার ঐ সত্তের, অর্থাৎ অর্থক্রিয়াকারিত্বের, দ্বারা কথনই ক্ষণিকত্ব প্রমাণিত হইতে পারে না।

ইহার উত্তরে ক্ষণিকত্বাদী বলিবেন যে, পূর্ব্বপক্ষী যথাযথভাবে তত্ত্বের গ্রহণ করিতে পারেন নাই; তজ্জ্যুই তিনি পূর্ব্বোক্ত প্রকারে বিরোধের অবতারণা করিরাছেন। কার্য্যের সহিত সম্বন্ধ থাকা কারণত্বের নিরামক নহে; পরন্ধ, কার্য্যের প্রতি নিরতপূর্ব্ববিভিত্বই কারণত্বের নিরামক। স্নতরাং, বস্তু ক্ষণিক হইলেও কার্য্যের প্রতি পূর্ব্ববিভিত্বে ভাহার কোনও বাধা নাই। ঘটাদি কার্য্যের হুলে বে কপালাদি কারণের অন্তর বা যোগ উহাতে দেখা যার, তাহার দারা ঘটের কারণীভূত কপাল-বস্তুটীরই যে উহাতে যোগ বা অন্তর হইরাছে, তাহা নির্ণীত হয় না। ঘটের কারণীভূত বে কপালটী তাহা ঘটের উৎপত্তিকালে সমানজাতীর কপালান্তরের উৎপাদনও করে। ঐ যে ঘটের উৎপত্তিকালে উৎপন্ন কপালটী তাহাই ঘটের সহিত সম্বন্ধ থাকে, কারণীভূত কপালটী নহে। স্নতরাং, পূর্ব্বপক্ষী ইহা কথনই বলিতে পারেন না যে, অর্থক্রিয়াকারিত্বরূপ সন্থটী ক্ষণিকত্বের প্রতি বিরুদ্ধ হইয়া গিরাছে।

ক্ষণিকত্ববাদের বিরুদ্ধে যদি এই প্রকার আপত্তি করা যায় বে, ঘটপটাদি পদার্থের বস্তভূত ক্ষণিকত্বই কি ক্ষণিকত্ববাদী প্রমাণিত করিতে চাহেন,

স্বথবা অসম্ভূত ক্ষণিকত্বে তিনি প্রমাণের উপস্থাস করিতেছেন। যদি তিনি অর্থক্রিয়াকারিত্বরূপ হেতুর দারা অসমূত ফণিকত্বের সাধন করেন, তাহা হইলে বস্তুতঃ পদার্থগুলি ফণিক হইবে না। অসভূত সর্পত্তের দ্বারা রজ্জু কথনই সর্প হইরা যার না। আর যদি তিনি অর্থক্রিয়াকারিত্বরূপ হেতুর দ্বারা ঘটপটাদি পদার্থে বস্তুত ক্ষণিকত্বের সাধন করেন, তাহা হইলেও বলা যাইবে যে ক্ষণিকত্ববাদী নিজ সিদ্ধান্তের বিরোধে কথা বলিতেছেন। কারণ, বৌদ্ধ সিদ্ধান্তে কেবল প্রত্যক্ষের বিষয় বে স্বলক্ষণবস্তু তাহারই বস্তুগত্তা স্বীকৃত হইয়াছে। অনুমানের বিষয় বে শামান্তলক্ষণ তাহাকে ঐ সিদ্ধান্তে অলীক বা অসৎ বলিয়াই স্বীকার করা হইশ্বাছে। প্রত্যক্ষের বিষয় যে স্বলক্ষণ, তাহা আপন আকারে আকারিত করিয়া প্রত্যক্ষ ক্রানের স্বষ্টি করে। সেই কারণেই অর্থক্রিয়াকারী বলিয়া প্রত্যক্ষের বিষয় যে 🗢 বলকণ, তাহার বস্তুসতা স্বীকার করা হইরাছে। এই আকার সম্পাদনের নিষিত্তই প্রত্যক্ষজ্ঞানে বিষয়ের সালিধ্য আবশুক হয়। অনুমানের বিষয় যে সামান্তলক্ষণ, তাহা স্বীয় জ্ঞানে আকার সম্পাদন করে না ; ব্যাপ্তি ও পক্ষধর্মতা-নিশ্চরের দ্বার।ই অনুষিত্যাত্মক জ্ঞান, বিষয়ের অর্থাৎ সামাগুলক্ষণের আকারে আকারিত হইয়া থাকে। স্কুতরাং, অর্থ ক্রিম্বাকারিত্ব না থাকায় সামান্তলক্ষণগুলিকে অলীক বা অসং ৰলা হইয়াছে। এই অবস্থায় ক্ষণিকত্ববাদী যদি বলেন যে, তিনি সন্ধ-লিক্ষক অমুমানের দারা বস্তুভূত ক্ষণিকত্বের সাধন করিয়াছেন, তাহা হইলে তিনি নিশ্চিতই নিজ সিদ্ধান্তের বিরোধী কথা বলিতেছেন।

তাহা হইলেও উত্তরে ক্ষণিকত্বনাদী বলিবেন যে, পূর্ব্বপক্ষী যে নিজকে বৌদ্ধসিদ্ধান্তের জ্ঞাতা বলিরা মনে করিতেছেন তাহা তিনি করুন; কিন্তু, তিনি বাহা বলিরাছেন তাহাতে প্রমাণ হর যে, তিনি প্রকৃত বৌদ্ধসিদ্ধান্তের সহিত পরিচিত নহেন। কারণ, তিনি মনে করিরাছেন যে, বৌদ্ধগণ যথন অনুমানাদি বিকরের বিষয়কে অলীক বা অসৎ মনে করেন, তথন বিকরের ছারা আর কোনও তত্ত্ব প্রমাণিত হইতে পারে না। কিন্তু, বাস্তবিকপক্ষে বৌদ্ধগণ ঐ প্রকার মনে করেন নাই। স্বলক্ষণ বস্তু গ্রাহ্ম, অর্থাৎ প্রত্যক্ষের বিষয়, হইলেও কেবল নির্বিকল্পক প্রত্যক্ষই নিজ গ্রাহ্মান্ত্র্যান্ত্র বস্তুতন্ত্বের প্রতিপাদন করে না; পরন্তু, নির্বিকল্পক প্রত্যক্ষের উত্তর্জালীন যে বিকল্পপ্রতীতি, তাহা স্বীয় অলীক অধ্যবসের বিষয়ের ছারা বস্তুতন্ত্ব প্রতিপাদন করিয়া থাকে। বস্তুর যে স্বালক্ষণ্যক্ষণ

তর্ব, তাহাও বিকরের দারাই ব্যবস্থাপিত হয়; নির্বিকর প্রত্যক্ষের দারা উহা ব্যবস্থাপিত হয় না। যদিও সর্ববস্ত্রসাধারণ কোনও স্থালকণ্য নামক বস্তুত্ত ধর্ম নাই ইহা সত্য, তথাপি বিকরে করিত যে সর্ববস্ত্রসাধারণ স্থালকণ্য, তদ্বারাই বৌদ্ধগণ বস্তুর স্থালকণ্যরূপ তত্ত্বে প্রতিপাদন করিরাছেন। এইরূপ সর্ববস্ত্রসাধারণ ক্ষণিকত্বাত্মক ধর্ম বস্তুসং না হইলেও অনুমানকল্পিত ঐ যে সাধারণ ক্ষণিকত্বর্মাটী তাহার সাহায্যে বস্তুর ক্ষণিকত্ব প্রমাণিত হইতে কোনও বাধা নাই। স্থতরাং, এক্ষণে ইহা বেশ ব্রা গেল যে, অর্থক্রিরাকারিত্বরূপ সন্ধূটী ক্ষণিকত্ব স্থাব। যাহা যাহার্ম্বভাব তাহাকে সে কথনই পরিত্যাগ করে না। অতএব, "পটং ক্ষণিকঃ সন্থাৎ" এই অনুমানের দারা পটাদিবস্তব্বর ক্ষণিকত্ব যথাযথভাবেই প্রমাণিত হইল।

ভাববস্তু বে ক্ষণিক হইবে তাহা আমনা নিম্নোক্ত প্রণালীতেও বুনিতে পারি। নিজ নিজ কারণের দ্বারা সমুৎপন্ন যে পটাদি দ্রব্যগুলি, তাহারা বিনশ্বরত্বসভাব লইয়াই সমুৎপন্ন হইয়া থাকে ; অন্তথা, উহাদিগকে অবিনশ্বরত্বস্বভাবে উৎপন্ন হইতে <mark>হইবে। বিনশ্বরত্ব ও অবিনশ্বরত্বের প্রম্পর বিরোধ থাকার তৃতীয় কোনও</mark> প্রকার সম্ভব হইবে না। যাহা বিনশ্বর নহে,তাহাকে অবিনশ্বর হইতেই হইবে। কারণ, বিনশ্বর না হওয়া ও অবিনশ্বর হওয়া ইহাদের মধ্যে শব্দতঃ ভেদ আকিলেও অর্থতঃ কোনও ভেদ নাই। এইরূপ অবিনশ্বর না হইলেও তাহাকে বিনশ্বর হইতেই হইবে। এই কারণেই বিনশ্বরত্বাবিনশ্বরত্ব ব্যতীত ভাবের তৃতীয় কোনও কোটি কল্লিত হইতে পারে না। ঘটপটাদি বস্তুগুলিকে আমরা অবিনশ্বরস্বভাব <mark>বলিতে পারি না। কারণ, যাহা স্বভাবতঃ অবিনশ্বর হইবে, তাহার আর কথনও</mark> বিনাশ হইতে পারিবে না। যাহার যাহা স্বভাব তাহাকে সে কথনই পরিত্যাগ করে না। যাহা স্বভাবতঃ নীল হয় তাহা আর কথনও পীত হয় না। নীল রঙ্টী পীত হুইরা যার ইহা কেহ কথনও দেখে নাই। স্থিরত্বাদীরাও যথন ঘটপটাদি ভাব-বস্তুর বিনাশ স্বীকার করেন, তখন তাঁহারাও ঐগুলিকে স্বভাবতঃ অবিনশ্বর, অর্থাৎ অবিনশ্বরস্বভাব, বলিবেন না। উহারা বদি অবিনশ্বস্বভাব না হয়, তাহা হইলে ফলতঃ উহারা বিনশ্বরস্বভাবই হইয়া গেল। এইভাবে ঘটপটাদি বস্তুপ্তলি যদি বিনশ্বরস্বভাব হয় তাহা হইলে উহাদের বিনাশে আর কোনও আগন্তক কারণের অপেক্ষা থাকিতে পারে না। যাহা আগন্তক কারণের অপেক্ষা করে তাহাকে কেহই স্বভাব বলে না। এই প্রকার হইলে ফলতঃ ভাবস্বই বিনাশের প্রযোজক হইন্ন। গেল। বিনাশের প্রতি ভাবত্বমাত্রের নিয়ামকতা আছে বলিন্নাই উৎপত্তির পরক্ষণেই ভাবের বিনাশ স্বীকার করিতে হর।

এই যে বিনাশিত্বকে ভাববস্তুর স্বভাব বলা হইল, ইহার বিরুদ্ধে আপত্তি হইবে বে, তাহা হইলে উৎপত্তিক্ষণেই ঘটপটাদি বস্তুর বিনাশ স্বীকার করিতে হয়। কারণ, যাহা যাহার স্বভাব তাহাকে লইরাই সেই বস্তু উৎপন্ন হইবে; আপন স্বভাবকে পরিত্যাগ করিয়া কেহ কথনও আত্মলাভ করিতে পারে না। ঘট ও পটাদি বস্তুর স্বভাব যে ঘটত্ব ও পট্যাদি ধর্মগুলি, তাহাদিগকে পরিহার করিয়াই ঘটপটাদি বস্তুগুলি উৎপন্ন হয় এবং পরক্ষণে উহারা ঘটত্ব ও পট্যাদি স্বস্থ স্বভাবগুলিকে অবলম্বন করে ইহা নহে; পরস্তু ঘটত্ব ও পট্যাদি ধর্মগুলিকে নিজ্প ক্রোড়ে হাপন করিয়াই উহারা সমুৎপন্ন হইরা থাকে। স্বতরাং, ক্ষণিকত্ববাদীরা বিনাশকে যদি ভাববস্তুর স্বভাব বলেন, তাহা হইলে বিনাশকে সঙ্গে করিয়াই ঘটপটাদি বস্তুগুলির উৎপত্তি হয়, একথাই তাঁহাদিগকে স্বীকার করিতে হইবে। বিনাশ ও বস্তুর অন্তিত্ব ইহাদের বিরোধ আজ্মানিক এবং সর্ক্রবাদিসন্মত। অভএব, ইহা কোনও বৃদ্ধিমান্ পুরুষই কল্পনা করিতে পারেন না যে, বস্তুগুলি বিনাশকে সঙ্গে লইয়াই উৎপন্ন হইয়া থাকে।

উক্ত আপত্তির উত্তরে ক্ষণিকত্ববাদী বলিবেন যে, পূর্ব্বপক্ষী ত বেশ সাটোপে ক্ষণিকত্ববাদের বিরুদ্ধে আপত্তি করিয়াছেন। ইহার ফলে যদি ক্ষণিকত্ববাদ পরিত্যক্ত হইয়। যায়, তাহা হইলেও ফলতঃ ভাববস্তর অবিনশ্বরত্বভাব বা আগস্তুক বিনাশ এই পক্ষর্বয়ের অন্তত্তর পক্ষই পূর্ব্বপক্ষীকে স্বীকার করিতে হইবে; কারণ, তৃতীয় পক্ষের সম্ভাবনা নাই। উৎপন্ন ভাববস্তর অবিনশ্বরত্বভাব কেহই কারণ, তৃতীয় পক্ষের সম্ভাবনা নাই। উৎপন্ন ভাববস্তর অবিনশ্বরত্বভাব কেহই স্বীকার করেন না। স্থতরাং, আমাদের পূর্ব্বপক্ষীও উহা স্বীকার করিবেন না। পরিশেষতঃ তাঁহাকে বিনাশের আগস্তুকত্ব পক্ষই গ্রহণ করিতে হইবে। এই পক্ষে যে স্থলবিশেষে বিনাশ-কারণের অসমবধানে উৎপন্ন ভাববস্তর অবিনাশিত্ব আসিয়া পড়ে তাহা ত পূর্ব্ব হইতেই তিনি জ্ঞানিয়াছেন। স্থতরাং, দেখা যাইতেছে যে ক্ষণিকত্ববাদের খণ্ডন করিয়াও পূর্ব্বপক্ষীর বিশেষ কিছু লাভ হইল না। কারণ, ক্ষণিকত্ববাদ খণ্ডিত হইলেও স্থিরত্ববাদ সমর্থিত হইল না।

পূর্বপক্ষী যদি বলেন যে, তাঁহারা উৎপন্ন ভাববস্তুর বিনাশিত্বভাবতা

श्रीकांत ना कतिरमञ উशास्त्र विचारभेत अवच श्रोकांत करतन। এपण, উৎপন্ন হইবাও কোনও কোনও ভাববস্তু চিরকালই থাকিয়া ঘটবে; উহাদের আর বিনাশ হইবে না — এইপ্রকার আপত্তি তাঁহালের মতের বিরুদ্ধে আসে না। ইহার বিরুদ্ধে ক্ষণিক্ষবাদী অবগ্রাই জিজ্ঞাসা করিবেন যে, পূর্ব্বপক্ষী ফি বিনাশের আগন্তক কারণজন্মত্ব স্বীকার করিরা উহার ধ্রবন্থ স্বীকার করেন, অথবা আগন্তক-कांत्रप-मार्ट्यक्केवरक स्थीकांत कतित्र। विनारमंत अव इ खोकांत करतन। यि তিনি প্রথম পক্ষ অবলম্বন করেন তাহা হইলে বলা ঘাইবে যে, উহা সম্ভব নহে। ষাহা আগন্তুক কারণের অপেক্ষা রাখে তাহা ধ্রুব হইতে পারে না। আর, যদি তিনি দিতীয় পক্ষ অবলম্বন করিয়া বলেন যে, তিনি বিনাশকে আগস্তককারণ-সাপেক বলেন না, পরস্ক ধ্রুব বলেন; তাহা হইলেও তাঁহার নিজ অভিপ্রায় भिक्ष इटेर्ट ना। कावन, विनान विन आंगद्धककातन-निवर्णक इय, जारा इटेरन নিত্য হইতে পারে অথবা প্রতিযোগীর উৎপাদক যে সামগ্রী, তন্মাত্রসাপেক ছইতে পারে। বিনাশ যদি নিত্য হয়, তাহা হইলে, স্বোৎপত্তিকালে ভাব-বস্তুপ্তলিকে নিজ নিজ বিনাশের সহিত অবস্থান করিতে হয়। প্রতিযোগী ও তাহার বিনাশ যে সমকালীন হইতে পারে না, ইহা একটু প্রেই পূর্ব্বপক্ষী <mark>বলিম্বাছেন। স্কুতরাং, বিনাশকে নিত্য বলিম্বা উহার এবস্ব স্বীকার সম্ভব হয়</mark> <mark>না। আর, যদি তিনি দ্বিতীর পক্ষ অবলম্বন করেন, তাহা হইলেও ক্থিত দোধের</mark> <mark>ছাত হইতে পূর্ব্বপক্ষীর নিস্তার হইল না। প্রতিযোগীর উৎপাদক সামগ্রীই</mark> বদি বিনাশের উৎপাদক হয় এবং এইভাবে বিনাশ ধ্রুব হয়, তাহা হইলে প্রতিবোগীর উৎপত্তিকালেই তাহার বিনাশ স্বীকার করিতে হয়। কারণ, প্রতি-ষোগীর উৎপত্তির পূর্বক্ষণে যে তাহার সামগ্রা থাকিবে, ইহা নিশ্চিতই আছে। প্ৰিক্ষণে সামগ্ৰা নাই. কাৰ্য্যগুলি উৎপন্ন হইয়া গেল এইরূপ কথা কেহ বলেন না। স্বতরাং, প্রতিযোগীর উৎপত্তির পূর্ব্বে তাহার বিনাশের সামগ্রী **অবগুন্তা**বী <mark>ছওয়ায় প্রতিযোগী ও তাহা</mark>র বিনাশের সমকালীনত ছনিবার হইয়া গেল।

পূর্ব্বপক্ষী যদি বলেন যে, তিনি নিত্য বা প্রতিযোগীর স্বোৎপাদক যে সামগ্রী তন্মাত্রসাপেক্ষত্ব-নিবন্ধন বিনাশকে গ্রুবভাবী বলেন নাই, পরস্ক দ্বিতীয়াদিক্ষণমাত্রসাপেক্ষত্ব স্বীকার করিয়া উৎপন্ন ভাববস্তুর বিনাশকে গ্রুবভাবী বলিয়াছেন ।
একণে আর প্রতিযোগীর উৎপত্তিক্ষণে তাহার বিনাশের আপত্তি হইবে না ।

কারণ, প্রতিষোগীর উৎপত্তির পূর্বক্ষণে দ্বিতীরা দিক্ষণরূপ যে বিনাশের সামগ্রী তাহা নাই। আর উৎপত্তির দ্বিতীরক্ষণেও বিনাশের আপত্তি হইবে না। কারণ, দ্বিতীরক্ষণের পূর্বক্ষণে দ্বিতীরা দিক্ষণরূপ যে বিনাশের সামগ্রী তাহা নাই। স্থাতরাং, তৃতীরা দিক্ষণেই উৎপন্ন ভাববস্তগুলির অবশ্র বিনাশ হইবে।

তাহা হইলেও উত্তরে ক্ষণিকস্ববাদী বলিবেন যে পূর্ব্বপক্ষীর সমাধান আপাততঃ মনোরম হইলেও বিচারসহ হয় নাই। কারণ, তিনি যদি দ্বিতীয়াদিক্ষণগুলির স্বোৎপত্তিক্ষণভিন্নতের দারা অন্তর্গম করিয়া "প্রতিযোগীর বিনাশে স্বোৎপত্তিক্ষণভিন্নতের দারা অন্তর্গম করিয়া "প্রতিযোগীর বিনাশে স্বোৎপত্তিক্ষণাতিরিক্ত ক্ষণ কারণ" এই প্রকারে কার্য্যকারণভাবের কয়না করেন, তাহা হইলে উৎপন্ন ভাববস্তর প্রত্যেকেরই উৎপত্তির তৃতীয়ক্ষণে বিনাশ অবশুদ্রাবী হইয়া পড়ে। প্রত্যেক গুলেই দ্বিতীয়ক্ষণটি স্বোৎপত্তিক্ষণাতিরিক্ত ক্ষণ বলিয়া গৃহীত হইবে এবং একমাত্র তাহাই বিনাশে অপেক্ষিত আছে। কিন্তু, পূর্ব্বপক্ষী প্রত্যেক উৎপন্ন ভাববস্তর নিয়মতঃ তৃতীয়ক্ষণে বিনাশ স্বীকার করেন না। কেহ বা তৃতীয়ক্ষণে, কেহ বা একমাস পরে বিনাশ পায়, ইহাই পূর্ব্বপক্ষীর নিজের সিদ্ধান্ত। পূর্ব্বপক্ষীর স্বমতাত্মসারে উৎপন্ন ভাববস্তগুলির ব্যক্তিগতরূপে কথন কাহার বিনাশ হইবে তাহা জ্বানা সম্ভব না হওয়ায় প্রত্যেক বিভিন্ন ব্যক্তির সম্বন্ধে পূথক্ পৃথক্ ভাবে অমুকের নাশের প্রতি অমুক ক্ষণটি কারণ, এই প্রণালীতে কার্যারণভাবের কয়না সম্ভব হইবে না।

ষদিও উৎপন্ন ভাববন্তর বিনাশকে আগন্তক বলিয়া স্থিরত্বাদী নিজের অভিপ্রায় অনুসারে সমস্রার সমাধান করিতে পারিতেছেন না ইংা সত্য, তাহা হইলেও উহা ফণিকত্ববাদীর স্বপক্ষসিদ্ধিতে বিন্দুমাত্রও অনুকৃল হইল না। কারণ, ফণিকত্ববাদীও ভাববস্তর বিনাশকে স্বভাব বলিরা স্বপক্ষসমর্থন করিতে পারিতেছেন না। ভাবকে বিনাশস্বভাব বলিলে বে, উৎপত্তিক্ষণেই ভাবের বিনাশ স্বীকার্য্য হইয়া পড়ে, ইহার কোনও সমাধান এ পর্যান্ত সম্ভব হয় নাই এবং বিনাশ ও উৎপত্তি যে এককালীন হইতে পারে না, তাহাও আমরা প্রেই বলিয়াছি। স্কতরাং, ক্ষণিকত্ববাদীও এখন পর্যান্ত স্বপক্ষসাধনে অক্কতকার্য্যাহ বহিয়া গিয়াছেন।

কিন্তু, আমরা ক্ষণিকত্ববাদের অন্তকুলে নিম্নোক্তপ্রকারে ব্যাখ্যার অবতারণা করিতেছি। বিনাশই ভাববস্তর স্বভাব ইহা আমরা মনে করি না। পরন্ত, স্থিরত্ববাদীকে আমরা জিজ্ঞাসা করিব যে, ভাববস্তুর বিনাশ কি স্বমাত্র-সাপেক অথবা নহে। এই ছইটা পক্ষ প্রম্প্রবিক্ষ। স্মৃতরাং, তৃতীয় কোনও পক্ষ সম্ভব হইবে না। পক্ষন্তর পরস্পরবিক্ষন হইলে যে সেই হলে তৃতীয় পক্ষ সম্ভব হর না, তাহা আমরা পূর্বের বলিয়াছি। হিরত্ববাদী যদি দ্বিতীর কোটি অবলম্বন করিয়া বলেন বে, ভাববস্তুর যে বিনাশ, তাহা স্বমাত্রসাপেক্ষ, অর্থাৎ প্রতিযোগিমাত্রসাপেক্ষ, নহে; তাহা হইলে স্থিরত্ববাদীকে আমরা জিজ্ঞাসা করিতে বাধ্য হইব যে, তিনি কি ইহা ভাবিয়া দেখিয়াছেন যে, তাঁহার অবলম্বিত কোটিটী ফনতঃ হইভাগে বিভক্ত আছে। বিনাশ বদি প্রতিযোগিমাত্রসাপেক না হয়, তাহা হইলে উহা নিত্য হইতে পারে এবং নিতা না হইলে উহা প্রতিযোগী ব্যতীত অন্ত কিছুকে অপেক্ষা করিবে। নিত্যের অপেক্ষা সম্ভব হয় না বিশিরা উহা স্কমাত্রনাপেক্ষ হইবে না এবং প্রতিযোগী ব্যতিরেকে অন্তকে অপেকা করিলেও তাহা স্বমাত্র, অর্থাৎ প্রতিবোগিমাত্রসাপেক, হইবে না। স্থিরস্ববাদীরা যে বিনাশকে নিত্য বলেন না ইহা আমরা সকলেই জানি। বিনাশকে নিত্য বা অনুৎপন্ন বলিলে প্রতিযোগীর উৎপত্তির পূর্বেই তাহার বিনাশ স্বীকার করিতে হয়। কোনও চিন্তাশীল ব্যক্তিই ইহা মনে করেন না থে, উৎপন্ন হইবার পূর্ব্ব হইতেই বস্তুটী বিনষ্ট হইয়া রহিরাছে। স্থতরাং, দ্বিতীয় কোটী গ্রহণ করিলে পূর্ব্বপক্ষীকে ইহাই স্বীকার করিতে হইবে যে, বিনাশ স্বপ্রতিযোগী ব্যতিরেকেও কারণান্তরের অপেক্ষা রাথে। এইরূপ হইলে উৎপর ভাববন্তর বিনাশ যে অবখ্যন্তাবী হইবে না, তাহা আমরা পূর্বেই দির্ত্ববাদীকে বলিয়াছি। আগম্ভক কারণের উপদ্বিতিতে যে অবশুন্তাবিতা থাকে না, তাহা পূর্ব্বপক্ষী জানেন। অতএব, তিনি যখন উৎপন্ন ভাববস্তুর বিনাশকে অবশুম্ভাবী বা ধ্রুব মনে করেন তথন তিনি ইহা কোন প্রকারেই বলিতে পারেন না বে, উৎপন্ন ভাববস্তুর বিনাশ স্বমাত্র, অর্থাৎ প্রতিবোগিমাত্রসাপেক্ষ, নহে। স্মতরাং পরিশেষতঃ ইহাই স্বীকার করিতে হইবে যে, ভাববস্তুর বিনাশ স্বমাত্র-সাপেক। এইরূপ হইলে, উৎপত্তির পরক্ষণে আর ভাবের বিনাশ না হইয়া পারে না। কারণ, ভাববস্তর উৎপত্তির পরক্ষণেই উহার বিনাশের সামগ্রী আসিরা গিরাছে। কেবল প্রতিযোগীই বিনাশের সামগ্রী বা চরম কারণ। কারণ বা সামগ্রা পূর্বাক্ষণে থাকিলেও কার্য্যটা পরক্ষণে হইবে না, ইহা কোনও বৃদ্ধিমান্ ব্যক্তিই বলিবেন না। স্থতরাং, জামাদের পূর্ব্ধপক্ষী আর একণে ভাব-বন্ধর ক্ষণিকত্বে অবিশ্বাদী থাকিতে পাবেন না। ভাববন্ধর বিনাশকে স্বপ্রতি-বোগিমাত্রদাপেক্ষ বলিলে আর স্বোৎপত্তিকণে ভাববন্ধর বিনাশের আপত্তি হইবে না। কারণ, নিজের উংপত্তির পূর্বক্ষণে ভাববন্ধর না থাকার পূর্বক্ষণে বিনাশের সামগ্রী থাকিল না। স্বতরাং, এক্ষণে ইহা আমরা বেশ ব্বিতে পারিলাম বে ভাববন্ধর ক্ষণিকত্বের ব্যভিচারী হইতে পারে না এবং "পটঃ ক্ষণিকঃ সন্থাং" এই অনুমানের দারা ভাববন্ধর ক্ষণিকত্ব অবাধে প্রমাণিত হইয়া গেল। পূর্ব্বোক্ত মৃক্তিতে ক্ষণিকর্মটী যথন ভাববন্ধর স্বভাব বলিয়া প্রমাণিত হইল, তথন ভাবত্বরূপ স্বভাবহেতুর দারা দে ভাববন্ধর ক্ষণিকর্ম প্রমাণিত হইবে, তাহা নিশ্চিতই হইয়া গেল।

স্থিরত্বাদী বস্ততে অতীত, বর্তমান ও আগামী কার্য্যের উপযোগী নানাবিধ ক্ষতা স্বীকার করিয়া সহকারীর সাকল্য ও বৈকল্যে উহার ক্রমিক কার্য্যকারিত স্থাপন করেন। এই সম্বন্ধে পূর্ব্বে যাহা বলা হইয়াছে, তাহা অতিশয় সংক্ষিপ্ত। অতএব, ঐ সম্বন্ধে আরও কিঞ্চিং আলোচনা করা যাইতেছে। পূর্ব্ধপক্ষী যে কার্য্যের উৎপত্তিতে সহকারীর অপেক্ষা স্বাকার করেন, তাহাতে প্রশ্ন হইবে যে, সহকারীটা কি সহকার্য্যের কোনও উপকার করে অথবা সহকার্য্যের কোনও উপকার না করিয়াই তাহা পৃথগ্ভাবে কার্য্যের উৎপাদন করে γ বিতীয় কোটর অবলম্বনে পূর্ব্বপক্ষী যদি বলেন যে, তাহা কাহারও কোন উপকার করে না ; পরস্ক, নিজে স্বতম্রভাবে কার্যোর উৎপাদন করে। তাহা হইলেও উত্তরে আমরা বলিব যে, যাহা থাহাকে কার্য্যের উপযোগিরূপে সংস্কৃত বা অতিশয়িত না করিয়া পৃথগ্ভাবে তাহার কার্যাটীকে করিয়া দেয়, তাহাকে তাহার সহকারী বলা যায় না। কোন ছাত্ৰ যাহাতে পরীক্ষায় ক্বতকার্য্য হয় সেভাবে তাহাকে সংস্কৃত না করিয়া কেহ যদি নিজেই সেই পরীক্ষায় পাশ করেন, তাহা হইলে আমরা কি সেই ছাত্তের পরীক্ষা-পাশে, সেই লোকটাকে সহকারী বলিতে পারি ? আর, ঐ রূপ হইলে পূর্ব্রপক্ষী যাহাকে যে যে কার্য্যের প্রতি সমর্থ বা কারণ বলিতে চাহেন, তাহা আর আদে। সমর্থই হইল না। পরস্ক, তাহার স্থানে সহকারীটীই ফলতঃ সেই কার্য্যে সমর্থ হইয়া গেল। আরও কথা এই যে, সহকারীটী যদি নিজ কার্য্যে অন্ত সহকারীর অপেক্ষা না রাঝে, তাহা হইলে ঐ সহকারীতেই

অতীতাদি কার্য্যের যুগপন্-উৎপত্তির আপত্তি থাকিয়া যাইবে ও অন্ত সহকারীর অপেক্ষা স্বীকার করিলে, ঐ অন্ত সহকারীটার আবার অপর সহকারীর অপেক্ষা থাকিবে। স্বতরাং, এইভাবে সহকারীর সহকারী, তাহার সহকারী — এইরূপ কল্পনায় অনবহাদোষ আসিয়া উপদ্বিত হইবে।

আর, বিদ পূর্ব্বপক্ষী প্রথম পক্ষ অবলম্বন করিয়া বলেন বে, সহকারী সহকার্য্যে কার্য্যের উপযোগী সংশ্বার আধান করিরা উহার সাহাব্য করে। অতএব, ভাব-বস্তু নানাকালীন-ফলোৎপাদনে সমর্থ হইনেও সহকারি-সমবধানের ক্রমিক ই-নিবন্ধনই উহা ফলের ক্রমিক উৎপাদন করে, যুগপৎ করে না। এই প্রকার ইইলে বস্তুর স্থিরত্বপক্ষে (অতীত, অনাগত ও বর্ত্তমান) বিভিন্নকালীন কার্য্যের সামর্থ্য সর্ব্বদা বর্ত্তমান থাকিলেও যুগপৎ নানা কার্য্যের, অংশৎ বর্ত্তমান কার্য্যের, উৎপত্তির আপত্তি হইবে না।

ত্বির্বাদীর উক্তনমাধানেও জিজ্ঞাসা হইবে যে, সহকারীর দারা সহকার্য্যে সমুৎপাদিত এই যে কার্য্যোপযোগী সংস্কার বা অতিশয়, ইহা কি ভাবাত্মক বস্তু অথবা অভাবাত্মক ? যদি তিনি উক্ত সংস্কারকে অভাবাত্মক বলেন, তাহা হইলে উহা বৌদ্ধসিদ্ধান্তে অস্বীকৃতই হইবে। কারণ, শশশৃঙ্গাদির ন্থার অসৎ যে অভাব, তাহাকে সহকারী স্বষ্টিও করিতে পারিবে না এবং উহা সহকার্য্যকে কলোৎপাদক রূপে সংস্কৃত বা অতিশ্বিতও করিতে পারিবে না। অতএব, সহকারীর দ্বারা সমুৎপাদিত যে কারণগত কার্য্যোপযোগী সংস্কার বা অতিশয়, তাহাকে অবশ্যই ভাব-স্বভাবের বলিতে হইবে। এইপক্ষেও জিজ্ঞাস। হইবে যে, উক্ত সংস্কার কি সংস্বার্য্য যে কারণ, তাহা হইতে ভিন্নপদার্থ অথবা উহা কারণাত্মকই, কারণগত ভাবান্তর নহে। যদি উক্ত সংস্কারকে পূর্ব্বপক্ষী কারণাত্মকই বলেন, উহা হইতে পৃথক্ ভাবান্তর না বলেন; তাহা হইলে দোষ এই যে, অতীত কার্য্যের উৎপত্তির ক্ষেত্রেও কারণটী অতীত কার্য্যের সামর্থ্য লইয়া যেরূপ ছিল, বর্ত্তমানেও উহা ঐ সামর্য্য লইরা ঠিক সেই ভাবেই উপস্থিত আছে। এইরূপ হইলে কার্ণটী অতীতে ধাহা করিয়াছিল বর্ত্তমানেও তাহার তাহা করা উচিত হইবে। উত্তরকালে সমানভাবে বিভাষান বস্তুর যদি কোনও অবস্থান্তর না থাকে, তাহা হইলে এককালে সে ধাহা করিরাছিল তাহার সম্বন্ধে অন্তকালে তাহা না-কর'র কথা আসে না। প্রার, এইপক্ষে সহকারি ইই সম্ভব হইল না। কারণ, যাহা কারণের কোন ভাবান্তর সম্পাদন করে না, তাহাকে কারণের সহকারীই বলা বার না।

্যদি বলা যার যে, যদিও সহকারীটা কারণের কোনও অবস্থান্তর ঘটার না ইন্স সত্য, তথাপি অতীতে কারণটা অতীত কার্য্যের উপযোগী যে সহকারী ভাহার সহিত যুক্ত ছিল, বর্তুমানে উহা এ সহকারীর সহিত যুক্ত নাই। যে সহকারি-যোগ ও তাহার বিয়োগ, ইহার দারাই অতীতে অতীত কার্য্যের সমুৎপাদ এবং ইর্ত্তমানে তাহার অসমুৎপাদ ব্যাখ্যাত হইতে পারে। তাহা হইলেও দোষ এই বে, উক্ত ব্যাখ্যার দারা পূর্বপক্ষী ফলতঃ সহকারীকেই কারণ ৰ্লিলেন; যাহাকে তিনি কারণ বলিতে চাহিয়াছিলেন তাহাকে আর তিনি কারণ বলিতে পারিলেন না। উভরকালে একই অবহায় বিগুমান থাকিরাও যদি কারণটা এককালে যাহা করিয়াছিল অন্তকালে তাহা না করে এবং প্রকারীটী উপস্থিতিমাত্রই কার্যাটা করিয়া দেয়, তাহা হইলে সহকারীতে<u>ই</u> কার্য্যের অবস্থ ও ব্যতিরেক পর্য্যবসাম-প্রাপ্ত হয়, কারণে আর উহা পর্য্যবসিত হয় না। অতএব, পূর্বের ব্যাখ্যায় সহকারীই কারণ হইয়া গেল, যাহা কারণ তাহা আর কারণ্ন হইল না। আর পূর্ব্বপক্ষীর কথা স্বীকার করিয়াও আমরা বলিতে পারি যে, পূর্ব্বপক্ষীর মতামুসারেও অগত্যা তাঁহাকে ক্ষণিকত্বপক্ষই অবলম্বন করিতে হইবে। কারণ, তিনি বস্তুর খিরম্বকে রক্ষা করিতে গিয়া একই বস্তুতে সহকারি-যোগ ও তাহার অভাব স্বীকার করিয়া বৃশিয়াছেন। ইহাতে স্থিত্তবাদে সহকারি-যোগ ও তদভাবরূপ বিরুদ্ধর্মের একত্র সমাবেশ আসিয়া পড়ে। স্থতরাং, উক্ত প্রকারে বিক্রদর্শন্দরের একত্র সমাবেশের যে আপত্তি হয় তাহাই তাঁহাকে স্থিরত্ববাদে অবিশ্বাসী করাইয়া ক্ষণিকত্ববাদে বিশ্বাসী করাইবে। এক্ষণে ইহা আমরা বেশ ব্ঝিতে পারিলাম যে, পূর্ব্বপক্ষীর কথিত যে কারণ-গত সহকারিজ-সংস্কার, তাহাকে তিনি আর কারণ হইতে অভিন্ন বলিতে পারেন না।

পূর্ব্বপক্ষী তাঁহার হিরম্ববাদকে সমর্থন করিতে গিয়া যদি বলেন যে, সহকারীর দারা আহিত, অর্থাৎ সমুৎপাদিত, যে কারণগত সংস্কার বা অতিশন্ধ, তাহা তাহার আশ্রীভূত কারণ হইতে অভিন্ন নহে; পরস্তু, উহা কারণ হইতে সম্পূর্ণ পৃথক্ এবং কারণের তৎকালীন ধর্মবিশেষ। সহকারীর অনুপস্থিতিতে উক্ত সংস্কার বা অতিশন্ধ কারণে থাকে না। এজন্ত, বর্ত্তমান অবস্থান্ধ কারণেটী আগামী

কার্য্যে সমর্থ হইলেও ঐ সংস্কার উহাতে না থাকার, বর্ত্তমানতা-দশার কারণটা আর আগামী কার্য্য বা কলের সমুৎপাদন করে না। বথন সহকারীটা আসিয়া উহাতে আগামী কার্য্যের উপযোগী সংস্কারকে সমুৎপাদিত করিবে, তথনই ঐ সংস্কৃত কারণটা আগামী কার্য্যের সৃষ্টি করিবে। স্কৃত্রাং, স্থিরত্ববাদেও বিভিন্ন কার্য্যের ক্রমিক সমুৎপাদে কোন বাধা দেখা যার না।

তাহা হইলেও উত্তরে ফণিকত্ববাদী বলিবেন যে, পূর্ব্বপক্ষী প্রদশিত-প্রকারে হিরত্ববাদের সমর্থন করিতে পারেন না। কারণ, এরপ হইলে কারণকে আর তিনি কারণ বলিলেন না, সংস্কার বা অতিশ্রাত্মক যে সহকারীর দারা সমুৎপাদিত ধর্মটী, তাহাকেই তিনি কারণ বলিলেন। এ সংস্কার বা অতিশয়ের সহিতই কার্য্যের অন্ধয়-ব্যতিরেক থাকিল, কারণের সহিত নহে। স্থতরাৎ, কার্য্যের অন্ধর-ব্যতিরেকের দারা নির্ম্য যে কারণতা, তাহা সংস্কারেই আসিয়া গেল। অতএব, বাহাকে কারণ বলিয়া স্বীকার করা হইবে তাহাতে আর এরপ সহকারি-ক্বত সংস্কার বা অতিশয় স্বীকার করা বাইবে না।

আর, এতটা প্রয়াস করিয়াও তিনি কার্য্যোৎপত্তির যে ক্রমিকত্ব আছে তাহার উপপাদন করিতে পারেন নাই। অতীতকালে তিয় কারণের সহিত মিলিত হইরা সহকারীটা উহাতে যে সংস্কারের আধান করিয়াছিল, বর্ত্তমানকালেও সেই সংস্কার লইয়াই কারণটা বিভ্যমান আছে। স্কৃতরাং, এক্ষণেও ঐ কারণের অতীত কার্যাটা করা উচিত। যদি কার্য্যের উৎপত্তিক্ষণে তদমুকুল সংস্কারটা বিনম্ভ হইরা যায় বলিয়া পূর্ব্বপক্ষী মনে করেন, তাহা হইলেও পূর্বপক্ষীকে পরস্পারবিরুদ্ধ ধর্মদ্বয়ের একত্র সমাবেশ স্বীকার করিতে হইবে। কারণ, একই কারণে অতীতকার্য্যামুকুল সংস্কার ও তদভাব পাকিয়া গেল। বস্তুর স্থিরত্ব এখনও প্রমাণিত নাই; স্কৃতরাং, বিভিন্ন কালকে সংস্কার ও তদভাবের অবচ্ছেদক স্বীকার করিয়াও প্রদর্শিত বিরোধের সমাধান করা সম্ভব হইবে না।

ক্ষণিকত্ববাদের বিরুদ্ধে যদি এইপ্রকার আপত্তি করা যায় যে, ক্ষণিকত্ববাদীরা সমর্থ কারণের দ্বারা কার্য্যের উৎপত্তিতে সহকারীর অপেক্ষা স্বীকার করেন না। এইরূপ হইলে অন্ধ্রাদি কার্য্যের স্থলে যে ভূমি, জ্বল ও কর্ষণাদির নির্মিত-ভাবে অপেক্ষা দেখা যায়, তাহা ব্যাখ্যাত হইতে পারে না। কারণ, অস্ত্রাক্ষণতা-প্রাপ্ত অন্ধ্রুক্তননে সমর্থ যে বীজক্ষণ, তাহা স্বসামর্থ্যবশতঃই কোন

প্রকার বিলম্ব না করিরাই নিজ কার্য্য অস্কুরের উৎপাদন করিবে।
সমর্থের কার্য্যোৎপাদে বিলম্ব বা অস্তের অপেক্ষা থাকিতে পারে না বলিরাই
ইংরা মনে করেন। কিন্তু, আমরা ইহা দেখিতে পাই বে, কবিত ও জ্লাদির
দারা স্কুসংস্কৃত ক্ষেত্রেই বীজ হইতে অস্কুরের সমুদ্র্যম হর; অন্তথা হয় না।

তাহা হইলেও উত্তরে ফণিকত্বাদী বলিবেন যে, তাঁহারা কার্য্যের দারাই কারণে তদমুকূলসামর্থ্যের কল্পনা করিয়াছেন; যদ্চছাবশতঃ উহা করেন নাই। আর, নানাপ্রকার অনুপপত্তি আদিয়া উপস্থিত হয় বলিয়াই সমর্থের কার্য্যোৎপাদনে সহকারীর অপেক্ষা অস্বীকার করিয়াছেন এবং তাঁহারা সকল অনুপণত্তি পূর্বে সমুপস্থাপনও করিয়াছেন। এই সকল কারণে তাঁহার। এই পিদান্তে উপনীত হইতে বাধ্য হইরাছেন যে, ক্ষেত্রতাদিরূপে বা বীজ্ঞত্ব-প্রকারে যদি অমুরের প্রতি ক্ষেত্রাদি ও বীব্দের কারণত্ব করনা করা যায়, তাহা হইলে অসংস্কৃতফেত্রে এবং কুশ্লস্থবীজাদি হইতে অমুরের সমুংপাদ স্বীকার করিতে হয়; অথচ বাস্তবিকপক্ষে তাহা হয় না। স্থতরাং, বীজ হইতে বীজান্তর-ক্রমে এবং ভূমি হইতে ভূমান্তরক্রমে দেইস্থলেই বীব্র ও ভূমাদিতে অঙ্গুর-কুর্বজ্বতা বা অঙ্গুরজননানুকুলসামর্থ্যে কল্পনা করা হয়, যে স্থলে বস্তুতঃই অন্ধুরের সমুকাম হইরাছে। কার্য্যই যথন সামর্থ্যকলনার লিন্দ, তথন বিনা কার্য্যে উহা কল্লিভই হইতে পারে না। এইভাবে কুর্বজ্ঞপতা-প্রাপ্ত বীজাদি স্থলে ক্ষিত্ত জলাদি-স্থুসংস্কৃত ভূম্যাদির সহযোগ অবশ্রস্তাবী বলিয়াই বীজের স্থায় কর্ষিত-ভূমাাদিরও অঙ্গুরের প্রতি নিয়তপূর্ব্বর্তিত্ব দেখিতে পাওয়া বায়। আর, একমাত্র সমর্থ বীজই বে অদুরের কারণ, তাহা নহে; পরস্ত, সমর্থ ক্ষেত্রাদিও অধুরের কারণ হইবে। কারণ, সমর্থ বীব্দের স্তায় সমর্থ ভূম্যাদিও অঙ্বরূপ কার্যোর প্রতি নিয়তপূর্ববর্তী হইরাছে। কার্য্য-নিয়তপূর্ববর্ত্তিগ্বই কারণত্ব ; স্বতরাং, আমাদের মতে বীজের স্থায় ভূম্যাদিও অভ্নরের কারণ বলিয়া স্বীকৃত হয়। অন্যান্ত মত হইতে তাঁহাদের মতের বৈলক্ষণ্য এই যে, অন্তমতে কারণগুলির পরস্পর সহকারিতা স্বীকৃত হইরাছে, তাঁহারা এ সহকারিতা স্বীকার করেন নাই। সমর্থ ভূম্যাদি ও সমর্থ বীজের সহভূত্ব, অর্থাৎ সমানকালে উৎপত্তিমত্বনিবন্ধন, পরস্পারের প্রতি উপকার করা সম্ভব হয় নাই এবং সেই কারণেই উহাদের পরম্পরের সহকারিতা স্বীকার করিতে পারা যায় না।

এই যে ভূম্যাদি ও বীজের অন্বরকারী সামর্থ্যের কল্পনা করা হইল, ইহার বিরুদ্ধে কেহ কেহ নিম্নোক্তপ্রকারে আপত্তি করিয়াছেন যে, উক্ত বিভিন্ন নামর্থ্যগুলি কি একই মর্থক্রিয়ার সম্পাদক অথবা উহারা বিভিন্নপ্রকার মর্থ-ক্রিয়ার সম্পাদন করে। বদি প্রথমপক্ষ অবলম্বন করা যায়, তাহা হইলে উহাদের কৃতকারিত্ব মাসিয়া পড়ে। সমর্থ বীজপ্ত অন্থরোৎপাদনে যে মর্থক্রিয়াটী করিল ভূমিও যদি কেবল সেই মর্থক্রিয়াটীই সম্পাদন করে তাহা হইলে উহারা পরম্পর কৃতকারীই হইয়া গেল। আর বদি দিতীয়পক্ষ গ্রহণ করিয়া ইহা বলা যায় যে, উহারা বিভিন্ন অর্থক্রিয়াটপাদন করিয়া অন্থরের স্থিত করে, তাহা হইলে উহারা কলতঃ পরম্পার পরস্পরের সহকারীই হইয়া গেল।

ইহার উত্তরে আমরা বলিতে পারি যে, পূর্ব্পক্ষী বৌদ্ধবিদ্ধান্তে অভিজ্ঞ নহেন বলিয়াই উক্তপ্রকার আপত্তি করিয়াছেন। তিনি রহস্তজ্ঞ হইলে কথনই এরপ আপত্তি করিতেন না। অভিপ্রায় এই বে, ভূম্যাদি ও বীজ ইহারা একই অর্থ-ক্রিয়াসম্পাদন করিলেও উহাদের ক্রতকারিতাদোষ হয় না। কারণ, একই অর্থক্রিরা যদি বিভিন্নব্যক্তির বা বস্তুর দারা ক্রমিক উৎপন্ন হৈয় বলিয়া কেই বলেন, তাহা হইলেই বাস্তবিকপক্ষে সেই মতেই কৃতকারিতা দোষ হয়। यि একজাতীর মর্থক্রিয়াব্যক্তিগুলির বিভিন্ন অর্থক্রিয়া বিভিন্ন ব্যক্তির দারা সম্পাদিত হর, তাহা হইলে সেই হলে কৃতকারিতা দোব হয় না। আমরা এক দহস্র বস্ত্র তৈরারী করাইব, এই অবস্থায় আমরা যদি বিভিন্ন প্রত্যেক বস্ত্রের নির্মাণার্থ বিভিন্ন তন্তবায়কে নিয়োজ্বিত করি, তাহা হইলে কি তাহারা পরম্পর পরস্পরের সহকারী হয়? তাহা হয় না। কারণ, যাহার যে কাজ তাহা সে বিভিন্নভাবে করিয়া যাইতেছে। আমরা যদি একটা বিরাট্ লোহনির্মিত রোলারকে টানিবার বা উঠাইবার নিমিত্ত বহুলোককে নিয়োজিত করি, তাহা হইলে ঐ লোক-র্গুলি কি কৃতকারী হইন্না যায় ? তাহা হন্ত না। কারণ, একটা ক্রিয়াকেই সকলে মিলিরা একসঙ্গে করিতেছে। স্থতরাং, ভূম্যাদি ও বীজ ইহারা সকলে মিলিরা যদি একসঙ্গে (এককালে) অঙ্গুররূপ একটীমাত্র অর্থক্রিয়া সম্পাদন করে, তাহা হইলেও সমকালকারিত্বনিবন্ধন উহাদের ক্বতকারিতাদোষ হয় না। আর, যদি উহারা সমকালে বিভিন্ন অর্থক্রিয়া সম্পাদন করিয়া অঙ্গুরের সৃষ্টি করে,

তাহা হইলেও উহাদের পরম্পর সহকারিতাদোষ আসে না। অঙ্গুরস্ষ্টি করিতে , গিরা ভূমি তাহার কাজ করিরো বাইতেছে, জ্বল তাহার কাজ করিতেছে, বায় নিজ কর্ত্তব্য করিতেছে, তেজও নিজের বাহা কাজ তাহাই করিতেছে। এইভাবেই অঙ্গররূপ কাজটী হইরা গেল। ভূমাদির কেহ কাহারও সহকারী হইল না, বা একটী নিজের কাজে অপরের অপেক্ষাও রাখিল না। অতএব, একণে ইহা আমরা বেশ পরিদারভাবেই ব্রিতে পারিলাম যে, পূর্ব্বপক্ষীর আপত্তি সমীচীন হয় নাই।

রুশ্লন্থ বীজ ও অন্তাঙ্গণতাপর বীজ এতত্বভরের মধ্যে বীজত্ব রূপ ধর্মটী অবিশেষে থাকিলেও, কুশ্লন্থতাদশার উহা অহরের উৎপাদন করে না; পরস্ক, অন্তাজণতাদশার, অর্থাৎ কবিত ও জলাদির দ্বারা স্কুমংস্কুডক্ষেত্রহুতাদশার, উহা অহরের সমুৎপাদন করে বলিয়া আমরা সর্কাদাই দেখিতে পাই। স্কুতরাৎ, ইহা অব্শুই করনা করিতে হইবে যে, বীজ্ঞত্বের দ্বারা উভর বীজ তুলা হইলেও, অপর কোনও বিশেষ বা বৈলক্ষণা উহাদের আছে। অন্তথা, একত্র অমূর্বকারিত্রের অভাব ও অন্তত্র তৎকারিত্রের উপপত্তি হইবে না। এ যে বীজ্ঞারিত্রের অভাব ও অন্তত্র তৎকারিত্রের উপপত্তি হইবে না। এ যে বীজ্ঞারিত্রের অভাব ও অন্তত্র তহাকেই অনুরক্র্রেজপতা ও তদভাবরূপ পরস্পর্বহুইয়াছে এবং উহাই অনুরসামর্থ্য। এই যে কুর্বজ্ঞপতা ও তদভাবরূপ পরস্পর্বহুইয়াছে এবং উহাই অনুরসামর্থ্য। এই যে কুর্বজ্ঞপতা ও তদভাবরূপ পরস্পরহুইয়া যার। কার্যারপ লিম্নের দ্বারাই স্কুশ্লন্থ ও ক্ষেত্রন্থ বীজের পরস্পরতেদ প্রমাণিত হইয়া যার। কার্যারপ লিমের দ্বারাই সামর্থ্য বা কুর্বজ্ঞপতা অনুমিত হইয়া থাকে। বীজের কুশ্লন্থতাদশার অনুরক্রপ কার্যাটী নাই বলিয়াই এ অবস্থার থাকে। বীজ্ঞে অনুরক্রক্রপতা প্রমাণিত হইয়া থাকে। এজন্ত, এ অবস্থার অনুরাত্রক দশার অনুরক্রপ কার্যা সমুৎপন্ন হইয়া থাকে। এজন্ত, এ অবস্থার অনুরাত্রক যে কার্য্য, তাহাকে হেতু করিয়া উক্ত কুর্বজ্ঞপতাটী প্রমাণিত হইয়া যার।

কথিত সিদ্ধান্তের বিক্রমে বদি আপত্তি করা বায় বে, উভরবীজসাধারণ যে বীজত্বরূপ সর্ব্বসন্মত ধর্মটী, তাহাই অঙ্গুরামুক্লসামর্থ্য, তিওন অপর কোনও কুর্বজ্ঞপত্তাত্মক সামর্থ্য বীজে নাই। যদিও ঐ বীজত্বরূপ সামর্থ্যটী কুশ্লস্থতাদশতে বীজে আছে এবং ঐ অবস্থাতেও উহা অঙ্গুরোৎপাদনে সমর্থ ইহা সত্য, তথাপি অঙ্গুরের অপরাপর কারণগুলি, যথা সুসংস্কৃতক্ষেত্রাদি, তাহারা বীজের সহিত মিলিত হয় নাই বলিয়াই ঐ অবস্থায় অঙ্গুররূপ কার্য্যের

সমুৎপাদ হর না। অঙ্বরের প্রতি বীজের স্থায় ক্ষেত্রাদিও কারণ, তাহা ত বৌদ্ধ-মতেও স্বীকৃতই আছে। স্থতরাং, এইভাবেই যথন সকল সমস্থার সমাধান হইরা যার, তথন অভুরকুর্বজ্ঞপতারূপ বৈজাত্য-কল্পনার কোন অবকাশই নাই।

ক্ষণিকত্বনাদী ইহার উত্তরে বলিবেন যে, তাঁহারা যে কুশ্লস্থ বীজ ও অস্তাক্ষণতা-প্রাপ্ত বীজ এই উভরবিধ-বীজ-সাধারণ বীজত্বকে সামর্থ্য না বলিরা অস্তাক্ষণতাপ্রাপ্ত বীজব্যক্তিতে অঙ্কুর-কুর্মদ্রপত্বাত্মক বৈজ্ঞাত্যবিশেষ স্বীকার করিরা ঐ বৈজ্ঞাত্যকে সামর্থ্য বলিয়াছেন, ইহা বিলাসমাত্রই নহে; পরস্তু, ঐ প্রকার বৈজ্ঞাত্য অস্বীকার করিয়া বস্তর স্থিরত্ব স্বীকার করিলে কার্য্যকারণ-ভাবের অনুপপত্তি হয় বলিয়াই বৈজ্ঞাত্যকে সামর্থ্য বলা হইয়াছে এবং তদন্ধরোধে বস্তর ক্ষণিকত্ব স্বীকার করিতে হইয়াছে।

नमर्थ इरेश कात्रवश्विन कार्रमात नम्९लामरन दिनम् करत म्यथा छेरा करत ना এই দুইটা পক্ষ পরস্পার পরস্পারের অভাবাত্মক হওয়ায় কোনও তৃতীয় পক্ষ কল্পিভ হইতে পারে না। এজন্ম, আমাদিগকে উক্তপক্ষদ্বয়ের অন্তত্রপক্ষ অবশ্রই অবলম্বন করিতে হইবে। যদি দ্বিতীয় পক্ষ অবলম্বন করিয়া বলা যায় যে, সমর্থ হইরা কারণ কথনও কার্য্যোৎপাদে বিলম্ব করে না, সেহা হইলে আর প্রদর্শিত উভয়বিধবীজ্ঞ-দাধারণ বীজত্বকে দামর্থ্য বলিয়া বস্তুর স্থিরত্বপক্ষের সমর্থন করা বাইবে না; কারণ, বীজ্বত্বই যদি সামর্থ্য হয় এবং একটা বীজই অম্ব্রোৎপত্তির পূর্ব্বিক্ষণ পর্য্যন্ত স্থারী হয়, তাহা হইলে সমর্থ বীজেরও অঙ্কুরোৎ-পাদনে বিলম্বকারিত্বই স্বীকার করিতে হইল। কারণ, কুশ্লস্থতাদশাতে বীঞ্টী অঙ্ক রোৎপাদনে সমর্থ হইরাও অব্যবহিতপরক্ষণে অঙ্কুরের সমুৎপাদন করিল না; পরস্ত, উহা বছবিলম্বে ভূমিকর্ষণাদির পরে অঙ্কুরের সমুৎপাদন করিল। যাহাদের উপযুক্ত ক্ষেত্রে বপন করা হইল না, সেই বীজগুলি অন্ধুরের সমুৎপাদনে সমর্থ হইয়াও কুশ্লে থাকিয়াই বিনষ্ট হইয়া গেল, কথনও উহা আর সামর্থ্যামুযারী নিজের কাজ করিল না। স্থতরাং, যদি সমর্থ বীজ কথনও স্বকার্য্যে বিলম্ব করে না বলিয়া স্বীকার করা হয়, তাহা হইলে অবশুই স্বীকার করিতে হইবে ষে, কুশ্লস্থ বীজ ও উপযুক্ত ভূমিতে উপ্ত বীজ, ইংারা ব্যক্তিরূপে পৃথক্ পৃথক্ এবং কুশনত্থ বীজে অঙ্কুরোৎপাদন-সামর্থ্য নাই, ক্ষেত্রস্থ বীজে উহা আছে। এ বে ক্ষেত্রস্থ-বীজগত বিলক্ষণ সামর্থাটী, তাহাকে শাস্ত্রে অঙ্কুর-কুর্বজ্ঞপতা নামে পরিভাষিত করা হইয়াছে। এইপ্রকার হইলে আর সমর্থবীজের অন্ধুরোৎপাদনে বিলম্ব স্থীকার করিতে হইল না। কারণ, ক্ষেত্রন্থ যে বীজ ব্যক্তিটী অন্ধুরক্র্বজ্ঞাপতাপর, তাহা অব্যবহিতপরক্ষণে অন্ধুরের সমুৎপাদনরূপ অর্থক্রিয়া সম্পাদন করিয়া ঐ অন্ধুরোৎপত্তিক্ষণেই নিজে বিনষ্ট হইয়া গেল। বস্তুর বিনাশে স্থাতিরিক্ত কারণের অপেক্ষা না থাকায় বস্তুগুলি স্থোৎপত্তির অব্যবহিতপরক্ষণে, অর্থাৎ অর্থক্রিয়ার উৎপত্তিক্ষণে, বিনাশ-প্রাপ্ত হইবেই, অবিনাশী হইয়া স্থিতিলাভ করিছে পারিবে না, ইহা পূর্বের বলা হইয়াছে। স্কুতরাং, এক্ষণে ইহা আমরা পরিন্ধার ভাবেই ব্রিতে পারিলাম যে, সমর্থ হইয়া কারণগুলি কার্য্যের উৎপাদনে বিলম্ব করে না — যিনি এই পক্ষটী অবলম্বন করিবেন তাঁহাকে অবশ্যুই ক্ষণিকস্থবাদী হইতে হইবে।

আর, যদি পূর্বপক্ষী প্রাথমণক অবলম্বন করিয়া বলেন যে, সমর্থ হটয়াও
বস্তুগুলির স্বকার্য্যোৎপাদনে বিলম্ব করাই স্বভাব। এই মত গ্রহণ করিলে
অবশ্যই বস্তুর স্থিরত্বস্থীকারেও কোন বিরোধ উপস্থিত হটবে না। ইহারা
যদি কুশ্লস্থ ও ক্ষেত্রস্থ বীজের মধ্যে কোনও ভেদ স্বীকার না করেন
এবং বীজত্বরপ্র সাধারণধর্মকেই অন্ধরকারিসামর্থ্য বলিয়া মনে করেন,
তাহা হইলেও সমর্থ কারণের কার্য্যোৎপাদনে বিলম্বকারিত্বের কোনও ব্যাঘাত
হইবে না। বীজত্বরূপ সামর্থ্যের দ্বারা অন্ধরোৎপাদনে সমর্থ হইয়াও বীজ্ঞটী
যথন কুশ্লস্থতাদশায় অন্ধরের সমুৎপাদন করিল না এবং বহুপরে ক্ষেত্রস্থ হইয়া
উহা করিল, তথন সমর্থবীজের স্বকার্য্যকারিত্বে বিলম্বের কোনও হানি হইল না।

এইরপ হইলেও আমরা পূর্ব্ধপক্ষীর মতটিকে অভিনন্ধিত করিতে পারিতেছি না। কারণ, উক্তমতের দারা তাঁহার অভিপ্রায় ব্যাহত পারিতেছি না। কারণ, উক্তমতের দারা তাঁহার অভিপ্রায় বাহত হইবে বলিয়াই মনে হয়়। পূর্ব্ধপক্ষীর গূঢ় অভিপ্রায় এই য়ে, কারণগুলি যতক্ষণ পর্য্যস্ত না অপরাপর কারণনিচয়ের সহিত যুক্ত হয়়, ততক্ষণ পর্য্যস্ত কার্যাটী সম্পুপন্ন হইবে না। কিন্তু, অপরাপর কারণগুলি যেমন মিলিত হইবে তেমনই উহা অব্যবহিতপরক্ষণে স্বকার্য্যের সমুৎপাদন করিবে। সামগ্রী উপস্থিত হইলেও কার্য্যের উৎপত্তি হইবে না, ইহা তিনি মনে করেন না। প্রাদশিত অভিপ্রায় লইয়াই তিনি সমর্থ-কারণের বিলম্বকারিজ-স্বীকারে অগ্রসর হইয়াছেন। কিন্তু, তিনি ইহা ভাবিয়া দেখেন নাই য়ে, যাহার যাহা স্বভাব, তাহাকে সে পরিত্যাগ

করে না, স্বভাব-পরিত্যাগে বস্তুর বিগ্রমানতাই সম্ভব হর না। এইরপ হইলে সমর্থ কারণটা যথন অপরাপর কারণসমূহের সহিত মিলিত হইবে, তথনও কারণটা নিজস্বভাব বে বিলম্বকারিতা, তাহাকে লইরাই থাকিয়া বাইবে। তাহার স্বভাবকে সে আর পরিত্যাগ করিতে পারিবে না। স্রতরাং, আদৌ কোনও কার্য্য করাই আর তাহার দ্বারা সম্ভব হইবে না। কার্য্যোৎপাদনে সমর্থ হইরাও বিলম্বকারিতাস্বভাবের দোবে সে কেবল বিলম্বই করিতে থাকিবে। এক্ষণে ইহা আমরা বেশ বৃক্তিতে পারিলাম বে, সমর্থ কারণের বিলম্বকারিত্বরূপ স্বভাব স্বীকার করিরা বস্তুর স্থিরতে বিশ্বাস স্থাপন করা বার না। অতএব, অগভ্যা পূর্ব্বপক্ষীকেও সমর্থ কারণের স্বকার্যোৎপাদনে বিলম্ব না করাকেই স্বভাব বলিরা গ্রহণ করিতে হইবে। ঐরপ হইলে আর বীজ্বরূপ সাধারণধর্মকে সামর্থ্য বলা যাইবে না; কুর্বজ্বপথান্থক বৈজ্বাত্যকেই সামর্থ্য বলিতে হইবে। স্রতরাৎ, সামঞ্জস্তের মন্তরাধে তাঁহাকেও ক্ষণিকত্বেই বিশ্বাসী হইতেই হইবে।

পূর্ব্বপক্ষী যদি বর্তন যে, লামান্সতঃ-বিলম্ব-না-করা সমর্থ বস্তুর স্বভাব নহে; পরন্ত, অপরাপর কারণের সমবধানে কার্য্যোৎপাদনে বিলম্ব-না-করাই সমর্থ বস্তুর স্বভাব। এইরূপ হইলে বীজ্বাত্মক লাধারণধর্মকেই , অফুরজনন-সামর্থ্য বলা যাইতে পারে এবং বস্তুর স্থিরত্ববাদও উক্ত স্বভাবের সহিত বিরুদ্ধ হইবে না। কুশ্লস্থ এবং ক্ষেত্রস্থ বীজ অভিন্ন হইলেও এবং কুশ্লস্থতাদশার উহা অন্থ্রের সম্বাদনে সমর্থ হইরা ঐ অবস্থার অন্থরের সম্বাদন না করিলেও অন্থান্থ কারণনিচয়ের সমবধানে নিয়তভাবে অফুরোৎপাদন করার স্থিরত্ববাদেও প্রদর্শিত স্বভাবের হানি হইল না। স্থতরাং, উক্ত হভাবের সহিত যে স্থিরত্ববাদের কোনও বিরোধ নাই, ইহা পরিকারভাবেই বুঝা গেল।

তাহা হইলেও ক্ষণিকত্ববাদী বলিবেন যে, অস্তান্ত কারণনিচয়ের সমবধানে সমর্থবস্তর স্বকার্য্যোৎপাদনে বিলম্ব-না-করা-রূপ যে স্বভাবের কথা পূর্ব্বপক্ষী বলিরাছেন, তাহা স্বীকার করিতে তাঁহাদের কোনও আপত্তি নাই। কারণ, তাঁহারা বখন সামান্ততঃ-বিলম্ব-না-করাকেই স্বভাব বলিরাছেন তখন উহা তাঁহাদের পক্ষে ক্ষতিকর হইবে না। সমর্থ হইরা যাহা স্বকার্য্যোৎপাদনে বিলম্ব করে না, তাহা অস্তান্ত কারণের সমবধানে যে বিলম্ব করিবে না, তাহা সিদ্ধই আছে। সামান্তাভাবের অধিকরণে চিরকালই বিশেন্যাভাবগুলি থাকে। সামান্তাভাব ব্যাপ্য হওয়ার

সামান্তাভাব থাকিলে বিশেষ্যাভাব থাকিবেই। অন্তান্ত কারণনিচরের সমববানে কার্য্যোৎপাদনে বিলম্ব না করার পক্ষে যে আদে বিলম্ব-না-করাটী সামান্ততঃ অভাব, ইহা আর ব্যাথার অপেক্ষা রাথে না। কিন্তু তাঁহাদের পূর্বপক্ষীকে শামান্ততঃ-বিলম্ব-না-করা-রূপ যে স্বভাব, ভাহাও অবগুই স্বীকার করিতে হইবে। পরম্পারবিরুদ্ধ কোটিছরের মধ্যে যে অগ্যতর কোটি অবশ্য স্বীকার করিতে হয়, তাহা আমরা পূর্বেই বলিয়াছি। বিলম্ব-করা ও বিলম্ব-না-করা ইহারা পরস্পরবিরুদ্ধ। সমর্থ বস্তু হর বিলম্বকারী হইবে, না হয় ত বিলম্বকারী হইবে না। একটীকে অস্বীকার করিলেই ফলতঃ অন্তটীকে স্বীকার করা হইরা যায়। সমর্থ বস্তুর বিলম্বকারিত্বরূপ স্বভাব যে পূর্ব্বপক্ষী স্বীকার করিতে পারেন না, তাহা আমরা অনতিপূর্ব্বেই বলিয়াছি। স্ততরাং, ফলতঃ অবশিষ্ট বে সামান্ততঃ-বিলম্ব-না-করা-রূপ স্বভাবটী তাহা পূর্ব্বপক্ষীর পক্ষে অবশু স্বীকার্য্য হইয়া রহিল। অতএব, দেখা ঘাইতেছে যে, পূর্ব্নপক্ষী সমর্থ বস্তুর তুইটী স্বভাব স্বীকার করিলেন। একটা হইল অন্তান্ত কারণের সমবধানে বিলম্ব-না-করা, অপরটী হইল সামান্ততঃ-বিলম্ব-না-করা। এফণে পূর্ব্বপক্ষীকে এমনভাবে সামর্থ্যের নির্বাচন করিতে ইইবে, বদ্ধারা পূর্বস্বীকৃত স্বভাবদ্বরের সহিত সামর্থ্যের বিরোধ না হয়। এইরূপ হইলে পূর্ব্বপক্ষী আর বীজ্বরূপ সাধারণধর্মটীকে অঙ্গুর-জনন-সামর্থা বলিতে পারেন না। কারণ, উহাতে বিলম্ব-না-করা-রূপ যে পূর্ব্ব-স্বীকৃত স্বভাব, তাহা বিকৃদ্ধ হইয়া পড়ে। কুশ্লন্থ বীজ যথন সামর্থ্যযুক্ত হইয়াই কার্য্যাৎপাদনে বিলম্ব করিতেছে, তথন উহা ত আর সামাগুতঃ-বিলম্ব-না-করা-স্বভাব রহিল না। অথচ, বাধ্য হইয়াই পূর্ব্বপক্ষীকে উক্ত স্বভাবটী স্বীকার করিতে হইয়াছে। অতএব, ইচ্ছা না থাকিলেও কুর্ব্বদ্রপত্রপ বে বৈজাত্য, তাহাকেই সামর্থ্য বলিয়া স্বীকার করিতে আমাদের পূর্ব্বপক্ষী বাধ্য হইতেছেন। এইরপ হইলে কুশ্লস্থ ও অন্তাক্ষণতা-প্রাপ্ত বীব্দের ভেদ আসিয়া গেল এবং ভাবপদার্থও স্বভাবত; ক্ষণিকই হইয়া গেল। উক্ত সামর্থ্য কুশ্লস্থ বীজে না পাকার, উহা আর অঙ্কুরজননে সমর্থই হইল না; অন্তাক্ষণতা-প্রাপ্ত বীজই উক্ত সামর্থো সমর্থ হইল এবং কার্য্যোৎপাদে আদৌ বিলম্ব করিল না। এজন্ত, অক্তান্ত কারণনিচয়ের সমবধানেও উহা অবিলম্বকারীই হইল। এক্ষণে ইহা আর আমাদের বুঝিতে বাকী রহিল না যে, ভাববস্তুর ক্ষণিকত্ব-পক্ষই অবগ্রাই স্বীকার্য্য।

এতগুলি সৃদ্ধ যুক্তির অবতারণা সত্ত্বেও পূর্ব্বপক্ষী যদি বলেন বে, বিলম্ব-করা এবং না-করা এই ছই কোটির মধ্যে একটা কোটি যে অবশ্য স্বীকার্য্য তাহা তিনি জানেন। উক্ত কোটিদ্বরের মধ্যে বিলম্ব-করা কোটিটী তাহার স্বীকার্য্য এবং অপরটী হইতেছে, অপরাপরকারণ-নিচরের সমবধানে বিলম্ব-না-করা। এই ছইটী স্বভাব তিনি সমর্থভাব সম্বন্ধে স্বীকার করেন। অতএব, বৈজ্ঞাত্য-স্বীকারও নিপ্রয়োজন; ক্ষণিকত্ব-স্বীকারের ত প্রশ্নই উঠে না। বীজত্ব-রূপ সামর্থ্যে সমর্থ হইরাও কুশ্লস্থতাদশার বীজত্তনি স্বকার্যোৎপাদনে বিলম্ব-কারী এবং সুসংস্কৃতক্ষেত্রস্থতা-দশার উহা কারণনিচয়সমবধানে অবিলম্বকারী হইল। স্থতরাং, বৈজ্ঞাত্য ও ক্ষণিকত্ব-স্বীকারে বাধ্যবাধকতা ত প্রমাণিত হইল না।

ইহার উত্তরে ক্ষণিকত্বাদী বলিতে বাধ্য হইবেন যে, পূর্ম্পক্ষীর মতটী আপাততঃ মনোরম হইলেও উহাকে গারবান্ বলা বায় না। কারণ, পূর্মপক্ষী দশাবিশেষে স্বস্বীকৃত স্বভাবের পরিত্যাগ মানিরা লইতেছেন। অস্তান্ত কারণ-নিচয়ের সমব্ধানে সমর্থ বস্তুটী তাহার যে পূর্ম্বেকার বিলম্বকারিত্বরূপ স্বভাব তাহাকে পরিত্যাগ করিল। কারণ, পূর্ম্বপক্ষী স্বয়ং বলিতেছেন যে, তথন উহা বিলম্ব করে না। নানা স্বভাবের করনা করা অসম্পত নহে। পরস্তু, এমন ভাবে উহাদের করনা করিতে হয় বাহাতে একটা স্বভাবের স্থলে অপর স্বভাবটী পরিত্যক্ত না হয়। স্বভাবের পরিহারে যে বস্তুর অক্তিত্ব সম্ভব হয় না, তাহা পূর্মে বছবার বলা হইয়াছে। এক্ষণে পূর্ম্বপক্ষী বিচার করিরা দেখুন, তিনি বৈজ্ঞাত্য ও ক্ষণিকত্ব-স্বীকারে বাধ্য হইলেন কি না।

"পটঃ ক্ষণিকঃ সন্থাৎ" এই যে ক্ষণিকত্ব-সাধক অনুমান, ইহার বিরুদ্ধে যদি
নিম্নোক্তপ্রকারে আপত্তি করা যায় যে, উক্ত অনুমান কথনই বস্তুর ক্ষণিকত্বে
প্রমাণ হইতে পারে না। কারণ, উহা সপক্ষ ও বিপক্ষ এই উভয় হইতে
ব্যাবৃত্ত হওয়ায় অসাধারণ হইয়া গিয়াছে। স্থির বলিয়া যাহা কল্লিত হইবে,
তাহাই ক্ষণিকত্বের বিপক্ষ হইবে। ঐ কল্লিত বিপক্ষে যে সন্থটী থাকিতে পারে
না, তাহা ক্ষণিকত্ববাদী নিজেই বলিয়াছেন। যাহা অর্থক্রিয়াকারী হইবে,
তাহা হর ক্রমে অর্থক্রিয়াগুলির সম্পাদন করিবে, না হয় মুগপৎ উহা করিবে।
ক্রমকারিত্ব ও মুগপৎকারিত্ব এই ছইটী ভিন্ন ক্রিয়াকারিত্বের তৃতীয় কোন পক্ষ

সম্ভব হর না। স্থতরাং, ক্রমকারিত্ব ও যুগপংকারিত্ব এতদ্সতরটী সত্তের ব্যাপক হইয়া গিরাছে। বস্তু স্থির হইলে তাহা ক্রমকারীও হইতে পারে না, যুগপংকারী ত উহারা নহেই। অতএব, সত্ত্বের ব্যাপক যে উক্ত অন্ততর, তাহা বিপক্ষ স্থিরবস্তু হইতে ব্যাবৃত্ত হওয়ায়, ঐ অহাতরের ব্যাপ্য যে সত্ত্টী, তাহাও ঐ স্থিরাত্মক বিপক্ষ হইতে ব্যাবৃত্ত হইরা গিরাছে। ব্যাপকটী যাহা হইতে ব্যাবৃত্ত হয় ব্যাপ্যটি তাহা হইতে অবগ্রই ব্যাবত হইবে। এক্ষণে ইহা পরিষারভাবে বুঝা গেল যে, ক্ষণিকত্বরূপ সাধ্যের বিপক্ষ বলিয়া কল্লিত যে স্থিরবস্তু, তাহা হইতে সত্তরূপ হেতুটী ব্যাবৃত্ত হইয়া গিয়াছে। এইবার यদি উহাকে সপক্ষ বলিয়া গৃহীত যে অন্ত্যশন্দাত্মক ক্ষণিকবস্তুটী, তাহা হইতেও ব্যাবৃত্ত বলিয়া প্রমাণিত করা বার, তাহা হইলেই সপক্ষ ও বিপক্ষব্যাবৃত্তিবশতঃ সন্ত্রহেতুর অসাধারণত্ব সিদ্ধ হইগ্না বাইবে। অসাধারণ হইলে উহার দ্বারা আর ক্ষণিকত্বের অনুমান করা সম্ভব হইবে না। সম্বরূপ হেতুটী যে ক্ষণিকবস্ত হইতেও ব্যাবৃত্ত হইয়া যাইবে, তাহা আমরা নিম্নোক্ত বুক্তির সাহায্যে বুঝিতে পারি। যাহা বস্তু, তাহা হয় অর্থক্রিয়া সম্পাদনে অন্তসাপেক্ষ হইবে, না হয় অন্তনিরপেক্ষ হইবে। সাপেক্ষত্ব ও নিরপেক্ষত্ব ইহারা পরস্পার পরস্পারের বিরুদ্ধ বা অভাবাত্মক হওয়ায় তৃতীয় কোনও পক্ষ সম্ভব হইবে না। অতএব, সাপেক্ষত্ব ও নিরপেক্ষত্ব এতদগুতর সত্ত্বের ব্যাপক হইবে। সং হইলে হয় তাহা অন্তনিরপেক্ষভাবে অর্থক্রিয়া সম্পাদন করিবে, না হয় তাহা অন্তসাপেক্ষভাবে উহা করিবে। তৃতীয় কোনও প্রকার নাই। সত্ত্রে ব্যাপক এ যে অন্তত্ত্র, তাহা ক্ষণিকত্বপক্ষে সম্ভব হয় না। ক্ষণিকবস্তু যে অন্তসাপেক্ষভাবে অর্থক্রিয়া সম্পাদন করে না, ইহা ক্ষণিকত্ববাদী নিজেই স্বীকার করিয়াছেন। অবশিষ্ঠ যে অন্তানিরপেক্ষভাবে অর্থক্রিয়া সম্পাদন করা, তাহাও ক্ষণিকত্বপক্ষে সম্ভব হইবে না। বীজ যদি অন্তনিরপেক্ষভাবেই অঙ্কুরাত্মক অর্থক্রিয়ার সম্পাদন করিত, তাহা হইলে ভূমির কর্ষণ, বীঞ্চের বপন ও জল-সিঞ্চনাদির আবশ্যক থাকিত না। সুতরাং, কুর্বজ্পতাপন ক্ষণিকবীজ অগ্ত-নিয়পেক্ষভাবেই অর্থক্রিয়া সম্পাদন করে, ইহা বলা যায় না। সত্ত্বের ব্যাপক যে সাপেক্ষকারিত্ব ও নিরপেক্ষকারিত্ব এতদগুতর, তাহা ক্ষণিকবস্তুতে থাকিতে পারে না । স্তব্বের ব্যাপক যে উক্ত অন্ততর, তাহা যদি ক্ষণিকবস্ত হইতে ব্যাবৃত্ত হইয়া যায়, তাহা হইলে ব্যাপ্য যে সর্জপ হেতুটী, তাহাও নিশ্চিতই ঐ ক্ষণিক

বস্তু হইতে ব্যাবৃত্ত হইরা বাইবে। ব্যাপকের ব্যাবৃত্তিতে ব্যাপ্যের ব্যাবৃত্তি বে অবশুস্তাবী, তাহা পূর্বেই বলা হইরাছে। এক্ষণে ইহা আমরা বেশ স্পষ্ট ভাবে ব্বিতে পারিলাম যে, ক্ষণিকত্বরূপ সাধ্যের বিপক্ষ যে স্থির এবং উহার স্পক্ষ যে অস্ত্যশ্বদাত্মক ক্ষণিকবস্তু, তাহা হইতে ব্যাবৃত্ত হওরার স্বরূপ হে তুটী অসাধারণ্যক্রপ দোষে তুঠ হইরা গিরাছে। স্থতরাং, "পটঃ ক্ষণিকঃ স্বরাৎ, অত্যশ্বদাত্ম অনুমানের দ্বারা আর ক্ষণিকত্বের সাধন করা সন্তব হইল না।

তাহা হইলেও উত্তরে ক্ষণিকত্ববাদী বলিবেন বে, ক্ষণিকত্ব-সাধনে-সত্ব হেতুটী অসাধারণা দোবে তুই হর নাই। কারণ, উহা বিপক্ষ হইতে ব্যাবৃত্ত হইলেও সপক্ষ হইতে ব্যাবৃত্ত হয় নাই। সত্ত্বের ব্যাপক বে সাপেক্ষত্ব ও নিরপেক্ষত্ব এতদহ্যতর, তাহা ক্ষণিক পদার্থে অসম্ভাবিত নহে। উপকার সম্ভব না হওয়ার ক্ষণিক পদার্থের সাপেক্ষকারিত্ব সম্ভব না হইলেও, উহার নিরপেক্ষকারিত্ব অসম্ভব নহে। কুর্ব্বপদ্রতাপর বীজের হার কুর্বদ্রপতাপর বে কর্ষিত ভূম্যাদি তাহাদেরও অক্ষরজনকত্ব তুল্যভাবেই আছে। পৃথক্ পৃথক্ কারণগুলি মিলিত হইলেই অক্ষররূপ কার্য্যের উৎপত্তি হয়। এইজন্মই উহারা একত্র এককালে উপস্থিত হয়া অম্বররূপ কার্য্যটি করে। মিলিত হইরা কাজ করে ইহা দেখিয়াই প্র্বিপক্ষী এইগুলিকে পরম্পরসাপেক্ষ বলিতেছেন। বাস্তবিকপক্ষে স্বকার্যা-জননে ইহারা কেহই অন্যের সহারক হয় নাই। প্রত্যেকেই স্বতন্ত্রভাবে এক একটা অর্থক্রিয়া সম্পাদন করিতেছে। অতএব, ক্ষণিক পদার্থ হইতে নিরপেক্ষা-কারিস্থটী ব্যাবৃত্ত না হওয়ার উহা হইতে সত্ত্বের ব্যাবৃত্তি প্রমাণিত হয় না।

পূর্বের আলোচনার দারা ইহা আমরা জানিতে পারিয়াছি যে, একসম্পে উৎপন্ন একাধিক ক্ষণিক ভাব বা ধর্ম মিলিতভাবে একটা অর্থক্রিয়া সম্পাদন করে এবং ইহারা নিজ নিজ কার্য্যে একে অপরের অপেক্ষা রাথে না। অর্থাৎ কুশুলস্থ বীজ হইতে প্রতিক্ষণে ভিন্ন ভিন্ন বীজক্ষণগুলি একটা প্রবাহে সমুৎপন্ন হইতে লাগিল এবং কুশুল-দেশ হইতে কর্মিতক্ষেত্র পর্যান্ত, যে দীর্ঘ পথটা ইহার প্রত্যেক বিন্দৃতেই অনস্তরিতভাবে এক একটা করিয়া বীজক্ষণ উৎপন্ন হইল। এই বীজস্বানের অন্তর্গত যে অন্তর্গতিক্ষণটী তাহা (অর্থাৎ যাহার জনস্তরিত উত্তরক্ষণে অক্ষুর্তী সমুৎপন্ন হইলে, সেই বীজক্ষণটীই) অক্ষুর্ব-কুর্বিক্রপতারূপ বৈজ্ঞাত্য লইয়া সমুৎপন্ন হইল। এই যে অন্তর্গতিক্ষণটী ইহাও

স্থাবাহপতিত স্বাব্যবহিতপূর্ববর্ত্তী যে বীজ্ঞাপটী, (অর্থাৎ উপান্ত্য-বীজ্ঞাণটা) তাহা হইতেই সমুৎপন্ন হইরাছে। স্কতরাং, ঐ যে স্বসন্তানত্ত স্বাব্যবহিতপূর্ববর্ত্তী বীজ্ঞাণটা, উহাই উক্ত অন্ত্য-বীজ্ঞাণের কারণ হইবে এবং অন্ত্য-বীজ্ঞাণোৎপাদনে উহা নিরপেক্ষও ইইবেই। ঐ বীজ্ঞাণটা অন্ত্রজ্ঞাননে নিরপেক্ষ হইলে ফলতঃ ইহাই বুঝা গেল যে, উহা আর অন্ত্র জ্মাইবার নিমিত্ত ক্ষিত্ত ক্ষেত্র বা জলস্কানির অপেক্ষা রাখিল না এবং ঐ বীজ্ঞের পূর্ববর্ত্তী যে উপান্ত্য-বীজ্ঞাণটা, তাহা অন্তের অপেক্ষা না রাখিয়াই অন্ত্র-কুর্বজ্ঞাপতাপন্ন যে অন্ত্য-বীজ্ঞাণটা, তাছাকে সমুৎপাদিত করিল।

ইহার বিক্লকে যদি আপত্তি করা যায় যে, ক্ষণিকস্ববাদে আর অন্ধুরস্ষ্টির
নিমিত্ত কর্ষণ বা ক্ষেত্রাদি প্রয়োজন হইল না। কারণ, কুশ্লস্থ বীজগুলির
মধ্যে যে বীজক্ষণগুলিকে স্বস্বোৎপাদিত ক্ষণিকপ্রবাহে ক্ষেত্রস্থ করা যাইতে পারে,
এবং যে বীজপ্রবাহের অস্ত্য-বীজক্ষণটী কুর্বাদ্রপতাপন হইবে সেই বীজগুলি
কুশ্লে থাকিয়াই অন্তানিরপেক্ষভাবে স্বস্বোৎপাদিত ক্ষণিকপ্রবাহে অন্ধুরকুর্বিদ্রপতাপন যে অস্ত্য-বীজক্ষণটী, তাহার সৃষ্টি করিবে এবং উহা হইতে কুশ্লেই
অন্ধুরের সৃষ্টি হইতে পারে। স্কুতরাং, কর্ষণ, বপন ও ক্ষেত্রাদি নিপ্রােজন
হইয়া গেল।

তাহা হইলেও উত্তরে বলা যাইবে যে, পূর্ব্বপক্ষী যে আপত্তি করিয়াছেন তাহা সমীচীন হয় নাই। কারণ, যদিও ক্ষণিকত্ববাদ ও অমুভবের অমুরোধে কারণগুলির স্বস্বকার্য্যোৎপাদনে পরম্পরনিরপেক্ষতা স্বীকার করা হইরাছে ইহা সতা; তথাপি একটীমাত্র কারণের দ্বারাই কার্য্যের সমুৎপাদ স্বীকৃত হয় নাই; পরস্তু, কারণসমূহাত্মক যে সামত্রী, তাহাকেই অণিকত্বাদীরা কার্য্যের উৎপাদক বলিয়াছেন। স্বতরাং, ক্ষণিকত্বাদেও অঙ্কুরাদি কার্য্যের নিমিত্ত কর্ষণ, বপন, জ্বলাস্থিন ও ক্ষেত্রাদি নিশ্রয়োজন হইল না। ক্ষণিকত্বাদেও দৃষ্টাত্মসারেই কার্য্যকারণভাব কল্লিত হইয়া থাকে। ইহা দেখা যায় যে, বহুকাল শর্যান্ত কুশুলে পড়িয়া থাকিলেও বীজগুলি অঙ্কুরস্টি করে না, এবং ক্ষিত ক্ষেত্রে উপ্ত এবং জ্বলাদির দ্বারা সিঞ্চিত হইলে বীজগুলি অঙ্কুরাত্মক কার্য্যের সমূৎপাদন করে। স্বতরাং, অবয় ও ব্যতিরেকের দ্বারা ক্ষেত্র, বপদ ও জ্বলাদির অঙ্কুর-কারণতা প্রমাণিতই আছে। নিয়তপূর্ব্ববর্তিত্বই কারণতার স্বরূপ।

অন্ধ্রায়ক কার্য্যের প্রতি নিয়তপূর্ব্বর্তী হওয়ায় বীজের ন্যায় ক্ষেত্রাদিও অবশুই কারণ হইবে। কুশ্লস্থতা-কালে ঐ কারণগুলি না গাকায় বীজ গাকিলেও অন্ধুর হইবে না।

আরও কথা এ বে, কুশ্লস্থতা-দশায় এক. একটা বীজ হইতে যে ক্ষণিক বীজসন্তান হয়, তাহাতে কোনও বীজক্ষণই অঙ্কুর-কুর্মজ্রপতাপন্ন হয় না। বীজক্ষণকে অঙ্কুর-কুর্মজ্রপতাপন্ন ইইতে হইলে আবশ্রক যে কর্মণ, ক্ষেত্র ও জলস্মিলাদি কারণগুলি, ঐ দশান্ন তাহাদের সমবধান বা মেলন হয় না। অঙ্কুর-কুর্মজ্রপতাত্মক বৈজাত্য যে কেবল বীজেই হয় তাহা নহে, উহা বীজের ক্যান্ন কবিত ভূমিতেও হয়। ভূমিমাত্রই অঙ্কুরের কারণ নহে; পরস্ত্র, অঙ্কুর-কুর্মজ্রপতাত্মপ বৈজ্ঞাত্যাপন্ন যে ভূমি বা ক্ষেত্র, তাহাই অঙ্কুরের কারণ। পূর্ব্ব পূর্ব্ব ভূমিক্ষণ-মাত্রই উক্ত বিজ্ঞাতীয় ক্ষেত্র বা ভূমিক্ষণের প্রতি কারণ নহে; পরস্ত্র, পূর্ব্ববর্ত্তী ভূমিক্ষণের ক্যান্ন পূর্ব্বর্তী যে বীজক্ষণ, তাহাও ঐ বিজ্ঞাতীয় ভূমির প্রতি কারণ হইবে। প্রদর্শিত প্রণালীতেই ক্ষণিকত্ববাদে কার্য্যকারণভাবের কল্পনা করিতে হইবে। স্মৃত্রাং, পূর্ব্বপক্ষী যে আপত্তিটা ভূলিয়াছেন, তাহার বিশেষ কোনও মূল্য আছে বলিয়া ক্ষণিকত্ববাদী মনে করেন না।

ক্ষণিকত্ববাদে বীজাদি ক্ষণগুলির স্ব স্ব অর্থক্রিরাসম্পাদনে বিলম্বকারিছের চিন্তা সর্ববিগাই নিরবকাশ। স্বকার্য্যোৎপাদনে বিলম্ব করিতে হইলে উৎপাদক কারণগুলির অন্ততঃ পক্ষে ক্ষণদ্বর পর্য্যন্ত বিভ্যমানতা আবশুক হইবে। এইরূপ হইলে ভাবগুলির, অর্থাৎ বীজাদি বস্তুগুলির, দারা স্বোৎপত্তির তৃতারক্ষণে অন্ধরাদিকার্য্যের সমুৎপাদ সন্তব হইবে। অন্ধরাম্বক কার্য্যের অব্যবহিত পূর্বক্ষণটা বাজের পক্ষে দিতীর্ক্ষণ হইল এবং ঐ ক্ষণ পর্যান্ত বীজাটী বিভ্যমানই আছে। অন্ধ্রাম্বক কার্য্যের অব্যবহিত পূর্বক্ষণটা বিভ্যমান হওরাম্ন উহা অন্ধ্রের কারণ হইতে পারিল। এইরূপ হইলে বীজাদি ভাবগুলি ফলতঃ স্বকার্য্যোৎপাদনে বিলম্বকারী হইল। কারণ, প্রথমক্ষণে বিভ্যমান থাকিরাও উহা দিতীয়ক্ষণে কলোৎপাদন করিল না এবং ঐ দিতীয়ক্ষণেও উহা বিভ্যমান আছে। স্মৃতরাৎ, একণে ইহা আমরা ব্নিতে পারিলাম যে, কারণের কার্য্যোৎপাদে বিলম্বকারিতা স্বীকার করিলে আর ক্ষণিকত্ববাদী হওরা যায় না। পক্ষান্তরে, যাহারা ভাবের ক্ষণিকত্ববাদী হউবেন, তাহারা আর কারণের

বিলম্বক।রিত্ব স্বীকার করিতে পারিবেন না। কারণ, তাঁহারা ভাবের দিতীয়দ্মণে বিগ্রমানতাই স্বীকার করেন না। এইরূপ ভাবের অবিলম্বকারিত্ব স্বীকার করিলে আর উহাকে হির বলা বার না। কারণ, ভাবগুলি স্ব স্ব কার্য্যোৎপাদনে অবিলম্বকারী হইলে, যে যে ভাবের যাহা যাহা করিতে হইবে, তাহার সবগুলি কাজই সেই সেই ভাবগুলি নিজ নিজ দিতীয়দ্মণে করিয়া ফেলিবে, তৃতীয়দ্মণে করিবার মত অবশিষ্ট আর কিছু তাহাদের থাকিবে না। স্থতরাং, অর্থক্রিয়াশপাদন না করার দিতীয়দ্মণে উহাদের আর ভাবত বা সভাই থালি না। ভাবত বা সতা নাই, অথচ বস্তুটী বিগ্রমান — ইহা ব্যাহতবচন। অতএব, এক্ষণে ইহা আমরা ব্রিতে পারিতেছি যে, বিলম্বকারিত্ব-বাদে ভাববস্তুর যেমন ক্ষণিকত্ব সন্তব হর না, তেমন অবিলম্বকারিত্ব-বাদেও ভাবের আর স্থিরত্ব করনা করা যার না।

একণে আমাদিগকে বিচার করিয়া দেখিতে হইবে যে, ক্লিকত্বাদে অদ্র-কুর্বজ্রপত্বাদিরূপ বৈজ্ঞান্ত স্থীকারের প্রারোজন আছে কি না। বৈজ্ঞান্ত স্থাকার না করিলে -বীজ্বরূপ যে সাজ্ঞান্তা, তাহাই অম্বর্জননামুক্ল সামর্থ্য বা যোগ্যতা বলিয়া গৃহীত হইবে। বাজব্যক্তিগুলি প্রতিক্ষণে ভিন্ন ভিন্ন হইলেও উক্ত বীজ্বরূপ সাজ্ঞান্তাটী প্রত্যেক বাজে সমানভাবে থাকায়, কুশ্লস্থ বীজ্ঞ্জনটাও অম্বরজননে সমর্থ বা যোগ্য হইবে। কারণ, ঐ বীজ্বকেই অস্বরজনন-সামর্থ্য বা যোগ্যতা বলা হইয়ছে। স্কৃতরাং, কুশ্লস্থতা-দশাতেও বীজে অম্বরজনন-সামর্থ্য বা যোগ্যতা থাকায় ঐ অবস্থায়ও বীজ হইতে অম্বরোৎপত্তির আপত্তি হনিবার হইয়া পড়িবে। সমর্থ হইলে তাহা অবশ্রুই ফলোৎপাদন করিবে। কিন্তু, বাস্তবিকপক্ষে কুশ্লস্থ বাজ হইতে অম্বরূপ ফলের (অর্থাৎ কার্য্যের) সমুৎপাদ দেখা যান্ম না। অতএব, দর্শবীজ্ঞসাধারণ যে বীজ্বরূপ সাজাত্যটী তাহাকে অ্কুরকারি-সামর্থ্যরূপে গ্রহণ করা যার না।

যদি বলা বার যে, উভয়বাদীর সমত যে ঐ বীজ্বরূপ সাজাত্যটী, তাহাই অঙ্গুরকারী সামর্থ্য। কুশৃগস্থ বীজ্মণটী উক্ত সামর্থ্যে অঙ্গুরজননসমর্থ হইলেও ক্ষেত্রজ্ঞলাদিরূপ অপরাপর কারণগুলের ঐ স্থলে সমবধান নাই বলিয়াই উক্ত বীজ্ম হইতে অঙ্গুরোৎপাদ হয় না। বৈজ্ঞাত্য স্বীকার করিলেও ত সামগ্রীর ফলোৎশাদকতা অধীক্ষত হয় নাই।

তাহা হইলেও ক্ষণিকত্ববাদী বলিবেন লে, পুর্রূপক্ষীর বা একদেশীর কথা গ্রহণযোগ্য হর নাই। কারণ, বাহা স্বাব্যবহিত উত্তরক্ষণে অর্থক্রিয়া করে না, তাহাতেও অর্থ ক্রিয়াসামর্থ্য বা যোগ্যতা আছে বলিয়া তিনি মনে করিয়াছেন। একমাত্র ফলরূপ লিঙ্গের দারাই সামর্থ্য নির্ণীত হইয়া থাকে। স্কুতরাং, যাহা স্বাব্যবহিত উত্তরক্ষণে কার্য্যসম্পাদন করে না, তাহাতে কোনও প্রকারেই পামর্থ্য প্রমাণিত হইতে পারে না। আরও কণা তিনি বলিয়াছেন বে, বৈজ্ঞাত্য-বাদেও যথন সামগ্রীর কার্য্যজনকত্ব স্বীকৃতই আছে, তথন সমর্যস্থলেও ঐ সামগ্রীর অসমবধানে কার্য্যের অনুংপাদে কোনও ক্ষতি নাই। ইহাও পৃঠ্বপক্ষী না বৃঞ্জিয়াই বলিরা ফেলিরাছেন। কারণ, বাহারা কার্য্যোৎপত্তির অব্যবহিত প্রকলণে বিভয়ান থাকিবে, তাহাদিগকে অবগ্রহ কারণ বলিয়া স্বীকার করিতে হইবে। কার্য্যের নিয়তপূর্ব্ববর্ত্তিশ্বই কারণত্বের স্বরূপ। তত্তৎ কার্য্যের উৎপত্তি স্থলে একাধিক বস্তুকে নিমতপ্কবন্ধী হইতে দেখা যায় বলিয়াই উহাদের কারণত বীকৃত হইরাছে। এই অভিজ্ঞতা হইতেই সামগ্রীর কার্য্যোৎপাদকত্ব আসিরাতে। কিন্তু, ইহাতেও কোনও সমর্থ কারণের সামগ্রী-বৈকল্যে কার্য্যামুৎপাদকত্ব স্বীকৃত হর নাই। সেই স্থলেই কারণগুলিকে সমর্থ বলা হইরাছে থেছলে সকলগুলি কারণ একসঙ্গে মিলিত হইরাছে এবং অবশুই অব্যবহিত প্রক্রণে কার্য্যের উৎপত্তি হইরাছে। ইহা পুরের বলা হইরাছে যে, একমাত্র কার্য্যের দারাই সামর্থ্য নির্ণীত হর, অন্তভাবে উহার নির্ণয় হইতে পারে না। অভ্রেব, ইহা কোনও প্রকারেই বলা বাইতে পারে না যে, বীজানিরপ সাজাত্যগুলিই কার্য্যানুকৃল সামর্থ্য। বৈজ্ঞাত্যগুলিকে সামর্থ্য বলিলে আর সমর্থের কার্য্যোৎপাদনে বিলম্বের বা সমর্থ-হলে সামগ্রী-বৈকল্যের প্রশ্ন উঠে না। কারণ, সামগ্রীর অসমবধান বা কার্য্যোৎপাদের বিলম্বন্থলে সামর্থ্যকল্পনার প্রসঙ্গই নাই। অন্তা যে বীজক্ষণ, সামর্থাটী তাহাতেই থাকে কুশ্লস্থাদি বীজে থাকে না। অতএব, উহা কার্য্যের অব্যবহিত পূর্ববর্ত্তী যে ফণগুলি (অর্থাৎ ধর্মগুলি) তাহাতেই থাকিবে, অন্তত্র शांकित्व ना अवर मामाग्रास्परिक मामर्था वना वाहेत्व ना। अक्तरन हेहा व्यवहें প্রতীত হইতেছে যে, ক্ষণিকত্ববাদে বৈজ্ঞাত্যের কল্পনা অপরিহার্য্য।

কুর্নাদ্রপত্তরূপ কারণগত সামর্থ্যের খণ্ডন করিতে গিয়া কেহ কেহ বলিয়াছেন যে, বৈজ্ঞাত্যবাদীরা ধুমত্বাবচ্ছিন্নের প্রতি বহ্নিত্তাবচ্ছিন্ন কারণ, এইরূপে কার্য্য- কারণভাব করনা করিবেন না। পরন্ত, ধ্মত্বাবচ্ছিরের প্রতি ধ্ম-কুর্বজ্ঞপতাবচ্ছির কারণ, এইভাবেই কার্য্যকারণভাবের করনা করিবেন। এইরূপ হইলে আর ধ্মন্বরূপে ধ্মকে হেতু করিয়া বিজ্জ্বরূপে বহ্নির অন্তমান করা সন্তব হইবে না। কারণ, কার্য্যতাবচ্ছেদকর্ম্মাবচ্ছিয়ের দ্বারা কারণতাবচ্ছেদকর্ম্ম-প্রকারেই কারণের অন্তমান হইয়া থাকে। বহ্নিভ্রূপ র্ম্মটা ধ্মকারণভার অবচ্ছেদক হয় নাই; পরন্ত, ধ্ম-কুর্বজ্ঞপত্ররূপ যে বৈজ্ঞাভাবিশেষ, তাহাকেই ক্ষণিকত্ববাদীরা ধ্মকারণভার অবচ্ছেদক বিল্লাছেন। স্মৃতরাং, উক্তমতে "পর্বতা বহ্নিমান্ ধ্মাৎ" এইরূপে অন্তমানের প্ররোগ উপপন্ন হইবে না। কিন্তু, বাস্তবিকপক্ষে উক্ত আকারেই অন্তমানের প্ররোগ হইয়া থাকে। অত্তরের, উক্ত প্রকারে অন্তমানপ্রয়োগের যে অন্তমানের প্ররোগ হইয়া থাকে। অত্তরের, উক্ত প্রকারে অন্তমানপ্রয়োগের যে অন্তমানির অবচ্ছেদক বা কার্য্যান্তর্জ সামর্থ্য বলিরা করিত হইতে পারে না।

উত্তরে ক্ষণিকত্বাদীরা বলিবেন যে, কারণগত কার্যাজননসামর্থ্যরূপে কুর্বভ্রপত্তরূপ বৈজাতা স্বীকার করিলেও প্রদর্শিত অনুমান প্রয়োগের কোনও অমুপপত্তি নাই। কারণতার অবচ্ছেদক হউক বা না হউক, কার্যাতাবচ্ছেদকা-বচ্ছিন্নের প্রতি যে ধর্মটা ব্যাপকতার অবচ্ছেদক হইবে, তদ্ধপ্রকারেই অনুমান প্রযুক্ত হইবে। বহ্নিররূপ সাজাত্য বা সামান্যধর্মী ধ্মকারণতার অবচ্ছেদক না হুইলেও, ধুমত্বাবচ্ছিন্নের প্রতি উহা ব্যাপকতার অবচ্ছেদক হুইয়াছে। স্তরাং, আমাদের মতে "পর্কতো বহ্নিমান্ ধ্মাং" ইত্যাদি আকারে অমুমানপ্রয়োগের কোনও অনুপপত্তিই হয় না। ধৃমভাবচ্ছিলের ব্যাপ্কতার প্রতি যে বহ্নিস্করণ সাজাতাটী অবচ্ছেদক হইরাছে, তাহা অনার দেই ব্ঝা বায়। কারণ বহিত্তের অবাস্তর ধর্মারূপেই বহ্নিবিশেষে ধূম-কুর্ব্বদ্রপতারূপ বৈজাত্য স্বীকার করা হইয়াছে। স্তুত্রাং, ধুম-কুর্বত্রপত্তরূপ বৈজ্ঞাত্য লইয়া বহ্নি ধুমের ব্যাপক হয়, তাহা হইলে ঐ বৈন্ধাত্যের ব্যাপক যে বহুত্বরূপ সাজাত্যটী, তাহা অবশ্যই ধৃমত্বাবচ্ছিন্নের প্রতি ব্যাপকতার অবচ্ছেদক হইবে। অভিপ্রায় এই বে, বহিনিশেষে ধ্মজনন-বৈজাত্য দীকৃত হইলেও বহ্নিকে পরিত্যাগ করিয়া ধ্মের উৎপত্তি হর, ইহা ক্ষণিকত্ববাদীরা বলেন নাই। অতএব, পূর্কোক্ত আপত্তিটা নিতান্তই সারহীন হইয়াছে। একণে ইহা আমরা জানিতে পারিলাম যে ''পটঃ ক্ষণিকঃ সন্ত্রাৎ, অস্তাশক্ষবং'' এই অন্তর্যী অমুমানের দ্বারা পটাদি ভাববস্তুর ক্ষণিকত্ব প্রমাণিত হয়।

পঞ্চম পরিভেচ্দ

হেতুফলভাব

ভায় ও বৈশেষিক শাস্ত্রে বিশেষভাবে হেতুফলভাব বা কার্য্যকারণভাব আলোচিত হইরাছে। সেই সকল শাস্ত্রে "অগ্রথানিদ্বিশ্বত্তব-বিশিষ্ট কার্য্য-নিয়তপূর্ববর্ত্তির"কেই "কারণত্ব" বলা হইয়াছে। অর্থাৎ, যে কার্য্যের প্রতি যাহা অন্তপাসিদ্ধ নহে অথচ যে কার্য্যের বাহা নিয়তভাবে পূর্ববর্তী তাহাই সেই কার্য্যের, অর্থাৎ উৎপত্মান দেই বস্তুর, কারণ হইবে। আমরা উক্ত লক্ষণের দারা কারণত্বের কণিত স্বরূপই ব্ঝিতেছি।

অবশ্য বৈভাষিকমতে কারণত্বের স্বরূপে অনগ্রথাসিদ্ধি বা কার্য্য-নিয়ত-পূর্ববর্তিছের প্রবেশ নাই। কার্য্যবিশেবের এমন কারণ তাঁহারা স্বীকার করিয়াছেন, যাহা আদে সেই কার্য্যের পূর্ব্ববর্তীই হয় নাই। স্থতরাং, এই মতে কার্য্য-নিয়তপূর্মবর্ভিত্বকে কারণন্ডের লক্ষণ বলা যায় न। স্থলবিশেষে ইংবারা কার্য্যটী ভিন্ন অবশিষ্ট বস্তুমাত্রকেই সেই কার্য্যের কারণ বলিয়া সিদ্ধান্ত করিরাছেন। এজগুই এই মতে অনগুণাসিদ্ধবটী কারণত্বের অঙ্গ হইতে পারে না। যদিও তত্ত্বনিরূপণের ইহাই সাধারণ এবং প্রাসিদ্ধ রীতি যে, অগ্রে নিরূপণীয় তত্ত্বে সামাগ্রলক্ষণ করিয়া পরে লক্ষিত তত্ত্বের বিভাগ করিতে হয়, তথাপি প্রকৃতবিষয়ে আমরা বিপরীতক্রমেই প্রথমে কারণের বিভাগ করিয়া পরে কারণের সামান্তলক্ষণ করিব; অন্তথা সামান্তলক্ষণীকে ব্ঝিতে অসুবিধা श्रेट्य।

বৈভাষিকশাস্ত্রে কোনস্থলে "হেতু" এই নামের দ্বারা কারণের কণা বলা হইয়াছে এবং অন্তত্ত্র "প্রতায়" এই নামের দারা পুনরায় ঐ কারণের সম্বন্ধেই আলোচনা করা হইয়াছে। হেতু, প্রত্যয়, নিদান, কারণ, নিমিত, লিঙ্গ ও উপনিষৎ এই করেকটী বিভিন্ন পদকে বৈভাষিকশান্ত্রে পর্য্যায়শব্দ বলা হইয়াছে।°

১। হেতুঃ প্রত্যায়া নিদানং কারণং নিমিত্তং লিঙ্গমুপনিষদিতি পর্য্যায়াঃ। কোশস্থান ২, का ८३, क्रोशी।

স্তরাং, হেতু ও প্রতায় ইহারা উভরে পর্যারশন্দ হইলেও, বিভিন্ন তাৎপর্যা প্রতিপাদনের নিমিত্তই, ঐ ছইটী নাম দিয়া পৃথক্ পৃথক্ ভাবে কারণের আলোচনা করা হইয়াছে। পরে আমরা এই রহস্ত ব্রিতে পারিব।

হতু ছয় প্রকারে বিভক্ত — কারণ-হেতু, সহভূ-হেতু, সভাগ-হেত্, সম্প্রযুক্ত-হেতু সর্বত্রগ-হেতু ও বিপাক-হেতু।' আচার্য্য বস্থবন্ধ তাঁহার স্বনির্মিত অভিধর্মকোষে যে হেতুর ছয় প্রকার বিভাগ করিয়াছেন, তাহাতে এই প্রশ্ন উঠিয়াছিল যে, হেতুর প্রদর্শিত বিভাগ অসাম্প্রদায়িক। কারণ, মূলীভূত কোনও হ্রাদিতে সাক্ষান্তাবে হেতুর প্র প্রকার বিভাগ পাওয়া যার না। যাহা হত্রমূলক নহে, তাহা সাম্প্রদায়িক সিদ্ধান্ত হইতে পারে না। বস্থবন্ধর বিভাগের সমর্থন করিতে গিয়া যশোমিত প্রথমতঃ উত্তরে বলিরাছেন যে, অনেকানেক হত্র লুপ্ত হইয়া গিয়াছে। সকল অভিধর্মই হত্রের ব্যাখ্যা।' স্থতরাং, অভিধর্মমূলে ইহাই আমাদের স্বীকার করিতে হইবে যে, উক্ত বিভাগেরও মূলীভূত হত্র একনাছিল, অধুনা উহা লুপ্ত হইয়া গিয়াছে। এজন্য, অভিধর্ম হইতে প্রাপ্ত হওয়ার বস্থবন্ধ কত হেতুর ছয়প্রকার বিভাগ অসাম্প্রদারিক নহে। মূল হত্তগুলি যে ক্রমে লুপ্ত হইতে আম্রা জানিতে পারি।' প্রভৃতি প্রামাণিক অভিধর্মের পঙ্জিক হইতে আম্রা জানিতে পারি।' প্র গ্রন্থে কণিত হইয়াছে যে, পূর্বেশ শতসংখ্যক ধর্মের, অর্থাৎ তত্ত্বের, নির্দেশ ছিল, বর্ত্তমানে দশটী মাত্র ধর্মের নির্দেশ পাওয়া যায়।

এইভাবে হেতু-বিভাগের সমর্থন করিয়া যশোমিত পরে আবার স্থানের সমূলেথ করিয়াও ঐ বিভাগের সমর্থন করিয়াছেন। স্থাতরাং, এক্ষণে আমরা অনায়াসেই এই সিদ্ধান্ত করিতে পারি যে, বস্থুবন্ধুপ্রদর্শিত হেতুর ষড়্বিধ বিভাগ স্থান্থতই।

১। কারণং সহভূদৈচৰ সভাগঃ 'সম্প্রযুক্তকঃ। সর্বাত্রগো বিপাকাধ্যঃ ষড়্বিধো হেতুরিয়তে। কোশস্থান ২, কা ৪৯, স্ফুটার্থা।

২। সর্বোহি অভিধর্মঃ স্ত্রার্থঃ স্ত্রনিকবঃ স্ত্রব্যাথ্যানমিতি। ঐ।

৩। "আ শতান্ধমনির্দেশ আসীং। ইদানীত আ দশকাদ দৃগ্যন্ত।"—একোত্তরিকাগম। এ, স্ফুটার্থা।

৪। স্ত্রগুলি ক্টার্থান্তে উদ্ধৃত হইয়াছে। কৌশস্থান ২, কা ৪৯, ক্টার্থা।

কারণ-হেতু

একটি, সংস্কৃত বস্তুর পক্ষে সে নিজে ছাড়া অপরাপর যত বস্তু আছে, তেই। সংস্কৃতই ইউক বা অসংস্কৃতই ইউক) সেই সকলগুলি বস্তুই, অর্থাৎ কর্মই, ঐ সংস্কৃত বস্তুটীর পক্ষে কারণ-হেতু ইইবে। নখন কোনও একটা ঘট কার্যারূপে গৃহীত ইইবে, তখন ঐ ঘটটীকে বাদ দিয়া আর বাহা অবানিট রিছল সেই অসংখ্য বস্তুগুলি সবই ঐ ঘটটীর পক্ষে কারণ-হেতু ইইবে। কার্য্য ও কারণের মধ্যে পরম্পর-ভেদ থাকা আবশ্রুক বলিরা কোনও কিছুই নিজে নিজের কারণ বা কার্য্য ইইতে পারে না। এই জ্যুই কার্য্যটীকে বাদ দিয়া অন্তান্ত বস্তুগুলিকে ঐ কার্য্যর পক্ষে কারণ-হেতু বলা ইইয়াছে।

বদি আপত্তি করা যায় যে, ইহা নিতান্তই অস্বাভাবিক কথা যে, একটা কার্যোর প্রতি স্বভিন্ন বস্তুমাত্রই কারণ হয়। এইপ্রকার হইলে কেহ কোনও কংৰ্য্যই করিতে পারিবে না। এমন কোনও লোক নাই বিনি অনস্ত কারণের সংগ্রহ করিতে পারেন। তাহা হইলেও বৈভাষিক্ষত অবলম্বন করিয়া উত্তরে আমরা বলিতে পারি যে, উক্ত আপত্তি সমীচীন হয় নাই। করণ, অবিম্নভাবে অবস্থানের দারাই কারণহেতুষ্টা ব্যবস্থাপিত হইয়াছে। যে কার্য্যের উৎপত্তিতে যে যে বস্তগুলি বিঘ্র-সৃষ্টি না করিয়া অবস্থান করে, তাহাদিগকে সেই কার্য্যের কারণ-হেতু বলা হইয়াছে। বস্ততঃ কোনও একটী কার্য্য বথন উৎপন্ন হয়, তথন অপরাপর অনন্ত বস্তুই যে ঐ কার্য্যের উৎপত্তিতে বাধা-স্ষষ্টি করে না, ইহা অতি সত্য কথা। কারণ, কেহ বাধা-স্ষ্টি করিলে ঐ কার্য্যের উৎপত্তিই সম্ভব হইত না। স্বতরাং, উক্ত যুক্তিতে হাতিরিক্ত অনস্ত ে বস্তুর কারণ হেতুত্ব স্বীকারে কোনও অহাভাবিকতা নাই। কেহই অনন্ত কারণের দংগ্রহ করিতে পারে না বলিয়া যে দোষ প্রদর্শিত হইয়াছে, তাহাও নিতান্তই কল্পনিক। কারণ, বৈভাষিক সম্প্রদায় এমন কথা বলেন নাই যে, কোনও ক্ৰাৰ্য্যের উৎপত্তি হইতে গেলেই তাহাতে কোনও না কোনও লোককে স্ব কারণগুলি একস্থানে সংগ্রহ করিয়। দিতে হইবে। এই বে পর্বতে, নদ, নদী

^{্।} চকুঃ প্রতীত্য রূপাণি চোৎপত্যতে চকুর্বিজ্ঞানমিতি কারণস্তেতুঃ। জননাবিশ্বভাবেন ত্বে ব্যবস্থাপাতে। কোশস্থান, ২, কা ৪৯।

প্রভৃতি কার্য্যের সৃষ্টি হইরাছে, ইহাতে কারণগুলিকে সংগ্রহ করিতে ক্রোনও লোকই আদৌ আবশ্রুক হয় নাই। নিজ নিজ স্থানে থাকিয়াই বস্তুগুলি কারণ হইতে পারে, যদি তাহারা কার্য্যের উৎপাদে বাধা না দেয়। যিনি উপদ্রব করেন না তাঁহাকে অনেক ক্ষেত্রে আমরাও কারণরপে ব্যবহার করিয়া থাকি। গ্রামের প্রতিপত্তিশালী স্বামী যদি বাধা না দেন, তাহা হইলে আমরা ইহা বলিয়া থাকি — মহাশরের ক্বপাতেই আমাদের কাঙ্গুটী স্বস্পান্ন হইল। এমন কি থাহার উপদ্রব করিবার সামর্থ্য নাই, এমন লোক সম্বন্ধেও ইহা বলা হয় — আপনাদের কলের ইচ্ছাতেই আমাদের কার্য্য স্বস্পান্ন হইল। আর, এই প্রকার ব্যবহারের জন্ম বক্তৃগণ অপরাধীও হন না; বরং সত্যবাদিতা-নিবন্ধন তাঁহাদের সৌজ্যে বা বিনয়ই প্রকাশিত হয়। যদি ঐ প্রকার বলা ভ্রান্ত হইত, তাহা হইলে উহার দারা সৌজ্যে বা বিনয় প্রকটিত হইত না। স্কৃত্রাং, একণে ইহা আমরা বেশ বুঝিতে পারিলাম বে, একটী কার্য্যের প্রতি হাতিরিক্ত যাবৎ-বস্তুই কারণ-হেতৃ হইতে পরের।

উক্ত ব্যাখ্যাতে আপত্তি হইতে পারে যে, যদিও ঘট, পট প্রভৃতি কার্য্যের স্থলে ইহা বলা যার যে, স্বব্যতিরিক্তা বস্তুমাত্রই উহাদের উৎপত্তির সময় অবিম্নভাবে অবস্থান করে এবং তত্তৎ-কার্য্যাক্তি ভিন্ন অপরাপর যাবৎ-পদার্থেরই তত্তৎ-কার্য্য্যক্তির প্রতি কারণ-হেতুত্ব সম্ভব হইল ইহা সত্য, তথাপি সকল কার্য্যের ক্ষেত্রে ইহা সম্ভব হইবে না। অতএব, যে যে কার্য্য্যাক্তির ক্ষেত্রে স্বব্যতিরিক্ত যাবৎ-পদার্থের অবিম্নভাবে অবস্থান সম্ভব হইবে না, সেই সেই স্থলে অব্যাহিরিক্ত যাবৎ-পদার্থের অবিম্নভাবে অবস্থান সম্ভব হইবে না, সেই সেই স্থলে অব্যাহির হইবে। যে সকল পুদ্গলের, অর্থাৎ জীবের, দর্শন বা ভাবনামার্গ উৎপন্ন হইরাছে, তাহাদের রাগাদি অনুশরগুলি উৎপন্ন হয় না। কারণ, ঐ অনুশরগুলি পুর্কোৎপন্ন দর্শন ও ভাবনা মার্নের দারা বাধা-প্রাপ্ত হইমা গিয়াছে। আর, স্থর্য্যের উদয়ে আকান্দে নক্ষত্রাদি জ্যোতিক্ষগুলি দেখা যার না। কারণ, স্থর্য্যের উদয়ে আকান্দে নক্ষত্রাদি জ্যোতিক্ষগুলি দেখা যার না। কারণ, স্থ্য্যের কিরণ তত্তৎ-জ্যোতিক্ষদর্শনে বাধার স্পৃত্তি করে। এই প্রকার আরও অনেক দৃষ্টাস্ত হইতে পারে যে, অন্তের দারা বাধা-প্রাপ্ত হওমায় যাহাদের সেই সেই সময়ে উৎপত্তি হয় না। স্থতরাৎ, ইহা আমরা কোনও প্রকারেই বলিতে পারি না যে, তত্তৎ-রাগাদি কার্য্যের উৎপাদে তত্তৎ-রাগাদি কার্য্যের

করে বা তত্তং-জ্যোতিকদর্শন-রূপ কার্যাব্যক্তির উৎপাদে তত্তং-জ্যোতিকদর্শন-রূপ কার্যাভিন্ন অপরাপর বাবং-পদার্থ ই অবিম্নভাবে অবস্থান করে। বরং ঐ সকল কার্যোর ক্ষেত্রে এই প্রকার বলাই সঙ্গত হইবে যে, রাগাদি অনুশরের প্রতি তত্তং-রাঙ্গাদি এবং দর্শন-মার্গ ভিন্ন অপরাপর সকল পদার্থ ই কারণ-হেতৃ হর, অর্থাৎ অবিম্নভাবে অবস্থান করে। এই প্রকারে জ্যোতিকদর্শন-রূপ কার্যোর স্থানেও ইহাই বলিতে হটবে যে, তত্তং-জ্যোতিকদর্শন-রূপ কার্যোর প্রতি তত্তং-জ্যোতিকদর্শন এবং স্থ্যকিরণ, এই ত্ইটি ভিন্ন অপরাপর সকল পদার্থ ই কারণ-হেতৃ হর, অর্থাৎ অবিম্নভাবে অবস্থান করে।

ইহার উত্তরে বৈভাষিকমতানুসারে বলিতে আমরা পারি যে, পূর্ব্বপক্ষী কারণ-হেতুর তব সম্যগ্ভাবে অবধারণ করিতে পারেন নাই বলিয়াই পূর্ব্বোক্ত প্রকারে প্রত্যবস্থান করিয়াছেন। কারণ, উৎপত্তমান বস্তুর উৎপাদে স্বভিন্ন সকলবস্তু অবিঘ্রভাবে অবস্থান করে বলিয়াই যে-কোনও উৎপত্মান বস্তু সম্বন্ধেই স্বাতিরিক্ত তাবৎ-বস্তুকে কারণ-হেতু বলা হইয়াতে। যিনি দর্শন বা ভাবনা-মার্গ প্রাপ্ত হইরাছেন, তাঁহার ঐ প্রাপ্তির পরে আর রাগাদি উৎপন্ন হয় না। অভএব, ঐ ত্লের রাগাদি অনুশয়কে আমরা আর উৎপত্যন্তন কার্য্য বলিয়াই গ্রহণ করিতে পারি না। বেস্তলে প্রক্রতপক্ষেই রাগাদি উৎপন্ন হয়, সেই স্থলে উৎপত্যমান রাগাদি কার্যোর প্রতি স্বাতিরিক্ত বাবং-তত্ত্ব অবিপ্রভাবে অবস্থান করে বলিয়াই স্বীকার করিতে হইবে। অন্তথা, কেহ বিদ্ন করিলে উহাদের উৎপত্তিই বন্তব হটত না। জ্যোতিকদর্শনেও পূর্ব্বোক্ত যুক্তিতেই সাতিরিক্ত তাবং-তরের মবিম্নভাবে অবস্থান ব্ঝিতে হইবে। যে জ্যোতিম-দর্শনটীকে মনে করিয়া পূর্ব্বপক্ষী সূর্য্যকিরণের বাধাতে ভাহার উৎপত্তি হর না ব্রিয়াছেন, তাহা নিতাস্থই ভান্ত। কারণ, তাঁহার মনোগত জ্যোতিগ-দর্শনটা আদে উৎপত্যমান কার্য্যই নহে। কারণ, দিবালোকে জ্যোতিজ-দর্শনই পূর্ব্বপক্ষীর মনকে অধিকার করিয়াছে এবং দিবাভাগে নক্ষত্রাদির দর্শন আদৌ হয় না। বাস্তবিকপক্ষে বাহা উৎপত্তমান জ্যোতিদদর্শন, তাহার উৎপত্তিত বে, স্বাতিরিক্ত সকল তত্ত্বই অবিমূভাবে অবস্থান করে, তাহা নিঃসন্দিগ্ধ।

বৈভাষিক্মতকে দর্ব্বান্তিত্ববাদ বলিলে বর্ত্তমান বস্তুর স্থায় অতীত এবং আগামী বস্তুরও কারণ-হেতৃত্ব থাকিবে। কারণ, সর্ব্বান্তিত্ববাদে ধর্মের ত্রৈকালিক সং। স্বীকৃত হইরাছে। আর যদি বস্থবন্ধুর মতকে বৈভাষিকমত বলা যায়, তাহা হইলে বর্ত্তমান অধ্বাতেই বস্তুর কারণ-হেতৃত্ব স্বীকৃত হইবে। বস্তুবন্ধু অতীত বা আগামী অধ্বাতে বস্তুর সত্তা স্বীকার করেন নাই।

সহভূ, সভাগ প্রভৃতি যে অবশিষ্ঠ পাঁচ প্রকার হেতু, ভাহারা কারণ-হেতুর মধ্যেই প্রবিষ্ট থাকিবে। অর্থাৎ, যে তব্বগুলি কারণ-হেতু হইরাছে, তাহাদেরই মধ্যে কেহ সহভূ হইবে, কেহ বা সভাগ প্রভৃতি হেতু হইবে। বৈভাষিকমতে এমন কোনও তব্বই নাই বাহা কোনও কার্যাবিশেষের কারণ-হেতু না হইয়াও সেই কার্য্যের সহভূ বা সভাগাদি হেতু হইয়াছে। অতএব, বৈভাষিকমতে ত্বং-কার্য্যভিন্ন হইয়া তত্তং-কার্য্যের উৎপত্তির প্রতি অবিম্নভাবে অবস্থানই তত্তং-কার্য্যের সামান্ততঃ কারণের লক্ষণ হইবে। কার্য্যভেদে কারণগুলি ভিন্ন ভিন্ন হওয়ার, কারণের সামান্তলকণও কার্য্যভেদে ভিন্ন ভিন্নই হইবে। এই মতে এমন কোনও তব্বই স্বীকৃত নাই, যাহা আদৌ কোনও কার্য্যই কারণ হইবে না। আকাশ বা নিরোধ-রূপ অসংস্কৃতধর্ম কার্য্যমাত্রের প্রতিটি, অর্থাৎ উৎপত্তমান প্রত্যেক কারণ-হেতু হইবে; আর অবশিষ্ট যে সংস্কৃত-পর্ম্মগুলি, তাহাদের প্রত্যেকেই উৎপত্যমান অপর সংস্কৃতধর্ম্মের কারণ-হেতু হইবে। স্কুতরাং, এই মতে এমন কোনও হত্ত্ব হইবে। স্কুতরাং, এই মতে এমন কোনও বর্ম্মই, অর্থাৎ পদার্থই, থাকিল না, যাহা আদৌ কোনও কার্য্যেরই কারণ হয় নাই।

সহভু-হেতু

বে সকল সহস্থ (যুগপৎ উৎপন্ন) তত্ত্ব পরম্পর পরম্পরের ফল বলিরা বৌদ্ধশান্ত্রে কণিত হইরাছে, তাহারা একে অপরের সহস্থ-হেতু হইবে '। এই কথা এস্থলে আমাদের বিশেষভাবে মনে রাখিতে হইবে যে, যে সকল তত্ত্ব যুগপৎ উৎপন্ন তাহারা প্রত্যেকে সহস্থ হইলেও প্রত্যেকেই বে প্রত্যেকের সহস্থ-হেতু হইবে, তাহা নহে '। পরস্ক, সহস্থ-তত্ত্বগুলির মধ্যে যাহাদের পরম্পরফলত।

১। সহভূহেতুন্তে ধর্মা ভবস্তি যে ধর্মা মিগংফলা যে পরস্পরফলা ইত্যর্থ:। কোশস্থান ২, কা ৫০, স্ফুটার্মা।

२ । मिख धर्माः कििंद मञ्जूता नजू मञ्जूदर्जुः । ঐ ।

বৌদ্ধশাস্ত্রে কথিত হইরাছে, তাহারা প্রস্পার প্রস্পরের প্রতি সহভূ-হেতৃ হইবেই।
নীলালি রূপ বা মধ্রাদি রূদ, ইহারা ইহাদের আশ্ররীভূত পৃথিবাাদি-ভূতের সহিত
যুগপৎই উৎপন্ন হইরা থাকে। ইহারা প্রস্পের প্রস্পরের সহভূ হইলেও প্রস্পর
পরস্পরের সহভূ-হেতু হইবে না। কারণ, বৌদ্ধশান্তে ইহাদের প্রস্পরফলতা কথিত
হয় নাই । স্থলবিশেবে প্রস্পরফলতা না থাকিলেও একটিকে অপরের সহভূহতু বলা হইরাছে, কিন্তু অপরটিকে একটির শহভূ-হেতু বলা হয় নাই । এই
বিশেষ বিশেষ স্থলগুলি পরে প্রদর্শিত হইবে। ইহা একটি শাস্ত্রায় পারিভাষিক
হেতু; এজন্তা, কেবল বিচারের সাহায্যে এই সহভূ-হেতৃত্বকে আম্রা ব্নিতে
পারিব না। এই কারণেই সহভূ-হেতুর স্থলগুলি বগাশান্ত নিম্নে প্রদর্শিত হইতেতে।

প্রথমতঃ আমাদের ইহা মনে রাখিতে হইবে যে, আকাশাদি অসংস্কৃত-তত্ত্বগুলি সহভূ-হেতৃ হইবে না এবং সংস্কৃত-তত্ত্বগুলির প্রত্যেকটিই কোনও না কোনও কার্য্যের প্রতি সহভূ-হেতৃ হইবেই। সংস্কৃত-তত্ত্ব ও সহভূ-হেতৃত্ব ইহারা পরম্পর সমনিয়ত। কোন্ সংস্কৃত-তত্ত্বী কোন্ সংস্কৃত-তত্ত্বের সহভূ-হেতৃ হইবে, তাহা আমাদিগকে শাস্ত্রান্থসারেই নির্নারণ করিতে হইবে, কেবল বৃদ্ধির দ্বারা নহে।

বৈভাষিকমতে সংস্কৃত-তত্ত্বের জাতি অর্থাৎ উৎপত্তি, স্থিতি, জড়া ও অনিত্যতা — এই চারিটা লক্ষণ এবং জাতি-জাতি, স্থিতি-স্থিতি, জড়া-জড়াও অনিত্যতানিত্যতা — এইপ্রকার চারিটা অনুলক্ষণ স্বীকৃত হইয়াছে। নীল-পীতাদি সংস্কৃত-তত্ত্বগুলির প্রত্যেকেই স্বস্থ লক্ষণামূলক্ষণের সহিত উৎপন্ন হয়। সত্ত্যাং, সংস্কৃত-তত্ত্ব ও তাহাদের লক্ষণামূলক্ষণ, ইহারা পরম্পর সহভূ। সহভূ হুইলেও প্রত্যেকেই প্রত্যেকের সহভূ-হেতু হুইবে না।

পরন্ত, সংস্কৃত-তত্ত্ব ও তাহাদের জ্ঞাতি, স্থিতি প্রভৃতি লক্ষণ-চতুষ্টর, ইহারা পরস্পর সহভূ-হেতু। কিন্তু, জ্ঞাতি-জ্ঞাত্যাদি অমুলগণগুলি সংস্কৃত-তত্ত্বের সহভূ হুটলেও উহারা সংস্কৃত-তত্ত্বের সহভূ-হেতু নহে। জ্ঞাতি, স্থিতি প্রভৃতি যে সংস্কৃত-তত্ত্বের লক্ষণগুলি, ইহারা সংস্কৃত-তত্ত্বের অমুলক্ষণ যে জ্ঞাতি-জ্ঞাতি, স্থিতি-স্থিতি

>। তদ্ যণা নীলাছাপাদায় রূপং ভূতৈঃ সহভূর্তবতি, ন চাল্ফো২ফং সহভূহেতুরতোমিণঃফলা ইত্যর্থপরিগ্রহঃ। কোশস্থান ২, কা ৫•, ক্টোর্যা।

^{ু ।} বিনাপি চাল্ডোংস্ফলবেন ধর্মোংমুলকণানাং সহভূহেতুঃ, ন তানি তপ্ত ইত্যুপদংখ্যাতব্যম্। ঐ।

প্রভৃতি, তাহাদের সহিত পরম্পের সহভূ-হেতৃতাপন্ন। কারণ, অমুলক্ষণগুলি সংকৃতি-ধর্মের, অর্থাৎ নীলপীতাদিরূপ তত্ত্বের, লক্ষণ না হইলেও উহারা সংস্কৃত-তত্ত্বের লক্ষণ যে জ্বাতি-স্থিত্যাদি, তাহাদের প্রতি লক্ষণই হইয়াছে এবং বৈভাষিকমতে লক্ষণ ও লক্ষোর পরস্পার সহভূ-হেতৃত্ব সিদ্ধান্তিত আছে।

পূর্বের বে পরস্পর-ফলভাব-রহিত স্থলবিশেষেও একটি অপরটির সহভূহেতু হয় বলিয়া কথিত হইয়াছে, তাহা নিম্নোক্ত প্রকার হইবে। অমুলক্ষণগুলি নীলপীতাদি সংস্কৃত-ধর্ম্মের ফল হইলেও ঐ সংস্কৃত-ধর্মাগুলি অমুলক্ষণের ফল নহে। কারণ, শাস্ত্রে সংস্কৃত-তত্ত্বকে অমুলক্ষণের ফলকপে গণনা করা হয় নাই। এজন্ম, সংস্কৃত-ধর্মা ও তাহাদের অমুলক্ষণ, ইহারা পরস্পর-ফলভাবাপন্ন নহে। এইপ্রকার হইলেও শাস্ত্রে নীলপীতাদি সংস্কৃত-তত্ত্ত্ত্তিলিকে তাহাদের জাতি-জাত্যাদি অমুলক্ষণের প্রতি সহভূহেতু বলা হইয়াছে ।

এই প্রসঙ্গে একটি কথা বিশেষ করিয়া বলা আবশ্রক যে, সংস্কৃতবর্ষ ও তাহাদের জাত্যাদি চতুর্বিধ লক্ষণগুলির মধ্যে পরম্পর হেতুকলভাব থাকার তাহারা পরস্পর একে অপরের এবং অপরে একের সহভূ-কারণ হইবে ইহা সত্য; কিন্তু কর্মপ হইলেও লক্ষণগুলি পরম্পর পরম্পরের প্রতি সহভূ-কারণ হইবে না। কারণ, লক্ষণগুলি পরম্পরের সহভূ হইলেও উহাদের পরম্পরক্ষলতা শাস্ত্রে কথিত নাই। এই প্রকারেই লক্ষণামূলক্ষণের মধ্যেও সহভূ-হেতুতা বৃঝিতে হইবে। অর্থাৎ, লক্ষণ ও অমূলক্ষণের মধ্যে পরম্পর সহভূ-হেতুতা থাকিলেও অমূলক্ষণগুলির মধ্যে পরম্পর সহভূ-হেতুতা থাকিকে না। কারণ, অমূলক্ষণগুলির পরম্পরক্ষলতা শাস্তে কথিত হয় নাই । শাস্ত্রে গণিত কয়েকটা বিশেষ বিশেষ স্থলবাতীত বাহাদের মধ্যে মিথঃফলতা অর্থাৎ পরম্পর-ফলভাব নাই, সহভূত্ব থাকিলেও তাহাদের মধ্যে পরম্পর সহভূ-হেতুত্বী থাকিবে না বিশেষ বৃঝিতে হইবে। অবিকাংশ মধ্যে পরম্পর সহভূ-হেতুত্বটী থাকিবে না বিশেষ বৃঝিতে হইবে। অবিকাংশ

১। যথামূলক্ষণানাং নান্তি ধর্মে ব্যাপারঃ, কিং তর্হি, ধর্মে লক্ষণতা। অতো ন তেষাং হেতৃভাবো ধর্মে ইয়তে। তথা সম্প্রযুক্তেখেব তলক্ষণানাং ব্যাপারো ন চিত্তে ইতি ন তানি হেতৃভাবো ধর্মে ইয়তে। তথা সম্প্রক্রমিতি বহতৃহেতুর্ভবতীত্যপরেবামভিপ্রায়ঃ। কোশস্থান চিত্তত সহত্হেতু;, চিত্তং তু তেষাং রাজকর্মিতি বহতৃহেতুর্ভবতীত্যপরেবামভিপ্রায়ঃ। কোশস্থান হত্তিত সহত্তির ভাজাালির রাপারাও।

২। তানি চাতোভম্। তানি লক্ষণানুলক্ষণানি অভোভং সহত্নি জাতাাদিযু ব্যাপারাৎ। ন সহভূহতুনা হেতু:। ঐ।

ক্ষেত্রেই মিথঃফলতাটী সহস্তৃহেতুত্বের নিয়ামক হইবে এবং পদার্থ গুলির মিগঃফলতার নির্দ্দেশক হইবে শাস্ত্রবাক্য।

চৈত্র, অর্থাৎ বেদনাদি চিত্ত-সম্প্রযুক্ত ধর্মগুলি, ধ্যান-সম্বর ও অনাপ্রব-সম্বর এই তুই প্রকারের সম্বর, এবং ইহাদের ও চিত্তের বে ভাতি-স্থিত্যাদি চতুর্বিধ লক্ষণ, এই গুলিকে বৈভাষিকশান্ত্রে "চিত্তামুবর্ত্তী" > বলা হইরাছে। পূর্ব্বোক্ত বেদনা প্রভৃতি চৈত্যধর্ম গুলি, গ্যান-সম্বর ও অনাশ্রব-সম্বর, উহাদের লক্ষণ এবং চিত্তের শংস্কৃতলক্ষণ, এই ধর্মগুলির সকলেই কাল, ফল ও শুভতাদির দ্বারা চিত্তের অনুবর্ত্তন করে। কালের দারা চিত্তের অনুবর্ত্তন করে ইহার অর্থ এই বে, এইগুলি চিত্তের উৎপত্তিকালেই, অর্থাৎ চিত্তের সহিত যুগপৎ, উৎপন্ন হয়, স্থিত হয় এবং নিরুদ্ধ হইয়া যায়। স্কুতরাৎ, ইহারা কালের দ্বারা চিত্তের অন্তবর্তন করিয়া থাকে । সেই সেই চিত্তেরই উৎপাদাদি অবস্থাত্রর সম্ভব, যাহারা অতীত, বর্ত্তমান এবং অনাগত। কিন্তু, বাহা অনুপেত্তিধর্মা চিত্ত, অর্থাৎ অপ্রতিসংখ্যা-নিরোধপ্রাপ্ত হওয়ায় যে চিত্ত আদৌ উৎপন্নই হইবে না, সেই চিত্তকে অন্ত্রুপত্তিধর্মা বলা হয়। কিন্তু, চৈত্যাদি ধর্ম-গুলির কোনটীই উৎপাদ, স্থিতি বা নিরোধের দ্বারা উহাকে অমুবর্ত্তন করিতে পারে না। কারণ, ঐ চিত্তের কখনও উৎপাদাদি হইবে না। শাস্ত্রে ঐ প্রকার অমুৎপত্তি ধর্মা চিত্তকেও চৈত্তাদিধর্মগুলি অন্তবর্ত্তন করে বলিয়া স্বীকৃত আছে। একাধ্ব-পতিত হইরা চৈত্তাদি ধর্মগুলি ঐ প্রকার চিত্তকে অমুবর্ত্তন করে, ইহা বুঝিতে হইবে °। অর্থাৎ, ঐ চিত্তেরও থাহা স্বদম্বনী কাল তদীর লক্ষণাদিরও তাহাই স্বসম্বন্ধী কাল হইবে। এই অনুবৰ্ত্তন একসস্তান-পতিতের বুঝিতে হইবে। চিত্ত অনুৎপত্তিধর্মা হইলে তৎসম্বন্ধী চৈত্তও অবশ্রুই অন্তৎপত্তিধর্মা হইবে এবং তাহার সংস্কৃত লক্ষণ-গুলিও অনুৎপত্তিধর্ম্মাই হইবে। কালের দ্বারা ঐ ধর্মগুলি যেমন চিত্তের অনুবর্তন করে তেমন ফলের দ্বারাও উহারা চিত্তের অনুবর্তন করিয়া থাকে। অর্থাৎ, চিত্তের

 [।] চৈত্রা দ্বে সম্বর্গ্নে তেকাং চেত্রেরা লক্ষণানি চ। চিত্রানুপরিবর্ত্তিনঃ কালফলাদিশুক্তাদিভিঃ। কোশস্থান ২, কা ৫১।

২। কালতশুর্ভিরেকোৎপাদতয়া একস্থিতিতয়া একনিরোধতয়া একাধ্বপতিতত্বেন চেতি । কোশস্থান ২, কা ৪৯ স্ফুটার্থা।

[ু] অনুৎপত্তিধশ্মিনি হি চিত্তে তে চিত্তানুপরিবর্তিনঃ একাধ্বপতিতা ভবস্তি। ব একোৎপাদস্থিতিনিরোধা ইতি। তন্মাদেকাধ্বপতিতত্বং চতুর্থং কারণমূচাতে। ঐ।

যাহা পুরুষকার-ফল বা বিলংযোগফল চৈতাদিরও তাহাই পুরুষকার বা ্বিসংযোগফল। আর, নিষ্যন্দের দারাও ঐ চৈতাদি ধর্মগুলি চিত্তের অমুবর্তন করিয়া থাকে। অর্থাৎ, কুশল-চিত্তের যেমন কুশল-চিত্তান্তরই নিষ্যন্দ এবং অকুশলের বেমন অকুশলই নিধান, তেমন ঐ কুশল বা অকুশল চৈত্তই চিতাদির নিযান হইবে। উহাদের একবিপাকতাও এই প্রকারই ব্ঝিতে হইবে। এই ৰে চিত্ত ও চিত্তান্ত্ৰপরিবৰ্তী ধর্মগুলি, ইহারা পরম্পর পরম্পরের সহভূ-হেতৃ '।

সহভূত্হতুর সম্বন্ধে কেহ কেহ নিমোক্ত বিশেষব্যবস্থা স্বীকার করেন। জাতি-জাত্যাদি অমূলফণগুলির চিত্তাদি-ধর্মে কোনও ব্যাপার না থাকায় উহারা যেমন চিত্ত বা চৈত্তাদি-ধর্মের সহভূ-হেতু হয় না; পরস্ক, চিত্ত-চৈত্তাদি ধর্মগুলি ঐ অমুলক্ষণগুলির সহভূহেতু হয়; তেমন চৈত্তাদির যে জাত্যাদিলকণ, তাহা চৈত্তাদির সহভূতে তু হইলেও উহা চিত্তের সহভূতে তু হয় না; পরস্ত, চিত্ত সকলেরই সহভূ-হেতু হর। চিত্ত-সম্প্রযুক্তের লক্ষণ ও চিত্তসম্বন্ধে উক্ত বিশেষ-ব্যবস্থা কেহ কেহ বলিয়াছেন ।

এই বিশেষব্যবস্থা স্ফুটার্থাকার যশোমিত্র স্বীকার করেন নাই। চিত্তের সংস্কৃত-লক্ষণের স্থায় চিত্ত-সম্প্রযুক্তের সংস্কৃতলক্ষণগুলিকেও তিনি চিত্তের সহভূকারণ বলিয়া স্বীকার করিয়াছেন।"

সভাগ-হেতু

পূর্ব্ববর্তী যে সদৃশধর্ম তাহা উত্তরবর্তী সদৃশধর্মের সভাগ-হেতু হইয়া থাকে। এই স্থলে ইহাও জানা আবশ্যক যে, ফলটী কারণের বা বিশিষ্ট হইবে, ন্যুনধর্মটী সভাগ-হেতুর ফল হইবে না। অর্থাৎ, সদৃশ এবং পূর্ববর্ত্তী হইলেও, যাহা যাহা হইতে বিশিষ্ট, তাহা তাহার সভাগ-হেতু হইবে

১। কোশস্থান ২, কা ৫১, ক্ফুটার্থা।

২। সম্প্র্কেষেব তলক্ষণানাং ব্যাপারো ন চিত্তে ইতি ন তানি চিত্ত সহভূহেতুঃ। চিত্রং তেবাং রাজকলমিতি সহভূহেতুর্তবতীতি প্রেরামভিথারঃ। ক্যেশছান ২, কা ৪৯, স্ফুটার্থা।

৩। যথা তেরু সম্প্রমৃত্তেরু এতানি লক্ষণাণি সহভূহেতুস্তণা সংকায়নৃষ্টাবলীতি বৈভাবিকা-ভিপ্রায়ঃ। ঐ।

না। অতীত বা প্রত্যুৎপন্ন ধর্মই সভাগ-হেতু হইবে, অনাগত বা অনুৎপত্তি-ধর্মা বস্তু সভাগ-হেতু হইবে না।

সভাগ-হেত্র নিরামকরপে যে সাদৃশ্যের কথা বলা হইরাছে, তাহা কুশলহ, অকুশলত্ব বা ক্লিষ্টত্ব এবং অব্যাকৃতত্ব এই ধর্মাত্ররের অগ্রতম ধর্মা হইবে। অর্থাৎ, একটা কুশলধর্মা অপর একটা কুশলধর্মের সদৃশ হইবে, একটা অকুশল বা ক্লিষ্টধর্মা অপর একটা অকুশল বা ক্লিষ্ট ধর্মের সদৃশ হইবে এবং একটা অব্যাকৃতধর্মা অন্য একটা অব্যাকৃতধর্মের সদৃশ হইবে। তইটা চিত্ত বা চৈত্তের যদি একটা কুশল ও অপরটা অকুশল বা অব্যাকৃত হয়, তাহা হইলে চিত্তত্ব বা চৈত্তব-রূপ ধর্মা উভরে থাকিলেও পূর্মবিক্তা চিত্ত বা চৈত্তেটা পরবর্ত্তী চিত্ত বা চৈত্তের সভাগ-হেত্ হইবে না। পরন্ত, পূর্মবিটা চিত্ত হইরা পরবর্তীটা চৈত্ত হইলেও যদি উভরেই কুশল, অকুশল বা অব্যাকৃত হয়, তাহা হইলে পূর্মবিক্তা চিত্তটা পরবর্তী চৈত্তের সভাগ-হেত্ হইবে। স্কুতরাৎ, পূর্মেনিক্ত কুশলহাদি ধর্মাত্ররের অগ্রতম ধর্মাই সভাগ-হেতু হবে নাহাও কারণের সাদৃশ্য হইবে।

অকুশল এবং নির্তাব্যাকৃত এই ছই প্রকারের ধর্মই পরম্পর পরম্পরের সদৃশ হইবে। কারণ, সভাগ-হেতুবের ঘটকাভূত যে ক্লিষ্টর্দ্ধপ সাদৃশ্য, তাহা উভরত্তই বিশ্বমান আছে। অকুশলধর্মেও ষেমন ক্লেশের যোগ আছে, নির্তাব্যাকৃত ধর্মেও তেমনভাবেই ক্লেশের সম্বন্ধ আছে। স্থতরাং, পূর্ববর্ত্তী অকুশল ধর্মে পরবর্তী অকুশলধর্মের বা নির্তাব্যাকৃতধর্মের সভাগ-হেতু হইবে এবং পূর্ববর্ত্তী নির্তাব্যাকৃতধর্মের সভাগ-হেতু হইবে । ই অব্যাকৃতধর্মের পরবর্তী অব্যাকৃতধর্মের এবং অনির্তাব্যাকৃতধর্ম পরবর্তী অব্যাকৃতধর্মের এবং অনির্তাব্যাকৃতধর্ম পরবর্তী অব্যাকৃতধর্মের এবং অনির্তাব্যাকৃতধর্ম পরবর্তী অনির্তাব্যাকৃত ধর্মের সভাগ-হেতু হইবে।

একসন্তানবর্ত্তী যে পূর্ব্বোক্ত সাদৃশুযুক্ত ধর্মগুলি তাহাদের মধ্যেই সভাগ-হেতুখের ব্যবস্থা ব্ঝিতে হইবে। অব্যাক্তত্বাদি ধর্মের দ্বারা সদৃশ হইলেও ভিয়সন্তানস্থ ধর্ম সভাগ-হেতু হইবে না। যেমন, ভিয়সন্তানস্থ যে দক্ষিণ ও

১। নহি বিশিষ্টো ন্যুনগু সভাগহেতুরিয়তে। কোশস্থান ২, কা ৫২, স্ফুটার্থা।

২ । ক্লিষ্টা: ক্লিষ্টানামব্যাকৃত। অব্যাকৃতাশাম্। এ।

^{ু ।} অকুশলা নির্ভাব্যাকৃতানাং নির্ভাব্যাকৃতা-চাকুশলানাং সভাগহেতুরিতি দশিতং ভবতি। ঐ।

বাম তেদে ছইটা চক্ষ্রিক্রিয়, ইহারা উভয়েই অব্যাক্তয়রপ ধর্মের দ্বারা বদৃশ হইলেও, দক্ষিণ-চক্ষু বাম-চক্ষুর সভাগ-হেতু ইইবে না। একপ্রবাহ-পতিত দক্ষিণ-চক্ষুগুলির মধ্যে পূর্ব্ব দক্ষিণ-চক্ষুগুলি পর পর দক্ষিণ-চক্ষুর সভাগ-হেতু ' হইবে। অব্যাক্ষতয়্বধর্মটী উভয়ত্র সমানভাবে বিভ্যমান থাকিলেও একসন্তানম্থ নহে বলিয়াই ধান্ত যবের বা যব ধান্তের সভাগ-হেতু হইবে না এবং ছইটা ধান্ত-প্রবাহ বা ছইটী ধব-প্রবাহের মধ্যেও পূর্ব্ব পূর্ব্ব ধান্তক্ষণটা পর পর ধান্তক্ষণের বা পূর্ব্ব পূর্ব্ব ধবক্ষণ পর পর যবক্ষণের সভাগ-হেতু হইবে না। অতীত বা প্রত্যুৎপন্ন ধর্মই সভাগ-হেতু হয়, অনাগত ধর্ম বা অমংপত্তিধর্মা ধর্ম সভাগ-হেতু হয় না। অর্থাৎ, পূর্ব্বোংপন্ন বে অতীত সদৃশ ধর্মটী, তাহা পশ্চাৎ-উৎপন্ন অপর একটা অতীত সদৃশ ধর্মের সভাগ-হেতু হইতে পারে, ঐ অতীত ধর্ম পরবর্ত্তী প্রত্যুৎপন্ন ধর্মের সভাগ-হেতু হইতে পারে এবং ঐ অতীত ধর্ম পরবর্ত্তী অনাগত ধর্মের ও সভাগ-হেতু হইতে পারে এবং ঐ অতীত ধর্ম পরবর্ত্তী অনাগত ধর্মের ও সভাগ-হেতু হইতে পারে। কিয়, কোন অনাগত সদৃশ ধর্ম কোন অনাগত সদৃশ ধর্ম কোন

রূপাদি-স্বন্ধপঞ্চকের সবগুলি স্বব্ধই যদি অব্যাক্তত হয়, তাহা হইলে অব্যাক্তত্ব ধর্মের দ্বারা প্রত্যেক স্বন্ধই প্রত্যেক স্বন্ধের সদৃশ হওয়ায় পর পর রপাদি-স্বন্ধের প্রতি পূর্ব্ব রপাদি-স্বন্ধের এবং পর পর রপাদি-স্বন্ধের প্রতি পূর্ব্ব পূর্ব্ব বেদনাদি-স্বন্ধের সভাগ-হেতুত্বের আপত্তি হয়। কিন্তু, শাস্ত্রে রপস্বন্ধের প্রতি বেদনাদি-স্বন্ধের সভাগ-হেতুত্ব নিবিদ্ধ হইয়াছে। এলভ্য, এ আপত্তির নিরাসার্থ "সমবিশিষ্টয়োঃ" এই কারিকাংশের দ্বারা বম্মবন্ধ ন্যুনের প্রতি বিশিষ্টের সভাগ-হেতুত্ব নিবেধ করিয়াছেন। পূর্ব্ব পূর্ব্ব অব্যাক্তত রূপস্কন্ধ, পর পর অব্যাক্তত রূপস্কন্ধের প্রতি সভাগহেতু হইবে; কিন্তু, অবশিষ্ট যে বিজ্ঞানাদি-স্বন্ধচতুষ্টয় তাহা অব্যাক্ত রূপস্কন্ধের প্রতি সভাগহেতু হইবে না। কারণ, বিজ্ঞানাদি যে অবশিষ্ট স্বন্ধগুলি, তাহারা অব্যাক্ত রূপস্কন্ধ হইতে বিশিষ্ট। বিশিষ্ট ধর্ম ন্যুন ধর্মের প্রতি সভাগ-হেতু হয় না। আব্যাক্ত রেপস্কন্ধর উহা নাই। এজভ্য, অব্যাক্ত সংস্কারজনকত্ব আছে, কিন্তু, অব্যাক্ত রূপস্কন্ধের উহা নাই। এজভ্য, অব্যাক্ত ১ ব্রুলাহপ্রনাক্তরে ব্রম্বান এব সভাগহেতুবং নাভ্যমন্তানে জননশক্তভাবাদিতি

দর্শন্তি। কোশস্থান ২, কা ৫২, ক্ষ্টার্থা। ২। অব্যার্ততা রূপস্কলঃ পঞ্চানাং স্কলানাং সভাগত্তেতুঃ। চহারস্ত স্কলাঃ বেদন্দিয়ো ন রূপতা সভাগত্তেত্র্বিশিষ্টহাৎ। নহি বিশিষ্টো ন্যুনস্ত সভাগত্তেত্রিয়তে। ঐ

রূপস্তর্কটা অবশিষ্ট বিজ্ঞানাদি-শ্বন্ধচতুষ্টর হইতে নূন হইরাছে। আরও, রূপস্বন্ধ বদি কুশল বা অকুশল হর, তাহা হইলে তাদৃশ রূপস্বন্ধেরও আভিসংস্কারিক ব অবশুই থাকিবে এবং সদৃশ যে বিজ্ঞানাদি স্বন্ধচতুষ্টর, তাহাও তাদৃশ কুশল বা অকুশল রূপস্বন্ধের সভাগ-হেতু হইবে। কেবল অব্যাক্ত রূপস্বন্ধের প্রতিই অবশিষ্ট স্বন্ধচতুষ্টর সভাগ-হেতু হইবে না। এই সকল সিদ্ধান্ত বৃষ্ণিবার অনুকূলে বিশেষ কোনও যুক্তির অবতারণা করা যাইবে না, শাস্ত্রান্থসারেই এই তত্ত্ত্তালিকে বিশেষভাবে জানা আবশুক হইবে। অশ্রুথা, বৌদ্ধগ্রন্থপাঠে পদে পদে বাধার সন্মুখীন হইতে হইবে। বৌদ্ধাচার্য্যগণ এই সকল তত্ত্বের উপর সবিশেষ নির্ভর্গলি ছিলেন এবং তাঁহারা এইগুলির অনুসরণ করিয়াই গ্রন্থরচনা করিয়াছেন। স্ত্রাং, বৃষ্ণিতে পারা যার না মনে করিয়া, এইগুলিকে উপেক্ষা করা চলিবে না।

বৌদ্ধশান্তে যোনিজ্ঞ ও অওজ্ঞ দেহের গর্ভাবস্থা ও জাতাবস্থা এই ছই প্রকার প্রধান অবস্থার কথা বলা হইরাছে। গর্ভাবস্থাকে আবার কলল, অর্বুদ, পেনী, ঘন ও প্রশাথ এই পাঁচভাগে এবং জাত-অবস্থাকে বাল্য, কৌমার্য্য, যৌবন, মাধ্য ও বার্দ্ধক্য এই পাঁচভাগে বিভক্ত করা হইরাছে। স্কতরাং, মিলিতভাবে উক্ত দেহের ফলতঃ দশ্টী অবগ্গা হইল। এই দশ্প্রকার অবস্থার মধ্যে প্রথম ঘে কললাবস্থা, তাহা পরবর্ত্তী কললাবস্থা হইতে আরম্ভ করিয়া চরম বার্দ্ধক্যাবস্থা পর্যান্ত দশ্টী অবস্থার প্রত্যেকটার প্রতিই সভাগ-হেতু হইবে। অর্বুদ্ধ অবগ্রাটী কললাবস্থা ভিন্ন পরক্ষণবর্ত্তী অর্বুদাদি বার্দ্ধক্য পর্যান্ত নয়টী অবস্থার প্রতি সভাগ-হেতু হইবে। এই প্রকারে পূর্ব্ববর্ত্তী এক একটা অব্যা পরিত্যাগ করিয়া অ্যান্ত অবস্থাগুলিরও অপরাপর অবস্থার প্রতি সভাগ-হেতুত্ব বৃথিতে হইবে। বার্দ্ধকাবিগ্রা কেবল পরবর্ত্তী বার্দ্ধকান্তম্বান প্রতিই সভাগ-হেতু হইবে। একটী মানুষ মৃত্যুর পরে যদি আবার মনুষ্যজন্মই লাভ করে, তাহা হইলে পূর্ব্ববর্ত্তী মনুষ্যজন্মের যে চরম বার্দ্ধকাক্ষণটী, তাহা পরবর্ত্তী মনুষ্যজন্মের কললাদি দশ প্রকার অবস্থার প্রতিই সভাগ-হেতুত্ব বৃথিতে হইবে। এইভাবেই মাধ্যাদি অবস্থারও দশ প্রকার অবস্থার প্রতি সভাগ-হেতুত্ব বৃথিতে হইবে। পূর্ব্বাপর

>। কুশলাকুশলং তু রূপমাভিসংস্কারিকত্বাৎ সমং বিশিষ্টঞেতি চত্তারস্তম্ভ সভাগ-হেতুর্ভবন্তি। কোশস্থান ২, কা ৫২, স্ফুটার্থা।

হুইটী জন্মের মধ্যে নিকার-ছয়ের সভাগত্ব না থাকিলেও পূর্ব্ধপ্রদশিত প্রকারেই এক একটার অপহাসে ঐ দশাবদ্বার পরবর্ত্তী জন্মের দশাবদ্বার প্রতি সভাগ-হেতৃত্ব হুইবে। এইস্থলে ক্লিপ্টর ধর্মের দারা উক্ত অবস্থাগুলির পরম্পর সাদৃশু ব্রিতে হুইবে। এইপ্রকারে অতীত মহাভূতগুলিও অনাগত মহাভূতের প্রতি সভাগ-হেতৃ হুইবে; কারণ, যুগপদ-উৎপন্ন না হওয়ায় উহাদের সহভূ-হেতৃত্ব সম্ভব নহে; চিত্ত বা চৈত্ত না হওয়ায় সম্প্রক্ত-হেতুব্বের প্রসক্তি নাই; অসর্ব্বেগ বলিয়া সর্ব্বেগ-হেতৃ হুইবে না এবং অব্যাক্তত বলিয়া উহারা বিপাক-হেতৃও হুইতে পারিবে না। স্থতরাং, পরিশেষতঃ উহারা সভাগ-হেতৃই হুইবে। এইস্থলে অব্যাক্তত্বধর্মের দারা অতীত ও অনাগত ধর্মের পরম্পরসাদৃশ্য ব্রিতে হুইবে।

পূর্ব্বে ইহা আমরা বলিয়াছি যে, অনাগতাবস্থার কোনও ধর্মই সভাগহে হয় না। ইহাতে যদি শাস্তানুসারে আপত্তি করা যায় য়ে, অভিধর্মশায়ে
বলা হইয়ছে য়ে, যাহা হেতু, তাহা কোনও অবস্থার হেতু হইবে না,
ইহা অপসিদ্ধান্ত। স্কুতরাং, য়ে ধর্ম হেতু হইবে তাহা অয়-ত্রয়েই হেতু হইবে ।
অতএব, শাস্তান্ত্রশারে ইহাই সিদ্ধান্ত করিতে হয় য়ে, য়াহা সভাগ-হেতু অনাগত
অবস্থায়ও তাহা সভাগ-হেতু হইবেই। এজন্ত, অনাগত বা সভাগ-হেতু
হয় না ঈদৃশ উক্তি শাস্ত্রবিক্ষ। তাহা হইলেও আমরা উত্তরে বলিতে
পারি য়ে, অনাগতের সভাগ-হেতুই-নিমেধ শাস্ত্রবিক্ষ নহে। কারণ, শাস্তে
য়ে কালত্রয়ে হেতুরের কথন আছে, তাহা সামান্ততঃ। অতএব, অনাগত
ধর্মের সহভূ-হেতুর প্রভৃতি অন্তপ্রকার হেতুর অভিপ্রায়েই শাস্ত্রে এই কথা
বলা হইয়াছে য়ে, য়াহা হেতু তাহা কথনও, অর্থাৎ কোনও কালেই, অহেতু হইবে
না। অনাগত ধর্ম য়ে অনাগত সহভূধর্মের সহভূ-হেতু হয়, তাহা আমরা
প্রেই সহভূ-হেতুরের ব্যাখ্যাপ্রসঙ্গে বলিয়াছি।

এই যে অনাগতধর্ম সভাগ-হেতু হয় না বলিয়া সিদ্ধান্ত করা হইল, ইহার বিরুদ্ধে যদি আপত্তি করা যার যে, শাস্ত্রে অনাগত সৎকায়-দৃষ্টিকে 'স্থাপিত' বলা হইয়াছে এবং উহার ব্যাখ্যায় বলা হইয়াছে যে, যাহা স্থাপিত তাহা নিজে সৎকায়-দৃষ্টি হইতে জ্ঞাত এবং অপর সৎকায়-দৃষ্টির হেতু। এই যে অনাগত সৎকায়-

১। সহতুসম্প্রযুক্তকবিপাকহেত্বভিসন্ধিবচনাদদোবো ন কদাচিত্র হেতুরিভিবচনে।
কোশস্থান ২, কা ৫২, স্ফুটার্থা।

দৃষ্টিকে অপর সংকার-দৃষ্টির হেতু বলা হইরাছে, ইহা সহস্তৃ-হেতু বা সম্প্রযুক্তক-হেতু হইতে পারে না। কারণ, ছইটী সংকার-দৃষ্টি একসম্ভানে যুগপৎ হয় না। যুগপদ্-উৎপন্ন না হইলে তাহা সহস্তৃ বা সম্প্রযুক্তক-হেতু হয় না। অব্যাক্ত বলিরা ঐ অনাগত সংকার-দৃষ্টি কাহারও বিপাক-হেতু হইতে পারে না। কারণ, শাম্রে ব্যাক্ত ধর্মকেই বিপাক-হেতু বলা হইয়াছে। স্নতরাং, ঐ অনাগত সংকায়-দৃষ্টিটী ফলত: কারণ-হেতু, সর্ম্বান্ত্রগ-হেতু বা সভাগ-হেতুই হইবে। কারণ-হেতুইটী সকল হেতুর সাধারণ ধর্ম হওয়ায় কারণ-হেতুর সভাগ-হেতু হইতে কোনও বাধা নাই এবং সকল স্থলে সর্ম্বান্ত্রগ-হেতু হইলেই তাহা সভাগ-হেতু হইয়া থাকে। স্নতরাং, শাস্ত্রোক্ত ঐ অনাগত সংকায়দৃষ্টিরূপ হেতুটী যে অন্ত সংকায়-দৃষ্টির সভাগ-হেতু, তাহা অনায়াসেই ব্রা যায়ণ। অতএব, ইহা কিরপে বলা যাইতে পারে যে, অনাগত বস্তু সভাগ-হেতু হয় না।

তাহা হইলেও উত্তরে আমরা বলিব যে, ঐ অনাগত সৎকায়-দৃষ্টিটাকে ব্যাঞ্যাকার অপর সৎকায়-দৃষ্টির সভাগ-হেতু বলেন নাই। পরস্ক, শাস্ত্রে যে অনাগত সৎকায়-দৃষ্টিকে স্থাপিত বলা হইয়াছে, ঐ শাপিত বস্তুটা স্বয়ং সৎকায়-দৃষ্টি নহে; উহা সৎকায়-দৃষ্টি-সম্প্রযুক্ত বেদনাদি চৈত্তাত্মক বস্তু '। লক্ষণাবৃত্তিয় দারা ঐ তলে সৎকায়-দৃষ্টি পদটা তৎসম্প্রযুক্ত বেদনাদিরূপ চৈত্ত অর্থে প্রযুক্ত হইয়াছে। মতরাং, ব্যাখ্যাতে অনাগত সংকায়-দৃষ্টিকে নে স্থাপিতের হেতু বলা হইয়াছে, তাহা সহভূ-হেতু বা সম্প্রযুক্তক-হেতু অভিপ্রায়েই, সভাগ-হেতু অভিপ্রায়ে নহে। মতএব, ঐ শাস্ত্র এবং তাহার ব্যাখ্যাতে অনাগত সৎকায়-দৃষ্টিকে সভাগ-হেতু বলা হইয়াছে, ইহা মনে করা অসঙ্গত।

শাস্ত্রে অনাগতধর্ম সভাগ-হেতু হর না বলিরা নিদ্ধান্ত করা হইয়াছে। ইহার বিরুদ্ধে যদি আপত্তি করা যায় যে — প্রজ্ঞপ্তিশাস্ত্রের ভাষ্মে ধর্মগুলিকে চারি

[া] তদ্ যন্তনাগতো নৈব সভাগহেতুঃ কন্মাদনাগভা সংকামদৃষ্টিঃ স্থাপিতা। যদি স্থাপিতঃ তং সংকামদৃষ্টিহেতুকং সংকামদৃষ্টেশত হেতুরিতি ব্যাপাতম্। ন তাবং সহত্হেতুঃ সম্প্রকুকহেতু ব্যাস্থ্যতিই। ন কারণহেতুঃ সাধারণহেন অগণাস্মানহাং। পারিশেয়াং সভাগহেতুঃ স্ব্রগহেত্রী ভবন্তী ভবেং। ইই 5 সভাগহেতুরেব সর্ব্রগহেতুঃ। কোশস্থান ২, কা ৫২, ক্টার্থা।

২। সংকায়দৃষ্টিসম্প্রযুক্তকমেব স্থাপয়িতবাস্ নতু সংকায়দৃষ্টিঃ। তন্ধি বেদনাদিকং সহভূহেতুনা সম্প্রযুক্তকহেতুনা বা সংকায়দৃষ্টিহেতুকং সংকায়দৃষ্টেন্ড হেতুঃ। ন সভাগহেতুনা। ঐ।

প্রকারে নিয়ত বলা হইয়াছে; ধর্মগুলি হেত্তে নিয়ত, ফলে নিয়ত, আশ্রয়ে নিয়ত এবং আলম্বনে নিয়ত '। ধর্ম হেতৃতে নিয়ত এই কথার ইহাই তাৎপর্য্যার্থ नट हा, य धर्म य धर्मात एक हम जोशं कथन छ एन धर्मात व्यटकू इरेर ना ; পুরুত্ব, ত্রিকালেই তাহা সেই ধর্মের হেতু হইবে। যাহা ফল হয় তাহা কদাচিৎ তাহার ফন হয় না, এমন নহে; পরন্ত, কালত্র্যেই তাহা তাহার ফল হইবে। যাহা বাহার আশ্রম হয়, তাহা কণাচিৎ তাহার আশ্রম হয় না, এমন নহে; পুরুত্ব ত্রিকালেই তাহা সেই ধর্ম্মের আশ্রয় হয়। যাহা যাহার আলম্বন হয় তাহা কথনও বা আলম্বন হয় না, এমন নহে ; পরস্তু, কালত্রেই তাহা তাহার আলম্বন হয়। এইভাবে ধর্মগুলিকে চতুর্ধ। নিয়ত বলা হইয়াছে। বস্তুকে অনাগত অবস্থার সভাগ-হেতু না বলিয়া বর্ত্তমান বা অতীত অবস্থায় সভাগ-হেতু বলিলে, ফলতঃ প্রদর্শিত প্রজ্ঞপ্রিভায়োর সহিত ইহা বিরুদ্ধই হইর। গেল। কারণ, সভাগ-হে চুহের দ্বারা ধর্ম গুলি নিয়ত হইল না। ধর্ম গুলি কথনও, অর্থাৎ অতীত বা বর্তুমান অবস্থায়, সভাগ-হেতৃ হইল, কথনও বা হইল না ; অর্থাৎ অনাগত অবস্থায় উহারা আর সভাগ-হেতু হইণ না। স্ক্রাৎ, প্রজ্ঞপ্রিভাগ্যান্ম্পারে ইহাই আমরা বুঝিতে পারি যে, অনাগত অবস্থায় ক্ষণগুলি সভাগ-হেতু হয়। তাহা হইলেও উত্তরে আমরা বলিব যে অনাগত বস্তর সভাগ-হেতৃত্ব অস্বীকৃত হইলেও ইহা প্রজ্ঞপ্তি-ভাষ্যের বিরুদ্ধ হয় নাই। কারণ, সম্প্রযুক্তক-হেতুত্ব বা সহভূ-হেতুত্বকে লক্ষ্য করিরাই ভাষ্যকার ধর্মগুলির হেতুনিয়মের কথা বলিরাছেন । ধর্মগুলি উক্ত দ্বিবিধ হেতুষের স্থার সভাগ-হেতুষের দ্বারাও নিরতই হইবে ইহা ভাষ্যকারের অভিপ্রায় নহে।

যদিও ভাষ্যকার ধর্মগুলির সামাগ্যভাবে হেতু-নিম্বমের কথাই বলিরাছেন, বিশেষভাবে অমুক হেতুর দ্বারা নিয়ত এইরূপ বলেন নাই; তথাপি পূর্ব্বোক্ত কথিত ভাষ্যের অর্থসঙ্কোচের কারণ এই যে, সভাগ-হেতুর নিয়ালফলতা শাস্ত্র-সম্মত এবং অনাগত অবস্থায় ধর্মের পৌর্ব্বাপর্য্য দির্ণীত হইতে পারে নাও।

১। সর্বধর্মাশ্চতুকে নিয়ভাঃ হেতো ফলে আত্রয়ে আলম্বনে চ। কোশস্থান ২, কা ৫২,
শুটার্থা।

^{ু।} হেতুরত্র সম্প্রযুক্তকহেতু: সহভূহেতুক ন সভাগহেতু: সর্বত্রগহেতুর্বা। ঐ।

^{ু।} অনাগতাবস্থায়ামিদং পূর্বনিদং পশ্চিমমিতি ন পরিচ্ছিত্ততে বিপ্রকীর্ণহাং। ন চাস্তি প্রকাপরভাবে সদৃশঃ সদৃশগু নিয়ন্দো যুজ্যতে। ঐ।

দৃষ্টিকে অপর সৎকার-দৃষ্টির হেতু বলা হইয়াছে, ইহা সহভূ-হেতু বা সম্প্রযুক্তক-হেতু হইতে পারে না। কারণ, ছইটা সৎকার-দৃষ্টি একসন্তানে যুগপৎ হয় না। যুগপদ্-উৎপন্ন না হইলে তাহা সহভূ বা সম্প্রযুক্তক-হেতু হয় না। অব্যাকৃত বলিয়া ঐ অনাগত সৎকার-দৃষ্টি কাহারও বিপাক-হেতু হইতে পারে না। কারণ, শাস্ত্রে বাাকৃত ধর্মকেই বিপাক-হেতু বলা হইয়াছে। মতরাং, ঐ অনাগত সৎকায়-দৃষ্টিটী ফলত: কারণ-হেতু বলা হইয়াছে। মতরাং, ঐ অনাগত সৎকায়-দৃষ্টিটী ফলত: কারণ-হেতু, সর্বত্রগ-হেতু বা সভাগ-হেতুই হইবে। কারণ-হেতুইটা সকল হেতুর সাধারণ ধর্ম হওয়ার কারণ-হেতুর সভাগ-হেতু হইতে কোনও বাধা নাই এবং সকল হলে সর্বত্রগ-হেতু হইলেই তাহ। সভাগ-হেতু হইয়া থাকে। মতরাং, শাস্ত্রোক্ত ঐ অনাগত সৎকায়দৃষ্টিরূপ হেতুটা যে অস্ত্র সংকায়-দৃষ্টির সভাগ-হেতু, তাহা অনায়াসেই ব্য়া যায়ণ। অতএব, ইহা কিরূপে বলা যাইতে পারে যে, অনাগত বস্তু সভাগ-হেতু হয় না।

তাহা হইলেও উত্তরে আমরা বলিব যে, ঐ অনাগত সৎকায়-দৃষ্টিটাকে ব্যাগ্যাকার অপর সৎকায়-দৃষ্টির সভাগ-হেতৃ বলেন নাই। পরস্ক, শাস্ত্রে যে অনাগত সৎকায়-দৃষ্টিকে স্থাপিত বলা হইয়াছে, ঐ হাপিত বস্তুটা স্বয়ং সৎকায়-দৃষ্টি নহে; উহা সৎকায়-দৃষ্টি-সম্প্রযুক্ত বেদনাদি চৈতাত্মক বস্তু । লক্ষণাবৃত্তিয় দায়া ঐ হলে সৎকায়-দৃষ্টি পদটা তংসম্প্রযুক্ত বেদনাদিরূপ চৈত্ত অর্থে প্রযুক্ত হইয়াছে। মতরাং, ব্যাখ্যাতে অনাগত সংকায়-দৃষ্টিকে নে স্থাপিতের হেতু বলা হইয়াছে, তাহা সহভূ-হেতু বা সম্প্রযুক্তক-হেতু অভিপ্রায়েই, সভাগ-হেতু অভিপ্রায়ে নহে। মতএব, ঐ শাস্ত্র এবং তাহার ব্যাখ্যাতে অনাগত সৎকায়-দৃষ্টিকে সভাগ-হেতু বলা হইয়াছে, ইহা মনে করা অসম্পত।

শাস্ত্রে অনাগতধর্ম সভাগ-হেতু হয় না বলিয়া সিদ্ধান্ত করা হইয়াছে। ইহার বিৰুদ্ধে যদি আপত্তি করা যায় যে — প্রজ্ঞপ্রিশাস্ত্রের ভাষ্মে ধর্মগুলিকে চারি

১। তদ্ যতানাগতো নৈব সভাগহেতুঃ কম্মাদনাগতা সংকাষদৃষ্টিঃ স্থাপিতা। যদি স্থাপিতঃ তৎ সংকাষদৃষ্টিহেতুকং সংকাষদৃষ্টেশ্চ হেতুরিতি বাগগাতন্। ন তাবৎ সহভূহেতুঃ সম্প্রফুকহেতু বি সম্বতি অসহসূহাং। ন বিধাকহেত্রবাা চতহাং। ন কারণহেত্; সাধারণহেন অগণাস্মানহাং। পারিশেয়াং সভাগহেতুঃ সর্ব্বাহেত্রী ভবন্তী ভবেং। ইই চ সভাগহেতুরেব সর্ব্বাহেতুঃ। কোশস্থান ২, কা ২২, ক্ষুটার্থা।

নংকায়নৃষ্টিসম্প্রযুক্তকমেব স্থাপয়িতবান্ নতু সংকায়নৃষ্টিঃ। তদ্ধি বেদনাদিকং সম্ভূহেতুনা
সম্প্রযুক্তকহেতুনা বা সংকায়নৃষ্টিহেতুকং সংকায়নৃষ্টেশ্চ হেতুঃ। ন সভাগহেতুনা। ঐ।

প্রকারে নিয়ত বলা হইরাছে; ধর্মগুলি হেততে নিয়ত, ফলে নিয়ত, আশ্ররে নিয়ত এবং আলম্বনে নিয়ত । ধর্ম হেতুতে নিয়ত এই কথার ইহাই তাৎপর্য্যার্থ नाइ या, या धर्मा या धर्मात एकु इत्र कोश कथन अस्मित चारकु इटेरन ना ; পুরুত্ত, ত্রিকালেই তাহা সেই ধর্মের হেতু হইবে। যাহা ফল হয় তাহা কদাচিৎ তাহার ফল হয় না, এমন নহে ; পরস্ক, কালত্ররেই তাহা তাহার ফল হইবে। যাহা যাহার আশ্রয় হয়, তাহা কণাচিৎ তাহার আশ্রয় হয় না. এমন নহে: পরুর ত্রিকালেই তাহা সেই ধর্মের আশ্রয় হয়। যাহা যাহার আলম্বন হয় তাহা কখনও বা আলম্বন হয় না, এমন নহে ; পরস্তু, কালত্ররেই তাহা তাহার আলম্বন হয়। এইভাবে ধর্মগুলিকে চতুর্ধা নিয়ত বলা হইয়াছে। বস্তকে অনাগত অবস্থায় সভাগ-হেতু না বলিয়া বর্ত্তমান বা অতীত অবস্থায় সভাগ-হেতু বলিলে, ফলতঃ প্রদূশিত প্রজ্ঞপ্রিভায়োর সহিত ইহা বিরুদ্ধই হইয়া গেল। কারণ, সভাগ-হে হুত্তের দারা ধর্ম গুলি নিয়ত হইল না। ধর্ম গুলি কথন ৪, অর্থাৎ অতীত বা বর্ত্তমান অবস্থার, সভাগ-হেতু হইল, কথনও বা হইল না; অর্থাৎ অনাগত অবস্থার উহারা আর সভাগ-হেতু হইল না। স্ক্তরাং, প্রজ্ঞপ্রভাষ্যানুসারে ইহাই আমরা বুঝিতে পারি যে, 'নিনাগত অবস্থায় ক্ষণগুলি সভাগ-হেতু হয়। তাহা হইলেও উত্তরে আমরা বলিব যে অনাগত বস্তর সভাগ-হেতৃত্ব অস্বীকৃত হইগেও ইহা প্রজ্ঞপ্তি-ভাষ্যের বিরুদ্ধ হয় নাই। কারণ, সম্প্রযুক্তক-হেতৃত্ব বা সহভূ-হেতৃত্বকে লক্ষ্য করিরাই ভাষ্যকার ধর্মগুলির হেতুনিয়মের কথা বলিরাছেন । ধর্মগুলি উক্ত দ্বিবিধ হেতুত্বের স্থার সভাগ-হেতুত্বের দ্বারাও নিরতই হইবে ইহা ভাষ্যকারের অভিপ্রায় নহে।

যদিও ভাষ্যকার ধর্মগুলির সামাগ্যভাবে হেতু-নিম্নমের কথাই বলিয়াছেন, বিশেষভাবে অমুক হেতুর দ্বারা নিয়ত এইরূপ বলেন নাই; তথাপি পূর্ব্বোক্ত কথিত ভাষ্যের অর্থসঙ্কোচের কারণ এই যে, সভাগ-হেতুর নিম্যান্দফলত। শাস্ত্র-সম্মত এবং অনাগত অবস্থায় ধর্মের পৌর্ব্বাপর্য্য দির্ণীত হইতে পারে না°।

১। সর্পর্ধর্মাশ্রতুদ্ধে নিয়ন্তাঃ হেতো ফলে আশ্রয়ে আলম্বনে চ। কোশস্থান ২, কা ৫২, ক্টার্থা।

২। হেডুরত্র সম্প্রযুক্তকহেতুঃ সহভূহেতু দ সভাগহেতুঃ সর্বত্রগহেতুর্বা। 💩।

ত। অনাগতাবস্থায়ামিদং পূৰ্বমিদং পশ্চিমমিতি ৰ পরিভিছেততে ৰিপ্রকীর্ণছাং। ন চাস্তি পূৰ্বাপ্রভাবে সদৃশঃ সদৃশগু নিয়ন্দো যুজ্যতে। ঐ।

এজন্ত, অনাগতধর্মকে তৎপরবর্তী সদৃশধর্মর নিয়ালফলের দারা সফল বলা যায় না এং নিয়ালফলতা ব্যবহিত না হইলে তাহার সভাগ-হেতৃত্বও ব্যবহিত হইবে না। অতএব, উক্ত প্রজ্ঞপ্রিভায়োর 'ধর্মগুলি হেতৃতে নিয়ত' এই বাক্যাংশের 'ধর্মগুলি সহভূ ও সম্প্রযুক্ত হেতৃত্বের দারা নিয়ত' এইরপ অর্থ-সঙ্গোচ করিয়াই ব্যাখ্যা করিতে হইরাছে।

আর, সভাগ-হৈতু অবস্থার দ্বারাও ব্যবস্থিত; কেবল লক্ষণের দ্বারাই ব্যবস্থিত
নহে'। সভাগ-হেতুতে যেমন নিয়ান্দ-ফলতারূপ লক্ষণ থাকা আবশ্রুক, তেমন উহাতে
অতীততা বা প্রত্যুৎপদ্মতা-রূপ অবস্থাও থাকা আবশ্রুক। এলক্স, ব্যবস্থাপক
যে পূর্কোক্ত অবস্থা, তাহা না থাকায় অনাগতধর্ম্ম সভাগ-হেতু হইতে পারে না।
বিপাক প্রভৃতি অন্ত হেতুগুলি লক্ষণের দ্বারাই ব্যবস্থিত, অবস্থার দ্বারা নহে।
মতরাং, ব্যাক্ষত্ত্বরূপ লক্ষণ থাকিলেই তাহা বিপাক-হেতু হইবে। ব্যাক্ষত্ত্ব
থাকায় অনাগতধর্মও বিপাক-হেতু হইতে পারে। দ্বাহা নাহার লক্ষণ তাহা
ত্রিকালেই তাহাকে অনুবর্ত্তন করে। যে সংস্কৃতধর্মের প্রতি যাহা সভাগ-হেতু
হইবে, দ্রব্যরূপে তাহা ত্রিকালস্থারী হইলেও উহার যে সভাগ-হেতুত্বরূপ অবস্থা,
তাহা ত্রিকালস্থারী নহে। অতীত বা বর্ত্তমানতা-দশাতেই ধর্মে সভাগ-হেতুত্ব
থাকে, অনাগত অবস্থায় নহে। সর্কান্তিত্ববাদে দ্রব্যের অন্তথাভাব স্বীকৃত না
হইলেও অবস্থার অন্তথাভাব প্রতিক্ষণেই স্বীকৃত আছেও।

পূর্বেই ইহা বলা হইরাছে যে, হেতু ও ফলের একসস্তানবন্তিতা-হুলেই সভাগ-হেতুত্বের ব্যবস্থা আছে। এই প্রসঙ্গে ইহা অনারাসেই জ্বিজ্ঞান্ত হয় যে, ভূমিতেদে সভাগ-হেতুত্বের সম্ভাবনা আছে কিনা। ধর্ম সাত্রব হইলে স্বভূমিতেই সভাগ-হেতু হইবে, ভিন্ন ভূমিতে নহে। ধর্ম যদি অনাত্রব হয় তাহা হইলে ভূমিতেদেও এক ধর্ম ভূমান্তরস্থ ধর্মের সভাগ-হেতু হইতে পারে । সংস্কৃত-

>। অবস্থাব্যবস্থিত এব সভাগহেতু:। কোশস্থান ২, কা ৫২, ক্টার্থা।

২। লক্ষণবাবস্থিতন্ত বিপাকহেতুঃ। ঐ।

ইয়ত এব সভাগহেতোঃ সভাগহেত্ত্বাবহা পূর্বাং নাসীং ইদানীং ভবতীতি। ন তু দ্রবাং
বলকণং পূর্বাং নাসীদিদানীং ভবতীতি। ঐ।

৪। সাত্রবো হি ধর্মঃ স্বভূমিক এব সভাগহেতুর্নাগুভূমিকঃ। মার্গন্ত অশুভূমিকোংপি সভাগহেতুঃ। ঐ।

ধর্মগুলির মধ্যে কেবল মার্গসতাই অনাশ্রব, অহ্ন সংশ্বতধর্মই দাশ্রব। অহ্নভূমিক একটা মার্গও অপরভূমিক অহা একটা ধর্মের, অর্থাৎ কুশলধর্মের, সভাগহতু হইতে পারে। অর্থাৎ নব-ভূমিক মার্গই পরস্পর পরস্পরের সভাগ-হেতু হইতে
পারে। কেবল ন্যুনমার্গের প্রতি বিশিষ্টমার্গ সভাগ-হেতু হইবে না। কিন্তু,
ন্যুনমার্গটা বিশিষ্টমার্গের সভাগ-হেতু হইতে পারিবে। অনাগম্য, ধ্যানান্তর,
চারিপ্রকার ধ্যান ও তিনপ্রকার আরুণ্য — এই নম্বটা বৌদ্ধশান্ত্রে ভূমি নামে
কথিত হইয়াছে। এই সকল ভূমিতে বিহ্নমান যে দর্শন বা ভাবনা, সংক্ষেপে
তাহাকে মার্গসত্য বলা যায়।

সর্বত্রগ-হেডু

বাহা সর্ববিধ ক্লেশের মূলীভূত তাহাকেই বৌদ্ধশাস্ত্রে সর্বত্রগ কথার পরিভাষিত করা হইরাছে। সংকায়-দৃষ্টিকেই বৌদ্ধশাস্ত্রে মুখ্যভাবে সর্বত্রগ বলা হইয়াছে। সংসারে বতপ্রকারে ক্লেশ আছে তাহাদের প্রত্যেকের মূলেই সংকায়-দৃষ্টি রহিয়াছে। স্থতরাং, তাবং-ক্লেশের মূলরূপে আমরা সংকায়-দৃষ্টিকে সর্বব্রগ বলিয়া গ্রহণ করিতে পারি?।

পূর্ব্বোৎপন্ন যে সর্ব্বর্ত্তা অমুশ্য । অর্থাৎ সৎকান্ত্র-দৃষ্টি) যাহা অতীত বা প্রত্যুৎপন্ন, তাহা নিজ ভূমিতে উত্তরবর্ত্তী ক্লেশের (উহা অতীত, প্রত্যুৎপন্ন বা অনাগত যাহাই হউক না কেন) সর্ব্বর্গ-হেতু হইবে'। যদিও সভাগ-হেতুর দ্বারাই সর্ব্বর্ত্তা-হেতুর কাজ হইতে পারে ইহা সত্য, তথাপি কেবল ক্লেশের মূল্রপেই শাস্ত্রে পৃথগ্ভাবে ইহার উল্লেখ করা হইয়াছে'। অনাশ্রবধর্ম্মও সভাগ-হেতু হয়; কিন্তু, উহা সর্ব্বর্ত্তা-হেতু হয় না। ভূমিভেদেও অনাশ্রবধর্ম পরবর্ত্তী অনাশ্রবধর্মের সভাগ-হেতু হয়; কিন্তু, ভূমিভেদ হইলে সর্ব্বর্ত্তা-হেতু হয় না

বভূমিকাঃ পূর্ব্বোৎপন্না অতীতাঃ প্রত্যুৎপন্না বা সর্ব্বিত্রগা অমুশয়াঃ বিষ্টানাং বেশকভাবসম্প্রযুক্তসম্বানাং পশ্চিমানাং পশ্চাদতীতপ্রত্যুৎপন্নানামনাগতানাক সর্ব্বেগহেতুঃ । ঐ।

 [।] যশ্রাদয়ং সর্বক্রগহেতুঃ রিষ্টানামের সামাজ্যেন পঞ্চনিকায়ানামপি ভবতি, সভাগহেতুত্ত
রিষ্টানাঞ্চারিষ্টানাঞ্চ, তত্মাৎ পৃথগ্ ব্যবস্থাপাতে। ঐ।

এবং নিকার ভিন্ন হইলে, অর্থাৎ মন্তুম্মজনোর পরে পশু-জন্ম হইলে, পূর্ব্ববর্তী জনোর যে বার্দ্ধকানিস্থা, তাহা পরবর্তী পশুজনোর কললাদি গর্ভাবস্থা বা বাল্যাদি জাতাবস্থার প্রতি সভাগ-হেতু হর না; কারণ, নিকার পৃথক্ হইরা গোল। কিন্তু, পূর্ববর্তী মনুম্মজনোর যে সংকার-দৃষ্টি তাহা পরবর্তী পশুজনোও রাগাদি ক্লেশের প্রতি সর্বত্রিগ-হেতু হইরা থাকে'। এই সকল পার্থক্য থাকার সর্বত্রগ-হেতু সভাগ-হেতু হইতে পৃথগ্ভাবে নির্দিষ্ট হইরাছে।

দর্শন-মার্গ-প্রাপ্ত হইরা আর্য্য হইরাছে, ঐ মার্গ-প্রাপ্তির পূর্বর পর্যান্ত সে পৃথক্-জনই ছিল। আর্য্যন্ত-প্রাপ্তির নিমিত্ত এক্ষণে আর তাহার সংকার-দৃষ্টি-রূপ সর্বব্রেগ অন্তর্শয়টী নাই। কারণ, দর্শনমার্গের দ্বারা ঐ সর্বব্রেগ অন্তর্শয়টী তাহার পক্ষে প্রহীণ হইরা গিয়াছে। এইপ্রকার আর্য্যপুদ্গলেরও শৈক্ষ্যাবস্থার রাগাদি অন্তর্শয় থাকে। এই যে শৈক্ষ্য-আর্যাপুদ্গলের রাগাদি অন্তর্শয় থাকে। এই ফিজ্তাসার সমাধানে আমরা বলিব বে, পৃথগ্জনাবস্থার দেখা গিয়াছে যে, সংকার-দৃষ্টিরূপ সর্বব্রেগ-হেতু ভিয় রাগাদি অন্তর্শয় হর না; স্কতরাং সামান্ততো-দৃষ্ট অন্ত্রমানের দ্বারা ইহাই নির্দ্ধারিত হয় যে, শৈক্ষ্যাবস্থার রাগান্ত সংকার-দৃষ্টির দারা সর্বব্রেগ-হেতুকই হইবেং। বহুপূর্বের অতীত হইলেও পৃথগ্-জনাবস্থার সংকার-দৃষ্টি স্বীয় ব্যাপারের দ্বারা শৈক্ষ্যাবস্থারও রাগাদি অন্তর্শয়ের সমুৎপাদন করিয়া থাকে।

সম্প্রযুক্তক-হেতু

চিত্ত ও চৈত্য ইহারা একে অপরের সম্প্রযুক্তক-হেতু হইয়া থাকে°। কেবল পরম্পর-ফলতারূপ অর্থ গ্রহণ করিলে, ইহারা একে অন্তের সহভূ-

[া] এষাং হি দৰ্শব্ৰগানাং প্ৰভাবেণ অন্যনিকায়িকা অন্যনিকায়ভবাঃ ক্লেশা রাগাদয় উৎপদ্যন্তে। কোশস্থান ২, কা ৫৩, স্ফুটার্থা।

<sup>হ । দর্শনহেরিঃ সর্ব্বত্রতা বিনা পৃথগ্জনাবস্থায়াং ক্রিষ্টানামভাবাং তে তেয়াং হেতৃত্বেন
ব্বস্থিতা ইতি সামাগতে দৃষ্টাদমুমানাদ্ যক্ত চ যো হেতু র্ল কলাচিং স তন্ত ন হেতুরিতি এইীণা
অপি তে ক্রিষ্টানাং ধর্মাণাং হেতুত্বেন বাপদিগুতে । এ, টিগ্লনী ।</sup>

৩। চিন্তচৈতা এব সম্প্রক্তকহেতু:। এ।

(१००३ १२८४), मध्ययूक्टक-(१०० १२८४ ना। १४४४, मम, वर्गाए वक-প্রাোগতারপ, অর্থ অবলম্বনে ইহারা পরস্পার সম্পায়ুক্তক হেতু হইবে[?]। যেমন একই তীর্যাভিমুখে গমনকারী একদল পথিকের সমপ্রয়োগতা থাকে, অর্থাৎ উহাদের সকলেরই এক-অন্নে এক-পানে এক-শরনে এক-আসনে পরিভোগক্রিরার প্রয়োগ থাকে. এবং উহানা পরম্পর সম্পায়ক্তক হয়, তেমন চিত্ত ও চৈত্যের সমপ্রয়োগতা আছে। একটি চিক্তো সহভূ যে চৈত্রটা, তাহা ঐ চিত্তের আশ্রয়েই আশ্রিত, ঐ চিত্তের আলম্বনকেই অবলম্বন করে, ঐ চিত্তের আকারেই নিজে আকারিত হয় এবং ঐ চিত্তের উৎপত্তি-ক্ষণেই উৎপন্ন হইনা থাকে। এই ভাবে সমপ্রয়োগতা-অর্থে উহারা পরস্পার সম্প্রযুক্তক-হেতু হইবে। আশ্রয়, আলম্বন, আকার, কাল ও দ্রব্য — এই পাঁচটীর সমতার দারাই চিত্ত ও চৈত্তের সম্প্রধুক্তক-হে হুত্ব ব্যবস্থাপিত আছে। বিভিন্ন আকারের, বিভিন্ন কালের, বিভিন্ন আশ্রয়ের, বিভিন্ন <mark>আলম্বনের</mark> যে চিত্ত ও চৈত্ত, তাহাদের সম্প্রযুক্তক-হেতৃতা থাকিবে না। কারণ, পূর্ব্বকথিত সমপ্ররোগতা উহাদের নাই। আশ্রয়ভেদবশতঃ ভিন্ন সম্ভানে চিত্ত ও চৈত্তের সম্প্রবৃক্তক-ছেওুতা থাকিবে না। কারণ, পূর্বকিথিত সমপ্রয়োগতা উহাদের হইবে না।

বিপাক-হেতু

অকুশল-ধর্ম এবং সাম্রব-কুশল-ধর্ম ইহারাই বিপাক-ছেতু হইয়া থাকে, অনাত্রব বা অব্যাক্ত-ধর্ম বিপাক-ছেতু হয় নাও। তঃথে ধর্মজ্ঞানাদিরূপ যে অনাত্রব-ধর্ম, তাহা সারবান্ হইলেও তৃষ্ণাদির দ্বারা অভিয়ন্দিত হয় না বিপাক, অর্থাৎ বিসদৃশফল, জন্মাইতে পারে না। বীজ সারবান্ হইলেও যদি জলাদির দ্বারা অভিষিক্ত না হয়, তাহা হইলে উহা অফুরোৎপাদন করিতে পারে না। স্মৃতরাং, ইহা বৃষ্ধা যাইতেছে যে, সহকারি-কারণের বৈকল্য-

২। পঞ্চতিঃ সমতাতিঃ আশুলাল্যনাকারকালদ্রব্যসমতাতিঃ সম্প্রয়োগার্থেন সমপ্রবৃত্ত্যর্থেন সম্প্রযুক্তকহেত্য: এ।

৩। অকুশলাঃ কুশলদাশ্রবাশ্চেতি। তে বিপাকহেতুর্নানাশ্রবা ইতি। ঐ।

>। চিত্তং চৈত্তত্য ফলং চেত্তোহপি চিত্ততেতাতোত্যফলমিতি তেনার্থেন সহভূহেতুঃ। কোশস্থান ২, কা ৫৩, স্ফুটার্থা ঐ।

বশতঃই অনাশ্রব-ধর্মের বিপাক হর না। আর, অব্যাকৃত-ধর্ম তৃষ্ণাদির দারা অভিয়ান্দিত হইলেও গৃষ্ট বীজের ক্রায় অসার হওয়ায় বিপাক জন্মাইতে পারে না। বারংবার জলাদির দারা অভিবিক্ত হইয়াও অসার বীজ অঙ্কর জন্মায় না। অভএব, ব্যাকৃত যে সাশ্রব-ধর্মা, তাহা সারবান্ এবং হক্ষাদির দারা অভিয়ান্দিত হর বলিয়া উহাই বিপাক-হেতৃ হইবে। এইভাবে বিদি ব্যাকৃত-সাশ্রব-ধর্মাই বিপাক-হেতৃ হয় তাহা হইলে অব্যাকৃত-ধর্মাই হইবে উহার ফল। কারণ অব্যাকৃত্তত্বই ব্যাকৃত্তত্বের পক্ষে বিসদৃশ বা বিরুদ্ধ ধর্ম এবং বিসদৃশ ধর্মকেই বলা হয় বিপাক'।

বিপাক-হেতু একস্কন্ধক ও একম্বল হইতে পারে — যেমন, প্রাপ্তি ও জাতি প্রভৃতি। প্রাপ্তি ও জাত্যাদি ইহারা সংস্কারন্ধন্ধে প্রবিষ্ট আছে এবং প্রাপ্তিরও যাহা কল জাত্যাদিরও তাহাই ফল। স্থতরাং, ইহারা এক-স্কন্ধক ও এক-ফলক বিপাক হেতু। দ্বিস্ক্ষক একফলকও বিপাকহেতু হইতে পারে। বাক্কর্ম ও কায়কর্ম এবং ইহাদের জাত্যাদি—ইহারা দিস্কদ্ধক। শব্দাত্মক যে বাক্কর্ম্ম বা বাগ্বিজ্ঞপ্তি এবং সংস্থানাত্মক যে কারকর্ম বা কারবিজ্ঞপ্তি, ইহারা রূপস্কন্ধে প্রবিষ্ট আছে। ইহাদের যে জাত্যাদি তাহা সংস্কারম্বন্ধে প্রবিষ্ট আছে। স্কুতর্নং, বাক্কায়বিজ্ঞপ্তি ও তাহাদের জাত্যাদি ইহারা দিল্লক্ষক। বিজ্ঞপ্তিরও যাহা ফল তাহাদের জাত্যাদিরও তাহাই ফল। অতএব, উহারা দিস্কন্ধক ও একফলক বিপাক-হেতৃ। চতুঃস্কন্ধক একফলকও বিপাকহেতু হইতে পারে — যেমন কুশলসাম্রব ও অকুশল-চিত্ত-হৈত্ত ও তাহাদের জাত্যাদি। চিত্তগুলি বিজ্ঞানম্বন্ধে প্রবিষ্ট আছে এবং চৈত্তগুলি বেদনা ও সংজ্ঞান্ধন্ধে সংগৃহীত আছে, আর জাত্যাদি আছে কেবল শংস্কারস্কন্ধে প্রবিষ্ট। এজন্ম, উহারা চতুঃস্কন্ধক। চিত্তেরও যাহা ফল চৈত্যাদিরও তাহাই বিপাকফল, ৰদিও জাত্যাদিরও তাহাই বিপাক। ইহাদের পৃথক্ফলতা, ষ্মর্থাৎ পৃথগ্-বিপাকতা, বৌদ্ধসম্মত নহে। অতএব, উহারা চতুঃস্কাক ও একফলক বিপাক-হেতু।

কাম-ধাতৃতে পঞ্চমন্ধক ও একফলক কোনও বিপাক-হেতৃ হইতে পারে না। কারণ, কামধাতৃগত যে বাক্ ও কায়-বিজ্ঞপ্তি যাহা রূপস্কন্ধে সংগৃহীত আছে এবং

১। বিসদৃশঃ পাকো বিপাক ইতি। হেতো বিসদৃশং ফলমিতার্থঃ। কোশস্থান ২, কা ৫৩,

চিত্ত ও চৈত্তাদি ও তাহাদের জাত্যাদি, বাহারা বিজ্ঞানাদি স্বন্ধচতুইরে প্রশিষ্ট আছে, এই স্বন্ধপঞ্চকে সংগৃহীত পদার্থগুলি একফলক, অর্থাৎ একবিপাক, হইতে পারে না। কারণ, উক্ত বিজ্ঞপ্তি ও চিত্ত-চৈত্তাদি ইহা পৃথক্-ফলক। একপ্রকার বিপাক এবং চিক্টেভাদির অন্য প্রকার বিপাক শান্তে স্বীকৃত হইরাছে। রূপ বা আরূপ্য ধাতুতে পঞ্চম্বরুক ও একফলক বিপাক্তেত্ হইতে পারে। কারণ, অচিত্রক অবস্থায় বা সমাহিত চিত্তে যে চিত্তানুপরিবর্তী অবিজ্ঞপ্তি আসিরা উপস্থিত হয়, উহা রূপস্করেই সংগৃহীত হইবে এবং ঐ স্থলীয় চিত্র-চৈত্ত ও তাহাদের জাত্যাদি অবশিষ্ট স্বলচতুইয়ে সংগৃহীত হইবে। এই যে পঞ্চন্ধ-সংগৃহীত পদার্থগুলি, ইহার। একফলক। কারণ, চিত্ত-চৈত্ত ও আত্যাদির যে একবিপাকতা আছে, তাহা পূর্ব্বেই ক্ষিত হইয়াছে। এই স্থলের অবিজ্ঞপ্তি-রূপেরও চিত্তের বিপাকেই স্বিপাকতা হইবে। চিক্তামুপরিবর্ডী ধর্মের চিত্তবিপাকতা ছাড়া অন্তবিপাকতা শাস্তে স্বীকৃত হর নাই। কোনও ধাতুতেই, অর্থাৎ কামরূপ বা আরূপাধাতুর কোনও ধাতুতেই, ত্রিস্কন্ধক ও একফলক বিপাক-হেতৃ হইতে পারে না। কারণ, চিত্ত থাকিলেই চৈত্র ও তাহাদের জাত্যাদি থাকিবে। স্থতরাং, চতুঃস্কন্ধ, অথবা বিজ্ঞপ্তি, থাকিলে পঞ্চত্তর হইয়া যাইবে। স্থতরাৎ, ত্রিস্কন্ধক ও একফলক কোনও বিপাক-ছেত্ থাকিতে পারে না। অসংজ্ঞিকসমাপত্তিস্থলে প্রাপ্তি ও জাত্যাদি এই দ্বিস্কর্ক একফলক বিপাক-হেতু হইবে। ঐ স্থলে চিত্ত, প্রাপ্তি ও জাত্যাদি এইগুলির মধ্যে চিত্ত বিজ্ঞানস্কন্ধে প্রবিষ্ট এবং প্রাপ্তি ও জাত্যাদি সংস্কারস্কন্ধে প্রবিষ্ট আছে। যদিও চিত্ত থাকিলেই চৈত্ত থাকে, ইহা বৈভাষিক সিদ্ধান্ত, তথাপি অসংজ্ঞিক-সমাপত্তিস্থলীর চৈত্তগুলি সংস্কারস্করেই প্রবিষ্ট থাকিবে; ঐ সকল চৈত্তের বেদনা-স্বন্ধে প্রবেশ হইবে না। উৎপত্তিলাভিক যে অসংজ্ঞিকতা, তাহা সাস্ত্রব-কুশলধর্মাই হইবে। অসংজ্ঞিকসমাপত্তিকে গ্রহণ করিলে উহা একস্কন্ধ ও একফলক বিপাক-হেতু হইবে। কারণ, উক্ত সমাপত্তি ও উহার প্রাপ্তি এবং জাত্যাদি এইগুলি, অর্থাৎ ঐস্থলে যে যে ধর্ম একফলক হইবে, তাহারা সকলেই সংস্নারস্করে প্রবিষ্ট আছে। স্মৃতরাং, অসংজ্ঞিকসমাপত্তি ও তাহার প্রাপ্তি এবং জাত্যাদি ইংারা একস্কন্ধক ও একফলক বিপাক-হেতু। এইপ্রকার নিরোধসমাপত্তি ও তাহার প্রাপ্তি এবং জাত্যাদি, ইহারাও একস্কন্ধক ও একফলক বিপাক-হেতু। কারণ, ঐগুলি সবই সংস্কারস্কন্ধে প্রবিষ্ট আছে। এই নিরোধসমাপত্তিও সাত্রব কুশলধশ্বই হইবে।

কারণ, অনাস্রব হইলে তাহার বিপাক থাকে না। 'আরপ্যধাতৃতে অবিজ্ঞপ্তিরূপও থাকে না'। — এইমতে উহাতে চিত্ত-চৈত্ত এবং উহাদের প্রাপ্তি ও জাত্যাদি ইহারা চতুঃস্বরূক ও একফলক বিপাক-হেতৃ হইবে। ত্রিস্কন্ধক একফলক কোনও বিপাক-হেতৃ নাই। বিপাক-হেতৃ-সম্বন্ধী বিচারের দ্বারা ইহাই প্রতিপাদিত হইল যে, বিপাক-হেতৃগুলি সংখ্যার একাধিক হইলেও উহাদের সকলেরই ফল একটী।

একণে ইছাই নিম্নে প্রতিপাদিত হইবে যে বিপাক-হেতুটা সংখ্যার একটা হইলেও তাহার কল একাধিক হইতে পারে। জীবিতেন্দ্রিরটা যে কর্ম্মের বিপাক হইবে ঐ জীবিতেন্দ্রিরের যে প্রাপ্তি ও জাত্যাদি তাহাও সেই কর্ম্মেরই বিপাক হইবে। প্রত্যেক সর্বাধ্য ধর্মাই তাহাদের প্রাপ্তি ও জাত্যাদির সহিত প্রতিবদ্ধরুত্তিক হইরা থাকে। কোনও উদিত সন্থাথ্য ধর্মাই তাহাদের প্রাপ্তি বা জাত্যাদিকে পরিহার করিয়া থাকে না। স্মৃতরাং, ইহা সিদ্ধান্তিত আছে যে, যে ধর্মাটী যে কর্ম্মের বিপাক হইবে, তাহার প্রাপ্তি ও জাত্যাদিও সেই কর্মেরই বিপাক হইবে। এই স্থলে একটী মাত্র কর্ম্ম বিপাক-হেতু হইল; কিন্তু, ফল হইল একাধিক। স্মৃতরাং, কলটীকে একারতন বিপাক-ফল বলা বাইতে পারে। কারণ, উক্ত কর্ম্মের বিপাক-ফল যে জীবিতেন্দ্রির ও তাহার প্রাপ্তি এবং জাত্যাদি

এইস্থলে ভদন্ত বস্থমিত্র অন্তপ্রকার মত পোষণ করেন। তিনি বলিয়াছেন মে, যদি জীবিতেন্দ্রিনটী কামগাতুক হয় তাহা হইলে উহা অবশ্রুই কায়ায়তনের সহিত প্রতিবদ্ধর্ত্তিক হইবে। গর্ভাবস্থা বা জাতাবস্থা যে অবস্থাই হউক না কেন, সর্বাবস্থাতেই জীবিতেন্দ্রিরের সহিত কায়ায়তন থাকিবেই। স্কতরাং, স্বীয় প্রাপ্তি ও জাতাাদির ন্তায় কামগাতুতে জীবিতেন্দ্রির কায়ায়তনের সহিতও প্রতিবদ্ধর্ত্তিক হইবেই। জীবিতেন্দ্রিরের প্রাপ্তি এবং জাত্যাদি, ধর্মায়তনে সংগৃহীত আছে এবং জীবিতেন্দ্রির সংগৃহীত আছে কায়ায়তনে। অতএব, যে কর্ম্মের জীবিতেন্দ্রিরী বিপাক-ফল তাহার ধর্মায়তন ও কায়ায়তন এই ত্ই হইবে বিপাক-ফল; কেবল ধর্মায়তনই উহার ফল নহে। স্কতরাং, ভদন্ত বস্কমিত্রের মতে একায়তন কোনও বিপাক-ফল নাই।' রূপধাতুতে যে কর্ম্মের জীবিতেন্দ্রির

১। আচাগ্যবস্থমিত্রো ব্যাখ্যাপয়তি—অন্তি কর্ম যন্ত একমেব ধর্মায়তনং বিপাকে।
বিপচাতে ইতি নোপপছতে। কোশস্থান ২, কা ৫৩, স্ফুটার্থা।

বিপাক হইবে সেই কর্মের চক্ল্রাদি মন পর্য্যন্ত এই বড়ায়তনও বিপাক হইবেই স্মৃতরাং, উক্ত কর্মের ধর্মায়তনে প্রবিষ্ট মন এবং চক্ল্রাদি-বড়ায়তন — এই সপ্তায়তনই বিকার হইবে। রূপধাত্তে যোনিজাদি কায়ায়তন না থাকায় উহা জীবিতেক্রিয়ের আক্ষেপক যে কর্ম, তাহার বিকার হইবে না। রূপধাত্তে জীবিতেক্রিয়ের সহিত চক্ল্রাদি-বড়ায়তন অবিনাভূত হইয়া থাকে। এজস্তু, এ ধাতুতে জীবিতেক্রিয়ের বিপাক, চক্ল্রাদি-বড়ায়তনও সেই কর্মের বিপাক হইবেই। আরূপ্যধাতুতে পুদ্গলের চক্ল্রাদি পঞ্চায়তনও সেই কর্মের বিপাক হইবেই। আরূপ্যধাতুতে পুদ্গলের চক্ল্রাদি পঞ্চায়তন থাকে না। এ ধাতুত্ব পুদ্গল জীবন ও মনের দারাই সমস্ত ভোগ বা মোক্ষ লাভ করে। স্মৃতরাং, এ ধাতুতে জীবিতেক্রিয় যে কর্মের বিপাক হইবে মন আয়তনও সেই কর্মেরই বিপাক হইবে। এইপ্রকার হইলে এ ধাতুতে ফলতঃ জীবিতেক্রিয়াক্ষেপক কর্মের

কিন্তু, আচার্য্য সঙ্ঘভদ্র জীবিতেন্দ্রিয়াক্ষেপক কর্মের ধর্মরূপ একমাত্র আয়তনকেই বিপাক-ফল বলেন'। বাহা যাহার সহিত অবিনাভূত হইবে তাহা তদাক্ষেপক কর্মেরই বিপাক-ফল হইবে, এইপ্রকার নিয়ম তিনি স্বীকার করেন না'। এজ্ঞ্জ, কামধাতুতে নিকায়সভাগ জীবিতেন্দ্রিয়ের সহিত অবিনাভূত হইলেও জীবিতেন্দ্রিয়ের আক্ষেপক যে কর্ম, তাহার কায়ায়তনও বিপাক-ফল হইবেই। এইপ্রকার সিদ্ধান্ত ভদন্ত সভ্যভদ্র স্বীকার করেন নাই। ভদন্ত বস্থমিত্র উক্ত নিয়ম স্বীকার করিয়াছেন। অতএব, তাঁহার মতে জীবিতেন্দ্রিয়ের আক্ষেপক কর্মের ধর্ম ও কায়ায়তন এই উভয়ই বিপাক-ফল হইবে। উক্ত নিয়ম অস্বীকার করিলেও আচার্য্য সজ্বভদ্র চক্ষ্রায়তনের আক্ষেপক যে কর্ম, তাহার চক্ষ্ণ, কায়, প্রষ্টব্য ও ধর্ম এই চত্রায়তন-রূপ বিপাক-ফল স্বীকার করিয়াছেন। স্থতরাং, কর্ম-বিশেষের যে একাধিক আয়তন বিপাক-ফল হর ইহা সকল আচার্য্যই স্বীকার করিয়াছেন।

একই কর্ম যাহা অতীত অধ্বায় অবস্থিত তাহা অতীত, প্রবৃৎপন্ন ও অনাগত অধ্বায় স্বীয় বিপাক জন্মাইয়া থাকে। কিন্তু, ইহা একটী সন্তানের বিচ্ছেদ

আচার্য্য সক্রভদ্রন্ত আহ অন্তি কর্ম্ম যন্ত ধর্মায়তনমেক্টেমব বিপাকো বিপচতে।
 কোলয়ন ২, কা ৫৬, ক্টার্থা।

২। নহি অন্যোন্যং অবিনাভাবীনি জীবিতেন্দ্রিংনিকাংসভাগাদীনি অবশুমেকসৈয়ে কর্ম্মণঃ বিপাক ইত্যভিপ্রায়ঃ। ঐ।

হইবার উপক্রম হইলেই স্বীয় বিপাকের দ্বারা সম্ভানের অবিচ্ছেদে সহায়ত। করে'।

ফলভাব-বিচার

বিসংযোগ, অর্থাৎ প্রতিসংখ্যানিরোধ, এবং যাবতীয় সংস্কৃতধর্মই ফল হইবে। কেবল আকাশ ও অপ্রতিসংখ্যানিরোধ কল হইবে না'। হে হুতা ও ফলতা ইহারা পরস্পর সাপেক্ষধর্ম। হেতৃ হইলেই তাহা কোনও ফলবিশেষকে অবলম্বন করিয়াই হইবে, অগ্রথা নছে। যথন কোনও ধর্ম-বিশেষকে আমরা হেতু বলি, তথন ইহাই আমাদের বৃদ্ধিতে উপস্থিত থাকে ধে, কোন বিশেষ ফলের প্রতিই কোনও বিশেষ ধর্ম হেতু হয়। এইরূপ ফল হইলেই তাহা কোনও হেতৃবিশেষকে অবশ্বন করিবে, অন্তথা নহে। যখন আমরা ফল পদটীর প্রয়োগ করি, তখন ইহাই আমারা মনে করি যে, ইহা কোনও বিশেষ হেতুর ফল। কথনও আমরা ফলবিশেষের অপেক্ষা নাকরিয়া সাধারণ ভাবে হেডু-পদটীর এবং হেতুবিশেষকে অবলম্বন না করিয়া সাধারণভাবে ফল-পদটীর প্রয়োগ করি না। ইহার দারাই প্রমাণিত হইয়া যাুইতেছে যে, হে তুতা ও ফলতা ইহারা পরস্পর সাপেক্ষধর্ম^ও। বস্তুস্থিতিতে ইহাদের পরস্পর-সাপে<mark>ক্ষতা</mark> থাকিলেও উৎপত্তি বা জ্ঞপ্তিতে উহা না থাকায়, ঐ সাপেক্ষতা ক্ষতিকর হয় ন। এজন্ত, অমুক ধর্মটী ফল ইহা বলিলেই ইহা কাহার ফল, এই প্রশ্ন সহজেই আসে এবং ইহা অমুকের ফল এইপ্রকারে উক্ত প্রশ্নের সমাধান করা নিতান্তই অবশ্রক হয় ৷

সংস্কৃতধর্ম সম্বন্ধে যদি প্রশ্ন করা হয় যে কোন্ সংস্কৃতধর্ম কাহার ফল। তাহা হইলে অনারাসেই সাধারণভাবে আমরা উহার সমাধান করিয়া দিতে পারি থে, যে সংস্কৃতধর্মটীর উৎপত্তিতে যাহা স্বভাবতঃ প্রতিবদ্ধ, সেই সংস্কৃতধর্মটী তাহার

থবাহাপেক্ষো হি বিপাকহেতুকিতঠেত্তাদিএবাহে সভাতিক্রায়ে বিপাকহেতু বিপাকং
দল্লাং। কোশয়ান ২, কা ৫৬, ক্ষুটার্থা।

২। সংস্কৃতং সবিসংযোগং ফলমিতি। আকাশপ্রতিসংখ্যানিরোধবর্জ্জাঃ সর্বাধর্মাঃ কলমিত্যুক্তং ভবতি। কোশস্থান ২, কা ৫৫, স্ফুটার্থা।

৩। হেতুঃ ফলমিত্যভোগালপক্ষয়া এতদ্ ধ্বম্। ঐ।

ফল হইবে। কিন্তু, বিসংযোগ বা প্রতিসংখ্যানিরোধটী কাহার ফল ? এই প্রশ্নের আমরা পূর্ব্বোক্ত উত্তরের দ্বারা সমাধান করিতে পারি না। কারণ, বিসংযোগধর্মটী অসংস্কৃত, অর্থাৎ উৎপন্ন হয় না ; উহা নিত্য।

পূর্ব্বে কারণ-হেতুর নির্বাচনপ্রসঙ্গে আমরা বিসংযোগকে সংস্কৃতথর্ন্বের কারণহেতু বলিয়াছি। তাহাতেও এই প্রশ্ন আসিয়া উপস্থিত হয় যে, বিসংযোগকরপ যে কারণ-হেতুটা তাহার ফল কি। কিন্তু, এই প্রশ্নেরও এইপ্রকার সাধারণ উত্তর সন্তব হইবে না যে, যে সংস্কৃতধর্মের উৎপত্তিতে উহা অবিম্নভাবে অবস্থান করে সেই সংস্কৃতধর্মেই উহার ফল হইবে। কারণ, নিত্য হওয়ায় বিসংযোগধর্মটা অধ্ববিনিম্মৃতি হইবে। অধ্ববিনির্মৃতি হইবে। অধ্ববিনির্মৃতির ফলদান বা ফলপ্রতিগ্রহণে সামর্থ্য থাকে না। অতীততা, বর্ত্তমানতা ও অনাগতর এই অবস্থাত্রয়কে অধ্বা বলা হইয়াছে। সর্ব্বাবস্থারহিত হওয়ায় নিত্যবস্তর অধ্বপতন সন্তব হয় না। অধ্বপতিত না হইলে তাহার ফলের সহিত সম্বন্ধ থাকে না'। এজন্ত, বিসংযোগ বিষয়ে ফলজিজ্ঞাসার সমাধানও নিতান্ত সরল হইবে না।

প্রথিকা অসংস্কৃতধর্মকে উৎপত্মান সংস্কৃতধর্মের কারণ-হেতু বলা ইইয়াছে।
প্রথিকা ইহার বিরুদ্ধে বলিতে চাহেন যে, ফলবতাটা হেতুদ্ধের ব্যাপকধর্ম।
কারণ, হেতু হইলেই তাহা ফলবান্ হইবে এইপ্রকার নিয়ম সর্ববাদিসমত।
ব্যাপকীভূত যে ফলবতা তাহা না থাকায় অসংস্কৃতধর্মে হেতুত্ব থাকিতে
পারে না। অসংস্কৃতধর্মের যে ফল থাকিতে পারে না. তাহা আমরা
নিম্নোক্ত প্রণালীতেও ব্রিতে পারি। নিয়াল-ফল, প্রুষকার-ফল, বিসংযোগ-ফল,
বিপাক-ফল ও অধিপতি-ফল এই পাচপ্রকার ফল বৈভাবিকশাস্ত্রে বর্ণিত
হইয়াছে। প্রতিসংখ্যানিরোধর্মপ অসংস্কৃতধর্মের কোনও নিয়ালফল থাকিতে
পারে না। কারণ, কোনও সংস্কৃতধর্মেরই কোনও সদৃশ ধর্ম নিয়ালফল
হইয়া থাকে এবং এইভাবেই শাস্ত্রে নিয়ালফলের বর্ণনা আছে। অতএব,
সংস্কৃতত্ব না থাকায় প্রতিসংখ্যানিরোধের কোনও নিয়ালফল সম্ভব হয় না।
য়াহার বলে যাহা উৎপন্ন হয় বা যাহার প্রাপ্তি হয়, তাহাকেই শাস্ত্রে তাহার

১। অধ্ববিনিমুক্তিত ফলপ্রতিগ্রহণদানাসমর্থড়াদিতি। কোশস্থান ২, কা ৫৫, স্ফুটার্থা।

২। উৎপত্তিমতো হি সদৃশো ধর্ম উৎপত্তিমান্ নিঃমূলফলম্। ঐ।

পুরুষকার-কল বলা হইরাছে।' অসংস্কৃতধর্মের উৎপাদক বা প্রাপক বল না থাকায় উহার কোনও পুরুষকার-ফল হইতে পারে না। যাহার কোনও হ্রাস বা বৃদ্ধি হয় না তাহার কোনও বল থাকে, ইহা কল্লনা করা যায় না। হ্রাসে সামর্থ্যের অপচয় ও বৃদ্ধিতে সামর্থ্যের উপচয় দেথিয়াই লোকে পদার্থের বল কল্পিত হইন্না থাকে। প্রতিসংখ্যানিরোধ নিজেই বিসংযোগাত্মক বস্তু; স্কুতরাং, উহার কোনও বিসংযোগ-ফল হইতে পারে না। নিত্য হওয়ায় বিসংযোগটী উৎপাদ্য ফল হইতে পারে না। বদিও উহা প্রাপ্য-ফল হইতে পারে, — আর্য্য-পুদ্গল বিসংযোগ প্রাপ্ত হয়; তথাপি, উহা প্রতিসংখ্যানিরোধের প্রাপ্য-ফল নছে; পরন্তু, উহা দর্শন বা ভাবনামার্গেরই প্রাপ্য-ফল। মার্গ-সত্যের বলেই কোনও কোনও পুদ্গল বিসংযোগ লাভ করিয়া থাকে। স্থতরাং, বিসংখ্যোগ প্রতিসংখ্যানিরোধের ফল হইতে পারে না। আরও প্রতিসংখ্যা-নিরোধের বিপাক-ফলও সম্ভব হয় না। সাস্রব যে ব্যাকৃত-ধর্ম, তাহারই কোনও অব্যাক্ত-ধর্ম বিপাক হয় বলিয়া শাস্ত্রকারগণ বলিয়াছেন। স্থতরাং, সাম্রবতা না থাকায় প্রতিসংখ্যানিরোধের কোনও বিপাক হইতে পারে না।' এক্ষণে অবশিষ্ট রহিল কেবল অধিপতি-ফল। কিন্তু, শাস্ত্রের অভিগ্রার অন্ত্রুসারে উহার কোনও আধিপত্য আছে বলিয়া কল্পনা করা যায় না। কারণ, সহজ্ঞাত বা পশ্চাৎ-জ্বাত কোনও সংস্কৃতধর্মকেই কোনও সংস্কৃতধর্মের অধিপতি-ফল বলা হইরাছে। স্বতরাং, সংস্কৃতত্ব না থাকার প্রতিসংখ্যানিরোধের অধিপতি-ফল থাকিতে পারে না। নিত্য ধর্ম্মের সহজাততা বা পশ্চাৎ-জ্বাততা সম্ভব হয় না। ষ্গপদ্-উৎপন্ন বস্তগুলির একটা অগুটার সহজাত হয় এবং যাহার উৎপত্তির অনস্তর যাহা উৎপন্ন হয়, তাহাকে তাহার পশ্চাৎ-জ্বাত বলা হইয়া থাকে। স্থতরাং, নিত্যতা-নিবন্ধন প্রতিসংখ্যানিরোধের সহ-জ্বাততা বা পশ্চাং-জ্বাততা সম্ভব হয় না। ঐ কারণেই উহার কোনও অধিপতি-ফল নাই। স্লুতরাং,

১। যশু হি বলেন য উৎপদ্ধতে প্রাপ্তে বা স তন্ত পুরুষকারফলম্। কোশস্থান ২, কা ৫৫, স্ফুটার্থা।

২। নাপি বিপাকফলং বিপাকহেতুবৈধর্ম্মাৎ। সাত্রবোহি বিপাকহেতুঃ ন চাসংস্কৃতং সাত্রবম্। ঐ।

৪। অপূর্বিঃ নংস্কৃতক্তৈব সংস্কৃতোছধিপতিঃ ফলম্। ঐ।

হৈতুত্বের ব্যাপকীভূত ধর্ম যে ফলবত্তা, ভাহা না থাকার অসংস্কৃতধর্মের হেতুতা থাকিতে পারে না।

ইহার উত্তরে আমরা বলিতে পারি যে, বাহার বলে বাহা উৎপন্ন হয় না অথচ প্রাপ্য হয়, লোকে তাহাকেও তাহার ফল বলা হইয়া থাকে। স্কুতরাং, অধ্ববিনিমূক্তি হইলেও দর্শন এবং ভাবনা-মার্গের দ্বারা প্রাপ্য হওয়ায় প্রতিসংখ্যানিরোধ ফল হইতে পারে। অভ্য না হইলে তাহা ফল হয় না, এই ধারণার বশবর্তী হইয়াই পূর্ব্বপক্ষী, প্রতিসংখ্যানিরোধ অধ্ববিনিমূক্তি হওয়ায়, উহার ফলত্বে আপত্তি করিয়াছেন। বাস্তবিকপক্ষে ইহা মার্গ-সত্যের বিসংযোগ-ফল।

ফলবন্ধটী হেতুঘের ব্যাপকধর্ম এই প্রান্ত ধারণার জ্বন্সই পূর্ব্বপক্ষী মনে করিয়াছেন যে ফলবন্ধ না থাকার প্রতিসংখ্যানিরোধের কারণহেতুত্ব নাই।
গাঁহারা উৎপত্তির প্রতি অবিঘ্নভাবে অবস্থিতিকেই কারণত্ব বলেন তাঁহারা
ফলবন্ধকে কারণত্বের ব্যাপক বলেন না। স্থতরাং, ফল না থাকিলেও কারণত্বের
বাধা না থাকার, প্রতিসংখ্যানিরোধ অফল হইয়াও কার্য্যমাত্রের প্রতি কারণ
হেতু হইতে পারেন

কারণ-হেতুর ফলকে শাস্ত্রে সাধারণতঃ অধিপতি-ফল বলা হইয়াছে। উৎপত্তমান সংস্কৃতধর্ম্মের প্রতি যাহা যাহা অবিম্নভাবে অবস্থান করে, তাহাদিগকে (অর্থাৎ, উৎপত্তমান সেই সংস্কৃতধর্মটী ব্যতীত আর সকলকেই) কারণ-হেতু বলা হইয়াছে। উৎপত্তির অবিম্নভাবে অবস্থান করাকেই আধিপত্য বলে। আধিপত্য পাকায় উহার ফলটী আধিপত্যসম্বন্ধীই হইবে। কোনও একটী সংস্কৃতধর্মের প্রতি বাহারা কারণ-হেতু হয় (অর্থাৎ, স্বভিন্ন বাবৎ-পদার্থ), তাহাদেরই মধ্য হইতে আবার কেহ কেহ সহত্ব প্রভৃতি অন্যপ্রকার হেতুও হইয়া থাকে। স্কৃতরাং, ঐ অন্যান্তপ্রকার হেতুগুলিকে ত্যাগ করিয়া অবশিষ্ট যে যে ধর্মগুলি সেই কার্য্যের প্রতি কারণ-হেতু বলিয়া গৃহীত থাকে, ঐ কার্য্যটী তাহাদেরই অধিপতি-ফল হইবে। কারণ, সহত্ব প্রভৃতি অন্যান্ত হেতুগুলির সম্বন্ধে শাস্ত্রে অন্যান্তপ্রকার ফল কীর্ত্তিত হইয়াছে। কারণ-হেতুর মধ্যে কেবল অসংস্কৃতধর্মের আধিপত্যক্ষ ফল শাস্ত্রে হীকৃত হয় নাই। স্ক্তরাং, পূর্কোক্ত আধিপত্য

১। প্রাপাং ফলং ন জন্মহার্থঃ। কোশস্থান ২, কা ৫৫, ক্টার্থা।

থাকিলেও প্রতিসংখ্যানিরোধাদি অসংস্কৃতধর্মগুঁলির অধিপতি-ফল নাই বলিয়াই সিদ্ধাস্ত করিতে হইবে। এই কারণেই বৈভাষিকমতে ফলবস্তু। কারণত্বের ব্যাপকধর্ম হইবে না।

একনে একটি দৃষ্টান্তের দারা আমরা ব্রিতে চেষ্টা করিব যে, যে যে ধন্মগুলি কোনও বিশেব কার্য্যের প্রতি অন্যপ্রকার হেতু না হইগ্না কেবল কারণ-হেতুই হয় এবং ঐ কার্য্যটী তাহাদের অধিপতি-ফলই হয়, এমন কোন বস্তু আছে কি না। একটা চাক্ষ্ৰ-বিজ্ঞান কাৰ্য্য±পে গৃহীত হইলে আমরা দেখিতে পাইৰ যে, ঐ কার্য্যরূপে গৃহীত চাক্ষ্ব-বিজ্ঞানব্যক্তিটা ভিন্ন আর ৰাহা কিছু অবশিষ্ট আছে তাহারা সকলেই উহার কারণ-হেতু হইরাছে। এই কারণ-হেতুগুলির মধ্যে ঐ বিজ্ঞানটীর সহোৎপন্ন যে বেদনাদি চৈত্তধর্মা, উহারা যেমন ঐ বিজ্ঞানের প্রতি কারণ-হে ; হইয়াছে, তেমন উহারা ঐ বিজ্ঞানের সম্প্রায়ুক্তক-হেতুও হইয়াছে এবং ঐ বিজ্ঞানব্যক্তিটার পূর্ববর্তী যে অনন্তরাতীত বিজ্ঞান তাহা উহার প্রতি বেষন কারণ-ছেতু হইয়াছে তেমন সভাগ-ছেতুও হইয়াছে। এইরূপ ঐ বিজ্ঞানব্যক্তির যে জাত্যাদিরপ সংস্কৃতলক্ষণগুলি, তাহারা যেমন ঐ বিজ্ঞানের প্রতি কারণহেতু হইরাছে, তেমন উহার প্রতি সহস্তুহেতুও হইরাছে ! স্থতরাং, ব্ঝা গেল বে উক্ত চাকুষ-বিজ্ঞানব্যক্তিটার প্রতি উক্ত বেদনাদি ধর্মগুলি যে কেবল কারণ হেতুই হইরাছে তাহা নহে; পরস্তু, উহারা ঐ বিজ্ঞানবাক্তিটীর প্রতি সম্প্রাক্তকাদি অন্যপ্রকার হেতুও ইইয়াছে। কিন্তু, উক্ত চাকুম-বিজ্ঞান-ব্যক্তিনর প্রতি কারণ বে চক্ষু বা রূপাদি ধর্মগুলি, উহারা ঐ বিজ্ঞানব্যক্তির প্রতি কেবল কারণ-হেতুই হইরাছে, অন্যপ্রকার হেতু হর নাই। এজন্ত, ঐ চকুরাদির্বাপ কারণ-সম্পর্কেই ঐ বিজ্ঞানব্যক্তিটা কেবল অপিপতি-ফল হইবে। যদি আম্ব মনকে কারণরপে গ্রহণ করি, তাহা হইলে উক্ত বিজ্ঞানটা ঐ মন সম্পর্কে বেরণ অবিপত্তি-ফল হইবে, তেমন উহা ঐ সম্পর্কে নিষ্যুদ্দফলও হইরা ঘাইবে। কারণ, কারণ হেতুর ন্যায় মন ঐ বিজ্ঞানব্যক্তিটার প্রতি সভাগ-হেতুও হইয়াছে। শাস্ত্রে সভাগ-হেতুকে নিয়ন্দকলে ফলবান্ বলা হইয়াছে। এই প্রণালীতেই অন্যাল স্থলেও বাহা বে কার্য্যের প্রতি কেবল কারণ-হেতুই হইবে অগ্রপ্রকার হেতু ইইবে না, তাহাকে খুঁজিয়া বাহির করিয়া অধিপতি-ফল বুরিতে ভূইবে।
উক্ত চাক্ষ্য-বিজ্ঞানী উক্ত চাক্ষ্ব-বিজ্ঞানটীর প্রতি চক্ষুরিন্দ্রিয়ের স্থায় শ্রবণেন্দ্রিয়ও কারণ-হেতু হইবেই। কারণ, স্বাতিরিক্ত যাবৎ-ধর্মকেই উৎপত্যমান বস্তুর কারণ-হেতু বলা ইইরাছে। ইহা প্রসিদ্ধও আছে যে, শ্রবণের পরে শ্রুতধর্মের, দর্শনে লোকের ইচ্ছা হয়, পশ্চাৎ সম্ভব হইলে মানুষ তাহা দেখিয়া থাকে। স্থতরাং, সাক্ষাৎ না হইলেও পরস্পরায় শ্রবণে ক্রিয়েরও চাক্ষ্য-বিজ্ঞানে কারণতা আছে। ঐ যে শ্রবণে ক্রিয়রূপ কারণ-হেতুটা, চাক্ষ্য-বিজ্ঞানটা কেবল তাহার অধিপতি-ফলই ইইবে।

সভাগ-হেতু .ও সর্কত্রগ-হেতু ইহারা উভরে নিষ্যন্দফলে ফলবান্ হইবে।
অর্থাৎ, যাহা যে সংস্কৃতধর্মরূপ কার্য্যের প্রতি সভাগ-হেতু হইবে, তাহা অন্ত সংস্কৃতধর্মের প্রতি কারণ-হেতু বা সম্প্রযুক্তক প্রভৃতি হেতুও হইতে পারে। যেমন একসন্তানস্থ যে পূর্বর পূর্বর দক্ষিণচক্ষু-ক্ষণ, তাহা উত্তরোত্তর দক্ষিণচক্ষু-ক্ষণের প্রতি
সভাগ-হেতু হয় এবং উহাই আবার চাক্ষ্মাদি বিজ্ঞানের প্রতি কারণ-হেতুও হইয়া
থাকে। স্থাতরাং, সভাগ-হেতুরূপে গৃহীত হইলে উত্তরবর্ত্তী যে দক্ষিণচক্ষু-ক্ষণ,
তাহাই উহার নিষ্যান্দফল হইবে এবং কারণ-হেতু রূপে গৃহীত হইলে চাক্ষ্ম-বিজ্ঞান
উহার অধিপতি-ফল হইবে।

রাগরূপ ক্লিষ্টবর্ম স্বনিকার হ পরবর্ত্তী রাগাদির প ক্লিষ্টবর্মের সভাগ-হেতুই হইবে। ঐ রাগের ফলে সভাগনিকারে যে ক্লেশ উপস্থিত হইবে, তাহা উহার নিয়াদকল হইবে। ক্লিষ্টত্বর্ধর্মের দ্বারা ফল ও হেতু উভয়েই সদৃশ ইইরাছে। এই রাগাত্মক সভাগ-হেতুটী আর সর্ব্বত্রগ-হেতু হইবে না। কারণ ইহা সর্ব্বত্রগ নহে। সংকারদৃষ্টি সর্ব্বত্রগ-হেতু হইবে। কারণ, উহা কামধাতু হইতে আরম্ভ করিয়া ভবাগ্র পর্য্যন্ত সকল ধাতুতেই সমানভাবে বিভমান থাকে। উহা স্বনিকারস্থ, অর্থাৎ নিকারসভাগন্থ, রাগাদির প্রতি সভাগ-হেতু এবং সর্ব্বত্রগ-হেতু এই উভয়বিধ হেতুই হইবে। এবং পরবর্ত্তী রাগাদি বা অন্তগ্রাহদৃষ্টি প্রভৃতি ধর্মাগুলি উহার নিয়াদকল হইবে। ভিন্ননিকারত্ব রাগাদির প্রতি উহা কেবল সর্ব্বত্রগ-হেতুই হইবে, সভাগ-হেতু হইবে না।

পুরুষকার-ফল

যে ধর্ম্মের যাহা কর্মা, জর্থাৎ ব্যাপার, তাহাকে সে । ধর্মের পুরুষকার বলা হইয়া থাকে। ক্ষণিকত্ববাদে কর্ম বা ব্যাপার আশ্রয়ীভূত ধর্ম হইতে পৃথক্ নহে; এজ্বায়, ধর্মাই পুরুষকার হইবে। স্থতরাং, সেই সেই ধর্মের যে ফল, তাহা থাকিলেও প্রতিসংখ্যানিরোধাদি অসংস্কৃতধর্মগুলির অবিপতি-ফল নাই বলিয়াই সিদ্ধাস্ত করিতে হইবে। এই কারণেই বৈভাবিকমতে ফলবতা কারণত্বের ব্যাপক্ষর্ম হইবে না।

একনে একটি দৃষ্টান্তের দারা আমরা বুঝিতে চেষ্টা করিব বে, যে যে ধর্মগুলি কোনও বিশেষ কার্য্যের প্রতি অন্যপ্রকার হেতু না হইয়া কেবল কারণ-হেতুই হয় এবং ঐ কার্যাটী তাহাদের অধিপতি-ফলই হয়, এমন কোন বস্তু আছে কি না। একটী চাকুষ-বিজ্ঞান কাৰ্য্যক্ষপে গৃহীত হইলে আমনা দেখিতে পাইব যে, ঐ কার্য্যরূপে গৃহীত চাকু্ব-বিজ্ঞানব্যক্তিটা ভিন্ন আর ৰাহা কিছু অবশিষ্ট আছে তাহার। সকলেই উহার কারণ-হেতু হইরাছে। এই কারণ-হেতুগুলির মধ্যে ঐ বিজ্ঞানটীর স্হোৎপত্ন যে বেদনাদি চৈত্তধর্ম, উহারা যেমন ঐ বিজ্ঞানের প্রতি কারণ-হেতৃ হইয়াছে, তেমন উহারা ঐ বিজ্ঞানের সম্প্রয়ুক্তক-হেতুও হইয়াছে এবং ঐ বিজ্ঞানব্যক্তিটার পূর্ব্ববর্ত্তী যে অনন্তরাতীত বিজ্ঞান তাহা উহার প্রতি বেমন কারণ-হেতু হইয়াছে তেমন সভাগ-হেতুও হইয়াছে। এইরূপ ঐ বিজ্ঞানব্যক্তির যে জাত্যাদিরূপ সংস্কৃতলক্ষণগুলি, তাহারা বেমন ঐ বিজ্ঞানের প্রতি কারণহেতু হইরাছে, তেমন উহার প্রতি সহ দূ-হেতুও হইরাছে। স্কুতরাং, বুঝা েল বে উক্ত চাকুষ-বিজ্ঞানব্যক্তিটীর প্রতি উক্ত বেদনাদি ধর্মগুলি বে কেবল কারণ হেতুই হইরাছে তাহা নহে; পরস্তু, উহারা ঐ বিজ্ঞানব্যক্তিটার প্রতি সম্প্রযুক্তকাদি অন্যপ্রকার হেতুও হইয়াছে। কিন্তু, উক্ত চাক্ষ্য-বিজ্ঞান-ব্যক্তিটীর প্রতি কারণ যে চক্ষু বা রূপাদি ধর্মগুলি, উহারা ঐ বিজ্ঞানব্যক্তির প্রতি কেবল কারণ-হেতুই হইরাছে, অন্যপ্রকার হেতু হর নাই। এজ্যা, ঐ চক্ষ্রাদিরপ কারণ-সম্পর্কেই ঐ বিজ্ঞানব্যক্তিটা কেবল অধিপতি-ফল হইবে। যদি আমরা মনকে কারণ্রূপে গ্রহণ করি, তাহা হইলে উক্ত বিজ্ঞানটী ঐ মন সম্পর্কে যেমন অধিপত্তি-কল হইবে, তেমন উহা ঐ সম্পর্কে নিষ্যন্দফলও হইয়া যাইবে। কারণ, কারণ-ছেতুর ন্যায় মন ঐ বিজ্ঞানব্যক্তিটার প্রতি সভাগ-ছেতুও হইয়াছে। শাস্ত্রে সভাগ-হেতুকে নিয়ান্দকলে ফলবান্ বলা হইয়াছে। এই প্রণালীতেই অন্যাস্থ স্থলেও যাহা যে কার্য্যের প্রতি কেবল কারণ-হেতুই হইবে অন্তপ্রকার হেতু হইবে না, ভাহাকে খুঁজিয়া বাহির করিয়া অধিপতি-ফল ব্ঝিতে হইবে। উক্ত চাক্ষ্য-বিজ্ঞানটীর প্রতি চক্ষুরিক্রিয়ের স্থায় শ্রবণেক্রিয়ও কারণ-হেতু হইবেই।

কারণ, স্বাতিরিক্ত যাবং-ধর্মকেই উৎপত্মান বস্তর কারণ-হেতু বলা হইয়াছে।
ইহা প্রসিদ্ধও আছে যে, শ্রবণের পরে শ্রুতগর্মের দর্শনে লোকের ইচ্ছা হয়, পশ্চাৎ
সম্ভব হইলে মানুষ তাহা দেখিয়া থাকে। স্কুতরাং, সাক্ষাৎ না হইলেও
পরস্পারায় শ্রবণে শ্রিরেও চাক্ষ্য-বিজ্ঞানে কারণতা আছে। এ যে শ্রবণে শ্রিররপ
কারণ-হেতুটা, চাক্ষ্য-বিজ্ঞানটা কেবল তাহার অধিপতি-ফলই হইবে।

সভাগ-হেতু .ও সর্বত্রগ-হেতু ইহারা উভয়ে নিয়ান্দদলে ফলবান্ হইবে। অর্থাৎ, যাহা বে সংস্কৃতধর্মরূপ কার্য্যের প্রতি সভাগ-হেতু হইবে, তাহা অন্ত সংস্কৃতধর্মের প্রতি কারণ-হেতু বা সম্প্রযুক্তক প্রভৃতি হেতুও হইতে পারে। বেমন এক-সন্তানস্থ যে পূর্ব্ব পূর্ব্ব দক্ষিণচক্ষ্-ক্ষণ, তাহা উত্তরোত্ত্য দক্ষিণচক্ষ্-ক্ষণের প্রতি সভাগ-হেতু হয় এবং উহাই আবার চাক্ষ্মাদি বিজ্ঞানের প্রতি কারণ-হেতুও হইয়া থাকে। স্প্রতরাং, সভাগ-হেতুরূপে গৃহীত হইলে উত্তরবর্ত্তী যে দক্ষিণচক্ষ্-ক্ষণ, তাহাই উহার নিয়ান্দফল হইবে এবং কারণ-হেতু রূপে গৃহীত হইলে চাক্ষ্ম-বিজ্ঞান উহার অধিপতি-ফল হইবে।

রাগরূপ রিষ্টধর্ম স্বনিকায় হ পরবর্ত্তী রাগাদিরপ রিষ্টধর্মের সভাগ-হেতুই হইবে। ঐ রাগের ফলে সভাগনিকায়ে বে রেশ উপস্থিত হইবে, তাহা উহার নিষ্যান্দকল হইবে। রিষ্টেম্বধর্মের দারা ফল ও হেতু উভয়েই সদৃশ হইয়াছে। এই রাগাত্মক সভাগ-হেতুটী আর সর্বব্রেগ-হেতু হইবে না। কারণ ইহা সর্বব্রেগ নহে। সংকায়দৃষ্টি সর্বব্রেগ-হেতু হইবে। কারণ, উহা কামধাতু হইতে আরম্ভ করিয়া ভবাগ্র পর্যান্ত সকল ধাতুতেই সমানভাবে বিগ্রমান থাকে। উহা স্বনিকায়য়, অর্থাৎ নিকায়সভাগয়, য়াগাদির প্রতি সভাগ-হেতু এবং সর্বব্রগ-হেতু এই উভয়বিধ হেতুই হইবে। এবং পরবর্ত্তী রাগাদি বা অন্তগ্রাহদৃষ্টি প্রভৃতি ধর্মগুলি উহার নিষ্যান্দকল হইবে। ভিল্লনিকায়য় রাগাদির প্রতি উহা কেবল সর্বব্রগ-হেতুই হইবে, সভাগ-হেতু হইবে না।

পুরুষকার-ফল

যে ধর্মের যাহা কর্মা, জর্থাৎ ব্যাপার, তাহাকে সেই ধর্মের পুরুষকার বলা হইরা থাকে। ক্ষণিকত্ববাদে কর্ম বা ব্যাপার আশ্ররীভূত ধর্ম হইতে পৃথক্ নহে; এজন্ত, ধর্মাই পুরুষকার হইবে। স্থতরাং, সেই সেই ধর্মের যে ফল, তাহা পুরুষকার-ফল হইবে। অতএব, যৌগিকরূপে পুরুষকার-পদট গৃহীত হইলে সকল ফলই পুরুষকার-ফল নামে আথ্যাত হইতে পারে। কিন্তু, বৈভাষিকশান্ত্রে পুরুষকার-ফল নামে আথ্যাত হইতে পারে। কিন্তু, বৈভাষিকশান্ত্রে পুরুষকার-ফল নামে আথ্যাত হইরাছে। সহ-উৎপন্ন যে ফল, তাহাকেই পুরুষকার-ফল বলা হইরাছে। স্পতরাং, সংস্কৃতধর্ম এবং উহাদের জাত্যাদিলক্ষণরূপ যে সহভূ-হেতুগুলি, ইহারা প্রক্রার পুরুষকার-ফলে ফলবান্। এই প্রকার চিত্ত ও বেদনাদি রূপ যে সম্প্রুষ্কক-হেতু, ইহারাও প্রস্পর প্রস্পরের প্রতি পুরুষকার-ফল হইবে।

বিপাক-ফল

সরাখ্য, অর্থাৎ পুদ্গলসস্তানবর্ত্তী যে অব্যাক্তত-(অর্থাৎ কুশল বা অকুশল নহে এমন) ধর্ম, এবং যাহা ব্যাক্ত, অর্থাৎ কুশল বা অকুশল ধর্ম হইতে উৎপন্ন, তাহাকে বিপাক-ফল বলা হইয়া থাকে। কোনও অব্যাকৃত সন্তাথ্য ধর্ম যদি ব্যাকৃত-ধর্ম হইতে উৎপন্ন হইয়াও ঐ বাাক্তধর্মের সহিত বুগপৎ বা অনস্তরকালেই আত্মলাভ করে অথবা ভিন্নভূমিক হয়, তাহা হইলে উহা বিপাক-ফল হইবে না। व्यार्ग्रभून्गन शानिवित्यसम्माभन्न रुरेतन छै। होता है सिन्न छै। किए रुप्त, व्यार পূর্কপ্রাপ্ত যে চকুরাদি ইন্দ্রির, তাহাদের শক্তিবৃদ্ধি হয়, অথবা শ্রদ্ধাধীর্ঘ্যাদিরপ অপর ইন্দ্রির বাহা তাঁহার ধ্যানসমাপত্তির পূর্বের ছিল না, তাহা উৎপন্ন হর। এই বে উপচিত ইন্দ্রিমগুলি, ইহারা সন্থাখ্য ধর্ম এবং অব্যাক্তত। উহারা সমাপত্তিরূপ, অর্থাৎ ধ্যানবিশেবরূপ যে ব্যাকৃতধর্ম (অর্থাৎ কুশলধর্ম), তাহা হইতেই সমুৎপন । এইরূপ হইলেও শান্তে এইগুলিকে বিপাক-ফল বলা হর নাই। কারণ, আর্গ্য-পুল্গলের গ্যানোৎপত্তিকালে অথবা অনন্তর্কালেই এই সকল ইন্দ্রিয়োপচয়াদি হইরা থাকে। এইরূপ ধ্যানবিশেষের ফলে যোগিপুরুষ একপ্রকার নৃতন চিত্ত লাভ করিয়া থাকেন। এই চিত্তকে শাস্ত্রে নির্মাণচিত্ত নামে অভিহিত করা হইয়াছে। ইহা নিজে অব্যাকৃতধর্ম ; এবং ব্যাকৃতধর্ম যে সমাধিবিশেষ, তাহার কলে উৎপন্ন হইলেও শাস্ত্রে এই নির্মাণচিত্তকে বিপাক-ফল বলা হয় নাই। নির্মাণচিত্ত নিয়তভাবে সমাধিবিশেষের অনস্তরকালেই উৎপন্ন হইরা থাকে। এই-প্রকার হইলেও ভ্মিভেদ থাকায় উক্ত নির্মাণচিত্ত বিপাক-ফল হইবে না। বিপাক-ফল স্বস্থমিক হইরা থাকে। স্মৃত্রাং, বুঝিতে হইবে যে, কেবল

ব্যাক্তোন্তব, অব্যাক্ত এবং সন্থাপ্য হইলেই তাহা বিপাক-ফল হইবে না।
পরন্ত, উৎপাদক যে ব্যাক্তথর্ম তাহার উত্তরকালেই নিম্নতভাবে বাহা উৎপন্ন
হয় এবং যাহা সন্থাপ্য, অব্যাক্তত ও স্বভূমিক হইবে, তাহাই বিপাক-ফল হইবে।
লাধারণতঃ কায়-বা বাগ্-বিজ্ঞপ্তিরূপ কর্মান্ত্রত যে ফল, এবং স্বেচ্ছায় যাহার
প্রোপ্তি বা অপ্রাপ্তি ঘটে না, তাহাই বিপাক-ফল হইবে।

বিসংযোগ-ফল

দর্শন-বা ভাবনা-মার্গের দ্বারা যাহার প্রাপ্তি হয়, এমন অসংস্কৃতধর্ম বে প্রতিসংখ্যানিরোধ, বৈভাষিকশান্তে তাহাকে বিসংযোগ-ফল বলা হইয়া থাকে।

প্রত্যয়

বৈভাষিকশাস্ত্রে চারিপ্রকার প্রতায় কথিত হইয়াছে — হেতু-প্রতায়, সমনস্তর-প্রত্যন্ত্র, আলম্বন-প্রত্যন্ত্র ও অধিপতি-প্রত্যন্ত্র। পূর্বের যে কারণ-হেতু শহভূ-হেতু, সভাগ-হেতু, সর্প্রব্রগ-হেতু, সম্প্রধুক্তক-হেতু ও বিপাক-হেতু এই ছয়-প্রকার হেতু কথিত হইরাছে, ইহাদের মধ্যে কারণ-হেতু ভিন্ন অবশিষ্ট ষে সহভূহেতু প্রভৃতি পাঁচপ্রকার হেতু থাকিল, ইহাদিগকেই শাস্ত্রে হেতু-প্রত্যয় নামে অভিহিত করা হইয়াছে এবং কারণ-হেতৃকে অধিপতি-প্রত্যয় বলা হইয়াছে। ঐ সকল হেতুর ব্যাখ্যার দ্বারাই এই হুইটা প্রত্যরও ফলত: ব্যাখ্যাতই হইয়া গিয়াছে। এজ্বল, এই স্থলে আর নৃতন করিয়া ঐ হুইটী প্রত্যয়ের ব্যাখ্যা আবশুক হইবে না। 'সমনস্তর-প্রতায়' এই পদে 'সম্' উপসর্গটী 'সমান' অর্থে প্রযুক্ত হইয়াছে। স্ত্রাং, সমান এবং অনন্তর এমন যে প্রভার তাহাই হইবে সমনন্তর-প্রভায়। যাহার অনন্তরকালে, অর্থাৎ সমানজাতীয় ধর্মান্তরের দারা ব্যবধানরহিত কালে, স্বসমানজাতীয় কোনও ফল থাকে, তাহা তাহার, অর্থাৎ সেই ফলের, সমনস্তর-প্রত্যের হইবে। চিত্ত এবং চৈত্রাত্মক যে ধর্মগুলি তাহারাই এরূপ হইবে। স্থতরাং, চিত্ত বং চৈত্ত ভিন্ন অপর কোনও ধর্ম সমনন্তর-প্রত্যায় হইবে না। কিন্তু, বুদ্ধের চরম চিত্ত বা চৈত্ত, সমনত্তর-প্রত্যয় হইবে না। কারণ, উহাদের, অর্থাৎ ঐ চিত্ত বা চৈত্তের, অনস্তরকালে কোনও স্বসমানজাতীয় ফল, অর্থাৎ চিত্ত বা চৈত্ত, সম্ৎপন্ন হয় না। স্থতরাং, যে চিত্ত বা চৈত্ত চরম নহে, তাহাই সমনন্তর-প্রত্যন্ত্র হইবে।

এই স্থলে প্রাসন্ধিকভাবে স্বতঃ একটা প্রশ্ন আসিয়া উপস্থিত হইতেছে যে,
বৃদ্ধের অন্তিম চিত্রটা বৃদ্ধের পক্ষে মন নামে অভিহিত হইতে পারে
কি না। পূর্ব্বপক্ষী ইহার সমাধানে অনারাসেই বলিতে পারেন যে,
উহা মন নামে অভিহিত হইবে না। কারণ, যে চিত্রটী যে চিত্র বা
চৈত্রের পক্ষে অনস্তরাতীত তাহাকেই পরবর্ত্তী চিত্র বা চৈত্তের আশ্রায়রপে
বৈভাষিকশাস্ত্রে মন নামে অভিহিত করা হইয়াছে। ঐ চিত্তের পরে
বর্ধন স্বসন্তানে কোনও চিত্ত বা চৈত্র হয় না তথন উহা আর পরবর্ত্তী চিত্র
বা চৈত্তের আশ্রম্ম হইতে পারে না।

ইহার উত্তরে বৈভাষিকমতের অমুকূলে আমরা বলিতে পারি বে, বৃদ্ধের চরম চিত্তও মন নামেই অভিহিত হইবে। কারণ, আশ্ররভাবের দারা প্রভাষিত হইরাই উহা উৎপন্ন হইয়াছে এবং আশ্রয়ভাব-প্রভাষিত চিত্তকে মন নামে অভিহিত করা হইয়া থাকে। কারণান্তরের বিকলতাবশতঃ ঐ চিত্তের পরে আর কোনও চিত্ত বা চৈত্ত সমুৎপন্ন হয় নাই। যদি কারণসাকল্য থাকিত, তাহা হইলে পরে চিত্ত বা চৈত্তও থাকিত এবং পূর্ববর্ত্তী চিট্টো আশ্রয়ও হইত। কারণবৈকল্যে চিত্তোৎপাদেরই বৈক্ল্য হইবে; উহার দারা পূর্ববিভিত্তের আশ্রয়ভাব বিকল হইবে না। এইভাবে উক্ত চরম চিত্তটা মন হইলেও উহা সমনন্তর-প্রত্যন্ন হইবে না। কারণ, প্রত্যন্মতা বা হেতৃতা কারিত্রের দারাই প্রভাষিত, স্বভাবের দারা নহে। পরবর্তী চিত্তোৎপাদে কাহিত্র, অর্থাৎ প্রক্ষকার, না থাকার ঐ চরম চিত্তটা সমনস্তর-প্রত্যন্ন হইবে না।

রূপ কখনও সমনন্তর-প্রতার বলিয়া গৃহীত হইবে না। কাংণ, ফলের অনস্তরতা থাকিলেও সমতা থাকে না। কামণাতৃত্ব পুরুষের যে কারকর্ম বা কারবিজ্ঞপ্তি, তাহা হইতে কদাচিৎ কামাবচর অবিজ্ঞপ্তিরূপ উৎপন্ন হয় এবং কদাচিৎ বা রূপাবচর অবিজ্ঞপ্তিরূপও সমূৎপর হইরা থাকে। কামধাতৃত্ব পুরুষ যদি সম্বর গ্রহণ করিয়া সাম্রবধ্যানে সম্মুখী হন তাহা হইলে কামাবচর যে পুর্বোৎপন্ন অবিজ্ঞপ্তিরূপ, তাহা হইতেই অনস্তর্ক্ষণে তাহার রূপাবচর অবিজ্ঞপ্তিরূপ সমূৎপন্ন হইরা থাকে। ঐ অবিজ্ঞপ্তি রূপণাতৃতে বিপাক-ফল উৎপাদন করিবে; এজ্ঞা, উহাকে রূপাবচর অবিজ্ঞপ্তি বলা হইয়াছে। আর, যদি ঐ পুরুষ অনাম্রবধ্যানে উপযুক্ত হন, তাহা হইলে পুর্বোৎপন্ন যে সাম্রব্ অবিজ্ঞপ্তিরূপ

ভাষা হইতে অনাম্রব অবিজ্ঞপ্তিরূপ সম্পুণর হইবে। অনাম্রব হওয়ার ঐ
অবিজ্ঞপ্তি আর কোনও বিপাক-কল দিবে না। স্কৃতরাং, কামধাতুত্ব প্রক্ষে
সমুৎপর অবিজ্ঞপ্তি কামাবচর-অবিজ্ঞপ্তি নামেই অভিহিত হইবে। এইপ্রকারে কারণও কলের সমতা না থাকার রূপাত্মক ধর্ম সমনত্তর-প্রত্যয় হইবে
না। সমনত্তর-প্রত্যয়রুপে কামাবচর চিত্ত হইতে কখনও কামাবচর, কখনও
রূপাবচর, কখনও সাম্রব, কখনও কামাবচর চিত্ত হইতে কখনও কামাবচর, কখনও
রূপাবচর, কখনও সাম্রব, কখনও কামাবচর চিত্ত চিত্তের সমনত্তর-প্রত্যয়
হইবে না। চিত্ত বিদ্নাদি-চৈত্তের বা বেদনাদি চৈত্ত চিত্তের সমনত্তর-প্রত্যয়
হইবে না। চিত্ত চিত্তেরই সমনত্তর-প্রত্যয় এবং বেদনা বেদনারই সমনত্তর-প্রত্যয় হইবে। বেদনারূপ চৈত্ত কখনও সংজ্ঞারূপ অপরজ্ঞাতীর চৈত্তেরও
সমনত্তর-প্রত্যয় হইবে না। এইপ্রকারে কার্য্য ও কারণের সমতা থাকায় চিত্ত ও
চৈত্তই সমনত্তর-প্রত্যয় হইবে, অত্য ধর্ম্ম নহে; এবং উৎপত্ম ধর্ম্মই সমনত্তরপ্রত্যয় হইবে, অনাগত চিত্ত বা চৈত্ত সমনত্তর-প্রত্যয় হইবে না। অনাগত ধর্ম্মের
কেহ পরবর্ত্তী হইতে পারে না। উৎপত্ম ধর্ম্ম লইয়াই লোকে পরবর্ত্তিত্বের ব্যবহার
হইরা থাকে। এজভা, অনাগত ধর্ম্মের সমনত্তর-প্রত্যয়হ সম্ভব হইবে না।

কদাচিং কেনেও পুদ্গলের সচিত্তক-অনাস্রব্ধ্যানকালে চিত্তে কোনও ক্লেশ থাকে না এবং পরক্ষণেই পুনরায় চিত্তে ক্লেশ আদিয়া উপস্থিত হয়। এই যে অক্লিপ্টচিত্তের পরে ক্লিপ্টচিত্ত উৎপন্ন হয়, ইহাতে অবশুই জিজ্ঞাসা হইবে যে উক্ত ক্লিপ্টচিত্তের কোনও সমনন্তর-প্রত্যয় আছে কি না। উত্তরে ইহা বলা যাইবে না যে, উক্ত ক্লিপ্টচিত্তের কোনও সমনন্তর-প্রত্যয় নাই; উহা সমনন্তর-প্রত্যয়কে অপেক্ষা না করিয়াই উৎপন্ন হইয়াছে। কারণ, আভিধিমকগণ সকল চিত্ত-চৈত্তকেই সমনন্তর-প্রত্যয়সাপেক্ষ বলিয়া মনে করেন। অথবা, উক্ত প্রশ্লের সমাধানে ইহাও বলা লঙ্গত হইবে না যে, পূর্ববর্ত্তী জাল্পিচিত্তর সমনন্তর-প্রত্যয় হয়। কারণ, হেতু ও ফলের বৈসাদৃশ্রম্ভলে সমনন্তর-প্রত্যয় হয় না; ফলীভূত যে উত্তর্ঘর্তী ক্লিপ্টচিত্ত, তাহার বিসদৃশ যে পূর্ববর্ত্তী আক্লিপ্ট ধ্যানিতিত্ত, তাহা সমনন্তর-প্রত্যয় হইতে পারে না!

এই পূর্ব্বপক্ষের সমাধানে বৈভাষিক্ষত অবলম্বন করিয়া আমরা বলিতে পারি যে, পূর্ব্বপক্ষী সমনস্তর-প্রত্যরতা-বিষয়ে নিজের অজ্ঞতাবশতঃ উক্ত প্রশ্নকে অপ্রতিস্মাধের মনে করিয়াছেন। কারণ, তিনি প্রদর্শিত স্থলটীর সম্যক্ বিশ্লেষণ করিলেই অনারাদে সমাধানের অনুসন্ধান করিতে পারিতেন। উক্ত স্থলে পরবর্ত্তী একটা ক্লিইচিতকে কলরূপে এবং পূর্মবর্ত্তী একটা অক্লিইচিতকে কারণরাপে পাওরা বাইতেছে। ক্লেশের দারা সংশ্লিষ্ট যে চিত্ত, তাহাই ক্লিষ্ট হইবে। স্বতরাং, প্র হলে ক্লেশ। মুক একটা চৈত্ত এবং আর একটা চিত্ত, এই ছুইটা ধর্মকে আমরা পাইতেছি। পূর্কবর্ত্তী অনাপ্রব যে চিত্রটা, তাহা কেবল পরবর্ত্তী চিত্তবর্মাটীর প্রতিই সমনন্তর-প্রতার হইবে; তৎসম্প্রাযুক্ত যে ক্লেশাত্মক চৈওটী, তাহার প্রতি নহে। উক্ত অনা এব-চিত্তের পূর্ব্ববর্ত্তী যে নিরুদ্ধ ক্লেশাত্মক চৈত্তবর্ম্ম, তাহাই চিত্তসম্প্রযুক্ত ঐ ক্লেশের প্রতি সমনন্তর-প্রত্যয় হইবে, চিত্তের প্রতি নহে। যদিও অনাপ্রব-চিত্তের পূর্ববর্তী যে ক্লেশ, তাহা উক্ত অনাস্রব-চিত্তটীর দারা ব্যবহিত হইয়। গিয়াছে ইহা সত্য, তথাপি উহার ঐ ক্লেশের প্রতি সমনন্তর-প্রত্যরতে কোনও বাধক নাই। কারণ, সমানস্রাতীয় কোনও ধর্মান্তরের যে ব্যবধান, তাহাই সমনন্তর-প্রত্যের্যন্তর বাধক হয়; বিজ্ঞাতীর ব্যবধান বাধক হর না। স্কুতরাং, ধ্যান-চিত্তের দ্বারা ব্যবহিত যে পূর্ব্বনিরুদ্ধ ক্লেশামুক চৈত্ত তাহাই অভিমত ক্লেশের প্রতি, সমনত্ত্র-প্রত্যয় इटेर्टर ।

কেনিও আর্গ্যপূদ্ধল যদি নিরোধনমাপত্তি বা অসংজ্ঞিকসমাপত্তি লাভ করিয়া পশ্চাৎ ব্যুখিত হন, তাহা হইলে তাঁহার ঐ ব্যুখানকালের প্রথম চিত্তটীর কোনও সমনস্তর-প্রত্যর আছে কিনা ? এই প্রশ্নের উত্তরে বস্ক্রবন্ধ বলিয়াছেন যে চিত্ত বা চৈত্ত ইহার। প্রত্যেকেই সমনস্তর-প্রত্যয়াধীন। এমন কোনও চিত্ত- বা চৈত্তক্ষণ নাই যাহা সমনস্তর-প্রত্যয়নিরপেক্ষ। স্ক্রতরাং, ঐ প্রাথমিক যে ব্যুখানচিত্তটী তাহারও সমনস্তর-প্রত্যয় আছে। সমাপত্তিপ্রবেশ-কালীন চিত্তটী, অর্থাৎ উৎপত্তিক্ষণস্থ যে সমাপত্তি-চিত্তটী, তাহাই উক্ত ব্যুখানচিত্তের সমনস্তর-প্রত্যয় হইবে। সমাপত্তিলান্ডের দিতীয় ক্ষণ হইতে পুদ্ধল অচিত্তিকাবস্থা প্রোপ্ত হইয়া থাকেন। যদিও দ্বিতীয়াদি-ক্ষণস্থ সমাপত্তিরূপ দ্রব্যের দ্বারা উক্ত ব্যুখানচিত্তের প্রাথমিচত্তটী সমাপত্তিপ্রবেশচিত হইতে ব্যবহিত হইয়া গিয়াছে ইহা সত্য; তথাপি অন্য কোনও চিত্তের দ্বারা উহা ব্যবহিত না হওয়ায় ঐ ব্যুখানচিত্তের প্রতি উক্ত সমাপত্তিপ্রবেশচিত্তের সমনস্তর-প্রত্যয়ত্রে কোনও বাধা নাই।

হেতুফলভাব

আলম্ব-প্রভ্যয়।

সংস্কৃত ও অগংস্কৃত এই দিবিৰ ধর্মের সকল ধর্মই আলম্বন-প্রত্যয় হইতে পারে।
গাল্যন যে চিত্র বং চৈতাবি রূপ ধর্ম তাহাদেরই আলম্বন-প্রত্যয় থাকে। নিরালম্বন যে ভূত বা ভৌতিকাদি ধর্ম তাহাদের কোনও আলম্বন-প্রত্যয় থাকে না। প্রধান নাত্রই মনোবিজ্ঞানের বিষয় হইতে পারে। স্কৃতরাং, মনোবিজ্ঞানকে অপেক্ষা করিয়া অধ্যাত্রকেই আলম্বন-প্রত্যয় বলিতে পারি।

অধিগতি-প্রত্যয়।

কারণ-হেতৃকে অধিপতি-প্রত্যর বলা হয়। চিত্ত এবং চৈত্ত ইহারা হেতৃ, সমনতার, আলম্বন ও অধিপতি এই চানিপ্রকার প্রত্যায়কে অপেক্ষা করিরাই সমুপের হইরা গাকে। চিত্ত বা চৈত্ত ইহারা প্রস্পার পরস্পরের সহভূহেতু। এ সহভূহেতু হইবে ইহাদের হেতৃ-প্রত্যার। এইপ্রকারে সভাগ-হেতৃও ইহাদের হেতৃ-প্রত্যায় হইতে পারে। পূর্ববর্ত্তী চিত্ত চিত্তের এবং পূর্ববর্ত্তী চৈত্ত চৈত্তের প্রমন্তর-প্রত্যায় হইবে। বিষয় উহাদের আলম্বন-প্রত্যায় এবং ইন্তিরা, ব্যাপ্তিজ্ঞানাদি উহাদের অধিপতি-প্রত্যায় হইবে। এইভাবে সকল চিত্ত বা চৈত্ত পর্যাই উক্ত চতুর্বিবধ প্রত্যায়-সাপেক্ষ হইবে।

নিরোধসমাপত্তি ও অসংজ্ঞিকসমাপত্তি ইহারা উভয়ে হেতৃ-প্রত্যয়, সমনন্তর-প্রত্যয়, ও অধিপতি-প্রতায় এই ত্রিবিধ প্রত্যয়কে অপেকা করিয়া সমূৎপয় হইয়া থাকে। ভাবাত্রিক যে কুশলধর্ম তাহা নিরোধসমাপত্তির ও চতুর্থবানিভূমিক যে কুশলধর্ম তাহা অসংজ্ঞিকসমাপত্তির সভাগ-হেতৃ হইবে এবং উহায়া বণাক্রমে উহালের, অর্থাৎ উক্ত সমাপত্তিয়য়ের, ফেতৃ-প্রত্যয় হইবে এবং সমাপত্তিপ্রয়ের, ক্রেন্সভার উহালের সমনস্তর-প্রত্যয় হইবে এবং ইক্রিয়াদি অপরাপর ধর্মগুলি, অর্থাৎ বাহারা উহালের কারণ-হেতৃ, ভাহারা ঐ সমাপত্তিদ্বয়ের অধিপতি-প্রত্যয় হইবে।

এই চিত্ত, তৈত্ত ও সমাপত্তিদর ভিন্ন অপরাপর ভূতভৌতিক প্রভৃতি ।

বর্ষাগুলি হেতু-প্রত্যার ও অধিপতি-প্রত্যার এই দ্বিবিধমাত্র প্রভৃত্যাকে অপেকা করিয়।

সমূৎপন্ন হইয়া থাকে।

ষ্ট্র পরিচ্ছেদ

চিত্ত

চিত্তসালাভ্য

বিজ্ঞানং প্রতিবিজ্ঞপ্তিঃ' এই কারিকার দ্বারা বৌদ্ধাচার্য্য বস্তুবন্ধ্ তদীয় মভিপর্মকোশ নামক মহাগ্রন্থে বিজ্ঞান বা চিত্তের স্বরূপ বলিয়াছেন। চিত্ত, মন ও বিজ্ঞান এই শব্দগুলি একই অর্থের ভিন্ন ভিন্ন লাম, বেমন জ্বল, সলিল, জীবন প্রভৃতি শব্দগুলি একই স্বভাব-দ্রব পদার্থের ভিন্ন ভিন্ন সংজ্ঞা। স্থলবিশেবে মন-পদটী যে বৈভাষিক্মতে বিশেষ অর্থে প্রযুক্ত হইয়াছে, তাহা পরে বিবেচিত হইবে। বৈভাষিক্মতে মন-পদটী লাগারণতঃ বিজ্ঞানরূপ অর্থেই প্রযুক্ত হইয়াছে।

প্রতিবিজ্ঞপ্তিই বিজ্ঞানের স্বরূপ। এইন্থলে প্রতি-পদ্টী বীপ্সা অর্থে প্রযুক্ত হইয়াছে এবং বিজ্ঞপ্তি-পদ্টীর দারা উপলব্ধি, অর্থাৎ বস্তুস্বরূপমাত্রের গ্রহণ, এই অর্থ কণিত হইয়াছে। স্কুতরাং, বুঝা যাইতেছে মে, বিভিন্নবিষর্গক নির্ফিকেরকজ্ঞানই প্রতিবিজ্ঞপ্তি এবং উহাই চিত্ত বা বিজ্ঞানের বৈভাষিকসমত স্বরূপ। যাহা বেদনা, অর্থাৎ স্থত্তঃথানুভব, বা সংজ্ঞা, অর্থাৎ নাম-জ্ঞাত্যাদির যোগে তর্থবিষরক কল্পনা, তাহা বৈভাষিকমতে বিজ্ঞান বা চিত্ত নহে; পরন্ত, এগুলিকে এই মতে চৈত্ত বা চৈত্তিবিক নামে অভিহিত করা হইয়াছে।

বিজ্ঞান বা চিত্ত ছরপ্রকার — চাক্ষ্য, রাসন, ঘ্রাণজ্ঞ, স্পার্শন, শ্রাবণ ও মানস। বিজ্ঞানান্ত্রবন্ধকেই, অর্থাৎ প্রবাহপতিত বিজ্ঞানসমূহকেই বৈভাষিকমতে বিজ্ঞানস্কন্ধ নামে অভিহিত করা হইনাছে। অর্থাৎ প্রাত্যক্ষিক নির্বিকর্ম বিজ্ঞানের যে ধারা বা প্রবাহ, তাহারই নাম বিজ্ঞানস্কন্ধ। স্থৃত্রাৎ,

১। কোশস্থান ১, কা ১৬।

২। চিত্তং মনোহণ বিজ্ঞানমেকার্থন্। কোশস্তান ২, কা ১৪।

প্রতিবীপ্নার্থঃ বিষয়ং বিষয়ং প্রতীতার্থঃ। উপলব্ধি বস্তমাত্রগ্রহণম্। বেদনাদয়ত্ত
চৈত্রদা বিশেদগ্রহণরপাঃ। ঐ, ফুটার্থা।

বিজ্ঞানস্কন্ধে আমুষানিকাদি কল্পনাজ্ঞানের প্রবেশ নাই। এগুলি সংজ্ঞান্ধ , সংগৃহীত হইয়াছে।

চিত্ত বা বিজ্ঞান বৈভাষিকমতে আত্মা বলিরা প্রসিদ্ধ । যাহা অহন্ধারের আশ্রের তাহাই আত্মা। চিত্ত বা বিজ্ঞান উৎপন্ন হইলেই তাহা অহন্ধারের সঙ্গে ফুক্ত হইন্না অধ্যবসিত হয়। 'নীলমহং জানামি' (নীল বস্তুটীকে আমি জানিতেছি) ইত্যাদি আকারেই বিজ্ঞানের বা চিত্রের কল্পনা হর। স্কুতরাং, চিত্ত বা বিজ্ঞানই আত্মা।

এই সিদ্ধান্তের বিক্লকে যদি আপত্তি করা যায় যে, 'নীলমহং জানামি' এই প্রতীতির দ্বারা নীল-জ্ঞানের যে কর্ত্তা তাহাকেই সহম্ বা আত্মা বলা হইয়াছে। নিজে নিজের কর্ত্তা হয় না; স্কুতরাং, নীল-বিজ্ঞানের নির্মাতা যে অন্ত কোনও বস্তু, যাহা অন্ত প্রেরকের অনধীনভাবে বিজ্ঞান ক্রিয়ায় নিস্পাদক, তাহাই উক্ত প্রতীতিতে অহম্ বা আত্মরূপে প্রকাশ পাইয়াছে। স্কুতরাং, স্বয়ং বিজ্ঞান অহম্ বা আত্মা নহে।

তাহা হইলেও উত্তরে বৈভাষিক্ষত অবলম্বন করিয়া আমরা বলিতে পারি যে, উক্ত আপত্তি সমীচীন হয় নাই। কারণ, গমনাদি ক্রিয়ার হলে ক্রিয়ার আশ্রমীভূত যে স্বতন্ত্র দেহাদিরূপ পদার্থান্তর তাহা উক্ত গমনক্রিয়ার কর্ত্তা হইলেও সর্বত্রই যে স্বতন্ত্র বস্তুত্তকে কর্ত্তা হইতে হইবে এমন নিয়ম নাই। 'স্থা্যঃ প্রকাশতে' (স্থা্য প্রকাশ পাইতেছে) ইত্যাদি হলে প্রকাশাত্মক স্থা্কেই প্রকাশক্রিয়ার কর্ত্তা বলা হইয়াছে। অর্থাৎ, স্থা্য স্বাতিরিক্ত কোনও প্রকাশক্রিয়ার নির্মাতা না হইলেও প্রকাশাত্মক স্থা্কেই স্বাভিন্ন প্রকাশের কর্ত্তার করা হইয়াছে। স্বতরাং, দেখা ঘাইতেছে যে, ক্রিয়ার যদি স্বতঃপ্রকাশতা থাকে, অথবা কর্ত্তা নিজেই যদি স্বতঃপ্রকাশত্রক হন, তাহা হইলে স্বকেই স্বাত্মক প্রকাশক্রিয়ার কর্ত্ত্রপে মুথাভাবে ব্যবহার করা হইয়া থাকে। স্বতরাং, বৈভাষিক্ষতে বিজ্ঞানক্রিয়া স্বতঃপ্রকাশ বলিয়া স্ক্রিটিও থাকার বিজ্ঞানক্রিয়ার কর্ত্ত্রপে, অর্থাৎ প্রকাশক্রিয়ার কর্ত্ত্রপে, প্রকাশক্রিয়ার কর্ত্ত্রপে, অর্থাৎ প্রকাশক্রিয়ার কর্ত্ত্রপে, প্রকাশক্রিয়ার কর্ত্ত্রপে, অর্থাৎ প্রকাশক্রিয়ার কর্ত্ত্রপে, প্রকাশক্রিয়ার কর্ত্ত্রপে, অর্থাৎ প্রকাশক্রিয়ার কর্ত্ত্রপে, অর্থাৎ প্রকাশক্রিয়ার কর্ত্ত্রপে, প্রকাশক্রিয়ার কর্ত্ত্রপে, অর্থাৎ প্রকাশক্রিয়ার কর্ত্ত্রপে, প্রকাশক্রিয়ার কর্ত্ত্রপে, অর্থাৎ প্রকাশক্রিয়ার কর্ত্ত্রপে,

১। অহকার সন্নিশ্র আত্মেত্যাক্রবাদিনঃ সকলমন্তি। চিত্তমহক্ষারনিশ্র ইত্যাক্মেত্যুপচর্যাতে। কোশস্থান ১, কা ১৯, ক্ষুটার্থা /

উল্লেখ থাকায় ঐ অহম্ এবং বিজ্ঞানরূপ প্রকাশক্রিরা এই গ্রহটী অভিনই হইবে। স্তরাং, 'ঘটমহং জানামি' ইত্যাদি প্রতীতিতে যে বিজ্ঞানক্রিয়া নিজেই আত্মবেপে প্রতীত হইতেছে তাহাও নিঃসন্দিগ্ধ।

বৌদ্ধশান্ত্র, গাঁগা প্রভৃতিতেও চিনের আত্মন্ত কথিত হইরাছে। প্রথমতঃ আত্মানে স্থান্ত বলা হইরাছে; পশ্চাৎ অন্তত্র চিনেরই দান্তব্যের উল্লেখ করা করা হইরাছে। স্বতরাং, চিত্তের বদি দমন হর এবং আত্মা বদি স্থান্ত হয়, তাহা হইলে কলতঃ আত্মা ও চিত্তের ঐক্যই বলা হইল। বস্ততঃ নৈরাত্মাবাদ বলিরাই বৌদ্ধাতে চিত্তকে উপচ্নিতভাবে আত্মা বলা হইরা থাকে।

স্ত্রাং, বুঝা বাইতেছে যে, অনাদিকাল হইতে নির্ব্বাণকাল পর্য্যস্ত স্থায়ী একপ্রবাহে পতিত যে বিজ্ঞানসন্তান, তাহাই বৈভাষিকমতে আত্মন্-পদের দ্বারা উপচরিত হইয়া থাকে।

একণে আমাদের বিচার করিয়া দেখিতে হইবে যে, কোন্ প্রশালীতে বিজ্ঞানের প্রবাহ চলিতে থাকে। আমরা যথন অসমাহিত অবস্থার জাগ্রত থাকি তথন চক্ষুরাদি ইন্দ্রিয়ের ছারা কোনও না কোনও বিষয়ে প্রতিক্ষণেই বিজ্ঞানের উৎপতি হইতে থাকে। যদিও এককণমাত্র-স্কারী বিজ্ঞানগুলির মধ্যে পূর্ব্ব পূর্ব্ব ধিজ্ঞানব্যক্তির সমনস্তর-প্রভাররূপে স্বসমানজাতীয় উত্তরোত্তর বিজ্ঞানব্যক্তির উৎপাদনে সামর্য্য আছে, অর্থাৎ পূর্ববর্ত্তী চক্ষুরিন্দ্রিয়েরপ্রপ অবিপতি-প্রভারজন্য চক্ষুরিজ্ঞানব্যক্তিটার পুনরার অবিপতি-প্রভাররের সাহায্যে পরবর্ত্তী কণে একটা চাক্ষুরজাতীয় বিজ্ঞানের সমুংপাদনে সামর্য্য আছে, এবং এইভাবেই নির্ব্বাণ পর্যান্ত বিজ্ঞানের এক একটা প্রবাহ চলিতে পারে ইহা সভ্যা, ভগাপি বিজ্ঞানগুলি উক্ত ধারার প্রবাহিত হয় না। কারণ, জাগরণাদি দশায় চক্ষুরাদি বিজ্ঞানগুলি উক্ত ধারার প্রবাহিত হয় না। কারণ, জাগরণাদি দশায় চক্ষুরাদি বিজ্ঞানগুলির প্রত্যেকেই বিভিন্নকণে স্ব স্ব কার্য্যের, অর্থাৎ চাক্ষুরাদি বিজ্ঞানগুলির, সমুংপাদনে সমর্য আছে এবং উহারাই বিভিন্নকণে স্ব স্ব আধিপত্যা-সম্পাদনছারা কারিত্র করে, অর্থাৎ অবিপতি-প্রত্যরূরূপে চাক্ষুরাদি বিজ্ঞানের উৎপাদন করে। এই প্রণালীতেই জাগরণ-কালে বিজ্ঞানধারা প্রবাহিত হয় । বাহ্যান্তিস্বর্বাদে অবিপতি-প্রত্যরূরূপ

১। 'আল্পনা হি ক্লান্তেন লগং প্রাপ্রোতি পণ্ডিতঃ'। 'চিত্ত দমনং সাধু চিত্তং দাতং ক্লাবহন'। কোশস্থান ১, কা ১৯, ক্লাটার্থাতে গাথা ছুইটা উদ্ধৃত হইয়াছে।

পূর্ব্ব পূর্ব্ব বিজ্ঞান হইতে পর পর বিজ্ঞানব্যক্তির উৎপত্তিক্রমে বিজ্ঞানপ্রবাহের ব্যবস্থাপন বোধ হয় আবশুক হইবে না। নির্ব্বাণে বিজ্ঞানপ্রবাহ থাকে
কি না তাহা নির্ব্বাণের আলোচনাপ্রদঙ্গে বর্ণিত হইবে।

ষদিও পূর্ব্বোক্ত বিচারের দারা ইহা আমরা ব্ঝিতে পারিয়াছি যে, জাগরণদশার জীবের বিজ্ঞানগুলি প্রবাহাকারে বিভ্যান থাকিতে পারে; তথাপি ইহা
আমরা এখন পর্যান্তও ব্ঝিতে পারি নাই যে, মৃত্যুর পরেও বিজ্ঞানপ্রবাহ
অবিচ্ছিন্নভাবেই থাকিবে এবং মৃর্চ্ছা বা নিরোধসমাপত্তির সঙ্গেও বিজ্ঞানপ্রবাহ সমানভাবেই চলিবে।

বৌদ্ধ দার্শনিকদিগের মধ্যে থাঁহার। আলম্বিজ্ঞান স্বীকার করেন (বেমন যোগাচার-সম্প্রদায়) তাঁহাদের পক্ষে পূর্ব্বোক্ত সমস্তা নিতান্তই অকিঞ্চিৎকর। কারণ, তাঁহারা বলিতে পারেন অথবা বলেন যে, মৃত্যু বা মূর্চ্ছাদি অবস্থায় প্রবৃত্তিবিজ্ঞানের ধারা না থাকিলেও উহাতে আলম্বিজ্ঞান প্রবাহাকারেই চলিতে থাকে এবং ঐ বিজ্ঞান অতিস্ক্র বলিরা শারীরিক প্রক্রিয়ায় ঐ সময় জীবনের বা চেতনার কোনও সন্ধান পাওয়া বার না।

বৈভাষিকসম্প্রান্তর যোগাচারীদের স্থান আলম্বিজ্ঞান স্বীকার করেন ইহা আমরা বলিতে পারি না। কারণ, উহাদের প্রধান গ্রন্থ অভিধর্মকোশে বা তাহার ভাষ্য-ব্যাখ্যা স্ফুটার্থাতে আলম্ববিজ্ঞান বা প্রবৃদ্ধিবিজ্ঞান এই-ভাবে বিজ্ঞানের বিভাগ পাওরা যায় না। স্থতরাং, বৈভাষিকমতাত্মপারে পুর্ব্বোক্ত সমস্থার সমাধান অন্থ রীতিতে আবশুক বলিয়া মনে হয়।

অভিধর্মকোশে মৃত্যুকে চ্যুতি নামে অভিহিত হরা হইরাছে। সংক্ষিপ্ত পঞ্চ ইন্দ্রিরের যে প্রবাহ, তাহার বিচ্ছেনই চ্যুতি বা মৃত্যু'। সংক্ষিপ্ত ইন্দ্রির বলিতে দ্রাণ, রসনা, চক্ষুং, ত্বক্ বা কার ও শ্রবণ এই পঞ্চবিধ ইন্দ্রিরকে বুঝার। মনকে সংক্ষিপ্ত ইন্দ্রির বলা যায় না; কারণ, মন সর্ক্বিষয়ক। অপরাপর যে চক্ষ্রাদি ইন্দ্রিয়গুলি তাহাদের বিষয় নিয়মিত থাকায় তাহাদিগকেই আমরা সংক্ষিপ্ত ইন্দ্রির বলিতে পারি। অতএব, বুঝা যাইতেছে যে, চ্যুতি বা মৃত্যুকালেও মনোবিজ্ঞান বিভ্যান থাকে।

১। চ্যুতিঃ সংক্ষিপ্তপঞ্চেন্নিয়গোচরন্ত প্রবাহতেহণামুকুলে বিজ্ঞানে সতি ভবতি। কোশস্থান ৩, কা ৪২, স্ফুটার্থা-।

যদিও অভিধর্মকোশে বাহ্ ই ক্রিরগুলিকে ভৌতিকই বলা হইয়াছে, তথাপি উহারা বৈভাষিকমতে মাংসপিগুল্লিক নহে; পরন্তু, মাংসপিগুল্লিক পরমাণ্স্থ্যন্থল অভিব্রক্ত ভৌতিক বস্তু। মৃত্যুতে ইক্রিরের অধিষ্ঠান গোলকাদি থাকিলেও তদাশ্রিত ইক্রিরগুলি থাকে না, ইহা বলিতে কোনও বাধা নাই। অতএব, বাহেক্রির-প্রবাহের উচ্ছেদকে আসরা বৈভাষিকমতে মৃত্যু বলিতে পারি। বাহেক্রির-প্রবাহ বথন উচ্ছেদেশ্র্য, তথন আর তাহারা নিজ নিজ কার্য্য চাক্র্যাদি বিজ্ঞানপ্রবাহ জন্মাইতে পারে না। এজ্যু, তৎকালে মনোবিজ্ঞানেরই বিগ্রমানতা সম্ভব। মনোবিজ্ঞানের বিচিত্র-কারিত্রবশতঃ তৎকালে বহিরিক্রিরের প্রবাহ সমুচ্ছির হইয়া যার। নিরত-বিপাক কর্মের জন্মবারেই চ্যুতিসহায়ক মনোবিজ্ঞান সমুংপন্ন হয়। প্রক্র স্বেচ্ছাবশে নিজের প্রযাত্রের দ্বারা উচ্ছেদকারী বিজ্ঞানের সমুৎপাদন করিতে পারে না। কার্য্যকরী অধিজ্ঞতা না থাকার মানুষের পীর প্রযন্ত কি হলে অসম্ভব।

যদি বলা যায় যে, মৃত্যুক্ষণে মনোবিজ্ঞানের অন্তিরে কোনও প্রমাণ নাই। মৃত্যুর অভিজ্ঞতা না থাকিলেও ঐ সময় কোনও বোধ থাকে না বলিয়াই সাধারণতঃ মনে হয়। কারণ, মৃতের শরীরে বেধের কোনও চিহু পাওরা যায় না বলিয়াই আমরা ঐ প্রকার ধারণা করি। স্কুতরাং, একজাতীয় কর্মনাপেক্ষ মনোবিজ্ঞানই মৃত্যু বা চ্যুতি ঘটায়, ইহা আমরা কেমন করিয়া ব্রিতে পারি?

তাহা হইলেও উত্তরে বৈভাষিকমতের অনুক্লে আমরা বলিতে পারি যে, মৃত্যুর অব্যবহিত পূর্বাক্ষণে যে বেদনা থাকে, ইহা আমরা সকলেই স্বীকার করি। কারণ, ঐ সমরে অধিকাংশক্ষেত্রেই আমরা বাতনাভিব্যঞ্জক মুথবিকার দেখিতে পাই। স্মৃতরাং, মৃত্যুকালে জীবের যাতনা হয় বলিয়াই আমরা মনে করি। যাতনা বা বেদনা চি এসম্বন্ধী বস্তু। এজন্ত, বেদনার সহিত্ চিত্ত বা বিজ্ঞান অবশুই মানিতে হইবে। বাহ্য ইন্দ্রিরগুলি কারিত্ররহিত হরার ঐ সমরে অগত্যা মনোবিজ্ঞানের অস্তিত্ব হীকার করিতে হয়।

কোনও কোনও ক্ষেত্রে আনন্দের সহিতও মাতুষকে মরিতে দেখা যায়। ঐ স্থলে মৃত্যুকালীন বেদনাকে 'স্থা' বলিয়া ব্ঝিতে হইবে এবং মৃত্যুজ্ঞনক মনোবিজ্ঞানও ঐ স্থলে অনুরূপই হইবে। স্থলবিশেষে মৃত্যুকালে 'উপেক্ষা' বেদনাও স্বীকৃত আছে। ঐ স্থলে সমকানীন মনোবিজ্ঞানও স্থলামুন্নপই স্থাবে।
স্থাতরাং, মৃত্যুকালে যে মনোবিজ্ঞান থাকে, ইহা আমরা অপ্রামাণিক বলিতে
পারি না। একণে অবগ্রহ জিজ্ঞাসা স্থাতে পারে যে, মৃত্যুকানীন মনোবিজ্ঞানের
পারবর্তী কালে প্রবাহ থাকে কি না এবং থাকিলেই বা উহা কতক্ষণ
থাকে ?

ইংগর উত্তরে প্রথমতঃ আমরা বলিতে পারি যে, যতক্ষণ না কর্মবিপাকের পরিসমাপ্তি হয়, ততক্ষণ পর্যান্তই উক্ত বিজ্ঞানপ্রবাহ চলিতে পারে। দ্বিতীয়তঃ, আমরা বৈভাষিকমত অবলম্ব করিয়া বলিতে পারি যে, উক্ত মনোবিজ্ঞানধারাই অন্তরাভব-গতি প্রাপ্ত হয়; পশ্চাৎ যতক্ষণ না কর্মের সম্পূর্ণ কয় হয় ততক্ষণ পর্যান্ত অন্তবাভব-গতি অনুসারে মনোবিজ্ঞান ও চাক্ষ্বাদি বিজ্ঞানের ধারা চলিতে থাকে।

ইহার ভাব।র্থ এই যে, আন্তিকমতের স্থার বৈভাবিকমতেও পুনর্জন্ম স্বীকৃত হইরাছে এবং গতিবিচ্ছেদ হইলে যে আর জন্ম বা ভব হইতে পারে না, ইহাও ঐ মতে স্বীকার করা, হইরাছে'। জাতমাত্র বালকের স্তম্পানাদির প্রবৃত্তিরূপ িকের দারা অন্থমানের লাহায্যে আমর্য জন্মান্তরের অন্তিয় অবধারণ করিতে পারি। আমাদের নিজ্ঞ নিজ্ঞ অভিজ্ঞতার দারা ইহা আমরা অবশুই নিশ্চিতরূপে ব্রিয়া থাকি যে, চেতনপ্রবৃত্তিমাত্রই ইষ্টলাবনতা-জ্ঞানের ফলে হইরা থাকে। কারণ, আমরা সেই সেই কার্যেই প্রবৃত্ত হই যেগুলিকে আমর্য আমাদের অভিপ্রার্থসিদ্ধির সহারক বলিরা মনে করি। এই অভিজ্ঞতা বা সহচারদর্শন থাকার এবং যাহাকে অভিপ্রার্মসিদ্ধির সহারক বলিরা মনে করি নাই অথচ তাহাতে প্রবৃত্ত হইরাছি এইরূপ বিপরীত অভিজ্ঞতা বা ব্যভিচারদর্শন না থাকার, আমরা এইরূপ একটা নিয়্ম স্বীকার করি যে, চেতনপ্রবৃত্তি হইলেই তাহা ইষ্ট্রসাধনতা-জ্ঞানের ফলে হইরা থাকে শ স্থতরাং, বালকের যে স্তম্পানপ্রবৃত্তি, চেতনপ্রবৃত্তি বলিরা ভাহাতেও ইষ্ট্রসাধনতাজ্ঞান-জ্ঞান্তের অনুমান হর। প্রবৃত্তিলিঙ্গক অনুমানের দ্বারা স্থিরীক্বত যে স্তম্পানে ইষ্ট্রসাধনত্বজ্ঞান, তাহা জাতমাত্র বালকের প্রেক ইহজন্মার্চ্জিত হইতে পারে না। পূর্বের

১। স ভবিয়ৢয়ৢবফলং কুঞ্তে কর্ম্ম তয়ৢবঃ। প্রতিসদ্ধিঃ পুনর্জাতির্জয়ায়য়ণমাবিদঃ।
কোশস্থান ৩, কা ২৪। ব্রীহিসস্থানসাধর্মাদবিচ্ছিয়ভবোয়ৢবঃ। ঐ, কা ১১।

ঐ বালক এই জন্ম আর কথনও স্বয়পান করে নাই। এজ্যু, স্বয়পানের ঘারা যে তাহার মতীষ্টসিদ্ধি হইবে তাহা সে উক্ত স্বয়পানের পূর্বের এই জন্ম জানিতে পারে নাই। অপচ, পূর্বে হইতে স্তয়্যে বা তংপানে ইইনাধনতাজ্ঞান বালকের আছে বলিয়া আমরা ক্রমানে জানিতে পারিয়াছি। অতএব, উহা মবশ্যই জন্মান্তরীয় হইবে। এই সকল মৃক্তির সাহায্যে আমরা জন্মান্তরের অমুমান করিতে পারি।

বিজ্ঞানসন্তানের ভববিচ্ছেদ হইলে বে আর ভবোৎপত্তি হইবে না তাহাও আমরা যুক্তির সাহাব্যে বুঝিতে পারি। কারণ, আমরা ইহা দেখিতে পাই বে, কুশ্লাদিদেশস্থ ব্রীহি-সন্তান হইতে দেশান্তরে, অর্থাৎ ক্ষেত্রাদিদেশে, অরুর উৎপন্ন হর এবং কুশ্লদেশ ও ক্ষেত্রদেশের অন্তরালবর্ত্তী দেশে ব্রীহিসন্তান বিচ্ছেদপ্রাপ্ত হর না এবং হইলেও অন্তর্ব উৎপন্ন হর না। স্থতরাং, দেখা বাইতেছে বে, ব্রীহি-সন্তানের বে ক্ষেত্রদেশ ও কুশ্লদেশের অন্তরালবর্ত্তী দেশের সহিত সম্বন্ধ, তাহা অবিচ্ছিন্ন থাকিলেই তবে ঐ ব্রীহি-সন্তান হইতে ক্ষেত্রদেশে অন্তর উৎপন্ন হয়, অন্তথা হয় না। অতএব, দেখা বাইতেছে বে, মৃত্যুকালীন বে মনোবিজ্ঞান-সন্তান তাহা, মরণভব ও উৎপত্তিভবের অন্তরালবর্ত্তী যে ভব, অর্থাৎ বৈভাবিকশান্ত্রে বাহাকে 'অন্তরাভব' নামে অভিহিত করা হইরাছে, তাহার সহিত সম্বন্ধ থাকিরাই আগামী উৎপত্তিভবে বিজ্ঞানধারার উৎপাদন করিবে, অন্তথা নহে।

বৈভাষিকমতে চারিপ্রকার ভব বা গতি স্বীকৃত আছে — মরণভব, অস্তরাভব, পূর্ব্বকালভব ও উৎপত্তিভব। জন্ম হইতে আরম্ভ করিয়া মৃত্যুর পূর্ব্ববর্ত্তী ভবকে পূর্ব্বকালভব বলা হইয়া থাকে। অন্ত ভবগুলি স্থগম এবং অন্তরাভব পূর্ব্বে ব্যাখ্যাত হইন্নাছে'।

পূর্কোক্ত বিজ্ঞানসন্তান যাহাকে অন্তরাভবিক বলা হইরাছে, তাহার অধিষ্ঠানীভূত একটা বিশেষ শরীর আছে। ঐ শরীর পূর্বকালভবিক শরীরের সহিত সমানাকার। পূর্বকালভবিক দেহটা যে কর্ম্মের বিপাক, অন্তরাভবিক শরীরও সেই কর্মেরই আক্ষেপ বা বিপাক। এব্দ্যা, দেহের আকৃতি উভয়

>। তুৰতগুলৰৎ কৰ্ম তথৈৰোষধি পুপ্ৰং। সিদ্ধান্নপাৰবন্ধত তন্ত্ৰিন্ ভ্ৰচতুষ্টয়ে। কোশস্থাৰ ৩, কা ৩৭।

ভবে সমান?। এক একটা অন্তরাভবিক জীব সমানজাতীয় অপর অন্তরাভবিক সত্ত্বের পক্ষে প্রত্যক্ষসিদ্ধ। অর্থাৎ, মনুয়াকৃতি একটা অস্তরাভবিক সত্ত্ব অন্তান্ত মনুষ্যাকৃতি অন্তরাভবিক সত্তকে দেখিতে পায় এবং তাহাদের কথাবার্ত্তা শুনিতে ' পার। ইহারা দিব্য ইন্দ্রিয় লাভ করে এবং অপ্রতিবন্দী হয়। অর্থাৎ, অপর কেহ ইহাদের অভিপ্রার বা কার্য্যে বাধা দিতে পারে না। ইহারা অনিবর্ত্তা অর্থাৎ ইহারা যে উপপত্তিভব প্রাপ্ত হইবে, তাহাতে কোনও বাধাই কার্য্যকরী হইতে পারে না। ইহারা:আগামী জন্ম, অর্থাৎ উপপত্তিত্ব, লাভ করিবেই। ইহারা গম্বভুক্; এই কারণে শাস্ত্রে ইহাদিগকে গন্ধর্ব নামে অভিহিত করা হইয়াছে[?]। অন্তরা-ভবিক সত্তকে বৈভাষিকগণ উপপাহক-সত্ত্ব নামেও অভিহিত করিয়াছেন। অর্থাৎ, বৈভাষিকমতে ইহাদের দেহ শুক্রশোণিতের দ্বারা গঠিত নহে; পরস্তু, দৈবনার-কাদি শরীরের ন্যায় অন্তভাবে গঠিত। অতএব, এই দেহ আমাদের দেহ অপেক্ষা <mark>স্ক্ষ[়]। যদিও অন্তরাভবিক শ্</mark>রীরের সহিত পূর্ব্বোক্ত মনোবিজ্ঞানসম্ভতিরই প্রাথমিক সম্বন্ধ হইয়া থাকে ইহা সত্য, তথাপি পরবর্ত্তী কালে এ সস্তানে চক্ষুরাদি বিজ্ঞানও প্রবেশ করিবে। কারণ, অস্তরাভবিক সত্ত্বের চক্ষুরাদি ইন্দ্রিয় স্বীকৃত হইয়াছে। ^{''} কালে এই সত্ত্বখন বুদ্ধির সীমায় উপস্থিত হইবে, তথন পৌনর্ভবিক কর্ম্মের বিপাকান্থসারে অন্তরাভবিক পঞ্চেক্রিয়ের আবার ঐ মনোবিজ্ঞানেই প্রবাহচ্ছেদ হইবে এবং ঐ মনোবিজ্ঞানসস্তানই উপপত্তিভবে সংক্রামিত হইবে। এইভাবেই অনাদি ভবচক্রের নির্ব্বাণাস্ত আবর্ত্তন বুঝিতে হইবে। জ্বনমাত্রেই আক্ষেপক কর্মের দ্বারা নিকার ও সভাগতার অভিব্যক্তি এবং পরিপুরক কর্ম্মের দ্বারা তাহার পরিসমাপ্তি, অর্থাৎ উক্ত নিকায় ও সভাগেঞ প্রবাহবিচ্ছেদ, বুঝিতে হইবে। স্কল ভবেই চ্যুতি বা প্রবাহবিচ্ছেদ

১। একক্ষেপাদসাবৈয়াং পূর্বকালভবাকৃতিঃ। স পুন র্মরণাৎ পূর্বমুপপত্তিক্ষণাৎপরঃ।
কোশস্থান ০, কা ১০। যেনৈব কর্ম্মণা গবাদিনিকায়সভাগ আক্ষিপতে তেনৈব কর্ম্মণা তদম্ভরাভব
আক্ষিপ্যত ইতি। কোশস্থান ৩, কা ২৪, ক্ষুটার্থা।

২। সজাতিগুন্ধদিব্যাক্ষিদৃশ্যঃ কর্ম্মদিবেগবান্। সকলাক্ষোইপ্রতিঘ্বাননিবর্ত্তাঃ স গ্রুত্কু। কোশস্থান ৩, কা ১৪।

ও। চতুরি নরতির্ঘঞো নারকা উপপাছকাঃ। অন্তরাভবদেবাশ্চ প্রেতা অপি জরাযুল্যাঃ। কোশস্থান ৩, কা ৯।

মনোবিজ্ঞানেই পর্য্যবসিত . ছইবে। বে দেশে আক্ষেপক কর্ম্মের দ্বারা নাম-ক্সপের বা নিকায়-সভাগতার অভিব্যক্তি হইবে সেই দেশেই ষড়ায়তন-পূরণের দ্বারা উহার পরিসমাপ্তি হইবে'।

শুণমতি, বস্থমিত্র প্রভৃতি বিজ্ঞানবাদী আচার্য্যগণ অন্তরাভব-সত্ত স্বীকার করেন না। তাঁহারা বলেন বে, বিশ্ব-প্রতিবিশ্ব-ন্যারেই মরণভবস্থ মনোবিজ্ঞান-সম্ভতি উপপত্তিভবস্থ-রূপে সংক্রামিত হইতে পারে। স্প্রতরাং, উভয়ভবের অন্তরালে অপর কোনও ভবের কর্মনা নিপ্রয়োজন। অর্থাৎ, বিশ্বভূত মুথাদি দেমন বিচ্ছিন্ন দেশে থাকিরাই ভিন্নদেশস্থ আদর্শ বা জ্ঞলাদি স্বচ্ছ বস্তুতে স্বামুর্যাপ প্রতিবিশ্ব উৎপাদন করে এবং ইহাতে বিশ্ব ও প্রতিবিশ্বোপাধি আদর্শাদির অন্তরালস্থ দেশে প্রবাহাবিচ্ছেদের অপেক্ষা রাথে না, তেমন মরণভবস্থ মনোবিজ্ঞানসম্ভতি যে দেশে উৎপন্ন হইয়াছে সেই দেশে থাকিয়াই উহা ভিন্নদেশস্থ উপপত্তিভবে নিজ্প প্রতিবিশ্বের হারা সংক্রামিত হইতে পারে। স্প্রতরাং, উভিন্নভবের মধ্যস্থদেশে অন্তরাভবিক সন্তের কর্মনা নিপ্রয়োজন। বিশেষতঃ, ইহাও যথন সিদ্ধান্তিভই আছে যে, মরণভবস্থ বিজ্ঞানসন্ততির অন্তর্মপ সম্ভতিই উপপত্তিভবে সংক্রামিত হয়, তথন পূর্ম্বক্থিত বিশ্ব-প্রতিবিশ্ব-ন্যায়ই গ্রহণ করা উচিত। কারণ, তাহাতে আনুরূপ্যের ব্যাখ্যা সরল হয়ং।

ইহার উত্তরে বৈভাষিকসম্প্রদায় বলেন বে, পূর্ব্বোক্ত যুক্তিতে অন্তরাভবের খণ্ডন সম্ভব হয় না। কারণ, প্রতিবিশ্বরূপ দৃষ্টান্ত অবলম্বনে অন্তরাভবের থণ্ডন করা হইয়াছে; কিন্ত দৃষ্টান্তই আদে সিদ্ধ হয় না। পূর্ব্বপক্ষী মনে করিয়াছেন বের, আদর্শ বা উদকাদি উপাধিতে সম্মুখন্ত মুখাদিদ্রব্যের প্রতিবিম্ব নামক দ্রব্য উৎপন্ন হয়। কিন্ত, বান্তবিকপক্ষে ঐ সকল উপাধিতে প্রতিবিম্ব নামক বিষাতিরিক্ত দ্রব্যান্তর উৎপন্ন হইতে পারে না। কারণ, একই দেশে একই সমরে

১। আক্ষেপকেণ কর্মণা নিকায়সভাগতাভিব্যক্তিঃ পরিপ্রকৈঃ পরিসমাপ্তিঃ। সর্ববিদ্দ্ জমনি কর্মদয়ত বাাপারাং। অগবা যত্র দেশে আদ্দিপ্তত্ত কর্মণা নামরপত্ত বিপাকত্ত প্রাহ্নভাবোহভিব্যক্তিঃ যড়ায়তনপ্রিতক্চ সমাপ্তিঃ স দেশোহবগন্তব্যঃ। কোশস্থান ৩, কা ১০; জ্টার্থা।

২। যতোহপৈতি ষত্র চোৎপদ্মতে ন তদন্তরালসন্তানবর্তিরূপপূর্ব্বকমুপপত্তিভবরূপমূ। ষোপাদানরূপসন্তানরূপসভাবতাৎ প্রতিবিদ্ধরূপবৃদ্ধিত। কোশস্থান ৩, কা ১১, ক্লুটার্থা।

হুইটী রূপ, অর্থাৎ হুইটী আকার বা সংস্থান, থাকিতে দেখা যায় না। ঘটাকার দ্রব্যে ঐ আকার থাকার সময়েই অন্ত কোনও আকার থাকে বা থাকিতে পারে, ইহা কোনও বুদ্ধিমান্ ব্যক্তিই স্থীকার করেন না। আদর্শ বা উদকাদিতে যখন সম্মুখস্থ পুরুষ নিজের প্রতিবিশ্বাকার দেখিতে পার, সেই সময়েই পার্মন্থ পুরুষ তাহাতে প্রতিবিশ্বাকার দেখেন না, তিনি দেখিতে পান আদর্শের আকার। প্রতিবিশ্ব দ্রব্যসৎ হুইলে একই সময় আদর্শে প্রতিবিশ্বাকার ও আদর্শাকার এই ছুইটা আকারের অন্তিম্ব অবশুই স্থীকার করিতে হর। কিন্তু, তাহা সম্ভব নহে। অতএব, প্রতিবিশ্বাকারটা দ্রব্যসৎরূপে সিদ্ধ নহে। স্কুরাং, উভয়বাদীর সম্মত না হওরায় উহা দৃষ্টান্ত হুইতে পারে না।

পূর্ব্বপক্ষী যে আনুরূপ্য-নিবন্ধন উপপত্তিভবস্থ বিজ্ঞানসস্ততিকে মর্প-ভবস্থ মনোবিজ্ঞানসন্ততির প্রতিবিদ্ধ বলিনা অন্তরাভবের খণ্ডন করিতে চাহেন, তাহাও অযুক্ত। প্রতিবিম্ব বিম্বের অনুরূপ স্বতন্ত্র দ্রব্য — ইহাই প্রতিবিম্ববাদী আহুরূপ্যের সাহায্যে বলিতে চাহেন। কিন্তু, ইহা নিতান্তই অযৌক্তিক মতবাদ। কারণ, রবিকিরণসমাকীর্ণ তড়াগে যে হর্য্যের প্রতিবিম্ব হয়, তাহা হইতে আবার আচ্ছাদিতস্থাসস্থিত আদর্শে প্রতিবিম্ব হইতে দেখা যায়। আদর্শের উপরিভাগে অস্বচ্ছ আচ্ছাদন থাকায় আচ্ছাদিতস্থানস্থ আদর্শে সাক্ষাৎভাবে সূর্য্যের প্রতিবিম্ব পড়িতে পারে না। অথচ, তড়াগাদির সন্নিধানে সমকালেই তড়াগে ও আদর্শে হর্য্যের প্রতিবিশ্ব দেখা বার। বিশ্বভূত রবির অনুরূপতা-নিবন্ধন তড়াগস্থ প্রতিবিম্ব অবশ্রুই আতপাত্মক হইবে এবং ঐ আতপাত্মক প্রতিবিদ্ধের যে আদর্শগত প্রতিবিদ্ধ, তাহাও নিজবিদ্ধের আমুরূপ্যবশতঃ ষ্মাতপাত্মকই হইবে। এইপ্রকার হইলে ছারা ও আতপের একত্র সমাবেশ ষীকার করিতে হইল। কারণ, আচ্ছাদিতস্থানস্থ আদর্শে ছারাত পূর্ব হইতেই বিশ্বমান আছে ; তড়াগগত রবি-প্রতিবিষের প্রতিবিষ্ক পতিত হওয়ায় এক্ষণে উহাতে আতপত্ত আসিরা উপস্থিত হইল। আতপণ্ড ছায়ার সমকালে সমান-দেশে অবস্থান সম্ভব নহে। স্মতরাং, প্রতিবিম্ব দ্রব্যসং নহে।

মৃত্যু ভবস্থ বিজ্ঞান মনদ, অর্থাৎ অম্পন্তি, এবং উপোন্ধা-বেদনা উহার সহচর ।

১। যন্তপি সা মরণাবস্থা মন্দিকা চিত্তচৈ ভ্রসমুদাচারস্তাপটুড়াৎ। কোশস্থান ৩, কা ৩৬-৩৮, স্ফুটার্থা।

জীব বা পুদ্গল পূর্বকালভবে সাধারণতঃ যে প্রকার ক্লেশ লইয়া ব্যবহার করে
পুদ্গলের মৃত্যুকালে সেইপ্রকার ক্লেশই সমুদিত হইয়া থাকে। পূর্বে পূর্বে অভ্যাসই
এইরূপ হইবার হেতু। যে পুদ্গল পূর্বেকালভবে স্বভাবতঃই ক্রোধী ছিল,
তাহার মৃত্যুকালে ঐ ক্রোধ নামক ক্লেশই উদ্বুদ্ধ হয় এবং ঐ পুদ্গল অন্তরাভবেও
স্বভাবতঃ ক্রোধীই হইয়া থাকে ।

মূৰ্চ্ছাবস্থায় বিজ্ঞানসন্তান থাকে বা থাকে না, ইহা লইয়া কো**নও** আলোচনা বৈভাষিকগ্রন্থে আছে বলিয়া আমরা মনে করি না; তথাপি, শাস্ত্রীয় অভিজ্ঞতার ফলে আমরা যেরূপ ব্ঝিতে পারিরাছি, তাহা বিবৃত করিতেছি! স্থবীসমাজ এ বিষয়ে ভাল-মন্দের বিচার করিবেন। যে অবস্থায় পুদ্গলে ঐক্রিক বিজ্ঞানের চিহ্ন পাওয়া যার না অথচ প্রাণের সাড়া বা স্পন্দন পাওয়া যায়, সেই অবস্থা আসিলেই আমরা পুদ্গল বা প্রাণীকে মৃচ্ছাপ্রাপ্ত বলিয়া মনে করি। প্রাণের ম্পন্দন না থাকা ও থাকা লইয়াই মরণাবস্থার সহিত মূর্চ্চাবস্থার বৈষম্য। কোনও গভীর মূর্চ্ছায় সামন্ত্রিকভাবে প্রাণে<mark>র</mark> ম্পন্দন রুদ্ধ হইতেও পারে; কিন্তু, ঐ অবস্থাতেই পুনরার প্রাণের ম্পন্দন পাওয়া योहेरत। অন্তথা, উহা মূর্চ্ছা হইবে না, মৃত্যু হইবে। জর্থাৎ, গভীর মূর্চ্ছাতে যে সাময়িকভাবে প্রাণের ম্পন্দন থাকে না বলিয়া আমরা মনে করি, তাহাতেও <mark>বীজভাবে, অর্থাৎ ভবিশ্বদ্</mark>তির আভিমুখ্যেই, প্রাণ থাকে। কারণ, পরে 🗳 অবস্থাতেই প্রাণের সন্ধান পাওয়া যায়। আগামী প্রাণবৃত্তির অনুরোধেই মূর্জাবিশেষে প্রাণের বীন্ধতাপ্রাপ্তির স্বীকার আবশ্রক। মৃত্যুতে প্রাণ বীন্ধতা-ুপ্রাপ্ত হইরাও থাকে না। আগামী প্রাণবৃত্তির সন্ধান পাওয়া যায় না বলিয়াই আমরা উহাতে প্রাণের বীঞ্চতাপ্রাপ্তির কল্পনা করিতে পারি না। এই ভাবেই আমরা মূর্চ্চা ও মৃত্যুর ভেদ করিলাম। এই মূর্চ্চা আঘাতাদি বাহ্যিক কারণে, শোকাদি মানসিক কারণে বা ঔষধপ্রয়োগাদির সাহাব্যে হইয়া থাকে। ইহাতে শাধারণতঃ ইন্দ্রিয়গ্রাম মিরুদ্ধ হইলেও বিনষ্ট হয় না; ভবিয়াদ্বতি লইয়াই উহারা থাকে। অতএব, বিজ্ঞানধারা ইহাতে নিরুদ্ধমাত্রই হয়, লোপ পায় না। ৰাছবিজ্ঞানের ধারাও ইহাতে নিরুদ্ধাবস্থার থাকে বলিয়াই বৈভাষিকগণ মনে

^{)।} বস্তু যত্ত অভীক্ষং চরিতঃ আসর্লচ তদানীং স এব ক্লেশঃ স্মুদ্বাচর্তি। কোশ্সান ৩, কা ৩৬-৩৮, ক্টার্থা।

করেন। কারণ, যেন্থলে আগামী বৃত্তির উদ্গম হয়, তথার নিরুদ্ধাবস্থায় বস্তর বিশ্বমানতা বৈভাবিকসম্প্রদার স্বীকার করেন। মূর্চ্ছাবস্থায় বৈভাবিকগণ বে মানসবিজ্ঞানের ধারা স্বীকার করিবেন, ইহা অনায়াসেই বলা থায়। কারণ, তাঁহারা মূর্ভাতেও মানসবিজ্ঞান স্বীকার করেন এবং ইহা আমরা অব্যবহিত পূর্ব্বেই জানিয়াছি। কিন্তু, বৈভাবিকমতামুদারে মূর্ক্ছাতেও বাহ্যবিজ্ঞান ভবিষ্মনৃত্তি লইরা থাকে, ইহা আমরা স্বীকার করি। উক্ত করনাকে নিরাশ্রয় বলিয়া মনে করিলে জবিচার করা হইবে। কারণ, আমরা যুক্তির সাহায্যেই উক্ত সিদ্ধাস্তে উপনীত হইয়াছি। কোনও প্রামাণিক বৈভাবিকগ্রন্থে বিরুদ্ধ মত না পাওয়া পর্যায়, আমরা উক্ত সিদ্ধাস্তেই বিশ্বাসী থাকিব।

মূর্চ্ছাবন্থায় বিজ্ঞানধারা থাকে কিনা ইহাই আমাদের বিচার্য্য। স্কুতরাং, ঐ অবস্থাকে ত্যাগ করিয়া অন্তান্ত অবস্থার সহিত ঐ অবস্থার ঘাহা সমান চিহ্ন, তাহাকে গ্রহণ করিয়া আমরা ঐ অবস্থার বর্ণনা করিব। জাগরণাবস্থা ও মূর্চ্ছাবস্থার সমান চিহ্ন হইতেছে প্রাণ। উভর অবস্থাতেই আমরা প্রাণের স্পান্দন পাই। গ্রন্থন, আমাদের জ্ঞানা স্থানি, বাধা না থাকিলে আর মাহা কিছু অবশ্যই থাকে, বলিয়া আমরা জ্ঞানি, বাধা না থাকিলে প্রাণ থাকার মূর্চ্ছাবস্থান্ত পূর্ণালের বেই সেই অবস্থাগুলি থাকিবে বলিয়াই আমাদের স্বীকার করিতে হইবে। প্রাণ থাকিলে যে বিজ্ঞানধারা অবশ্যই থাকে, ইহা আমরা সূর্চ্ছাতিরিক্ত সকল অবস্থাতেই দেখিতে পাই। স্কুতরাং, প্রাণ বিজ্ঞানের সহিত স্বভাবতঃ প্রতিবন্ধ। এই স্বাভাবিক প্রতিবন্ধতা, অর্থাৎ ব্যাপ্যতা, থাকার প্রাণ দেখিরা, অর্থাৎ প্রাণের সাড়া পাইয়া, ইহা আমরা নির্ণন্ধ করিতে বাধ্য হই যে, মূর্চ্ছাবস্থান্ত বিজ্ঞানধারা থাকে। অনুমানের প্রয়োগটী নিম্নলিখিত আকারে পর্য্যবৃদ্ধিত হইবে — মূর্চ্ছাবস্থা বিজ্ঞানসম্বন্ধিনী, প্রাণসম্বন্ধিত্বাৎ, জ্যাণবাব্যাবং, তথাচের্ম, তন্মাৎ তথা। ইহা পঞ্চাব্যব-প্রয়োগ; ত্যাব্যব-পক্ষে, স্মর্থাৎ বৌদ্ধতে, শেষের তুইটী অবরব পরিত্যক্ত হইবে।

সমাধিসম্পান পুদগলের যথন সমাধি হয়, অর্থাৎ বিষয়বিশেষে ধারাবাহিক-ভাবে মনোবিজ্ঞান চলিতে থাকে, তথন যদিও বাহেন্দ্রিয়-সাপেক্ষ রূপাদি-বিষয়ক-বিজ্ঞান স্থার থাকে না, অর্থাৎ অন্তবিষয়ক বিজ্ঞানপ্রবাহ কন্ধ থাকে, তথাপি ঐ অবস্থার মনোবিজ্ঞানকে চ্যুতি বা মৃত্যু বলা যায় না। কারণ, সমাধিস্থলীর যে অন্থাবিষয়ক চিত্তপ্রবাহের নিরোধ, এবং একবিষয়ক মনোবিজ্ঞানপ্রবাহ, এই উভয়ই প্রবত্নসাধ্য। পুদ্গল অনেকানেক প্রবত্নের দারা ঐ প্রকার অবস্থা লাভ করে। মৃত্যু বা পুনর্জন্মে পুদ্গলের পটুতা থাকে না বলিয়া চ্যুতি বা মৃত্যুস্থলীর বাহ্যবিজ্ঞানছেদ ও মনোবিজ্ঞান এই তুইই বিপাক। চ্যুতি অনিচ্ছাক্বত আর সমাধি ইচ্ছাসাধ্য। আরও কথা এই যে, সমাধিতে পূর্বকালভবিক ইন্দ্রিরজ্ঞা যে রূপাদিবিষয়ক বিজ্ঞানপ্রবাহ, তাহা সামরিকভাবে নিকন্দ্র হইলেও, উহা ভবিষ্যন্ত্রির আভিমুখ্যে অতীতাবস্থার সমাধিকালেও বিভ্যমানই থাকে। চ্যুতির স্থলে পূর্বকালভবিক ইন্দ্রিরজ্ঞা বিজ্ঞানপ্রবাহ নিকন্দ্র হর না; পরস্তু, ছিল্ল হইরাই যায়। মৃত্যুর পরে অন্তর্যাভবিক বা উপপত্তিভবিক আগামী ইন্দ্রিরের সাহায্যেই আগামীকালে বাহ্যবিজ্ঞানপ্রবাহিত হইবে। এই ভাবে মৃত্যু ও সমাধির ভেদ ব্রিতে হইবে।

বিজ্ঞানস্থিতি .

বিজ্ঞানস্থিতি — এস্থলে 'তিষ্ঠতি অস্থান্' এই ব্যুৎপত্তিতে অধিকরণবাচ্যে স্থিতি পদিটী নিপান হইরাছে। স্মৃতরাং, বিজ্ঞানের আশ্রনীভূত স্থান ঝ পুদ্গলকে বিজ্ঞান-স্থিতিবলা হইরাছে। আভ্রন্মকোশের তৃতীরকোশে লোকবাতুর বিভাগ করা হইরাছে। তাহাতে কামধাতু রূপধাতু ও আরুণ্যধাতু নামে তিলভাগে লোকের বিভাগ করা হইরাছে। নরকাদি দশ্দী লোকের সমষ্টিকে কামধাতু বলা হইরাছে। প্রথম ধ্যানভূমি হইতে চতুর্থ ধ্যানভূমি পর্যান্ত সতেরটা লোকের প্রমন্তিকে রূপধাতু বলা হইরাছে। প্রথম ধ্যানভূমি তৃতীর ধ্যান পর্যান্ত প্রত্যেক ধ্যানভূমিতে তিন তিনটী করিরা সর্বরশুদ্ধ নরটা লোক এবং চতুর্থ ভূমিতে আটটা লোক; স্মৃতরাং, সমষ্টিতে রূপধাতুতে সতেরটা লোক হইল। তৃতীর ধ্যান পর্যান্ত নরটা লোকের প্রভাতেরটা দেবলোক এবং অবশিষ্ট আটটা লোককে সন্থাবাদ বা অসংজ্ঞিকসন্থলোক বলা হয়। আকাশানস্ত্যায়তন প্রভৃতি চারিটী লোকৈর সমষ্টিকে অরূপ্যলোক বলা হয়। আকাশানস্ত্যায়তন প্রভৃতি চারিটী লোকের সমষ্টিকে অরূপ্যলোক বলা হয়।

কামধাত্র অনুর্গত মনুষ্যলোক এবং চাতুর্মাহারাজিকাদি ছয়টী দেবলোক,

^{ু ।} চতুর্মাহারাজিক, অরপ্রিংশ, যাম, তুবিত, নির্মাণরতি ও পরনির্মাণবশী এই চ্রাটা দেবলোক কামধাতুর অন্তর্গত।

রূপধাতুর অন্তর্গত প্রথমধ্যানভূমির তিন্টী লোক, বিতীয় ধ্যানভূমির তিন্টীর মধ্যে কেবল আভাস্বর-দেবলোক, ভৃতীর ধ্যানভূমির তিন্টীর মধ্যে কেবল শুভকুৎম-দেবলোক, আরুণ্যধাতুর ভবাগ্র ভিন্ন তিন্টী লোক, মোট এই পনরটী লোককে বলা হইরাছে বিজ্ঞানস্থিতি। এই সকল স্থাননিবাসী সত্তের বিজ্ঞানধারা বিশ্বদ বলিরা এই স্থানগুলিকে বা ভন্নিবাসী সন্ত্যমূহকে বিজ্ঞানখিতি, অর্থাৎ বিজ্ঞানের আধার, বলা হইরাছে।

কামবাতুর অন্তর্গত অপায়গতি, অর্থাৎ তির্য্যক্ প্রেত ও নয়ক এই তিনটী, দ্বিতীয় ধ্যানের ফুইটা অপ্রমাণান্ড ও পরিত্তান্ত, তৃতীয় ধ্যানের ফুইটা অপ্রমাণান্ড ও পরিত্তান্ত, চতুর্য ধ্যানের আটটা অকনিষ্ক, অদর্শন, অদৃশ, অতপ, অরহ, রহৎফল, পুণ্যপ্রদব ও অনভ্রক — রূপবাতুর অন্তর্গত উক্ত বায়টা এবং ভবাগ্র, অর্থাৎ নৈবসংজ্ঞনাসংজ্ঞায়তন আরূপ্যধাতুর একটা, এই বোলটা লোক বা তির্ন্বাসী সম্ব ইহাদিগকে বিজ্ঞানস্থিতি বলা হয় নাই। কায়ণ, অপায়গতিতে ছংথা-বেদনার ফলে বিজ্ঞান বৈশন্ত-লাভ করিতে পারে না; চতুর্থ ধ্যানে অসংজ্ঞিসমাপত্তির দ্বায়া এবং ভবাগ্রে নিরোধ-সমাপত্তির দ্বায়া বিজ্ঞান নিলীনাবস্থায়, অর্থাৎ বীজভাবে, অবস্থান করে।

আরূপ্যধাতু রপরহিত অর্থাৎ কোনও আকার বা বর্ণ উহাতে নাই।
এজ্ঞা, উহা কোনও দেশে বিজ্ঞান বস্ত হইতে ভিন্নস্থলাবই হইবে। এই
কারণেই বৈভাষিকশাস্ত্রে আরূপ্যধাতুকে 'অং।ন' বলা হইয়াছে। রূপী ধাতুও
অতীত ও অনাগত অবস্থার অস্থান হইবে, এবং বিজ্ঞমান অবস্থার উহা দেশস্থ
হইবে। রূপী ধা ুর মধ্যে যাহা অবিজ্ঞপ্তি তাহা বর্তুমান দশায়ও অস্থানই হইবে
এবং অরূপী বেদনা প্রভৃতিও অদেশস্থই হইবে।

কামগাতু ও রূপধাত্তে বিজ্ঞানসন্তান রূপের আশ্ররেই প্রবৃত্ত হয়; অভএব, ঐ ঐ গাতুগত বিজ্ঞান ফুলতঃ দেশস্থই হইল। আরূপ্যধাতুতে বিজ্ঞান রূপের অপেক্ষা না রাথিয়াই প্রবৃত্ত হয়। অতএব, উক্ত. বিজ্ঞানসন্তানকে আমরা অদেশস্থ বলিতে পারি এবং আমাদের মনে হয় উহা নিলীনাকার বিজ্ঞানসন্ততি।

>। আকাশানস্তায়তন, বিজ্ঞানানস্তায়তন ও আকিঞ্চায়তন এই তিন্টা লোক আরুপ্য-ধাতুর অন্তর্গত।

২। কিঞ্চিনিভিত্যেত্যভিপ্ৰায়ঃ। কোশস্থান ৩, কা ৩, স্ফুটাৰ্থা।

সমাপতিগানের ফলে এই জাতীয় বিজ্ঞান বা চিত্রসস্তানের প্রবৃত্তি হয়।
এই জাতীয় বিজ্ঞানকে বৌদ্ধশাস্ত্রে বিভূতরূপসংজ্ঞ আখ্যায় অভিহিত করা
ইইয়াছে। উহাদের রূপ ও সংজ্ঞা বিভূত, অর্থাৎ বিগত হইরাছে; এজন্ত উহারা বিভূতরূপসংজ্ঞ।

রূপী পূদ্গলের, অর্থাৎ কামধাতু ও রূপধাতুস্থ পূদ্গলের, বে নিকার-সভাগ, অর্থাৎ মনুষ্য বা দেবাদি সত্ত্বের দাদৃগ্য ধাহা মনুষ্যত্ব বা দেবত্বাদি নামে শাস্ত্রান্তরে প্রসিদ্ধ, তাহা রূপনিশ্রিত অর্থাৎ ঐ সভাগতা বা নিকার-সভাগ উক্ত পূদ্গলে তাঁহাদের সংস্থান বা আকারবশতঃই থাকে এবং তাঁহাদের বে জীবিতেক্রিম তাহাও রূপনিশ্রিতই হয়। কিন্তু, আরুপ্যধাতুত্ব পূদ্গলের নিকার-সভাগ ও জীবিতেক্রির রূপনিশ্রিত নহে; পরন্তু, পরস্পরাশ্রিত। অর্থাৎ, ঐ পূদ্গলের নিকার-সভাগ জীবিতেক্রিরাশ্রিত এবং জীবিতেক্রির নিকার-সভাগে আশ্রিত। কালব্যাপ্যতা, অর্থাৎ কালিক সমনৈরত্য, থাকার উহাদের পরস্পর নিশ্রিতত্বে বাধা নাই। কালের সমনৈরত্য না থাকিলেই ছইটা বস্তুর পরস্পর নিশ্রিতত্বে বাধা আসে।

চিত্তসম্পর্কীর পূর্ব্বোক্ত বিচারের দারা ইহাই আমরা ব্ঝিতে পারিলাম বে, বৈভাষিকমতে আনির্বাণ পুদ্গলের চিত্তধারা, অর্থাৎ বিজ্ঞানসম্ভতি, বিচ্ছিন্ন হয় না। কার্য্যাকারে বা বীজাকারে উহা প্রতিনিয়তই প্রবাহিত হইতে থাকে। নির্বাণে চিত্তসম্ভান থাকে কি না তাহা নির্বাণের ব্যাখ্যায় আলোচিত হইবে।

এই প্রসঙ্গে ইহাও জ্ঞানা আবশ্রক বে, কামধাতু ও রূপধাতুর অন্তর্গত বিভিন্ন লোকের প্রত্যেক লোকেই পুদ্গলসমূহ পঞ্চস্কনাত্মক। কেবল আরূপ্য-ধাতুত্ব পুদ্গলেরাই বিজ্ঞানাদি স্কন্ধচতুইরাত্মক। অরূপিত্বের জন্ম ঐ লোকে রূপস্কন্ধের যোগ সম্ভব হইবে না।

চিত্তসম্প্রযুক্ত

চিত্তের নিরূপণ করা হইরাছে। এক্ষণে চিত্তসম্প্রযুক্তের নিরূপণ করা ধাইতেছে। যাহা চিত্তের সহিত সম, অর্থাৎ চিত্তের সমানজ্ঞাতীর, এবং প্রযুক্ত (অর্থাৎ বিপ্রযুক্ত নহে) অর্থাৎ কোনও না কোনও চিত্তের সহিত যুক্তই থাকে, শাজে তাহাই চিত্তসম্প্রযুক্ত নামে অভিহিত হইয়াছে। প্রকৃতস্থলে অরুপিশই

চিত্তের সাঞ্চাত্য হইবে। চিত্তের ন্তার চৈত্তবর্মগুলিও অরূপী। এই কারণে চৈত্তধর্ম গুলিকে চিত্তের সম বলা হইরাছে। প্রাপ্তি, জাতি প্রভৃতি বিপ্রযুক্তধর্মেও অন্ধণিত্বন্ধ চিত্রশাজাত্য রহিয়াছে। ঐ সকল বিপ্রযুক্ত ধর্মগুলিকে ব্যাবর্তিত করিবার নিমিত্ত প্রযুক্ত-পদ্টীর প্রয়োগ করা হইয়াছে। উহার দারা চিত্তসংযো<mark>গের</mark> বিশেষ নিয়ম কথিত হইরাছে। বিশেষ নিয়মটী পরে বলা হইবে। চিত্ত-সংবোগের ঐ বিশেষ নিয়মটী না থাকায় প্রাপ্তি-বা জাতি প্রভৃতি বিপ্রযুক্ত-ধর্মে উক্তলক্ষণের অতিব্যাপ্তি হইবে না। আশ্রয়, আলম্বন, আকার, কাল ও দ্রব্যের দ্বারা বে চিত্তসংযোগ, তাহার নির্মকেই প্রকৃতগুলে চিত্তসংযোগের বিশেষ নিয়ম বলিয়া ব্ঝিতে হইবে। ষে ইন্দ্রিয়কে আশ্রয় করিয়া চিত্ত সমুৎপন্ন হর, সেই ইন্দ্রিরকে আশ্রর করিয়াই বেদনাদি চৈত্তধর্ম সমুৎপন্ন হয়। ইহাই চৈত্তধর্মে চিত্তাশ্রমগংযোগের নিয়ম। যে আলম্বনে, অর্থাৎ বে বিষয়ে, একটা চিত্ত বা বিজ্ঞান সমুৎপন্ন হয়, সেই বিষয়ে অবগ্রই কোনও না কোনও বেদনাদিরূপ চৈত্তধর্ম উৎপন্ন হইবে। এইভাবে চৈত্তধর্মগুলি আলম্বনের দারা চিত্তসংযোগে নিয়ত হইয়া থাকে। যে আকারে, অর্থাৎ ঘট-পটাদিরূপ যে কোনও ধর্ম্মের আকার লইমা চিত্তক্ষণ সমুংপন্ন হয়, ঠিক সেই আকারেই কোনও কোনও বেদনাছাত্মক চৈত্তক্ষণ সমুৎপন্ন হইয়া থাকে। এইপ্রকারে আকারের দারাও চৈত্তক্ষণ চিত্ত-সংযোগে নিয়ত হইয়া থাকে। যথন কোনও একটী বিজ্ঞান বা চিত্ত সমূৎপন্ন হর, ঠিক পেই সমধ্যেই কোনও না কোনও চৈত্ত্বর্শ্ব অবগ্রুই উৎপন্ন হইয়া থাকে। উক্ত প্রণালীতে চৈত্তধর্ম গুলি কালের দ্বারাও চিত্তসংযোগে নিয়ত হয়। যেমন এক ক্ষণে এক বিষয়ে একটীমাত্র বিজ্ঞানই সমুৎপন্ন হয়, এক বিষয়ে একাধিক চিত্ত যুগপৎ উৎপন্ন হয় না, তেমন চৈত্তধৰ্ম বেদনাদিও এক বিধয়ে ধুগণৎ একাধিক হয় না। অর্থাৎ, এক সন্তানে প্রতি-বিভিন্নক্ষণে ঘেমন একাধিক বিজ্ঞান বা চিত্ত সমুৎপন্ন হয় না, একটীমাত্রই সমুৎপন্ন হইয়া থাকে; তেমন প্রতিক্ষণে প্রতিচিত্তের সহভূরূপেও একটীয়াত্ত বেদনা, একটীয়াত্ত চেত্তনা এবং একটীয়াত্ত সংজ্ঞা এইভাবেই চৈত্তক্ষণগুলি সমুৎপন্ন হয়; একাধিক বেদনা বা একাধিক চেতনা যুলপৎ হয় না। সর্থাৎ, একটা চিত্তক্ষণে বিভিন্নজাতীয় একাধিক চৈত্তবর্মা সহভূ হইলেও একজাতীয় একাধিক চৈত্তক্ষণ উহার সহভূ হয় না। প্রদর্শিত প্রকারে দ্রবোর দ্বারাও চৈত্ত-ধর্মগুলি চিত্তসংৰোগে নিয়ত হইয়া থাকে। কথিত যে পাঁচপ্রকার চিত্তসংযোগের

নিম্ম, তাহাকেই প্রকৃতহলে প্রযুক্ততা বলা হইবে'। স্তত্ত্বাং, পূর্ব্বোক্ত অরূপিংরূপ শালাত্য ও বর্ণিত প্রযুক্ততা যে যে ধর্মে থাকিবে, তাহাদিগকে চিত্রসম্প্রযুক্ত বলিয়া বুঝিতে হইবে।

অভিধর্মশাস্ত্রে ষট্চরারিংশৎপ্রকারে চৈত্তবর্মের বিভাগ করা হইরাছে। উক্ত চৈত্তগুলিকেই চিত্তসম্প্রযুক্তক বলা হইরাছে। উহারা প্রত্যেকেই অরূপিত্বরূপ ধর্মের দ্বারা চিত্তের সমানজাতীর এবং আশ্রয়, আলম্বন, আকার, কাল ও দ্রব্যের দ্বারা চিত্তের সহিত প্রযুক্ত, অর্থাৎ উক্ত পঞ্চপ্রকারে উহারা চিত্তের অনুবর্ত্তন করিয়া গাকে।

বেদনা, চেত্তনা, সংজ্ঞা, ছননঃ, ম্পর্ন, মতি, স্মৃতি, মনস্কার, অবিমৃক্তি, সমাধি, শ্রদ্ধা, অপ্রমাদ, প্রশ্রন্ধা, উপেক্ষা, হ্রী, অপত্রপা, অলোভ, অদ্বেষ, অবিহিংসা, বীর্ঘ্য, মোহ, প্রমাদ, কৌসীন্ত, অশ্রনা, স্ত্যান, উদ্ধৃতি, আহ্রীক্য, অনপত্রপা, ক্রোধ, উপনাহ, শাঠা, ঈর্ঘ্যা, প্রদাশ, দ্রক্ষ, মংসর, মায়া, মদ, বিহিংসা, বিতর্ক, বিচার, কৌক্নত্য, রাগ, প্রতিঘ, মান, বিচিকিৎসা ও মিদ্ধ এই দ্রব্যগুলিকে চৈত্ত বা চিত্তসম্প্রযুক্ত বলিরা ব্নিতে হইবে।

বৈভাষিকশাস্ত্রে বেদনা বলিতে অনুভবকে বুঝার। স্ফুটার্থাকার অনুভবকে উপভোগাত্মক বলিয়াছেন। উক্ত অনুভব বা উপভোগকে তিনি তিনভাগে বিভক্ত করিয়াছেন। স্থাপভোগ, মর্থাৎ ফ্লাদত্বপ্রকারে বস্তুর সাক্ষাৎকার; শাস্ত্রে এই প্রকার বেদনাকে সুখাবদনা বলা হইয়াছে। তঃখত্বপ্রকারে যে বস্তুবিশেষের সাক্ষাৎকার তাহাকে তঃখাবেদনা এবং অসুখতঃগত্ম প্রকারে যে বস্তুবিশেষের সাক্ষাৎকার তাহাকে অসুখতঃগা অগবা নস্থা-নৈবতঃখা-বেদনা বলা হইয়াছে। বস্তুসমন্ধী উক্ত ত্রিবির কল্পনাকে বৈভাষিকশাস্ত্রে বেদনা নামে পরিভাষিত করা হইয়াছেং। বৈভাষিকমতে চিত্তপান্দন বা মানসক্রিয়াকে চেত্তনা নামে

২। বেণনাত্তনঃ...। কোশস্থান ১, কা ১ও। ত্রিবিধোংনুত্তনঃ ইতি। অনুভূতিরমুত্তর উপভোগঃ।...স ত্রিবিধঃ...ফুরো হুঃগোংসুঃগাঞ্জ-চ। বস্তুনো জ্লানপরিতাপতত্ত্তয়বিনির্মুজি অরুপদাকাংক রণবভালঃ। এ, স্ফুটার্থা। বেদনা স্কুধা, ছুঃগা নস্থানৈবহুঃথা। কোশস্থান ২, কা ২৪, রাহুল-ব্যাধ্যা।।

পরিভাষিত করা হইয়াছে। রূপবিশেষের, অর্থাৎ নামজাত্যাদির, ছারা বস্তুর কল্পনাকে সংজ্ঞা বলিয়া বুঝিতে হইবে। ছন্দঃ বলিতে চিকীর্যাকে বুঝায়। কেহ কেহ বিষয়, ইন্দ্রিয় ও বিজ্ঞান এই ত্রিভয়ের যে সন্নিপাত অর্থাৎ যোগ বা মেলন, তাহাকে স্পর্শ বলিয়াছেন। কেহ কেহ আবার উক্ত ত্রিতয়ের যোগের ফলে উৎপন্ন অবস্থাবিশেবকে অথবা যে অবস্থা থাকার ফলে উক্ত ত্রিতারে পরম্পার যোগের মত অবস্থা আসে, তাখাকে ম্পর্শ বলিয়াছেন। বৈশেষিকাদি শান্তে স্পর্শজাতীর কোনও পদার্থের উল্লেখ নাই। এজন্ত, দুষ্টান্তের দ্বারা বৈভাষিকের স্পর্শকে আমরা বুঝিতে পারিব না। যশোমিত্র প্রভৃতি ব্যাখ্যাত-গণের বিবরণের দারাও স্পর্শবস্তুটীকে আমরা পরিষ্ণারভাবে বুঝিতে পারি নাই। আমরা কেবল এইস্থলে তাঁহাদের কথার অন্তবাদমাত্রই করিলাম । এই পদার্থগুলি সাত্রব, এইগুলি অনাত্রব, ইহারা রূপী পদার্থ, ইহারা অন্ধুপী — এইপ্রকারে পদার্থের যে যথাশাস্ত্র বিবেচনা ভাহাকে বৈভাষিক্শাস্ত্রে মতি বলা হইরাছে। প্রজ্ঞা-পদ্টাও মতিরই নামান্তর। পূর্বান্তভূত বিষরের যে অসম্প্রমোষ অর্থাৎ স্মরণ, তাহাকেই স্মৃতি নামে অভিহিত করা হইয়াছে। চিত্তের যে আভোগ, অর্থাৎ আলম্বন-প্রবণতা, তাহাকে মনস্কার বলিয়া বুঝিতে হইবে। আলম্বনকে ভাল বলিয়া মনে করা বা বিষয়কচিকে অধিমুক্তি বলা হইয়াছে। যেভাবে বিষয়টী নিশ্চিত হইয়াছে সেইভাবে বিষয়ের যে ধারণা, তাহাকেই যোগাচারমতে অধিমুক্তি নামে পরিভাষিত ক্রা হইয়াছে। চিত্তের যে একাগ্রতা, তাহাকে সমাধি বলিয়া বুঝিতে হইবে। এই একাগ্রতা উপস্থিত হইলেই চিত্ত একবিষয়ে প্রবাহিত হইতে থাকে। একবিষয়ক চিত্তপ্রবাহকে সমাধি বলা হয় নাই। ঐ প্রকার চিত্তপ্রবাহের কারণকেই সমাধি বলা হইয়াছে।

চিত্তপ্রসাদকে, অর্থাৎ যে অবস্থাবিশেষের ফলে নানাবিধ ক্লেশ সত্ত্বেও

১। চেতনা চিত্রাভিসংস্কার ইতি। চিত্তপ্রস্থালন । ... বিষয়নিমিত্রগ্রান্থ ইতি। বিষয়ন বিশেষরপ্রপাত্ত ইত্যর্থঃ। স্পর্শ ইন্দ্রিরবিষয়বিজ্ঞানসনিগাতজা স্পৃষ্টিরিত। ইন্দ্রিরবিষয়বিজ্ঞানানাং সন্নিপাতাজ্ঞাতা স্পৃষ্টিঃ। স্পৃতিরিব স্পৃতিঃ। যদ্যোগাৎ ইন্দ্রিরবিষয়বিজ্ঞানানি অভ্যোতাং স্পৃথিটাব সম্পূর্ণঃ। কোশস্থান ২, কা ২৪, স্ফুটার্থা। ইন্দ্রিরবিষয়ত্দিক নানিগাতাবস্থা স্পূর্ণঃ। এ, রাহল-বর্গাখ্যা॥

চিত্ত প্রসন্থ পাকে, তাহাকে শ্রদ্ধা নামে অভিহিত করা হইয়াছে। অথবা ইঃখসমুদয়াদি চতুর্বির আর্য্যসত্যে, বৃদ্ধ, ধর্ম্ম ও সক্রম এই ত্রিরত্নে এবং তাত্তিত কর্ম্ম ও তৎকলে বিশ্বাসকে শ্রদ্ধা বলিয়া বৃথিতে হইবে। কুশলধর্মের ভাবনাকে অপ্রমাদ বলা ইইয়াছে। কেহ কেহ কুশলধর্মের প্রতি অবধানকে অপ্রমাদ বলিয়াছেন। অবধানের ফলে কুশলধর্মের ভাবনা আসিয়া উপভিত হয়। চিত্তকর্মণাতাকে, অর্থাৎ চিত্তের ল্যুতাকে, প্রশ্রদ্ধি নামে অভিহিত করা ইইয়াছে। চিত্তের সমতাকে, অর্থাৎ বে অবস্থা আসিলে চিত্ত বিষরে অপ্রবণ থাকে, সেই অবস্থাবিশেষকে উপেক্ষা নামে অভিহিত করা হইয়াছে। মৈত্রী, কৃষ্ণণা, মুদিতা প্রভৃতি গুণের প্রতি গৌরব বা আদরকে ত্রী এবং নিন্দিত থর্মের প্রতি অনাদর বা ভয়কে অপত্রপা বলা ইইয়াছে। অলোভ ও অন্নেমকে কুশলমূল এবং কর্মণাকে অবিহিৎসা বলা ইইয়াছে। যাহার ফলে চিত্ত উৎসাহিত হয়, তাহাকে বীর্য্য বলিয়া বৃথিতে ইইবে।

অবিষ্ঠাকে মোহ বলিয়া ব্ঝিতে হইবে। এই চৈত্তধর্মটী বিষ্ঠার প্রতিপক্ষ বা বিরোধী। কুশলভাবনার প্রতিপক্ষভূত ধর্মকে প্রমাদ বলিয়া জ্ঞানিতে হইবে। প্রপ্রবিধ্যর প্রতিপক্ষ ধর্মকে, অর্থাৎ চিত্তকারাদির গুরুতকে, শাস্ত্রে কৌদীন্থ নামে অভিহিত করা হইরাছে। শ্রদ্ধার বিরোধী ধর্মকে অশ্রদ্ধা বলা হইরাছে। কারচিত্তাদির অকর্মণ্যতাকে স্ত্যান এবং চিত্তোপশ্যের প্রতিপক্ষ ধর্মকে গ্রন্ধত্য বলা হইরাছে।

শক্রতাকে উপনাহ, কুটালতাকে শাঠ্য, পরসম্পদের অসহিষ্ণুতাকে ঈর্যা নিন্দিতবস্তুর সম্বন্ধকে প্রদাশ, আগ্রহকে মাৎসর্য্য, এবং পরবঞ্চনাকে মায়া নাবে মভিহিত করা হইয়াছে। খ্রীর প্রতিপক্ষধর্মকে আখ্রীক্য এবং অপত্রপার প্রতিপক্ষধর্মকে অনপত্রপা নামে অভিহিত করা হইয়াছে। চিত্তের ওদার্যাকে বিতর্ক এবং চিত্তের স্ম্মতাকে অভিধর্মশাস্ত্রে বিচার নামে পরিভাষিত করা হইয়াছে। মূল করিকার ওদার্য্য ও স্ম্মতাকে বিতর্ক ও বিচার বলা হইয়াছে'। এবিষরে বিচার করিতে গিরা ভাষ্যকার বলিরাছেন যে, শাস্ত্রে একটা চিত্তক্ষণেও বিতর্ক ও বিচার এই দ্বিবধ চৈত্তধর্ম্মের যোগ স্বীকার করা

^{)।} বিভগবিচারোদাগিতকতে মান ? তিঃ। মানঃ বধর্মারকত প্র্যাদান্ত চেতসং । কোশস্থান ২, কা ২০।

ইইয়াছে। ওলাগ্য ও সম্মতা ইহারা পরম্পর বিরুদ্ধবর্ম। এজন্ত, বিতর্ককে প্রদার্য্য ও বিচারকে স্ক্ষতা বলা যায় না। এরপ হইলে এক চিতক্তবে উহাদের সমাবেশ সম্ভব হয় না ৷ উত্তরে যদি বলা যায় যে, মুতাদি দ্রব্যে ঘনত ও দ্রবত্বের একত্র সমাবেশ দেখা যায়। শীতকালে অল্ল উত্তাপে ঘতাদি দ্রব্যের উক্তপ্রকার দ্বিবিধ অবস্থার একতা সমাবেশ আমরা দেখিয়াছি। সেইরূপ মধ্যমাবস্থায় একই চিত্ত উদান ও ফল হইতে পারে। তাহা হইলেও উক্ত गमाधानरक ममीठीन वना यात्र ना। कावन, खेळल इटेरन हिन्नांठ खेनांचा छ সম্মতার হেতৃকেই বিভর্ক ও বিচার বলা হইল। বিভর্ককে ঔদার্য্যাত্মক বা विठाइतक रुक्काञाञ्चक वना रहेन ना'। यपि वना योत्र त्य, मात्व हित्लोमार्रगृत কারণকে বিতর্ক এবং চিত্রসূক্ষতার কারণকেই বিচার বলা হইরাছে। বিতর্ককে ঔদার্য্যাত্মক বা বিচারকে স্ক্ষতাত্মক বলা হয় নাই। বহুস্থলেই কারণে কার্য্যবোধক পদের ঔপচারিক প্রয়োগ দেখা যায়'। তাহা হইলেও উত্তরে আমরা বলিব যে, পূর্ব্রপক্ষীর সমাধান সমীচীন হয় নাই। কারণ, আপেফিক হওয়ায় বিতর্ক ও বিচার, অর্থাৎ চিত্তৌদার্য্য ও চিত্রসম্মতার কারণকে, পৃথক্ পৃথক্ দ্রব্য বলিয়া স্বীকান করা যায় না। কামধাত অপেক্ষা রূপধাত স্ক্ষা হইলেও উহা আরপাধাত অপেক্ষা উদার এবং বেদনা অপেক্ষা সংজ্ঞা স্থন্ম হইলেও উহাই আবার সংস্কার অপেকা উদার। স্বতরাং, যাহা যদপেক্ষায় স্থল তাহাই আবার অন্ত অপেশার উদার বা স্থল হওয়ার, উদার্য্য ও সক্ষতাকে পৃথক পৃথক দ্রব্য বলা ষায় না"। আরও ঔনারিকতা ও স্ক্রতার দারা পদার্থের জাতিভেদ হয় না; বিভিন্ন লক্ষণের বিভিন্নজাতীয় বস্তরই ঔদারিকতা ও স্ক্রত। হইয়া থাকে। বৈভাষিকমতে বিতর্ক ও বিচারকে বিভিন্নজাতীয় দ্রব্য বলা হইরাছে। ঔদারিকতা ও স্ক্ষতার দারা ভাতিভেদ উপপন্ন হয় না বলিয়াও ঔদারিকতাকে বিতর্কের এবং স্ক্লতাকে বিচারের স্বভাব বা লক্ষণ বলা যায় না। বেদনা ও

>। এবং তর্হি নিমিত্তভূতাবিতিবিস্তরঃ। যথোদকাতপো সর্গিষঃ ভগানত্বিলীনক্সের্ম নিমিত্তভূতো নতু পুনন্তংক্তাবো গ্রানত্বিলীনত্বভাবো, এবং বিতর্গবিচারো চিত্তভৌদারিকতা-ক্ষেত্যোনির্মিতভূতো, নতু পুনরোদারিকক্ষতাক্তাবভাবাবিতি। এ, ক্টার্থা।

২। ব্রয়াত্মভ্যুপগ্মাদদোষ এব ইতি। ঐ।

^{ে।} ইদে দোৰান্তরমাহ আপেক্ষিকী চৌদারিককুলতেতিবিস্তর:। ঐ।

শংক্রা ইহাদের অনুভবরূপতা ও নিমিন্তোদ্গ্রহণ-রূপতার দ্বারা স্বভাব বা জাতিভেদ্ধ স্থীকার করিয়া সংজ্ঞা অপেক্ষায় বেদনাকে উদারিক এবং বেদনা অপেক্ষা সংজ্ঞাকে ফল্ম বলা হইয়াছে; উদারিকতা ও ফল্মতা নিবন্ধনই উহারা ভিয়ম্বভাব বা ভিয়ম্বাতীয় হয় নাই। একই বেদনাজাতীয় ঢ়ইটা বস্তুর মধ্যেই মূহতা ও মধ্যতার দ্বারা একটাকে ফল্ম অর্থাৎ মূহ বেদনাটাকে ফল্ম ও মধ্য বেদনাটাকে উদারিক বলা হইয়াছে'। স্কতরাং, জাতিভেদের হেতু না হওয়ায় উদারিকতা ও ফল্মতাকে বিভিম্নজাতীয় বস্তু যে বিতর্ক ও বিচার, তাহাদের স্বভাব বা লক্ষণ বলা যায় না। অতএব, বিতর্কয়পে অন্তভ্যবিদ্ধ একজাতীয় কয়নাকে বিতর্ক এবং বিচারম্বরূপে অনুভ্যবিদ্ধ অন্তজ্ঞাতীয় কয়নাকে বিচার বলিতে হইবে। বিচারাপেক্ষায় বিতর্ক স্থল এবং বিতর্কাপেলায় বিতর্ক কর্মাক বিচার ফল্ম বলিয়াই উহাদের পরিচয় দিতে গিয়া শাস্তকারগণ চিত্তৌদার্যকে বিতর্ক এবং চিত্তফল্মতাকে বিচার বলিয়াছেন। এইপ্রকার হইলে একটা চিত্তক্ষণেও উভয়ের যোগ অসম্ভব্য ইবে না। কারণ, বিভিম্নজাতীয় স্থল ও ফল্ম বস্তুনয়ের একচিত্তে সমাবেশ দেখা যায়। বেদনা ও সংজ্ঞা এই ত্ইটা প্রত্যেক চিত্তক্ষণেরই সহভ্যবর্ম । ইহাদের প্রথমটা দ্বিতীয়টা অপেক্ষা স্থল এবং দ্বিতীয়টা প্রথমটা দ্বপেক্ষা স্থল্ম ।

সৌত্রান্তিকমতে বাক্যসমূখাপক সংস্কার্গজাতীয় গ্রহটা দ্রব্যের একটাকে বিতর্ক ও অপরটাকে বিচারনামে পরিভাষিত করা হইরাছে। যেটা স্থুল তাহাকে বিতর্ক ও এবং যেটা স্থল তাহাকে বিচার বলা হইরাছে। এইমতে বিতর্ক ও বিচারকে চেতনার, অর্থাৎ মানসকর্ম্মের, অন্তর্গত বলিয়া স্বীকার করা হইরাছে। বিতর্ক এবং বিচার করিয়াই লোক বাক্য ব্যবহার করে। স্বলক্ষণ বস্তর স্বভাব বর্ণনা অত্যন্ত হন্ধর কার্য্য। এই কারণে প্রকৃতস্থলে বাক্য-ব্যবহারাত্মক কার্য্যের দারাই বিতর্ক ও বিচারের পরিচয় প্রদান করা হইরাছে। এইমতে বিতর্ককে

১। নচৌলারিকংক্ষতয়া জাতিভেদো যুক্তঃ। বিতকবিচারয়ো জাতিভেদ ইয়তে অস্তো বিতকোংক্তো বিচার ইতি।…নচৌলারিকফ্ক্ষতয়ৈব তয়োঃ বভাবভেদঃ। কিং তহি, অনুভবলক্ষণতয়া নিমিরোদ্প্রহণলক্ষণতয়া চ তয়োঃ বভাবভেদঃ। তয়াদনয়োর্নান্তি লক্ষণম্। ঐ।

ই। ন স্থাদিরোধো যদি বিতর্কবিচারয়ো জাতিভেদঃ স্থাৎ বেদনাসংজ্ঞাবং। বেদনা থৌনারিকী সংজ্ঞা হক্ষা তয়োস্ত জাতিভেদোংগুটিত উদারিকহক্ষতায়ামপ্যেকঅ চিত্তে ন বিরোধঃ।
কোশস্থান ২, কা ৩৩।

পূর্ব্বভাবী এবং বিচারকে উত্তরভাবী বলা হইরাছে। আমি বিতর্ক ও বিচার করিরা বলিব এই প্রকার করনা করিরা লোক বাক্য প্ররোগ করে। উক্ত করনা বা মানসব্যাপারের পূর্ব্বাংশটীকে বিতর্ক এবং উত্তরাংশটীকে বিচার বলিরা ব্ঝিতে হইবে। একই মানস ব্যাপারের অন্তর্গত হওরার উহারা এক চিত্তক্ষণে সমাবিষ্ট হইতে পারে।

আচার্য্য সজ্মভদ্র চিত্তের ঔদারিকতা ও স্ক্মতাকেই বিতর্ক ও বিচার বলিয়াছেন এবং বিভিন্ন ক্ষণে বুত্তিলাভের কল্পনা করিয়া তিনি এক চিত্তক্ষণে উহাদের সমাবেশের ব্যাখ্যা করিয়াছেন। প্রত্যেক চিত্তেরই স্থূলতা ও স্ক্ষতারূপ অবস্থান্তর আছে। এইরূপ হইলেও একচিত্তক্ষণে উভয়বিধ অবস্থা যুগপৎ উদ্ভূতবৃত্তিক হয় না। যথন স্থলতা উদ্ভূতবৃত্তিক হয়, তথন স্ক্লতা অনুভূতবৃত্তি<mark>ক</mark> হইরা থাকে, আর যথন স্ক্ষতা উদ্ভব্ত্তিক হর তথন সুলতা অনুদ্ভবৃত্তিক হইয়া থাকে। একত্র চিত্তক্ষণে সমাবিষ্ট হইলেও উক্ত প্রণালীতেই উহারা পর্য্যায়ক্রমে বৃত্তিলাভ করে। এইমতকে আমরা অভিনন্দিত ক্রিতে পারি না। কারণ, সুলতা ও স্তমতা যে বিভর্ক ও বিচারের স্বরূপ হইতে পারে না এবং ঐরূপ হইলে ধে বিতর্ক ও বিচারের জাতিভেদ সম্ভব হয় না, তাহা আগরা পূর্ব্বেই বলিয়াছি। কোনও কোনও আচার্য্য পর্য্যেষণাত্মক, অর্থাৎ অনুসন্ধানাত্মক, কল্পনাকে বিতর্ক এবং প্রত্যবেক্ষণতাত্মক, অর্থাৎ ফশীভূত নির্ণয়াত্মক কল্পনাকে, বিচার বলিরাছেন। ঘটার্থী পুরুষ একস্থলে সমাবিষ্ট বছ ঘট দেখিয়া নথাঘাতাদির ঘারা ভালমন্দের অনুসন্ধান করে। পরে সে উহাদের মধ্যে একটাকে তাহার অভিমত বলিয়া নির্ণয় করিয়া থাকে। ইহাদের মধ্যে অরুসন্ধানাত্মক পূর্ববর্ত্তী কল্পনাটীকে বিতর্ক নামে এবং পরবর্ত্তী নির্ণনাত্মক ১। অত্যে পুনর। হরিতি সৌ াভিকাঃ। বাকসংখারা ইতি। বাক্সমুখাপক। ইত্রর্থঃ।

১। অত্যে পুনরাহরিতি সৌত্রান্তিকাঃ। বাক্সংস্থারা ইতি। বাক্সমুখাপকা ইতার্থঃ।
বিত্রণা বিচার্যা বাচং ভাষতে নাবিত্রণ নাবিচ্যোতি। তত্র যে উপারিকাস্তে বিত্রনা
বাক্সংস্থারাঃ। কর্মণা সভাবে! ছোতিতো ন শকামন্তর্গা বলক্ষণং প্রদর্শয়িভূমিতি। এবং
ইক্ষান্তে বিচারাঃ। এতভাং কলনায়াং সন্দায়লগা বিত্রক্বিচারাঃ প্রায়ভাবিন-চ ভবন্তি।
কোশস্থান ২, কা ৩৩।

২। অন্ত সংবভদ্র আচার্যা আই। একত্র চিত্তে উদারিকফ্রতে ভবতঃ। নচ বিরোধঃ প্রভবকালাগ্যবাং। যদ। হি চিত্তিচত্তকলাপে বিতর্ক উদ্ভূতবৃত্তি র্ভবতি তদা চিত্তমৌদারিকং ভবতি, যদা বিচারস্তদা ফুলুম্। ঐ।

কর্মনাটীকে বিচার বলিয়া বৃঞ্জিতে হইবে। এইমতে বিতর্ক ও বিচারের জাতিভেদ স্বীকৃত হয় নাই। কেবল সূলতা ও স্ক্ষ্মতার দ্বারাই উহাদের ভেদ স্বীকার করা হইয়াছে। ইহা বিভাষাসম্মত নহে। কারণ, বৈভাষিকগণ বিতর্ক ও বিচারের জাতিভেদ স্বীকার করেন। মিদ্ধ বা মিদ্ধা বলিতে মালশুকে ব্ঝার এবং পশ্চাতাপকে, অর্থাৎ অন্ধ্রশোচনাকে, শাস্ত্রে কৌরুত্য নামে মভিহিত করা হইয়াছে।

বৈভাষিকশান্তে উক্ত চৈত্তগুলিকে পাঁচভাগে বিভক্ত করা হইয়াছে —
মহাভূমিকচৈত্ত, কুশলমহাভূমিকচৈত্ত, অকুশলমহাভূমিকচৈত্ত, ক্লেশমহাভূমিক চৈত্ত ও
পরীত্ত বা পরিত্রক্লেশমহাভূমিকচৈত্ত্র 'বেদনা, চেতনা, সংজ্ঞা, ছন্দা, ম্পর্না,
মতি, স্মৃতি, মনস্কার, অধিমৃত্তি ও নমাধি এই দশটী চৈত্তধর্মকে মহাভূমিক
বলা হইয়াছে। কুশল ও অকুশলাদি যে প্রকারের চিত্তই হউক না কেন,
প্রত্যেকটা চিত্তক্ষণেরই ইহারা সহভূপর্ম। এইভাবে সর্কচিত্রগ বলিয়াই
এইগুলিকে মহাভূমিক বলা হইয়াছে। এই ব্যাখ্যার দ্বারা ব্রুমা মাইতেছে
যে, প্রত্যেকটা চিত্তক্ষণেই অন্ততঃ পক্ষে অন্যন দশটী চৈত্তের যোগ থাকিবে।
এইয়প হইলেও একটা চিত্তক্ষণে একজাতীয় একাধিক চৈত্তের যোগ থাকিবে না।

শ্রদা, অপ্রমাদ, প্রশ্রন্ধি, উপেক্ষা, হ্রী, অপত্রপা, অলোভ অর্থাৎ লোভের প্রতিপক্ষ ধর্ম, অদ্বেধ অর্থাৎ দেবের প্রতিপক্ষ ধর্ম ও বীর্য্য এই দশ্টী চৈত্ত-ধর্মকে কুশলমহাভূমিক নামে পরিভাধিত করা হইরাছে। প্রত্যেকটা কুশলচিত্ত-ক্ষণের সহিত উক্ত দশপ্রকার দশ্টী চৈত্তধর্মের যোগ থাকে বলিয়া উক্ত দশবিধ চৈত্তধর্মকে কুশলমহাভূমিক বলা হইরাতে।

আহ্রীক্য ও অনপত্রপা এই হুইটী চৈত্তধর্মকে শাস্ত্রে অকুশলমহাভূমিক

^{)।} চিত্তিতাঃ সহাবগ্যং দৰ্শবং সংস্কৃতলক্ষণৈঃ। প্ৰাপ্ত্যা বা পঞ্ধা চৈতা মহাভূম্যাদিভেদতঃ। কোশহান ২, কা ২৩।

২। শ্রদাহপ্রমাদঃ প্রান্তর্পেক্ষা হ্রীরপত্রপা। মূলকামবিহিংসা বীর্যাঞ্চ কুশলে সন্ধা। কোশসান ২, কা ২৫।

চৈত্রাঃ পঞ্চবিধাঃ মহাভূমিকাঃ (সর্বচিত্রগাঃ) কুশলমহাভূমিকাঃ (সর্বাকুশলচিত্রগাঃ)
ক্রেশমহাভূমিকাঃ (সর্ববিষ্টচিত্রগাঃ) অকুশলমহাভূমিকাঃ (সর্বাকুশলচিত্রগাঃ) পরিত্রকেশমহাভূমিকাঃ (ক্রুদ্রন্থ্রমূল্যভূমিকাঃ) চ। ঐ রাহল ব্যাখ্যা।

নামে অভিহিত করা হইরাছে। প্রত্যেকটা অকুশলচিত্তে উক্ত চৈত্তধর্মন্বরের যোগ থাকিবেই।

মোহ, প্রমাদ, কৌসীন্ত, অশ্রদ্ধা, স্ত্যান ও উদ্ধতি বা ঔদ্ধত্য এই ছরপ্রকার চৈত্তধর্মকে শাস্ত্রে ক্লেশমহাভূমিক নামে অভিহিত করা হইন্নাছে। প্রত্যেক ক্লিষ্ট চিত্রক্ষণেই উক্ত বড়্বিধ চৈত্তধর্মের যোগ থাকিবে।

ক্রোধ, উপনাহ, শাঠা, ঈর্ষ্যা, প্রদাশ, ম্রক্ষ, মাৎসর্য্য, মারা, মদ ও বিহিৎসা এই দশপ্রকার চৈত্তধর্মকে পরীত্তকেশভূমিক বলা হইরাছে। পরীত্ত পদটা অন্ন বা ক্ষুদ্র অর্থে প্রযুক্ত হইরাছে। ক্ষুদ্র বা অন্ন ক্রেশযুক্ত চিত্তক্ষণে উক্ত চৈত্তধর্ম-গুলির যোগ থাকে বলিয়া ঐ গুলিকে পরীতক্রেশভূমিক বলা হইরাছে। এহলে পরীত্ত বা অন্নক পদে কেবল অবিভারপ ক্রেশকে ব্ঝিতে হইবে। রাগাদিযুক্ত চিত্তকে ক্রিষ্ট বলা হইয়া থাকে। রাগাদির মূলীভূত যে অবিভা, তন্মাত্রযুক্ত চিত্তকে পরীতিক্রিষ্ট বলিয়া ব্ঝিতে হইবে।

বিতর্ক, বিচার, কৌরুত্য মিন্ধা, প্রতিঘ, রাগ, মান ও বিচিকিৎসা এই অষ্টবিধ চৈত্তধর্মকে শাস্ত্রে অনিয়ত বলা হইয়াছে। উক্ত চৈত্তধর্মগুলি পুর্ব্বোক্ত মহাভূমিকাদি পঞ্চবিধ চিত্তের কোনও চিত্তেই নিয়তভাবে না থাকায় এই চৈত্তধর্মগুলিকে অনিয়ত বলিয়া ব্বিতে হইবে। বিতর্ক-বিচারাদি চৈত্তধর্মগুলি কোনও চিত্তে থাকে, কোথাও বা থাকে না। এজন্ত, এইগুলিকে মহাভূমিক বলা যায় না। কুশলত্ব না থাকায় উহাদিগকে কুশলমহাভূমিক বলা সঙ্গত হইবে না। সর্ব্বত্র ক্লিষ্টচিত্তে না থাকায় ইহাদিগকে ক্লেশমহাভূমিক বলা যায় না। সপ্রতিঘ চিত্তে রাগের সমাবেশ সন্তব হয় না। এজন্ত, ইহাদিগকে ক্লেশমহাভূমিক বলা যার না। স্থতরাং, উক্ত চৈত্তধর্মগুলিকে অনিয়ত বলিরাই ব্বিতে হইবে'। কুশল ও অকুশল ভেদে কৌরুত্য হুই প্রকার। দানাদি কুশল কর্ম্ম না করিয়া 'আমি দান না করিয়া ভাল করি নাই' এই প্রকারে যে পরিতাপ হয়, অথবা প্রাণাতিপাতাদি অকুশলকর্ম করিয়া 'আমার পক্ষে ঐ প্রকার অন্তাম্ম কাল্ল করা ভাল নাই' বলিয়া যে অন্তব্যাচনা বা পরিতাপ হয়, তাহাকে কুশলকোক্ত্য বলা হইয়াছে। যিনি হিংসাদি পাপাচরণ না করিয়া 'না করা ভাল হয় নাই' বলিয়া অনুতাপ করেন,

>। বিতর্কবিচারকৌকুত্যমিক্ষপ্রতিঘসক্তয়ঃ। মানশ্চ বিচিকিৎসা চেত্যষ্টাবনিয়তাঃ স্মৃতাঃ। কোশস্থান ২, কা ৩০, ক্ষুটার্থা।

অথবা দানাদি কুশলকর্ম করিয়া 'দান করা ভাল হয় নাই' বলিয়া অমুতপ্ত হন,
তাঁহার ঐ দকল অমুতাপকে অকুশলকোঁকুত্য নামে অভিহিত করা হইয়াছে।
এইপ্রকারে কুশল ও অকুশলভেদে কৌকুত্যকে তুইভাগে বিভক্ত বলিয়া ব্রিতে
হইবে'।

কুশলচিত্তে বাইশটী বা তেইশটা চৈত্তের সমাবেশ আছে — বেদনা, চেতনা, সংজ্ঞা, ছন্দ, স্পর্শ, মতি, স্মৃতি, মনস্কার, অধিমুক্তি ও সমাধি এই দর্শ- প্রকার মহাভূমিক এবং গ্রন্ধা, অপ্রমাদ, প্রস্রন্ধি, উপেক্ষা, ফ্লী, অপত্রপা, অলোভ, অন্বেম, অহিংসা, ও বীর্য্য এই দশপ্রকার কুশলমহাভূমিক এবং বিতর্ক ও বিচার এই ফুইটা। স্থতরাং, মিলিতভাবে এই বাইশটী চৈত্তধর্মের যে কোনও কুশলচিত্তে সমাবেশ থাকে। উক্ত কুশলকোকতোর যোগ হইলে উহাতে তেইশটা চৈত্তধর্মের সমাবেশ ব্যিতে হইবে।

কামাবচর-চিত্তকে শাস্ত্রে পাঁচভাগে বিভক্ত করা হইয়াছে'। কুশলচিত্ত, আবেণিকচিত্ত, রাগাদিসম্প্রযুক্তচিত্ত, নিবৃতাব্যাকৃতচিত্ত ও অনিবৃতাব্যাকৃতচিত্ত।

পূর্বের কুশলচিত্তের চৈত্তসমাবেশ বলা হইরাছে। এক্ষণে অন্তবিধ চিত্তের চৈত্তসমাবেশ বলিত হইতেছে। রাগ, প্রতিঘ, মান, দৃষ্টি, বিচিকিৎসা অর্থাৎ সংশর ও অবিচা এই ছরপ্রকার ক্রেশ শান্তে বলিত হইরাছে। ইহাদের মধ্যে কেবল অবিচাযুক্ত যে চিত্ত, তাহাকে আবেলিক বলা হয়। এই আবেলক অকুশলচিত্তে বিংশতিপ্রকার চৈত্তধর্মের সমাবেশ স্বীকৃত হইরাছে। বেদনা, চেতনা, সংজ্ঞা, ছন্দ, স্পর্শ, মতি, স্মৃতি, মনস্কার, অধিমোক্ষ ও সমাধি এই দশপ্রকার মহাস্থমিক; মোহ, প্রমাদ, কৌশীল্য অশ্রহ্না, স্ত্যান, ও উদ্ধৃতি এই ছরপ্রকার ক্রেশমহাভূমিক; আহ্রীক্য ও অনপত্রপা এই তুইপ্রকার অকুশলমহাভূমিক, বিতর্ক ও বিচার, এই বিংশতিপ্রকার চৈত্তধর্মের আবেলিকচিত্তে সমাবেশ ব্রিতে

>। যং কুশলমবৃত্বা তপ্যতে ইতি। যং কুশলদানাদিকমবৃত্বা তপ্যতে পশ্চান্তাপী ভবতি তং কুশলং যদ্যাকৃশলং প্রাণাতিপাত দি কৃত্বা তপ্যতে তদপি কুশলম্। বিপর্যয়াদকুশলম্। যদ-কুশলমবৃত্বা তপ্যতে কুশলঞ্ কৃত্বেতি। কোশস্থান ২, কা ৩০, ক্টার্থা।

২। কামাবচরং তাবং পঞ্চবিধমিতি। কুশলমেকম্ অকুশলং দ্বিধম্। আবেণিকমবিতামাত্রসম্প্রক্তং রাগাল্পত্রেশসম্প্রযুক্তক। অব্যাকৃতমপি দ্বিধং নিবৃতাব্যাকৃতং সংকারাস্তগ্রাহদৃষ্টি—
সম্প্রযুক্তম্ অনিবৃতাব্যাকৃতক বিপাক্জাদীনি। এ।

হইবে। সম্প্রপ্রকার ক্লেশের মধ্যে মিথ্যাদৃষ্টিযুক্ত চিত্তেও উক্ত বিংশতি চৈত্তেরই সমাবেশ হইবে। স্বশিষ্ট নে রাগ, প্রতিষ, মান ও বিচিকিৎসারপ চতুর্বিধ ক্লেশ, তাহাদের সম্প্রতমযুক্ত সকুশলচিত্তে পূর্বোক্ত বিংশতিপ্রকার চৈত্তধর্ম ও সকুশলকৌরুত্যের যোগ হইলে একবিংশতিপ্রকার চৈত্তধর্মের সমাবেশ ব্রিতে হইবে।

নির্তাব্যাক্তিচিতে, অর্থাৎ ক্রেশাচ্ছা দিও অব্যাক্তিচিতে, পূর্ব্বোক্ত দশপ্রকার হাভূমিক চৈত্ত, ছরপ্রকার ক্রেশমহাভূমিক চৈত্ত, বিতর্ক ও বিচার, মিলিতভাবে এই অষ্টাদশপ্রকার চৈত্তের সমাবেশ ব্বিতে হইবে। অনির্তাব্যাক্তিচিত্তে উক্ত দশপ্রকার মহাভূমিক চৈত্ত, বিতর্ক ও বিচার, মিলিত এই বাদশ প্রকার চৈত্তধর্মের সমাবেশ ব্বিতে হইবে। মিদ্ধার যোগ হইলে প্রত্যেক ক্ষেত্রে একটী বেশী হইবে।

চিত্তবিপ্রযুক্ত

চিত্রবিপ্রযুক্ত পদের অন্তর্গত চিত্রটা চিত্তপাজাতারূপ অর্থে প্রযুক্ত হইয়াছে। প্রকৃতস্থলে চিত্রের সাজাত্য বলিতে অরূপিন্বকে বৃঝিতে হইবে। চিত্তরূপ ধর্মগুলি অরূপী। স্কৃতরাং, যাহা যাহা অরূপী হইবে, তাহাই এইস্থলে চিত্তের সজাতীয় হইবে। বিপ্রযুক্ত পদটীর দারা যাহা যাহা প্রযুক্ত নহে তাহাদিগের কথা বলা হইরাছে। স্কৃতরাং, চিত্তবিপ্রযুক্ত এই সমস্তপদটীর দারা যাহারা অরূপী এবং সম্প্রযুক্ত হইতে ভিন্ন পাই সকল ধর্ম বা পদার্থকে অভিহিত করা হইরাছে। কেবল বিপ্রযুক্ত বলিলে চৈত্তাদিরূপ সম্প্রযুক্তধর্ম হইতে ভিন্ন বলিন্না রূপ-পদার্থও গৃহীত হইবে। স্কৃতরাং, তাহাদিগকে ব্যাবর্ত্তিত করিবার নিমিত্ত স্বসজ্জার্তারার্থক চিত্ত এই কথাটা প্রযুক্ত হইরাছে। বিপ্রযুক্ত হইলেও, অর্থাৎ সম্প্রযুক্ত ধর্ম হইতে ভিন্ন হইলেও, চিত্তসজ্জাতীয় না হওয়ার, অর্থাৎ অরুপী না হওয়ার, রূপ-পদার্থ চিত্তবিপ্রযুক্ত বলিয়া গৃহীত হইবে

১। চিত্তবিপ্রবৃত্তা ইতি চিত্তগ্রহণং চিত্তসমানজাতীয়প্রদর্শনার্থম্। চিত্তমিব চিত্তেন চ বিপ্রস্কুতা ইত্যর্থঃ। কিঞ্চ তেষাং চিত্তেন সমানজাতীয়প্রং? ঘদরাপিণোইমী ভবস্তি।…… চৈত্তা অপি চিত্তেন তুলাজাতীয়াস্তে তু চিত্তেন সহালম্বনে সম্প্রযুক্তান্তদিশেষণার্থং বিপ্রস্কুত্ত গ্রহণন্। কোশস্থান ২, কা ৩৫, ক্ষুটার্থা।

না। কেবল চিত্ত বলিলে চৈত্তধর্মেরও গ্রহণ হইবে। কারণ, চৈত্তে অরূপিওরূপ যে চিত্তের সাজাত্য, তাহা আছে। স্কতরাং, চৈত্তাদিপদার্থকে ব্যবর্ত্তিত করিবার নিমিত্ত প্রকৃতস্থলে বিপ্রযুক্তপদটা প্রযুক্ত হইরাছে। এফনে আর চৈত্রপদার্থ গৃহীত হইবে না। কারণ, উহা সম্প্রযুক্তই, বিপ্রযুক্ত নহে।

চিত্তবিপ্রযুক্ত পদার্থের বিভাগ করিতে নাইয়া বস্তবন্ধ বলিয়াছেন যে, প্রাপ্তি, অপ্রাপ্তি, সভাগতা, আসংজ্ঞিকসমাপত্তি, জীবিত, লক্ষণ, অনুলক্ষণ এবং নাম-কায়াদি, ইহারা চিত্তবিপ্রযুক্ত নামে অভিহিত হইরাছে। সভ্যভেদ প্রভৃতিও চিত্তবিপ্রযুক্ত বলিয়াই গৃহীত হইবে। ক্ষিত অন্তপ্রকার পদার্থ হইতে পৃথক্ আরও যদি কিছু উক্ত লক্ষণাক্রান্ত পদার্থ পাওয়া বার, তাহাও চিত্তবিপ্রযুক্ত বলিয়াই গৃহীত হইবে।

একলে আমরা প্রাপ্তি পদার্থের ব্যাখ্যা করিব। বৌদ্ধদর্শনের এই প্রাপ্তিপদার্থ টীর অন্তরূপ কোনও পদার্থ অন্তদর্শনে আছে বলিয়া আমরা মনে করি না। ইহা একটা বিচিত্র এবং অভিনব পদার্থ। ন্যায়বৈশেবিকাদি দর্শনে সংযোগনামক গুণপদার্থকে প্রাপ্তি বলা হইরাছে। বৌদ্ধদর্শনের প্রাপ্তিনদার্থ হুলবিশেষে সংযোগের কাজ করে বলিরা মনে করা যাইতে পারে বটে, কিন্তু, তাহা হইলেও উহা বৈশেষিকোক্ত সংযোগ হইতে সম্পূর্ণ পৃথক্প্রকার বস্তু। উক্তমতে শ্রেন-শৈলেরও সংযোগ হইতে পারে; কিন্তু, শ্রেন-শৈলের প্রাপ্তি হন না। একটা মান্ত্র্য একটা ঘটের সহিত পারে; কিন্তু, শ্রেন-শৈলের প্রাপ্তি হন না। একটা মান্ত্র্য একটা ঘটের সহিত সংযুক্ত হইতে পারে। কিন্তু, ঘটের সহিত মান্ত্র্যের প্রাপ্তি হইতে পারে না। কারণ, প্রথমতঃ বৌদ্ধমতে সম্ভানভেদে প্রাপ্তি স্থাক্তত হয় নাই। দ্বিতীয়তঃ, ঐ মতে অসন্ত্র্যংখ্যাত বস্তুরও প্রাপ্তি স্বীকৃত হয় নাই। মন্ত্র্য় ও ঘট ইহাদের মধ্যে সম্ভানের ভেদ আছে এবং ঘটটা সন্ত্র্যংখ্যাতও নহে। এজন্য, উহাদের মধ্যে প্রাপ্তি থাকিতে পারে না।

^{২।} বিপ্রযুক্তান্ত সংশ্বারাঃ প্রাপ্তাপ্রাপ্তিনভাগতা। আনংক্তিকসমাপত্তি জীবিতং লক্ষণাস্তাপি। নামকারাদয়ন্টেতি। কোশস্থান ২, কা ৬৫।

২। চশন এবংজাতীয়কামুক্তবিপ্রযুক্তপ্রদর্শনার্থঃ। এ, ক্টার্থা।

ও। সংস্কৃতানাং প্রাপ্ত্যপ্রাণ্ডী স্বসন্তানগতিতানামেবেতাবধার্গতে। নহুসন্তুসংখ্যাতিঃ বিদ্যাসত ইতি। মাল্যাভরণাদয়ঃ কার্চকুড্যাদিগতাক রূপাদয়োহসত্তসংখ্যাতাঃ। ঐ।

কন্ত, বৈশেষিকমতে উহাদের পরস্পর সংযোগ নিষিদ্ধ নহে। অতএব, বৈশেষিকের সংযোগ ও বৈভাবিকের প্রাপ্তি, ইহার! অমুরূপ পদার্থ **নহে**। অসত্ত্বসংখ্যাত দ্রব্যের ষধ্যে কেবল নিরোধসত্যেরই প্রাপ্তি হয়, অন্তোর নহে।' অপ্রাপ্ত ধর্মের প্রাপ্তি হয় এবং বিহীন ধর্মেরও প্রাপ্তি হয়। মূর্দ্ধগত পুরুষ তদীয় মূর্দ্ধাবস্থার অধিমাত্রতার উপস্থিত হইলে কামাবচর তুঃথে ধর্মজ্ঞানক্ষান্তি প্রাপ্ত হয়, এই ক্ষান্তি পূর্বের তাঁহার প্রাপ্ত ছিল না। স্কুতরাং, এই যে ক্ষান্তিলাভ, ইহা অপ্রাপ্তের প্রাপ্তি। আবার, প্রাপ্ত-বিহীনেরও প্রাপ্তি হইন্না থাকে। বেমন, ধিনি কামধাতুতে অবস্থান করেন, তিনি কামধাতৃত্ব রাগাদি ক্লেমের দারা প্রাপ্ত হন। এই প্রাপ্ত কেশকে তিনি কামবৈরাগ্যের দারা পরিহার করিতে পারেন। কিন্তু, এই বৈরাগ্যের দারা কামাবচর ক্লেশ পরিত্যক্ত হইলে ঐ পুরুষ যদি দর্শনমার্গে উপনীত হইতে না পারেন, তাংগ হইলে মৃত্যুর পরে তিনি পুনরার কামধাতৃতে জন্মপরিগ্রহ করিবেন এবং পুর্ব্বপরিত্যক্ত ক্রেনের দারা আবার তিনি প্রাপ্ত হইবেন। এই যে প্রাপ্তি, ইহাকে বিহীনের প্রাপ্তি বলা হইরা থাকে ৷ প্রাপ্তির উদাহরণগুলি প্রায় সবই সাধনার দিক হইতে গৃহীত হইরাছে। দর্শনশাস্ত্রে ঐ গুলির বিশেষ প্রয়োজন আছে বলির। আমাদের মনে হয় না। এক্ষন্ত, বিভিন্ন উদাহরণের দারা আমরা আর ইছার বিস্তার করিলাম না। প্রাপ্তিতে প্রাপ্য ও প্রাপকের ভেদ থাকা আবগুক। অভেদে প্রাপ্তি স্বীকৃত হয় নাই। বৌদ্ধশান্ত্রে এই প্রাপ্তিকে লাভ, প্রতিলম্ভ সমন্বাগম — এই সকল বিভিন্ন নামেও বলা হইয়াছে।

কোনও কোনও বৌদ্ধ দার্শনিক, অর্থাৎ সৌত্রাস্তিক প্রভৃতি সম্প্রদায়, উক্ত প্রাপ্তির দ্রব্যসত্তা স্বীকার কবেন নাই। শাস্ত্রে উক্ত হইয়াছে বলিয়া জাঁহারা উহাকে প্রজ্ঞপ্রিসৎ বলিয়াছেন।' কিন্তু, বৈভাবিকগণ প্রাপ্তির দ্রব্যসত্ত্রা

>। নিরোধয়োরিতি। প্রতিসংখ্যাপ্রতিসংখ্যানিরোধয়োরসত্তসংখাতয়োরপি প্রাপ্ত্যপ্রপ্তী ভবতঃ। কোশস্থান ২, কা ৩৫, ক্ষুটার্থা।

२। অপ্রাপ্তত তদ্ যথা হুংগে ধর্মজানকান্তে:। ঐ।

[ু] বিহীনস্ত তদ্ যথা কামাবচরস্ত কামবৈরাগোণ তাজভ ধাতুপ্রভাগিমনাং পরিহাণা বা পুন: প্রভিলম্ভ: ঐ।

৪। প্রাপ্তির্লাডঃ সমবর:। ঐ।

^{ে।} প্রাপ্তাপ্রাপ্তী প্রজ্ঞপ্তিসভ্যাবুচ্যেতে। ঐ।

স্বীকার করিয়াছেন।' যাহ। দ্রব্যতঃ সৎ হইবে তাহা হয় প্রত্যক্ষপ্রাহ্য হইবে, না হয় ত অনুমানগম্য হইবে — য়থা, রূপ-রসাদি ধর্মগুলি দ্রব্যানৎ। কারণ, দর্শনাদি কার্য্যের দ্বারা করণরূপে আমরা ঐ গুলির অনুমান করিয়। থাকি। প্রাপ্তিনামক ধর্ম প্রত্যক্ষতঃও সিদ্ধ নহে এবং এমন কোনও অনুমানপ্রমাণও দেখা যায় না যাহার দ্বারা প্রাপ্তিরূপ বিলক্ষণ ধর্মটো প্রমাণিত হইতে পারে। এজন্ম, উহাকে দ্রব্যতঃ সং বলা যায় না।

এমন কথাও বলা যার না যে, প্রত্যক্ষাদি প্রমাণসিদ্ধ না হইলেও যাহা শান্তে কথিত হইবে তাহাও দ্রব্যসৎই হইবে। কারণ, স্ত্রে এমন কতকগুলি বিষয় বণিত হইরাছে, বাহা বস্তুতঃ দ্রব্যসৎ নহে। কারণ, স্ত্রে অসক্ষর্পাত যে চক্ররত্নাদি এবং সন্তানান্তরস্থ যে স্ত্রীরত্নাদি, তাহাদের সম্বন্ধেও প্রাপ্তির কথা বলা হইরাছে । অসন্থাথ্য বা পরসন্তানপতিতের যে প্রাপ্তি হয় না, তাহা আমরা পূর্বেই বলিয়াছি। স্থতরাং, এইপ্রকারেই ব্যাথ্যা করিতে হইবে রে, ঐ সকল স্থত্রোক্ত চক্ররত্নাদি বা স্ত্রীরত্নাদির যে সমন্বাগম বা প্রাপ্তি, তাহা বিভাষাসম্মত প্রাপ্তি নহে। কোনও প্রকারের সম্বন্ধমাত্র অর্থেই স্ত্রে ঐ সকল স্থলে প্রাপ্তি কথাটার প্রয়োগ হইরাছে। স্থতরাং, স্ক্রকথিত হইরাছে বলিয়াই যে তাহা দ্রব্যসৎ, অর্থাৎ বিভাষান-স্বলক্ষণ, হইরা যার, ইছা আমরা বলিতে পারি না।

বৈভাষিকসম্প্রদার নিম্নোক্তপ্রকারে যুক্তির উপত্থাপন করির। প্রাপ্তিরূপ চিত্রবিপ্রযুক্ত ধর্মকে প্রমাণিত করিতে চাহেন। শাস্ত্রে যে সকল ধর্মের প্রাপ্তি ষীকৃত হইয়াছে, তাহাদের উৎপত্তিও শীকৃত হইয়াছে এবং যাহাদের উৎপত্তি নাই

 [া] ভ্রব্যসত্যাবের তু বৈছাবিকাং বর্ণয়ন্তি। কোশস্থান ২, কা ৩৫, ক্টার্থা।

२। প্রবচনে হি দ্বিধিমিয়তে দ্রবাদক বস্ত প্রজ্ঞপ্রিদক্ষেতি। ইং য়ঀয়বাদয়য় তং প্রত্যক্ষপ্রাহাং বা ভবেদমুমানগ্রাহাং বা। তত্র প্রত্যক্ষগ্রাহাং রপশকাদি পঞ্চেলিয়গ্রাহাত্বাং।

চক্ষ্যশ্রোক্রাদি দুরুমানগ্রাহাং চকুর্বিজ্ঞানাদিকৃত্যানুমেয়ত্বাং। ঐ

^{ু।} প্রাপ্তিঃ পুন র্ন প্রত্যক্ষগ্রাহান চাতুমানগ্রাহা তংসিছে। নিরবভাতুমানাদর্শনাৎ। ত্র ।

ই। রাজা ভিক্ষবশ্চক্রবর্ত্তী সপ্তভিঃ রাজ্য সমযাগতঃ। তত্তেমানি সপ্তর্ত্তানি। তদ্ধণা।

ক্ষিত্রত্ব হার্তিরত্বমযরত্বং মণিরত্বং ব্রীরত্বং গৃহপতিরত্বং পরিণায়করত্বমেবং সপ্তমমিতি বিস্তরঃ।

এভিঃ সপ্তভিঃ রাজ্য সমযাগমঃ ফুরে উক্তঃ। ন চ দ্রব্যতোহন্তি ইত্যানৈকান্তিকত বং

কর্মাতি। ঐ।

তাহাদের প্রাপ্তিও নাই। স্থতরাং, এই অন্তর ও ব্যতিরেকের দারা ধর্মের উৎপত্তির হেতুরূপেই প্রাপ্তি পদার্থ শাস্ত্রে কথিত হইরাছে। স্থতরাং, শাস্ত্রীয় যুক্তিলভ্য যে প্রাপ্তি, তাহা দ্রব্যসৎই হইবে।

এই যে শাস্ত্রীয় যুক্তির উপস্থাপন করা হইল, ইহা অসমত। কারণ, যাহার উৎপত্তি নাই এমন যে প্রতিসংখ্যানিরোধ তাহারও প্রাপ্তি শাস্ত্রে স্বীকৃত হুইয়াছে। স্থতরাং, উৎপত্তি নাই অথচ প্রাপ্তি আছে, এই ব্যতিরেক-ব্যভিচারের দারা প্রাপ্তিতে উৎপাদহেতুহের নিষেণ্ট যে শাস্ত্রের অভিপ্রেত. তাহ। বুঝা যাইতেছে। আর, হঃথে ধর্মজ্ঞানক্ষান্তি, বাহা এখনও অপ্রাপ্ত, মুর্দ্দশার অধিমাত্রতায় ঐ ক্ষান্তি উৎপন্ন হয় বলির। শাস্ত্রে কথিত হইয়াছে। প্রাপ্তি উৎপাদের হেতু হইলে অপ্রাপ্তত্ব-নিবন্ধন ঐ ক্ষান্তি আর উৎপন্ন হইতে পারিবে না। আর, রপলোকাদি উদ্ধ'ভূমিসঞ্চারে কামাবচর অক্লিষ্টধর্মের এবং কামবৈরাগ্যের দ্বারা কামাবচর ক্লিষ্টবর্ম্মের পরিত্যাগ হয়, ইহা শাস্ত্রে কথিত হইয়াছে। আর, ধাতুপ্রত্যাগম অর্থাৎ পুণ্যক্ষয়ে পুনরায় কামধাতুতে জন্মগ্রহণ করিলে পরিত্যক্ত ঐ অক্লিটেম্মগুলির, অথবা পূর্ব্ব বৈরাগ্য নষ্ট হইলে পুনরায় ক্লিপ্রবর্দাগুলির উৎপত্তি হয় বলিয়া শাস্ত্রে কথিত হইয়াছে। প্রাপ্তিকে উৎপত্তির কারণ বলিলে পূর্ব্বোক্ত শাস্ত্রকথিত সিদ্ধান্তগুলি অসঙ্গত হইয়া যায়। অনুৎপন্ন বলিয়া পূর্ব্বোক্ত ধর্মজ্ঞানক্ষান্তির প্রাপ্তি নাই এবং পরিত্যক্ত বলিয়া কথিত কামাবচর ধর্মের প্রাপ্তি নাই। প্রাপ্তি না থাকায় হেতুর অভাবে উহারা উৎপন্ন হইতে পারিবে না। অথচ, উহাদের কাহারও উৎপত্তি, কাহারও বা পুনক্ৰংপত্তি শাস্ত্ৰে কথিত হইয়াছে।

প্রদর্শিত অসমতির সমাধান করিতে গিয়া যদি বলা যায় যে, ঐ অসমতি হইতে পারে না; কারণ, শাস্ত্রে সহজা প্রাপ্তিও স্বীকৃত হইয়াছে। ঐ স্থলে সহজ্ব অর্থাৎ কার্য্যের সহিত সমকালে উৎপন্ন বে প্রাপ্তি, তাহার দ্বারাই উক্ত ধর্ম্ম-জ্ঞানক্ষান্তি বা পরিত্যক্ত ক্লিষ্টাক্লিষ্ট কামাবচর ধর্ম্মের উৎপত্তি হইবে'।

পুর্ব্বোক্ত সমাধানকেও আমরা সমীচীন বলিতে পারি না। কারণ, ইহাতে

১। সহদ্রপ্রান্তিহেতৃকা চেং। কা, তেবামুংপতিয়বিক্তা। সহজা যা প্রান্তিরিদানীমুংপদ্ধতে সা তেবাং জনিকেতি। কোশস্থান ২ কাঙ্ড, ক্টার্থা।

অন্য সিদ্ধান্ত বিৰুদ্ধ হইরা বাইতেছে। শাস্ত্রে জ্বাতিকে সংস্কৃতর্বর্মের উৎপাদক বলা হইরাছে। প্রাপ্তির ধর্ম্মোৎপাদকতা স্বীকার করিলে জ্বাতির ধর্ম্মোৎপদকতার কথা বিরুদ্ধ হইরা বার।

আর, যাহারা দকল-বন্ধন অর্থাং বাহারা কোনও একপ্রকার ক্লেশও পরিত্যাগ করিতে পারে নাই, তাহাদেরও মৃত্ব, মধ্য ও অধিমাত্রতা ভেদে ক্লেশের উৎপত্তি শাস্ত্রে স্বীকৃত হইরাছে। এই যে নানাপ্রকার অবস্থায় ক্লেশের উৎপাদ, প্রাপ্তির ক্লেশোৎপাদকতা স্বীকৃত হইলে তাহা ব্যাখ্যাত হইতে পারিবে না। কারণ, ঐ স্থলে ক্লেশপ্রাপ্তির কোনও তারতম্য শাস্তে স্বীকৃত হর নাই। স্প্তরাং, অভ্যাসাদি অস্ত কিছুর দ্বারাই প্রাপ্তিবাদীকে উক্ল ক্লেশে তারতম্যের ব্যবস্থা করিতে হইবে। অতএব, তারতম্য-ব্যবস্থাপক হেতুর দ্বারাই ক্লেশের উৎপত্তিও ব্যবস্থাপিত হইতে পারিবে। এজন্য, উৎপত্তির দ্বারা প্রাপ্তি পদার্থ প্রমাণিত হয় নাই।

বৈভাষিকগণ যদি প্রাপ্তি পদার্থের সমর্থন করিতে গিয়া বলেন যে, শাস্ত্রে কাহাকেও আর্য্য কাহাকেও বা পৃথগ্জন বলা হইয়াছে। এই যে শাস্ত্রকথিত আর্য্যত্ব ও পৃথগ্জনত্ব, আমরা প্রাপ্তি নামক পদার্থান্তর স্বীকার না করিলে ইহার কোনও ব্যবস্থা করা যাইবে না। কারণ, ক্লেশের প্রাপ্তিতেই পৃথগ্জনত্ব এবং ঐ ক্লেশপ্রাপ্তির বিগমেই আর্য্যত্ব হইবে। অর্থাৎ, গাঁহারা প্রাপ্তক্লেশ তাঁহারা প্রথগ্জন এবং গাঁহারা বিগতক্লেশ তাঁহারা আর্য্য নামে অভিহিত হইবেন। প্রাপ্তিনামক পদার্থ স্বীকার না করিলে উক্তপ্রকারে ব্যবস্থা হইতে পারে না। স্কতরাৎ, আর্য্যত্ব ও পৃথগ্জনত্বের এই যে শাস্ত্রীয় ব্যবস্থা বা পরিভাষা আমরা পাই, তাহার দ্বারা ইহাই প্রমাণিত হইয়া যাইতেছে যে, প্রাপ্তিনামক বিলক্ষণ পদার্থটী শাস্ত্রাভিপ্তেত।

[া] সকলবন্ধনানাং গ্ৰপীতি বিশুরঃ। যেয়ামেকোইপি ক্লেশপ্রকারো ন প্রহীণ স্তে সকলবন্ধনানাং। তেবাং সকলবন্ধনানাং গ্রপি মৃত্যুধ্যাধিমাত্রক্লেশাংপত্তিপ্রকারভেদো ন স্থাও। কল্মাও ? প্রাপ্তাভেদাও।.....যতো বা স ভেনঃ.....তত এব ভেনকারণাত্ত্রপত্তিরস্ত্র....তেশ্লাগেপত্তিহেতুঃ প্রাপ্তিরিতি। কোশস্থান ২, কা ৩৬, ক্ষুটার্থা।

 [।] বেনাং তৃংপ্রাপ্তিবিগমাস্তে আর্নাঃ বেধামবিগমাস্তে পৃথগ্জনা ইতি। ঐ।

তাহা হইলেও বিরুদ্ধনাদীরা উত্তরে বলিতে পারেন যে, আশ্রার্থিশেষের বারাই আর্যান্থ ও পৃথগ্জনত্বের ব্যবস্থিতব্যবহার সিদ্ধ হইতে পারে?। স্থতরাং, কেবল উক্তপ্রয়োজনে প্রাপ্তিরপ অভিনব পদার্থ প্রমাণিত হইতে পারে না। দর্শন ও ভাবনামার্গের পুনঃ পুনঃ অনুশীলনদ্বারা যাহার ক্লেশবীজ্ঞতা দগ্ধ হইরা গিয়াছে তাহাতে আর্যান্থের ব্যবহার হইবে এবং যাহার ক্লেশবীজ্ঞতা বিশ্বমান আছে, সামন্থিকভাবে ক্লেশবিহীন হইলেও তাহাতে পৃথগ্জনত্বের ব্যবহার হইবে। এই বীজ্ঞভাবকে অবলম্বন করিয়াই শাস্ত্রে সমন্থাগম বা প্রাপ্তি কথার উল্লেথ হইয়াছে; অভিনব কোনও অর্থকে গ্রহণ করিয়া নহে। ফলোৎপত্তিতে সমর্থ যে পঞ্চস্করাত্মক রূপ, তাহারই নাম বীজ। স্থতরাং, বীজ্ব মানিলে কোনও অতিনিক্ত পদার্থ স্থীকার, করা হন্ধ নাই'। নিরন্তরভাবে প্রবর্ত্তিত যে ত্রৈকালিক সংস্কার অর্থাৎ পদার্থগুলি, তাহারই নাম সন্ততি বা সন্তান। পূর্ব্ব পূর্ব্ব সন্তানীকে বলা হন্ধ বীজ্ব এবং উত্তরোত্তর সন্তানীকে বলা হন্ধ ফল। মিলিত যে হেতু ও ফলভূত সংস্কার বা পদার্থ, তাহাকে বলা হন্ধ সন্তান°।

এই যে চিত্তগত ক্লেশবীজ্ঞতার দাহ ও অদাহের দ্বারা আর্যান্ত ও পূথগ্জ্বনত্বের ব্যবহা করা হইল, ইহাতে অবশ্রুই জ্ঞিজাসা হইবে যে, এ বীজ্ঞভাবটী কি? ইহার উত্তরে যদি বলা যায় যে, চিত্তের ক্লেশজ্ঞনন-শক্তিরই নাম ক্লেশবীজ্ঞতা বা ক্লেশবীজ্ঞভাব। এই শক্তি দগ্ধ হইয়া গেলে তাহাতে আর ক্লেশসম্পর্ক হয় না এবং ইহা অদগ্ধ অবস্থার থাকিলে যথাসময়ে উক্ত চিত্ত ক্লিষ্ট হইয়া থাকে। ক্লেশসামর্থ্য বা শক্তির নাশে আর্যান্ত-ব্যবহার, আর এ সামর্থ্যের অনাশে সাময়িক-ভাবে ক্লেশ না থাকিলেও তাহাতে আর্যান্তের ব্যবহার হইবে না; পরস্ক, উহাতে পূথগজ্ঞনত্বেরই ব্যবহার হইবে।

মা প্রাথমির বিশেষ দেতং সিধাতীতি। আম্মুলাববিশোলত দ্বাবস্থান মেধাং প্রহীণঃ কেশঃ
এবাম প্রহীণঃ ফ্রেশ ইতি। কে।শস্থান ২, কা ৩৬, ক্টার্থা।

২। কিং পুনরিদং বীজং নামেতি। দ্রাণকরা পৃচ্ছতি। বরামরূপং ফলোৎপত্তে।
সমর্থম। বংপঞ্চন্ধাত্মকং রূপং ফলোৎপত্তিসমর্থম। ঐ।

<sup>১। কা চেয়ং সম্ভতিরিতি। কিং বধা সাহ্থানামৰস্থিতএবাস্ত ধর্মান্তরনির্ভৌ ধর্মান্তরপ্রাদ্রভাবঃ । তেতুলন্তা কিং তর্হি। হেতুলনভ্তা হেতুক কলঞ্চ হেতুলন্। হেতুলন্
নিতি নৈরস্তর্গেণ প্রবৃত্তাস্থৈয়িধিকাং সংকারাঃ সম্ভতিরিতি বাবয়াপান্তে।
বৈ
।</sup>

ইহাতে বৈভাষিকগণ অবশ্রুই প্রশ্ন করিবেন যে, এই যে চিত্তের ক্লেশজনন শক্তির কথা বলা হইল, ইহা কি চিত্ত হইতে পৃথক্ অথবা অপৃথক্। যদি বলা যায় যে ইহা চিত্ত হইতে পৃথক্ তাহা হইলে বৈভাষিকসম্প্রদার বলিবেন যে, তাহারা যে প্রয়োজনে প্রাপ্তি নাম দিয়া একটা চিত্ত-বিপ্রযুক্ত পদার্থ স্বীকার করিয়াছিলেন, তাঁহাদের পূর্ব্বপক্ষীও ঠিক্ সেই প্রয়োজন নির্বাহের নিমিত্তই শক্তি নাম দিয়া একটা পৃথক্ পদার্থ স্বীকার করিতেছেন। ইহাতে ফলতঃ নাম লইয়াই উভরের মধ্যে বৈমত্য হইরাছে, পদার্থ লইয়া নহে। স্বতরাং, অকিঞ্চিৎকর নামভেদ লইয়া তাঁহারা আর পূর্ববিক্ষীর সহিত বিবাদ করিতে ইচ্ছুক নহেন। পূর্ব্বপক্ষী প্রথম শক্তি নাম দিয়া সেই প্রাপ্তি নামক পদার্থ স্বীকার করিতেছেন তথ্য তাঁহার হার করিতেছেন নামত পদার্থ স্বীকার করিতেই তাঁহাদের মধ্যে বৈমত্য ছিল। এক্ষণে পূর্ব্বপক্ষী বথন শক্তি নাম দিয়া সেই প্রাপ্তি নামক পদার্থ স্বীকার করিতেছেন তথ্য তাঁহার সহিত বিবাদ মিটিয়া গিয়াছে'।

উক্ত যুক্তিতে বিবাদে পরাপ্ত হওয়ার সন্তাবনার পূর্ব্বপক্ষী যদি বলেন যে, উক্ত ক্লেশজনন শক্তি আশ্রনীভূত চিত্ত হইতে পূথক্ পদার্থ নহে, উহা বস্ততঃ চিত্তই। তাহা হইলেও দোষ হইবে এই যে, ইহাতে অকুশলচিত্তে কুশলচিতের বীজ এবং কুশলচিত্তে অকুশলচিত্তের বীজ স্বীকৃত হইল' কারণ, কখনও পূর্ববর্তী অকুশলচিত্ত হইতেও পরবর্তী কুশলচিত্তের আবির্ভাব হয় এবং কদাচিৎ পূর্ববর্তী অকুশলচিত্ত হইতেও পরবর্তী কুশলচিত্তের আবির্ভাব হইতে দেখা যার।

এই প্রকার হইলেও পূর্বপক্ষীর মতে কোন দোষ হইল না বলিরাই আমাদের
মনে হয়। কারণ, ইহাতে পরবর্তী কুশলচিত্তের উৎপাদক শক্তিটী পূর্ববর্তী
অকুশলচিত্তে স্বীকৃত হইলেও ঐ শক্তিটী আশ্রমভূত যে অকুশলচিত্ত তাহা
হইতে অভিন্ন হওয়ায় ঐ অকুশলচিত্তটী যাহা অগ্রে অকুশল ছিল, শক্তি স্বীকারেও
ভাহা পূর্ববিং অকুশলই থাকিয়া গেল। শক্তি স্বীকার করায় অকুশলচিত্তটী যদি
কুশল হইয়া যাইত তাহা হইলে দোষ হইত। প্রকৃত পক্ষে তাহা হয় নাই।
স্কতরাং, প্রদশিত আপত্তিতে পূর্ব্বপক্ষীর মতে কোনও দোষ হয় নাই।

আমরা কিন্তু অন্ত দৃষ্টিতে বৈভাষিকসম্মত প্রাপ্তি-পদার্থের আবশুকতা বৃঝি।
এইমতে চক্দুরাদি ইন্দ্রিরগুলিকে চাকুষাদি বিজ্ঞানের আশ্রের বলা হইরাছে; অথচ,

২। কিময়ং শক্তিবিশেষশ্চিত্তাদ্বস্থিত্তমমূতান্বস্থিত্তম্। কিঞ্চতঃ, অর্থান্তরঞ্চেৎ সিদ্ধং প্রাপ্তিরস্তীতি। সংজ্ঞামাত্রে তু বিবাদঃ। কোশস্থান ২, কা ৩৬, স্ফুটার্থা।

উক্ত বিজ্ঞানগুলির উপাদান বা সমবায়ী কারণ ইন্দ্রিয় নহে। স্থতরাং, ইন্দ্রিয় ও বিজ্ঞান ইহারা পৃথগ্ অবস্থিত হইরাই আবিভূতি হইরাছে। এই অবস্থার প্রাপ্তি নামক পদার্থান্তর স্বীকার না করিলে ইন্দ্রির ও বিজ্ঞানের আশ্রাশ্রিতভাব সম্ভব হয় না। এইপ্রকার একটী চিত্র ও তৎসহভূ চৈত্রগুলি, ইহারা পরম্পর পরম্পানকে পৃথক্ রাথিয়াই নিজেরা সমকালে উৎপন্ন হইয়াছে। এই অবস্থার বদি প্রোপ্তি নামক পদার্থান্তর স্বীকার না করা ষায়, তাহা হইলে চিত্রের সরাগতা বা ক্লিপ্টতা উপপন্ন হইবে না। এজন্য, এইমতে প্রাপ্তি নামক পদার্থান্তর স্বীকার করা আবশ্রক। আর, বৈভাষিকমতানুসারে ইহা দ্রবাসং ।

ত্রৈম্বিক ধর্মের ত্রিবিধ প্রাপ্তি স্বীকৃত হইরাছে। সর্থাৎ, বাহা অতীত হইরা গিয়াছে এমন যে রাগাদি ক্লিষ্ট্রর্ম্ম, তাহারই অতীত অনাগত এবং বর্ত্তমান, এই ত্রিবিধ প্রাপ্তি বৈভাবিকশাস্ত্রে স্বীকৃত হইরাছে'। যে প্রাপ্তিটী উৎপন্ন হইরা নিরুদ্ধ হইরা গিয়াছে, তাহাকে অতীত প্রাপ্তি বলা হয় । এই অতীত প্রাপ্তি আবার তিনপ্রকার হইতে পারে। যাহা প্রাপ্তব্য ধর্ম, তাহার পূর্বকালে উৎপন্ন হইরা যাহা পরে নিরুদ্ধ হইরা গিয়াছে, এমন অতীতা প্রাপ্তি; যাহা প্রাপ্তব্য ধর্ম তাহার সহিত বৃগণিৎ উৎপন্ন হইয়া যাহা পরে নিরুদ্ধ হইয়া বাহা লিরুদ্ধ হইয়া গাহা পরে নিরুদ্ধ হইয়া গাহা লিরুদ্ধ হইয়া গিরাছে, এমন অতীতা প্রাপ্তি এবং যাহা প্রাপ্তব্য ধর্ম্ম, তাহার পরে উৎপন্ন হইয়া বাহা নিরুদ্ধ হইয়া গিরাছে, এমন অতীতা প্রাপ্তি হইতে পারে। যাহা এখনও উৎপন্ন হয় নাই, ভবিষ্যতে উৎপন্ন হইবে তাহাকে অনাগতা প্রাপ্তি বলা হয়। আর, উক্ল অতীত ধর্ম্মের প্রাপ্তি বর্ত্তমানও হইতে পারে। যাহা প্রাপ্তব্য ধর্মের উত্তর কালে উৎপন্ন, এখনও নিরুদ্ধ হইয়া যায় নাই তাহাকে বর্ত্তমানা প্রাপ্তি বলা হইয়া থাকে ও

১। দ্রব্যসত্যাবের তু বৈভাষিকা বর্ণয়ন্তি। কোশস্থান ২, কা ৩৬, স্ফুটার্থা।

 [।] ত্রৈয়ধিকানাং ত্রিবিধা শুভাদীনাং শুভাদিকা। স্বধাতৃকা তদাপ্তানামনাপ্তানাং
চতুর্বিধা। কোশস্থান ২ ক। ৩৭, স্ফুটার্থা।

৩। উক্ত ব্যাখ্যার এইপ্রকার অর্থ ব্রিলে ভুল করা হইবে যে, যে কোনও একটা অতীত রাণাদি ক্রেশেরই অতীত, অনাগত এবং প্রভাগের এই ত্রৈয়ধিক প্রাপ্তি থাকিবে। পারে, কোনও অতীতের প্রাপ্তি অতীত হইবে, কাহারও অনাগত হইবে আবার কোনও এতাতের প্রাপ্তি বর্ত্তমানও হইবে। এইখাবে ভিন্ন ভিন্ন ধর্ম লইয়াই অতীতাদির অতীতাদি প্রাপ্তি বৃ্ত্তিতের হুইবে। একই অতীতাদি ধর্মের প্রাপ্তি হৈয়ধিক প্রাপ্তি ইহা আছের অভিপ্রায় নতে।

অনাগত ধর্মেরও অতীত প্রাপ্তি, অনাগত প্রাপ্তি ও বর্ত্তমান প্রাপ্তি হইতে পারে। বাহা প্রাপ্তব্য অনাগত ধর্মের উৎপত্তির পূর্ব্বে উৎপত্ন হইরা নিরুদ্ধ ইইরা গিরাছে, তাহাকে বলা হর অনাগত ধর্মের অতীতা প্রাপ্তি। বাহা এখন উৎপত্ন হয় নাই পরে উৎপত্ন হইবে এমন প্রাপ্তিকে বলা হর অনাগত ধর্মের অনাগতা প্রাপ্তি। বাহা প্রাপ্তব্য অনাগত ধর্মের উৎপত্তির পূর্ব্বে উৎপত্ন হইরাছে এবং এখনও নিরুদ্ধ হয় নাই, এমন যে প্রাপ্তি তাহাকে বলা হইরাছে অনাগত ধর্মের বর্ত্তমানা প্রাপ্তি।

বর্তনান ধর্ম্মেরও অত্যাত, অনাগত ও বর্ত্তমান এই তিনপ্রকারের প্রাপ্তি হইতে পারে। যাহা প্রাপ্তব্য ধর্মের পূর্ব্বে উৎপন্ন হইন্না বর্ত্তমান নিরুদ্ধ হইন্না বর্ত্তমান নিরুদ্ধ হইন্না বিন্নাছ তাহাকে বর্ত্তমান ধর্মের অত্যাত। প্রাপ্তি বলা হর। অনুৎপন্ন এমন বে প্রাপ্তি, তাহাকে বর্ত্তমান ধর্মের অনাগতা প্রাপ্তি বলা হর। বর্ত্তমান প্রাপ্তব্য ধর্মের সহিত যুগপৎ উৎপন্ন যে প্রাপ্তি, যাহা এখনও নিরুদ্ধ হর নাই, তাহাকে বর্ত্তমান ধর্মের বর্ত্তমানা প্রাপ্তি বলা হয়।

দকল ত্রৈরন্ধিক ধর্ম্মেরই যে উক্ত প্রকার ত্রৈরন্ধিক প্রাপ্তি থাকিবে, তাহা নহে। পরন্ত, সন্তবহুলেই ঐ প্রকার হইবে। ক্লিষ্টর্ম্ম এবং যে দকল কুশলধ্ম উৎপত্তিপ্রতিলম্ভিক অর্থাৎ প্রবত্ন করিরা যাহা লাভ করিতে হয় না, লোকবিশেবে জন্ম হওয়াতেই যে সংল কুশলধর্ম স্বাভাবিকভাবে পাওয়া য়ায়, সেই সকল ধর্মেরই ত্রৈরন্ধিক প্রাপ্তি বৈভাষিকশাস্ত্রে স্বীকৃত আছে। পৃণগ্জনের যে অনাগত মার্গসত্যাদিরূপ অনাশ্রবধর্মা, তাহার কোনও অতীত বা বর্ত্তমান প্রাপ্তি নাই। বিপাকজ্ব ধর্মের কোন অনাগত বা অতীত প্রাপ্তি নাই। ঐ প্রকার ধর্মের প্রাপ্তি সহজ্বই, অর্থাৎ প্রভূৎপন্নই, হইয়া থাকে।

প্রাপ্তি ধর্মটী কথনও কথনও প্রাপ্তব্য ধর্মের লোকামুসারে তত্তন্ত্রোকীয় হইরা থাকে, কথনও কথনও আবার প্রাপক সত্ত্বের লোকামুসারে তত্তন্ত্রোকের হইরা থাকে। কামধাতূপপন্ন পুরুষ বা সত্ত্ব যথন কামাবচর, অর্থাৎ কামধাতৃত্ব, কুশল বা অকুশল ধর্মের দ্বারা প্রাপ্ত হন, তথন ঐ প্রাপ্তি কামাবচরী প্রাপ্তি কামবচর কোন কোন কুশল বা অকুশল ধর্মের দ্বারা প্রাপ্ত হন, তাহা হইলে ঐ প্রাপ্তি কামাবচরী হইবে না, পরন্ত, উহা ক্রাপাবচরী প্রাপ্তি নামেই কথিত হইবে। আবার

কামধাতুপপন্ন সহই যদি কদাচিং আরূপ্যাবচর কুশলধর্মের দ্বারা প্রাপ্ত হন, তাহা হইলে ঐ প্রাপ্তিও কামাবচরী হইবে না; পরন্ত, উহা আরূপ্যাবচরী প্রাপ্তি
নামে অভিহত হইবে³।

মার্গসত্য এবং নিলেন্সত্যের যে প্রাপ্তি, তাহা প্রাপক লোকামুসারিণীই হইবে। কারণ, এই হানের যে প্রাপ্তব্য ধর্মগুলি (মার্গস্তাাদি) তাহা অনাত্রব; এলক, এই অধারাপ্ত অর্থাৎ কামাদি-লোকামুসারী নহে, স্কুতরাং এই সকল অনাত্রবধর্মের প্রাপ্তি অনাত্রব এবং প্রাপক সন্ত্বের লোকামুসারিণীই হইবে'। কামবাত্রপদা প্রকব বদি কামাবচর ব্লেশবিশেষে অপ্রতিসংখ্যানিরোধকে প্রাপ্ত হন, তাহা হইলে ঐ অপ্রতিসংখ্যানিরোধকে প্রাপ্ত কামাবচরীই হইবে এবং যদি রূপাবচর ক্লেশবিশেষের অপ্রতিসংখ্যানিরোধকে প্রাপ্ত হন, তাহা হইলে ঐ প্রাপ্তিও কামাবচরীই হইবে, উহা রূপাবচরী হইবে না। এইরূপ উক্ত পুরুষ যদি আরুপ্যাবচর কোনও সাত্রব কুশলবর্মের অপ্রতিসংখ্যানিরোধকে প্রাপ্ত হন, তাহা হইলে ঐ প্রাপ্তিও কামাবচরীই হইবে, উহা রূপাবচরী হইবে না। এইরূপ উক্ত পুরুষ যদি আরুপ্যাবচর কোনও সাত্রব কুশলবর্মের অপ্রতিসংখ্যানিরোধকে প্রাপ্ত হন, তাহা হইলে ঐ প্রাপ্তিও কামাবচরী প্রাপ্তিই হইবে, আরুপ্যাবচরী হইবে না। এই প্রণালীতেই রূপ ও আরূপ্য ধাতৃত্ব পুরুষের অনাত্রব প্রাপ্তিগুলি কথিত হইবে।

কথিত প্রাপ্তির বিপরীত এক প্রকার ভাবভূত ধর্মকে বৌদ্ধশাস্ত্রে অপ্রাপ্তি
নামে অভিহিত করা হইয়াছে। ন্যার বা বৈশেষিক শাস্ত্রে যেমন পরম্পরবিরোধী
সংযোগ ও বিভাগ নামক তুইটা গুণ স্বীকৃত আছে, তেমন বৈভাষিকমতেও
প্রাপ্তি ও অপ্রাপ্তি নামক তুইটা পরম্পর বিরোধী ভাবায়ক ধর্ম স্বীকৃত হইয়াছে।
অপ্রাপ্তি নামক ধর্ম গুলি সবই অনিবৃতাব্যাকৃত। অপ্রাপ্তি কথনও ক্লিপ্ত বা কুশল
হর না। অপ্রাপ্তি যদি ক্লিপ্ত হইত তাহা হইলে ক্লেশের বে অপ্রাপ্তি, তাহাই হইবে
ক্লিপ্তা অপ্রাপ্তি এবং অপ্রাপ্তি যদি কুশল হইত ভাহা হইলে, কুশলধর্মের বে
অপ্রাপ্তি, তাহাই কুশলা অপ্রাপ্তি। কিন্তু, তাহা হইতে পারে না। বৈরাগ্য

 ^{)।} কামধাতূপপদ্ধত কামাবচরাণাং ধর্মাণাং কামাবচরী প্রাপ্তিঃ, তথৈব রূপাবচরাণাং
রূপাবচরী, তথৈবারপ্রাবচরাণামারপ্যাবচরী। কোশস্থান ২, কা ৩৭, ক্টার্থা।

২। অধাতাপ্তানাং সংস্কৃতাসংস্কৃতানামনাশ্রবাণাং চতুর্বিধা প্রাপ্তিঃ। কামরূপারূপ্যাবচরী অনাশ্রবাচ। তেনা বিশ্বনিব হি তংপ্রাপ্তিব্যবস্থাপাতে। নৃত্ তেবাং বশেন যেঘামপ্রতিস্বাধানিবরাধঃ। এ

প্রভৃতি সাধনাবলম্বনে যিনি প্রহীণক্রেশ হইরাছেন তাহার ক্রেশের অপ্রাপ্তি হইরাছে। ক্রেশ-প্রতিযোগিক বলিয়া এই অপ্রাপ্তি ক্রিষ্টা হইলে, প্রহীণক্রেশ পুরুষে এই অপ্রাপ্তি সম্ভব হইবে না। কারণ, ইহা স্বয়ং ক্রেশাত্মক এবং আশ্রমীভূত পুরুষ বিহীনক্রেশ। ক্রেশযুক্ত পুরুষে অবশ্রই ক্রিষ্ঠা অপ্রাপ্তি সম্ভব হইত। কিন্তু, তাহাও বিরুদ্ধ হইবে। কারণ, ক্রেশ থাকাতে এ পুরুষে ক্রেশের অপ্রাপ্তির কোনও কথাই উঠে না।

যাহার কুশলমূল সংকারদৃষ্টি প্রভৃতির দারা সমুচ্ছেদপ্রাপ্ত হইরা গিরাছে, তাহাতেই কুশলের অপ্রাপ্তি গাকিবে। কুশল ধর্ম-প্রতিযোগিক বলিয়া এই অপ্রাপ্তি কুশল হইলে উক্ত পুরুষে এই অপ্রাপ্তি থাকিতে পারিবে না। কারণ, কুশল কোনও ধর্ম এ পুরুষে নাই বলিয়াই পূর্বে স্বীকৃত হইরাছে। এবং কুশল ধর্ম যাহাতে বিগুমান আছে এমন পুরুষেও এই অপ্রাপ্তি থাকিবে না। কারণ, তাহার কুশল ধর্ম থাকার উহার অপ্রাপ্তিই নাই। স্বতরাং, একণে ইহা আমরা বেশ ব্রিতে পারিলাম যে, অপ্রাপ্তি কখনই ক্লিষ্ট বা কুশল হইতে পারে না এবং উহা সর্বাণা অনিবৃতাব্যাকৃতই হইবে।

প্রত্যুৎপন্ন পদার্থের কোনও অপ্রাপ্তি নাই। কারণ, ঐপ্রকার ধর্মের প্রাপ্তি কোথাও থাকিবেই। অপ্রাপ্ত পদার্থের, অর্থাৎ অনাগত ধর্মের, এবং অতীতের, অর্থাৎ প্রাপ্তবিহীনেরই, অপ্রাপ্তি হইবে এবং ঐ অপ্রাপ্তি ত্রৈয়ধ্বিক হইবে। অপ্রাপ্তিগুলি স্রোতের ন্যায় ধারায় উৎপন্ন হইতে থাকে। এজন্ম, উহার কোনওটী বর্তুমান, কোনওটী অতীত এবং কোনওটী অনাগত হইয়া থাকে।

কামাদিধাতৃতে, অর্থাৎ কামাদিলোকে, উপপন্ন, অর্থাৎ জ্ঞাত, যে পুরুষ, তাঁহারা প্রবত্ন কারলৈ কতকগুলি কুশলধর্ম লাভ করিতে পারেন, এবং জন্মলাভের নিমিত্তই অপর কতকগুলি কুশলধর্ম তাঁহারা লাভ করেন। যদি প্রযত্ন না করেন তাহা হইলে তাঁহারা ঐ প্রায়োগিক কুশলধর্ম লাভ করিতে পারেন না এবং সৎকার- দৃষ্টি প্রভৃতির দারা কুশলমূল সমুদ্দিন্ন হইন্না গেলে উপপত্তিলাভিক কুশল ধর্মগুলিও তাঁহারা প্রাপ্ত হন না। এই যে কামধাতুপপন্ন পুরুষের প্রায়োগিক ও উপপত্তিলাভিক কুশলধর্মের অপ্রাপ্তি হইল, ইহা কামাবচরী অপ্রাপ্তি নামে ক্থিত হইবে। উঁহারা বীতরাগ নহেন; এজন্ত, রূপ বা আরুপ্যাব্চর কোনও কুশল ধর্মের প্রাপ্তি উঁহাদের হন্ন না। উক্ত পুরুষের এই যে রূপ বা আরুপ্যাব্চর

কুশলবর্দের অপ্রাপ্তি, ইহাও কামাবচরী অপ্রাপ্তিই হইবে; রূপাবচরী বা আরপ্যাবচরী হইবে না। উহারা পৃথগ্জন বলিয়াই মার্গসত্যাদি অনাস্রবধর্দের প্রাপ্তি উহাদের হর না। অনাস্রবধর্দের যে অপ্রাপ্তি, ইহাও কামাবচরী অপ্রাপ্তিই হইবে। রূপধাতুতে উপপন্ন পুরুষ উর্জভূমি লাভ করায় কামাবচর ক্লেশের পরিহার করেন। রূপধাতুগত পুয়বের যে কামাবচর ক্লেশের অপ্রাপ্তি, ইহার রূপাবচরী অপ্রাপ্তি হইবে, কামাবচরী হইবে না। ঐ পুরুষ স্বীয় প্রযত্ত্ববিশেষের ছারা কোনও কোনও রূপাবচর বা আরগ্যাবচর কুশলধর্ম লাভ করিতে পারেন। কিন্তু, প্রযত্ম না করায় তাঁহারা ঐ রূপাবচর বা আরপ্যাবচর কুশলধর্মের লাভ করিলেন না। রূপাবচর বা আরপ্যাবচর কুশলধর্মের আভ বা অপ্রাপ্তিও রূপাবচরী অপ্রাপ্তিই হইবে। আর, পৃথগ্জনজনবিদ্ধন ইহারা মার্গসত্যাদি অনাস্রবব্দ্দের লাভ করিতে পারে না। অনাস্রবধর্মের এই যে অপ্রাপ্তি, ইহাও রূপাবচরী অপ্রাপ্তিই হইবে।

আরপ্যধাতুপপন্ন পুরুষ উর্দ্ধভূমি দঞ্চারের ফলে কামাবচর ও রূপাবচর ক্লেশ ত্যাগ করেন। রূপাবচর ও কামাবচর ক্লেশের অপ্রাপ্তি, আরুপ্যাবচরী অপ্রাপ্তি নামে অভিহিত হুইবে। আরুপ্যোপপন্ন পুরুষই প্রয়েবের দ্বারা কতকগুলি কুশলধর্ম লাভ করিতে পারেন। কিন্তু, প্রয়ন্থ না করায় ঐ সকল কুশলধর্মের অপ্রাপ্তি হইবে। এই যে অপ্রাপ্তি, ইহা আরপ্যাবচরী অপ্রাপ্তি হইবে। পুণগ্জনত্তনিবন্ধন ইহাদের যে মার্গসত্যাদি অনাস্ত্রবধর্মের অপ্রাপ্তি হয়, তাহাও আরুপ্যাবচরীই হইবে। অনাস্ত্রবর্মের অলাভ বা অন্ত্রংপাদই পৃথগ্জনত্ব। স্কুতরাং, অনাস্ত্রবর্মের উৎপাদই আর্য্যন্ত হইবে।

আমরা প্রাপ্তি ও অপ্রাপ্তি সম্বন্ধে আলোচনা করিরাছি; সম্প্রতি আমরা
সভাগতা সম্বন্ধে আলোচনা করিব। সভাগ পদটীর উত্তর ভাববিহিত তল্
প্রত্যের করিয়া সভাগতা পদটী নিষ্পন্ন হইয়াছে। ঘাহাদের, অর্থাৎ যে
সকল ধর্ম্মের ভাগ সমান, তাহারা সভাগ নামে কথিত হইবে। ঐ
সভাগধর্মের যে ভাব তাহাই সভাগতা পদের অর্থ হইবে। এই সকল
নির্ব্বচনের দ্বারাও সভাগতা পদটীর প্রকৃত অর্থ পরিক্ষারভাবে বুঝা

১। সমানো ভাগো ভক্তনমেধামিতি সভাগান্তছাবঃ সভাগতা। কোশস্থান ২, কা ৪১, কুটার্থা।

বাইতেছে না। এজন্ত, ঐ পদ্টীর অর্থকে পরিষারভাবে বুঝাইতে গিনা বস্থবর বলিরাছেন — সভাগতা সত্ত্রাম্যু। সত্ত্রে ও সত্ত্রপ্থ্যাত ধর্মের বে নামা, অর্থাৎ সাদৃগু, তাহাই সভাগত। কণাটী: প্রকৃত অর্থ। বে সকল ধর্ম সত্ত্বসংখ্যাত নহে বেমন ঘট বা পটাদি ধর্ম তাহাদের যে সামান্ত বৌদ্ধশান্ত্রের তাৎপর্য্যান্ত্রসারে তাহা সভাগতা নামে কথিত হইবে না। সংগায় অনস্ত হইলে যাবং-ঘটেরই একের স্থিত অপরের সাদৃগ্য আছে, দে সাদৃগ্যকে অবলম্বন করিয়া আম্যা প্রত্যেকটাকেই ঘট বলিয়া বুঝি ও ঘট এই নামে অভিহিত করি, এবং যাহা না থাকায় পটকে আমরা ঘট বলিয়া বুঝি না এবং ঘট নামে অভিহিত করি না। এই যে অসত্ত্বংখ্যাত ধর্মের সাদৃগ্য ইহা বৌদ্ধশান্ত্রান্ত্রনারে সভাগতা হইবে না। ' এই সভাগতাকেই জ্ঞানপ্রস্থানাদি মূল বৈভাষিকশান্তে নিকায়সভাগ এই নামে অভিহিত করা হইয়াছে। বৈশেষিকশান্ত্রসম্মত জাতি বা স।মান্তের দারা যে প্রয়োজন সিদ্ধ হয়, বৈভাষিক্ষতে নিকায়শভাগ বা সভাগতার দারাও প্রায় সেই প্রয়োজনই সিদ্ধ ইইরা থাকে। উভন্নমতে বিশেষ এই যে, বৈশেষিক্মতে সত্তা প্রভৃতি সামান্তকে নিত্য এবং আশ্ররীভূত অনন্ত ব্যক্তিতে অনুগত একটা পৃথক্ পদার্থ বলা হইরাছে। আর, ঐ মতে সত্ত্বসংখ্যাত ধর্ম বে প্রাণিসমূহ তদ্গত মন্মুম্বাদির স্থায় অসবসংখ্যাত যে ঘটাদি ধর্মসমূহ তদ্গত ঘটসাদিকেও প্ৰান্ভাবে সামাল বা আতি সংজ্ঞাতেই অভিহ্তিকরা হইয়াছে এবং নিতা ও সকল ঘটাঅন্নত একটা পদাৰ্থ বলা হইরাছে। বৈভাষিকমতে নিকায়সভাগকে নিত্য এবং সর্বান্থগত একটা বলা হয় নাই। মনুষ্যন্ন একটা নিকায়গভাগ বা সভাগতা। ইহা প্রত্যেক মন্বয় ব্যক্তিতে পৃথক্ পৃথক্ হইলেও একের সহিত অন্তের বিশেষ সাদৃখ্য থাকায় প্রত্যেকটীর নাম মনুষ্যুত্ব এবং এইগুলি বিভিন্ন মনুষ্যে থাকান্ন আমরা প্রত্যেকটাকেই মাত্র বলিন্না ব্ঝি এবং মাত্র

^{)।} সৰ্গ্ৰহণমনত্তনিৰ্ভাৰ্য । স্ত্ৰিং স্বসংগাতানাঞ্ ধৰ্মাণাং সৃদৃশুং স্ভাগাতা। ্অসম্বসংখাতানাং শালিয্বাদীনাং নেলতে। কোশস্থান ২, কা ৪১, কুটাৰ্থা।

২। নিকায়নভাগ ইত্যন্তাঃ শান্তে সংজ্ঞেতি। জ্ঞানপ্রস্থানাদিকে শান্তে নিকার্সভাগ ইত্যানয়া সংজ্ঞ্যায়ং চিত্তবিপ্রযুক্তো নির্দিগুতে। ঐ

এই নিকারসভাগ বা সভাগতা প্রত্যক্ষপ্রমাণের দারা প্রমাণিত হয় না। কারণ, রপরহিত বলিয়া ইহার চাক্ষ্যপ্রত্যক হয় না। ইহা শব্দায়ক নহে; এজয়, শ্রবণ ইহাকে গ্রহণ করিতে পারে না। গর্মস্থাব নহে বলিয়া নিকায়সভাবের আণজ্প্রত্যক সম্ভব হইবে না। স্পর্ণরূপতা না থাকায় ইহা স্পার্শনপ্রত্যক্ষের গোচর হইবে না। ধর্মধাতুর মধ্যে ইহার পরিগণন হয় নাই বলিয়া ইহা মানসপ্রত্যক্ষেরও যোগ্য নহে। অতএব, য়ড় বিধ প্রত্যক্ষের মধ্যে কোনও প্রত্যক্ষেরই প্রবৃত্তি এই নিকায়সভাগে নাই। স্থাতরাং, ইহাকে প্রত্যক্ষপ্রমাণসিদ্ধ বলা বায় না। আয়, এমন কোন য়্রতরাং, ইহাকে প্রত্যক্ষপ্রমাণসিদ্ধ বলা বায় না। আয়, এমন কোন য়্রতরাং, ইহাকে প্রত্যক্ষপ্রমাণসিদ্ধ বলা বায় না। আয়, এমন কোন য়্রত্যরেও উপস্থাপন কয়া সম্ভব হইবে না, বাহার দায়া নিকায়সভাগ-রূপ দ্রব্যান্তর প্রমাণিত হইতে পায়ে। পূর্ব্যেক্ত প্রণালীতে সোত্রান্তিকসম্প্রদায় সভাগতা বা নিকায়সভাগ-রূপ চিত্তবিপ্রযুক্ত ধর্মের থণ্ডন করেন।

এই থগুনের বিরুদ্ধে বৈভাষিকসম্প্রদায় যদি বলেন যে, নিকায়সভাগ নামক দ্রব্যান্তর নাই। কিন্তু, অনস্ত মনুদ্যে একজাতীয়তের প্রতীতি ও ব্যবহার ত আমাদের উভরেরই হইরা থাকে। মনুদ্যম্বরূপ দ্রব্যান্তর যাহাকে আমরা নিকায়-সভাগ নামে অভিহিত করিয়া থাকি তাহা না থাকিলে ঐ প্রতীতি ও যাবহার কি প্রকালে উপপন্ন হইতে পারে? তাহা হইলেও প্রতিবন্দীমুখে উত্তর করিতে গিয়া সোত্রান্তিকসম্প্রদায় বলিতে পারেন যে, নিকায়সভাগ নামক দ্রব্যান্তর স্বীকার করিলেও ত প্রদর্শিত ঐক্য-প্রতীতি ও ঐক্য-ব্যবহার উপপন্ন হইতে পারে না। কারণ, প্রত্যক্ষাদি প্রমানের অগম্য নিকায়সভাগের এমন

>। সা প্নরভিন্ন ভিন্ন চেতি। যা সর্বসন্তবর্তিনী প্রতিস্তমভাতাপ্যভিন্ন ইত্যুচ্যতে সান্তাং। ন হি সা যথা বৈশেষিকানামেকা নিত্যা চেতি। কোশস্থান ২, কা ৪১, ক্টার্থা।

২। নৈব চ লোকঃ সভাগতাং পশ্নতারপিণীছ।দিতি। ন লোকঃ চকুষা সভাগতাং পশ্নতারপিণীছাৎ অরূপবতীভাদরপ্যভাবছায়া। যথা ন পশ্যতি এবং ন শৃণোতি, যাবর স্পৃশতীতি। অনেন প্রত্যক্ষাসিক্ষতাং দশ্রতি। ন চৈনাং সংজ্ঞয়া পরিচিছ্নজীতি। অনেন।সুমানেনাপি ন সিধ্যতীত্যর্থঃ। ঐ।

কোনও ব্যাপার থাকিতে পারে না যাহার দ্বারা আমাদের ঐ প্রাত্যক্ষিক প্রতীতি ও ব্যবহারের উপপত্তি হইতে পারে। আর, দ্রব্যান্তররূপে নিকারসভাগ স্বীকার করিয়াও বৈভাষিকসম্প্রদায় অসত্ত্বসংখ্যাত ব্রীহি বা ববাদি ধর্মগুলির মধ্যে কোনও সভাগতা বা নিকারসভাগ নামক দ্রব্যান্তর স্বীকার করেন না। নিকারসভাগ না থাকিলেও যদি অনন্ত ব্রীহিতে বা যবে ঐক্যবৃদ্ধি বা ঐক্যব্যবহার উপপন্ন হইতে পারে, তাহা হইলে নিকারসভাগ না থাকিলেই বা কেন সত্ত্বসংখ্যাত মন্ত্র্যাদিধর্ম্মে ঐক্যপ্রতীতি ও ঐক্যব্যবহার উপপন্ন হইবে না? আরও কথা এই যে, বৈশেষিকগণের স্থায় বৈভাষিকসম্প্রদায়ও অস্থ্য নাম, অর্থাৎ নিকারসভাগ বা সভাগতা নাম, দিয়া ফলতঃ বৈশেষিকের সামান্তার বিক্ষম্বে প্রযুক্ত প্রায় সমুদ্র আপত্তিই বৈভাষিকের নিকারসভাগের বিক্ষম্বে প্রযুক্ত প্রায় সমুদ্র আপত্তিই বৈভাষিকের নিকারসভাগের বিক্ষম্বে প্রযুক্ত

মনুষ্যাদি সদ্বাগ্যধর্ম ও ব্রীহিষবাদি অসন্থাগ্যধর্ম ইহাদের মধ্যে ধে মনুষ্য এই আকারে অথবা ব্রীহি ইত্যাদি আকারে এক্যপ্রতীতি ও ঐক্যব্যবহার হয়, তাহার সমাধান করিতে গিয়া পৌত্রান্তিকসম্প্রদায় বলেন যে, তাঁহারা নিকারসভাগ নামক দ্রব্যাস্তর স্বীকার করেন না বলিয়াই যে ঐ সকল স্থলে এক্যপ্রতীতি ও ঐক্যব্যবহারকে নির্নিমিত্রক বলেন, তাহা নহে। পরস্ত, একটা মানুষের সহিত অপরাপর অনন্ত মনুষ্যের সাদৃশ্য থাকাতেই এবং একটি ব্রীহি বা ববের সহিত অপরাপর অনন্ত রীহি বা ববের সাদৃশ্য থাকাতেই মনুষ্য এই আকারে, ব্রীহি এই আকারে বা যব এই আকারে ঐক্যপ্রতীতি ও মনুষ্যাদি এক নামের দ্বারা ঐক্যব্যবহার হইয়া থাকে। ঐ সাদৃশ্যগুলি দ্রব্যান্তর নহে; পরস্তু, আশ্রমীভূত দ্রব্যস্তর্মকাই। স্ক্তরাৎ, মনুষ্যাদিরূপ আশ্রমীভূত দ্রব্যগুলি রূপী হওয়ায় তদাত্মক ঐ সাদৃশ্যও রূপীই হইবে। এজন্য, প্রত্যক্ষাদি প্রমাণের সাহায্যেই উক্ত ঐক্যপ্রতীতি ও ঐক্যব্যবহারের উপপত্তি হইবে।

নিকায়সভাগের বিরুদ্ধে উত্থাপিত সৌত্রান্তিকের আপত্তির সমাধানে বৈভাষিকসম্প্রদায় বলিতে পারেন যে, এই যে নিকায়সভাগ বা সভাগতা

^{ু ।} বৈশেষিকাল্ডিবং স্তোতিতা ইতি। শ্বলিতাঃ সমৰ্থিতা ইত্যভিপ্ৰায়ঃ। তেইপি সামান্তপদাৰ্থবাদিনো ভবস্তোইপীতি। কোশস্থান ২, কা ৪১, ক্টোৰ্থা।

ইহা জ্ঞানপ্রহানাদি শাস্ত্রের দারা সমর্থিত। এজন্স, ভগবান্ ব্দ্ধের অ্রুবর্ত্তী বিলিয়া তাঁহাদের ইহা মানা আবশুক। আর, এই নিকারসভাগ চিত্ত্ববিপ্রযুক্তে পরিগণিত বলিয়া স্বরং অরূপী হইলেও মহুদ্যাদি রূপবান্ দ্রব্যে
আপ্রিত হওয়ার আশ্রয়ণত রূপের সাহায্যে উহার চাক্ষ্যপ্রত্যক্ষ হইতে কোনও
বাধা নাই। আরও কথা এই বে, এই নিকারসভাগ যুক্তির সাহায়্যেও
প্রমাণিত হইতে পারে। পৃথিবীর অগণিত মহুদ্যগুলিকে আমরা মহুদ্য এই
আকারের প্রতীতিতে এক বলিয়া ব্রিও তদমুসারে ঐক্যব্যবহার করি।
মহুদ্যস্বরূপ নিকারসভাগ স্বীকার না করিলে উক্ত ঐক্যপ্রতীতি ও ঐক্যব্যবহার
হইতে পারে না। স্ক্তরাং, উক্ত অনুপপত্তিরূপ যুক্তির দারা মহুদ্যভাগিরূপ
নিকারসভাগ প্রমাণিত হইরা বাইতেছে।

মার যে বলা হইয়াছে — ব্রীহিযবাদি অসত্ত্বসংখ্যাতথর্ম্বের স্থলে ব্রীহিত্ব-যবত্বাদি নিকায়সভাগ না থাকিলেও যদি উহাদের সম্বন্ধে এক্যপ্রতীতি ও এক্য-ব্যবহার উপপন্ন হয় তাহা হইলে মনুয়াদি সত্তসংখ্যাতধর্মের স্থলেই বা মনুয়াত্বাদিরূপ নিকায়সভাগ ব্যতিরেকে উহাদের ঐক্যপ্রভীতি ও ঐক্যব্যবহার অমুপপন্ন হইবে কেন ? ইহার উত্তরে বৈভাষিকগণ বলিতে পারেন যে, তাঁহারা জ্ঞানপ্রস্থানাদি মূল বিভাষাগ্রন্থের সিদ্ধান্তানুসারেই ত্রীহিত্ববত্বাদি ধর্মগুলিকে নিকার-সভাগ নামে পরিভাষিত করিতে পারেন নাই; কিন্তু, নিকায়সভাগ না হইলেও ক্র ধর্মগুলি তাঁহাদের অম্বীক্বত নহে। অতএব, উক্ত ত্রীহিত্বাদি অমুগতধর্মের দারাই ঐ সকল অসত্বসংখ্যাতধর্মের স্থলে অত্মগত প্রতীতি ও ব্যবহার উপপন্ন হইবে। স্থায়বৈশেষিকাদি শাস্ত্রেও জাতিত্ব বা অভাবত্বাদি পদার্থগুলিকে সামান্ত বা জ্বাতি বলিয়া স্বীকার করা হয় নাই। কিন্তু, তাহা হইলেও ঐ অনুগত উপাধিগুলি অস্বীক্বত হয় নাই। ঐ অনুগত অথণ্ড উপাধিগুলির দ্বারাই বিভিন্ন জাতি ও নানাপ্রকার অভাবস্থলে জ্বাতি ও অভাব এই আকারে ঐক্য-প্রতীতি ও ঐক্যব্যবহার হইয়া থাকে। স্কুতরাং, নিকায়সভাগ নামে পরিভাষিত না হইলেও ব্রীহিত্বব্যাদি অনুগত ধর্মগুলি বৈভাষিকমতে অস্বীকৃত নহে বলিয়াই আমাদের বিশ্বাস এবং ইহাতে সিদ্ধান্তেরও কোন ব্যাঘাত হইবে না বলিয়াই আমরা মনে করি।

সৌত্রান্তিকসম্প্রদায় যে মন্ত্রযুত্তাদিরূপ নিকায়সভাগকে দ্রব্যান্তররূপে স্বীকার

না করিয়া সাদৃশ্যকেই নিকায়সভাগ নামে পরিভাষিত করিয়াছেন এবং তাহার দারাই বে এক্যপ্রতীতি ও এক্যব্যবহারের উপপাদন করিতে চাহিয়াছেন, তাহা বেশ যুক্তিসঙ্গত হইয়াছে বলিয়া আমরা মনে করিতে পারিতেছি না। কারণ, মন্ত্রমান্ত নামক যে সোত্রান্তিকসন্মত সাদৃশ্য বা নিকায়সভাগ, তাহা যদি মন্ত্রমান্তর ভেদে ভিন্ন ভিন্ন হয়, অর্থাৎ মন্ত্রমান্ত যদি প্রতি মন্ত্রমা পৃথক্ পৃথক্ হয়, তাহা হইলে এ মন্ত্রমান্তের দারা এক্যপ্রতীতি ও এক্যব্যবহার সম্ভবই হইবে না। কারণ; মন্ত্রমান্তগুলির কোনও মন্ত্রমান্তই সকল মন্ত্রের অনুগত হয় নাই। এ প্রকার অনুগত ধর্মের দারা অনুগম হইতে পারে না। আর, এ মন্ত্রমান্তরর পাদৃশ্যকে যদি তাঁহারা সকল মন্ত্রমাে সমানভাবে অনুগত এমন একটা ধর্মা বলেন, তাহা হইলে ফলতঃ দ্রব্যান্তররূপেই তাঁহারা নিকায়ন্তর্গান্ত স্বীকার করিয়া ফেলিলেন। স্ক্তরাৎ, ইহা দেখা ঘাইতেছে যে, নিকায়ন্ত্রাণ সম্বন্ধে সৌত্রান্তিকসম্প্রদায়ের আপত্তিগুলি স্কবিবেচিত নহে।

বৈশেষিকশান্ত্রে সামান্ত পদার্থ যেমন পর ও অপর এই হুই ভাগে বিভক্ত আছে, বৈভাষিকশান্ত্রেও তেমন নিকারসভাগকে ভিন্ন ও অভিন্ন এই হুই ভাগে বিভক্ত করা হুইরাছে। যাহা তাবৎ-সন্ত্বসংখ্যাতধর্মে অমুগতভাবে বিশ্বমান আছে এবং যাহার দ্বারা সেই সকল সন্ত্বসংখ্যাতধর্ম সম্বন্ধে সত্র এই আকারে ঐক্যপ্রতীতি ও ঐক্যব্যবহার হুর, সেই নিকারসভাগটীকে অভিন্ন নামে পরিভাষিত করা হুইরাছে। আর, যাহা মন্ত্র্যেই অমুগত, পশু প্রভৃতিতে নহে, এমন নিকারসভাগগুলিকে ভিন্ন নামে পরিভাষিত করা হুইরাছে। আর, যাহা মন্ত্র্যেই অমুগত, পশু প্রভৃতিতে নহে, এমন নিকারসভাগগুলিকে ভিন্ন নামে পরিভাষিত করা হুইরাছে। কামাদি লোকত্রের অমুগত যে নিকারসভাগ, তাহা ধাতুর বা লোকত্ব নামে, নরকাদি পঞ্চপ্রকার গতিতে অমুগত যে নিকারসভাগ, তাহা গতির নামে, অপ্তক্ষাদি চতুর্বিধ যোনিতে অমুগত যে নিকারসভাগ, তাহা যোনিত্ব নামে, রূপাদি পঞ্চম্বন্ধে অমুগত যে নিকারসভাগ তাহা মন্ত্রমন্ত্র নামে বৈভাষিক শান্ত্রে পরিভাষিত হুইরাছে। এইপ্রকার ব্রাহ্মণত্ব-ক্ষত্রির্ন্তাদি, ভিক্স্ত্র-ভিক্ষ্ণীরাদি নিকারসভাগও বৈভাষিকসিদ্ধান্তে অমুমোদিত আছে। ইন্দ্রিরম্ব, চক্ষ্ট্রাদি, চিত্তর্থ

>। সা পুনরভিনা ভিন্না চেতি। যা সর্বসন্তবর্ত্তিনী প্রতিসন্তমস্থাস্থাপ্যভিনেত্যচাতে সাদৃশ্যাৎ।···ভিনাচ যা কচিম্বর্ততে কচিন্ন বর্ততে। কোশস্থান ২, কা ৪১, শুটার্থা।

বা চৈত্তত্বাদি নিকায়সভাগগুলিও স্বয়ং উহ করিয়া লইতে হইবে। প্রাণি-সম্বন্ধী ধর্ম (সর্বংখ্যাত) হইলেই ধর্মগুলির এক-এক-জাতীয় নানধির্মে অনুগত এক-একটা নিকান্নসভাগ বৈভাষিকশান্ত্রে পরিগৃহীত হইবে। ধর্মগুলি যদি সভসংখ্যাত না হয় (যেমন ত্রীহি-যবাদি বা ঘট-পটাদি), তাহা হইলে ঐ প্রকারের নানাধর্মে অনুগতি-সত্ত্বেও ঐ সকল ব্রীহিত্ব-ধবত্বাদি বা ঘটত্ব-পটত্বাদি ধর্ম গুলি বৈভাষিকশাস্ত্রান্মুসারে নিকায়সভাগ নামে পরিভাষিত হইবে না। ঐ দকল ধর্মকে বৈশেষিকের স্থায় অথগ্যোপাধি নামে পরিভাষিত করিতে পারা যাইবে বলিরাই আমাদের মনে হর। এইপ্রকার হইলেও আমরা অথগ্রোপাধি সম্বন্ধে বৈভাষিকশাস্ত্রের কোনও পংক্তি উদ্ধৃত করিতে পারিলাম না। তাৎপর্য্যের প্রতি দৃষ্টি রাখিয়াই ইহা আমরা বলিতেছি যে, অথণ্ডোপাধি স্বীকার করিলে বৈভাষিকসিদ্ধান্তের কোনও হানি হইবে না। এস্থলে ইহা বলাও বোধ হয় অত্যুক্তি হইবে না বে, যথাযথভাবে বৈভাষিক্সিদ্ধান্ত অলোচিত হইরাছে, এমন কোনও গ্রন্থই (যে কোনও ভাষাময়ই হউক না কেন) নব্য গ্রন্থকারদের নিক্ট হইতে অভাবধি আমরা পাই নাই। প্রায় সকল গ্রন্থেই পৌত্রান্তিকসিদ্ধান্তের সহিত তাল-গোল পাকাইরাই বৈভাষিক-সিদ্ধান্ত ব্যাখ্যাত হইন্নাছে অথবা উহা আলোচিতই হয় নাই।

নিকারসভাগ বা সভাগতার পরিচয় দিতে গিরা আচার্য্য সজ্বভদ্র বলিয়াছেন বে, আমরা মনুষ্যাদি বিভিন্ন প্রাণীর বিভিন্ন জাতীয়ের মধ্যে শরীর, ইন্দ্রিয়, সংস্থান, চেষ্টা ও আহারাদির একটা সামজ্ঞ বা একরপতা দেখিতে পাই। মানুষ য়ে দেশেরই হউক না কেন, তাহাদের সকলেরট দেহের একটা একরপতা আছে। চক্ষুরাদি ইন্দ্রিয়গুলির অধিষ্ঠানাংশে কিছু কিছু বিরূপতা থাকিলেও সকল মানুষের ইন্দ্রিয়গে একরপতা আছে। শারীরিক ক্রিয়াকলাপের মধ্যেও মানুষের একটা সামজ্ঞ আছে বলিয়াই আমরা মনে করি। গো-মহিষাদি অপরাপর প্রাণীর মধ্যেও ঐ সকল অংশে একরপতা আছে বলিয়াই আমরা বৃঝি। যাহার ফলে এই একরপতা সংঘটিত হয় তাহারই নাম মনুষ্যন্তাদি নিকায়সভাগতা। ইহা দ্র্ব্যান্তর । সঙ্গভ্রের এই মতকে আমরা সমীচীন মনে করি না। কারণ, তিনি ঐ এক-

১। শরীরেক্রিয়সংস্থানচেষ্টাহারাদিসাভাগ্যকরণং অস্ফোন্ডাভিরভিসম্বন্ধনিমিত্তঞ্চ সভাগতে— ভ্যাচার্থ্যসক্ষয়। কোশস্থান ২, কা ৪১, কুটার্থা।

রূপতাকে নিকারসভাগ না বলিয়া উহার কারণকে নিকারসভাগ বলিয়াছেন।
কিন্তু, বাস্তবিক্পিক্ষে উক্ত একরপতাই নিকারসভাগ হওয়া উচিত; উহার কারণ
নহে। নিজ নিজ কর্মান্তসারেই প্রাণীর মধ্যে ঐ একরপতা আসে। কর্মাই
একরপতার কারণ; বৈভাষিকসমত নিকারসভাগ নহে। আর, মানুষগুলির
মধ্যে একটা একরপতা আছে, ইহা বলা সহজ্ব হইলেও বেশ পরিজার করিয়া
ব্রিতে গেলে ঐ একরপতার নির্বাচন নিতান্ত সরল হইবে না; বরং নির্বাচন
না হওয়াই সম্ভব।

বৈভাষিকশান্ত্রে আসংজ্ঞিকতা নামে আর একটা চিত্তবিপ্রযুক্তের বর্ণনা করা হইয়াছে। ইহা নিরোধাত্মক ধর্ম। ইহার ফলে অনাগত চিত্ত বা চৈত্তাত্মক ধর্মগুলি কিছু সময়ের জন্ম প্রত্যুৎপর অবস্থার আসিতে পারে না। অপ্রতিসংখ্যানিরোধে অনাগতধর্মের এমন নিরোধ হয় য়ে, তাহা আর কথনও প্রত্যুৎপর অবস্থার আসে না। আসংজ্ঞিকতানামক নিরোধে অনাগত চিত্ত-চৈত্তগুলি সংজ্ঞারহিত অবস্থার কিছুক্ষণ নিরুদ্ধ থাকে'। ইহার পরিহাণি হইলে ঐ চিত্ত-চৈত্তগুলি সংজ্ঞার সহিত প্রত্যুৎপর অবস্থার আসে। অপ্রতিসংখ্যানিরোধ ও আসংজ্ঞিকতানিরোধের পূর্ব্বোক্ত প্রকারে প্রভেদ বৃদ্ধিতে হহঁবে।

আসংজ্ঞিকসমাপত্তি নামে একপ্রকার গ্যান শাস্ত্রে কথিত হইয়াছে।
আসংজ্ঞিকতানামক নিরোধ উক্ত ধ্যানের বিপাককলং। এই নিরোধটী শাস্ত্রে
অব্যাক্ত বলিয়া কথিত হইয়াছে। ইহার বিপাকহেতু যে আসংজ্ঞিকসমাপত্তি,
তাহা কুশলধর্ম। চতুর্থ ধ্যানে নিপুণ যে পুদ্গল তিনিই উক্ত সমাপতিধ্যান লাভ করিতে পারেন। রূপধাতুতে চতুর্থ ধ্যানে অনভ্রকাদি অকনিক পর্যাস্ত আটটী ভূমি বা লোক আছে। বৃহৎফল নামক যে তৃতীয়ভূমি তদ্ধিষ্টিত বৃহৎফল নামক দেবগণ উক্ত আসংজ্ঞিকতা নামক নিরোধটীকে আসংজ্ঞিক-

>। যেনালাগতে২ধ্বনি অবস্থিতান্চিওচৈঙাঃ কালান্তরং তাবংকালং সন্নিরুধান্তে নোংপগুং লভন্তে ইত্যর্থঃ। কোশস্থান ২, কা ৪১, ক্ষুটার্থা।

২। পূর্বনমাপত্তিসংস্কারপরিক্ষয়াদিতি। পূর্বনমাপত্তিসংস্কারলক্ষণশু বিপাকহেতোঃ পরিক্ষয়াং। ঐ । স চ নিরোধঃ অসংজ্ঞিকসমাপত্তেরেব বিপাকঃ। ঐ, রাহুলবাাধা। অসংজ্ঞিকসমাপত্তি এই ছুইপ্রকারেই সংজ্ঞার নির্দেশ শাস্তে পাওয়া যার।

সমাপত্তির বিপাকফররূপে প্রাপ্ত হন। বৃহৎকল নামক দেবগণ উক্ত নিরোধ-টাকে জন্মবশতঃই লাভ করেন। উক্ত ফললাভের জ্ঞা তাঁহাদের কোন চেষ্টা করিতে হয় না। কামধাতুত্ব পুদ্গলও ঐ অসংজ্ঞিকতাসমাপত্তিনামক ধ্যান প্রাপ্ত হইতে পারেন। কিন্তু, অতিশন্ন যত্নের দ্বারাই তিনি উক্ত নিবোধ লাভ করিবেন।

মোক্ষেচ্ছু পৃথগ্জনেরাই এই সমাপত্তি লাভ করিরা থাকেন'। সর্বত্ত জনাত্মত্ব-দর্শী আর্য্যগণের মোক্ষেচ্ছা না থাকার তাঁহারা এই আসংজ্ঞিক-সমাপত্তিতে প্রয়ত্ব করেন না'। রূপধাতু পর্য্যন্ত তাবং-লোককেই আর্য্যগণ বিনিগাত-স্থান বলিরা মনে করেন। দর্শন ও ভাবনামার্গে অধিষ্ঠিত হইরা আর্য্যগণ তাবং-লোক সম্বন্ধে অপ্রতিসংখ্যানিরোধ লাভ করিরা থাকেন। এজন্ত, উর্দ্ধোর্ধলোকলাতে ওাঁহাদের কোনও প্রয়ত্বই থাকে না।

রূপণাতু-দঙ্গন্ধী অপ্রতিসংখ্যানিরোধ প্রাপ্ত হইলেও আর্য্যগণের আরপ্য-লোকের প্রাপ্তিতে কোনও বাধা নাই। রূপ না থা নায় আরূপালোকের আত্ম-দৃষ্টির কোনও বিষয় থাকে না। স্থতরাং, আরুপালোকের দহিত দর্শন বা ভাবনামার্গের কোন বিরোধ নাই। আর্য্য পুদ্গল কামণাতুতে একপ্রকার সমাধি লাভ করেন। সেই সমাধিকে বৌদ্ধশাস্ত্রে নিরোধসমাপত্তি নামে পরিভাষিত করা হইরাছে। আসংজ্ঞিকসমাপত্তির গ্রায় এই নিরোধসমাপত্তিরেও চিত্ত-চৈত্তের নিরোধ সমানভাবেই থাকে। এই তুইপ্রকার সমাপত্তির মধ্যে পার্থক্য এই বে, প্রথমটীতে পূর্ব্বে মোক্ষনাভের অভিনাম থাকে এবং দ্বিতীয়টীতে মোক্ষলাভের বাসনাও থাকে না। শান্তবিহারার্থী আর্য্য পুদ্গলই নিরোধসমাপত্তিরে ত্রুচেষ্টা করিয়া থাকেনও। এই সমাপত্তির ফলে শান্তবিহার, অর্থাৎ নিরোধসত্য-বিষয়ক শ্মাকার একপ্রকার সমাধি, আসিয়া উপস্থিত হয়। এই শান্তবিহারার্থী আর্য্য পুদ্গলই এই নিরোধসমাপত্তিনাভের নিমিত্ত প্রযন্ত করিয়া থাকেন।

>। নিঃসরণসংজ্ঞিনোহি তাং সমাপজতে। পৃথগ্জনা মোক্ষসংজ্ঞিন ইতার্থঃ। কোশস্থান ২, কা ৪১, কুটার্থা।

२। न टेविमार्था विभवीजनः जिनः अणितज्यः । कामञ्चान २, का ४२, प्कृटार्था।

৩। সংজ্ঞাবেদিতসমুদাচারপরিশ্রান্তা হি তত্র শান্তবিহারদংজ্ঞিনন্তণ।বিধেন মনসিকারেণ নিরোধসমাপত্তিং সমাপত্তিতে। কোশস্থান ২, কা ৪৩, স্ফুটার্থা।

পূর্বে যে আসংজ্ঞিকসমাপত্তি ও নিরোধসমাপত্তির কথা বলা হইল ইহারা উভরেই নির্কিষয় এবং নিরাকার। এজন্ম, ইহারা চিত্ত বা চৈত্তে অন্তর্ভুক্ত হইতে পারে না। ইহাদের কোনও রূপ নাই, অথচ অশাশ্বত। এই কারণেই এই ছুইটা সমাপত্তিকে চিত্তবিপ্রযুক্তের মধ্যে গণনা করা হইরাছে। এইজাতীয় কোনও পদার্থ বা ইহার অনুরূপ কোনও পদার্থ স্থায় বা বৈশেষিকাদি শাস্ত্রে স্বীকৃত হয় নাই। অতএব, প্রালিদ্ধ কোনও পদার্থের দৃষ্টান্ত লইরাও আমরা উক্ত ছইটী পদার্থকে ব্ঝিতে পারিব না। কোনও যুক্তির সাহায্যেও উক্ত পদার্থ ছইটীকে আমরা প্রমাণিত করিতে পারিব না। এই প্রকারের ছইটী পদার্থ বৌদ্ধশাস্ত্রে কীর্ত্তিত হইয়াছে। এজন্ত, আমরা শাস্ত্রসিদ্ধ এই পদার্থ চুইটীর কথঞ্চিৎ পরিচর প্রদান করিলাম। বৌদ্ধদর্শনে পদার্থ ও যোগ অঙ্গান্ধিভাবে ক্ষিত হইয়াছে। এজন্ম, বৌদ্ধদুর্শনে অনেকানেক যোগৈকগম্য পদার্থও ক্থিত হইয়াছে। ঐ পদার্থগুলির জ্ঞান না থাকিলে বৌদ্ধদুর্শনের জ্ঞান পরিপক হইবে না। বেমন প্রকৃতি, পুরুষ প্রভৃতি পদার্থ সম্বন্ধে পরিচয় থাকিলেও যোগ সম্বন্ধে পরিচয় না থাকিলে তাঁহাকে আমরা পাতঞ্জনশাস্ত্রে নিষ্ণাত বলিতে পারি না, ভেমনি ধ্যানাদি সম্বন্ধে পরিচর না থাকিলে আমরা তাঁহাকে (वाक्रमर्गनिविष् रिमाल शांतिव मा।

পূর্বের্ব যে আসংজ্ঞিকসমাপত্তি ও নিরোধসমাপত্তি-রূপ ছুইটা চিত্তবিপ্রযুক্ত ধর্মের কথা বলা হইল, ইহাতে চিত্তের বিগুমানতা ও অবিগুমানতা লইয়া বৌদ্ধসম্প্রদারের মধ্যে মতভেদ আছে। উক্ত সমাপত্তিদ্বরকে অচিত্তক বলিয়াই বৈভাষিকগণ সিদ্ধান্ত করিয়াছেন'। স্থবির বস্থমিত্র প্রভৃতির মতে উক্ত সমাপত্তিদ্বর সচিত্তক। তাঁহাদের মতে ঐ অবস্থারও অক্ষ ট মনোবিজ্ঞান বিগুমান থাকে বলিয়াই সিদ্ধান্ত করা হইয়াছে। যোগাচারমতেও উক্ত সমাপত্তিদ্বর সচিত্তকই। কারণ, ঐ অবস্থারও আলয়বিজ্ঞানের প্রবাহ থাকে বলিয়াই তাঁহারা মনে করেন'।

১। অচিত্তকস্বাচচ। কোশস্থান ২, কা ৪২, স্ফুটার্থা। ।

২। ত্যাচিত্তক ত্যেব নিরোধাসংজ্ঞিকসমাপস্তাসংজ্ঞিকানীতি বৈভাষিকাদয়ঃ। অপরিক্টেন্ মনোবিজ্ঞানসচিত্তকানীতি স্থরিরবস্থমিত্রাদয়ঃ। আলয়বিজ্ঞানসচিত্তকানীতি যোগ:চারা ইতি সিদ্ধান্তভেদ:। কোশস্থান ২, কা ৫৪, ক্ষুটার্থা।

বৈভাষিকশান্তে জীবিত নামে আর একটা চিত্রবিপ্রযুক্ত ধর্ম স্বীকৃত

• হইরাছে। জীবিত ও আয়ু পর্য্যায়শক। শারীরিক উত্তাপ এবং বিজ্ঞান এই

• চুইটা ধর্ম জীবিত-প্রতিবদ্ধনৃত্তিক। অর্থাং, জীবিত বা আয়ু যতদ্বণ

থাকে ততক্ষণ শারীরিক উত্তাপ ও বিজ্ঞান থাকে, আয়ু না থাকিলে উহারা

থাকে না। স্ক্তরাং, জীবিত বা আয়ুই উত্তাপ ও বিজ্ঞানের আধার,

অর্থাং আশ্ররণ।

বস্তবন্ধ জীবিত বা অ যু নামক চিত্তবিপ্রযুক্ত প্রতিকে পূথক্ দ্রব্য বলিয়া স্থীকার করেন নাই। তিনি বলিয়াছেন যে, নিকায়সভাগের স্থিতিকালের আবেধই আয়ু; ইহা ছাড়া আয়ু বলিয়া কোনও দ্রব্যান্তর নাই। মন্থ্যাদি শরীর-প্রবন্ধকে এইছলে নিকায়সভাগ নামে অভিহিত করা হইয়াছে। জন্ম হইতে আরম্ভ করিয়া নিরস্তরভাবে উৎপন্ন যতগুলি শরীরক্ষণ সন্তব, সেই সেই শরীরক্ষণগুলির যে প্রবাহ বা প্রবন্ধ, তাহাই এক একটী মন্থ্যাদি-শরীরক্ষপ নিকায়সভাগের স্থিতি। সেই স্থিতির যে কাল, অর্থাং অণগুলি, তাহার আবেধ, অর্থাৎ পৌনর্ভবিক কর্ম্মগত গামর্থ্যবিশেষের নাম আয়ু। এক একটী পৌনর্ভবিক কর্ম্মে এমন এক একটী সামর্থ্য থীকে যে সামর্থ্যের ফলে এক একটী নিকায়সভাগ এক একটী নির্দ্ধিষ্ঠ কাল পর্য্যন্ত প্রবাহাকারে থাকে; পরে আর নিকায়সভাগের ঐ প্রবাহ থাকে না। এই যে পৌনর্ভবিক কর্ম্মগত সামর্থ্যবিশেষ, তাহারই নাম আয়ু বা জীবিত। এবং উক্ত সামর্থ্য বা শক্তি আগ্রয়ন্দ্রব্য হইতে পূথক্ ধর্ম্ম নহে।

একজন স্থাতি উত্তম উপাদানের দ্বারা উপযুক্ত স্থানে একটী মন্দির নির্দ্ধাণ করিয়া বৃবিতেন যে, উহা সহস্র বৎসর পর্য্যস্ত অক্ষ্ম থাকিবে। ইহাতে তিনি উপাদানের সামর্থ্য বা নারব গ্রা অনুসারেই নির্দ্ধিত মন্দিরের সহস্র বৎসর পর্য্যস্ত স্থায়িত্ব বৃষিয়াছেন। কিন্তু, অনুসন্ধান করিতে গেলে উপাদানাত্মক দেবাটী ছাড়া উহাতে এমন কোমও দ্রব্যান্তর পাওয়া স্থপতির পক্ষে সম্ভব হইবে না, যাহাকে তিনি উক্ত উপাদানের সামর্থ্য বা সারব া মনে করিতে পারেন। অতএব, ইহা আমাদের অবশ্রুই স্বীকার করিতে হইবে যে, আশ্রমীভূত দ্রব্য হইতে ভদীয় কার্য্যান্ত্রকূল সামর্থ্যটি পৃথক্ দ্রব্য নহে। তত্ত্ব এইপ্রকার হইলেও

^{্।} উপ্পণো বিজ্ঞানস্ত চ জীবিতপ্রতিবদ্ধা প্রবৃত্তিঃ। তথাক্টীবিতমুম্মণো বিজ্ঞানস্ত চাধার উচতে। কোশস্থান ২, কা ৪৫, স্ফুটার্থা।

উপাদানোপাদের-ভাব হুলে আমনা উপাদের-বস্তুর স্বভাবানুসারে উপাদান-দ্রব্যে কার্য্যানুকূল সামর্থ্য বা শক্তির কল্পনা করিয়া থাকি। স্কুতরাং, সামর্থ্য বা শক্তি ধর্মান্তরক্রপে প্রজ্ঞপ্রিসং হইলেও এরপে উহা দ্রব্যসং নহে। কিন্ত, বৈভাষিক্ষতে আরু বা জীবিতকে পৃথক্ তত্ত্বন্ধপেই দ্রব্যসং বলা হইরাছে।

জাতি, জরা, স্থিতি ও অনিত্যতা এই চারিটা লক্ষণও বৈভাধিকশাস্ত্রে চিত্রবিপ্রযুক্ত ধর্মা বলিয়া কথিত হইয়াছে। আর, জাতি-জাতি, জ্বরা-জরা, স্থিতি-স্থিতি ও অনিত্যতানিত্যতা এই চারিটা অমূলক্ষণও বৈভাধিকমতে চিত্র-বিপ্রযুক্ত ধর্মা বলিয়া পরিগৃহীত হইয়াছে।

জাতি প্রভৃতি চারিটী চিত্তবিপ্রযুক্ত ধর্ম রূপ-বেদনাদিরূপ অপরাপর সংস্কৃতধর্ম্মের শক্ষণ। প্রত্যেক সংস্কৃতথর্মেরই জাতি, জরা, স্থিতি ও অনিত্যতা এই চারিটী অবস্থা থাকিবে। ধর্ম্মের সংস্কৃতত্ব বলিতে উক্ত চারিপ্রকার অবস্থাকেই বুঝার। এজন্ত, এইগুলিকে সংস্কৃতধর্মের লক্ষণ বলা হইয়াছে। জাতি নামক চিত্তবিপ্রযুক্ত ধর্মটা হেতু ও প্রতারের সাহায্য লইরা রূপাদি সংস্কৃতধর্ম-গুলিকে উৎপাদিত করে। জাতি পদটী স্থলবিশেষে ধর্ম্মের উৎপত্তিরূপ অর্থেও প্রযুক্ত হইরা থাকে। কিন্তু, এই জ্বাতি উৎপত্তি নহে; পরন্তু, উৎপাদক। এই জাতিরূপ পদার্থান্তর বৈশেষিকাদি শাস্ত্রে স্বীকৃত হয় নাই। এমন কি ইহার অনুরূপ কোন পদার্থও বৈশেষিকাদি শাস্ত্রে পাওয়া যাইবে না! অর্থাৎ, বিভাষাকারগণ বলিতে চাহিন্নাছেন বে, মৃত্তিকা-দণ্ড-চক্র-কুলালাদিরূপ দৃষ্ট কারণকলাপ ছাড়া ষারও একটী ধর্ম বা পদার্থ আছে, যাহ। কথিত কারণকলাপের সাহায্যে ঘটের উৎপাদন করে। ঐ যে ঘটের সাক্ষাৎভাবে উৎপাদক ধর্মটা, তাহাই ঘটের ষাতি। অত্যন্ত স্থ্য এবং অরূপী হওয়ায় উহা লোকচক্ষুর অন্তরালে থাকিয়াই নিজ কারিত্র করে। এইপ্রকার জরা, স্থিতি ও অনিত্যতা নামক ধর্মগুলিও লোকচক্ষ্র অন্তরালে থাকিরাই সংস্কৃতধর্মসম্বন্ধে স্ব স্ব কারিত্র সম্পাদন করে। এইগুলিও জাতির স্থারই অরূপী ধর্ম।

স্থিতির সংস্কৃতলক্ষণত্ব সম্বন্ধে যদি আপত্তি করা ধার যে, স্থিতি কি প্রকারে সংস্কৃতধর্মের লক্ষণ হইতে পারে; কারণ, আকাশ, প্রতিসংখ্যানিরোধাদি অসংস্কৃতধর্ম গুলিরও ত স্থিতি আছে। যাহা অসংস্কৃতধর্মেও বিভ্যমান থাকিবে তাহা কথনও সংস্কৃতধর্মের লক্ষণ হইতে পারে ন।। তাহা হইলেও উত্তরে বলা যাইবে বে, পূর্ম্নপক্ষী পূর্ম্মোক্ত স্থিতির স্বরূপ বৃক্তিত পারেন নাই বনিরাই

ক্রেপ আপত্তি করিরাছেন। অসংস্কৃতধর্মের বে স্বরূপ, তাহাই তাহাদের স্থিতি;

সংস্কৃতধর্মের যে খিতি তাহা সংস্কৃতধর্মের স্বরূপ নহে; পরস্কু, উহা

পদার্থাস্তর। এই পদার্থাস্তর্রূপ স্থিতি অসংস্কৃতধর্মে থাকে না। স্থতরাং,

পদার্থাস্তরভূত স্থিতিকে সংস্কৃতধর্মের লক্ষণ বলার কোনও দোষ হয় নাই।

রূপ-বিজ্ঞানাদি ধর্মগুলি যেমন সংস্কৃত, তেমন তাহাদের লক্ষণরূপে কথিত লাতি, জরা, দ্বিতি ও অনিত্যতা রূপ চিত্রবিপ্রযুক্ত ধর্মগুলিও সংস্কৃত। স্কৃতরাং, আপত্তি হইতেছে বে, জাতি প্রভৃতি কি প্রকারে সকল সংস্কৃতধর্মের লক্ষণ হইতে পারে? রূপাদি ধর্মের উৎপাদকরূপে কথিত যে জাতিটী, তাহার নিজের পশ্দে দে নিজে জাতি, অর্থাৎ উৎপাদক, হইতে পারে না। কারণ, নিজেতে নিজের কারণতা কেহই স্বীকার করেন না। রূপাদি সংস্কৃতধর্মের জীর্ণতার সম্পাদক যে জরাটী, সে নিজে নিজের জীর্ণতা-সম্পাদক হইতে পারে না; রূপাদি ধর্মের সংস্থাপক যে স্থিতিটী, সে নিজে নিজের সংস্থাপক হইতে পারে না এবং রূপাদি সংস্কৃতধর্মের ব্যর-সম্পাদক যে অনিত্যতা ধর্মটী, সেও নিজে নিজের ব্যর-সম্পাদক যে অনিত্যতা ধর্মটী, সেও নিজে নিজের ব্যর-সম্পাদক হইতে পারে না।

এই আপত্তির সমাধান করিতে গিয়া বৈভাষিকসম্প্রদায় অমুলক্ষণরূপ আরও চারিটা চিত্তবিপ্রযুক্ত ধর্ম স্বীকার করিয়াছেন — জাতি-জাতি, জরা-জরা, স্থিতি-হিতি ও অনিত্যভানিত্যভা। একংণ আর পূর্ব্বোক্ত আপত্তি হইবে না। জাতিটা নিজেকে বাদ দিয়া রূপ-চিত্তাদি এবং জরাদি অনিত্যভানিত্যভা পর্যান্ত যাবৎ-সংস্কৃতধর্মের লক্ষণ; এবং জাতির সংস্কৃত-লক্ষণ হইল জাতি-জাতি নামক অপর জাতিটা। অর্থাৎ, জাতি ব্যতিরেকে অবশিষ্ঠ যাবৎ-সংস্কৃতধর্মের উৎপাদক হইবে জাতি এবং এ জাতির উৎপাদক

১। অদে স্থিতিঃ সংস্কৃতলক্ষণং ন ব্যবস্থাপিতা। স্থিতি হি অসংস্কৃতাবস্থাবিশেষলক্ষণয়া সিকৃষীতি তত্ত অসংস্কৃতত্ব সংস্কৃতব্পসক্ষপরিজিহীর্ধয়া ন লক্ষণমূক্তবিতাভিপ্রায়ো ভগবতো ধর্মস্বামিনঃ। কোশস্থান ২, কা ৪৫, স্ফুটার্থা।

২। জাতিদামগ্যাৎ কশ্চিৎ সংস্কৃতধৰ্ম্মো জায়তে, জাতিরপি চ সংস্কৃতা। তত্মাত্তহা অপি অস্তমা জাত্যা ভবিত্ৰাম্ স্বায়নি বৃত্তিবিরোধাং। কোশস্থান ২, কা ৪৬, ফুটার্থা।

ও। জাতিজাত্যাদয়ন্তেষাং তে২ষ্টধর্মৈকবৃত্তয়ঃ। জল্মপ্ত জনিকা জাতি ন হৈতু এত য়ৈ বিনা। কোণস্থান ২, কা ৪৬।

হইবে জাতি-জাতি নামক অপর জাতিটা। স্থতরাং, জাতিটা সকল সংস্কৃতধর্মেরই লক্ষণ হইতে পারিল। জ্বা ব্যতিরেকে রূপ-চিত্তাদি এবং অবশিষ্ট লক্ষণ, অনুলক্ষণ প্রভৃতি সকল সংস্কৃতধর্মেরই লক্ষণ হইবে জরা; এবং জ্বরার সংস্কৃতলক্ষণ হইবে জরা-জরা নামক জরাটী। অর্থাৎ, নিজেকে বাদ দিরা অবশিষ্ট বাবৎ-সংস্কৃতথর্ম্মেরই জীর্ণতাসম্পাদক হইবে জরা; এবং জ্রার জীর্ণতাসম্পাদক হইবে জ্রা-জ্রা নামক জনাটী। নিজেকে বাদ দিয় অবশিষ্ট যাবৎ-সংস্কৃতধর্শ্বেরই লক্ষণ হইবে স্থিতি এবং স্থিতির সংস্কৃতলমণ হইবে স্থিতি-স্থিতি নামক স্থিতিটা। অর্থাৎ, নিজেকে বাদ দিয়া অবশিষ্ট যাবৎ-সংস্কৃতধর্মেরই সংস্থাপক হইবে স্থিতি এবং স্থিতির সংস্থাপক হইবে স্থিতি-স্থিতি নামক স্থিতিটী। এইরূপ নিজেকে পরিত্যাগ করিয়া অবশিষ্ট যাবৎ-সংস্কৃতধর্মের লক্ষণ হইবে অনিত্যতা এবং-অনিত্যতার বংস্কৃতলকণ হইবে অনিত্যতানিত্যতা নামক অনিত্যতাটী। অর্থাৎ, নিজেকে বাদ দিয়া অবশিষ্ট যাবৎ-সংস্কৃতধর্মের ব্যয়-সম্পাদক হইবে অনিত্যতা এবং ঐ অনিত্যতার ব্যয়-সম্পাদক হইবে অনিত্যতা নিত্যতা নামক অনিত্যতাটী। এফণে আর জাত্যাদি যাবৎ-সংস্কৃতধর্মের জাত্যাদি-রূপ সংস্কৃতলক্ষণসত্ত্বে কোনও বাধা থাকিল না এবং জাত্যাদির জ্ঞ্য অপব জাত্যাদির কল্পনায় অনবত্ত-দোষও হইল না।

কোনও কোনও স্ত্রে জাতি প্রভৃতিকে সংস্কৃতনক্ষণ না বলিরা উৎপাদ প্রভৃতিকেই সংস্কৃতধর্মের লক্ষণ বলা হইরাছে। বৈভাষিকশান্তানুসারে উৎপাদ ও জাতিতে কোনও ভেদ নাই। উৎপাদটা কারণ বলিরাই উৎপরকেও কল বলা হইরা থাকে। আমাদের মনে হর উৎপর ক্রব্যুকে ফলরপে গ্রহণ করিরাই হেতু ও প্রত্যরগুলিকে ফলবান্ বা কারণ বলা হইরাছে এবং উৎপাদকে ফলরপে গ্রহণ করিরাই বৈভাষিকশান্ত্রে জাতিকে ফলবান্ বা জনক বলা

১। জাতিরায়ানং বিরহয্যেতি বিস্তরং। স্বান্ধনি বৃতিরোধ ইত্যুত আরানং বিরহ্যা
মৃত্,টো ধর্মান্ জনয়তি। কতমানটো ? তং ধর্মাং রূপাং চিত্তং বা স্থিতিং জরামনিত্যতাং
জাতিজাতিং হিতিস্থিতিং জরাজরামনিত্যতানিত্যতাক জনয়তি। জাতিজাতিস্ত তামেব জাতিং
জনয়তি। এবং জয়ানিত্যতে অপি যপাযোগং যোজ্যে ইতি জরা আয়ানং বিরহ্যা অটো
ধর্মান্ জনয়তি জয়াজরা পুনস্তানেব জয়াম্। অনিত্যতা আয়ানং বিরহ্যাটো ধর্মান্
বিনাশয়তি অনিত্যতানিত্যতা পুনস্তানেবানিত্যতামিতি। কোশস্থান ২, কা ৪৬।

হইরাছে। এই কারণেই বৈভাষিক প্রাণার মৃত্তিকা, দণ্ড, চক্র ও কুলালাদিকে ঘটের কারণ বলিয়া আবার জাতিকে ঘটের জনক বা উৎপাদক বলিয়াছেন।

পূর্বের যে ধর্মের উৎপাদকে পৃত্ক কলরপে গ্রহণ করিরা উৎপাদককে জাতি বলা হইল ইহারও সমর্থনে কোনও শাস্ত্র বা সারবান্ তর্ক পাওরা যার না। পরস্তু, অভিধর্মকোবে হেতুকরভাব-বিচারপ্রসঙ্গে সহস্তুহেতুর ব্যাখ্যার সংস্কৃতধর্মগুলিকে কলরপে গ্রহণ করিয়াই জাত্যাদি সহভূধর্মগুলিকে তত্তৎ সংস্কৃতধর্মগুলিকে কলরপে গ্রহণ করিয়াই জাত্যাদি সহভূধর্মগুলিকে তত্তৎ সংস্কৃতধর্মের সহভূহেতু বলা হইরাহে। স্থতরাং, জাতি-সম্পর্কী পূর্বের্নাক্ত সমাবানকে আমরাও নির্দোষ মনে করিতে পারি না। এজন্ত, আমরা জাতি প্রভৃতি চিত্তবিপ্রযুক্ত ধর্মগুলিকে পরিধারভাবে অন্মৃত্ব করিতে পারি নাই। অতএব, ইহাদের সপ্রেক কোনও সারবান্ তর্কের উপস্থাপন করা সম্ভব্পর হইতেছে না।

বৈভাষিকসম্প্রদায়ের নিজেদের মধ্যে নানাপ্রকার মতবাদ প্রচলিত ছিল। আমাদের মনে হয় যাহারা ধর্মের ত্রিকালাস্তিত্ববাদী তাঁহারাই মৌলিক বৈভাষিক। মৌলিক বৈভাষিকগণই জাতি প্রভৃতি লক্ষণান্ত্রকণগুলির দ্রব্যসতঃ স্বীকার করিয়াছেন।

স্থিতিনামক ^চ দ্রব্যান্তরের বিরুদ্ধে যদি এইপ্রকার আপত্তি করা যায় বে, বধন সংস্কৃতধর্মগুলি ত্রিকাল-সং হইলেও প্রত্যুৎপরত্ত-দুশাতেই এগুলিতে স্থিতজের ব্যবহার হয়, অন্মূ দশাতে এরেপ ব্যবহার হয় না, তখন ইহা অবশ্রই বলা হইতে পারে যে, উৎপন্নত্ব-ব্যবহারের যাং। নিয়ামক — যেমন কারিত্রযোগ বা উৎপাদনামক দ্রব্যাস্তর — তাহাই স্থিতত্ব-ব্যবহারেরও নিরামক হইবে। স্থুতরাং, স্থিতিনামক দ্রব্যাস্তরস্বীকারের প্রয়োজন কি? তাহা হইলেও উত্তরে আমরা বলিব যে, পূর্ব্বপক্ষীর আপত্তি সমীচীন হয় নাই। কারণ, উৎপাদের বা কারিত্রযোগের দারা স্থিতত্ব-ব্যবহারের উপপত্তি করিতে গেলে প্রথমক্ষণাবচ্ছেদেও ধর্ম্মে স্থিতত্ব ব্যবহার স্বীকার করিতে হইবে। উৎপর দ্রব্যে প্রথমক্ষণাবচ্ছেদে স্থিতত্ব-ব্যবহার হয় না; উৎপত্তির দ্বিতীয়ক্ষণ হইতে অতীততাপর না হওয়া পর্যান্ত পদার্থে স্থিতজ-ব্যবহার হয়। यि 3 কারিত্রযোগের দারাই সাধারণতঃ উৎপন্নত্ব-ব্যবহারের উপপত্তি হইতে পারে ইহা সত্য, তথাপি কারিত্রযোগকেই আমরা উৎপাদ বলিতে পারি কারণ, ঐপ্রকার হইলে প্রথমক্ষণের স্থায় দিতীরক্ষণেও পদার্থের

স্বীকার করিতে হর। এজন্ত, দ্বিতীর ক্ষণেও পদার্থে কারিত্রযোগ থাকিতে পারে। কারণ, ত্রিকালাস্তিত্ববাদে পদার্থে ক্ষণিকত্বের নিয়ম স্বীকৃত হর নাই। এইমতে কারিত্রযোগ হইতে আরম্ভ করিয়া উহার পরিহার না হওয়া পর্যাত্ত স্থল কালকেই ক্ষণ বলিয়া মানিতে হইবে। সোত্রান্তিক্মতের ক্ষণ লইয়া এইমতে পদার্থকে ক্ষণিক বলা হর নাই। যদিও কারিত্রবিয়োগ বা পরিহাণির দ্বারাই অনিত্যতা-ব্যবহারের উপপত্তি হইতে পারে; কারণ, অতীতত্ব-দশাতেই পদার্থে অনিত্যত্বের ব্যবহার হর এবং কারিত্রপরিহাণিই অতীতত্ব-ব্যবহারের নিয়ামক ইহা সত্য; তথাপি অনিত্যতানামক দ্রব্যান্তর আবশ্রক। অন্তর্গা, স্বীকৃত পরিহাণির ব্যাখ্যা কঠিন হইয়া পড়ে। যদিও, অভিধর্ম-কোশের ব্যাখ্যা বা অন্ত কোনও গ্রন্থে যুক্তির অবতারণা করিয়া উক্ত উৎপাদাদি পদার্থগুলিকে অনুভবারচ করাইবার কোনও প্রচেটা নাই ইহা সত্য, তথাপি আমরা উক্ত যুক্তির অবতারণা করিয়াত্ব কর্মভবারচ করাইবার কোনও প্রচেটা নাই ইহা সত্য, তথাপি আমরা উক্ত যুক্তির অবতারণা করিয়াণ করিলাম। ইহাতে যদি পদার্থগুলিকে অনুভবারচ করাইতে হিয়া পাঠকগণের কিঞ্চিৎ সাহায্যও করা হইয়া থাকে তাহা হইলেই আমাদের শ্রম সফল হইবে।

এইস্থলে অনায়াসেই লাকের মনে এইপ্রকার চিন্ত। আসিতে পারে বে, সর্ব্বান্তিবাদের ন্যায় কাপিলমতেও পদার্থের ত্রিকালান্তিত্ব স্বীকৃত হইয়াছে। এই অবস্থায়ও উৎপাদাদি পদার্থগুলি, স্বীকৃত না হইয়া য়ি কাপিলমতে উৎপদ্মত্বাদি-ব্যবহারের উপপত্তি হইয়া য়াকে, তাহা হইলে ঐপদার্থগুলির অস্বীকারে সর্ব্বান্তিবাদেই বা কেন ঐ সকল ব্যবহার উপপন্ন হইবে না ? তাহা হইলেও আমরা বলিব যে, আবির্ভাব ও তিরোভাবকে অবলম্বন করিয়া সাংখ্যমতে উৎপন্নত্ব ও বিনষ্ঠত্ব-ব্যবহারের উপপাদন করা হইয়াছে। কিন্তু, আবির্ভাব ও তিরোভাবের নিরকৃশ পরিচয় ঐ সকল শাস্ত্রে দেওয়া হয় নাই এবং পদার্থান্তর স্বীকার না করিলে ঐ সকল মতের পরিক্ষার বোধ আমাদের হয় কিনা, তাহাও অনিশ্চিতই আছে।

বৈভাষিকসম্প্রদায়ের মধ্যে নানাপ্রকার একদেশী মত প্রচলিত ছিল। কোনও কোনও একদেশীরা কোনও সংস্কৃতক্ষণেরই অর্থাৎ কোনও সংস্কৃত-

১। এব এব হি নঃ ক্ষণ ইতি। কার্যাপরিসমাপ্তিনক্ষণঃ নতুৎপত্তানস্তরবিনাশনক্ষণ ইতার্থঃ। কোশহান ২, কা ৪৬, ক্ষ্টার্থা।

ধর্মেরই, ত্রিকালাস্তিত্ব স্বীকার করিতেন না। সৌত্রান্তিকগণ বেমন ক্ষণিকতাবাদী, ইহারাও তেমনই সংস্কৃতবর্ম সম্বন্ধে ক্ষণিকত্ববাদ সমর্থন করিতেন। উভরের মধ্যে পার্থক্য এই বে, সৌত্রান্তিকগণ আকাশ, প্রতিসংখ্যানিরোধাদি পদার্থ-শুলির দ্রব্যসন্তা স্বীকার করিতেন না, আর এই একদেশীরা উক্ত অসংস্কৃতধর্মের দ্রব্যসন্তা ত স্বীকার করিতেনই; পরস্ত, শাশ্বতত্ব বা ত্রিকালাস্তিত্বও স্বীকার করিতেন। আচার্য্য বস্ত্রবন্ধও বৈভাধিকমতের ব্যাখ্যার সংস্কৃতধর্মের ক্ষণিকত্বপক্ষই সমর্থন করিরাছেন বলিয়া আমাদের মনে হয়। কারণ, ভদস্ত ধর্মত্রাত প্রভৃতির ত্রিকালান্তিত্ববাদের নানাপ্রকার থণ্ডন তিনি নানাস্থানে করিয়াছেন। এই যে ক্ষণিকতাবাদী একদেশিগণ ইহারা অনেকেই জাত্যাদি লক্ষণাত্মলক্ষণগুলির পৃথগ্ভাবে দ্রব্যসন্তা স্বীকার করেন নাই।

এই লক্ষণাত্মলক্ষণগুলির দ্রবাসন্তা অস্বীকার করিতে গিয়া প্রথমতঃ ইহারা বলিয়াছেন যে, অরুপিছ-নিবন্ধন জাত্যাদি লক্ষণাত্মলক্ষণগুলি চাক্ষ্যাদি প্রত্যক্ষের ছারা সিদ্ধ নহে এবং ধর্মধাত্তে পরিগণিত না হওরার ইহারা মানসপ্রত্যক্ষেরও বিষয় হয় না। স্প্তরাং, জাত্যাদি লক্ষণাত্মলক্ষণগুলিকে প্রত্যক্ষসিদ্ধ বলা বার না। প্রত্যক্ষসিদ্ধ না হইলেও চক্ষ্রাদি ইন্দ্রিয়গুলি ফেমন নিজ নিজ কার্য্য যে চাক্ষ্যাদি বিজ্ঞান, তন্ত্রিঙ্গক অনুমানের ছারা প্রমাণিত হয়, তেমনভাবে কোনও স্বকার্য্যরূপ লিঙ্গের দ্বারা আমরা ঐ জাত্যাদি ধর্মগুলির অনুমানও করিতে পারি না। রূপ বা বিজ্ঞানাদিরূপ সংস্কৃত্যর্মগুলির কারণছ জাত্যাদিতে প্রমাণিত হয় না। অপরাপর কারণকলাপসত্ত্বে জাত্যাদি-অসত্ত্বে কোনও রূপ বা বিজ্ঞানাদিরূপ কংগ্রুত্যর্মগুলিকে আমরা জাত্যাদির কার্য্য বলিয়া গ্রহণ করিতে পারি না। অতএব, প্রত্যক্ষ বা প্রবল যুক্তির দ্বারা সিদ্ধ নহে এমন যে জাত্যাদিরূপ লক্ষণাত্মলক্ষণগুলি, ইহাদের পৃথগ্ভাবে দ্রব্যসন্তা স্বীকার করা যায় না।

এন্থলে বিরুদ্ধবাদীরা যদি বলেন যে যুক্তি বা প্রত্যক্ষের দ্বারা সিদ্ধ না হইলেও শাস্তপ্রামাণ্যেই উক্ত লক্ষণামূলক্ষণগুলির পৃথগ্ভাবে দ্রব্যসতা স্বীকার করিতে হইবে। নিজকে বৈভাষিক বলিব অথচ শাস্ত্রের প্রামাণ্য উপেক্ষা করিব ইহা ত হইতে পারে না। "ত্রীণীমানি ভিক্ষবঃ সংস্কৃতন্ত সংস্কৃতলক্ষণানি। কত্যানি ত্রীণি ? সংস্কৃতস্থ ভিক্ষব উৎপাদোহপি প্রজ্ঞারতে ব্যরোহপি প্রজ্ঞারতে স্থিত্যগ্রথাত্বমপি।'' — পূর্ব্বোক্ত হত্রের দারা পরিকারভাবে উৎপাদাদি ধর্মগুলি কীর্ত্তিত ইইরাছে এবং ঐ ধর্মগুলিকে পরিকারভাবেই সংস্কৃতধর্মের লক্ষণও বলা হইরাছে। স্বতরাং, শান্তপ্রমাণসিদ্ধ এই জাত্যাদি লক্ষণাত্মলক্ষণের পৃথগ্ভাবে ক্রমান্তা অবশ্রই স্বীকার করিতে হইবে। স্থ্যতা-নিবন্ধনই ঐগুলি আমাদের প্রত্যক্ষে ধরা পড়ে না এবং ঐ কারণেই উহাতে কার্য্যের অন্বর বা হ্যাত্রেক স্থামরা বৃথিতে পারি না।

তাহা হইলে উত্তরে ক্ষণিকতাবাদীরা বলিবেন নে, উক্তস্তত্তের দ্বারা উৎপাদাদি লক্ষণামূলক্ষণগুলির পৃথগ্ভাবে দ্রব্যসত্তা কথিত হর নাই। কারণ, প্রথমতঃ উক্ত সত্তে জ্ঞারমান উৎপাদাদিকে সংস্কৃতবর্ধের লক্ষণ বলা হইরাছে। উৎপাদোহিপি প্রজ্ঞায়তে — এই কথা উক্ত স্ত্তে আছে। ক্ষণের, কর্থাৎ সন্তানীর, ফ্রবধারণস্থ-নিবন্ধন কোনও ধর্মই ক্ষণগতরূপে প্রজ্ঞারমান হইতে পারে না। সন্তান বা প্রবাহগত রূপেই ধর্মগুলি জ্ঞারমান হইবে। স্কৃতরাং, জ্ঞারমান উৎপাদাদির লক্ষণত্ব স্তত্তে কথিত থাকার উহা যে ক্ষণের লক্ষণ নহে, পরস্ক, প্রবাহেরই লক্ষণ, তাহা অবশ্রুই স্বীকার করিতে হইবে। প্রবাহস্থলে প্রথমক্ষণটীকে বলা হইরাছে প্রবাহের আদি বা উৎপাদ এবং দ্বিতীয়ক্ষণটীকে বলা হইরাছে প্রবাহের আদি বা উৎপাদ বা স্থিতি পদার্থান্তর নহে; উহা ক্ষণই, অর্থাৎ প্রবাহীই। এই সকল যুক্তির অবতারণা করিয়া ক্ষণিকতাবাদীরা জ্ঞাত্যাদি লক্ষণাত্মলক্ষণের অতিরিক্ত দ্রব্যসতা স্বীকার করেন নাই। প্রমতে প্রবাহ বা সন্তানও যেমন সন্তানী হইতে অতিরিক্ত দ্রব্যসৎ নহে, তেমন উহার উৎপাদ বা শ্বিত্যাদিও সন্তানী হইতে অতিরিক্ত দ্রব্যসৎ পদার্থ নহে।

কিন্তু, আমরা ক্ষণিকতাবাদীদের উক্ত ব্যাখ্যাও বেশ সমীচীন বিগিয়া মনে করিতে পারি নাই। কারণ, ক্ষণই যদি প্রবাহের উৎপাদ বা স্থিতি হইল, তাহা হইলে অবশ্রহ ক্ষণিকতাবাদীদের কথানুসারেই তাহা প্রজ্ঞায়মান হইতে পারিবে না। অথচ, সত্তে প্রজ্ঞায়মান উৎপাদাদিকেই সংস্কৃতের লক্ষণ বলা হইরাছে। স্থতরাং, প্রজ্ঞায়মান উৎপাদরূপে প্রধাহের প্রথমক্ষণটা বা প্রজ্ঞায়মান স্থিতিরূপে প্রবাহের দ্বিতীয়াদি ক্ষণগুলি কিপ্রকারে জাতি বা স্থিতি হইতে পারে প্র

আমাদের মনে হয় মূল বৈভাষিক্মতে পদার্থের ত্রিকালাস্তিত্ব স্বীকৃত থাকার উহাদের সংস্কৃতাসংস্কৃত বিভাগ ছুকুপপুন হইগ্না পড়ে। যদিও পূর্ব্বোক্ত প্রণালীতে কারিত্রাদির দারা অধ্ব-ব্যবস্থার কথঞ্চিং উপপত্তিও হয়, তথাপি এতীত্য-সমুৎপাদ, জীর্ণত্ব ও অনিত্যত্বাদি ব্যবহারের উপপত্তি কারিত্রাদির দারা বুংগাযুগ-ভাবে হয় না। এই দকল অস্থবিধা বিবেচনা করিয়াই এইমতে উৎপাদ, স্থিতি, জ্বরা ও অনিত্যতা নামে দ্রব্যান্তর স্বীকৃত হইরাছে। এক্ষণে আর প্লার্থের ত্রিকালাস্তিতা-পক্ষে সংস্কৃতাসংস্কৃতত্বরূপে বিভাগের এবং উৎপদ্মত্বাদি ব্যবহারের অনুপণত্তি হইবে না। কারণ, উৎপাদ বা জাতি প্রভৃতি লক্ষণগুলি ধাহাতে আছে, সেই ধর্ম বা পদার্থগুলি হইবে সংস্কৃত এবং যাহাদের এ লক্ষণগুলি নাই, সেই ধর্ম বা ধাতুগুলি হইবে অসংস্কৃত। ত্রিকালসৎ হইলেও উৎপাদযোগে সংস্কৃতগর্মে উৎপন্নত্ব, স্থিতিযোগে স্থিতত্ব, জ্বাযোগে জীর্ণত্ব এবং অনিত্যতা-যোগে অনিত্যত্বের ব্যবহার হইবে। ঐ লক্ষণগুলির সম্বন্ধ অসংস্কৃতধর্মে না থাকার আকাশাদি অসংস্কৃতধর্ম্মে আর উৎপন্নত্ব বা জীর্ণছাদির ব্যবহার হইবে না ; স্বরূপসত্তার দারাই অসংস্কৃতধর্মে স্থিতত্ত্বের ব্যবহার হইবে। স্বরূপসত্তার দারা সংস্কৃতধর্মে স্কিতত্ব-ব্যবহারের উপপাদন করিতে হইলে অনাগত ও অতীতাদি অবস্থায়ও উহাতে স্থিতত্ব-ব্যবহারের আপত্তি হইবে। কারণ, অনাগতাদি অবস্থায় অনংস্কৃত্বৰ্মগুলির স্থায়ই সংস্কৃত্বৰ্মগুলিতেও স্বৰূপসতা বৰ্ণায়থভাবেই আছে; অন্তথা উহাদের ত্রিকালাস্তিতার সিদ্ধান্তই ব্যাহত হইয়া যাইবে। এই কারণেই স্বরূপদত্তা স্বীকার করিয়াও সংস্কৃতধর্মগুলির জ্বন্থ আবার স্থিতিনামক দ্রব্যাস্তর স্বীকৃত হইরাছে। অনিত্যত্বধর্মটী বলবান্ হওরার উহার যোগদশার আর সংস্কৃতধর্মো স্থিতত্ত্বের ব্যবহার হইবে না।

এক্ষণে আমরা নামকায়, পদকায় ও বাঞ্জনকায় নামক অবশিষ্ট তিন টীবিপ্রযুক্তনধর্মের আলোচনা করিব। নামকায় ইত্যাদিস্থলে যে কায় কথাটী আছে, তাহা সমূহরূপ অর্থে প্রযুক্ত হইয়াছে। নামধেয়, নাম ও সংজ্ঞাকরণ ইহারা পর্য্যায় শক। শংজ্ঞার যাহা করণ এই অর্থে ষষ্টীসমাসে সংজ্ঞাকরণ পদটী পরিনিম্পন্ন হইয়াছে। মনুষ্ম, রূপ, রূপ ইত্যাদি কথাগুলির প্রয়োগের নিমিত্ত যে মনুষ্মত্ব, রূপত্ব বা রুসত্বাদি ধর্মাগুলি, তাহাদের যে পরিচ্ছেদ, অর্থাৎ বোধ, তাহাকে সংজ্ঞা বলা হইয়াছে। এই নিমিত্ত পরিচ্ছেদাত্মক সংজ্ঞার যাহা করণ, তাহাই নাম বা নামধেয়।.

এই নামধেয়সমূহকে নামকায় বলা হইলাছে। মনুষ্য এই কথাটীর দারা বে কোনও মাত্রুষকেই আমরা বলিয়া থাকি; ভারতবর্ষের মাত্রুষকেও আমরা মনুষ্য-নাম দিয়া বলি এবং দেশান্তরস্থ মানুষকেও আমরা ঐ মনুষ্য-নামের ছারাই ব্যবহার করি। এইরূপে নানা আকারের নানা বর্ণের মাহুবে মনুষ্য কথাটা প্রযুক্ত হইলেও গো বা মহিবাদি পশুতে বা ঘটপটাদি অপরাপর পদার্থে আমরা মনুষ্য কথাটীর প্রয়োগ করি না। মনুষ্ কথাটীর যে উপরিলিখিত ব্যবহার বা প্রয়োগ, মনুযাত্বাদিরূপ নিকারসভাগই-উহার নিমিত্ত । বিভিন্ন মানুষগুলির সর্ব্বত্রই মনুযুত্তরূপ নিকারসভাগটী আছে এবং মানুষ ব্যতিরিক্ত পশ্বাদি ধর্মগুলিতে উহা নাই। এই কারণেই মানুষ-মাত্রেই মনুষ্য কথাটীর প্রয়োগ হয়, অন্তত্ত্ব পশুপ্রভৃতিতে ঐ কথাটীর প্রয়োগ হয় না। এই যে মনুযাত্বাদি নিকারসভাগে মনুয়াদি কথার প্রয়োগে<mark>র</mark> নিমিত্তবাবধারণ, ইহাই সংজ্ঞা। মমুদ্যাদি কথাগুলিই উক্ত নিমিত্তবাবধারণের হেতু। কারণ, প্রথমে কথা শুনিয়াই উহার ব্যবহারানুসারে আমরা মনুযাত্বাদি নিকায়সভাগে যে মহুশ্য কথাটীর প্রয়োগের নিমিত্ততা রহিয়াছে, তাহা অবধারণ করি। স্থতরাং, প্রদর্শিত সংজ্ঞার কারণ বলিয়া মনুষ্য, রূপ, রুস প্রভৃতি কথাগুলি নামকার হইবে। অকারাদি হকারাস্ত বর্ণদমূহের নাম ব্যঞ্জনকার এবং বাক্যসমূহের নাম পদকায়। এই যে নামকায়াদি পদকায়ান্ত ধর্মগুলি, हेराता रोक्चजार कथीए भन दा घाषाग्रक नरह। याहा वाक् वा धाष বা ধ্বনি, তাহা ঐ নামকায়াদি ধর্মগুলির কারণ বা অভিব্যঞ্জক। এই কারণেই বৈভাষিকগণ বাগতিরিক্ত ঐ ধর্মগুলিকে পৃথগভাবে গ্রহণ করিরাছেন এবং ঐগুলিকে চিত্তবিপ্রেমৃক্ত নামে পরিগণিত করিয়াছেন। সৌত্রান্তিকর্গণ নিম্বার্থনি পর্যাওলিকে অতিরিক্ত পদার্থ বলিয়া গ্রহণ করেন নাই। এ গুলিকে ঘোষ বা বাগাত্মক পদার্থ বলিয়া গ্রহণ করেন নাহ।

বিশ্বনির বিশ্বনির বিশ্বনির প্রতিমার্ভরে গ্রন্থনের मिक पश्राम थानमिक रहेन मा।

সপ্তম পরিচ্ছেদ প্রতীত্যসমুংপাদ

প্রতীত্যসমূৎপাদ পদ্টীর নির্ম্কচনপ্রসঙ্গে চক্রকীর্ভি বলিয়াছেন যে প্রতিউপসর্গপূর্বক ইণ্ধাতুর উত্তর ল্যপ্-প্রত্যরে প্রতীত্য পদ্টী নিম্পন্ন হইয়াছে। উহা প্রাপ্তি বা অপেক্ষা-রূপ অর্থের উপস্থাপন করে। সম্ ও উৎ এই হুইটী উপসর্গের পরবর্ত্তী পদি-ধাতুর উত্তর ভাববিহিত ঘঞ-প্রত্যরে সমূৎপাদ পদ্টী সিদ্ধ হইয়াছে। উহা প্রাহ্রভাব-রূপ অর্থের বােধক। স্কৃতরাং, প্রতীত্যসমূৎপাদ এই মিলিত পদ্টী হইতে এইরূপ অর্থ পাওয়া যায়—ধর্মের বা পদার্থের যে উৎপাদ, তাহা প্রতীত্য অর্থাৎ হেতু ও প্রত্যয়কে অপেক্ষা করে। ইহার ছারা স্বভাববাদ বা এককারণকত্ববাদ যে বােরির্মান্ত নহে, ইহাও স্থৃচিত হইতেছে। কারণ, উক্ত ব্যাখ্যার ছারা ইহা আমরা জানিতে পারিয়াছি যে, সহতু, সভাগ প্রভৃতি নানাপ্রকার হেতু এবং বিভিন্নস্কভাবের অধিপতি ও সমনস্তরাদি নানাপ্রকার প্রত্যয়গুলিকে অপেক্ষা করিয়াই সংস্কৃতধর্মগুলি পমুৎপন্ন হইয়া থাকে। বােদ্ধশান্ত্রে যে নানাপ্রকার হেতু ও বিভিন্নস্কভাব প্রত্যয় স্বীক্বত আছে, তাহা আমরা পূর্বের জানিয়াছি।

কেহ কেহ নিমোক্ত প্রণালীতে প্রতীত্যসমুৎপাদ পদটীর নির্ম্বচন ও ব্যাথ্যা করিয়াছেন। প্রকৃতস্থলে, ইতি এই প্রাতিপদিকের উত্তর তদ্ধিতপ্রতায়ে ইত্য পদটী নিষ্পন্ন হইয়াছে। ইহা হইতে ধর্মগুলির বিনাশনীলতা পাওয়া যায়। পূর্ম্ববর্ত্তী প্রতি পদটী বীপ্সা-অর্থে প্রযুক্ত হইয়াছে। স্মৃতরাং,

১। এতি গ্তার্থ প্রতিঃ প্রাপ্তার্থঃ। উপসর্গবশেন ধার্থবিপরিণামাৎ—উপসর্গেণ ধার্থবি বলাদন্তন নীরতে, গঙ্গাসলিলমাধুর্যাং সাগরেণ যথাংহদেতি প্রতীত্যশন্দেহিন ল্যবন্তঃ প্রাপ্তেই অপেক্ষারাং বর্ত্ততে। সমুৎপূর্কঃ পদিঃ প্রাছ্রভাবার্থ ইতি সমুৎপাদশন্যং প্রাছ্রভাবে বর্ত্ততে। তত্তত হেতুপ্রতায়াপেকো ভাবানামুৎপাদঃ প্রতীত্যসমুৎপাদার্থঃ। মাধ্যমকর্ত্তি, কা ৬।

 [।] তদেবং হেতুপ্রত্যয়াপেক্ষং ভাবানামুৎপাদং পরিদীপয়তা ভগবতা অহেত্বেকহেতুবিষমহেতুসভ্তত্বং স্বপরোভয়কৃতহৃ

কার্বিদাং ভবতি । ঐ ।

নামধেরসমূহকে নামকার বলা হইরাছে। মনুষ্য এই কথাটীর এই ষে কোনও মানুষকেই আমরা বলিয়া থাকি; ভারতবর্ষের মানুষকেও আমরা মনুষ্য-নাম দিরা বলি এবং দেশান্তরস্থ মানুষকেও আমরা ঐ মনুষ্য-নামের দারাই ব্যবহার করি। এইরূপে নানা আকারের নানা বর্ণের মানুষে মনুষ্য কথাটা প্রযুক্ত হইলেও গো বা মহিবাদি পশুতে বা ঘটপটাদি অপরাপর পদার্থে আমরা মনুষ্য কথাটার প্রয়োগ করি না। মনুষ্ ক্থাটীর যে উপরিলিখিত ব্যবহার বা প্ররোগ, মনুযাত্বাদিরূপ নিকারসভাগই উহার নিমিত্ত । বিভিন্ন মানুষগুলির সর্ব্বতই মনুশ্যবরূপ নিকায়সভাগটী আছে <mark>এবং মানুষ ব্যতি</mark>রিক্ত পশ্বাদি ধর্মগুলিতে উহা নাই। এই কারণেই মানুষ-মাত্রেই মনুষ্য কথাটীর প্রয়োগ হয়, অগুত্র পশুপ্রভৃতিতে ঐ কথাটীর প্রয়োগ হয় না। এই যে মনুযাজাদি নিকারসভাগে মনুয়াদি কথার প্রয়োগের নিমিত্তত্বাবধারণ, ইহাই সংজ্ঞা। মনুয়াণি কথাগুলিই উক্ত নিমিত্তত্বাবধারণের হেতু। কারণ, প্রথমে কথা গুনিয়াই উহার ব্যবহারাতুসারে আমরা মন্ত্রয়ার্জাদি নিকামসভাগে যে মনুষ্য কথাটার প্রয়োগের নিমিত্ততা রহিয়াছে, তাহা অবধারণ করি। স্থতরাং, প্রদর্শিত সংজ্ঞার কারণ বলিরা মনুষ্য, রূপ, রুস প্রভৃতি কথাগুলি নামকায় হইবে। অকারাদি হকারান্ত বর্ণসমূহের নাম ব্যঞ্জনকায় এবং বাক্যসমূহের নাম পদকার। এই যে নামকারাদি পদকারান্ত ধর্মগুলি, ইহারা বাক্সভাব অর্থাৎ শব্দ বা ঘোষাত্মক নহে। যাহা বাক্ বা ঘোষ বা ধ্বনি, তাহা ঐ নামকায়াদি ধর্মগুলির কারণ বা অভিব্যঞ্জক। এই কারণেই বৈভাষিকগণ বাগতিরিক্ত ঐ ধর্মগুলিকে পৃথগ্ভাবে গ্রহণ করিয়াছেন এবং ঐগুলিকে চিত্তবিপ্রযুক্ত নামে পরিগণিত করিয়াছেন। সৌত্রাস্তিক্গণ নামকায়াদি ধর্মগুলিকে অতিরিক্ত পদার্থ বলিয়া গ্রহণ করেন নাই। ভাঁহারা ঐগুলিকে ঘোষ বা বাগাত্মকই বলিয়াছেন। গ্রন্থবিস্তারভয়ে খণ্ডনমণ্ডনের যুক্তি এন্থলে প্রদর্শিত হইল না।

সপ্তম পরিভেছদ প্রতীত্যসমূৎপাদ

প্রতীত্যসমুৎপাদ পদ্টীর নির্ন্ধচনপ্রসঙ্গে চক্রকীর্ত্তি বলিয়াছেন বে প্রতিউপসর্গপূর্ব্বক ইণ্ধাতৃর উত্তর লাপ্-প্রত্যরে প্রতীত্য পদ্টী নিম্পন্ন হইয়াছে। উহা প্রাপ্তি বা অপেক্ষা-রূপ অর্থের উপস্থাপন করে।' সম্ ও উৎ এই ছইটী উপসর্গের পরবর্ত্তী পদি-ধাতৃর উত্তর ভাববিহিত ঘঞ-প্রত্যয়ে সমুৎপাদ পদ্টী দির্ক্ত হয়াছে। উহা প্রাছভাব-রূপ অর্থের বোধক। স্কৃতরাং, প্রতীত্যসমুৎপাদ এই মিলিত পদ্টী হইতে এইরূপ অর্থ পাওয়া য়ায়—ধর্ম্মের বা পদার্থের যে উৎপাদ, তাহা প্রতীত্য অর্থাৎ হেতু ও প্রত্যয়কে অপেক্ষা করে।' ইহার দ্বারা স্বভাববাদ বা এককারণকত্ববাদ যে বৌদ্ধসিদ্ধান্ত নহে, ইহাও স্টিত হইতেছে। কারণ, উক্ত ব্যাখ্যার দ্বারা ইহা আমরা জ্বানিতে পারিয়াছি যে, সহভূ, সভাগ প্রভৃতি নানাপ্রকার হেতু এবং বিভিন্নস্বভাবের অধিপতি ও সমনস্তরাদি নানাপ্রকার প্রত্যয়গুলিকে অপেক্ষা করিয়াই সংস্কৃতধর্মগুলিক সমুৎপন্ন হইয়া থাকে। বৌদ্ধশান্ত্রে যে নানাপ্রকার হেতু ও বিভিন্নস্বভাব প্রত্যয় স্বীকৃত আছে, তাহা আমরা পূর্বের জানিয়াছি।

কেহ কেহ নিমোক্ত প্রণানীতে প্রতীত্যসমুৎপাদ পদটীর নির্বাচন ও ব্যাখ্যা করিয়াছেন। প্রকৃতস্থলে, ইতি এই প্রাতিপদিকের উত্তর তদ্ধিতপ্রত্যমে ইত্য পদটী নিষ্পায় হইয়াছে। ইহা হইতে ধর্মগুলির বিনাশশীলতা পাওয়া বায়। পূর্বাবর্ত্তী প্রতি পদটী বীপ্সা-অর্থে প্রযুক্ত হইয়াছে। স্থতরাং,

১। এতি গত্যর্থঃ প্রতিঃ প্রাপ্তার্থঃ। উপসর্গবশেন ধাত্ববিপরিণামাৎ—উপসর্গেণ ধাত্বে বিলাদন্তত্র নীয়তে, গলাসলিলমাধুর্বাং সাগরেণ যথাংহসেতি প্রতীত্যশব্দোহত্র ল্যবন্তঃ প্রাপ্তে বিলাদন্তত্র নীয়তে, গলাসলিলমাধুর্বাং সাগরেণ যথাংহসেতি প্রতীত্যশব্দাদান্তঃ প্রাত্তিত বর্ত্ততে। অতশ্চ হেতুপ্রতায়াপেকো ভাবানামুৎপাদঃ প্রতীত্যসমুৎপাদার্থঃ। মাধ্যমকবৃত্তি, কা ৬।

২। তদেবং হেতুপ্রতায়াপেক্ষং ভাবানাম্ৎপাদং পরিদীপয়তা ভগবতা অহেত্কেহেতুবিষমহেতু-সভূতহং স্বপরোভয়কৃতহঞ্ ভাবানাং নিষিদ্ধং ভবতি। ঐ।

প্রতীত্য এই সম্পূর্ণ পদটার দারা ধর্মগুলির বিনাশনৈয়ত্য প্রতিপাদিত <mark>হইয়াছে। অনন্তর, প্রতীত্যানাং সমুৎপাদঃ এইপ্র</mark>কার বিগ্রহে তৎপূরুষসমাসে প্রতীত্যসমুৎপাদ পদটী নিপান হইরাছে বলিরা বুঝিতে হইবে। উক্ত সমস্ত-পদ হইতে আমরা এই প্রকার অর্থ পাই যে, প্রত্যেক বিনাশশীল ধর্মাই সমুৎপর হইয়া থাকে। এইপ্রকার সমুদারগভিত অর্থে যদি আমরা প্রতীত্যসমূৎপাদ পদটীকে গ্রহণ করি, তাহা হইলে সর্বাত্র স্থত্তে উক্ত অর্থের সমন্তর হইবে না। কারণ, যে সকল বিভিন্ন স্ত্রবাক্যের দারা ভগবান্ বৃদ্ধ প্রতীত্য-শুংপাদের উপদেশ করিয়াছেন, তাহাদের অনেক স্থলে সমষ্টিরূপে অর্থগুলি বিবিক্ষিত হয় নাই; পরস্ক, ব্যক্তিরূপেই অর্থের গ্রহণ করিয়া তিনি প্রতীত্য-সমুৎপাদের উপদেশ করিয়াছেন। 'চক্ষুঃ প্রতীত্য রূপাণি চোৎপগুন্তে চক্ষ্বিজ্ঞানম্' এই স্থত্তের দ্বারা রূপাত্মক আলম্বনবিশেবেই চাক্ষ্যবিজ্ঞানের উৎপত্তি কথিত হইরাছে। উক্ত হত্রন্থ প্রতীত্য পদটা তাবংবিনাশিধর্মের সমুপস্থাপন করে নাই। ব্রুতরাং, প্রদর্শিত হত্তে অর্থসমন্তর না হওয়ায় বীপুসাগভিত অর্থে প্রতীত্যসমুৎপাদ পদের নির্ব্ধচন সঙ্গত হইবে না। প্রাপ্তিরূপ অর্থে প্রতীত্য পদের গ্রহণ হইলে সকল স্থাত্তেই অর্থের সমন্তম হইবেং কারণ, সর্বাত্তই সমানভাবে হেতুসাপেক সমুৎপাদটী থাকিবে।

কেহ কেহ প্রতীত্যসমুৎপাদ এই পদটীকে রূঢ় বলিয়াছেন। এই^{মতে} সংস্কৃতররূপ ধর্ম্মের দ্বারা উহা যাবং-সংস্কৃতধর্ম্মের উপস্থাপক হইবে।

যোগার্থ-গ্রহণেই হউক বা রুঢ়ার্থ-গ্রহণেই হউক, প্রতীত্যসমুৎপাদ পদটীর দ্বারা যে যাবৎ-সংস্কৃতধর্মাই উপস্থাপিত হইবে, এই বিষয়ে কোনও মতভেদ নাই।

ভগবান্ বৃদ্ধ সংস্কৃতধর্মগুলিকে প্রতীত্যসমূৎপাদ নামে পরিভাষিত করিয়া ইহাই বলিতে চাহিয়াছেন যে, সংস্কৃতধর্মগুলি নানাপ্রকার হেতু ও বিভিন্ন-

১। অপরে তু ক্রবতে ইতিঃ গতির্গমনং বিনাশঃ, ইতে সাধব ইত্যাঃ। প্রতি বীপ্সাথঃ। ইত্যেবং তরিতান্তং ইত্যশলং বৃৎপাল্য প্রতি প্রতি ইত্যানাং বিনাশিনাং সমৃৎপাদঃ প্রতীত্যসমৃৎপাদ ইতি বর্ণয়িত্ত। মাধ্যমক্রতি, কা ও।

ইহ তু চক্ষঃ প্রতীত্য রূপাণি চোৎপদ্যস্তে চক্ষ্বিক্রানমিত্যেবমাদে বিষয়ে সাক্ষাদক্ষী
তার্থবিশেষে চক্ষঃপ্রতীত্যেতি প্রতীত্যশক্ষঃ একচক্রিল্রিয়হেতুকার।মপ্যেকবিজ্ঞানোৎপত্তী
ভীঠারাং ক্তো বীপ্সার্থতা। ঐ।

স্বভাব প্রত্যরের সাহায্যে সমুৎপন্ন হইরা থাকে। ইহারা যে স্বভাবতঃ, অর্থাৎ স্বাতিরিক্ত কোনও হেতু বা প্রত্যরকে অপেকা না করিয়াই, উৎপন্ন হয়, তাহা নহে। এরপ হইলে, যে কোনও দেশে যুগপৎ সকল ধর্মেরই উৎপত্তি হইত; কিন্তু, তাহা দেখা যায় না। বিভিন্ন কালে ও বিভিন্ন দেশেই আমরা ভিন্ন ভিন্ন সংস্কৃতবন্তর সমুৎপাদ দেখিতে পাই। এই যে দেশ ও কাল-ভেদে বিভিন্ন সংস্কৃতধর্মের সর্কপ্রবাদিসম্মত সমুৎপাদ, স্বভাববাদের আশ্রম লইলে তাহাই অনুপ্রম হইয়া যাইবে।

একমাত্র কালই অথবা প্রধানই অথবা প্রমাণুই জগতের কারণ, — এই সকল মতেও প্রত্যক্ষসিদ্ধ যে ক্রমপ্রতিবদ্ধ সমুৎপাদ, তাহার উপপত্তি হইবে না। কারণ, অন্যনিরপেক্ষ কালাদিরপ কারণ থাকায় যুগপৎ সকল বস্তুর সমুৎপাদের আপত্তি তুর্নিবার হইরা ঘাইতেছে। প্রমাণুগুলি সংখ্যায় অনেক এবং আকারে ক্রুদ্র বা নিরাকার হইলেও, উহারা নিত্য হওয়ায় যুগপৎ সকল কার্য্যের আপত্তি তুর্নিবারই হইয়া পড়িবে।

একমাত্র ঈশ্বরই জগতের কারণ, এইমতেও ক্রমপ্রতিবদ্ধ কার্য্যসমূৎপাদের ব্যাথ্যা সম্ভব হইবে না। কারণ, অন্তানিরপেক্ষ নিত্যসিদ্ধ ঈশ্বরূপ কারণ যথন উপস্থিতই আছে, তথন সকল কার্য্যেরই এককালে উৎপন্ন হওয়া নিতান্তই আবশ্রুক হইবে। কিন্তু, তাহা হর না। অতএব, অন্তানিরপেক্ষ ঈশ্বরকে জগতের কারণ বলা যায় না। যদি বলা যায় যে, ঈশ্বর জগতের কারণ নহেন; পরন্তু, তাঁহার ইচ্ছাই জগতের একমাত্র কারণ এবং সেই ইচ্ছাতে ক্রমিক কার্য্যেৎপাদ বিষয় হওয়ায়, বিভিন্ন কালেই কার্য্যগুলি হইবে, যুগপৎ হইবে না। ডাহা হইলেও উত্তরে বৈভাষিকগণ বলিবেন যে, তাহাও সম্ভব হয় না। কারণ, ঐ ইচ্ছাটী যদি কালবিশেষে কার্য্যবিশেষের কারণ না হয়, তাহা হইলে অন্তালেও ঐ কার্য্যের কারণ হইতে পারিবে না। যাহা যে কার্য্যের সমূৎপাদনে সমর্থ, তাহা সর্ব্বদাই সেই কার্য্যের সমূৎপাদে সমর্থ হইবে। কালবিশেষে সমর্থ না হইলে কোনও কালেই উহা আর সেই কার্য্যের সমূৎপাদনে সমর্থ হইবে না। অতএব, অহেতৃক কার্য্যসমূৎপাদ বা একহেতৃক কার্য্যসমূৎপাদ এই মতে গ্রহণ্যোগ্য নহে; বৃদ্ধদেশিত প্রতীত্য-কার্য্য-সমূৎপাদই একমাত্র গ্রহণীয়।

প্রতীত্যসমূৎপাদবাদীরা কার্য্যোৎপত্তিতে বিবিধ হেতু ও নানা প্রত্যয়ের

অপেক্ষা স্বীকার করিলেও, উহাতে কোনও সর্বজ্ঞ কারণের অপেক্ষা স্বীকার করেন না। তাঁহারা কার্য্যোৎপাদে সর্বজ্ঞ কারণের, অর্থাৎ ঈশ্বরের, অনপেক্ষা প্রতিপাদন করিতে গিয়া বলিয়াছেন।যে, চাক্ষ্মাদি বিজ্ঞানের অথবা অন্ধ্রাদি কার্য্যের উৎপত্তিতে যেমন চক্ষ্রাদি ইন্দ্রিরের অথবা বীজ্ঞাদির সাপেক্ষতা ব্রিতে পারা যায় — চক্ষ্রিন্দ্রিরের সন্তাবে চাক্ষ্যবিজ্ঞান সমৃৎপন্ন হয়, অন্তথা হয় না; বীজ্ঞ থাকিলে অন্ধ্র সমৃৎপন্ন হয়, অন্তথা উহা সমৃৎপন্ন হয় না — তেমন চক্রাদি বা বীজ্ঞাদি কারণকলাপ সত্ত্বেও ঈশ্বরের অসত্ত্বে চাক্ষ্যাদি বিজ্ঞান বা অন্ধ্রাদি কার্য্য সমৃৎপন্ন হয় নাই, ইহা অন্তাপি আমরা দেখি নাই অথবা ঈশ্বর আছেন বলিয়াই কোনও কার্য্য সমৃৎপন্ন হইয়াছে, ইহাও অন্তাবধি আমরা ব্রিতে পারি নাই। অতএব, যে অন্বয়্ন ও ব্যতিরেকের দ্বারা কার্য্যকারণভাবি নির্ণীত হয়, তাহা না থাকায় কার্য্যোৎপাদে সর্বজ্ঞ কারণের অপেক্ষা প্রমাণিত হইতে পারে না। এইপ্রকার অবস্থায়ও মাহারা জ্ঞাৎকর্ত্ত্বের দ্বারা ঈশ্বরের কল্পনা করেন, ভাঁহাদের মতকে ভক্তিবাদ ভিন্ন আর কি বলিতে পারা যায়!

পূর্বপ্রধানিত যুক্তিতে প্রতীত্যসমুৎপাদবাদে কার্য্যোৎপাদে সর্বজ্ঞ কারণের অপেক্ষা অস্বীকৃত হইলেও, কোনও কার্য্যের সমুৎপাদেই যে চেতন কারণের অপেক্ষা নাই, ইহা অভিমত নহে। যে সকল ঘটপটাদি কার্য্যবিশেষের সমুৎপাদস্থলে ইহা দেখা যার যে, কুলাল-তন্ত্রবারাদি চেতন কারণ না থাকিলে মৃত্তিকা, স্বত্র প্রভৃতি অপরাপর অচেতন কারণগুলির সমবধান সত্ত্বেও, ঘটপটাদি কার্য্যের সমুৎপাদ হর না এবং চেতন কারণের প্রেরণার ঐ গুলি সত্ত্বে ঐ ঐ কার্য্যগুলির বাস্তবিকপক্ষেই সমুৎপাদ হর, সেই সেই স্থলে সেই সেই চেতন-সাপেক্ষতাও সেই কার্য্যের সমুৎপাদ অব্যাই অভ্যুপগত আছে।

যদিও বাচস্পতিমিশ্র প্রভৃতি দার্শনিকগণ ভাষতী প্রভৃতি গ্রন্থে বৌদ্ধাতের বাষ্ণায়ার প্রতীত্যসমুংপাদের বর্ণনাপ্রসঙ্গে যে দৃষ্টান্ত অবলম্বন করিয়াছেন এবং যেভাবে তাহাতে চেতন-নিরপেক্ষতা দেখাইরাছেন, তাহাতে প্রতীত্যসমুৎপাদ-বাদে কুত্রাপি কার্য্যসমুৎপাদেই চেতন-সাপেক্ষতা স্বীকৃত নাই বলিরাই আপাততঃ মনে হর ইহা সত্য; তথাপি সর্বজ্ঞি-চেতনসাপেক্ষতার অস্বীকারেই প্রসকল গ্রন্থের তাৎপর্য্য ব্বিতে হইবে। কারণ, কার্য্যবিশেষের, অর্থাৎ ঘটপটাদিরূপ কার্য্যের, সমুৎপাদে যে কুলাল-তম্ববারাদি চেতনকারণের সাপেক্ষতা

শর্মজনবিদিত আছে, তাহার অবীকার প্রতীত্যসমুৎপাদবাদের অভিমত
নহে; সর্মজনাপেকতাই ঐ মতে অধীকৃত হইরাছে। আর, ঐ সকল
দার্শনিকগণ স্থ স্থ গ্রন্থে এমন কথা কোথাও বলেন নাই বে, প্রতীত্যসমুৎপাদবাদীরা ঘটপটাদিকার্য্যের সমুৎপাদেও চেতনকারণের সাপেক্ষতা স্থীকার
করেন না। বৌদ্ধশাস্ত্রে কথিত প্রতীত্যসমুৎপাদের প্রসিদ্ধ দৃষ্টাস্তাবলম্বনেই
বাচম্পতিমিশ্র প্রভৃতি গ্রন্থকারগণ প্রতীত্যসমুৎপাদবাদে বে সর্মজ্ঞ কারণের
অপেকা অসীকৃত আছে, তাহা আমাদিগকে জ্ঞানাইরা দিয়াছেন।

বাচম্পতিমিশ্র প্রতীত্যসমুৎপাদে চেতন-নিরপেক্ষতা দেখাইতে গিয়। ভাষতীতে বলিয়াছেন বে, ইহা আমরা সকলেই স্থানি যে, বীষ্ণ হইতে অন্ধুরাদি পুশফল পর্য্যন্ত কার্য্যগুলি ধারাবাহিক ভাবে একের পরে অন্য সমুংপন্ন হইতেছে। ইহাতে বীজ ইহা মনে করে না যে, সে অঙ্গুরের সমুৎপাদন করিতেছে এবং অঙ্গুরও ইহা চিন্তা করে না যে, সে বীজ কর্তৃক সমুৎপাদিত হইয়াছে। এই প্রকার পুপাও ইহা ভাবে না যে, সে ফল-নিস্পাদন করিবে এবং ফলও ইহা মনে- করে না যে, সে পুষ্প কর্ত্ত্ব নিষ্পাদিত হইরাছে।' স্থতরাৎ, ইহা পরিন্ধারভাবে বুঝা যাইতেছে যে, উক্ত কার্য্যকার্যশপ্রবাহে চেতন-সাপেক্ষতা নাই। উক্ত প্রশালীর চেতন-নিরপেক্ষতার ব্যাথ্যাকে আমরা অভিনন্দিত করিতে পারি না। কারণ, ঐ ভাবের চেত্রন-সাপেক্ষতার প্রসক্তিই নাই। এজন্ত, উহা অপ্রসক্তের প্রতিষেধ হইয়া গিয়াছে। বৌদ্ধ দার্শনিক ত দুরের কথা, কোনও সাধারণ লোকও ইহা মনে করে না যে, বীজ অঙ্কুর তৈয়ারীর ভাবনায় ব্যস্ত আছে। ঐ স্থলেও সর্বজ্ঞ-চেতন-নিরপেক্ষতাই বৌদ্ধগণের প্রতিপাত। বীজ বা পুষ্পের মনে করা বা না করাতে বৌদ্ধবাদের কোন তাৎপর্য্যই নাই। যদি কোনও হালিক ইহা মনে করিয়া বীজ বপন করেন যে, সেই বীজ হইতে অঙ্গুরাদি ক্রমে সে ফলোৎপাদন করিবে, তাহাতে বৌদ্ধগণের কোনও আপত্তি থাকিবে না। কারণ, হালিকের পক্ষে ঐ প্রকার চিন্তা করা অত্যন্ত স্বাভাবিক।

আরও একটী কথা এই হলে বিশেষভাবে বলা আবশুক যে, ভামতী প্রভৃতি

 [।] তত্র বীজস্ত নৈবং ভবতি জ্ঞানমহমঙ্কুরং নির্বর্তয়ামীতি। অঙ্কুরস্তাপি নৈবং ভবতি
জ্ঞানমহং বীজেন নির্বৃত্তিত ইতি। এবং য়াবং পুষ্পস্ত নৈবং ভবতাহং ফলং নির্বর্তয়ামীতি। এবং
৽ ফলগুপি নৈবং ভবতাহং পুষ্পেণাভিনির্বৃতিফিতি। ভামতী, অ ২, পা ২, ফুল্র ১৯।

0

গ্রন্থে হেতুপনিবদ্ধ ও প্রত্যয়োপনিবদ্ধ এই হুই ভাগে বিভক্ত করিয়া প্রতীত্যসমুৎপাদটীকে ব্যাখ্যা করা হইয়ছে। তাহাতে এই প্রকার ধারণা আমাদের
বদ্ধুল হইয়া গিয়ছে যে, ঐ প্রতীত্যসমুৎপাদের সম্পূর্ণ বিভিন্নপ্রকার।
বাস্তবিকপক্ষে, কিন্তু উহা ব্যাখ্যারই প্রভেদ, প্রতীত্যসমুৎপাদের প্রভেদ নহে।
মাহাতে বিভিন্ন কারণ হইতে বিভিন্ন কার্য্যের সমুৎপাদে সর্বজ্ঞ কারণের অনপেক্ষাপ্রদর্শনপূর্বক কার্য্য গুলির ক্রমিকতা প্রদর্শিত হইবে, তাহা হেতুপনিবদ্ধ প্রতীত্যসমুৎপাদ হইবে; এবং যাহাতে একই কার্য্যের বিভিন্ন অবস্থাগুলির ভিন্ন ভিন্ন
কারণ-সাপেক্ষতা দেখাইয়াই সর্বজ্ঞ-কারণ-নিরপেক্ষা প্রদর্শনপূর্বক উহাদের
সমকালীন সমুৎপাদ প্রদর্শিত হইবে, তাহা প্রত্যাগ্রাপনিবদ্ধ প্রতীত্যসমুৎপাদ
হইবে। কতকগুলি বিভিন্ন কার্য্য যুগ্রগৎই যে সমুৎপন্ন হইয়া থাকে তাহাই
প্রত্যাোপনিবদ্ধ প্রতীত্যসমুৎপাদের ব্যাখ্যায় প্রণুশিত হইয়াছে।

ভামতীকার হেন্তুপনিবদ্ধ প্রতীত্যসমূৎপাদ দেখাইতে গিরা বলিরাছেন যে, একটা বাজ হইতে আরম্ভ করিরা উহার ফল পর্যান্ত একসন্তানবর্তী একটা কার্য্যকারণপ্রবাহ আমরা দেখিতে পাই; যথা — বীজ হইতে অদ্বর, অদ্বুর হইতে পত্র, পত্র হইতে কাণ্ড, কাণ্ড হইতে নাল, নাল হইতে গর্ভ, গর্ভ হইতে শুক, শুক হইতে প্রপা এবং পুলা হইতে ফল। এই যে এক একটা কারণ হইতে পর পর এক একটা কার্য্য সমূৎপর হইতেছে, ইহাতে দর্শজ্ঞ কোনও কারণের অপেক্ষা আমরা দেখিতে পাই না। সর্বজ্ঞ কারণকে অপেক্ষা না করিরাই যে এক একটা অচেতন কারণ হইতে ক্রমিক এক একটা কার্য্য সমূৎপর হইতেছে, ইহাদের প্রত্যেকটাকে হেতুপা

১। তত্র বাহত প্রতীত্যসমুৎপাদত্ত হেতুপনিবদ্ধ: — যদিদং বীজাদকুরোহজুরাং পত্রং পত্রাং কাডার,লো নালাদ্পর্ভো গর্ভাচ্ছুকঃ শৃকাং পূপাং কলমিতি। প্রত্যাগাদিবদ্ধঃ প্রতীত্যসমুৎপাদস্যোচ্যতে। প্রভায়ো হেতুনাং সমবায়ঃ। হেতুং হেতুং প্রতি অয়ত্তে হেতুরাণি ইতি। তেরাময়মানানাং ভাবং প্রতায়ঃ সমবায় ইতি যাবং। যথা ধরাং ধাতুনাং সমবায়াং বাজহেত্রস্কুরো জায়তে। তত্র পৃণিবীধাতুঃ বীজত্ত সংগ্রহক্ত্যং করোতি যতোহঙ্কুরঃ কটিনো ভবতি অপ্রাত্ বীজঃ রেহয়তি তেজে!ধাতুবীজাং পরিপাচ্য়তি। বায়্ধাতুবীজমতিনির্হরতি মতোহঙ্কুরো বীজারির্গজ্জতি আকাশধাতু বীজত্তানাবরণকুত্যং করোতি বতুরাপি বীজত্ব পরিণাক্ষ করোতি। তদেবামবিকলানাং ধাতুনাং সমবায়ে বীজে রোহত্যজুরো জায়তে নাভাগা। ভামতী, অ ২, পা ২, স্থ ১৯।

নিবন্ধ প্রতীত্যসমুংপাদ বলিয়া বৃথিতে হইবে। এই বে এক একটা হেতুপনিবন্ধ
প্রতীত্যসমুংপাদ, ইহাদের প্রত্যেকের মধ্যেই আবার প্রত্যয়োপনিবন্ধ প্রতীত্যসমুৎপাদ প্রবিষ্ট আছে। কারণ, বীজ হইতে সমুৎপন্ন অন্তরের বে সংগ্রহক্ত্য
দেখা বার, তাহা পৃথিবীর কাজ, উহার বে স্লিগ্রতা তাহা জলের কাজ, উহাতে বে
প্রতিফণ পরিপাক হইতেছে তাহা তেজের কাজ, উহার বে বৃদ্ধি তাহা প্রাণবায়ুর
কাজ এবং আকাশ অবকাশ প্রদান করিয়া সকল অবহাগুলির একত্র সমাবেশ
ঘটাইতেছে। আমরা অফুরে বে সমকালীন বিভিন্ন অবস্থার সমাবেশ দেখিতে
পাই, ইহাই প্রত্যয়োপনিবদ্ধ প্রতীত্যসমুৎপাদ হইবে।

এই প্রকার বিভাগ করিয়া প্রতীত্যসমুৎপাদ জানিবার বিশেষ কোনও প্রয়োজন আছে বলিয়া আমাদের মনে হয় না। অভিধর্মকোশে প্রতীত্যসমুৎপাদের পূর্ব্বোক্ত বিভাগ প্রদর্শিত হয় নাই। ভামতীকার যে হেতুর সমবায়কে, অর্থাৎ মিলিত কতকগুলি হেতুকে, প্রভায় বলিয়াছেন, তাহা বৌদ্ধমত বৃথিবার পক্ষেবিশেষ কোনও সহায়তা করিয়াছে বলিয়াও আমরা মনে করিতে পারি না। অভিধর্মশাস্ত্রে ভামতীকারের কণিত অর্থে প্রভায় পদের প্রয়োগ নাই। কেবল সত্রে প্রভায় পদের প্রয়োগ আছে বলিয়াই অভিধর্মে উহা ব্যাখ্যাত হইরাছে। প্রতায় ব্যাখ্যাত না হইলেও বৌদ্ধমতের কোনও হানি হইত না। এজ্য়, আমরা প্রতীত্যসমূৎপাদের প্রদর্শিত বিভাগকে বৌদ্ধবাদের পক্ষে অভ্যাবশ্যক বলিয়া মনে করিতে পারি না। "ইদং প্রতায়ফলন্" এই প্রকারের উক্তি স্বত্রে থাকিলেও উহা প্রতীত্যসমূৎপাদ বৃব্বিবার পক্ষে বিশেষভাবে সহায়তা করিয়াছে বলিয়া মনে হয় না। কল্লতক্ষকার যে, "হেতুময়্বং প্রতি অয়তে গচ্ছতীতি ইতর্বনহানিভিমিলিতঃ হেতুঃ প্রতায়ঃ" এইভাবে সাজ্মরে প্রতায় পদের ব্যাখ্যাক করিয়াছেন, ইহা অস্ততঃ পক্ষে বৈভাষিকসম্মত হইবে না বলিয়াই আমাদের মনে হয়।

আচার্য্য বস্তুবন্ধু তদীয় অভিধর্মকোশে ঘাদশাঙ্গ প্রতীত্যসমূৎপাদের বর্ণনা করিয়াছেন। এক্ষণে আমরা তাহা দেখাইতে চেষ্টা করিব। অনাদি যে ভবচক্র তাহাই ঘাদশাঙ্গ প্রতীত্যসমূৎপাদ নামে পরিভাষিত হইয়াছে।

স প্রতীত্যসমূৎপাদো ঘাদশাক্ষরিকাঙকঃ।
 প্রাপর। স্তয়োদ্ধে দ্বে মধ্যেইটা পরিপ্রিণঃ। কোশস্থান ৩, কা ২০।

মানসিক বা কায়িক কর্ম এবং অবিতাদি ক্লেশের দ্বারা অভিসংস্কৃত বে রূপ, বিজ্ঞান, বেদনা, সংজ্ঞা ও সংস্কারাত্মক স্কন্ধ-পঞ্চক, কেবল তাহাই, অর্থাৎ বাহ্য-শরীর-নিরপেক্ষ এ বে কর্ম ও অবিতাভিসংস্কৃত স্কন্ধ-পঞ্চক, তাহাই অন্তরাভবাদি ক্রমে গর্ভে প্রবেশ করে। স্ব স্থ ভোগপ্রদ কর্মান্ম্সারে, অর্থাৎ প্রারন্ধকর্মান্ম্সারে, ক্রমে ক্লেশ-কর্মাদি দ্বারা বৃদ্ধিপ্রাপ্ত হইরা এ স্কন্ধ-পঞ্চকই পুনরার নিজ্প বাহ্য দেহ পরিত্যাগ করিয়া লোকান্তর প্রাপ্ত হয়। এই অবিতাদি জ্বা-মরণান্ত অনাদি ভব-চক্রই দ্বাদশান্ত্ব প্রত্যাপ্ত হয় । এই অবিতাদি জ্বা-মরণান্ত অনাদি ভব-চক্রই দ্বাদশান্ত্ব প্রত্যাসমুংপাদ নামে অভিধর্মকোশে অভিহিত হইরাছে। যদিও ঘটপটাদি সমস্ত সংস্কৃতধর্মই প্রতীত্যসমুৎপাদ আখ্যার গৃহীত হইবে; তথাপি প্রকৃতস্থলে নির্ব্বাণোপযোগী বলিরা ভবচক্ররূপ দ্বাদশান্ত প্রতীত্য-সমুৎপাদই অভিধর্মকোশে ব্যাখ্যাত হইয়াছে।

ভারবৈশেষিকাদি আন্তিক মতগুলিতে যেমন ইন্দ্রিরাদি হইতে পৃথক্ নিত্য এবং চেত্রন একপ্রকার দ্রব্য আত্মা বলিয়া স্বীকৃত হইয়াছে, তেমন কোনও নিত্য আত্মা বৌদ্ধমতে স্বীকৃত হয় নাই। পরস্ত, বৈভাষিকমতে পঞ্চ-স্বনাত্মক সন্তানই আত্মার হলে পরিগৃহীত হইয়াছে। এই কারণেই ইহা নৈরাত্মাবাদ নামে প্রসিদ্ধ হইয়াছে। এই স্কন্ধ-পঞ্চক-সন্তান অনাদি এবং নির্বাণাত্ত। অতএব, নিত্য আত্মা অস্বীকৃত হইলেও এইমতে পুনর্জন অস্বীকৃত হয় নাই। ঐ স্কন্ধ-পঞ্চক নির্বাণ পর্যান্ত প্রবাহাকারে বিভ্যমান থাকে এবং পুন: পুন: জন্ম-মরণাদি ক্লেশে ক্লিষ্ট হইতে থাকে। উক্ত পঞ্চন্ধনী প্রবাহ শ্রীর-ভেদে ভিন্ন ভিন্ন। কোনও কোনও একদেশী পঞ্চ-স্কন্ধের সমষ্টিকে আত্মা না বলিয়া ঐ সমষ্টির অন্তর্গত যে বিজ্ঞানস্বন্ধ-প্রবাহ, তাহাকেই আত্মহানীয় বলিয়াছেন। মূল বৈভাষিক্মতে স্কন্ধ-সমষ্টি-সন্তানই আত্মহানীয় হইবে।

পূর্ব্বে আমরা বলিয়াছি যে, কর্ম্ম ও অবিভাদি ক্লেশের দ্বারা অভিসংস্কৃত ^{যে}

১। প্রকরণের হি সর্কাসংয়তগ্রহণাৎ সন্তাসরাখ্যঃ প্রতীতাসমূৎপাদ উক্তঃ সর্কাসংয়তহেতু
কাষোগাৎ। বিনেয়সন্মোহনিবৃত্তিহেতুঃ সন্তাগ্য এব দাদশালঃ প্রতীত্যসমূৎপাদো দেশিতঃ।
কোশস্থান ৩, কা ২৫, ক্ষ্টার্থা।

নারান্তি কল্পনাত্রত কর্মক্রেশাভিসংস্কৃত্য্।
 অন্তরাভবসন্তত্যা কুলিমেতি প্রদীপবং। কোশস্থান ৩, কা ১৮।

স্বন্ধ-পঞ্চক, তাহাই কেবল পরজন্মলাভার্যে গর্ভে প্রবেশ করে। ইহাতে আমাদের বুঝিয়া দেখা আবশুক যে, রূপাদি স্কন্ধের অভিসংস্কার কি? রূপস্কন্ধের অন্তর্গত চক্রাদি ইন্দ্রিগণ্ডলি বখন স্থুল দেহের সহিত সংশ্লিষ্ট থাকে, তখন ঐগুলি ওদিনিক <mark>অ</mark>র্থাৎ স্থুলতা-প্রাপ্ত হয়। তথন উহারা কোনও সক্ষ বা ব্যবহিত বিষয়-গ্রহণে সমর্থ হয় না। উহারা অন্তরাভবে দেহ-বিযুক্ত হইলে স্ক্ষতা প্রাপ্ত হয়। এই স্ক্রতা-প্রাপ্তি বা স্ক্র-বিষয়-গ্রহণ-সামর্থ্যই উহাদের অভিসংস্কার। অভিসংস্কৃত যে স্কল্ধ-পঞ্চক তাহাই অন্তরাভবক্রমে কামধাতুতে গর্ভে প্রবেশ করে। রূপাদি অস্তান্ত ধাতৃতে, অর্থাৎ লোকে গর্ভে প্রবেশ ব্যতিরেকেই, উক্ত স্কন্ধ-পঞ্চক স্ব স্ব ভোগোপযোগী অধিষ্ঠান লাভ করিয়া থাকে। অন্তরাভবে স্বাতিরিক্ত অধিষ্ঠান ব্যতিরেকেই উহারা, অর্থাৎ অভিসংস্কৃত পঞ্চস্কনীপ্রবাহ, স্ব স্ব ভোগ প্রাপ্ত হয়। কেবল কামধাতৃতেই স্কন্ধ-পঞ্চক স্বোপযোগী ভোগার্থ স্থূল শরীর পরিগ্রহ করে। স্কুতরাং, ইহাতে গর্ভপ্রবেশ আব্যাক হয়। গর্ভগত হইরা ক্রমে উহা কলল, বৃদ্ধ দ বা অর্ক্ দ, পেশী, ঘন, প্রশাথ প্রভৃতি বিভিন্ন গ্রভাবস্থার স্থিত সংশ্লিষ্ট হইতে হইতে সূল দেহের সৃহিত সম্বন্ধ হইয়া পড়ে। ঐ সকল গ্রভাবস্থার যোগে স্কন্ধ-পঞ্চকক্রমে তাহার স্ক্রতা হারাইতে থাকে এবং অবশেষে ত্মল শরীরের সংসর্গে উহা ঔদরিকতম, অর্থাৎ অত্যস্ত স্থুল, হইরা যায়। এইভাবে তত্তৎশরীরের সাহায্যে ভোগ করিতে করিতে সেই সেই ভোগপ্রদ কর্ম্মের অবসানে ঐ স্কন্ধগুলি সেই শরীর পরিত্যাগ করে এবং সঞ্চিত কর্ম ও অবিভা প্রভৃতির দ্বারা অভিসংস্কৃত হইয়া পুনরায় অন্তরাভব ক্রমে লোকান্তর প্রাপ্ত হয়। অতএব, এই যে ভবচক্র, ইহা অনাদি প্রবাহে আনির্বাণ চলিতে থাকে।

পুর্ব্বোক্ত অনাদি ভবচক্ররপ প্রতীত্যসমুৎপাদ, ছাদশ ভাগে বিভক্ত—
অবিহ্যা, সংস্কার, বিজ্ঞান, নাম-রূপ, ষড়ায়তন, স্পর্শ, বেদনা, তৃষ্ণা,
উপাদান, ভব, জাতি ও জরা-মরণ। এই ছাদশাঙ্গ প্রতীত্যসমুৎপাদকে আবার
তিনটী কাণ্ডে বিভক্ত করা হইয়াছে—পূর্ব্বান্ত, অপরাস্ত ও মধ্যভাগ।
অবিহ্যা ও সংস্কার এই হুইটী মিলিয়া পূর্ব্বান্ত বা প্রথমকাণ্ড, জাতি ও জরা-মরণ
এই হুইটী মিলিয়া অপরান্ত বা তৃতীয়কাণ্ড এবং অবশিষ্ট যে বিজ্ঞান, নাম-রূপ,
ষড়ায়তন, স্পর্শ, বেদনা, তৃষ্ণা, উপাদান ও ভব এই আটটী অঙ্গ, মিলিতভাবে

ইহাদের নাম হইতেছে মধ্যকাণ্ড। এইভাবে উক্ত প্রতীত্যসমুৎপাদ ত্রিকাণ্ডে বিভক্ত হইয়াছে।

অতীত জন্ম, বর্ত্তমান জন্ম, ও আগামী জন্ম — এই ত্রৈমধ্বিক জন্ম প্রদর্শনার্থ প্রতীত্যসম্ৎপাদকে ত্রিকাণ্ডে বিভক্ত করা হইরাছে। পূর্ব্বকাণ্ডটী, অর্থাৎ অবিচ্যা ও সংস্কার, এই ছুইটী অতীত-স্থিতিক; অতএব, পূর্ব্বজন্মের পরিচারক। মধ্যকাণ্ডটী, অর্থাৎ বিজ্ঞানাদি ভবান্ত আটটী, বর্ত্তমান-স্থিতিক; অতএব, বর্ত্তমান জন্মের পরিচারক। আর, তৃতীয়কাণ্ডটী, অর্থাৎ জাতি ও জ্বা-মরণ এই ছুইটী, অনাগত-স্থিতিক; অতএব, আগামী জন্মের পরিচারক।

অতীত জ্মের রাগাদি ক্লেশের যে দশা, অর্থাৎ স্ক্র্যাবস্থাগুলি, তাহাদিগকে এইস্থলে অবিভা পদের দ্বারা এবং অতীত জ্বনের প্র্যাপুণ্য কর্মের যে দশাগুলি, অর্থাৎ স্ক্রাবস্থাগুলি, তাহাদিগকে এইস্থলে সংস্কার পদের দ্বারা উপলক্ষিত করা হইরাছে। স্ক্রাং, পূর্বকাগুটী অতীত-স্থিতিক হওরার পূর্বজ্বনের পরিচারক হইরাছে।

বিজ্ঞান, বেদনা প্রভৃতি ধর্মগুলি বর্ত্তমান অবস্থারই বিষর প্রকাশ করে, অতীত বা অনাগত অবস্থার করে না। স্নতরাং, বিজ্ঞানাদি ভব পর্যান্ত এই মধ্যকাণ্ডটী বর্ত্তমানাধ্বিক, ইহা বর্ত্তমান জন্মের পরিচারক। আগামী জন্ম এবং তজ্জনিত ছঃখশোকাদি জাতি ও জরা-মরণ পদের দ্বারা কথিত হইরাছে। অতএব, জাতি ও জরা-মরণ ভবিশ্বদাধ্বিক হওরার উহার দ্বারা আগামী জন্ম স্থৃচিত হইরাছে। স্মতরাং, ইহাই ব্ঝিতে হইবে যে, ভবচক্রের অনাদি ত্রৈর্থ্বিক্ত প্রতিপাদনের নিমিত্ত ঐ অবিত্যাদি দ্বাদশাঙ্গ প্রতীত্যসমুৎপাদকে পুনরার কাণ্ডত্ররে বিভক্ত করা ইইরাছে।

সকল-হেতৃক পূর্ববিশাও ও সহেতুক-ফল অপরকাণ্ড এইপ্রকারে কাণ্ড^{দ্বরেও} পূর্ববিক্ত দাদশান্দ প্রভীত্যসমূৎপাদ ব্যাখ্যাত হইতে পারে। অবিহ্যা, সংস্কার,

১। প্র্নাপরান্তয়োদ্বিদ্ব মধ্যেইছোঁ পরিপ্রিণঃ। কোশস্থান ৩, কা ২০। প্র্বান্তয়্ত সকলগু গ্রহণাদপরান্তয় চ সহেতৃকক্ত গ্রহণাদিতি। তত্র প্র্বান্তে হেতৃরবিতা সংস্কারান্ত তল্ত কলং পঞ্চালানি। বিজ্ঞানং যাবদেদনেতি। অপরান্তে জাতির্জরামরণঞ্চেতি ফলং তন্ত ত্রীণাঙ্গানি হেতবত্তফোপাদানভবাঃ। ঐ, ক্ষটার্থা।

২। প্ৰক্রেশদশাবিদ্যা সংস্কারাঃ পূৰ্বকর্মণঃ। কোশস্থান ৩, কা ২১।

বিজ্ঞান, নাম-রূপ, ষড়ারতন, স্পর্ম ও বেদনা — মিলিত লাতটা হইবে সকল-হেতুক পূর্ব্বকাণ্ড। ইহাতে অবিভা ও সংস্কার হইবে হেতু এবং অবশিষ্ট বিজ্ঞান, নাম-রূপ, ষড়ারতন, স্পর্ম ও বেদনা এই পাঁচটা হইবে ফল। তৃষ্ণা, উপাদান, ভব, জাতি ও জরামরণ মিলিত এই পাঁচটাতে হইবে অপরকাণ্ড। ইহাতে তৃষ্ণা, উপাদান ও ভব এই তিনটা হইবে হেতু এবং অবশিষ্ট জাতি ও জরা-মরণ এই তৃইটা হইবে ফল।

প্রদর্শিত দ্বাদশাঙ্গ প্রতীত্যসমুৎপাদকে হেতু ও ফল এই ছই ভাগেও বিভক্ত করা যাইতে পারে। অবিহ্যা, সংস্কার, উপাদান, ভব ও তৃষ্ণা এই পাঁচটী হেতু এবং বিজ্ঞান, নাম-রূপ, ষড়ায়তন, স্পর্শ, বেদনা, জ্বাতি ও জ্বরা-মরণ এই সাতটী ফল।

এই প্রতীত্যসমূৎপাদকে ক্ষণিক, সাম্বন্ধিক ও প্রাক্ষিক বলা হইয়াছে।

হেতু ও ফলভাবে ইহারা পরম্পর সম্বদ্ধ; এজন্ম, ইহারা সাম্বন্ধিক। ইহারা প্রবাহন্ধপ প্রকর্ম অবলম্বন করিয়া বিল্লমান; অতএব, ইহারা প্রাক্ষিক। এই ঘাদশাঙ্গ প্রতীত্যসমূৎপাদ পূর্ব্বোক্ত স্কন্ধ-পঞ্চকেরই অন্তর্গত। এই অভিপ্রায়ে এই গুলিকে আবার প্রতীত্যসমূৎপাদ কলা হইয়াছে এবং অন্ত অভিপ্রায়ে এই গুলিকে আবার প্রতীত্যসমূৎপাদ কলা হইয়াছে। যাহা স্কন্ধ তাহাই প্রতীত্যসমূৎপাদ এবং বাহা প্রতীত্যসমূৎপাদ তাহাই স্কন্ধ। অভিরিক্ত অবয়বীর অস্বীকার এখন অভিপ্রেত তথন সংস্কৃতধর্মগুলিকে স্কন্ধরূপে ব্যাখ্যা করা হইয়াছে এবং ইহাদের উৎপাদে যথন সর্বব্রুক্তনাপেক্ষত্ম অস্বীকৃত তথন সেই স্কন্ধগুলিকেই প্রতীত্যসমূৎপাদ বলা হইয়াছে। সত্ত্বাস্বাখ্য যত যত সংস্কৃতধর্ম আছে, তাহারা সকলেই প্রতীত্যসমূৎপাদ বলা হইরাছে। অই প্রকার হইলেও বন্ধের ও মোক্ষের উপযোগী মনে করিয়াই স্বত্রে বিশেষ করিয়া ঘাদশাঙ্গ প্রতীত্যসমূৎপাদ কথিত হইয়াছে। স্ব্রোক্ত যে অবিলাদি বারটী সংস্কৃতধর্ম্ম তাহারাই প্রতীত্যসমূৎপাদ, অন্ত সংস্কৃতধর্মপ্রতিল প্রতীত্যসমূৎপাদ নহে — ইহা মনে করিলে অভিধর্ম সিদ্ধান্তে ভ্রাস্ত হইতে হইবে।

পূর্বে আমরা দ্বাদশাঙ্গ প্রতীত্যসমুৎপাদের অবিদ্যা ও সংস্কার এই তুইটী অঙ্গের ব্যাখ্যা করিয়াছি। তাহাতে আমরা দ্বাদশাঙ্গ প্রতীত্যসমুৎপাদের মধ্যে অবিদ্যা ও সংস্কারকে, জানিয়াছি। এক্ষণে আমরা অবশিষ্ট দশটী অঙ্গকে জানিতে চেষ্টা করিব।

প্রতিসন্ধী স্বন্ধই বিজ্ঞান। অর্থাৎ, বর্ত্তনান জন্মগ্রহণকালে প্রথম যে স্কন্ধ পঞ্চক যোনির দহিত সম্বন্ধ হয়, অর্থাৎ যোনি-সম্বন্ধ বে রূপাদি স্বন্ধপঞ্চক, তাহাই প্রকৃতস্থলে বিজ্ঞান নামে পরিভাষিত হইরাছে। পরবর্ত্তী যে গর্ড সম্বদ্ধ স্ক্রপঞ্চক তাহাই নাম-রূপ নামে পরিভাবিত হইরাছে। এই নাম-রূপের পরে ঘাণ, রসনা, চক্ষুঃ, কায়, শ্রোত্র ও মন নামে বড়্বিধ আয়তনের উৎপত্তি হর। এইইলে ঘ্রাণাদি ইন্দ্রিরের যে নাসিকাদি সুল আধারগুলি তাহাই ষড়ারতন নামে অভিহিত হইরাছে। স্থুল যে হাদর-স্থান তাহাই মন হইবে। গর্ভ-নিক্ষাশনের পরবর্ত্তী জ্ঞান-শক্তি (অর্থাৎ, ইহাতে হাত দিলে হাত পুড়িয়া যাইবে, ইহাকে স্পর্শ করিলে ইহা কামড়াইবে — এইভাবে স্থখ বা তঃগ-কারণত্তের যে পরিচ্ছেদ, তাহাকে এই স্থানে জ্ঞান-শক্তি বলা হইয়াছে) উৎপন্ন হওয়ার পূর্ব্ধবর্ত্তী যে বিষয়েক্তিয়সম্বন্ধ জনিত বালাবস্থা, তাহাই স্পর্শ নামে পরিভাষিত হইরাছে। এই জ্ঞান-শক্তি উৎপন্ন হওয়ার পরবর্তী এবং মৈথুন-রাগের, অর্থাৎ ভোগাভিলাষের, পূর্ববর্ত্তী ংবে অবস্থা যাহা তওম্বিজ্ঞানের সহভূ, তাহাকে অভিধর্মশাস্ত্রে বেদনা নামে পরিভাষিত করা হইয়াছে। মৈথুনাদিতে যে অভিলাষ তাহাই তৃঞা, অতিবৰ্দ্ধিত যে মৈখুন রাগ, তাহাকে এইস্থলে উপাদান বলা হইয়াছে। এই উপাদানের পরবর্তী যে কর্ম, ধাহা আগামী জ্বের কারণ, তাহাই ভব নামে অভিহিত হইরাছে। এই পুনর্জনের, অর্থাৎ ভবের, পরবর্তী যে বিজ্ঞানাদি বেদনান্ত অবস্থা, তাহাই এই স্থলে জ্রা-মরণ নামে পরিভাষিত হইয়াছে।

দাদশাঙ্গ প্রতীত্যসম্ৎপাদকে আবার অন্ত প্রণালীতে তিনভাগে বিভক্ত করা হইয়াছে — ক্লেশ, কর্ম্ম ও বস্তা। অবিদ্যা, তৃষ্ণা ও উপাদান এই তিনটাকে বলা হইয়াছে ক্লেশ। রাগত্বাদি ধর্মের দারা ইহারা সকলেই ক্লেশ-স্বভাব। সংস্কার ও ভব এই তুইটাকে বলা হইয়াছে কর্মা। অতীত জন্মের বে ভবাদি কর্ম্ম, যাহা হইতে বর্ত্তমান জন্মের প্রাপ্তি হইয়াছে তাহা সংস্কার নামে এবং বর্ত্তমান জন্মের দ্বারা আগামী জন্মের প্রাপক যে মৈথুনাদি ক্রিয়া অন্তর্ভিত হইবে তাহাই ভব নামে পরিভাষিত হইয়াছে। স্মৃতরাং, স্বভাবতঃ সংস্কার ও ভব এই উভয়ই কর্ম্ম। অবশিষ্ঠ বিজ্ঞান, নাম-রূপ, ষড়ায়তন, স্পর্শ, বেদনা, জাতি ও জ্বরা-মরণ এই সাতেটী অভিধর্মশান্ত্রে বস্তু নামে পরিভাষিত হইয়াছে।

ইহাদের মধ্যে কোথাও ক্লেশ হইতে অন্ত ক্লেশ সমুৎপন্ন হয়; যথা—
উপাদানরূপ ক্লেশ তৃষ্ণারূপ অন্ত ক্লেশ হইতে সমুৎপন্ন হয়। কোথাও বা
বস্ত হইতে ক্লেশ হইয়া থাকে; যেমন—বেদনারূপ বস্ত হইতে তৃষ্ণারূপ ক্লেশ
সমুৎপন্ন হইয়া থাকে। কোথাও ক্লেশ হইতে ক্রিয়া উৎপন্ন হয়; যথা—
উপাদানাত্মক ক্লেশ হইতে ভবনামক ক্রিয়া সমুৎপন্ন হয়। কোথাও ক্রিয়া
হইতে বস্ত উৎপন্ন হয়; যেমন—সংস্কারাত্মক ক্রিয়া হইতে বিজ্ঞানাত্মক বস্তু সমুৎপন্ন
হইয়া থাকে; অথবা, ভবনামক ক্রিয়া হইতে জাতিনামক বস্ত উৎপন্ন
হইয়া থাকে; আবার কোথাও বস্ত হইতে বস্তু সমুৎপন্ন হইয়া থাকে;
যথা—বিজ্ঞাননামক বস্তু হইতে নামরূপাত্মক বস্তু অথবা জাতিনামক বস্তু
ইইতে জ্বরামর্ণ্রূপ বস্তু সমুৎপন্ন হইয়া থাকে।

অন্তপ্রকারে অবিহা প্রভৃতির নিরূপণ করা যাইতেছে। অবিহা এই কথাটীর যদি 'যাহা বিহা নহে তাহাই অবিহা' এইপ্রকার অর্থ গ্রহণ করা যায়, তাহা হইলে চক্ষুরাদি ইন্দ্রিয়েরও অবিহাত্ব স্বীকার করিতে হয়। কারণ, এগুলিও বিহা হইতে ভিন্ন বস্তু। শাস্ত্রে বা লোকে ঐ চক্ষু প্রভৃতি ইন্দ্রিয়-গুলিকে অবিহা নামে ব্যবহার করা হয় না। এজন্ত, যাহা বিহা নহে এই অর্থে আমরা অবিহা পদটীকে গ্রহণ করিতে পারি না। বিহার অভাবই অবিহা — ইহাও আমরা বলিতে পারি না। কারণ, ইহাতে অবিহাকে অদ্রব্য বা অলীক বলিয়া স্বীকার করিতে হয়। বৌদ্ধতে অদ্রব্যাত্মক অভাব শশশ্লবং অলীক। অভিধর্মশাস্ত্রে অবিহাকে সংস্কারের প্রত্যয় বলা হইয়াছে।' প্রভার কথনও অদ্রব্য বা অলীক হইতে পারে না। স্থতরাং, বিহার অভাব এই অর্থেও আমরা অবিহা পদটীকে গ্রহণ করিতে পারি না।

অতএব, বিভার বিরোধী এই অর্থেই প্রকৃতস্থলে অবিভা শব্দটী গ্রহণ করিতে হইবে। ইহাতে এমন একটী দ্রব্যকে আমরা অবিভা নামের অর্থ বিলিয়া বৃঝিলাম যাহা বিভার সহিত বিরোধ করে, অর্থাৎ যাহা বিভার প্রতিদ্বন্দী বা প্রতিপক্ষ। একলে চক্ষুরাদি ইন্দ্রিয়ে বা অলীক অভাবে অবিভাত্বের আপত্তি হইবে না। কারণ, চক্ষুরাদি ইন্দ্রিয়গুলি অবিভার বিরোধী নহে। উহারা বরং দোব না থাকিলে বিভার আমুক্লাই করে। অলীকের পক্ষে

১। অবিদ্যাপ্রতায়াঃ সংস্কারা ইতি। কোশস্থান ২, কা ২৮, ক্টার্থা।

কাহারও সহিত বিরোধ করা সম্ভব নহে বলিয়াই এফণে আর অদ্রব্যাত্মক অভাবে অবিভাগের আপত্তি হইবে না। বহু বহু হলে আমরা বিরোধ অর্থে নঞের প্ররোগ দেখিতে পাই। এজন্ত, অবিভা পদের প্রদর্শিত ব্যাখ্যায় জপ্রসিদ্ধার্থতা দোবও নাই। অমিত্র কথার অর্থে আমরা মিত্রতার বিরোধ-কারীকেই গ্রহণ করি। যাহা মিত্র নহে এমন অচেতন ঘটপটাদি বস্তগুলিকেও আমরা অমিত্র বলি না এবং মিত্রের অভাবরূপ অদ্রব্যকেও আমরা অমিত্র বলিয়া বৃঝি না। পরস্ত, যিনি মিত্রভার বিরোধ করেন এমন যে শক্রব্যক্তি, তাহাকেই আমরা অমিত্র বলিয়া মনে করি। এই প্রকার অধর্ম্ম, অনর্থ অকার্য্য, অযুক্তি প্রভৃতি অনেকানেক প্রচলিত পদ আছে, যেহলে বিরোধ অর্থেই নঞ্ছের প্রয়োগ হইয়াছে।

এই যে বিভাবিরোধী ধর্ম ইহা একপ্রকার চৈত্ত। ইহাকে ক্লেশ-মহাভূমিক মোহ নামে দ্বিতীর কোশস্থানে বলা হইয়াছে। সৎকারদৃষ্টি প্রভৃতি কুপ্রজ্ঞাকে অবিগ্যা বলিয়া ব্ঝিলে ভ্রমে পতিত হইতে হইবে। কারণ, দ্বিতীয় অধ্যায়ে মতি বা প্রজ্ঞাকে মহাভূমিক এবং অবিভাকে ক্লেশমহাভূমিক বলা হইয়াছে। আরও সেইস্থানে ইহাও বলা হইয়াছে বে, বাহা ক্লেশ্মহাভূমিক হইবে তাহা অবগ্রই সংকায়দৃষ্টি প্রভৃতি কোনও না কোন মহাভূমিক চৈত্তের দারা সম্প্রযুক্ত হইবে। বাহা বংসম্প্রযুক্ত তাহা অবগ্রই তাহা হইতে ভিন্ন হইবে। স্থতরাং, সংকারদৃষ্টি প্রভৃতি কুপ্রজা হইতে অবিছা সম্পূর্ণ পৃথক্ ধর্ম। রাগ, প্রতিঘ প্রভৃতি ক্লেশ হইতেও এই অবিভা পৃথক্ ধর্ম। কারণ, পঞ্চম কোশস্থানে ক্লেশের পরিগণনায় পঞ্চবিধ ক্লেশের অন্ততম রূপে পৃথগ্ভাবে অবিগা উল্লিখিত হইগাছে। ভদস্ত প্রীলাভ মনে করেন যে, রাগাদি ক্লেশ হইতে অবিছা পৃথক্ ধর্ম নহে; পরন্তু, অবিছা কথাটা যাবতীয় ক্লেশের একটা সাধারণ সংজ্ঞা। এই মত যে ভ্রান্ত তাহা আমরা পূর্বের যুক্তিতেই বুঝিতে পারি। কারণ, ক্লেশমহাভূমিকে পঠিত যে অবিভা তাহা মহাভূমিতে পঠিত যে প্রজা তাহা হইতে ভিন্ন হইবেই এবং সংকায়দৃষ্টি প্রভৃতি প্রজাত্মক ক্লেশ হইতে যদি অবিভা পৃথক্ বস্তু হয়, তাহা হইলে উহা সৎকায়দৃষ্টি প্রভৃতি ক্লেশের কথনও সাধারণ সংজ্ঞা হইতে পারে না।

শিপস্কর ভিন্ন যে বিজ্ঞানাদি স্করচতুষ্টর তাহা নাম কথার অর্থ এবং রূপক্ষর্ক

রূপ কথার অর্থ। স্থতরাং, নাম-রূপ পদের দ্বারা গর্ভগত যে পঞ্চ-স্কন্ধ, তাহাই পাওয়া যাইতেছে। অপরাপর অঙ্গ পূর্কবিং।

ভামতীতে এইস্থলে যে নামের ব্যাখ্যা আছে, তাহা ভ্রান্ত। কারণ, বাচম্পতি
থিশ্র বলিরাছেন — চত্তারো রূপিণঃ স্বর্নাঃ তরাম। রূপী স্বন্ধ নাম নহে; প্রস্তু,
অরূপী স্বন্ধই নাম।

অষ্টম পরিভেচ্ন

<u>ঈশ্বরখণ্ডন</u>

ষ্ট্রপ্তার কারণত থওন করিতে গিয়া বৈভাষিকসম্প্রদার বলিয়াছেন বে, সর্বজ্ঞ-সর্বশক্তিমান্ মহাদেব বা বাস্তদেব প্রভৃতি যে কোনও প্রুষ্ববিশেবের অন্তিত্ব স্বীকার করিয়া যদি ক্ষিতাস্কুরাদি জড়পদার্থের অথবা কললবুদ্ধ দাদি প্রাণি-জগতের প্রতি উক্ত সর্বজ্ঞ-সর্বশক্তিমান পুরুষকে কারণক্রপে গ্রহণ করা যায়, তাহা হইলে আমরা যে কার্য্যোৎপাদে ক্রম দেখিতে পাই — অর্থাৎ, প্রথমে বীজ হইতে অনুর, পরে পত্র, অনন্তর কাণ্ড, প*চাং পুন্স এবং শেনে কলের উৎপত্তি হর বলিয়া আমরা জানি, এইরূপ প্রাণিজগতের ত্লেও প্রথমে কল্ল, পরে বুদ্ব দাদি ক্রেমে শরীরের স্বান্ত দেখা যার, তাহা অনুপ্রন্ন ইইয়া পড়ে। কারণ, বিনি ঈশ্বর ছইবেন, অর্থাৎ দর্বজ্ঞ ও দর্বেশক্তিমান্ হইবেন, তিনি অবশ্রুই জন্মনিরপেক্ষ হইবেন। অম্মদাদির ন্যায় অন্তুসাপেক্ষতা স্বীকার করিলে ঈশ্বরে সর্বশক্তিমতা ব্যাহত হইরা যাইবে। এইরূপ হইলে সকল সময়েই সকল কার্য্যের পর্য্যাপ্ত কারণটা, অর্থাৎ একমাত্র কারণ, ঈশ্বরটা উপস্থিত থাকায় সকল কার্য্যের সমকালে উৎপত্তি অত্যাবশ্রুক হইবে। সামগ্রীর বিলয়ই কার্য্যোৎপাদে বিলম্বের হেতু হয়। ঈশ্বরের কারণতাপক্ষে সামগ্রীর বিলম্ব কল্পনাবহির্ভ হওয়ায় তাবৎ-কার্য্যের সমকালে উৎপত্তির আপত্তি অথওনীয় হইরা পড়ে। কিন্তু, বাস্তবিকপক্ষে অন্তুর হইতে আরম্ভ করিরা ফল পর্য্যস্ত জড়ছগতের কার্য্যগুলি বা কলল হইতে আরম্ভ করিয়া বৃদ্ধশরীর পর্যাস্ত প্রাণিজগতের কার্য্যগুলি সমকালে সমুৎপন্ন হয় না। এই কারণেই সর্ব্বজ্ঞ-পর্বশক্তিমান্ স্বাথরকে অভুর বা কললাদি কার্য্যের কারণরণে প্রমাণসিদ্ধ বিলয়া স্বীকার করা সম্ভব হয় না।

ক্রমিক কার্য্যোৎপাদের স্থায় দেশকালভেদেও বিভিন্ন কার্য্যের উৎপত্তি হইতে দেখা যায়। এই যে প্রত্যক্ষাদিপ্রমাণসিদ্ধ কার্য্যের দেশকাল

ভেদে সমুংপত্তি তাহাও অব্যাখ্যাতই থাকিয়া যার, যদি সর্বাঞ্চ-সর্বাশক্তিমান্ ঈশ্বরকে জগতের কারণরূপে স্বীকার করা হয়। আমরা ইহা দেখিতে পাই যে, যে ফলপুপাদি দ্রব্যগুলি পশ্চিম বা উত্তর দেশে যে স্থাদগরুবর্ণাদি লইয়া উৎপন্ন হয়, সেই দ্রব্যগুলি পূর্ব্ব বা দক্ষিণ খণ্ডে সেই স্বাদগন্ধবর্ণাদি লইয়া সেইভাবে সমুৎপন্ন হয় না; দেশভেদে কোনও না কোনও বৈলক্ষণ্য উহাদের অবশুই থাকে। এইরূপ কোনও কোনও ফলপুঁপাদি কোনও কোনও ঋতুতেই সমুৎপন্ন হয়, অভ ঋতুতে হয় না। এই যে প্রমাণসিদ্ধ प्निकानाङ्य कार्यानिरम्दर्व मम्९भान, हेश नर्दछ-नर्द्वमङ्किमान् क्रेश्वत्क জগতের কারণ বলিয়া স্ব:কার করা হইলে ব্যাহত হইয়া ঘাইবে। কারণ, কার্য্যের কোনও সর্বজ্ঞ সর্বাশক্তিমান্ কারণ থাকিলে উহা সর্বাশক্তিমান্ হওয়ায় অন্যসাপেক্ষই হইবে। যাহা দৰ্জনিক্ষান্ তাহা স্বকার্য্যে অন্তসাপেক্ষ হইতে পারে না। এইরূপ হইলে গ্রীম্মকালীন ফলপুষ্পাদির হেমন্তে এবং হৈমন্তিক শ্রভাদির গ্রীম্মে অবশ্রাই সমুৎপাদ হওয়া উচিত এবং পশ্চিম দেশে যাহা হয় তাহার পুর্বদেশে ও পূর্বদেশে যাহা হয় তাহার পশ্চিমদেশে দমুৎপাদ হওয়া উচিত। কিন্তু, আঁখরা দেশকালভেদেই বিভিন্ন কার্য্যের সমুৎপাদ দেথিতে পাই। অতএব, সর্বজ্ঞ-সর্বশক্তিমান্ কোনও চেতনকে স্রষ্টা বলিয়া স্বীকার করা সমীচীন হইবে না।

যদি বলা যায় যে, সর্বজ্ঞ-সর্বশক্তিমান্ চেতনের প্রষ্ট্রপক্ষে পূর্বের যে অমুপণত্তি প্রদর্শিত হইয়াছে, তাহা স্থবিবেচিত হয় নাই। কারণ, সর্বজ্ঞ-সর্বশক্তিমান্ কারণটা স্বতম্ত চেতন বলিয়া নিজের ইচ্ছামুসারেই কার্য্য-সমূহের স্পষ্টি করিয়া থাকেন। তিনি স্বতম্ত্র বলিয়াই তাঁহার স্বাধীন ছন্দ বা ইচ্ছার প্রতি কোনও পর্যামুযোগ সম্ভব হয় না। পরাধীনতা-পক্ষেই পর্যামুযোগের অবসর থাকে। স্থতরাং, "অমুক কার্য্য অমুক দেশে বা অমুক কালে সমূপের হউক" এইপ্রকার ঐশ্বর ছন্দ বা ইচ্ছার অবিরোধেই কার্য্যবিশেষ ক্যুপের হউক" এইপ্রকার ঐশ্বর ছন্দ বা ইচ্ছার অবিরোধেই কার্য্যবিশেষ ক্যুপের হউরা থাকে এবং কার্য্যোৎপত্তির ক্রমিকত্বও কেশা বা কালবিশেষে সমূপের হইয়া থাকে এবং কার্য্যোৎপত্তির ক্রমিকত্বও অভিপ্রেত বলিয়াই আমরা ঈশ্বরোৎপাদিত বস্তুসমূহের ক্রমিকত্ব দেখিতে পাই। তাহা হইলেও উত্তরে বৈভাষিকসম্প্রদায় বলিবেন যে, ঈশ্বরবাদী ছরাগ্রহের বশবর্ত্তী হইয়া পূর্ব্বাক্ত প্রকারে নিজ মতের পরিপোষণ করিয়াছেন। তাহার

স্বমত-সমর্থনের যুক্তিগুলি বে আদে যুক্তিই হর নাই, আভাস হইরা গিয়াছে, তাহাও তিনি ভাবিয়া দেখিবার অবকাশ পান নাই। কারণ, তিনি সর্বজ্ঞ-সর্বশক্তিমান্কে অন্থানিরপেক্ষ, অর্থাৎ একমাত্র, কারণ বলিয়াছেন এবং আরও বলিরাছেন যে, উহা নিজ ছন্দের অবিরোধেই দেশ ও কালভেদে কার্য্যগুলির স্ষ্টি করেন। ইহাতে প্রশ্ন হইবে যে, হেমন্তকালে বা পুক্দেশে ঈশ্বর যে কার্যাটীর সৃষ্টি করিলেন, সেই হেমন্তকালে বা সেই পূর্বলেশে তিনি গ্রীমকালে বা পশ্চিমদেশে স্রষ্টব্য যে কার্যাগুলি, তাহাদের সমূৎপাদনে সমর্থ ছিলেন কি না ? বদি তৎকালে তদ্দেশেও তিনি অন্তকালীন বা অন্তদৈশিক কার্য্যের সমুৎপাদন-সামর্থ্য লইয়া বিভাষান থাকেন, তাহা হইলে তাহাকে হেমন্তকালেও গ্রীষ্মকালীন ফলপুসাদির সৃষ্টি করা এবং পূর্বদেশেও পশ্চিম-দেশভাত বস্তুর স্বৃষ্টি করা অত্যাবশুক হইবে। কারণ, সমর্থের পক্ষে কালক্ষেপ বা দেশক্ষেপ করা সম্ভব হয় না। এই কারণেই ঈশ্বরকে কাল বা দেশ-বিশেষে কার্য্যবিশেষের প্রতি অসমর্থই হইতে হইবে। বাহা একদা বা দেশ-বিশেষে কার্য্যবিশেষের প্রতি অসমর্থ হয়, তাহা সর্ব্যকালে এবং সর্ব্যদেশে সেই কার্য্যের প্রতি অনমর্থই হইরা গাকে। সামর্থ্য ও অসামর্থ্যের পরস্পর বিরোধ থাকার উহারা কথনই সমাবিষ্ট, অর্থাৎ একাধিকরণে অবস্থিত, <mark>হইতে পারে না। ভাবাভাবের বিরোধ এবং বিক্লব্ধের অসমাবেশ প্রসিদ্ধই</mark> আছে ৷

যদি বলা যায় যে, ঈশ্বর সর্বজ্ঞ-সর্বাশক্তিমান্ ইইলেও তিনি প্রষ্টব্য কার্য্যের সমুৎপাদনে অক্সনিরপেক্ষ নহেন, পরন্ত, অপরাপর সহকারীর সমবধানেই তিনি প্রষ্টব্য কার্য্যের সমুৎপাদন করিয়া থাকেন। ইহা আমরা দেখিতে পাই যে, যে লোকটা বাস্তবিকপক্ষে কোন কাজ করিতে সমর্থ আছেন, তিনি অপরাপর সহকারি-কারণের সমবধান ঘটিলেই সেই কাজটা সম্পাদন করেন। একটা লোক লিখিতে সমর্থ হইলেও কালি, কলম, কাগজ প্রভৃতি সহকারি-কারণগুলির সমবধান হইলেই তিনি লেখনরূপ কাজটা করেন। উহাদের অক্সতম না থাকিলে তিনি সামর্থ্যসন্ত্রেও লিখিতে পারেন না। যথন তিনি কাগজ্ঞের অভাবে লিখিতে পারিলেন না, সেই সময়ের জন্ম কি তিনি লিখিতে অসমর্থ ছিলেন? স্প্তরাং, সমর্থের সহকারিসাপেক্ষতা প্রসিদ্ধই আছে। এইরপ ইইলে

সর্বান্ত-সর্বাশ ক্রিমানের পক্ষেও সর্বাকাল বা সর্বাদেশে সর্বাক্তার সমুৎপাদনের

• আপত্তি হুইবে না।

তাহা হইলেও উত্তরে বৈভাষিকগণ বলিবেন যে, আমাদের পূর্ব্বপক্ষী যাহা সাধ্য তাহাকেই দৃষ্টান্তরূপে গ্রহণ করিরা সমর্থের স্বকার্য্যাৎপাদনে কাল-ক্ষেপের দৃষ্টান্তরূপে গ্রহণ করিরা সমর্থের স্বকার্য্যাৎপাদনে কাল-ক্ষেপের দৃষ্টান্ত দেখাইরাছেন। কারণ, কারণগত যে কার্য্যান্ত্রকূল সামর্থ্য, তাহা প্রভাগেদির নহে; একমাত্র কার্য্যরূপ লিঙ্গের দ্বারাই তাহা অনুমিত হইয়া থাকে। যে কালে লেখনরূপ কার্য্যটী থাকিবে না, সেই কালেও পুরুষে লেখনসামর্থ্যের বিশ্বমানতা স্বীকার করিরাই পূর্ব্বপক্ষী দৃষ্টান্তের অবভারণা করিয়াছেন। তৎকালে লেখনাম্মক কার্যা না থাকার লিঙ্গের অভাবে যে তৎকালাবছেদে সেই পুরুষে লেখনসামর্থ্যের অনুমান হইতে পারে না, তাহা তিনি ভাবিয়া দেখেন নাই। স্থতরাং, পূর্ব্বপক্ষী যে দৃষ্টান্তের সমুপত্থাপন করিয়াছেন তাহার দ্বারা সমর্থের স্কার্য্যে কালক্ষেপ প্রমাণিত হইতে পারে না। পূর্ব্বকালীন যে লেখনাম্মক কার্য্যটী তাহার দ্বারা পুরুষে পূর্ব্বকালাবছেদেই লেখনসামর্থ্যের অনুমান হইতে পারে। উহার দ্বারা অন্তকালাবছেদেও পুরুষে লেখনসামর্থ্য থাকে বলিয়া প্রমাণিত হইতে পারে না। অতএব, সর্বপ্রত্ত-সর্বেশক্তিমান্ চেতন বস্ত্বকে জগতের প্রস্তাব লিয়া স্বীকার করা যায় না।

এতক্ষণ পর্যান্ত আমরা যে বিচার করিলাম, তাহাতে আমরা যেন পূর্ব্ধপক্ষীর অভিপ্রেত ঈশ্বরনামক বস্তুটীকে স্থীকার করিরাই লইরাছি এবং ঐরপ সর্বজ্ঞ-সর্ব্ব-শক্তিমান্ ঈশ্বর যে জগতের প্রষ্টা হইতে পারেন না তাহারই প্রতিপাদন করিরাছি। কিন্তু, বাস্তবিকপক্ষে বৈভাষিকসম্প্রদায় ঈশ্বরকে স্থীকার করিয়া লইরা তাঁহার জগৎপ্রস্টুত্ব খণ্ডন করেন নাই। পরস্তু, সর্বজ্ঞ-সর্বশক্তিমান্ ঈশ্বরের অন্তিত্বই তাঁহারা স্বীকার করেন নাই। কোনও প্রমাণের দ্বারা যে ঈশ্বরের অন্তিত্ব প্রমাণিত হয়, ইহা তাঁহারা মনে করেন না। স্কুতরাং, এক্ষণে আমরা বৈভাষিক্মতানুদারে ইহাই প্রতিপাদন করিতে চেন্তা করিব যে, কোনও প্রমাণের দ্বারাই সর্বজ্ঞ-সর্বশক্তিমান্ ঈশ্বরন্যুমক বস্তু প্রমাণিত হয় না। এইরূপ হইলে ধর্মীর অভাবে তাঁহার জগৎপ্রস্টুত্ব অনায়াসেই খণ্ডিত হইয়া যাইবে। ধর্মীটী অলীক হইলে তৎসম্পর্কে করিত ধর্মগুলি অনায়াসেই খণ্ডিত হইয়া যায়।

বৈভাবিকমতে প্রত্যক্ষ ও অনুমান এই তুইপ্রকার প্রমাণই স্বীকৃত হইয়াছে।

সর্বজ্ঞ-সর্বাদজিমান্ ঈশ্বর যে প্রত্যক্ষের দ্বারা প্রমাণিত নহেন, ইহা সর্বাদিসক্ষত।
ক্ষাবাধি কোনও স্কুমন্তিদ্ধ লোকই ইহা বলেন নাই যে, তিনি স্বচকুর দ্বারা
ঈশ্বরকে দেখিরাছেন বা স্বীয় স্পার্শনেন্দ্রিয়ের সাহায্যে তাঁহাকে স্পর্শ করিয়াছেন।
দ্রাণাদি অবশিষ্ট ইন্দ্রিয়গুলির ত ধর্ম্মাংশ-গ্রহণে সামর্থাই নাই; ঐ সকল ইন্দ্রিয়ের
সাহায্যে প্রাণিগণ গ্রাদি ধর্মেরই গ্রহণ করে। স্কুতরাং, প্রত্যক্ষের দ্বারা মে
ঈশ্বরের অন্তিম্ব প্রমাণিত হর না, ইহা নিঃসন্দিশ্বই আছে।

কেহ কেহ এইরূপ মনে করেন যে, যদিও প্রত্যক্ষ প্রমাণের দ্বারা ঈশ্বর প্রমাণিত হন না ইহা সত্য; তথাপি অনুমান প্রমাণের দারা ঈশ্বররূপ ধর্মী প্রমাণিত আছেন। ইহার অভিপ্রায় এই যে, মৃত্তিকা, দণ্ড, জল, স্ত্র প্রভৃতি বে অচেতন বস্তগুলি ঘটরূপ কার্য্যের কারণ বলিয়া সন্মত আছে, সেই অচেতন বস্তুগুলি যদি কুন্তকাররূপ চেতনের দারা অধিষ্ঠিত, অর্থাৎ প্রেরিত বা ব্যাপারিত, না হর, তাহা হইলে উহারা ঘটাত্মক কার্য্যের আরম্ভ বা স্বৃষ্টি করে না। এইরূপ অস্তান্ত কার্য্যন্তনেও ইহা দেখা যায় যে, সেই সেই কার্য্যের কারণ বলিয়া স্বীকৃত যে অচেতন বস্তগুলি তাহারা নিজ নিজ কার্য্যের আরম্ভ করে না, যদি তাহারা কোনও চেতনের দ্বারা অধিষ্ঠিত না হয়। অতঞ্য, উক্ত অভিজ্ঞতা বা দৃষ্টাস্তদর্শনের দারা ইহাই প্রমাণিত হইয়া गাইতেছে যে, চেতনানধিষ্ঠিতত্ববিশিষ্ট বে অচেতনত্বরূপ ধর্মটা, তাহার প্রতি কার্য্যানারম্ভকত্ব, অর্থাৎ কার্য্যারম্ভকত্বের অভাবটী, ব্যাপক হইনা গিরাছে। এইরূপ হইলে ফলতঃ কার্য্যানারস্তকত্বের পর্কে চেতনান িষ্টিতত্ববিশিষ্ট অচেতনত্ব ব্যাপ্য হইল। তুইটীর মধ্যে একটা বাাপক হইলে অপরটী ব্যাপ্য হইবেই। ব্যাপকের অভাবের দ্বারা যে ব্যাপ্যের অভাব থমাণিত হয়, ইহা সকলেই স্বীকার করিয়া গাকেন। কার্য্যারম্ভকত্বই হই^{বে} ব্যাপকের অভাব এবং চেতনানধিষ্টিতত্ববিশিষ্ট অচেতনত্বের যে অভাব তাহাই ব্যাপ্যাভাব হইবে।

ফিতি, অন্বর প্রভৃতি কার্য্যের স্থলে উহাদের প্রমাণুসমূহে কার্য্যারম্ভকত্রপ ব্যাপকাভাব সকলেই স্বীকার করিয়া থাকেন। সকলে ইহা স্বীকার করেন যে, ঐ কার্য্যগুলি তাহাদের প্রমাণুগুলির পরম্পর মিলনের ফলেই সমার্ক, অর্থাৎ সমূৎপন্ন, হইরাছে। এইরূপে উক্ত প্রমাণুসমূহে স্বকার্য্যারম্ভকত্ব থাকিলে চেতনা-নিষ্ঠিতত্ববিশিষ্ট অচেতনত্বের অভাবও নিশ্চরই থাকিবে। কারণ, চেতনা-ধিষ্ঠিতত্ব-

বিশিষ্ট অচেতনত্বের ব্যাপক যে স্বকার্য্যানারম্ভকত্ব, তাহার অভাব অর্থাৎ স্বকার্য্যারম্ভকত্ব, ঐ প্রমাণ্গুলিতে বস্তুতঃই আছে। বিশেষ্যাংশটী থাকিলে বিশিষ্টা-ভাবটী ফলতঃ বিশেষণের অভাবেই পর্য্যবসান প্রাপ্ত হয়। প্রকৃত স্থলে ব্যাপ্যা-ভাবটী একটা বিশিষ্টাভাব। কারণ, উহা চেতনানধিষ্টিতত্ববিশিষ্ট যে অচেতনত্ব-ন্যপ বিশিষ্ট ধর্ম তাহারই অভাব। উক্ত বিশিষ্টটার বিশ্লেষণ করিলে উহাতে আমরা তুইটী অংশ পাই। একটা চেতনানধিষ্টিতত্ব এবং অপ্রটী অচেতনত্ব। ইহাদের মধ্যে প্রথম অংশটী বিশেষণ ও দ্বিতীয় অংশটী বিশেষ্য। অচেতনত্ব-রূপ বিশেষ্যাংশটা প্রমাণুতে সর্বসন্মতভাবে বিগ্নমান থাকার উক্ত স্থলে বিশিষ্টাভাবটী ফলতঃ চেতনানধিষ্ঠিতত্বরূপ বিশেষণাংশের অভাবেই পর্য্যবসিত হইবে। স্থতরাং, উক্ত স্থলে প্রমাণুগুলিতে চেতনানধিষ্ঠিতত্বের অভাব, অর্থাৎ চেতনা-ধিষ্ঠিতত্বই, প্রমাণিত হইল। অতএব, এক্ষণে ইহা ব্রা গেল যে, 'পর্বত ও অদ্রাদির প্রমাণুসমূহ চেতনানিধিষ্ঠিতত্ববিশিষ্ট অচেতনত্বের অভাববিশিষ্ট, যেহেতৃ ঐ প্রমাণুসমূহে কার্য্যানারম্ভকত্বের অভাব, অর্থাৎ কার্য্যারম্ভকত্ব, বিভ্যমান আছে'' এই অনুমানের দার। উক্ত প্রমাণু গুলির চেতনাধিষ্ঠিতত্ব প্রমাণিত হইয়া গেল। এইরপে প্রমাণুর চেতনাধিষ্ঠিতত্ব প্রমাণিত হইলে ফলতঃ সর্বজ্ঞ-সর্বশক্তিমান্ ঈশ্বরও প্রমাণিতই হইল। কারণ, অম্মদাদির স্থায় অরজ্ঞ এবং অরশ্জি-শম্পন পুরুষ কথনই প্রমাণুর অধিষ্ঠাতা বা প্রেরক হইতে পারে না। অতএব, প্রমাণুর অধিষ্ঠাতা প্রমাণিত হইলে ফলতঃ সর্বজ্ঞ-সর্বশক্তিমান্ যে ঈশ্বর তিনিই প্রমাণিত হইলেন। প্রদর্শিত প্রণালীতে অনুমানের সাহায্যে কেহ কেহ ঈশ্বররূপ ধর্মীকে প্রমাণিত করিয়াছেন।

পূর্ব্বোক্ত অনুমানের দ্বারা সর্বজ্ঞ-সর্বশক্তিমান্ ঈশ্বরাত্মক ধর্মী প্রমাণিত হইতে পাঁরে না বলিয়াই বৌদ্ধ তার্কিকগণ মনে করেন। এ অনুমানের ভিত্তিরূপে যে পাঁরে না বলিয়াই বৌদ্ধ তার্কিকগণ মনে করেন। এ অনুমানের ভিত্তিরূপে যে নিয়ম প্রদর্শিত হইয়াছে, তাহা গ্রহণযোগ্য হয় নাই। কারণ, হেতুতে বিপক্ষবৃত্তিত্বের নিয়ম প্রদর্শিত হার্মাকৃত না হওয়ায় উহা অনৈকান্তিকতা-দোমে ছয়্ট হইয়া গিয়াছে। সন্দেহ নিয়াকৃত না হওয়ায় উহা অনৈকান্তিকতা-দোমে ছয়্ট হইয়া গিয়াছে। ইহার অভিপ্রায় এই য়ে, "য়ে য় স্থানে চেতনান্ধিষ্টিতত্ববিশিষ্ট মচেতনত্ব থাকে সেইয়প একটা নিয়মকে মূলয়ণে গ্রহণ করিয়াই স্থানে কার্য্যানারম্ভকত্ব-রূপ ব্যাপকের বিক্রন্ধ য়ে কার্য্যারম্ভকত্ব, তাহার দ্বারা পর্ব্বতাদিকার্য্যানারম্ভকত্ব-রূপ ব্যাপকের বিক্রন্ধ য়ে কার্য্যারম্ভকত্ব, তাহার দ্বারা পর্ব্বতাদিকার্য্যানারম্ভকত্ব-রূপ ব্যাপকের বিক্রন্ধ মে কার্য্যারম্ভকত্বনিষ্ট অচেতনত্বের অভাবরূপ কার্য্যার

বিশিষ্টাভাবের সাধন করিয়াছেন এবং উহাতেই ফলতঃ উক্ত প্রমাণুগুলির চেতনাবিষ্টিতত্ব প্রমাণিত হইয়া গিয়াছে বলিয়া পূর্ব্বপক্ষী মনে করিয়াছেন। বাস্তবিক্পক্ষে পর্বকাদি কার্য্যের আরম্ভক পরমাণুনমূহের চেতনাবিষ্টিতত্ব প্রমাণিত হইয়া যাইত, যদি পূর্ব্বক্থিত নিয়মটী গ্রহণযোগ্য হইত। কিন্তু, প্রক্তপক্ষে তাহা হয় নাই। কারণ, উক্ত নিয়মের সাধ্যকোটিতে প্রবিষ্ট বে কার্য্যানারম্ভকত্ব, তাহার বিপক্ষভূত যে কার্যারম্ভক পরমাণু প্রভৃতি, তাহাতে চেতনানবিষ্টিতত্ববিশিষ্ট অচেতনত্ব-রূপ হেতুর বৃত্তিত্ব সন্দিগ্ধ রহিয়াছে। উক্ত সন্দেহের নিবর্ত্তক কোনও বাধক প্রমাণের সমুপস্থাপন করা ঐন্থলে সম্ভব হইবে না। স্মৃতরাং, হেতুর বিপক্ষবৃত্তিত্ব সন্দিগ্ধ থাকার অনৈকান্তিকতাবশতঃ প্রদর্শিত অনুমানের মূলীভূত নিয়মই প্রমাণিত হইতে পারে নাই। এই কারণে ক্থিত অনুমানের দ্বারা সর্ব্বজ্ব স্ব্বশক্তিমান্ ঈশ্বররূপ ধর্মী প্রমাণিত হইতে পারে না।।

প্রদর্শিত বিপক্ষরতিত্ব-সন্দেহের বিক্রদ্ধে পূর্ন্মপক্ষী থদি বলেন যে, পর্ব্বতাদিক্রপ কার্য্যের আরম্ভক পরমাণুগুলি যদি বাস্তবিকপক্ষেই প্রকৃত অনুমানের হলে বিপক্ষ হইত, তাহা হইলে অবশুই উহাতে চেতনানধিষ্ঠিতত্ববিশিষ্ট অচেতনহের বিভামানতা সন্দিশ্ধ থাকার উহা অনৈকাস্তিকতা-দোবে দৃষ্ট হইরা যাইত। কিন্তু, বাস্তবিকপক্ষে উক্ত পরমাণুগুলি প্রকৃত অনুমানের পক্ষে বিপক্ষই হর নাই। কারণ, প্রকৃত অনুমানে উহারা পক্ষেই অন্তর্ভুক্ত হইরাছে। পক্ষান্তর্ভাবে ব্যভিচার-সন্দেহ অনুমানের বিঘাতক হর না, পরস্ত, সাধকই হইরা থাকে। স্কৃতরাং, প্রদর্শিত অনুমানের হোরা সর্বজ্ঞ-সর্ব্বশক্তিমান্ ক্ষানর্ব্বপ ধর্মী অবশুই প্রমাণিত হইরা থাইবে।

তাহা হইলেও উত্তরে বৈভাষিকসম্প্রদায় বলিবেন যে, পূর্ব্বপক্ষী অশ্বৎপ্রদর্শিত অনৈকান্তিকতার তত্ত্ব সম্যগ্তাবে ব্বিতে পারেন নাই বলিয়াই
অম্মানটীকে নির্দোষ মনে করিরাছেন। বাস্তবিকপক্ষে উহা নির্দোষ হয় নাই,
পরস্ক, অনৈকান্তিকই হইয়া গিয়াছে। কারণ, যদিও "পর্ব্বতাদি কার্য্যের আরম্ভক
যে পরমাণুসমূহ তাহারা চেতনান্ধিষ্টিতত্ববিশিষ্ট যে অচেতনত্ব তাহার অভাববান,
যেহেতু ঐ সকল পরমাণুতে কার্য্যারম্ভকত্ব বিগ্নমান আছে" — এইপ্রকারে
সম্প্রাপিত যে পূর্ব্বপক্ষীর অম্মানটী তাহাতে পর্ব্বতাদিরূপ কার্য্যের আরম্ভক
পরমাণুগুলি পক্ষই হইয়াছে; স্কৃতরাং, বিপক্ষ হইতে পারে না বলিয়াই সাধারণতঃ

মনে হইলেও ঐ অনুমান অনৈকান্তিকতা-দোষে চুষ্টই হইয়া গিয়াছে। কারণ, · পূর্ব্বপক্ষী উক্ত অনুমানকে ব্যতিরেকি-অনুমানরপেই উপস্থাপিত করিরাছেন। "যৎকালে ধাহা যাহা চেতনানধিষ্ঠিত হইয়া অচেতন হয়, তৎকালে তাহা স্বকার্য্যা-নারম্ভক হয়'— এইপ্রকার নিয়ম অবলম্বনেই পূর্ব্বপক্ষী স্বকার্য্যারম্ভকতরূপ ব্যাপকাভাবের দ্বারা চেতনানধিষ্ঠিতত্ববিশিষ্ট অচেতনখাভাবরূপ ব্যাপ্যাভাবের অনুমান করিয়াছেন। স্ততরাং, উক্ত হুলে মূলীভূত ব্যাপ্তিব শরীরে ঘাহা ব্যাপকরূপে গৃহীত ইইয়াছে সেই স্বকার্য্যানারস্তকত্বের অভাব, অর্থাৎ স্বকার্য্যারস্তকত্ব, বাহাতে নিশ্চিত-কপে আছে, তাহাই বিপক্ষ হইবে। তাহাতে হেতুর বৃত্তিত্ব দশিশ্ব হইলেই উহা ঐ অনুমানে অনৈকান্তিক হেলাভাগ হইয়া ঘাইবে। স্কুতরাং, সমুপস্থাপিত অনুমানের আকার দেখিয়া যদি কেই পর্বতারন্তক প্রমাণুগুলিকে পক্ষ বলিয়া মনে করেন, তাহা হইলেও মুলীভূত ব্যাপ্তির দিকে দৃষ্টি করিলে ঐ পরমাণুগুলিকে তিনিই প্রকৃতস্থলে বিপক্ষ বলিয়া ব্ঝিতে পারিবেন। স্কুতরাং, স্বকার্য্যারস্তক বিলিয়া পর্ব্ধতীয় পরমাণুগুলি বিপক্ষান্তর্গত হওয়ার এবং উহাতে চেতনানধিষ্ঠিতত্ব-বিশিষ্ট অচেতনত্বের বৃত্তিত্ব সন্দিশ্ব হওয়ায় পূর্ব্বপক্ষীর সমুপস্থাপিত ব্যতিরেকি-অমুমানটী অনৈকান্তিকতা-দোষে ছুটুই হইয়া গিয়াছে। স্কুতরাং, উহার দারা স্ক্জ্যিস্ক্শিক্তিমান ঈশ্বরূপ ধর্মী প্রমাণিত হইতে পারে না।

আরও কথা এই যে পূর্ব্বপক্ষী ব্যাতরেকিরণে পূর্ব্বে যে অনুমানটা সমুপস্থাপন করিরাছেন, তাহা আদৌ ব্যতীরেকী হর নাই। কারণ, ঐ অমুমানে সপক্ষ প্রাসদ্ধিই আছে। প্রদর্শিত অনুমানে চেতনানধিষ্টিতত্ববিশিষ্ট যে অচেতনত্ব তাহার অভাবকে সাধ্যরূপে উপস্থাপিত করা হইরাছে। উহা আত্মা বা পটারম্ভক তন্তু প্রভৃতিতে নিশ্চিতরূপেই সিদ্ধ আছে। বিশেষাংশ যে অচেতনত্ব তাহা না থাকায় আত্মাতে এবং চেতনানধিষ্টিতত্ব যে বিশেষণাংশ তাহা না থাকায় তাহা না থাকায় আত্মাতে এবং চেতনানধিষ্টিতত্ব যে বিশেষণাংশ তাহা না থাকায় তাহা না থাকায় আত্মাতে এবং চেতনানধিষ্টিতত্ব যে বিশেষণাংশ তাহা না থাকায় তাহা না থাকায় আত্মাত এবং চেতনানধিষ্টিতত্ব যে বিশেষণাংশ তাহা না থাকায় তাহা না থাকায় বিশিষ্টভাবাত্মক সাধাটী নিশ্চিতরূপেই বিজমান আছে। পটারম্ভক তন্ততে উক্ত বিশিষ্টাভাবাত্মক সাধাটী নিশ্চিতরূপেই বিজমান আছে। বংগোপদর্শিত অনুমানের সাধ্যতা যদি পক্ষব্যতিরিক্ত কোনও প্রদেশবিশেষে বংগোপদর্শিত অনুমানের সাধ্যতা যদি পক্ষব্যতিরিক্ত কোনও প্রদেশবিশেষে নিশ্চিত থাকে, তাহা হইলে সেই অনুমানটীকে কেহ ব্যতিরেকি-অনুমান বলে না। নিশ্চিত থাকে, তাহা হইলে সেই অনুমানটীকে অনুম্ব্যতিরেকীই বলিতে হইবে। এইরূপ স্ক্তরাং, প্রদর্শিত অনুমানটীকে অনুম্ব্যতিরেকীই বলিতে হইবে। এইরূপ স্ক্রেয়ং, প্রদর্শিত অনুমানটীকে প্রিয়াজন। উক্ত স্থলে ব্যতিরেকব্যাপ্তি হইলে উক্ত স্থলে দ্বিধি ব্যাপ্তিই থাকা প্রয়োজন। উক্ত স্থলে ব্যতিরেকব্যাপ্তি যে নাই তাহা পূর্বেই কথিত হইয়াছে। কারণ, পর্মতাদির আরম্ভক গর্মাণুরূপ

বিপক্ষে চেতনাধিছিতত্ববিশিষ্ট অচেতনত্ব রূপ ব্যাপ্যাংশী সন্দিগ্ধই রহিরাছে।
বিপক্ষবাধক না থাকার "যাহা যাহা স্বকার্য্যারন্তক তাহা চেতনানধিছিতত্ববিশিষ্ট
অচেতনত্বাভাববান্"— এইরূপ অব্যর্ব্যাপ্তিও প্রমাণিত হর না। স্ক্তরাং,
পূর্ব্বপক্ষি-প্রদর্শিত অনুমানের সাহায্যে কোনও প্রকারেই সর্ব্বক্ত-সর্বশক্তিমান্
কিশ্বররূপ ধর্মী প্রমাণিত হর না। অতএব, অপ্রমাণিসিদ্ধ কশ্বরকে কথন জ্বগংপ্রষ্ঠা
বিলিয়া গ্রহণ করা যার না।

এফণে অবিদ্ধকর্ণোক্ত ঈশ্বর-সাধক অনুমানের উপস্তাস করিয়া তাহার থণ্ডন করা যাইতেছে। অবিদ্ধকর্ণ বলিয়াছেন যে, "যাহা যাহা স্বারম্ভক অবরবসমূহের সংযোগবিশেষের দ্বারা হুব্যতিরিক্ত বস্তু হুইতে ব্যবচ্ছিন্ন, অর্থাৎ ব্যাবৃত্ত হুন্ন, তাহা বুদ্ধিমং-কারণ-জ্বন্ত হর''— এইরূপ একটা নিরম ঘটাদি দৃষ্টান্তে প্রমাণিত আছে। ঘটাদি সাবরব বস্তগুলি যে নিজের আরম্ভক কপালাদি অবরবের সন্নিবেশবিশেষের দারা অপরাপর বস্তনিচয় হইতে ব্যাবৃত্ত আছে এবং কুলালাদিরূপ ব্জিমান্ কারণের অপেকা বে উহাতে রহিরাছে, ইহা আমরা সকলেই নিশ্চিতরূপে জানি। আর, এমন একটা বস্তুকেও আমরা নিশ্চিতরূপে উপস্থাপিত করিতে পারিব না ধাহা কোন বৃদ্ধিমান্ পুরুষ নির্মাণ করেন নাই, অথচ তাহা স্বাবয়বসন্নিবেশের ফলে স্বব্যতিরিক্ত বস্তু হইতে স্বয়ং ব্যাকৃত্ত আছে। প্রদর্শিতরূপ অম্বর ও ব্যতিরেকের দারা "স্বারম্ভকাবন্নবসন্নিবেশবিশেষব্যাবৃত্তত্ব"রূপ বিশিষ্টধর্মে বৃদ্ধিনৎকারণ জন্তবের ব্যাপ্তি প্রমাণিত আছে। স্কৃতরাং, "বিবাদবিষয়ীভূত যে ইন্দ্রির্বরগ্রাহ্যাগ্রাহ বস্তুসমূহ তাহা বৃদ্ধিমৎকারণপূর্বক, বেহেতু উহারা স্বারম্ভকাবয়বস্মিবেশ-বিশেষের ফলে স্বব্যতিরিক্ত বস্তু হইতে ব্যাবৃত্ত হইরা থাকে"— এইরূপ অমুমান অবগ্রাই সমুপস্থাপিত হইবে। উক্ত অনুমানের দাগাই যে ফলতঃ সর্বজ্ঞ-সর্ব-শক্তিমান্ ঈশ্বর প্রমাণিত হইরা বাইবে তাহা আমরা ক্রমে ব্রিতে পারিব। উক্ত অনুমানের প্রয়োগে যাহা যাহা চক্ষু ও ত্বক্ এই ছুইটা ইক্রিয়ের দ্বারা গ্রাহ্ হয় এবং ৰাহা আদে কোনও ইক্রিয়ের দারাই গৃহীত হয় না এইরূপ থে বিবাদাপর বস্তগুলি তাহারা পক্ষ হইয়াছে। ঐ অনুমানে বৃদ্ধিমৎপূর্ঞকর্ষ শাধ্য এবং স্বারম্ভকাবয়বদলিবেশবিশেবব্যাবৃত্তত্ব হেতুরপে উপগ্রস্ত হইয়াছে। প্রেক্তি নিয়মের ব্যাথাতেই সাধ্য ও হেতুর স্বরূপকে আমরা জানিরাছি। স্তরাং, উহাদের পুনরায় ব্যাথ্যা নিপ্রাঞ্জন। কোন্ কোন্ বস্তগুলি পক্ষাংশে

প্রবিষ্ট হইরাছে তাহা ঠিক ঠিক জানা যার নাই। অতএব, পক্ষাংশের বিবরণ . করা যাইতেছে। যাহা পরিমাণে মহৎ এবং রূপবান্ এমন যে পরমাণু ও দ্বাণুভিন্ন পার্থিব, জলীয় ও তৈজদ বস্তুগুলি, তাহারা চক্ষ্ ও ত্বক্ এই উভন্ন ইন্দ্রিয়ের দারা গৃহীত হয়। রূপ না থাকায় বায়ু কোনও ইন্দ্রিরের দারাই গৃহীত হয় না। ইন্দ্রিরাগ্রান্থ হইলেও বিবাদাপন্ন না হওয়াম উহা পক্ষাংশে প্রবিষ্ট হয় নাই। ইক্রিয়দ্য গ্রাহ্য হইলেও বিবাদাপর নহে বলিয়া ঘটপটাদি সাবয়ব বস্তুগুলিও পকবহিভূ তই থাকিবে। পরমাণ্গুলি ইন্সিয়াগ্রাহ্য হইলেও বিবাদাম্পদ না হওরার পক্ষবহিভূতি হইবে। প্রমাণুকে কোনও মতেই বুদ্ধিমংপূর্ধক বলিয়া স্বীকার করা হর নাই। স্থতরাং, বিবাদাম্পদ না হওয়ায় উহা পক্ষান্তর্গত হয় নাই। অগ্রথা, প্রদশিত অনুমান বাধদোষে গুষ্ট হইয়া যাইত। বুদ্ধিমৎপূর্বক্ষর সাধ্য যে উহাতে নাই, তাহা সর্বাদিসমত থাকার উহারা পক্ষান্তর্গত হইলে প্রদর্শিত অনুমানটী সিদ্ধনাধনদোষে ছুষ্ট ছইত। এই কারণে বিবাদাস্পদরূপ বিশেষণের দারা ঐ সকল বস্তকে পক্ষবহিভূতি করিয়া: দেওয়া হইয়াছে। পার্থিবাদি ঘাণুগুলি ইন্দ্রিয়াগ্রাহ্ম এবং বিবাদাম্পদ হওয়ার পক্ষান্তর্গতই আছে। উক্ত অনুমানে পক্ষান্তর্গত যে পার্থিবাদি ঘাণু, পর্বত ও অঙ্গুরাদি বস্তগুলি তাহাতে ব্দিমৎপূর্বকত্ব সিদ্ধ হইলে ফলতঃ সর্ববিজ্ঞ-সর্বাশক্তিমান্ ঈশ্বর প্রমাণিত হইবেন। কারণ, অম্মদাদির স্থায় যে বৃদ্ধিমান্ পুরুষ তৎপূর্বকিত্ব উক্তপক্ষে বাধাপ্রাপ্ত হওয়ায় ঐ অনুমানে সাধ্যাংশে প্রবিষ্ট বৃদ্ধিমান্ বস্তুটি জীবাতিরিক্তই হইবে। জীবব্যতিরিক্ত বুদ্ধিমান্কেই শাল্লে ঈশ্বর বলা হইয়াছে। জ সকল বস্তর নির্মাণোপযোগী বৃদ্ধি গাঁছার আছে, তিনি অবশ্রই সর্ব্বজ্ঞ-সর্বশক্তিমান্ ইইবেন। এই প্রণালীতে প্রদর্শিত অনুমানের সাহায্যে অবিদ্ধকর্ণ ঈশ্বরকে

প্রমাতি করিতে চাহিয়াছেন।
প্রদর্শিত অমুমানের বিরুদ্ধে বৈভাষিকগণ প্রথমতঃ বলিতে পারেন যে, ঐ
প্রমানের দারা সর্বজ্ঞ-সর্বশক্তিমান্ ঈশ্বর প্রমাণিত হইতে পারেন না। কারণ,
অমুমানের দারা সর্বজ্ঞ-সর্বশক্তিমান্ ঈশ্বর প্রমাণিত হইতে পারেন না। কারণ,
অমুমান হেডাসিদ্ধিরূপ দোধে তৃষ্ট হইয়া গিয়াছে। পূর্ব্বোল্লিখিত অমুমানে
অবিদ্ধান হেডাসিদ্ধিরূপ দোধে তৃষ্ট হইয়া গিয়াছে। পূর্ব্বোল্লিখিত অমুমানে
অবিদ্ধান হেডাসিদ্ধিরূপ দোধে তৃষ্ট হইয়া গিয়াছে। পূর্বেলিলিখিত বার্ত্তভ্লাকে
অবিদ্ধান ক্রের্বালিরেশর দারা স্ব্যাতিরিক্ত বস্তু হইতে বাাবৃত্তভ্লাকে
অবিদ্ধান ক্রিয়াছেন। ত্র হেতুতে তিনি "স্ব" পদের দারা
লিক্ষরূপে উপস্থাপিত করিয়াছেন।
অবস্থবীকে এবং "অবয়বসন্নিবেশ" পদের দারা অবয়বসংযোগকে বিশেষণরূপে,

অর্থাৎ দীর্ঘ হেতুটার অংশরূপে, গ্রহণ করিরাছেন। তিনি পর্বতাদি অব্রবী-গুলিকে প্রত্যক্ষদিদ্ধ মনে করেন এবং সংযোগায়ক সন্নিবেশকেও রূপাতিরিক্ত প্রত্যক্ষদির গুণ বলিয়া মনে করেন। কিন্তু, বাস্তবিকপকে প্রত্যক্ষদির পরমাণুপুঞ্জ হইতে অতিরিক্ত অবরবী এবং প্রত্যক্ষণিদ্ধ রূপ হইতে অতিরিক্ত কোনও সংযোগ নামক পদার্থ আমাদের উপলব্ধিতে ভালমান হয় না। স্ত্রাং, সভাবান্তপ্রস্তরপ অনুমানের দারা, অর্থাৎ লিন্দের দারা, উক্ত বিশেষণ-ৰয়ের নাস্তিত্বই, অর্থাৎ অলীকত্বই, প্রমাণিত হইয়া যায়। অতএব, অলীক-বিশেষণযুক্ত হওরায় প্রদর্শিত হেতুটি স্বরূপতঃ অসিদ্ধ হইরা গিয়াছে। প্রতাশ যোগ্যবস্তুর অনুপল্কির দারা যে তাহার অভাব প্রমাণিত হইরা যায়, তাহা পূর্ব-পক্ষীও স্বীকার করেন। পূর্ব্বপক্ষী যদি যুক্তির সাহায্যে প্রমাণুপুঞাতিরিক্ত অবরবী ও রূপাতিরিক্ত সংযোগকে প্রমাণিত করিতে চাহেন তাহা হইলেও বিশেষ কোন ফল হইবে না। কারণ, পূর্নপক্ষী নিজেই ঐগুলিকে প্রমাণুপুঞ্জ এবং রূপ হইতে অতিরিক্ত প্রত্যক্ষদিদ্ধ পদার্থ বিল্যাছেন। প্রত্যকারপ্রক্ত বশতঃ উহাদের নাস্তিহ অবশ্যই প্রমাণিত হইরা যাইবে। যাহাকে প্রত্যক্ষ-বিদ্ধ বলা হইরাহে প্রভাক উপলব্ধ না হইলে কোনও অনুমানের দারাই তাহাকে প্রমাণিত করা যাইবে না। বোগ্যান্থপলব্ধি-লিঙ্গে তাহার নাস্তিত্ অবশ্যই প্রমাণিত হইরা বাইবে। পূর্দ্রপক্ষী যদি বলেন বে, বাহা উভরেরই প্রত্যক্ষণিদ্ধ আছে দেই পর্ব্বতাদি বা সংযোগাদি পদার্থগুলির স্বরূপ-সিদ্ধির নিমিত্ত অনুমান প্রযুক্ত হয় নাই; কারণ, স্বরূপে উহারা প্রত্যক্ষসিদ্ধ আছে। পরস্ক, পরমাণুপুঞ্জাতিরিক্তত্ব ও রূপাতিরিক্তত্ব সিদ্ধির নিমিত্তই অনুমান প্রযুক্ত হইয়াছে। স্থতরাং, প্রত্যক্ষদিদ্ধ অবয়বী ও সংযোগ ইহারা অনুমানতঃ পরমাণুপুঞ্জাতিরিক্তত্ব ও রূপাতিরিক্তত্ব-প্রকারে প্রমাণিত থাকার প্রত্যক্ষান্ত্রপলন্তই নাই। অতএব, প্রদর্শিত হেতুটীকে বৈভাষিকগণ স্বরূপতঃ অসিদ্ধ বলিতে পারেন না। ইহার উত্তরে বৈভাষিকগণ বলিবেন যে, কোনও সদকুমানের দ্বারাই প্রমাণুপুঞ্জ হইতে অতিরিক্তম্ব প্রকারে অবরবী বা রূপ হইতে অতিরিক্তম্ব প্রকারে সংযোগ প্রমাণিত হয় না। স্কতরাং, প্রত্যক্ষামুপলম্ভের দ্বারা উহাদের নান্তিত্ব প্রমাণিত থাকায় ঐ সকল বিশেষণযুক্ত হেতুটী স্বরূপতঃ অসিজই হইরা গিরাছে।

আরও কথা এই যে, পূর্ব্বপক্ষীর ঈশ্বরসাধক অনুমানে বাহা ই ক্রির্ব্বর্ব্বাহ্ন, অর্থাৎ
চক্ষু ও স্পর্শ এই উভর ই ক্রিয়ের দ্বারা গ্রহণীর এইরূপ বিবাদাস্পদ বস্ত এবং
ই ক্রিরাগ্রাহ্য বিবাদাস্পদবস্তু, এই তুই প্রকার বস্তুকে পক্ষ করা হইরাছে। কিন্তু,
বাস্তবিকপক্ষে চক্ষু ও স্পর্শ এই উভর ই ক্রিয়ের দ্বারা গৃহীত হয় এমন কোনও
পদার্থ ই জগতে নাই। স্মৃতরাং, অংশতঃ পক্ষাসিদ্ধি দোধেও উক্ত অনুমান তুই হইরা
গিরাছে। চক্ষুরি ক্রিয়ের দ্বারা কেবল নীল-পীতাদি রূপেরই গ্রহণ হয় এবং
স্পর্শে ক্রিরের দ্বারা কেবল কার্কগ্রাদি স্প্রত্বির্গ্ অহণ হয়, অল্ডের হয়
না। নীল-পীতাদি রূপ ও কার্কগ্রাদি স্প্রত্বির্গ ভিন্ন তদাশ্রণীভূত কোনও দ্বম্বাণ পদার্থ প্রমাণসিদ্ধই নহে। এই কারণে উক্ত উভয় ই ক্রিয়ের দ্বারা গৃহীত
হয় এমন কোনও বস্তুই জগতে নাই।

আর, আণজ বিজ্ঞান গদ্ধপ্রতিভাগী ও রাসন বিজ্ঞান রসপ্রতিভাগী এবং উক্ত দ্বিধি বিজ্ঞান বে একবিষয়ক নহে, ইহা আমরা সকলেই স্বীকার করি। স্থতরাং, উক্ত দৃষ্টাস্তের দ্বারা এইরূপ নিয়ম প্রমাণিত হইরা বাইতেছে যে, যাহা যাহা ভিন্ন-প্রতিভাগী তাহা একবিষয়ক নহে। এই নিয়মের বলে নিমোক্তপ্রকারের অবশ্রুই অনুমানের সমুপস্থাপন হইবে। চাক্ষ্য ও স্পার্শন — এই দ্বিধি বিজ্ঞান একবিষয়ক নহে, যেহেতু উহারা পরস্পর বিভিন্ন-প্রতিভাগী। স্থতরাং, ইক্রিম্বর্গ্রাহ্য কোনও বস্তু প্রমাণসিদ্ধ না হওয়ার প্র্বেপক্ষীর সমুপস্থাপিত অনুমানটী অংশতঃ আশ্রয়াসিদ্ধি-দোষে ছট হইয়া গিয়াছে।

কণিত সিদ্ধান্তের বিক্রন্ধে পূর্ব্বপক্ষী যদি বলেন যে, সর্ব্ববাদিসমত প্রতিসন্ধান, অর্থাৎ প্রত্যভিজ্ঞার, দ্বারা যথন চক্ষু ও স্পর্শ এই দ্বিধি ইন্দ্রিয়জন্ত চাক্ষুয় ও স্পার্শন এই দ্বিধি বিজ্ঞানের অভিন্নবিষয়কত্ব, অর্থাৎ একবিষয়কত্ব, প্রমাণিত আছে, তথন এইপ্রকার নিয়ম কোনদ্ধপেই স্বীকৃত হইতে পারে না যে, ভিন্ন-প্রতিভাসী হইলেই বিজ্ঞানগুলি পরস্পর বিভিন্নবিষয়ক হইবে। পূর্ব্বে চক্ষুর দ্বারা যাহা দেখিয়াছিলাম এক্ষণে সেই ঘটটাকে স্পর্শ করিতেছি

১। সৌত্রান্তিক এভৃতি মতে ইল্লিমন্বয়গ্রাহ্ণ বস্ত স্বীকৃত না পাকিলেও বৈভাষিকমতেও বে উহা আছে, এইপ্রকার দিক্ষান্ত আমি নিশ্চিতরূপে করিতে পারি নাই। কারণ, ঐ প্রকার কোন পংক্তি বা যুক্তি প্রকাশিত বৈভাষিকমতের গ্রন্থ হইতে পাওয়া বায় নাই। স্কুতরাং, সৌত্রান্তিকাদি মতেই উক্ত বিচার করা হইয়াছে।

এই আকারে প্রারশঃ আমাদের প্রত্যভিজ্ঞাত্মক বিজ্ঞান হইরা থাকে।
চাক্ষ্য প্রত্যক্ষ ও স্পার্শন প্রত্যক্ষ এই দ্বিবিধ বিজ্ঞান যে একটীমাত্র ঘটকেই
বিষয় করিয়াছে, তাহাই উক্ত প্রত্যভিজ্ঞাবিজ্ঞান প্রমাণিত করিয়া দিয়াছে।
স্কতরাং, ইহা কথনই বলা যাইতে পারে না যে, একাধিক ইন্দ্রিয়ের দ্বারা
গৃহীত হয় এমন কোনও পদার্থ জগতে নাই। অতএব, পূর্ব্বোক্ত ঈশ্বর-সাধক
অনুমানটী পক্ষাসিদ্ধি-দোবে গৃষ্ট হয় নাই।

তাহা হইলেও উত্তরে বৈভাষিকসম্প্রদায় বলিতে পারেন যে, পূর্ব্বপক্ষী যে প্রতাভিজ্ঞাবিজ্ঞান-দৃষ্টান্তে ইক্রিগ্রয়গ্রাহ্ বস্তু প্রমাণিত আছে বলিয়া মনে করিরাছেন তাহা সমীচীন হয় নাই। কারণ, প্রত্যভিজ্ঞাবিজ্ঞান প্রত্যক্ষাত্মক নহে, উহা কাল্পনিক-বস্তগ্রাহী স্মরণাত্মক জ্ঞান বা কল্পনা। স্মতরাং, উহার দ্বারা কোনও প্রমার্থসৎ স্বলক্ষণবস্তু প্রমাণিত হয় না। অত্তর্ত্ত উহা পরমার্থসৎরূপে একাধিক-ইন্দ্রিয়গ্রাহ্ কোনও বস্তুকে প্রমাণিত করিতে পারে না। ইহার অভিপ্রার এই বে, প্রত্যভিজ্ঞান্তলে প্রথমে রূপমাত্রপ্রতিভাগী চাক্ষ বিজ্ঞান উৎপন্ন হইলে পশ্চাৎ কালক্রমে কার্কগ্রাদিরূপ শ্রেষ্টব্যমাত্রপ্রতিভাগী স্পার্শন বিজ্ঞান সমুৎপন্ন হইরা থাকে। ঘটাভাত্মক প্রমাণুপুঞ্জে রূপপ্রমাণু ও অষ্টব্যপরমাণু এই দ্বিবিধপরমাণু পুঞ্জীভূত থাকায়, ভাগশঃ দ্বিবিধ পরমাণুপুঞ্জের বিভিন্নকালে বিভিন্ন ইন্দ্রিয়ের দারা গ্রহণ হয়। স্নতরাং, উক্তস্থলে যে রূপ ও স্প্রষ্টব্য-প্রতিভাসী ছুইটা বিজ্ঞান আছে, তাহাদের প্রত্যেকেই বিভিন্নবিষয়ক। এইপ্রকার বিজ্ঞানছরের পরে ঘটসংস্কার সমৃদ্বৃদ্ধ হইলে ঘটরূপ কাল্লনিক-সমৃদায়-প্রতিভাসী পূর্বের যে ঘটটাকে দেখিয়াছিলাম এক্ষণে আবার তাহাকেই স্পর্শ করিতেছি' এই আকারে স্মরণাত্মক কল্পনা সমুৎপন্ন হন্ন। ঐ যে স্মার্ত্ত কল্পনা উহাই পূর্ব্বোৎপন্ন দ্বিবিধ বিজ্ঞানের বিষয়কে অভিন্ন বলিয়া সমুপস্থাপিত করে। গৃহীতগ্রাহিত্ব-নিবন্ধনও প্রত্যভিজ্ঞার প্রামাণ্য স্বীকৃত হইতে পারে না। স্থতরাৎ, পূর্বপক্ষী যাহা বলিয়াছেন, তাহা ভ্রাস্ত। কারণ, প্রত্যভিজ্ঞার দ্বারা ই ক্রিব্রহরগ্রাহ্ বস্তু প্রমাণিত হয় না। স্কুতরাং, প্রদর্শিত ঈশ্বরসাধক অনুমানটী আশ্রাসিদ্ধি গোষে ছষ্ট হওয়ায় উহার দারা বৈজ্ঞ-সর্কশক্তিমান্ ঈশ্বর প্রমাণিত হইতে পারেন না।

আরও কথা এই যে, রূপাতিরিক্তভাবে অবয়বসংযোগাত্মক সন্নিবেশরূপ পদার্থ

স্বীকার করিলেও উহার ঘারা পর্বত-দাগরাদিরূপ পক্ষে বৃদ্ধিমংপূর্বকডের অনুমান कता युक्तियुक्त रहेरव ना। कातन, निर्धायन कतिरन एका गाहेरव रव, रव्न शूर्व-পদীর সমুপস্থাপিত হেতুটী পক্ষে অসিদ্ধ হইরা গিয়াছে, না হয় অনৈকান্তিকতা-দোষে হুট হইরা গিরাছে। স্থতরাং, পূর্ব্ধপক্ষী প্রদর্শিত অনুমানের দারা ঈশ্বর-সাধন করিতে পারেন না। ইহার অভিপ্রায় এই বে, সত্য সত্যই কার্য্যবস্তুর বিশেষ একপ্রকার সন্নিবেশ আছে, যাহা দেখিলে স্বতঃই দ্রন্তার মনে কর্ত্তা আসিয়া উপস্থিত হয়। কোনও বনান্তে যদি কোনও প্রাচীন অট্টালিকা বা কুণাদি দেখা যায়, তাহা হইলে আমনা সহজে ইহা বিশ্বাস করি যে, অবশুই কেহ না কেহ ঐ অট্টালিকা বা কূপ নির্মাণ করিরাছেন; কেহ তৈরারী না করিলে ইছা কেমন করিয়া সম্ভব হইবে। কিন্তু, পর্বত-সাগরাদির সন্নিবেশ দেখিয়া লোকের মনে ইহা উপস্থিত হয় না যে, কোনও না কোনও পুরুষ এইগুলি নির্মাণ করিয়াছেন। স্কুতরাং, স্মিবেশবিশেষেই বুদ্ধিমংপূর্ব্বক্ত্বের স্বভাব-প্রতিবন্ধ আছে, সামাস্ততঃ সন্নিবেশে ঐ ব্যাপ্তি বা স্বভাব-প্রতিবন্ধ সিদ্ধ নাই। অতএব, বৈভাষিকগণ পূর্ব্ব-পক্ষীকে অবশ্রুই জিজ্ঞাসা করিবেন যে, তিনি কি সন্নিবেশবিশেষকে তদীয় অনুমানে ঈশ্বর-সাধনীর্থ হেতুরূপে উপস্থাপিত করিয়াছেন, অথবা সন্নিবেশ-সামালকে তিনি তাঁহার অনুমানের হেতু বলিয়া মনে করিয়াছেন। প্রথম পক্ষে, অর্থাৎ সন্নিবেশবিশেষের হেতুভাপক্ষে, সমুপস্থাপিত হেতুটি পর্ব্বতাদিরূপ পক্ষে না থাকার উহা স্বরূপাসিদ্ধি-দোষে ছপ্ত হইরা গিয়াছে। কারণ, অট্টালিকাদির বা কুপাদির সন্মিবেশের তুল্য কোনও সন্নিবেশ পক্ষীভূত পর্বত বা সাগরাদিতে নাই। বদি তিনি দ্বিতীয় পক্ষ অবলম্বন করিয়া বলেন যে, সন্নিবেশসামান্তকে তিনি হেতুরূপে উপস্থাপিত করিয়াছেন, তাহা হইলেও বৈভাষিকগণ বলিবেন বে, তাঁহার হেতুটী সন্দিগ্ধ অনৈকান্তিকতা-দোষে ছঠ হইরা গিলাছে। কারণ, যে কোনও সন্নিবেশ দেখিয়াই কর্ত্তায় প্রশ্ন লোকের মনে আসে না।

প্রদর্শিত দোষের উদ্ধার করিতে গিয়া যদি পূর্ব্বপক্ষী বলেন যে, বৈভাষিকগণ সিন্নবেশবিশেষবিশিপ্তত্বরূপ হেতুতে যে হেত্বসিদ্ধি বা দন্দির্মানৈকান্তিকতা-দোষের সমুদ্রাবন করিয়াছেন, তাহা অসহত্তর হইয়া গিয়াছে। উহা কার্য্যসমা নামক জ্বাতি। সামান্ততঃ হেতুর প্রয়োগস্থলে যদি বিশ্লেষণ পূর্বক উহাকে বিশেষ অর্থে গ্রহণ করিয়া দোষ প্রদর্শিত হয়, তাহা হইলে উক্ত দোষ কার্য্যসমা নামক

জাতি হইন্না থাকে। জাতিকে শাস্ত্রে অসহত্তর বলা হইনাছে। উহার দ্বারা হেতুর ছষ্ট্রন্থ ব্যবস্থাপিত হয় না। "শব্দ অনিত্য যেহেতু উহা ক্লতক, যেমন ঘট" — এই প্রয়োগে ক্বকত্বরূপ হেতুর দারা শব্দের অনিত্যতা প্রমাণিত করা হইরাছে। অসহত্তরবাদী বলিতেছেন যে, উক্ত কৃতকত্ব-হেতুর দ্বারা অনিত্যত্বের সিদ্ধি করা যার না। কারণ, হর উহা স্বরূপাসিদ্ধ, না হর উহা দৃষ্টান্তবিকল হইয়া গিয়াছে। অনুমানের প্রযোক্তা যে ক্বতকত্বের কথা বলিয়াছেন, উহা কি দৃষ্টান্ত যে ঘট, তদ্গত কতকত্ব অথবা পক্ষ যে শব্দ, ভদ্গত কৃতকত্ব ? যদি ঘটগত কৃতকত্বকে হেতুর্<mark>প</mark> উপস্তুত্ত করিয়া থাকেন, তাহা হইলে উহা স্বরূপাসিদ্ধ হইয়া গিয়াছে। কারণ, শব্দাত্মক পক্ষে এ কৃতকত্বটি নাই। আর, যদি তিনি শব্দগত কৃতকত্বকে হেতুরূপে গ্রহণ করিয়া থাকেন, তাহা হইলেও উহা দৃষ্টান্তবিকল হইয়া গিরাছে। কারণ, তাঁহার উপস্থাপিত কৃতক্তরূপ হেতুটা ঘটরূপ দৃষ্টান্তে নাই। স্থতরাং, ইহা দেখা বাইতেছে বে, ক্লতকত্ব-হেতুর দারা শকাদির অনিত্যত্ব প্রমাণিত হইতে পারে না। উক্ত প্রকারে কৃতকত্বের বিশ্লেষণ করিয়া উহাকে বিশেষ-অর্থে ধরিয়া লইরা যে দোষ দেওয়া হয়, তাহাকে কাৰ্য্যসমা জাতি বলা হইয়াছে। বৈভাষিকগণ ঠিক উক্ত প্রণালীতেই হেতুর গর্ভে প্রবিষ্ট সন্নিবেশটীকে বিশেষ-অর্থে গ্রহণ করিয়াই দোষের উদ্ভাবন করিয়াছেন। স্থতরাং, উক্ত দোষও কার্য্যসমা জাতিরূপ অসত্তরই হইরা গিরাছে। কার্য্যসমা জাতির অসত্তরতা দেখাইতে গিয়া বলা <mark>হইয়াছে যে, জাতিবাদী তত্ত্ব বৃক্তিতে পারেন বলিয়াই অসহত্তরের আশ্রয় লইয়াছেন।</mark> কারণ, কোনও বিশেষ কৃতকত্বকে প্রকৃতস্থলে শব্দের অনিত্যত্ব-সাধনের নিমিত হেতুরূপে উপন্থাপিত করা হয় নাই। পরস্তু, পক্ষ ও দৃষ্টান্তাদি সাধারণ যে সামান্ত[©] কতকত্ব, তাহাকেই উক্ত স্থলে হেতুরূপে উপগ্রস্ত করা হইয়াছে। উহা শকাত্মক পক্ষ এবং ঘটাত্মক দৃষ্টান্তে বিভাষান থাকায় স্বৰূপাসিদ্ধি বা দৃষ্টান্তবিকলতা দোৰে ত্বি হয় নাই। ঈশ্বর-সাধক অন্নমানের হেতুগর্ভেও সেইরূপ সামাগ্রভাবেই সন্নিবেশের প্রবেশ হইয়াছে। স্থতরাং, ঐ হেতুটীও স্বরূপাসিদ্ধি বা সন্দিগ্নী নৈকাস্তিকতা-দোষে হন্ত হয় নাই।

তাহা হইলেও উত্তরে বৈভাষিকগণ বলিবেন যে, পূর্ব্বপক্ষী তাঁহাদের অভিপ্রায় ব্ঝিতে পারেন নাই বলিয়াই প্রদর্শিত দোষটীকে কার্য্যসমা জাতি বলিয়াছেন। কারণ, বিপক্ষ-বাধক তর্ক থাকায় কৃতকত্ব-সামান্তে অনিত্য

সামান্তের প্রতিবন্ধ নির্ণীত হওয়ায় "শব্দোহনিত্যঃ কৃতকত্বাৎ ঘটবৎ" এইরূপ অনুমান-প্রয়োগ সম্ভব হইলেও সন্নিবেশবিশিপ্তত-সামান্তে বুদ্ধিমৎপূর্বকত্ব-সামান্তের প্রতিবন্ধ নির্ণীত হইতে না পারার পূর্ব্বপক্ষী যে অনুমানের প্রন্নোগ করিয়াছেন, তাহা সম্ভব হয় না। ইহার অভিপ্রায় এই যে, ষেমন শিংশপা বৃক্ষের স্বভাবভূত হওয়ায় শিংশপাত্তে বুফত্তের তাদায়্য আছে, সেইরূপ কৃতক-বস্তুগুলি অনিত্যের স্বভাব-ভূত হওয়ায় কৃতক্ষসামায়ে অনিত্যসমামায়ের তাদাত্মা বিজ্ঞান আছে এবং তাদাত্ম থাকাতেই কৃতক্ত্বসামান্তে অনিত্যস্বসামান্তের প্রতিবন্ধও অবশুই থাকিবে; অন্তথা, পুর্ব্ধনিদ্ধ তাদাত্ম্যাই বাধাপ্রাপ্ত হইন্না যাইবে। স্কুতরাং, শিংশপাত্মের দ্বারা বৃফার্বের স্থার কৃতকত্বসামান্ডের দ্বারাও শব্দাদিপক্ষে অনিত্যত্বের অবগ্রহী অনুমান ইইবে। এইপ্রকার ইইলেও সামাগুতঃ সন্নিবেশবিশিষ্টের বৃদ্ধিমৎপূর্বক-স্বভাবতা প্রমাণিত না থাকার সামান্ততঃ সন্নিবেশবিশিষ্টত্বে বুদ্ধিমংপূর্ব্বকত্বের তাদাত্ম সিদ্ধ নাই। অতএব, বিপক্ষ-বাধক না থাকায় উক্ত স্থলে প্রতিবন্ধ বা ব্যাপ্তি নির্ণীত হইতে পারে না। এই কারণেই সল্লিবেশবিশিষ্ট্তরূপ হেতুটীকে বৃদ্ধিমৎ-পুরুর কত্ত্বের প্রতি সন্দিগ্ধানৈকান্তিকতা-দোষে হুষ্ট বলা হইয়াছে। ইহা অসহত্তর জাতি নহে; পরস্কু, ইহা সহত্তর হেত্বাভাস। অতএব, এক্ষণে ইহা পরিফারভাবে বুঝিতে পারা গেল যে, পুর্বেপক্ষী "ইন্দ্রিয়দ্যগ্রাহ্মগ্রাহ্রং বিবাদপদং বৃদ্ধিনং-পুরুর কং সন্নিবেশবিশেষবিশিষ্ট্ডাং ঘটবং" এই প্রকারে অনুমানের প্রয়োগ করিয়া স্বর্ব জ্ঞ-স্বর্ব শক্তিমান্ ঈশ্বরের সাধন করিতে পারেন না।

আরও কথা এই যে, ভূধর-সাগরাদিকে পক্ষ করিয়া পূর্ববিদ্ধী যে বৃদ্ধিমংপূর্ববৈদ্বের সাধন করিতেছেন, তাঁহার মতে তাহা কেবল সামান্ততঃ বৃদ্ধিমংপূর্বে ক্ষের
সাধনেই পর্য্যবসানপ্রাপ্ত নহে; পরস্ক, উহা জীবাতিরিক্ত বৃদ্ধিমংকর্ভ্কত্বের সাধনেই
পর্য্যবসানপ্রাপ্ত । সেই কারণেই উহা সব্বেক্ত-সব্বেশক্তিমান্ ঈশ্বরের সাধন করে
বলিয়া তিনি মনে করেন । পূর্ববিদ্ধী বলিতে চাহেন যে, যেমন "পর্বতো বহিনান্
ধূমাং" ইত্যাদিরূপ সামান্ততঃ প্রয়োগস্থলে পব্বে তীর বহি ভিন্ন অন্ত বহির পব্ব তি
বাধনিশ্চয় থাকিলে সামান্ততঃ বহির ব্যাপ্তিনিশ্চয়ে বিশেষভাবেই পব্ব তি প্রবেতীয়
বহিরই বিশেষতঃ সিদ্ধি হয়, অর্থাৎ বহিত্বরূপ সামান্যপ্রকারে পব্ব তীয় বহিরই
অনুমান হয়, সেইরূপ প্রদর্শিত ছলেও ভূয়র-সাগরাদিরূপ পক্ষে জীবাত্মক বৃদ্ধিমংপূর্বক্ষ বাধাপ্রাপ্ত হওয়ায় জীবাতিরিক্ত বৃদ্ধিমংপূর্বক্ষেরই সিদ্ধি হইবে।

উক্ত প্রকারে জীবাতিরিক্ত ব্দিমান্ সিদ্ধ হইলেই ফলতঃ ঈশ্বরও সিদ্ধই হইল।
উক্ত বৃদ্ধিমান্টার পর্বেত-সাগরাদি রচনার উপযোগী বৃদ্ধি ও শক্তি থাকার উহা
ফলতঃ অবগ্রুই সর্ব্বেজ-সর্বেশক্তিমান্ও হইরা যাইল। এই প্রণালীতেই উক্ত
অমুমান সর্ব্বেজ-সর্বেশক্তিমান্ ঈশ্বর-সাধনে পর্যবসানপ্রাপ্ত হয় বলিয়া পূর্বে পিকী
মনে করেন। কিন্তু, প্রকৃতপক্ষে ইহা হইতে পারে না। কারণ, দৃষ্টান্ত ও
দার্ষ্টান্তিকের মধ্যে অত্যন্ত বৈষম্য বিভ্যমান আছে। পূর্বে হইতেই পর্বেতীর বহি
প্রসিদ্ধ থাকার পর্বিতীর বহি ভিন্ন অন্ত বহির পর্বতে বাধনিশ্চর থাকিলে উক্ত
সামাগুব্যাপ্তির বলে পর্বাতে পর্ব্বতীর বহির অমুমান হইলেও, পূর্ব হইতে কোনও
জীবাতিরিক্ত বৃদ্ধিমান্ প্রসিদ্ধ না থাকার জীবাত্মক বৃদ্ধিমৎপূর্ব্বকত্বের অমুমান হইতে
পারে না। পূর্বে হইতে কোনও জানের নিত্যতা প্রসিদ্ধ না থাকার উক্ত কর্ত্তার
নিত্যজ্ঞানও প্রমাণিত হৈতে পারে না। স্থতরাং, ইহা বেশ ব্রুণ যাইতেছে বে,
কোনও প্রকারেই প্রদর্শিত অমুমানের হারা পূর্ব্বপক্ষীর অভিমত ঈশ্বর প্রমাণিত
হইতে পারে না।

মহামতি উদ্যোতকর নিম্নোক্তপ্রকারে ঈশ্বরকে প্রমাণিত করিতে চেটা করিয়ছিলেন। কপাল বা তন্ত প্রভৃতি দৃষ্টান্তে এইপ্রকার নিয়ম বা প্রতিবর্দ্ধ প্রমাণিত হয় বে, "যাহা যাহা স্থির এবং স্ব স্থ কার্য্যের উৎপত্তিতে প্রবৃত্ত তাহা চেতনাবদ্ধিষ্ঠিত হইয়া থাকে, যেমন কপাল বা তন্ত প্রভৃতি।" ঘটাত্মক কার্য্যের উৎপাদনার্থ প্রবৃত্ত স্থিরবন্ত কপাল যে কুপ্তকারয়প চেতনের দ্বারা অধিষ্ঠিত এবং পটাত্মক স্বকার্য্যের সমারস্ত্রণে প্রবৃত্ত স্থিরবন্ত তন্ত্বগুলি যে কুবিন্দর্মপ চেতনের দ্বারা সম্পর্যিত হয়, ইহা আমরা সকলেই জানি। আর, জগতে এমন কোনও একটী দৃষ্টান্তও আমরা অনুসন্ধান করিয়া বাহির করিতে পারি না যাহা স্থির এবং স্বকার্য্যোৎপাদনে প্রবৃত্ত আছে, অথচ চেতনের দ্বারা অধিষ্ঠিত হয় নাই। স্কুতরাং, ব্যাভিচারাদর্শন ও সহচারদর্শনের দ্বারা প্রদর্শিত প্রতিবন্ধ প্রমাণিত আছে। অতএব, উক্ত নিয়মের বলে অনায়াসেই নিম্নোক্ত প্রকারে অনুমানের প্রয়োগ হইবে বে, "পরমাণু বা অদৃষ্ট প্রভৃতি বস্ত্বগুলি স্ব স্ব কার্য্যাৎপাদনে কোনও না কোন চেতন অধিষ্ঠাতাকে অপেক্ষা করে, যেহেতু ঐগুলি স্থির এবং স্ব কার্য্যাৎপাদনার্থ প্রবৃত্ত হইয়াছে।" পরমাণুর অধিষ্ঠাত্রমপে কোনও

চেতন পুরুষ দিন্ধ হইলেই ফলতঃ ঈশ্বর সিদ্ধ লইরা যাইবে। আমাদের স্থার
্ অন্তন্ত ও অন্নত্তশক্তিমান্ পুরুষ যে পরমাণু বা অদৃষ্টাদির অধিষ্ঠাতা হইতে পারে
না, তাহা আমাদের নিশ্চিতই আছে। স্থতনাং, প্রদশিত অনুমানের দারা
সর্বজ্ঞ-সর্বাশক্তিমান্ ঈশ্বর প্রমাণিত হয় বলিয়াই মহামতি উদ্যোতকর মনে
করিতেন। পরমাণু প্রভৃতি বস্তগুলি ক্ষণিক হইলে চেতন-সাপেক্ষণ্ডের অবকাশ
থাকে না মনে করিয়াই উদ্যোতকর হেতু-গর্ভে স্থিরস্করপ বিশেষণ্টীর নিবেশ
করিয়াছেন বলিয়া মনে হয়।

উক্ত অনুমানের খণ্ডন-প্রদাদে বৌদ্ধসম্প্রদার বলিতে পারেন বে, উক্ত অনুমানের হেতুটা পূর্ব্বপদ্ধীর স্বমতানুসারে দিদ্ধ থাকিলেও তাঁহাদের মতে উহার স্বরূপই দিদ্ধ নাই। স্থতরাং, এরূপ অলীক হেতুর দ্বারা তাঁহাদের নিকট কোনও বস্তু প্রমাণিত হইতে পারে না। বিরুদ্ধবাদীর নিকট অনুমানের প্রয়োগ করিয়া কোনও কিছু প্রমাণিত করিতে হইলে এমন হেতুর প্রয়োগ আবশ্রক বাহার স্বরূপটা বাদী ও প্রতিবাদী এই উভয়ের পদ্দেই প্রদিদ্ধ থাকে। কোনও বস্তুরই স্থিরত্ব বৌদ্ধমতে স্বীকৃত নাই বলিয়াই স্থিরত্বরূপ-বিশেষপর্কুত হেতুটা বৌদ্ধসম্প্রদায়ের নিকট গগনকুস্থদের স্থান্ন অলীক হইয়া গিয়াছে। অতএব, প্রদর্শিত অনুমানের প্রয়োগ করিয়া উদ্দ্যোতকর বৌদ্ধসম্প্রদায়ের নিকট ঈশ্বরকে প্রমাণিত করিতে পারেন না।

সৌত্রান্তিক, যোগাচার বা মাধ্যমকসম্প্রদায় স্থিরবস্তু স্বীকার না করিলেও বৈভাষিকসম্প্রদায় সর্ব্বথা স্থিরবস্তুর অনীকত্ব স্বীকার করেন না। কারণ, তাঁহারা আকাশাদি অসংস্কৃতপদার্থগুলির নিত্যত্বই স্বীকার করিয়াছেন। এইরপ হইলেও আকাশাদি অসংস্কৃতবস্তুর কার্য্যোৎপাদনে প্রবৃত্তি অস্বীকৃত থাকার এবং বাহাদের কার্য্যোৎপাদনে প্রবৃত্তি আছে সেই পরমাণ্প্রভৃতির স্থিরত্ব না থাকার স্থিরত্ববিশিষ্টপ্রবৃত্তত্বরূপ পূর্বপক্ষীর বিশিষ্ট হেতুটী বৈভাষিকসম্প্রদায়ের নিকটও স্বরূপতঃ অলীকই হইয়া গিয়াছে। যদিও বৈভাষিকসম্প্রদায়ের নিকটও স্বরূপতঃ অলীকই হইয়া গিয়াছে। যদিও বৈভাষিকগণ প্রত্যেক বস্তুরই ত্রিকালান্তিত্ব স্বীকার করেন ইহা সত্যা, তথাপি তাঁহারা সংস্কৃতবস্তুর স্থিরত্বে বিশাসী নহেন। অতএব, উক্ত বিশিষ্ট হেতুটী বৈভাষিকসম্প্রদায়ের নিকটও স্বরূপতঃ অলীকই হইয়া গিয়াছে। স্বত্রাং, পূর্বপক্ষী কথনই প্রদর্শিত প্রকারে অনুমানের প্রায়াণ করিয়া বৌদ্ধসম্প্রদায়ের নিকট ঈশ্বরকে প্রমাণিত করিতে পারেন না।

উক্ত অমুমান-সম্বন্ধে বৌদ্ধসম্প্রদার আরও বলিবেন যে, পূর্ব্বপক্ষীর সমুপস্থাপিত হেতুটী যে কেবল তাঁহাদের নিকটই হেথাভাস হইরা গিরাছে তাহা নহে; পরস্ক, উহা পূর্ব্বপক্ষীর স্বমতামুসারেও আভাসই হইরা গিরাছে — উহা সদ্ধেতু হয় নাই। কারণ, ঐ হেতুটী পূর্ব্বপক্ষীর স্বমতামুসারে অনৈকান্তিক বা ব্যাভিচারী হইয়া গিয়াছে। পূর্ব্বপক্ষী স্বয়ং স্বয়র মানেন এবং সেই ঈয়র নিত্য ও কার্য্যার্থে প্রবৃত্ত; অথচ উহা চেতনান্তরের দ্বারা অধিষ্ঠিত নহে। মৃতরাং, চেতনাধিষ্ঠিতত্ব-বিধুর ঈশ্বরে হ্রিরডবিশিষ্টপ্রবৃত্তত্ব বিজ্ঞান থাকায় উহা পূর্ব্বপক্ষীর পক্ষেও অনৈকান্তিকই হইয়া গিয়াছে। অতএব, উক্ত অনুমানের দ্বারা পূর্ব্বপক্ষী স্ব সম্প্রানার বা বিরুদ্ধ সম্প্রানারের নিকট স্বর্ব ক্র-স্বর্ব শক্তিমান্ ঈয়রকে প্রমাণিত করিতে পারেন না।

উক্ত ব্যভিচার বারণের নিমিত্ত পূবর্ব পক্ষী যদি অচেতনন্তরূপ আর একটা বিশেষণ প্রদান করেন, তাহা হইলেও উহা বৌদ্ধসম্প্রদারের নিকট ব্যর্থবিশেষণ দোষে হাই হইরা যাইবে। কারণ, বৌদ্ধমতামুসারে ঈশ্বরনামক বস্তু না থাকার তদস্তর্ভাবে ব্যভিচারের কথা বৌদ্ধমতে উঠে না। অতএব, বৌদ্ধমতামুসারে নিপ্রয়োজন হওয়ায় অচেতনন্তরূপ বিশেষণমুক্ত হেতুটা ব্যাপ্যত্বাসিদ্ধি-দোবে হাই হইরা গিয়াছে। যদিও ক্ষণিক-বিজ্ঞানাত্মক চেতন বা স্বপ্রকাশ বস্তু বৌদ্ধমতে স্বীকৃত আছে এবং স্বকার্য্যোৎপাদনে উহা চেতনান্তরের অপেক্ষা রাথে না ইহাও সত্যই, তথাপি ঐ ক্ষণিক-বিজ্ঞানান্তর্ভাবে স্থিরত্ববিশিষ্টপ্রবৃত্তত্ব-রূপ হেতুর ব্যভিচার উক্ত মতে আশক্ষিত হইতে পারে না। কারণ, স্থিরত্বটী না থাকার ঐ হেতুটী ক্ষণিক-বিজ্ঞানে থাকেই না। স্থতরাৎ, ঈশ্বরে বা ক্ষণিক-বিজ্ঞানে স্থিরত্ববিশিষ্টপ্রবৃত্তত্ব-রূপ হেতুটীর ব্যভিচার বৌদ্ধমতে অনাশক্ষিত থাকার ঐ মতামুসারে অচেতনত্বরূপ বিশেষণালী ব্যভিচার-বারক না হওয়ায় ঐ বিশেষণমুক্ত হইলে হেতুটী অবশ্রুই বৌদ্ধমতামুসারে ব্যাপ্যত্বাসিদ্ধি-দোষে হাই হইরা যাইবে। অতএব, উদ্যোতকর-প্রদর্শিত অনুমানটী বৌদ্ধসম্প্রদারের নিকট ঈশ্বরকে প্রমাণিত করিতে পারে রা।

কাহারও না কাহারও সুথ বা তঃথের নিদানীভূত কুঠারাদিরপ অনিত্য বস্তুগুলিকে দৃষ্টান্ত করিয়া নিয়োক্তপ্রকার নিয়ম প্রমাণিত হয় যে, "সুথ বা তুঃথের নিমিক্তীভূত উৎপভ্যমান বস্তুগুলি ব্রিমৎকারণাধিষ্ঠিত হইয়া থাকে"। কুঠারাদি

বস্ত গুলি যে কোনও না কোনও বুদ্ধিমং কারণের দ্বারা অধিষ্ঠিত হইরাই জীবজগতে . স্থুথ বা গুঃথের কারণ হয়, ইহা আমরা সকলেই জ্বানি। কোনও চেতন প্রাণীর দারা সমধিষ্টিত না হইলে যে কুঠার প্রভৃতি উৎপত্যমান বস্তগুলি ছেদনাদি কার্য্যের দারা কোনও জীবেরই কোনও উপকার বা অপকার করিতে পারে না, এই বিশ্বাস বা অভিজ্ঞতা আমাদের সকলেরই আছে। স্কুতরাং, উক্ত কুঠারাদি দুষ্টান্তে এই নিয়ম প্রমাণিত হইয়া যাইতেছে যে, যে সকল বস্তু উৎপদ্মান হইয়া স্থগ্যংখের নিমিত্ত হয় তাহা বুদ্ধিমংকারণের দারা সমধিষ্টিতও হয়। নিরমের বলে অবশুই নিমোক্তপ্রকার অনুমানের প্রয়োগ হইবে—"পর্বত-শাগরাদি বস্তুগুলি বৃদ্ধিমংকারণের দারা সমধিষ্ঠিত আছে, বেহেতু উহারা স্থুখ ছ:থের নিদান জন্তবস্তু"। উক্ত প্রয়োগে স্থগছ:থনিদানম্ববিশিষ্টজন্তমক অনুমানের লিক্ত্রপে উপগ্রস্ত করা হইরাছে। পক্ষ ও সাধ্য স্থগমই আছে। পর্বত বা সাগরাদি বস্তগুলি যে অম্মদাদির গ্রায় কোনও অরজ্ঞ-অরশক্তিমান পুরুষকত্ত্র সমধিষ্ঠিত হয় নাই, ইহা আমরা সকলেই নিশ্চিতরূপে জানি। এই অবস্থায় যদি উহাদের সম্বন্ধে বুদ্ধিমৎকারণাধিষ্ঠিতত্ব প্রমাণিত হয়, তাহা হইলে সাধ্যকুষ্ণিতে প্রবিষ্ট বৃদ্ধিমান্টী ফলতঃ সর্ব্বজ্ঞ-সর্বশক্তিমান ঈশ্বরই হইবে। এই প্রণালীতেই উক্ত অমুমানের ছারা ঈশ্বর প্রমাণিত ছইবে বলিয়া ঈশ্বরবাদীরা মনে করেন।

প্রদর্শিত অনুমানের বিরুদ্ধে বৌদ্ধসম্প্রদার অবশ্রুই বলিতে পারেন যে, পূর্ব্বপ্রকীর সমুপ্রস্ত অনুমানের দ্বারা ঈর্ধর প্রমাণিত হইতে পারেন না। কারণ,
উক্ত অনুমানের লিঙ্গটী লিঙ্গাভাগ হইয়া গিয়াছে। পূর্ব্বপক্ষী স্থতঃখনিদানত্ববিশিপ্তজ্ঞগুকে লিঙ্গরূপে উপস্থাপিত করিয়াছেন। কিন্তু, ইয়া দেখা য়াইতেছে
যে, স্থতঃখনিদানত্বরূপ বিশেষণটী নিশ্রয়োজনেই প্রণত ইইয়াছে। কারণ,
পূর্ব্বপক্ষী যে কোন উৎপত্মমান বস্তুকেই কাহারও না কাহারও স্থখ বা তঃখের
নিদান বলিয়াই মনে করেন। কারণ, বিনা প্রয়োজনে কোনও বস্তুর স্কৃষ্টি হয়,
ইয়া তাহারা স্বীকার করেন না। কার্যমাত্রের প্রতিই অদৃষ্টের কারণতা
তাহাদের সিদ্ধান্ত। স্প্তরাং, জ্মতাংশে অব্যাবর্ত্তক উক্ত বিশেষণটী ব্যর্থ
ইইয়া গিয়াছে। অতএব, ব্যর্থবিশেষণমুক্ত হওয়ায় ঐ লিঙ্গটী ব্যাপাত্বাসিদ্ধি-দোষে
ছিই হইয়া গিয়াছে। পূর্ব্বপক্ষী ঘদি নিজ্ঞের নিগ্রহ স্বীকার করিয়া ঐ বিশেষণটীকে

পরিত্যাগ করেন এবং কেবল জন্মন্তব্যু অর্থাৎ কার্য্যন্তরূপ, হেন্তন্তর অবলম্বনে অনুমানের সমুপতাস করেন, তাহা হইলেও উহা সমীচীন হইবে না বলিয়াই বৌদ্ধগণ মনে করেন। এক্ষণে পূর্ব্বপক্ষীর অনুমানটী নিম্নোক্তপ্রকারে উপগ্রস্ত হইবে— "সাগর-ভূধরাদি পদার্থগুলি বৃদ্ধিমৎকারণের দারা সমধিষ্ঠিত, যেহেতু উহারা জ্ঞ বা কার্য্য পদার্থ, যেমন কুঠারাদি"। উক্ত অনুমানের হেতুটা ব্যভিচারী হইয়া গিয়াছে। কারণ, পূর্বলিকীর স্বমতানুদারে জ্ঞান বা বৃদ্ধি-প্লার্থে জ্ঞার বিভামান আছে, অথচ উহা অপর কোনও বৃদ্ধির দ্বারা সমধিষ্ঠিত হয় না। यদি তিনি বলেন বে, তাঁহারা জ্ঞানের স্বপ্রকাশত্বাদী নহেন, পরস্তু, অনুব্যবসায়ের দ্বারাই তাঁহারা জ্ঞানের প্রকাশ স্বীকার করেন; স্মৃতরাং, তাঁহাদের মতে জ্ঞান-পদার্থ^ও জ্ঞানান্তরের দারা সম্বিষ্ঠতই আছে। তাহা হইলেও অনুব্যবসায়াত্মক জ্ঞানান্তর্ভাবে উহা, অর্থাৎ জন্মত্বরূপ হেতুটা, বৃদ্ধিমংকারণাধিগ্রিতত্বরূপ সাধ্যের ব্যভিচারীই হইয়া যাইবে। কারণ, অনবস্থাভরে অমুব্যবসায়ের অমুব্যবদার স্বীকৃত হইতে পারে না। যদি অন্তোন্তাশ্রমাদি-দোবরহিত উক্ত অনবস্থা তিনি স্বীকারও করেন, তাহাতেও <mark>জ্ঞত্বরূপ হেতুর হেত্বাভাসত্বের উদ্ধার হইবে না। কারণ, উহা অনিত্যপ্রবহুপূর্ব্বকত্ব-</mark> রূপ উপাধির দারা দোপাধিক হইয়া গিয়াছে। বাহা যাহা বৃদ্ধিমংকারণাধি টতরূপে নিশ্চিত, সেই ঘটপটাদি বস্তগুলির দর্মত্রই অনিত্যপ্রবন্ধকত্ব আছে। স্বতরাং, উহা সাধ্যের ব্যাপক হইয়াছে এবং জন্মত্বরূপে নিশ্চিত সাগর-ভ্ধরাদি পদার্থে বৃদ্ধিমৎকারণাধিষ্টিতত্ব সন্দিগ্ধ থাকায় উহা জন্মত্বরূপ হেতুর পক্ষে অব্যাপকও হইরা গিরাছে। অতএব, অনিত্যপ্রবত্নপূর্বকত্বরূপ উপাধিদোষে ছট হওয়ায় প্রদর্শিত অনুমানের দারা পূর্ব্বপক্ষী ঈশ্বরকে প্রমাণিত করিতে পারেন না।

একণে আমরা "কিতাঙ্কুরাদিকং সকর্তৃকং কার্য্যত্বাৎ ঘটবং" এই অতিপ্রিদিদ্ধ স্বাধ্ব-সাধক অনুমানটীকে অবলম্বন করিয়া কিঞ্চিৎ বিচারপূর্বক এই পরিচ্ছেদ্টীর পরিসমাপ্তি করিব। ঈশ্বরাদীর অভিপ্রায় এই যে, ঘটপটাদি দৃষ্টান্তে এইরপ একটা নির্ম প্রমাণিত হয় বে—"যাহা যাহা কার্য্য তাহা সকর্তৃক, অর্থাৎ কর্তৃ-বিনিশ্বিত"। ঘটপটাদি বস্তুগুলি যে কার্য্য, অর্থাৎ উৎপাদশীল, এবং ঐ সকল বস্তুগুলি যে কুলাল বা কুবিনাদি কর্তৃগণের দ্বারা বিনিশ্বিত ইছা আমরা স্থানিশিত ভাবেই জ্বানি। নিশ্চিতভাবে এমন একটা দৃষ্টান্তও আমরা পাই না যে যাহা

সকর্ত্তক নহে, অথচ উৎপাদশীল, অর্থাৎ কার্য্য। স্থতরাং, উক্ত সহচারদর্শন ও ব্যভিচারাদর্শনের দারা কার্য্যন্তে সকর্তৃকত্বের ব্যাপ্তি নির্ণীত হইয়া বাইতেছে। অতএব, উক্তপ্রকারে ব্যাপ্তিনিশ্চয়ের বলে ক্ষিতি, অঙ্কুর প্রভৃতি পক্ষে কার্য্যম্বরূপ-হেতুর দ্বারা অবশুই সকর্তৃকত্বের অনুমান হইয়া যাইবে। ক্ষিতি বা অন্ধুর প্রভৃতি পক্ষে সকর্তৃকত্বের অনুমান হইলেই ফলতঃ উহাদের কর্তৃরূপে সর্বজ্ঞ-সর্বশক্তিমান্ ঈশরও প্রমাণিত হইবে। কারণ, অম্বদাদির স্থায় অন্নজ্ঞ-অন্নশক্তিমান্ কর্ত্তার উক্ত পক্ষে বাধনিশ্চয় থাকায় ফলতঃ অম্মদাদিব্যতিরিক্ত কর্ত্তাই উক্ত পক্ষের নিমিত্ত আব্খ্যক হইল এবং ঐ সকল ছুর্ঘট কার্য্যসম্বন্ধে অভিজ্ঞতা ও যোগ্যতা থাকায় ঐ কর্ত্তাও ফলতঃ দর্মজ্ঞ-সর্মশক্তিমান্ বলিয়াই আমাদের নিকট প্রমাণিত হইল। এই প্রণালীতেই কথিত অনুমানের দারা সর্বজ্ঞ-সর্বশক্তিমান্ ঈশ্বর প্রমাণিত হইয়া যায় বলিয়া ঈশ্বরবাদিগণ মনে করেন। ঐ অনুমানের পক্ষপন্তক্কে যদি জিজ্ঞাসা করা বায় যে, ঐ স্থলে কি কিতি ও অফ্রাদি বস্তুগুলিকে এক সঙ্গে গ্রাহণ করিয়া একটীই অনুমান প্রযুক্ত হইয়াছে, না ভিন্ন-ভিন্নভাবে ক্ষিতি ও অন্ধুরাদি বস্তগুলিকে গ্রহণ করিয়া ভিন্নভিন্নভাবেই একাধিক অনুমান প্রযুক্ত ইইয়াছে, তাহা হইলেও উত্তরে বলা যায় যে, ক্ষিত্যক্ষুরাদি বস্তু-গুলিকে এক দক্ষে গ্রহণ করিয়াও অনুমান প্রযুক্ত হইতে পারে অথবা "ক্ষিতিঃ সকর্তুকা কার্য্যত্বাৎ, অমূরং সকর্তৃকং কার্য্যত্বাৎ" এই প্রণালীতে ভিন্ন ভিন্ন অনুমানও প্রযুক্ত হইতে পারে। অনুমানের একটা প্রয়োগেও ঈশ্বর প্রমাণিত হইবে ; ভিন্নভিন্নভাবে ভিন্ন ভিন্ন অমুমানের প্রয়োগেও প্রত্যেক বিভিন্ন অমুমানেই পূর্বপ্রদর্শিত প্রণালীতে ঈশ্বর প্রমাণিত হইবে। ফিতি ও অন্ধ্রাদি তাবং-পদার্থগুলি একত্রে গ্রহণ করিয়া অনুমানের প্রয়োগ করিতে ইচ্ছা করিলে কার্য্যত্তরূপ ধর্মের দারাই উক্ত বিভিন্ন বস্তুগুলিকে একসঙ্গে গ্রহণ করিতে হইবে। এইরূপ হইলে "কার্য্যং সকর্তৃকং প্রাগভাবপ্রতিবোগিত্বাৎ ঘটবং" এই আকারেই অনুমানের প্রয়োগটী পর্যাবসানপ্রাপ্ত হইবে । "ঘটঃ কার্য্যঃ, পটঃ কার্য্যঃ" ইত্যাদি অবিসংবাদিত প্রতীতির দারা উৎপন্ন বস্তমাত্রশাধারণ একটী অনুগত কার্য্যন্তনামক উপাধি প্রমাণিত আছে। উক্ত কার্য্যত্বরূপ উপাধিটীই উক্ত স্থলে পক্ষতাবচ্ছেদক হইবে। ঐ উপাধির দারা ক্ষিতি বা অফুরাদি তাবৎ-কার্য্যসমূহ একসঙ্গে গৃহীত হইয়া যাইবে। কার্য্যন্ধরপ উপাধিটীকে পক্ষতাবচ্ছেদকরপে গ্রহণ করিলে আর "কার্য্যৎ

সকর্ত্ কং কার্যাত্বাং" এইভাবে অমুমানের প্ররোগ হইবে না। কারণ, উহাতে হেতৃ ও পক্ষতাবচ্ছেদক অভিন্ন হইরা বার। ব্যাপ্তিগ্রাহক অন্তর্গৃষ্টান্তের অভাব-বশতঃ অন্তর্গাপ্তিজ্ঞানের সন্তাবনা না থাকার অথবা সর্ব্ব সপক্ষ ও বিপক্ষ হইতে ব্যাবৃত্ত হওরার অসাধারণ্য-দোষ হর বলিরা পক্ষতাবচ্ছেদক ধর্মকে অমুমানের হেতৃরূপে প্ররোগ করা যার না। এই কারণে কার্যাত্বরূপ উপাধির পক্ষতাবচ্ছেদক ক্ষপক্ষে প্রাগভাবপ্রতিযোগিত্বকেই লিঙ্গরূপে গ্রহণ করিতে হইবে। অতএব ঐ পক্ষে "কার্যাং সকর্ভৃকং প্রাগভাবপ্রতিযোগিত্বাং অর্থাং, কার্যাত্তলি সকর্তৃক, থেহেতু উহারা প্রাগভাবের প্রতিযোগী", এই আকারেই অমুমানের প্ররোগ করিতে হইবে।

বিতীর পক্ষে উক্ত কার্য্যত্বরূপ ধর্মটিকেই হেতুরূপে গ্রহণ করা যাইবে। কারণ, তাহাতে ক্ষিতিত্ব, অন্ধ্রন্তাদি বিভিন্ন ধর্মগুলি বিভিন্ন প্ররোগে পক্ষতাবচ্ছেদক হওয়ার পক্ষতাবচ্ছেদক ও হেতুর ঐক্যের কথাই উঠে না। দীধীতিকারাদি প্রোঢ় নৈয়ায়িকগণের মতামুদারে প্রাগভাব অস্বীকৃত থাকায় ঐ দকল মতে আর কার্য্যত্বরূপ ধর্মের হারা ক্ষিতি ও অন্ধ্রর প্রভৃতির অনুগতভাবে গ্রহণ করিয়া "কার্য্যং সকত্ব কং প্রাগভাবপ্রতিযোগিত্বাং" এই আকারে একটা অনুমানের প্রয়োগ সম্ভব হইবে না। কারণ, ঐরূপ হইলে তাহাদের মতামুদারে উক্ত অনুমানটী হেন্দিনিকানে ছাই হইয়া যাইবে। স্বতরাং, উক্ত মতানুদারে "ক্ষিতিঃ দকর্ভুকা কার্য্যতাং", "অন্ধ্রনং সকর্ভুকং কার্য্যতাং" এইভাবে বিভিন্ন অনুমানের প্রয়োগেই তাৎপর্যা ব্রিতে হইবে; বাহাই ছউক না কেন ইহাতে ঈশ্বরসিদ্ধির কোনও ব্যাঘাত হইবে না।

বদি বলা যায় যে, "কার্যাং সকর্তৃকং প্রাগভাবপ্রতিযোগিত্বাৎ" অথবা "ক্রিভিঃ সকর্তৃকা কার্য্য রাৎ" এইভাবে অমুমানের প্রয়োগ করিয়া ঈশ্বরসাধন করা সম্ভব হয় না। কারণ, ঐ অমুমানগুলি অংশতঃ সিদ্ধদাধন-দোমে ছপ্ট হইরা গিয়াছে। উক্ত অমুমানের পক্ষভাবছেদক ধর্মা যে কার্যাত্ব, তাহার আশ্রয়রূপে ঘটপটাদি বস্তুগুলিও পক্ষাংশে প্রবিষ্ট আছে; ঐ বস্তুগুলির সকর্তৃকত্ব উক্ত অমুমানের পূর্বা হইতেই বাদী ও প্রতিবাদী এই উভয়েরই নিশ্চিতরূপে জানা আছে। অতএব, অমুমানের পূর্বা হইতেই আংশিকভাবে অমুমানের পক্ষে সাধ্যটী নিশ্চিত থাকার উহা সিদ্ধসাধন-দোবে ছপ্ট হইরা গিয়াছে। তাহা হইলেও উত্তরে

ন্ধরবাদী বলিবেন যে, অনীধরবাদীরা ঈশ্বর-থগুনে অত্যাগ্রহী বলিয়াই উক্ত অন্নমানটাকৈ দিন্ধসাধন-দোষে ছাই বলিয়া মনে করিয়াছেন। কিন্তু, বাস্তবিকণক্ষে উহা উক্ত দোষে ছাই হয় নাই। কারণ, উক্ত প্রয়োগে কার্য্যন্তরূপ পক্ষতাবছেদকাবছেদে তাবং-কার্য্যন্ততেই সকর্তৃকিরের অনুমান অভিপ্রেত হইয়াছে। উহাতে আংশিকভাবে যদিও কোন কোন পক্ষাহর্গত বস্তু সকর্তৃকত্বপ্রকারে নিশ্চিত থাকে, তাহা হইলেও কোন দোষ হয় নাই। অবছেদকাবছেদে সাধ্যদিন্ধি অভিপ্রেত হইলে তাহাতে আংশিকভাবে দিন্ধি, অর্থাৎ আংশিকভাবে পক্ষে সাধ্যদিন্দি, যে দোষের হয় না, ইহা সকলেই স্বীকার করিয়াছেন। স্কতরাং, অনীধরবাদীর প্রদর্শিত সিদ্ধসাধনটা প্রকৃতস্থলে অনুমানের বিঘাতক না হওয়ায় উক্ত অনুমানের দারা নির্ব্বাধেই সর্ব্বজ্ঞ-সর্ব্বক্তিমান্ ঈশ্বর প্রমাণিত হইয়া যাইবে।

কেই কেই প্রদর্শিত অনুমানটার খণ্ডনাভিপ্রায়ে নিম্নোক্তপ্রকারে সৎপ্রতিপক্ষের অবতারণা করিয়া থাকেন—"ক্ষিতিঃ ন সকর্ত্তকা শরীরাজ্ঞত্তত্বাং, গগনবং"। খণ্ডন-কারীর অভিপ্রায় এই যে, গগনাদি নিত্যপদার্থগুলি যে শরীরাজ্য এবং অকর্ত্তক ইহা বাদী ও প্রতিবাদী উভয়েই স্বীকার করিয়া থাকেন। এমন একটী বস্তুও নিশ্চিতভাবে উপস্থাপিত করা যায় না যাহা অকর্ত্তক নহে, অর্থাৎ সকর্ত্ত্ ক ও শ্রীরাজ্য। স্কুতরাং, ব্যভিচারাদর্শন ও উক্ত সহচারদর্শনের দারা 'বাহা যাহা শরীরাজন্য তাহা অকভূ কি" এইপ্রকার নিয়ম প্রমাণিত হইয়া যায়। অতএব, উক্ত নিয়মের বলে অবশুই এইপ্রকারে বিরোধী অনুমানের সমুপস্থাপন হইবে যে, "ক্ষিতিঃ ন সকর্তৃকা শরীরাজ্যত্ত্বাৎ"। অথবা, "কার্য্যং ন সকর্তৃকং শ্রীরাজ্মতথাৎ গগনবং" এইভাবেও কার্য্যত্ত্রপ ঈশ্বরসাধক অনুমানের পক্ষতাবচ্ছেদক ধর্মটীকেই পক্ষতাবচ্ছেদকরপে গ্রহণ করিয়া প্রদৰ্শিত আকারে বিরোধী অনুমানের সম্পস্থাপন করা যাইতে পারে। যদিও উক্ত বিরোধী প্রায়োগে কার্য্যন্তরূপ পক্ষতাবচ্ছেদক ধর্মের দারা ঘটপটাদি বস্তুগুলিও পক্ষকুক্ষিতে নিক্ষিপ্ত হইয়াছে ইহা সত্য এবং পক্ষান্তর্গত ঐ সকল ঘটপটাদি বস্তুতে বিরোধী অনুমানের সাধ্য যে অকর্তৃকত্ব, তাহা নাই ইহাও সত্য, তথাপি ঐ বিরোধী অন্তুমানটী বাধ-দোবে হুষ্ট হইবে না। কারণ, কার্য্যন্তরূপ যে পক্ষতাবচ্ছেদক ধর্মটী তদবচ্ছেদে সর্বাত্র পক্ষে অকর্তৃকত্ব-সাধনের অভিপ্রায়ে উক্ত অনুমানের প্রয়োগ হয় নাই; পরস্তু, কার্য্যত্তরূপ যে পক্ষতাৰচ্ছেদক ধর্মানী তৎসামানাধিকরণ্যে

অকর্ত্বিদ্ধ-সাধনের নিমিন্তই উহার প্রয়োগ হইরাছে। প্রফাবচ্ছেদকধর্ম-সামানাধিকরণ্যে সাধ্যালিশ্চয়ের প্রতি তৎসামানাধিকরণ্যে সাধ্যালাবনিশ্চয় বিরোধী না হওয়ার উক্ত বিরোধী অলুমানটা বাধ-দোধে হুই হয় নাই। ঈশ্বর-সাধক যে অলুমানটা, তাহাতে যে প্রফাবচ্ছেদকীভূত কার্য্যত্বরূপ ধর্মাবচ্ছেদেই সকর্ত্বিত্বের সাধন অভিপ্রেত আছে, তাহা পূর্বেই জ্ঞানিয়াছি। পর্ক্ষতাবচ্ছেদক-ধর্মাবচ্ছেদে সাধ্যবত্তা-বৃদ্ধির প্রতি পক্ষতাবচ্ছেদকধর্মাবচ্ছেদেই হউক অথবা পক্ষতাবচ্ছেদকধর্মামানাধিকরণ্যেই হউক, সাধ্যাভাববত্তা-নিশ্চয় হইলেই তাহা প্রতিবন্ধক হইবে। স্কৃতরাং, "কার্য্যং ন সকর্ত্বিত্বভাবের সাধনার্থ প্রযুক্ত হইলে উহা "কার্য্যং সকর্ত্বিং প্রাগভাবপ্রতিযোগিয়াহ" এই ঈশ্বরসাধক অলুমানটা কার্য্যহরূপ পক্ষতাবচ্ছেদকধর্ম্মামানাধিকরণ্যে সকর্ত্বিত্বভাবের সাধনার্থ প্রযুক্ত হইলে উহা "কার্য্যং সকর্ত্বিং প্রাগভাবপ্রতিযোগিয়াহ" এই ঈশ্বরসাধক অলুমানের অবশ্বই বিরোধী হইবে। স্কৃতরাং, ঈশ্বরবাদীর সমুপ্রাপিত অলুমানটা প্রদর্শিত প্রকারে বিরোধী অনুমানের দ্বারা প্রতিক্রম্বস্বার্য্যক হওয়ায় সংপ্রতিপক্ষতা-দোষে ছুই হইয়া গিয়াছে।

তাহা হইলেও উত্তরে ঈশ্বরণদী বলিবেন যে, খণ্ডনকারীর সমুপস্থাপিত বিরোধী অনুমানটী আমাদের অনুমান অপেক্ষার হীনবল হওরার উহা আদে প্রতিপক্ষই হয় নাই। পরস্পরবিরোধী অনুমানদ্বর সমানবল হইলেই একটা অনুমান অপরটীর দ্বারা সংপ্রতিপক্ষিত হয়। একটা অপরটা অপেক্ষা হর্মল হইলে মহর্মল কার্মান অপরটীর দ্বারা সংপ্রতিপক্ষিত হয়। একটা অপরটা অপেক্ষা হর্মল হইলে সেই স্থলে বংপ্রতিপক্ষ-দোব হয় না। খণ্ডনার্থ সমুপস্থাপিত অনুমানটা যে হর্মল, তাহা অনারাদেই ব্রা যায়। খণ্ডনার্থী শরীরাজগুত্বকে হেতু করিয়া ক্ষিত্যমুরাদি কার্য্যে সকর্ভৃকত্বের নিষেধে 'কার্য্যং ন সকর্ভ্কং শরীরাজগুত্বাং' এইপ্রকার বিরোধী অনুমানের সমুপস্থাপন করিয়াছেন। সামাগ্যতঃ অজগুত্বেই সকর্ভৃকত্বাভাবের ব্যাপ্তি বা স্বভাবপ্রতিবন্ধ সম্ভব হওয়ায় তিনি যে হেতুর বিশেষণক্ষপে শরীরের প্রবেশ করিয়া শরীরাজগুত্বকে হেতু করিয়াছেন, তাহাতে তাঁহার হেতুটী ব্যর্থবিশেষণমূক্ত হওয়ায় নীলধ্মের গ্রাপ্র ব্যাপ্যথাসিদ্ধি-দোষে হুট হইয়া গিয়াছে। অতএব, খণ্ডনার্থীর হর্ম্বল অনুমানের দ্বারা ঈশ্বরসাধনার্থ সমুপস্থাপিত নির্দ্ধোষ সবল অনুমানটা সৎপ্রতিপক্ষিত হয় নাই। এই কারণে "ফিত্যাদিকার্যাং সকর্ভৃকং প্রাগভাবপ্রতিযোগিয়াৎ" এই অনুমানের দ্বারা অবশ্রুই সর্ম্বক্ত-সর্মশক্তিমান্ ঈশ্বর প্রমাণিত হইয়া যাইবে।

খণ্ডনার্থী যদি এক্ষণে এ নিশ্রয়োজন বিশেষণটাকে পরিত্যাগ পূর্ব্ধিক "ক্ষিত্যাদি ন সকর্ত্ত্বকন্ অজন্তহাৎ" এইভাবে বিরোধী অনুমানের সমুপস্থাপন করিয়া সংপ্রতিপক্ষের অবতারণা করিতে চাহেন তাহা হইলেও উহা সমীচীন হইবে না। কারণ, ঐ অনুমানের হেতুটী স্বরূপাসিদ্ধি-দোষে তুঠ হইয়া গিয়াছে। কার্যাম্মক পক্ষে যে অজন্তহ, অর্থাৎ জন্তহের অভাব, থাকিতে পারে না তাহা স্ক্রবিদিতই আছে। স্ক্তরাং, উক্ত প্রণালীতে থণ্ডনার্থী প্রদর্শিত ঈশ্বরমাধক অনুমানে সংপ্রতিপক্ষের অবতারণা করিতে পারেন না।

কেহ কেহ বৌদ্ধমতানুসারে ঈশবের খণ্ডন করিতে গিয়া বলিয়াছেন पीशांता शृद्धींक युक्तित नाशाया जेथत अमानिक श्र विन्ना मत्न करतन, তাঁহাদিগকে অবশ্যই ঈশ্বরকে অশ্রীর বলিয়া মানিতে হইবে। কারণ, দিখনের স্বীর শরীর স্বীকার করিলে ঐ শরীরের প্রতি কোনও জীবের বা প্রং ঈশ্বরের কর্তৃত্ব সম্ভব না হওয়ায় ঐ শ্রীর অবলম্বনেই প্রাগভাবপ্রতিযোগিত্ব-রূপ সকর্তৃকত্ব-সাধনার্থ প্রযুক্ত হেতুটী সাধ্যের ব্যভিচারী হইয়া **যাই**বে। কারণ, ঈশ্বনীয় শ্রীরে সকর্ভৃক্তরূপ সাধ্যটী নাই, অথচ প্রাগভাব-প্রতিযোগিত্বরূপ হৈতুটী আছে। ঈশ্বরের শরীর স্বীকার করিলে ফলতঃ স্বশরীরের দ্বারাই ঈশ্বরের কর্তৃত্ব স্বীকৃত হইবে। এইরূপ হইলে স্বীয় শ্রীরের প্রতি ঈশ্বরের কর্ভৃত্ব সম্ভব হইবে না। কারণ, নিজ শরীরের নির্মাণকালে ঈশ্বর অশরীর ছিলেন। অশরীরাবস্থায় কর্তৃত্ব সম্ভব হয় না বলিয়াই খীয় শরীরের প্রতি ঈশ্বরের কর্তৃত্ব অসম্ভব। ঈশ্বরের শরীর যে কোনও জীব নির্মাণ <mark>করে নাই, ইহা ত স্বীকৃতই আছে। অতএব, ঈশ্বরের শ্রীরে সকর্তৃকত্বরূপ</mark> <mark>শাধ্য না থাকায় এবং উহাতে প্রাগভাবপ্রতিযোগিত্বরূপ হেতুটী থাকায়</mark> ব্যভিচার-দোষ অনিবার্য্য হইয়া পড়ে। স্থতরাং, "কার্য্যং সকর্তৃকং প্রাগভাব-প্রতিযোগিত্বাৎ" এইপ্রকারে অনুমানের সমুপস্থাপন করিয়া যাঁহারা ঈশ্বরকে অমাণিত করিতে চাহেন, তাঁহারা অবগুই ঈশ্বরকে অশরীর বলিয়াই স্বীকার ক্রিবেন। এইরূপ হইলে ঈশ্বরের কর্ভৃত্ব-অনুমান বাধাপ্রাপ্ত হইরা যাইবে। এজন্ত, প্রদর্শিত অনুমানের দ্বারা ঈশ্বরবাদীরা ক্ষিত্যস্কুরাদি কার্য্যের কর্তৃক্রপে ঈশ্বরকে প্রমাণিত করিতে পারিবেন না। নিম্নোক্তপ্রকারে বিরোধী জ্মমানটীর প্রয়োগ হইবে — "ঈশ্বরো ন কর্ত্তা শরীরাভাবাৎ"। ঘটপটাদি দৃষ্টান্তে এইপ্রকার নির্ম প্রদানিত ছাছে যে, যাহা যাহা অশ্রীর, অর্থাৎ শ্রীরাভাববান, তাহা অকর্ত্ত। অতএব, উক্ত নিরমের বলে প্রবর্শিত অনুমানের দারা ঈধরের অকর্তৃত্ব অবশুই প্রমাণিত হইরা যাইবে।

ইহার উত্তরে ঈশ্বরবাদী অবগ্রাই বলিবেন যে, ঈশ্বরবিদেবিগণ ঈশ্বর-খণ্ডনার্থ যে অনুমানের সমুপস্থাপন করিরাছেন তাহা তাঁহারা করিতে পারেন না। কারণ, ঐ অনুযানটী তাঁহাদের স্বমতানুসারে পক্ষাসিদ্ধি-দোবে তুই হইর। গিয়াছে। তাঁহারা ঈশ্বরনামক কোনও পদার্থই আদৌ স্বীকার করেন না। স্কুতরাং, স্বীধাকে পক্ষ করিয়া কোনও অনুমানেরই তাঁহারা সমুপস্থাপন করিতে পারেন না। তাঁহারা এইপ্রকারও বলিতে পারেন না যে, ঈশ্বরবাদীর সমত যে ঈশ্বর তাহাকে পক্ষ করিয়াই তাঁহারা উক্ত অনুমানের প্রয়োগ করিয়াছেন। স্থতরাং, তাঁহাদের স্বমতে ঈশ্বর প্রমাণসিদ্ধ না হইলেও ঐপ্রকার অমুমান তাঁহারা করিতে পারেন। কারণ, ঐরপ হইলে ঈশ্বর-সাধক প্রমাণকে খীকার করিয়াই তাঁহার। উক্ত অনুমানের প্রয়োগ করিবেন। তাহা হইলে ঈশরসাধক প্রমাণের দ্বারা ক্ষিত্যস্থ্রাণি কার্য্যের কর্তৃরূপে ঈশ্বর প্রমাণিত হওরার তাঁহারা ঐ অনুমানের বিরোধী কোনও অনুমান প্রাথাকরিতে পারেন না। কারণ, কোনও বৃদ্ধিমান্ ব্যক্তিই উপজ্পীব্যের বিরোধে কোনও কিছু করেন না। স্থতরাং, পূর্ব্বোক্ত প্রকারে অনুমানের প্রয়োগ করিয়া ঈথরের জগৎকর্তৃত্ব খণ্ডন করা যায় না।

অন্ত কেহ কেহ ঈশ্বরবাদের বিরুদ্ধে যুক্তির অবতাৰণা করিতে গিয়া বলিয়াছেন যে, যাঁহারা ঈশ্বর স্বীকার করেন, তাঁহারা সকলেই তাঁহাকে জগৎকর্ত্তরূপে স্বীকার করিয়াছেন। এইরূপ হইলে ঈশ্বরের প্রমাণ্নধিষ্ঠাতৃত্বও তাঁহাদের অবশ্রই স্বীকৃত থাকিবে। কারণ, পরমাণ্র প্রতি অধিঠাতৃত্ব না থাকিলে জগৎকর্ত্ত্ব সম্ভব হয় না। স্কুতরাং, ঈশ্বরবাদীরা বে প্রণালীতেই যুক্তির অবতারণা করিয়া, অর্থাৎ অমুমানের প্রয়োগ করিয়া, ঈশ্বরকে প্রমাণিত করিতে চেঠা করুন না কেন, তাহাতে ঈশ্বরের প্রমাণ্ধিষ্ঠাতৃত্ব তাঁহাদের মতে স্বীকৃতই থাকিবে। অগচ, পূর্ব্বোক্ত কারণে তাঁহারা ঈশ্বরকে শ্রীরধারী বলিয়াও স্বীকার করিতে পারেন না। এইরূপ হইলে, অর্থাৎ ঈশ্বরের প্রমাণ্ণধিষ্ঠাতৃত্ব স্বীকার করিলে, ঈশ্বরবাদীকে অবশুই ঈশ্বরের শরীর স্বীকার করিতে হইবে।

শ্রীর স্বীকার করিলে সেই শ্রীরের প্রতি ঈশ্বরের কর্তৃত্ব সম্ভব না হওয়ায় ঐ শরীরাস্তর্ভাবেই ঈশ্বরসাধক অনুমানের হেতুগুলি ব্যভিচারী হইয়া ঘাইবে। অতএব, পরম্পর অসামঞ্জন্ত থাকায় কোনও যুক্তির দ্বারাই ঈশ্বর প্রমাণিত হইতে পারে না। পরমাণু প্রভৃতিতে ঈশ্বরশরীরত্বের আপত্তি এই কারণে হইবে যে, ঈশ্বর প্রমাণু প্রভৃতির অধিষ্ঠাতা হইলে হয় সাক্ষাৎ অধিষ্ঠাতা হইবেন, না হয় পরম্পরায় অধিষ্ঠাতা হইবেন। প্রথম পক্ষে ঐ অধিষ্টিত প্রমাণুই क्षेयरतत भंतीत रहेग्रा यारेरा। कात्रण, कूनानामित भंतीत्रपृष्टीस्य এই প্रकात নিয়ম প্রমাণিত আছে যে, যাহা যাহার ঘারার দারা সাক্ষান্তাবে অধিষ্টিত তাহা তাহার শরীর। আর, যদি দ্বিতীয় পক্ষ অবলম্বন করিয়া বলা যায় যে, প্রমাণু প্রভৃতি জগ্রপাদানগুলি সাক্ষাদ্রাবে ঈশ্বরের দ্বারা অধিষ্টিত নহে, প্রস্তু, পরম্পরায় অধিষ্ঠিত আছে, তাহা হইলেও ঐ ঈশ্বরের শরীর অবশ্রুই স্বীকার করিতে হইবে। কারণ, যাহা যাহার পক্ষে নিঞ্চ শরীরের দ্বারা অধিষ্টিত <mark>হয় তাহাই তাহার পক্ষে পরম্পরায় অধি</mark>ষ্টিত হইয়া থাকে। তৃত্রী, বেমা প্রভৃতি বস্তুগুলি তম্ভবায়কর্তৃক পরম্পরাক্রমে অধিষ্ঠিত আছে। কারণ, ঐ হলে জীবাত্মা স্বরং সাক্ষান্তাবে তন্তবায়ের দেহকে পরিচালিত করেন এবং জীবাত্মা-কর্ত্ত্ব পরিচালিত ঐ দেহটী স্থত্র প্রভৃতি বস্তপ্তলিকে যথাযথভাবে পরিচালিত করিয়া থাকে। এই কারণেই হত্ত প্রভৃতি বস্তুগুলিকে তদ্ভবায়-কর্ত্ত্বক পরস্পরার পরিচালিত বলা হইয়া থাকে। স্থতরাং, ঈশ্বরকে জগত্ত্ব-পাদানাদি বিষয়ে পরম্পরায় অধিষ্ঠাতা বলিলেও তন্তবায়াদির স্থায় ঈশ্বরের শরীর স্বীকার করা আবশুক হইরা পড়ে। অথচ, ঈশ্বরবাদীরা ঈশ্বরের শরীর স্বীকার করেন না এবং করিতে পারেন না। স্কুতরাং, ঈশ্বরসাধক যুক্তিগুলির পরস্পার সামঞ্জ্য না থাকায় কোনও যুক্তির দারাই ঈশ্বর প্রমাণিত হইতে পারেন না।

ইহার উত্তরে ঈশ্বরাদী বলিতে পারেন যে, থণ্ডনকারীর যুক্তি আপাতমনোরম হইলেও বিশ্লেষণ করিলে উহার অসারতা অনায়াসেই ব্ঝিতে পারা যায়। স্মতরাং, ঈশ্বরের শরীরের আপত্তি দেখাইয়া থণ্ডনকারী ঈশ্বর-সাধক যুক্তিশুলির অসামঞ্জ্য প্রতিপাদন করিতে পারেন না। ইহার অভিপ্রায় এই যে, খণ্ডনকারী বলিরাছেন, প্রমাণু প্রভৃতি অচেতন বস্তগুলিকে ঈশ্বরকর্তৃক সাক্ষাৎ অধিষ্টিত

বলিরা স্বীকার করিলে ঐগুলিকে ঈশ্বরের শরীর বলিয়া স্বীকার করিতে হয়। 'শাক্ষান্-ঈশ্বরাধিষ্টিতত্ব'কে আপাদক করিয়া প্রমাণুতে 'ঈশ্বরশ্রীরত্ব'কে আপাত্ত করা হইরাছে। "প্রমাণ্গুলি যদি সাক্ষাদ্ভাবে ঈশ্বরাবিটিত হর, তাহা হইলে উহারা ঈশ্বরের শ্রীর হইয়া পড়িবে" এই আকারেই আমরা খণ্ডনকারীর প্রবঙ্গান্দ্রীকে পাইব। আপাল্ডের অভাবের দ্বারা আপাদ্কের অভাব-সাধনেই আপত্তি পর্য্যবসানপ্রাপ্ত হয়। স্কৃতরাৎ, ফলতঃ "পর্মাণ্গুলি ঈশ্বরের দার। শাক্ষান্ভাবে অধিষ্ঠিত নহে, বেহেতু ঐগুলি ঈশ্বরের শরীর বলিয়া স্বীকৃত হয় নাই" এই আকারেই আমরা থগুনকারীর বিপর্য্যান্তমানটাকে পাইব। কিন্তু, বিশ্লেষণ করিলে প্রদর্শিত প্রসঙ্গ ও বিপর্যায়-রূপ ছুইটা অনুমানই খণ্ডিত হইয়া যাইবে। খণ্ডনকারী প্রথম অনুমানে, অর্থাৎ প্রস্কানুমানে, শরীরত্বকে আপাগ্য করিয়াছেন, অর্থাৎ শরীরত্বের আপত্তি করিয়াছেন। এই স্থলে শ্রীরত্ব বলিতে তিনি কি ব্ঝিয়াছেন তাহ। তাঁহাকে পরিকার করিরা বলিতে হইবে। যদি তিনি ইহা বলেন যে, যাহা যাহার প্রয়ন্তের দারা সাক্ষাদ্ভাবে অধিষ্ঠিত হয়, সেই বস্তুকেই তাহার শরীর বলা হইরা থাকে। অম্মদাদির জীবচৈতন্ত, অর্থাৎ আত্মা, যে একটা বিশেষ ভৌতিক পিণ্ডকে স্বীয় প্রয়ত্ত্বে সাক্ষাদ্ভাবে পরিচালিত করে, হস্তপদাদি-বিশিষ্ট সেই বিশেষ ভৌতিক পিণ্ডটাকেই আমরা আমাদের শরীর বলিয়া জানি। অতএব, সাক্ষাৎপ্রযন্ত্রাধিষ্ট্রিতত্বই হইবে শরীরের লক্ষণ বা শরীরত্ব। খণ্ডনকারী যদি সাক্ষাৎপ্রযন্ত্রাধিষ্টিতম্বকে শরীরত্ব বলেন তাহা ২ইলে তিনি "পরমাণুগুলি যদি শাক্ষাদ্ভাবে ঈশ্রাধিষ্টিত হয়, তাহা হইলে উহারা ঈশ্বরের শ্রীর হইয়া যাইবে" এইরূপ প্রদক্ষাত্মানের উত্থাপন করিতে পারেন না। কারণ, "ঈশ্বরের শ্রীর হইয়া পড়িবে এই যে আপাভাংশের প্রতিপাদক বাক্যাংশটী, ইহার অর্থ হইবে — "ঈখনের প্রবত্বের দ্বারা সাকাদ্ভাবে অধিষ্ঠিত হইয়া পড়িবে"। এইরূপ হইবে আপান্ত ও আপাদক একই হইয়া গেল। কারণ, "বদি সাক্ষাদ্ভাবে ঈশ্বরের দারা অধিষ্ঠিত হয়" এই যে আপাদকের প্রতিপাদক বাক্যাংশটা, ইহার দ্বারাও "ঈখরপ্রবন্ধের দারা লাক্ষাদ্ভাবে অবিন্তিতত্ব"কেই আপাদকরূপে সমুপস্থাপিত করা হইরাছে। স্থতরাং, আপাছ ও আপাদকের মধ্যে ভেদ না থাকার থণ্ডনকারী কথনই উক্তপ্রকারে প্রসঙ্গান্ত্রমানের সমুপস্থাপন করিয়া ঈশ্বর-সাধক যুক্তিগুলির অসামঞ্জন্ত প্রতিপাদন করিতে পারেন না। প্রসঙ্গাতুমানে আপাত ও আপাদক

এক হইনা যাওনার বিপর্য্যানুমানেও অবশ্রুই সাধ্য ও হেতুর মধ্যে ভেদ থাকিবে না। এই কারণে "পরমাণুগুলি সাক্ষান্ভাবে ঈশ্বরাধিন্তিত নহে, যেহেতু উহারা ঈশ্বরের শরীর নহে" এই প্রকারে বিপর্য্যানুমানের প্রয়োগও আর সম্ভব ইইবে না। অতএব, এক্ষণে ইহা আমরা পরিকারভাবে ব্রিতে পারিলাম যে, খণ্ডনকারীর সমুখাপিত আপত্তিটী আপাত্রমনোরম হইলেও বিশ্লেষণে উহা নিতান্তই অসার হইন্না গিন্নাছে।

পূর্দের্গাক্তপ্রকারে ঈখরের গণ্ডন সম্ভব না হইলেও আমরা বৌদ্ধমতামুদারে অবশ্রই বলিব যে, পূর্ব্বপক্ষীর ঈশ্বরসাধক যুক্তিসমূহ পরম্পর সামঞ্জ্ঞহীন। কারণ. পরমাণ্ প্রভৃতি বস্তুগুলির ঈশ্বরাধিষ্টিতত্ব স্বীকার করিলে ঐ সকল অচেতন বস্তুতে অবশুই ঈশ্বরশরীরত্বের আপত্তি হইবে। কারণ, "থাহা বাহার দ্বারা সাক্ষাদ্ভাবে অধিষ্টত হয় তাহা তাহার শরীর হইয়া থাকে" এইপ্রকার নিয়ম থাকায় "প্রমাণু প্রভৃতি বস্তগুলি বদি সাক্ষাদ্ভাবে ঈশ্বনীয় প্রযক্তের দারা সমধিষ্টিত হয়, তাহা হইলে উক্ত বস্তুগুলি অবশুই ঈশ্বরের শ্রীর হইয়া পড়িবে' এইরূপে প্রসঙ্গামুমানের সমুপস্থাপন হইবে। ইহাতে পূর্ব্রপক্ষী যদি আমাদিগকে শ্রীরত্ত্বে নির্ব্তন করিতে বলেন, তাহা হইলে আমরা সাক্ষাৎপ্রযন্ত্রাধিষ্ট্রতত্তকে শরীরত্ব বলিব না, পরন্ত, ইন্দ্রিরাশ্রিতত্বকেই শরীরত্ব বলিব। ইন্দ্রিরের আশ্রয় হইলে বে তাহা শরীর হয়, তাহা প্রসিদ্ধই আছে। ইন্দ্রিয়ের আশ্রয় না হওয়ায় আমরা বৃক্ষকে বৃক্ষাশ্রিত প্রাণীর শরীর বলিব না, অথবা উহাতেও আমরা ত্রগিক্রির স্বীকার করিব। এক্ষণে আর আপাদ্য ও আপাদকের ঐক্যাপত্তি হইবে না। কারণ, "প্রমাণু প্রভৃতি বস্তুগুলি যদি সাক্ষাদ্ভাবে প্রযক্তের দারা অধিষ্ঠিত হইরা থাকে, তাহা হইলে উহারা ইন্দ্রিয়েরও অবশ্রুই আশ্রয় হইবে" এই আকারে প্রসঙ্গানুষান উপস্থাপিত হইবে। ইহাতে সাক্ষাৎপ্রবন্ধাধিন্টত হরূপ ধর্মটী আপাদক এবং ইন্দ্রিরাশ্রন্থটী আপাত্ত হইরাছে। স্থতরাং, উক্ত আপত্তি বা প্রসঙ্গানুমানটাতে আপাত ও আপাদকের অভেদরূপ দোধ হয় না। উক্ত প্রসঙ্গান্তুয়ানের ফলীভূত বিপর্য্যরান্ত্রমানটী নিম্নলিখিত আকারে পর্য্যবসানপ্রাপ্ত হইবে—''পরমাণু প্রভৃতি বস্তপ্তলি সাক্ষাদ্ভাবে প্রয়য়ের দারা অধিষ্ঠিত নহে, কারণ, উহারা ইন্তিয়ের আশ্র হয় নাই''। ইহাতে ইন্দ্রিয়শ্রের অভাবটী হেতু এবং সাক্ষাৎ-প্রয়জাবিন্তিতত্ত্বের অভাবটী সাধ্য হইয়াছে। এজন্ত, এই বিপর্য্যয়ানুমানেও

পূর্ব্বোক্ত বিপর্য্যান্ত্রমানের তার সাধ্য ও হেতুর অভেদ নাই। অতএব, ঈশ্বর-বাদীরা প্রাগভাবপ্রতিযোগি হরূপ হেতুর দারা কার্য্যমাত্রে সকর্তৃ কত্বের অনুমান করিয়া প্রমাণু প্রভৃতি অচেতন বস্তুর অধিষ্ঠাতারূপে ঈশ্বরকে প্রমাণিত করিতে পারেন না।

পূর্ব্বপক্ষী যদি প্রদর্শিত বিপর্য্য়ান্ত্র্যানের বিরুদ্ধে এইরূপ বলেন যে, অনিজিয়াশ্রত্বের দারা প্রমাণ্ প্রভৃতি অচেতন বস্ততে প্রবল্পনিষ্টিতত্বের অনুমান করা যার না। কারণ, অনিব্রিরাশ্রয়ত্বে প্রযন্ত্রানধিষ্টিতত্বের ব্যাপ্তি নির্ণীত হইতে পারে . না। এইরূপ হইলে কোনও অসামজ্ঞ না থাকার "কার্য্যং সকর্ভৃকং প্রাগভাব-প্রতিযোগিত্বাৎ ঘটবং" এই অনুমানের দারা জগৎকর্ত্তা ঈশ্বরও অবশ্রুই প্রমাণিত হইবে এবং উহার পরমাণু প্রভৃতির অধিষ্ঠাতৃত্বেও কোনপ্রকার বাধা থাকিবে না। অনিজিয়াশ্রত্তে প্রযন্ত্রানধিষ্টিতত্তের ব্যাপ্তি নির্ণীত না হইবার কারণ এই যে, নিত্য ও অনিত্যভেদে প্রবন্ধ ছই প্রকার হওয়ান্ন সামান্ততঃ প্রবদ্ধের প্রতি ইন্দ্রিয়াশ্রয়ত্বের, অর্থাৎ শরীরত্বের, প্রযোজকতা নাই। অনিত্য প্রযত্নের প্রতি অনিত্য জ্ঞান কারণ হওয়ার এবং অনিত্য জ্ঞানের প্রতি অবচ্ছেদকরপে শরীর অপেফিত থাকায় শরীরত্ব বা ইন্দ্রিরাশ্রত্তরূপ ধর্মটী অনিত্যপ্রবৃত্তরেই ব্যাপক^ন হইবে, সামান্ততঃ প্রযক্তরাবচ্ছিনের প্রতি উহা ব্যাপক হইবে না। এইরূপ হইলে অনিত্যপ্রবদ্ধা-ভাবেরই প্রতি শরীরত্বাভাব বা অনিজ্রিরাশ্রয়ন্ত্রটী ব্যাপকের অভাব হইবে এবং উহার দারা অনিত্যপ্রয়ন্তাব বা অনিত্যপ্রযন্ত্রানধিষ্টিতত্ত্বেরই অনুমান হইবে। স্থতরাং, অনিজিরাশ্রাজের দার। প্রমাণু প্রভৃতিতে সামান্ততঃ প্রয়লানধিষ্টিতত্ত্বের অমুমানরপ বিপর্য্যরামুমান সমুপস্থাপিত হইতে পারে না। প্রমাণু প্রভৃতি বস্তুতে অনিত্যপ্রযন্ত্রানধিষ্টিতত্ত্ব প্রমাণিত হইলেও উহাদের নিত্যপ্রধন্নাধিষ্ঠিতত্ত্বের কোনও হানি হইবে না। এইরূপ হইলে কোনও প্রকার অসামপ্রত না থাকার পূর্বোক্ত অনুমানের দারা অবশ্রই জগৎকর্ত্ত। ঈশ্বর প্রমাণিত रहेन्ना बाहित्व।

তাহা হইলে উত্তরে বৌদ্ধসম্প্রদায় বলিবেন যে, পূর্ব্বপক্ষী স্বদিদ্ধান্তানুসারেই নিজ্যানিত্য ভেদে প্রথত্বের বিভাগ করিয়া লইয়াছেন এবং তদনুসারেই তিনি ইন্দ্রিয়াশ্রত্বকে, অর্থাৎ শরীরত্বকে, অনিত প্রযত্নের প্রতি ব্যাপক বলিয়াছেন, এবং সামাগ্রতঃ প্রবত্বত্বাব্চিছয়ের প্রতি শরীরত্ব বা ইন্দ্রিয়াশ্রত্বের ব্যাপকত্ব অস্বীকার করিরাছেন। কিন্তু, বৌদ্ধয়তে নিত্যানিত্য-ভেদে প্রবছের দৈবিধ্য আদৌ স্বীকৃত হর নাই। যতকণ ঈশ্বর প্রমাণিত না হইবেন ততক্ষণ পর্য্যস্ত নিত্য-প্রবছ অসিদ্ধই থাকিবে। স্থতরাং, ঈশ্বরের সাধন করিবার সমন্ন নিত্য-প্রযত্ন স্বীকার করিয়া শরীরত্ব বা ইন্দ্রিয়াশ্রমকে অনিত্যত্ববিশিষ্ট প্রবছের প্রতি ব্যাপক হলা সঙ্গত হয় না; উহা সামান্ততঃ প্রযত্নরাবচ্ছিদ্নেরই প্রতি ব্যাপক হইবে। স্কৃতরাং, লাঘবের জন্ত বৌদ্ধসপ্রেশার প্রযত্ননামান্তেরই প্রতি ইন্দ্রিয়াশ্রমত্বের ব্যাপকতা স্বীকার করেন; প্রাবহাৎশে অনিত্যত্বরূর বিশেষণটা ব্যর্থ হওয়ার নীলধ্মত্বের ন্তান্ন অনিত্যত্ববিশিষ্ট প্রযত্ন ইন্দ্রিয়াশ্রমত্বের ব্যাপাত্ব স্বীকৃত হইতে পারে না। এইন্ধপ ইন্দ্রে আনান্তাবের দ্বারা অবশ্রই পরমাণ্ প্রভৃতি অচেতন বস্তুতে সামান্তভাবেই প্রযন্ত্রান বিষ্টিতত্বের অনুমান হইবে। এতএব, পূর্ব্বপন্দীর ঈশ্বর-সাধক মুক্তিগুলি সামঞ্জন্তবিত হওয়ার তিনি প্রদর্শিত প্রণালীতে ঈশ্বরকে প্রমাণিত করিতে পারেন না।

আরও কথা এই বে, পূর্ব্বপক্ষী যে সক্তৃকিত্ব সাধন করিবার নিমিত্ত প্রাগভাবপ্রতিযোগিত্বরূপ হেতৃর প্রয়োগ করিরাছেন, তাহা সকর্ত্কত্বের স্বভাবভূত নহে;
পরস্ক, উহা সকারণ রেরই স্বভাবভূত। প্রাগভাবপ্রতিযোগী হইলে যে তাহা
সকারণ হয়, ইহাতে কাহারও সন্দেহ নাই। অতএব, প্রাগভাবপ্রতিযোগিত্বে
সকর্ত্বত্বের তাদাত্ম্য প্রমাণিত না থাকার উহাতে সকর্ত্বত্বের ব্যাপ্তি নির্ণীত
হইতে পারে না। কারণ, বিপক্ষে বাধক নাই। স্প্রতরাং, পূর্ব্বপক্ষী "কার্য্যং
সকর্ত্বং প্রাগভাবপ্রতিযোগিত্বাৎ, ঘটবং" এইরূপে অনুমানের সমুপদ্বাপন করিয়া
বিরুদ্ধবাদীকে স্বয়ন-স্বীকারে বাধ্য করিতে পারেন না। অবশুম্ভাবিতা না
থাকিলে যে স্থায়প্রয়োগ করিয়া ফল হয় না, ইহা সর্ব্বাদিসম্বতই আছে।

নৰম প্ৰিচ্ছেদ অবয়বিখণ্ডন

গ্রায়বৈশেষিকাদিমতে অবয়ব-দ্রব্য হইতে অবয়বি-দ্রব্যকে সর্ব্বথা ভিন্ন বলিয়া স্বীকার করা হইরাছে। তাঁহারা বলিরাছেন, বে তুইটী পরমানুর বিলক্ষণ সংবোগের ফলে দ্বাণুকের উৎপত্তি হয়, উহা ঐ পরমাগুদর হইতে পৃথক্ একটা দ্রব্য। অর্থাৎ, মিলিত তুইটী প্রমাণুই দ্বাণুক নহে; প্রস্তু, তুইটী প্রমাণুর বিজাতীয় সংযোগের ফলে নৃতন একটী দ্রব্যান্তরের সমুৎপত্তি হইরা থাকে। ঐ নৃতন দ্রব্যটীই দ্বাংক নামে অভিহিত হয়। প্রমাণু ছুইটা ঐ নৃতন উৎপন্ন দ্রব্যটীর সম্বান্নিকারণ। তিনটী দ্বানুকের পরম্পর বিলক্ষণ সংযোগের ফলে অন্ত একটী দ্রব্যের সৃষ্টি হন্ন। এই ন্তনোৎপন্ন দ্রব্যটীকে ত্যুগু বা ত্রসরেগু নামে অভিহিত করা হইরা থাকে। এই ত্রাণুগুলির আবার পরম্পর বিলক্ষণ সংযোগের ফলে নৃতন নৃতন দ্রব্যান্তরের উৎপত্তি হয়। এই প্রশালীতেই সাগর-ভূধরাদিমর বিশাল জ্পতের স্ষ্টি হইরাছে বলিয়া তাঁহারা মনে করিতেন। যে স্থলে যে দ্রব্যটি নৃতন হইল, সেই স্থলে তাহা অবয়বী এবং যে গুলির বিলক্ষণ সংযোগের ফলে ঐ নৃতন দ্রব্যটি উৎপন্ন হইল, সেই দ্রব্যগুলিকে ঐ নৃতন দ্রব্যাত্মক অবর্বীর অবর্ব বলা হইয়া থাকে। এই অবরব ও অবরবী দ্রব্যকে তাঁহারা প্রস্পর ভিন্ন বা পৃথক্ বলিয়াছেন। পরমাণুগুলির প্রত্যেকটীই এক একটী দ্রব্য। স্লতরাং, উহাদের আর অন্ত কোনও অবয়বান্তর না থাকার ঐ পরমাণুগুলি চরম অবয়ব হইবে। ষ্যাণুকাদি বস্তগুলি পরমাণুর পক্ষে অবয়বী এবং ত্যাণুর পক্ষে অবয়ব হইবে। এই প্রণালীতেই কোন্টী কাহার পক্ষে অবরব এবং কোন্টী কাহার পক্ষে অবরবী হইবে, তাহা আমাদিগকে ব্ঝিয়া লইতে হইবে। থেমন তুইটি প্রমাণু বা হুইটি ত্রাণুর বিলক্ষণ সংযোগের ফলে পৃথক্ অবয়বি-দ্রব্যের সৃষ্টি হয়, তেমন কিন্তু, ছইটি দ্ব্যণুকের বিলক্ষণ সংযোগে কোন পৃথক্ অবয়বি-দ্রব্যের সৃষ্টি হয় না। অন্যূনপক্ষে তিনটি দ্ব্যুর বিলক্ষণ সংযোগের ফলে নৃতন অবয়বি-দ্রব্যের স্ষ্টি বলিয়া বুঝিতে হইবে। তুইটি দ্যুনুক-রূপ অবয়বের দ্বারা পৃথক্ একটী

অবরবীর স্ঠি না হওয়ার কারণ এই বে, দ্বাণুকের পরবর্ত্তী যে রূপবৎ অবয়বি-<u>দ্ব্যগুলি, তাহাদের অপ্রত্যক্ষতা বৈশেষিকাদি সিদ্ধান্তে অস্বীকৃত আছে।</u> ত্ইটি দ্বাণুকের দ্বারা যে অবয়বি-দ্রব্যটী সমারক্ক হইবে তাহার মহত্ত্ব-পরিমাণ সম্ভব না হওয়ায় উহা অপ্রত্যক্ষই হইবে। মহস্ত-পরিমাণরহিত দ্রব্যের প্রত্যক্ষজ্ঞান বৈশেষিকাদিমতে অস্বাকৃতই আছে। অবয়বগত মহস্ত্ব-পরিমাণের ফলে অথবা অবয়বগত ত্রিত্ব-বহুত্বাদি সংখ্যার ফলে অবয়বি-দ্রব্যে মহত্ব-পরিমাণের স্পৃষ্টি হইয়া থাকে। যদি কেবল হইটা দ্বাণুককে একটা অবন্নবি-দ্রব্যের অবন্নব বলিয়া স্বীকার করা যার, তাহা হইলে ঐ স্থলে দ্বাণুকরূপ অবর্বে মহত্ত্ব না থাকায় এবং ত্রিহাদি সংখ্যাও ঐ অবয়বে নাই বলিয়া দ্যুণ্কন্বয়ের দ্বারা সমারক ঐ অবয়বি-জবাটী পরিমাণে মহৎ হইতে পারিবে না। মহত্ব-পরিমাণরহিত হওয়ায় ছইটা ষ্মণুকের দারা সমারত্ক অবয়বি-দ্রব্যটী প্রত্যক্ষের অযোগ্যই হইয়া যাইবে। এই কারণে দ্যাণুকের পরে তিনটী দ্যাণুকরূপ অব্যাবের দ্বারাই ত্যাণুরূপ পৃথক্ অব্যাবীর স্ষ্টি স্বীকৃত হইরাছে। ত্রাণুর যে অবয়বগুলি, অর্থাৎ তিন তিনটি করিয়া দ্ব্যুকগুলি, ইহাদের মহস্ত্রপরিমাণ না থাকিলেও ত্রিত্বসংখ্যা থাকার আরব্ধ অবয়বি-দ্রব্যে অবশুই মহত্ব-পরিমাণের সমুৎপত্তি হইবে। পরিমাণে মহৎ, অর্থাৎ মধ্যম পরিমাণ, লইয়া সমুৎপন্ন হওয়ায় ত্রাণুক্রপ অবয়বি-দ্রব্যের অবশ্রুই প্রত্যক্ষ হইবে। ত্রাণুগুলি পরিমাণে মহৎ হওরায় উহারা যথন অবয়ব হইরা পৃথক্ অবয়বি-দ্রব্যের স্ষ্টি ক্রিবে, তথ্ন অব্য়বগত মহস্ত-প্রিমাণের ফলে অব্য়বি-দ্রব্যে মহস্ত-প্রিমাণের উৎপত্তি সম্ভব হওয়ায় ত্বই বা তাহা হইতে অধিকসংখ্যক ত্যানুর দারা পৃথক্ পৃথক্ অবয়বি-দ্রব্যের স্থষ্টি হইতে পারিবে। স্থায়বৈশেষিকাদিমতে প্রত্যক্ষসিদ্ধ এই অবরবি-দ্রব্যগুলিকে অবরব-দ্রব্য হইতে সম্পূর্ণ ভিন্ন বলিয়া স্বীকার করা হইয়াছে।

বৈভাষিক সিদ্ধান্তে অবয়বীকে অবয়ব হইতে পৃথক্ বলিয়া স্বীকার করা হয় নাই। উক্ত মতে বলা হইয়াছে যে, পট বা কট নামে পৃথক্ কোনও অবয়বী নাই। যথাসনিবিষ্ট তন্তুগুলিকেই অথবা তত্তংপ্রকারে সনিবিষ্ট বীরণগুলিকেই পট বা কট সংজ্ঞায় অভিহিত করা হইয়া থাকে। তন্তু হইতে ভিন্ন পটনামক অথবা বীরণ হইতে পৃথগভূত কটনামক কোনও অবয়বী নাই। বাহারা পট প্রভৃতি বস্তুগুলিকে তন্তুসংযোগের ফলে সমুৎপন্ন ও তন্তু হইতে ভিন্ন অবয়বি-দ্রব্য বলিয়া স্বীকার করেন, তাঁহারাও কিন্তু পিপীলিকাপংজিস্থলে

বথাসন্নিবিষ্ট পিপীলিকাসমূহ হইতে পিপীলিকাপংক্তিকে পৃথগ্ভূত অবয়বী বলিরা স্বীকার করেন নাই। সেইস্থলে তাঁহার। সল্লিবেশ-বিশেষ-বিশিষ্ট পিপীলিকাগুলিকে পিপীলিকাপংক্তি নামে অভিহিত করিয়া থাকেন। স্কুতরাং, পংক্তি ও পটাদির মধ্যে পিপীলিকা ও তন্তুসন্নিবেশের দারা সমতা থাকায় পিপীলিকাপংক্তিটী ব্থাসন্নিবিষ্ট পিপীলিকাসমূহ হইতে অভিন্ন হইলে পটও বথাসন্নিবিষ্ট তন্তুসমূহ হইতে অভিন্নই হইবে। এইভাবে নানাপ্রকার যুক্তি-জালের অবতারণা করিয়া বৈভাধিকমতে (সকল বৌদ্ধমতে) অবয়বীকে অবয়ব-সমূহ হইতে অভিন্ন বলা হইরাছে। প্রদর্শিত প্রকারে পটাদি বস্তগুলি ভন্তসমূহ হইতে অভিন্ন হইলে তম্বগুলিও তাহাদের অবর্ব হইতে এবং তম্বর অব্যুব-গুণিও আবার তাহাদের শ্বরুব হইতে অভিন্ন হইবে। এইভাবে চরম অব্যুব প্রমাণুতে উপস্থিত হইলে দেখা যাইবে যে, পটাদি বস্তগুলি যথাসন্নিবিষ্ট প্রমাণু-পুঞ্জ হইতে ভিন্ন নছে। স্থতরাং, বৌদ্ধমতান্ত্রপারে ইহাই সিদ্ধান্তিত হইবে যে, যথাসল্লিবেশ-বিশিষ্ট তত্তং-প্রমাণুপুঞ্জ হইতে পট বা কটাদি বস্তগুলি পৃথগ্ভূত নহে। ভিন্ন ভিন্ন সন্নিবেশে সন্নিবিষ্ট ভিন্ন ভিন্ন প্রমাণুর সমষ্টিকেই পট বা কটাদিরূপ বিভিন্ন সংজ্ঞান <mark>অভি</mark>হিত করা হইনা থাকে। তৃত্তৎ-প্রমাণ্পুঞ্জ হইতে পৃথগ্ভূত কোনও অবয়বী নাই। বাহারা পটাদি দ্রব্যগুলিকে প্রমানুপুঞ্জ হইতে পৃথগ্ভূত অবরবী বহিষ্কা স্বীকার করিয়াছেন তাঁহাদের সিদ্ধান্তে নিয়োক্ত প্রকারে নানাবিধ অসামঞ্জন্ত আসিয়া উপস্থিত হয়। পটাদি বস্তগুল যথাসগ্লিবিষ্ট তল্ক পুঞ্জ হইতে অতিরিক্ত এবং তন্তু-সমবেত দ্রব্য হইলে যথম একটামাত্র তন্ত্রর সহিত চক্ষু বা স্পর্শ-ইন্দ্রিয়ের যোগ হইল, তথনও পটের চাক্ষুৰ বা স্পার্শন প্রত্যক্ষের আপত্তি হইবে। কারণ, ঐ অবস্থারও পটাত্মক অবরবীর সহিত উক্ত ইন্দ্রির-দ্বয়ের সংযুক্তসমবেতত্রপ সন্নিকর্য অবশ্রুই হইবে। উক্ত সন্নিকর্য স্বীকার করার কারণ এই যে, চক্ষু বা স্পর্শ-ইক্রিয়ের দারা সংযুক্ত যে তন্তরূপ অবয়বটী তাহাতেও পটাত্মক অবর্যব-দ্রব্যটী ুসম্বেত হইয়াছে। কিন্তু, বান্তবিকপক্ষে স্থন্ম একটীমাত্র অবয়বের সহিত ইন্দ্রিয়সলিকর্ষ হইলে স্থুল অবয়বীর প্রত্যক্ষ হয় না। অতএব, প্রদর্শিত প্রকারে প্রত্কের আপত্তির দারা ইহাই প্রমাণিত হইয়া ষাইতেছে যে, অবয়ৰ হইতে অতিয়িক্ত অবয়বে সমবেত অবয়বি-নামক কোনও দ্রব্যান্তর নাই।

উক্ত হলে এমন কোনও প্রতিবন্ধকের কল্পনা করা সম্ভব হয় না, যাহার · <mark>দারা বাধাপ্রাপ্ত হও</mark>রার চক্ষুরাদি ইন্সিয়ের সহিত উক্তপ্রকার সন্নিক্ষসত্ত্বেও পটের প্রত্যক্ষ হইবে না। অবয়বিবাদী ইহাও বলিতে পারেন না যে, অবয়বি-ক্রব্য স্বীয় বিভিন্ন অবয়বে বিভ্যমান থাকিলেও সম্পূর্ণাংশে উহা প্রতিটী বিভিন্ন অবরবে থাকে না, পরন্ত, ভাগশঃই উহা বিভিন্ন অবরবে অবস্থান করে; কারণ, উদ্ধপ হইলেও পূর্ব্বোক্তস্থলে পটের প্রত্যক্ষের আপত্তি থাকিয়াই যায়। যে স্ত্রব্যক্তিটা চকুরিল্রিয়ের দারা সংযুক্ত ইইয়াছে, তাহাতেও ভাগশঃ পট থাকে বলিয়া উহা সংযুক্তসমবায়রূপ সল্লিকর্ষে চক্ষুরিজিয়ের দারা সনিকৃত্তই থাকিল। স্থতরাং, ইহাতেও পূর্বেরই গ্রায় পটের প্রত্যক্ষের আপত্তি পাকিরাই গেল। আরও কথা এই যে, এইপ্রকারে পট যদি ভাগশঃই তাহার বিভিন্ন, অবরবে থাকে, তাহা হইলে উহা বিভিন্ন তন্ত্রব্যক্তিগত যে ভাগগুলি, তাহাদের নমষ্টিরূপই হইরা গেল। স্কুতরাং, উক্ত প্রণালীতেও পটাদি বস্তুগুলিকে অবয়বাতিরিক্ত এবং অবয়বসমবেত অবয়বি-দ্রব্য বলিয়া প্রমাণিত করা গেল না। এবং পটাদি দ্রব্যগুলির নিজ নিজ অবয়ব হইতে পৃথক্ কোনও ভাগ বা অংশ প্রমাণিত না থাকার উহারা ভাগশঃ নিজ নিজ অবয়বে সমবেত হয় বলিয়া কল্পনা করা যায় না। বৈশেষিকাদিদিদ্ধান্তে অবয়বি-দ্রব্যের সমবান্নসম্বন্ধে ব্যাপার্ত্তির স্বীকৃত থাকার ঐ মতানুসারে ইহা বিরুদ্ধ-বচন হইয়া পড়ে যে, পটাদিরূপ অবয়বি-দ্রব্যগুলি নিজ নিজ অবয়বে অংশতঃ বিভাষান থাকে। কারণ, অংশতঃ বিভ্যানতা স্বীকার করিলে সমবায়সম্বন্ধে উহাদের অব্যাপ্য-বুত্তিরই স্বীকৃত হইরা যার। অতএব, প্রদৃশিত প্রণালীতে আপত্তির সমাধানের চেষ্টা বৈশেধিকমতানুসারে সম্ভব হয় না।

প্রদর্শিত আপত্তির সমাধান করিতে গিয়া অবয়বিবাদী যদি বলেন যে, অবয়বিরাপ দ্রব্যের প্রত্যক্ষে যেমন উহার সহিত চক্ষুরাদি ইন্দ্রিয়ের সংযোগাত্মক সিন্নকর্ম আবছাক, তেমন অবয়বি-দ্রব্যের আশ্রয় যে একাধিক অবয়বাত্মক দ্রব্যগুলি, তাহাদের সহিতও চক্ষুরাদি ইন্দ্রিয়ের সিন্নকর্ম অপেক্ষিত আছে। একাধিক অবয়বের সহিত চক্ষুরাদি ইন্দ্রিয়ের সিন্নকর্ম না থাকিলে কেবলমাত্র একটী অবয়বের সহিত ইন্দ্রিয়সিন্নকর্ম থাকিলেও অবয়বি-দ্রব্যের প্রত্যক্ষ হইবে না। অবয়বি-দ্রব্যের থণ্ডনপ্রসঙ্গের বৌদ্ধসম্প্রদার যে পটের প্রত্যক্ষর আপত্তি

দেখাইরাছেন, তাহা বাস্তবিকপক্ষে সমীচীন হর নাই। কারণ, উক্ত স্থলে পটাত্মক অবরবীর সহিত চক্ষু বা স্পর্শ-ইন্দ্রিয়ের সংযোগজ সংযোগরূপ সন্নিকর্ষ থাকিলেও অপর কারণ বে একাধিক অবরবের সহিত চক্ষুরাদি ইন্দ্রিয়ের সংযোগরূপ সন্নিকর্ম, তাহা নাই। উক্ত স্থলে একটীমাত্র তন্তরূপ অবরবের সহিতই চক্ষুং বা স্পর্শ-ইন্দ্রিয়ের সন্নিকর্মের কথা বলা হইরাছে। স্থতরাং, খণ্ডনকারীর প্রদর্শিত আপত্তিটী সমীচীন না হওয়ায় উহার দ্বারা অতিরিক্ত অবরবি-দ্রব্যের খণ্ডন সম্ভব হয় না।

তাহা হইলেও উহার উত্তরে বৈভাষিকসম্প্রাণায় বলিবেন যে, পূর্ব্বপক্ষী, অর্থাৎ অতিরিক্ত-অবয়বি-দ্রব্যবাদী, প্রদর্শিত আপত্তির সমাধানে বাহা বলিয়াছেন তাহা সমীচীন হয় নাই। কারণ, তিনি বলিয়াছেন যে, অবয়বি-দ্রব্যের প্রত্যক্ষে একাধিক অবয়বের সহিত ইন্দ্রিয়ের সয়িকর্যও কারণয়েপে অপেক্ষিত আছে। কিন্তু, ইহা স্বীকার করিলে সর্বত্র সামঞ্জম্পূর্ণ সমাধান সম্ভব হইবে না। কারণ, যে-স্থলে কোনও একটা অবয়বি-দ্রব্যের কিছুটা অংশ প্রতাক্ষ হইতেছে কিন্তু সম্পূর্ণ অবয়বীটীর প্রত্যক্ষ হইতেছে কিন্তু সম্পূর্ণ অবয়বীটীর প্রত্যক্ষ হইতেছে না, সেইস্থলে অবয়বি-দ্রব্যাটীর প্রত্যক্ষের আপত্তি থাকিয়াই গেল। উক্ত স্থলে একাধিক অবয়বের সহিত সয়িকর্য বিভামান আছে এবং কতকণ্ডলি অবয়ব ইন্দ্রিয়সংমৃক্ত হওয়ায় অবয়বি-দ্রব্যের কথিত অবয়ঠই সংযোগজ্ব সংযোগরূপ ইন্দ্রিয়সয়িকর্য আছে। স্মৃতরাৎ, পূর্বেপক্ষীর কথিত সবশুলি কারণই উক্তম্বলে উপস্থিত থাকায় ঐস্থলে অবয়বি-দ্রব্যের প্রত্যক্ষের আপত্তি হইবে। কিন্তু, বাস্তবিকপক্ষে উক্ত স্থলে অবয়বি-দ্রব্যের প্রত্যক্ষ হয় না। অতএব, যোগ্যায়পলন্ধির দ্বারা অতিরিক্ত অবয়বি-দ্রব্যের বিত্যক্ষ হয় না। অতএব, যোগ্যায়পলন্ধির দ্বারা অতিরিক্ত অবয়বি-দ্রব্যের বিস্থামণিত হইয়া যাইতেছে।

উক্ত আপত্তির সমাধান করিতে গিয়া পূর্ব্বপক্ষী ইহাও বলিতে পারেন না যে, অবয়বীর প্রত্যক্ষে কেবল একাধিক অবরবের সহিতই ইন্দ্রিয়ের সন্নিকর্ষ অপেক্ষিত নহে; পরস্তু, অশেষ অবরবের, অর্থাৎ সকলগুলি অবরবের, সহিতই সাক্ষাদ্রাবে ইন্দ্রিয়ের সন্নিকর্ষ অপেক্ষিত আছে। এইরূপ হইলে পূর্ব্বোক্তস্থলে অব্যাবি-দ্রব্যের প্রত্যক্ষের আপত্তি হইবে না।

কারণ, পূর্ব্বপক্ষী যে প্রদর্শিত আপত্তির উত্তর করিতে গিয়া অবয়বি-দ্রব্যের প্রত্যক্ষে অশেষ অবয়বের সহিত ইন্দ্রির-সন্নিকর্ষের অপেক্ষার কথা বলিলেন, ইহা তাঁহার অবিমৃশুকারিতারই পরিচায়ক হইরাছে। কারণ, ইহা যে তাঁহার নিজের সিদ্ধান্তেরই প্রতিকৃল হইরা গিয়াছে, তাহা তিনি চিন্তা করিয়া দেখেন নাই। অবয়বি-দ্রব্যের প্রত্যক্ষে অশেষ অবয়বের সহিত ইন্দ্রিয়সন্নিকর্ম অপেক্ষিত হইলে কোনও ক্ষেত্রেই আর অবয়বি-দ্রব্যের প্রত্যক্ষ সম্ভব হইবে না। কোনও ক্ষেত্রেই অবয়বি-দ্রব্যের পহিত চক্ষুরাদি ইন্দ্রিয়ের সংযোগাত্মক সন্নিকর্ম সম্ভব হইবে না। অতএব, এরূপ বলিলে পূর্ব্বপক্ষী আর অবয়বি-দ্রব্যকে প্রত্যক্ষিক্ষ বলিতে পারিবেন না। এইপ্রকার হইলে ফলতঃ যোগ্যামুপলির দ্রারা অতিরিক্ত অবয়বি-দ্রব্যর নিষেধই প্রমাণিত হইয়া গেল।

আরও কথা এই বে, গাঁহারা অতিরিক্ত অবয়বি-দ্রব্যকে প্রত্যক্ষপ্রমাণসিদ্ধ বলেন, তাঁহারা অবশুই অবয়বি-দ্রব্যের গ্রহণে অবয়ব-দ্রব্যের গ্রহণ অপেক্ষিত <mark>আছে বলিরাও মনে করেন। কারণ, এথমে ইন্দ্রিয়ের সহিত অবয়বের সংযোগরূপ</mark> কারণাকারণ-সংযোগের ফলেই ইন্দ্রিয়ের সহিত অবয়বীর সংযোগরূপ কার্য্যাকার্য্য-সংযোগ উৎপন্ন হর। এইরূপ হইলে ফলতঃ প্রথমে অবয়বের প্রত্যক্ষ এবং পশ্চাৎ অবয়বীর প্রত্যক্ষই স্বীকার করা হইল। এইভাবে অবয়বীর গ্রহণে অবয়বের গ্রহণ অপেক্ষিত হৈইলে অবশুই অব্য়বীকে দ্রব্যসৎ বলা যাইবে না, অর্থাৎ অবয়বীর দ্রব্যস্তা নিধিদ্ধ হইরা যাইবে। অলাতের শীঘ্র-ভ্রমণ স্থলে যে চক্র-ভ্রম হয়, তাহাকে দৃষ্টাস্ত করিয়া, অর্থাৎ অদ্রব্যসৎ ঐ ভ্রাস্ত অলাতচক্রকে দৃষ্টাস্ত করিরা, এইরূপ নিরম প্রমাণিত হইরা বার যে, "বাহা বাহা স্বীয় প্রত্যক্ষে অপর কোনও বস্তুর প্রত্যক্ষের অপেক্ষা করে তাহা দ্রব্যসং হয় না, যেমন অলাত-চক্র।" অনাতের চক্রত্ব-প্রত্যক্ষে দ্রুত-ভ্রমণের প্রত্যক্ষ অপেক্ষিত আছে। দ্রুত-ভ্রমণ দেখিরাই লোকেরা অলাভটীকে চক্র বলিয়া ভ্রম করে এবং ঐ চক্রটী যে দ্রব্যসৎ নহে, ইহাও সর্ববাদিসমতই আছে। স্বতরাং, অলাতচক্র-দৃষ্টান্তে এই নিয়ম প্রমাণিত হইয়া গেল যে, 'বাহা যাহা অন্তগ্রহণসাপেক গ্রহণের বিষয় হয় তাহা দ্রব্যসৎ নহে"। এইরূপ হইলে অবয়ব-গ্রহণসাপেক্ষ গ্রহণের ৄবিষয় হওয়ায় অবয়বীও অবশ্রুই দ্রব্যসং পদার্থ হইবে না; পরন্তু, উহা অলাতচক্রের ভায় কল্লিত পদার্থই হইয়া যাইবে। বৌদ্ধসিদ্ধান্তে গুণ হইতে পৃথক্ গুণী অশ্বীকৃত থাকার ঐ মতে ঘটপটাদি পদার্থে রূপদর্শন-সাপেক্ষ-দর্শনবিষয়ত্ব স্বীকৃত হয় নাই। স্নতরাং, ঘটপটাদি-অন্তর্ভাবে উক্ত নিয়মটীর ভঙ্গ হইবে না। অতএব, পূর্ব্বপক্ষী বৌদ্ধসম্প্রদায়ের নিকট ইহা কোনও প্রকারেই প্রমাণিত করিতে পারেন না যে, অবয়ব হইতে পৃথগ ভূত অবরবি-দ্রব্য আছে।

যাঁহারা অবরবসন্নিবেশের ফলে অবরবপুঞ্জ হইতে পৃথগ্ভূত অবরবি-দ্রব্যের সমুৎপাদ হর বলিয়া মনে করেন, তাঁহারা রক্তনীলপীতাদি নানাবর্ণের স্ত্রন্থলে এবং কার্পাস্থত্র, রেশম্থত্র ও পশমস্থত্র প্রভৃতি ভিন্নজাতীয় স্থত্তের সন্নিবেশস্থলেও এক একটা বস্ত্রাত্মক অবন্ধবি-দ্রব্যের সমুৎপাদ স্থীকার করিবেন। প্রথম স্থলের বস্ত্রটী বর্ণরহিত হইরা ঘাইবে। কারণ, স্ত্রোম্মক অবয়বগত রূপগুলি পরম্পর বিরুদ্ধ<mark>ভাব হওয়ার বস্ত্রের রূপো</mark>ংপত্তিতে উহারা প্রতিবন্ধক হইবে। উক্ত বস্ত্রটী নীল হইতে পারিবে না: কারণ, নীলরপের বিরোধী রক্তরূপ বিভয়ান আছে এবং উহা রক্ত হইতে পারিবে না, বারণ রক্তরূপের বিরোধী নীলরূপ বিভাষান রহিয়াছে। স্থতরাং, উক্ত হলে বস্ত্রটীকে ফনতঃ নীরূপই বলিতে হইবে। কিন্ত, বাস্তবিকপকে বৈশেষিকাদিসিদ্ধান্তে স্থিতিকালে রূপর্ছিত পার্থিবদ্রব্য श्रीकृठ रम्न नारे। यपि दना यात्र ए, উक्त दक्षी नीन, भीठ दा तक्तुत्भन হইবে না, ইহা সত্য; কিন্তু, রূপরহিতও হইবে না। কারণ, উক্ত হলে অবয়বগত নানাবর্ণের সমবায়ে চিত্রনামক একটী পৃথক্ রূপ সমূর্ৎপন্ন হইরা থাকে। স্তরাং, পৃথগ্-অবরবি-বাদে নীরূপ পার্থিব দ্রব্যের উৎপত্তির আপত্তি হয় ন।। তাহা হইলেও উত্তরে বৌদ্ধসম্প্রদায় বলিবেন যে, ইহাতে কারণ-বিজাতীয় কার্য্যের সমুৎপাদ স্বীকৃত হইয়া গেল। কারণ, যাহা চিত্রাত্মক নহে সেই নীল-পীতাদি রূপ হইতে বিজ্ঞাতীয় চিত্রল্লপের সমুৎপত্তি স্বীকৃত হইল। দ্বিতীয় স্থলের বস্ত্রটীতে জাতিচ্যুতির আপত্তি হয়। কারণ, ঐ বস্ত্রটীকে কার্পাসজাতীয় বলা যাইবে না, যেহেতু তাহার বিরোধী রেশমস্ত্র রহিয়াছে; রেশম বা পশমজাতীর বলা যাইবে না, কারণ রেশমের বিরোধী কার্সাস ও পশমের স্থত্র এবং পশমের বিরোধী রেশম ও কার্পাস্থত্র বিভয়ান মাছে। উক্ত বস্তুটীকে কার্পাস, রেশম বা পশমজাতীয় না বলিয়া বিচিত্রজাতীর বলিলে বিজাতীয়ের সমুৎপাদ স্বীকৃত হইরা গেল। অবয়ব হইতে বিজাতীয় অবয়বীর সমুৎপাদ স্বীকার করিলে বীরণ হইতে পটের এবং স্ত্র হইতে কটের উৎপত্তি অস্বীকার করিবার কোনও যুক্তি থাকে না। অতএব, অবয়বপুঞাতিরিক্তরূপে অবয়বি-দ্রব্য প্রমাণসিদ্ধ হইতে পারে না।

এন্তলে পূর্ব্ধপক্ষী যদি এইরূপ বলেন যে, পৃথক্-অবয়বি-দ্রব্যপক্ষে বৌদ্ধসম্প্রদার

বে সকল দোনের কণা বলিরাছেন সেই সকল দোব যদি তাঁহানের নিজেদের · মতে না হইত, তাহা হইলে অবশ্যই তাঁহারা অপরের সম্বন্ধে ঐ সক্ল দোষের অবভারণা করিতে পারিতেন এবং দোষের স্মাবানে যাহ⁴ বলা হইয়াছে তাহাও অস্বীকার করিতে পারিতেন। বৌদ্ধমতেও যখন তুল্য ভাবেই দোষগুলি রহিয়াছে, তথন তাঁহারা কেমন করিয়া ঐ সকল দোষে পূর্ব্বপক্ষীর মত ও সমাধানকে তুষ্ট বলিতে পারেন।

প্রথম দোষের অবতারণা করিতে গিয়া বৌদ্ধগণ বলিয়াছিলেন যে, অতিরিক্তাবয়বি-দ্রব্যবাদে একমাত্র তন্তর প্রত্যক্ষরণে পটেরও প্রত্যক্ষের আপত্তি হইবে। কারণ, উক্ত হলে কারণাকারণসংযোগজ কার্য্যাকার্য্যসংযোগের ফলে পটাত্মক অবরবি-দ্রব্যটাও চকুরিন্দ্রিরের দারা সন্নিরুষ্ট হইয়া গিয়াছে। এই আপত্তিটা বৌদ্ধমতেও সমানভাবেই সমুখাপিত হইবে। কারণ, পটের প্রমানুপ্রাত্মকতা-পক্ষেও উক্তম্বলে প্রমানুপ্রাত্মক পটের সহিতও অবশুই চকুরিক্রিয় সন্নিক্ত হইয়াছে। উত্তরে বৌদ্ধসম্প্রদার বলিবেন বে, পূর্ব্বপক্ষী বৌদ্ধমতে অনভিজ্ঞ বলিয়াই উক্ত স্থলে বৌদ্ধমতেও পটের প্রত্যক্ষের আপত্তি হয় বলিরা মনে 'করিয়াছেন। স্থায়বৈশেষিকাদিমতে বেমন চক্ষুরিক্রিয়ের বিষরপ্রাপ্তির দারা প্রত্যক্ষনকত্ব স্বীকৃত আছে, বৌদ্ধমতে সেইরূপ চক্ষুরিজ্রিরের প্রাপ্যকারিত্ব স্বীকৃত নাই। স্কুতরাং, উক্ত স্থলে চক্ষুরিজিরের পট বা তন্তুর সহিত সংযোগই স্বীকৃত নাই। প্রত্যক্ষযোগ্যতা থাকার ঐন্তলে তন্ত্রবিশেষের প্রত্যক্ষ হইলেও প্রত্যক্ষযোগ্যতা না থাকার পটের প্রত্যক্ষ হয় নাই। তত্তবিষয়ের চাকুষাদি প্রত্যক্ষের প্রতি বিষয়গত যোগ্যতাই নিরামক, চক্ষুরাদি ইক্রিয়ের সংযোগাদি সল্লিকর্ব নিরামক নহে। বৌদ্ধমতে পটাদি বস্তুসমূহের ফণিকত্ব স্বীকৃত পাকায় এক সময়ে অবোগ্যতাবশতঃ যাহার প্রত্যক্ষ হয় নাই অন্ত কালে যোগ্যতা থাকায় তাহার, অর্থাৎ তজ্জাতীর পুঞ্জান্তরের, প্রত্যক্ষ হইতে কোনও বাধা নাই। প্রতিক্ষণে ভিন্ন ভাবে সমুৎপন্ন স্মানজাতীয় প্রমানুপুঞ্জসমূহের মধ্যে কোনও একটী পুঞ্জাত্মক সন্তানীর প্রত্যক্ষযোগ্যতা না থাকিলেও তৎসমন্ধাতীর অপর সন্তানীর প্রত্যক্ষযোগ্যতা থাকিতে পারে। স্থতরাং, বৌদ্ধমতে একম'ত্র তন্তুর প্রত্যক্ষন্থলে কোনও প্রকারেই পটের প্রত্যক্ষের আপত্তি হইবে না।

বিভিন্নবর্ণ বা বিভিন্নজাতীর স্ত্রন্থলে অবর্যবিবাদের বিরুদ্ধে বে আপত্তি প্রদর্শিত হইরাছে পটাদি দ্রব্যের প্রমাণুপুঞ্জাত্মকতা-পক্ষে সেই আপত্তির কোনও অবকাশই নাই। কারণ, পুঞ্জবাদে কোনও স্থলেই একদ্রব্যের উৎপত্তি স্বীকৃত হয় না। স্থতরাং, নানাবর্ণের বা নানাজাতীয় পূর্ব্ব প্রমাণুপুঞ্জ হইতে পর পর যে পুঞ্জগুলি সমুৎপন্ন হয় তাহারাও অসংখ্য পরমাণুর নমষ্টিমাত্রই। বিভিন্নবর্ণের বা বিভিন্নজাতীয় পরমাণুসমূহের সমাবেশে বাধা না থাকার উক্তপ্রকারে পুঞ্জান্তর সমুৎপন্ন হইতে পারে। অতএব, এক্ষণে ইহা আমরা বেশ ব্বিতে পারিলাম যে, পূর্বপ্রদর্শিত আপত্তিগুলি অব্যবিবাদের বিরুদ্ধে প্রযুক্ত হইলেও পুঞ্জবাদের বিরুদ্ধে উহাদের কোনও অবকাশই নাই।

ঘটপটাদি দ্রব্যের পরমানুপুঞ্জতা-পক্ষে বদি নিম্নলিখিত প্রকারে আপত্তি করা যার যে, পরমানুর যে প্রত্যক্ষজ্ঞান হয় না, ইহা সকল মতেই স্বীকৃত আছে এবং ঘটপটাদি দ্রব্যগুলি বে প্রত্যক্ষসিদ্ধ ইহাও সকলেই স্বীকার করিরা থাকেন। এইরূপ হইলে ইহা কিরূপে বলা যাইতে পারে যে, পরমানু হইতে পৃথগ্ভূত কোনও মধ্যমপরিমাণের অবয়বি দ্রব্য প্রমাণসিদ্ধ নহে। ঘটপটাদি দ্রব্যগুলি যদি বাস্তবিকপক্ষেই প্রমানু হইতে তির্ম এবং মধ্যমপরিমাণের দ্রব্য না হইরা পরমাগ্রাত্মকই হয়, তাহা হইলে মহন্দ্রপরিমাণরূপ কারণটী না থাকার উহাদের প্রত্যক্ষজ্ঞান অসম্ভব হইরা পড়ে। স্কতরাং, প্রত্যক্ষসিদ্ধ ঘটপটাদি বস্তুগুলিকে পরমানুপুঞ্জাত্মক বলা যাইতে পারে না। তাহা হইলেও উত্তরে বৌদ্ধগণ বলিবেন যে, পূর্ব্যক্ষীর আপত্তি সমীচীন হয় নাই। কারণ, পৃথক্ পৃথগ্ভাবে এক একটা পরমাণু অতীক্ষির হইলেও পুঞ্জাবস্থার উহাদের প্রত্যক্ষ হইতে কোনও বাধা নাই। মহন্দ্রপরিমাণ প্রত্যক্ষের কারণ নহে; পরন্ত, অনেকদ্রব্যন্তই প্রত্যক্ষের কারণ। পরমানুপুঞ্জে মহন্ত্র-পরিমাণ না থাকিলেও অনেকদ্রব্যন্ত বিভ্যমান আছে।

ইহার বিরুদ্ধে যদি পূর্ব্ধেপক্ষী বলেন যে, গাঁহারা প্রত্যেক পরমাণুরই অতী ক্রিয়তা স্থীকার করেন এবং সমূহ ও সমূহীর ভেদ অস্থীকার করেন, তাঁহারা ইহা কিরাপে বলিতে পারেন যে, ভিন্নভিন্নভাবে প্রত্যেকটী পরমাণু অপ্রত্যক্ষ হইলেও পরমাণুপুঞ্জের প্রত্যক্ষ হইতে কোনও বাধা নাই। যাহা অপ্রত্যক্ষ বস্তু হইতে পৃথগ্ভূত নহে তাহাকে প্রত্যক্ষসিদ্ধ বলিলে উহা ব্যাহতবচন

হইয়া পড়ে। স্থতরাং, ঘটপটাদি বস্তুর পরমাণুপ্ঞাত্মকতা-পক্ষে উহাদের প্রত্যক্ষজ্ঞান প্রমাণিত হইতে পারে না। তাহা হইলে উত্তরে বৌদ্ধগণ বিলবেন যে, পূর্ম্বপক্ষী না ব্ঝিয়া নিজের সিদ্ধান্তের বিরুদ্ধেই কথা বলিয়া ফেলিয়াছেন। কারণ, তিনি ভিন্নভিন্নভাবে এক একটা কারণের উপস্থিতিতে কার্য্যের উৎপত্তি স্বীকার করেন নাই; কেবল চক্ষু থাকিলেই প্রত্যক্ষজ্ঞান হয় ইহা তিনি বলেন না এবং কেহ বলিতেও পারেন না। কিন্তু, চক্ষুরিক্রিয়, মহন্ত্ব-পরিমাণ, উভূত-রূপ, আলোক ও দ্রষ্টব্য বিষয় এই সকলগুলি কারণ মিলিত হইলে চাক্ষ্ব প্রত্যক্ষ উৎপন্ন হয় বলিয়া সকলেই স্বীকার করেন। স্থতরাং, ভিন্নভিন্নভাবে এক একটীর দ্বারা যাহা হয় না, মিলিত হইলে যে তাহাদের দ্বারা তাহা হয়, ইহা পূর্ব্বপক্ষীও স্বীকার করেন এবং কারণগুলির মিলিতাবস্থায় যে এ কারণক্লাপ ব্যতীত নৃতন কোনও কারণ হয় না তাহাও পূর্ম্বপক্ষীর স্বীকৃতই আছে। অতএব, প্রত্যেক পরমাণুব্যক্তিটী অতীক্রিম হইলেও পূঞ্জাবস্থায় উহাদের প্রত্যক্ষ হইতে কোনও বাধা নাই।

পরমাণুপুঞ্জের প্রতাক্ষের বিরুদ্ধে পূর্ম্বপক্ষী যদি এইরূপ বলেন যে, পুঞ্জাস্থগতি পৃথক্ পৃথক্ প্রত্যেক পরমাণুব্যক্তিই যদি অতীক্রিয় হয়, তাহা হইলে উহাদের
পুঞ্জ ফলতঃ অতীক্রিয়ই হইয়া যাইবে। স্থতরাং, অতীক্রিয় বলিয়া পুঞ্জাবস্থায়ও
উহাদের প্রত্যক্ষজান হইবে না। এইরূপ হইলে প্রত্যক্ষদিদ্ধ ঘটপটাদি বস্তুর
পরমাণুপুঞ্জায়্মকতা দিদ্ধান্তিত হইতে পারে না। তাহা হইলেও উত্তরে বৌদ্ধগণ
বলিবেন যে, যদি এইপ্রকার নিয়ম থাকিত যে, যাহা যাহার পক্ষে অতীক্রিয়
তাহাদের সমূহও তাহার পক্ষে অতীক্রিয়ই হয়, তাহা হইলে অবশ্যই ব্যক্তিগতভাবে অতীক্রিয় পরমাণুগুলির পুঞ্জাবস্থায়ও প্রত্যক্ষজ্ঞান আমাদের পক্ষে অসম্ভবই
হইয়া পড়িত। কিন্তু, বাস্তবিকপক্ষে এরূপ নিয়ম নাই। তিমির-রোগগ্রস্ত
ব্যক্তি পৃথক্পৃথগ্ভাবে এক একটা কেশ দেখিতে পান না; স্তুত্রাং,
ব্যক্তিরূপে প্রত্যেকটা কেশই তাহার পক্ষে অতীক্রিয়। কিন্তু, এইপ্রকার হইলেও
তিনি পুঞ্জাবস্থায় কেশগুলিকে দেখিতে পান। এইরূপ ব্যক্তিরূপে প্রত্যেকটী
পরমাণু আমাদের পক্ষে অতীক্রিয় হইলেও পুঞ্জাবস্থায় যে উহারা আমাদের প্রত্যক্ষগ্রাহ্ হইবে ইহাতে আশ্র্যান্থিত হইবার কোনও হেতু নাই। ক্ষণিকত্ববাদে ইহাও
স্বীকার করা যাইতে পারে যে, পুঞ্জাবস্থায় অদৃশ্য পরমাণু হইতে কতকগুলি দৃশ্য

পরমাণুর উৎপত্তি হয়, পুঞ্জাবস্থায় ঐ দৃশ্য পরমাণুগুলিরই ঘটপটাদির আকারে প্রত্যক্ষ হইয়া থাকে। ব্যক্তিগতভাবে ঐ পরমাণুগুলি দৃশ্য হইলেও অপুঞ্জাবস্থায় উহাদের প্রত্যক্ষের আপত্তি হইবে না। কারণ, অপুঞ্জাবস্থায় ঐগুলি বিনষ্ট হইয়া গিয়াছে এবং উহা হইতে পুনরায় কতকগুলি অদৃশ্য পরমাণুর স্পৃষ্টি হইয়াছে। এইপ্রকারেই পরমাণুগুলি কখনও দৃশ্য কখনও বা অদৃশ্য হইয়া থাকে। পূর্বপক্ষী ইহাও বলিতে পারেন না যে, অদৃশ্য বস্তু হইতে দৃশ্য বস্তুর সমুৎপত্তি হয় না। কারণ, তিনি নিজেই অদৃশ্য ঘাণু হইতে দৃশ্য ত্যায়র স্পৃষ্টি স্বীকার করিয়াছেন। অতএব, এক্ষণে ইহা বেশ পরিকারভাবেই ব্যাবাইতেছে যে, সহসা ঘটপটাদি বস্তুর পরমাণুপৃঞ্জতাবাদ অগ্রাহ্য করা সন্তব্

দশন পরিচ্ছেদ অনাম্রব সংস্কৃতধর্ম

একণে আমরা অনাশ্রব সংস্কৃতধর্মগুলির নিরূপণ করিব। যথাযথভাবে বৌদ্ধসিদ্ধান্তের অনুসরণ করিয়া বর্তুমানকালে অনাশ্রব ধর্ম্মের নিরূপণ করা প্রায় অসম্ভব। কারণ, প্রথমতঃ ইহা অভিশন্ন রহস্তপূর্ণ ও ছুর্মিগম্য। দ্বিতীয়তঃ, বর্তুমানে যে সকল গ্রন্থ পাওয়া যায় তাহাতে ঐ সম্বন্ধে পরিদ্ধার কোনও আলোচনা নাই। স্কৃতরাং, একমাত্র যশোমিত্রের ক্ষুটার্থা গ্রন্থে এ সম্বন্ধে যাহা কিছু আলোচনা আছে, তাহাকেই অবলম্বন করিয়া আমরা নির্দ্ধাণমার্গের নিরূপণ করিব।

ক্লেশ-প্রহাণের যে উপায়, অর্থাৎ যে সকল উপায় অবলম্বন করিলে লোকসকল রাগদ্বোদি ক্লেশকে পরিহার করিতে সমর্থ হয়, সেই সকল উপায় বা পন্থাকে আমরা "মার্গ", অর্থাৎ "অনাস্রব সংস্কৃতধর্ম", নামে অভিহিত করিতে পারি। অভিধর্মাদি শাস্ত্রে কথিত আছে যে, সত্য-দর্শন ও সত্য-ভাবনার দ্বারা পুদ্গল সর্ববিধ ক্লেশ পরিত্যাগ করিয়া থাকে। স্কৃতরাং, সত্য-দর্শন ও সত্য-ভাবনাই মার্গ-পদের অর্থ এবং উক্ত প্রকারে মার্গ ত্রইভাগেই মুখ্যতঃ বিভক্ত।

উক্ত দ্বিবিধ মার্গের মধ্যে দর্শনমার্গ অনাত্রবই। কারণ, সত্য-দর্শনের দ্বারাই ত্রৈধাতুক হংথের পরিহার সম্ভব হয়। লৌকিক মার্গের দ্বারা কথনই

১। ত্রৈধাতুকপ্রতিপক্ষরাৎ কিঞ্চ নবপ্রকারাণাং দর্শনহেয়ানাং সর্ৎপ্রহাণাচ্চ। কোশস্থান
৬, কা ১, স্ফুটার্থা।

২। শান্তে কামলোক অর্থাৎ মনুষ্যাদির বাসস্থান, রপলোক ও আরুণালোক, অর্থাৎ দেবতার বাসস্থান, এই ছিন্টা লোককে ত্রিলোক বা ত্রিধাতু বলা হইয়ছে। প্রথম ধ্যান, দ্বিতীয় ধ্যান, তৃতীয় ধ্যান ও চতুর্থ ধ্যান-ভেদে রপলোক চতুর্রা বিভক্ত । আকাশানস্তায়তন, বিজ্ঞানানস্তায়তন, আকিঞ্জায়তন ও ভবাগ্র অথবা নৈবসংজ্ঞানসংজ্ঞায়তন-ভেদে আরুপ্যলোকও চারি ভাগে বিভক্ত। এই লোকগুলি ক্রমিক কুল্ম হইতে কুল্মতর। কামলোক হইতে আরম্ভ করিয়া ভবাগ্র পর্যন্ত নয়টী লোক বা ভূমির মধ্যে ভবাগ্রই কুল্মতম। দর্শনমার্গ ভিন্ন অস্ত মার্গের ছারা এই ভাব।গ্রিক রেশের পরিহার হয় না। অন্তম ভূমি প্রান্ত রেশের লোকিক বা সাম্রব মার্গের ছারাও পরিহার হইতে পারে।

ভবাত্রের ক্ষর হইতে পারে না। আর, দৃষ্টিহের নরপ্রকার তঃখের একই ক্ষণে দর্শন-মার্গের দ্বারা পরিহার হইরা থাকে। এই কারণে দর্শন-মার্গকেই শাস্ত্রে আনাস্রব-মার্গ বলা হইরাছে। এগুলে এই কথা মনে রাখিতে হইবে যে দর্শন-মার্গের দ্বারা দৃষ্টিহের ছঃখের গ্রায় ভাবনা-হের ছঃখের পরিহার হইলেও নরপ্রকার ছঃখের যুগপুঁৎ পরিহার হর না। এক একটী প্রকার লইয়া এক একটী ছঃখের বিভিন্ন ক্ষণে পরিহার হয়।

দর্শন-মার্গ যেমন কেবল অনাপ্রবাহ হয়, ভাবনা-মার্গও কি তেমন কেবল অনাপ্রবাহ হইবে? ইহার উত্তরে আমরা বলিব যে, উহা কেবল অনাপ্রবাহ নহে। উহা সাপ্রব ও অনাপ্রব ভেদে তুই প্রকার । সত্য-দর্শনের যে, পুনঃপুনঃ অভ্যাস, তাহাকে ভাবনা বলা হইয়াছে। সাপ্রব ভাবনা-মার্গকে লৌকিক-মার্গও বলা হইয়া থাকে। বৈভাষিকমতের বিস্তৃত পর্য্যালোচনার আমরা ইহাই ব্রিয়াছি যে, অধিকাংশ ভাবনা-মার্গই, অর্থাৎ শমথমাত্রই সাপ্রব। দর্শন-মার্গেও একমাত্র সত্যাভিসময়কেই অনাপ্রব বলা হইয়াছে। দার্শনিক পদার্থের বিচারে মার্গের বিশেষ মূল্য না থাকিলেও বৌদ্ধমত জ্বানিবার পক্ষেইহার মূল্য গুরুতর। স্কতরাং, যিনি বৌদ্ধমত জ্বানিতে চাহেন তাঁহাকে মার্গ জ্বানিতে হইবেই।

যিনি শীল-সম্পন্ন ও শ্রুতময় এবং চিন্তাময় প্রক্রা যাঁহার আছে, তিনিই ভাবনাতে, অর্থাৎ ধ্যানে অধিকারী। যে প্রক্রাতে পদার্থগুলি নামমাত্রের দারাই সমুপস্থাপিত হয় তাহাকে শ্রুতময়ী এবং যাহাতে নাম ও অর্থ এই উভয়ই পরোক্ষভাবে সমুপস্থাপিত হয়, অর্থাৎ যাদৃশ প্রক্রা নামের সহিত অর্থকেও প্রোক্ষভাবে প্রকাশ

১। প্রথমতঃ দুঃধ বা ক্লেকে মৃদ্র, মধ্য ও অধিমাত্র এই তিন ভাগে বিভক্ত করা হইরাছে।
ঐ প্রত্যেকটা বিভাগকে আবার মৃদ্র, মধ্য ও অধিমাত্র এই তিন ভাগে বিভক্ত করা হইরাছে।
স্বতরাং, দুঃথ নমপ্রকার হইল। ইহাদের মধ্যে মৃদ্র বিভাগের যে মৃদ্র দুঃখ তাহাই
ক্লেতম। উহা ভাবাগ্রিক। দর্শন ভিন্ন অভ্য মার্গের দ্বারা উহার পরিহার হয় না। এই
এক একটা ক্লেশ বা দুঃখ তাহার নয়টী প্রকার লইয়াই দর্শনমার্গের দ্বারা একসঙ্গে ক্লয়প্রাপ্ত হয়; কিন্তু, ভাবনাহের দুঃখণ্ডলির একটা প্রকারমাত্র লইয়াই একবারে ক্লয় হয়। ঐ
দুঃধের অভ্য প্রকারগুলি তথনও থাকিয়া য়ায়।

২। দ্বিবেণা ভাবনামার্গো দর্শনাথ্যস্থনাম্রবঃ। কোশস্থান ৬, কা ১।

করে, তাহাকে চিন্তামন্ত্রী প্রজ্ঞা বলা হইরা থাকে। বৈভাষিকমতে প্রদর্শিত প্রকারেই প্রজ্ঞান্বর ব্যাথ্যাত হইরাছে। বস্তুবন্ধ প্রভৃতি আচার্য্যগণ অন্তপ্রকারে উক্ত প্রজ্ঞান্বরের বিবরণ দিয়াহেন। আপ্ত-প্রমাণ, অর্থাৎ শাস্ত্রবাক্য, হইতে অর্থ সম্বন্ধে যে পরোক্ষ প্রতীতি হয় তাহাই শ্রুতমন্ত্রী প্রজ্ঞা এবং যুক্তির সমর্থন দ্বারা শাস্ত্রকথিত অর্থ সম্বন্ধে যে পরবর্ত্ত্রী দৃঢ়তর প্রতীতি হয়, তাহাই চিন্তামন্ত্রী প্রজ্ঞা। ইহাই সৌত্রাস্তিকসন্মত বিবরণ ।

শীল ও প্রজ্ঞাবান্ পুরুষ তাহা হইলেই ভাবনাতে অবভরণ করিতে পারিবেন যদি তিনি ব্যপকর্ষবান্ হন; অন্তথা ভাবনা বা ধ্যান তাঁহার হইবে নাই। ব্যপকর্ষ আবার তুইপ্রকার — অরণ্যবাসাদির সাহায্যে 'আপন আপন শরীরকে লোকসাপ্রক হইতে দ্রে রাথা এবং অকুশল বিতর্ক হইতে আপন আপন চিত্তকে দ্রে রাথা। অসম্ভৃষ্টি ও মহেচ্ছতাকে অকুশল বলা হইরাছে। অভিলবিত বস্তু প্রাপ্ত হইলেও পুনঃপুনঃ অধিকতর প্রাপ্তির জন্য যে তৃষ্ণা, তাহাকে অসম্ভৃষ্টি এবং অপ্রাপ্তবস্তু-সম্বন্ধিনী ইচ্ছাকে মহেচ্ছতা বলা হইরাছে। এই তুইটী থাকিতে ভাবনাবতরণ হয় না। প্রতিপক্ষের উদরে এইগুলি দ্রীভূত হইরা যায়। সম্ভৃষ্টি,ও অরেচ্ছতা এই তুইটী উহাদের ক্রমিক প্রতিপক্ষ। ইহারা অলোভস্বভাব; অতএব, ইহাদিগকে শাস্তে কুশলমূল নামে অভিহিত করা হইরাছে। অক্তভ্রতাবনা ও আনাপান-স্থৃতি, অর্থাৎ প্রাণায়াম, এই দ্বিবিধ উপারে প্রতিপক্ষের উদর হইলে আর্য্য-পুদ্গল কুশলমূল, অর্থাৎ অরেচ্ছতা ও সম্ভৃষ্টি, লাভ করিরা থাকেন। এইপ্রকার অবস্থা আসিলে তবেই পুরুষ ভাবনাতে অধিকারী হন।

পুরুষ সাধারণতঃ তুইপ্রকার — রাগবহুল ও বিতর্কবহুল। যিনি রাগবহুল

১। শ্রুতাদিত্য: প্রজ্ঞা ভবতি। তত্র শ্রুতময়ী প্রজ্ঞা নামার্থং চিন্তাময়ী উভয়য় নায়াঽর্থক্ত চ ভাবনায়য়ী প্রজ্ঞা কেবলমর্থস কৃতে ইতি বৈভাষিকাঃ। সৌত্রান্তিকাঃ শ্রুতময়ী প্রজ্ঞা হি আপ্রপ্রমাণজ্ঞো নিশ্চয়ঃ চিন্তায়য়ী প্রজ্ঞা যুক্তিনিধ্যানজ্ঞো নিশ্চয়ঃ সমাধিজো নিশ্চয়ঃ ভাবনায়য়ী প্রজ্ঞা। কোশস্থান ৬, কা ৫, রাহলকৃত ব্যাধ্যা।

২। ভাবনাময়ী প্রজ্ঞা ব্যপকর্ষদ্মবতঃ। কোশস্থান্ ৬, কা ৬।

৩। অলোভ এব ছয়োঃ শ্বভাবঃ। তেনেমে কুশলমূলমূ। কোশস্থান ৬, কা ৭, বাহলকৃত ব্যাথ্যা।

তিনি অগুভ-ভাবনা নইশ্বা এবং যিনি বিতর্কবহুল তিনি আনাপান-শ্বৃতি, অর্থাৎ প্রাণাগ্রাম, লইগ্না বোগ বা ভাবনা আরম্ভ করিবেন। ১ এইভাবে ঘাঁহারা সাম্প্রাণায়িক রীতি অমুসারে যোগে দীফা গ্রহণ করেন তাঁহাদিগকে শাস্ত্রে "আদি-ক্যিক" নামে অভিহিত করা হইরাছে। ১

শরীরে শ্মশান-নিক্ষিপ্ত শব্যাদির ভাবনাকে শান্তে অগুভ-তাবনা বলা হইরাছে।
রূপ-রাগ, বর্ণ-রাগ, স্পর্শ-রাগ ওকীর্ন্তি-রাগ ভেদে রাগী পুরুষকে শান্তে চারিভাগে বিভক্ত
করা হইরাছে। সর্কপ্রকারের রাগবছল পুরুষের নিমিত্তই শান্তে "বন্ধন-শৃঙ্খলা"
বিহিত হইরাছে। শরীরে অন্তিময়ন্ত্র-ভাবনারই নাম বন্ধন-শৃঙ্খলা । এক
শরীর হইতে আরম্ভ করিয়া এই ভাবনাকে সমুদ্র পর্যান্ত বন্ধিত করিবে।
পুনরায় বিলোমক্রমে ব্রাস করিতে করিতে নিজ্ব শরীরে উক্ত ভাবনাকে সংহত
করিবে। এইভাবে অন্থলোম ও বিলোমে ভাবনা অভ্যান্থ করিতে হইবে।
এই যে অগুভ-ভাবনা বা বন্ধন-শৃঙ্খলা ইহা অতিশয়ভাবে অলোভস্কভাব।
বিতর্কবছল পুরুষের নিমিত্ত বিহিত যে আনাপান-শৃতি বা প্রাণায়াম তাহার
আলোচনা আমরা এইস্থলে করিব না। উহা প্রক্রিয়া-বছল এবং দর্শনশাস্ত্রের
আলোচনা বহে।

প্রথমাদি চারিপ্রকারের ধ্যান, প্রথমাদি চারিপ্রকারের সামন্তক, ধ্যানান্তর, ও কাম-ধাতু, এই দশটি লোকেই এই অস্কভ-ভাবনা করা যাইতে পারে, অর্থাৎ উক্ত দশ লোকের পুন্গলই অস্কভ-ভাবনার দীক্ষিত হইতে পারে। কাম-ধাতু-গত যে রূপ, কেবল তাহাই উক্ত ভাবনার আলম্বন হইবে। প্রথম ধ্যানাদি নরটি লোকে উহা উৎপত্তি-প্রতিলম্ভিক, অর্থাৎ জন্ম-নিবন্ধনও হইতে পারে। কিন্তু, কাম-ধাতুস্থ যে মানুষ তাঁহার পক্ষে এই অস্কভ-ভাবনা উৎপত্তি-প্রতিলম্ভিক হইবে না, তাঁহাকে প্রবত্তর দারাই এই ভাবনাতে অবতীর্ণ হইতে হইবে।

এইভাবে ভাবনাভ্যাদের দ্বারা পুদ্গল শমথসম্পন্ন, অর্থাৎ উপশান্তচিত্ত, হইরা

১। অগুভভাবনয়া আনাগানস্ত্যা চ ভাবনাভূমিকায়াম্ অবতরত্তি যোগিনঃ। কোশস্থান ৬, কা ৯, রাহুলমুত ব্যাখ্যা।

২। আসমুদ্রান্থিবিতার বংক্ষেপানাদিকর্মিকঃ। কোশস্থান ৬, কা ১০।

ও। চত্বারো রাগিণঃ বর্ণরপশর্শকীতিরাগিভেদাও। সর্বরোগিছেব অস্থিভাবনা বন্ধন-শৃঞ্জানা কোশস্থান ৬, ক'ন, রাহলকৃত ব্যাধ্যা।

থাকে। শমগসম্পন পুরুষ স্থৃত্যুপস্থান-নামক ভাবনাতে অধিকারী হইরা থাকেন। ?

স্বভাব, সংস্থা, আলম্বন ও ধর্মস্ত্রপস্থান ভেদে এই স্বৃত্যুপস্থান চারি-প্রকার। কায়, বেদনা, চিত্ত ও অবশিষ্ট সংস্কৃতাসংস্কৃত ধর্ম্মের <mark>স্বভাব-প্রীক্ষার</mark> ষারা লোক স্মৃত্যুপস্থান লাভ করিয়া থাকে। বস্তুর যে স্বলক্ষণতা, তাহাই তাহার স্বভাব। কারের ভূত-ভৌতিকত্ব-রূপ যে স্বলক্ষণ, তাহাই তাহার সভাব, বেদনার যে অনুভবত্ব-রূপ স্বলক্ষণ, ভাহাই তাহার স্বভাব, চিত্তের যে উপলব্ধির-রূপ স্বলক্ষণ, তাহাই তাহার স্বভাব এবং অন্তান্ত সাস্রব ধর্মের তঃথতা ৰা ক্লেশতারূপ যে স্বলক্ষণ, তাহাই তাহাদের স্বভাব। এই সকল স্বভাবের পরীক্ষার দ্বারা পুদ্গল স্মৃত্যুপস্থান প্রাপ্ত হয়, যদি পূর্ব্বক্থিত রীতি অনুসারে চিত্ত উপশাস্ত হইয়া থাকে।

স্বভাব-স্মূলপন্থান বলিতে শ্রুতমনী, চিন্তামনী বা ভাবনামনী প্রজ্ঞাকে বুঝার্থ। যদি প্রজ্ঞা-স্বভাব ব্যতীত অগ্র স্বভাবের স্মৃত্যুপস্থান থাকে, তাহা হইলেই স্বভাব-শৃত্যুপস্থানকে প্রজ্ঞা-স্বভাব বলার সার্থকতা থাকে। এজন্ত, স্বভাব-শৃত্যুপস্থানের প্রিজ্ঞা-স্বভাবতা কীর্ত্তনের দারা ইহাই ব্ঝা যাইতেছে ধে, অন্তান্ত স্মৃত্যুপস্থানগুলি প্ৰজ্ঞা-স্বভাব নহে। বাস্তবিকপক্ষেও খুত্যুপস্থান ও আলম্বন-খুত্যুপস্থান, প্রজ্ঞা-স্বভাব ধর্ম নহে। শ্রুতমনী প্রভৃতি প্রজ্ঞার সহভূ যে বেদনাদি, তাহাদিগকে সংসর্গ-স্মৃত্যুপস্থাম এবং ঐ প্রভ্রার আলম্বন বে কায়, বেদনা প্রভৃতি অস্তাস্ত সংস্কৃতাসংস্কৃত ধর্মাগুলি তাহা-দিগকে আলম্বন-স্ত্যুপস্থান নামে অভিহিত করা হইয়াছে। "স্বত্যা উপতিষ্ঠতে" এই ব্যুৎপত্তিতে কর্ত্বাচ্যে ব্যুট্প্রতায় করিয়া স্বৃত্যুপস্থান পদটী নিষ্পায় <mark>হইয়াছে।° স্বৃতির দারা কারাদি আলম্বনগুলি বিধৃত হইলেই তাহাতে শ্রুত-</mark> মরাদি প্রজ্ঞা বৃত্তিলাভ করিতে সমর্থ হয়, অন্তথা নহে। এই কারণেই উক্ত শ্রুতমরাদি প্রজ্ঞাগুলিকে স্থৃত্যুপস্থান নামে অভিহিত করা হইরাছে। উক্ত

১। নিপারশমথতৈর স্তুাপহানভাবনা। কোশস্থান ৬, কা ১৪।

২। স্বভাবশ্বভাপখানং প্রজ্ঞেতি। ঐ, কা ১৫-১৬।

৩। তদেবং স্বত্যোপতিগ্ৰত ইতি স্ত্যুপস্থানং এজেতি বৈভাষিকীয়োংর্থঃ। স্টার্থা। এছলে "মৃত্যা উপস্থানম্" এইপ্রকার বিগ্রহ ব্রিতে হইবে। 90

প্রজ্ঞাত্মক স্মৃত্যুপস্থানের সহভূত্ব-নিবন্ধন প্রজ্ঞা-সহভূ বেদনা প্রভৃতি চৈত্রধর্ম স্মৃত্যুপস্থান পদের উপচরিত প্রয়োগ হইরাছে। এজন্য, উক্ত বেদনা প্রভৃতি চৈত্তধর্ম গুলিকে সংসর্গন্ম হুয়ুপস্থান নামে আগ্যাত করা হইরাছে। "স্মৃতিঃ উপতিষ্ঠতে অত্র" এইপ্রকার বৃংপত্তিতে অধিকরণবাচ্যে "লাট্" প্রত্যয় করিয়া স্মৃত্যুপস্থান পদটিকে নিপান করিলে উহা কারাদি আলম্বনরূপ অর্থে প্রযুক্ত হইরা থাকে'। এই অর্থেই কায়, বেদনা, চিব্র ও ধর্ম এই চারিটিকেও স্মৃত্যুপস্থান নামে অভিহিত করা হইরাছে। এই যে প্রজ্ঞান্ধপ স্মৃত্যুপস্থান, ইহা "কায় স্মৃত্যুপস্থান," "বেদনা-স্মৃত্যুপস্থান," "চিত্ত-স্মৃত্যুপস্থান," "ধর্ম-স্মৃত্যুপস্থান," তেদে চারিভাগে বিভক্ত। এইগুলি কথিত ক্রমান্মুসারেই উৎপন্ন হইরা থাকে। কার্মস্থ্যুপস্থানে নিষ্ণাত হইলেই পরবর্ত্তী বেদনা-স্মৃত্যুপস্থানকে ভাবিত করিতে পারা যায়, অন্তথা নহে। উক্ত কায়াদি স্মৃত্যুপস্থানগুলি আবার স্বকায়, পরকায় ও স্বপরোভয়্মকায়ন্ত্রপ আলম্বনভেদে তিনপ্রকার। এইন্ধপে বেদনা-স্মৃত্যুপস্থান ও চিত্ত-স্মৃত্যুপস্থানও স্ব, পর এবং স্বপরোভয়্মরূপ আলম্বন-ভেদে তিন তিন প্রকার হইবে ।

এই যে শ্বত্যুপস্থানগুলি, ইহারা বিভিন্নপ্রকার বিপর্য্যাসের প্রতিপক্ষরপে আসিয়া উপস্থিত হয়। অস্থিমাংসাদিমর কায়ে লোকের শুচিতা বোধ থাকে। এই শুচিতাবোধরপ বিপর্য্যাসের প্রতিপক্ষরপে কায়ম্বৃত্যুপস্থান আসিয়া উপস্থিত হয়। বেদনাকে লোক স্থখ বলিয়া মনে করে। এই যে স্থখন্থবোধনরপ বিপর্য্যাস, ইহার প্রতিপক্ষরপে বেদনাম্বত্যুপস্থান আসিয়া উপস্থিত হয়। চিত্তে লোকের নিত্যতা-বোধ থাকে। এই নিত্যতাবোধরূপ বিপর্য্যাসের, প্রতিপক্ষরপে চিত্ত-শ্বত্যুপস্থান আসিয়া উপস্থিত হয়।

উক্ত তিন তিন প্রকার লইয়া কায়, বেদনা ও চিত্ত-মৃত্যুপ হানের ভাবনা

মৃতিরত্রোপতিঠতে ইতি কৃত্বা। কোশস্থান ৬, কা ১৫-১৬, ক্টার্থা। "য়তেরপস্থানম্"
 এইএকার বিগ্রহ বৃথিতে হইবে।

২। স্বপরোভয়সস্তত্যালম্বনত্বাৎ প্রত্যেক্: ত্রৈবিধ্যুং ভবতি। ঐ।

 [া] শুচিবিপর্যাসশু প্রতিপক্ষেণ কায়মৃত্যুপস্থানং, স্থবিপর্য্যাসশু প্রতিপক্ষেণ বেদনামৃত্যুপস্থানং-----নিত্যবিপর্যাসশু প্রতিপক্ষেণ চিত্তস্মৃত্যুপস্থানম্। ঐ।

পরিপক হইলে ধর্ম-মৃত্যুপস্থানের ভাবনা করিতে হয়। ইহা কার, বেদনা ও চিত্ত, এই ত্রিবিধ ধর্ম ভিন্ন অবশিষ্ঠ যাবদ্ধর্মালম্বন ও কারাদি সহিত যাবদ্ধর্মালম্বনভেদে তুইপ্রকার।' ইহা আত্মন্থবোধরপ আমাদের যে বিপর্য্যাস আছে, তাহার প্রতিপক্ষরপে আসিরা উপস্থিত হয়।' পিওশঃ বিভাগই ভূতভৌতিক ধর্মের এবং প্রবন্ধরপতাই চিত্ত-চৈত্তের স্বভাব। স্থতরাং, চিরস্থির ও এক এমন কোনও ধর্ম্মই নাই। এই যে পিওশঃ বিভক্ত ভূতভৌতিক বস্তগুলি অথবা প্রবন্ধাকারে বিভ্যমান চিত্ত-চৈত্তেরপ ধর্মাগুলি, ইহাদের মধ্যে অমুবর্ত্তমান কোনও এক স্থিরন্ত প্রমাণসিদ্ধ নাই। স্থতরাং, অনাত্মতাই ধর্মের স্বভাব হইবে। এইরপে ধর্মাগুলির যথাবথ-স্বভাব ধর্ম্ম-মৃত্যুপস্থানে প্রজ্ঞাত হইতে থাকে। এজন্য, এই ধর্ম্ম-মৃত্যুপস্থানকে আত্মন্থ-বিপর্য্যাসের প্রতিপক্ষ বলা হইয়া থাকে।

ধর্ম-মৃত্যুপস্থান বর্দ্ধিত হইয়া ক্রমশঃ "চত্রার্য্যসত্যালম্বন": এবং বোড়শ প্রকার লইয়া উপস্থিত হয়। ছঃখ, সমৃদয়, নিরোধ ও মার্গ এই চারিটীকে "আর্য্যসত্য" নামে অভিহিত করা হইয়াছে। এই চারিটী আর্য্যসত্যের প্রত্যেকটীর চারিটী করিয়া প্রকার আছে। স্কতরাং, চতুরার্য্যসত্যে সর্কসমেত বোলটী প্রকার আছে। ছঃখয়, অনিত্যয়, শৃশুয় ও অনাম্ময়ভেদে ছঃখয়ত্য চতুর্বিবধ। বৈভাবিকমতামুসারে ধর্মের শৃশুয় বলিতে স্বরূপ-রাহিত্য বৃঝিলে ভুল করা হয়বে। কারণ, এই মতে সকল ধর্মেরই পারমার্থিক অস্তিম্ব বা স্বভাব স্বীকার করা হয়। পিগুয়মুদয় বা চিত্তাদি প্রবন্ধের মধ্যে নিত্য এবং অমুগত এক-ধর্মরাহিত্যই এইমতে শৃশুয় হইবে। অনাম্ময় বলিতে তৈর্থিক-সম্মত যে আয়া, তিজ্রয় বৃঝিতে হইবে। ইহাতে শৃশুয় ও অনাম্ময়ের ঐক্যাও নিরস্ত হইল। কারণ, পৃথগ্ ভাবে উভরের স্বরূপ ব্যাথ্যাত হইয়াছে। ছঃখসত্যের এই যে চারিটী প্রকার, ইহাই "সর্ব্ধং ফলিকং ফলিকং ছঃখং ছঃখং স্বলক্ষণং স্বলক্ষণং শৃশুং শৃশুমিতি" এই কথার দ্বারা সর্ব্বদর্শনসংগ্রহে কথিত হইয়াছে। অপরাপর সত্যগুলির প্রকার

১। ধর্মমৃত্যুপস্থানমসন্থিরালম্বনমমিশ্রালম্বনং ভবতি। কায়বেদনাচিত্তবাতিরিজধর্মালম্বনমৃত্ব মুভাবাং। সন্থিরালম্বনমপি ভবতি। কায়াদীনাং দে ত্রীণি চহারি বা সমস্তানি পখাতীতি। কোশস্থান ৬, কা ১৫-১৬ ক্ষুটার্থা।

र। আত্মবিপর্যাদগু প্রতিপক্ষেণ ধর্মমৃত্যুপস্থানম্। ঐ।

উহাতে কথিত হয় নাই। সকল বস্তুর তুঃখন্বাদি ভাবনাও মুক্তির উপায় বলিয়া শাস্ত্রে স্বীকৃত নহে। কারণ, নিরোধ বা মার্গ-সত্যের তুঃখন্থ-ভাবনা শাস্ত্রে কথিত হয় নাই। স্কুতরাং, সকল বস্তুর তুঃখতা বৈভাষিকসিদ্ধান্ত নহে। সর্বাদর্শন-সংগ্রহকার অবিশেষে সকল মতেই উক্ত ভাবনাকে মুক্তির উপায় বলিয়া সিদ্ধান্ত-বিরোধ করিয়াছেন।

ত্বংখ-দৃষ্টির ভার সমুদর-দৃষ্টিও চারিপ্রকার — সমুদরত্ব, প্রভবত্ব, হেতৃত্ব ও প্রতায়ত্ব। সমুদরত্ব বলিতে প্রতীভ্যসমূৎপাদতত্বকে, প্রভবত্ব বলিতে বিশেষ বিশেষ কারণসাধ্য যে বিশেষ বিশেষ কার্য্যাৎপাদ-রূপ তত্ব তাহাকে, হেতৃত্ব বলিতে কারণত্ব, সহভূত্বাদি তত্বগুলিকে এবং প্রত্যায়ত্ব বলিতে হেতৃত্ব, সমনন্তরত্বাদি তত্বগুলিকে ব্ঝার। যথাযথভাবে উক্ত তত্ত্বসম্বন্ধী প্রজ্ঞাগুলিকেই শাস্ত্রে সমুদরদৃষ্টি নামে অভিহিত করা হইরাছে। নিত্যকারণত্বাদ বা এককারণত্বাদের প্রতিপক্ষরূপে ইহা উপস্থিত হইরা থাকে।

নিরোধ-দৃষ্টি চারিপ্রকার — নিরোধত্ব, শান্তত্ব, প্রণীতত্ব ও নিঃসরণত্ব এবং
মার্গ-দৃষ্টিও চারিপ্রকার — মার্গত্ব, প্রাতিপত্তিত্ব ও নৈর্য্যাণিকত্ব।
এই চতুরার্যাসত্য ও বোড়শ প্রকার লইরা উপস্থাপিত বে ধর্ম-দৃত্যুপস্থানরূপ
প্রজ্ঞাবিশেষ, শাস্ত্রে তাহাকে "উন্নগত" নামে অভিহিত করা হইরাছে।
ইহাই কুশলমূল বা আর্য্যসত্যানলের প্রথম নিমিত্ত। মৃত্র, মধ্য ও অধিমাত্রক্রমে
বর্দ্ধিত হইতে হইতে ইহাই একদিন সত্যাভিসময় নামক আর্য্যসত্যানলকে
প্রজ্ঞানিত করিবে।

অভ্যাসের দারা উন্নগত বর্দ্ধিত হইতে হইতে ক্রমে উহা অধিমাত্র-মাত্রায় উপস্থিত হইলে চতুরার্য্যসভ্য সম্বন্ধে উক্ত বোড়শ প্রকার লইরা দৃঢ়তর প্রজ্ঞা উৎপন্ন হয়। এই যে দৃঢ়তর প্রজ্ঞা ইহাকে শাস্ত্রে "মৃদ্ধি" নামে অভিহিত করা হইরাছে। উন্মগত ও মৃদ্ধা স্বভাবতঃ ধর্ম-শৃত্যুপস্থানাত্মক হইলেও ইহাদের বর্দ্ধনে কায়াদি চতুর্বিবধ শৃত্যুপস্থানেরই উপযোগিতা আছে।

পূর্ব্বোক্ত মুদ্ধা বর্দ্ধিত হট্যা অধিমাত্র-মাত্রায় আর্জ্য হইলে "ক্রান্তি" আসিয়া উপস্থিত হয়। ক্ষান্তি প্রজ্ঞাস্বভাব হইলেও আর্য্য-পূদ্গলের সত্যাভিসময় সম্বন্ধে রুচি উৎপাদন করে। এই কারণে শাস্ত্রে ইহাকে ক্ষান্তি নামে অভিহিত করা হইয়াছে। এই ক্ষান্তি আবার মৃত্র, মধ্য ও অধিমাত্র ভেদে তিনপ্রকার। অধিমাত্র-ফাস্তির পরে অপর একটা দৃঢ়তম প্রজ্ঞা আসিয়া উপস্থিত হয়, যাহাকে শাস্ত্রে ''অগ্রধর্ম'' নামে অভিহিত করা হইয়াছে।

ইহার অভিপ্রায় এই যে, প্রথমতঃ কায়, বেদনা, চিত্ত ও ক্লেশ, এই চতুর্বিধ আলম্বনে একই সময়ে তৃঃথত্ব, অনিত্যত্ত, শৃগ্যত্ত ও অনাত্মত্ব-প্ৰকারক ষে অন্ত্তিবিশেষ, তাহাই শাস্ত্রে ধর্ম-যুত্যুপস্থান নামে অভিহিত হইন্নাছে। এই ধর্ম-স্মৃত্যুপস্থানের অভ্যাদের ফলে একপ্রকার অন্তুতি আসিয়া উপস্থিত হয়, <mark>ষাহাতে পুর্ব্বোক্ত কারাদি চারিটী মাত্রই আলম্বন হয় না। পরস্ক, কাম্ধাতুগত তুঃথ,</mark> শমুদর, নিরোধ ও মার্গ এই চতুর্বিবধ সত্যমাত্রই উহাদের হঃথত্ব হইতে নৈর্য্যাণিকত্ব পর্যাস্ত বোড়শবিধ প্রকার লইয়া অনুভূত হইতে থাকে। ইহাই প্রারম্ভিক উন্মগত অবস্থা। ইহাকেই মৃত্ উন্মগত বলা হইয়াছে। ক্রমে ইহা বৰ্দ্ধিত হইয়া রূপধাতুগত সত্যচতুষ্ট্যকেও যোড়শপ্রকারে আলম্বনরূপে গ্রহণ করে। ইহাতে কাম ও ক্ষপধাত্তগত সকল সত্যই এক সঙ্গে যোড়শপ্রকার লইয়া অন্তভূত হইতে থাকে। ইহাকে উন্মগতের মধ্যাবস্থা বলা হইয়া থাকে। ক্রমে এই মধ্যাবস্থা বদ্ধিত হইরা তীত্র হয়। এই অবস্থার আরূপ্যধাতুগত সত্যপ্ত ধোড়শপ্রকার লইয়া অনুভূত হইতে থাকে । ইহাতে ত্রেধাতুক সত্যই একসঙ্গে তাহাদের নিজ নিজ প্রকার লইয়া যোড়শধা অনুভূত হইতে থাকে। এই যে উন্নগতের তীব্রাবস্থা, যাহাতে ত্রিধাতুক সত্যই যোড়শপ্রকারে অন্নভূত হইতে থাকে, আমাদের মনে <mark>হয়,</mark> উন্নগতের এই তীব্ৰ অবস্থাকেই শাস্ত্রে মুদ্ধা নামে অভিহিত করা হইরাছে। কারণ, ইহাই বৃদ্ধির পর্যান্ত বা চরম অবস্থা। কেহ কেহ এইরূপ বলিয়াছেন যে, এই তীব্র অবস্থার পরবর্তী যে ত্রৈধাতৃক সত্যচতুষ্টয়গোচর যোড়শপ্রকারক অনুভূতিবিশেষ, তাহাই শাস্ত্রে মুদ্ধা নামে অভিহিত হইয়াছে। কিন্তু, আমরা প্রকর্ষের চরমাবস্থা বলিয়া ঐ তীত্রাবস্থার ত্রৈধাতুক সত্যচতুষ্টয়গোচর ষোভৃশ্-প্রকারক অমুভূতিকেই মুদ্ধা বলিব। এই বে উন্নগত ও মুদ্ধা, ইহারা কায়াদি চতুর্বিব শ্বত্যুপস্থানের অভ্যাসের ফলেই বর্দ্ধিত হইয়া থাকে।

মুদ্ধা আবার মৃহ, মধ্য ও অধিমাত্র ভেদে ত্রিবিধ। ইহার পরে ক্ষান্তি আসিরা উপস্থিত হয়। এই ক্ষাস্ত্যাত্মক অন্তভূতিও ত্রৈধাতুক চতুর্বিবধ আর্য্যসত্য-গোচর এবং তঃখত্ব-অনিত্যত্বাদি-ষোড়শপ্রকারক। ইহাও মৃহ, মধ্য ও অধিমাত্র ভেদে তিনপ্রকার। আকার এবং সত্যের ব্লাস সম্পাদন করিয়া ক্ষান্তির অত্যাস করিতে হয়। প্রথমতঃ, ত্রৈধাতৃক ও চতুরার্য্যসত্যগোচর যে প্রবাহাত্মক অমুভূতিবিশেষ হয়, ইহাই মৃহ ক্ষাস্তি। ইহাতে হঃখহাদি আকার বা হঃখাদি সত্যের অপহ্রাসের কোনও প্রচেষ্টা থাকে না।

নিম্নোক্ত প্রণালীতে আকারের ও সত্যের অপহ্রাস করিতে হয়। প্রথমে আরপ্যধাতুগত মার্গসত্যগোচর মার্গস্ব, স্থাত্ত্ব, প্রতিপত্তিত্ব ও নৈর্য্যাণিকস্ব-রূপ চারিটী আকারের মধ্যে চরমটীকে, অর্থাৎ নৈর্য্যাণিকত্তকে, পরিত্যাগ করিয়া অবশিষ্ট তাবৎ-মাকারে ত্রৈধাতুক চতুর্বিধ আর্য্যসত্যকে আকারিত করিতে হয়। ইহাই হ্রাসারস্ত। পরে প্রতিপত্তিত্বরূপ আকারটাকে পরিত্যাগ করিয়া অবশিষ্ঠ তাবৎ-আকারে গ্রায়ত্বরূপ আকারটীকে পরিত্যাগ করিবে। তৎপরে মার্গজরূপ আকারটাকে পরিত্যাগ করিয়া আরূপ্যধাতৃগত মার্গসতাকে পরিত্যাগ করিবে। এক্ষণে নিরোধসত্যের যে নিরোধত্ব, শাস্তত্ব, প্রণীতত্ব ও নিঃসরণত্ব-রূপ চারিটী আকার আছে, বিলোমক্রমে অর্থাৎ নিঃসরণত্ব, প্রণীতত্ব, শাস্তত্ব ও নিরোবত্বাথ্য আকারগুলিকে যথাক্রমে পরিত্যাগ করিয়া আরপ্যগত নিরোধসত্যকে পরিত্যাগ করিবে। অনন্তর আরূপ্যাব্চর সমুদয়সত্যের <mark>যে</mark> সমুদয়য়, প্রভবন্ধ, হেতুর ও প্রতায়য়রূপ চারিটী আকার আছে, বিলোমক্র**মে** প্রত্যয়ত্বাথ্য আকার হইতে আরম্ভ করিয়া একে একে সমৃদয়ত্বনামক আকারের পরিহার করিবে এবং এই প্রণালীতে চারিটী আকারের পরিহার সমা<mark>প্ত</mark> হইলে আকারী যে আরূপ্যাবচর সমুদর্যত্যটী তাহাকেও পরিত্যাগ করিবে। এফণে আরূপ্যাবচর হৃঃথসত্যের যে হৃঃথত্ব, অনিত্যত্ব, শ্রুত্ব ও অনাত্মকত্ব-রূপ চারিটী আকার আছে, পূর্বের স্তায় বিলোমক্রমে অনাত্মখ্য আকার হইতে আরম্ভ করিয়া একে একে ত্র:খত্বাখ্য আকারের পরিহার করিবে এবং আকারচতুষ্টর পরিস্তৃত হইরা গেলে, পশ্চাৎ আরূপ্যাব্চর যে আকারী হু:খসত্যটী তাহাকে বিসৰ্জন দিবে।

এইভাবে ধোড়শপ্রকার লইরা আরূপ্যাবচর সত্যচতুষ্টর পরিষ্ঠত হইলে রূপাবচর মার্গসত্য ও তাহার আকারচতুষ্টরের পূর্ব্বোক্ত বিলোমক্রমে পরিহার হইবে। সর্ব্বেই পরিহাণিতে পূর্ব্বে আকারগুলির ও পরে আকারী সত্যাটীর পরিত্যাগ বৃঞ্চিতে হইবে। এক্ষণে রূপাবচর নিরোধসত্যের যে নিরোধত্বাদি চারিটী আকার ক্থিত হইয়াছে, বিলোমক্রমে তাহাদের একে একে পরিহার করিরা শেবে রূপাবচর নিরোধসত্যটীকে পরিত্যাগ করিবে। অনস্তর রূপাবচর সমুদরসত্যের বে সমুদরস্বাদি চারিটী আকার আছে, বিলোমক্রমে তাহাদের একে একে পরিহার-কার্য্য শেষ হইলে আকারী রূপাবচর সমৃদরসত্যটীকে পরিত্যাগ করিবে। এইরূপে রূপাবচর হঃখসত্যের যে হঃখন্বাদি চারিটী আকার আছে, বিলোমক্রমে একে একে তাহাদের পরিহার করিয়া আকারী যে রূপাবচর হঃখসত্য, তাহাকে পরিত্যাগ করিবে।

এইভাবে ষোড়শপ্রকার লইয়া রূপাব্চর সত্যচতুষ্টর পরিহাত হইয়া গেলে প*চাং কামাব্চর মার্গসত্যের যে মার্গত্ব প্রভৃতি চারিটা আকার আছে. বিলোমক্রমে একে একে তাহাদের পরিহার করিয়া আকারী যে কামাবচর মার্গপত্যটী, তাহাকে পরিত্যাগ করিবে। পরে কামাব্চর নিরোধ্সত্যের বে নিরোধন্বাদি চারিটা আকার আছে, বিলোমক্রমে একে একে তাহাদের পরিহার করিয়া আকারী কামাব্চর নিরোধসত্যতীকে পরিত্যাগ করিবে। এক্ষণে কামাব্চর সমুদ্রসত্যের যে সমুদ্রবাদি চারিটা আকার আছে, বিশোষক্রমে একে একে তাহাদের পরিহার করিয়া আকারী যে কামাবচর সমুদরজত্যটী, তাহাকে বিগর্জন দিবে। এইবার কামাবচর তুঃথ-সত্যের যে ত্রংথতাদি চারিটা আকার আছে বিলোমক্রমে তাহাদের অনাত্মত্ব, শৃত্তত্ব ও অনিত্যত্ব এই তিনটীকে পরিত্যাগ করিয়া অবশিষ্ট যে হুঃখত্তরূপ আকারটী আছে, তাহাকে লইয়া কামাবচর হঃখসত্যে অনুভূতিকে সংস্থাপিত করিবে। এই যে সংস্থাপিত অনুভূতিটী, অর্থাৎ কামাবচর হুঃখালম্বন হুঃথত্ব-প্রকারক অরুভূতিটা, ইহাকেই অভিধর্মশাস্ত্রে অধিমাত্রকান্তি নামে অভিহিত করা হইয়াছে। যে স্থান হইতে অপহ্রাস আরম্ভ হইয়াছে তথা হইতে কামাবচর হঃখালম্বন হঃখত্ব ও অনিভাত্ব এই অনুভূতি পর্য্যস্ত যে অনুভূতি ক্ষণগুলি, সেই সমষ্টি বা প্রবন্ধাত্মক অমুভূতিগুলিকে শাস্ত্রে মধ্যক্ষান্তি নামে অভিহিত করা হইয়াছে। অবশিষ্ট যে চতুঃষষ্টিপ্রকারক ত্রৈধাতুক চতুঃসত্যা-লম্বন, অর্থাৎ দ্বাদশ-সত্যালম্বন, অনুভূতিক্ষণগুলি, সমষ্টি বা প্রবন্ধরূপে সেই গুলিকে শাস্ত্রে মৃহক্ষান্তি নামে আখ্যাত করা হইয়াছে। পূর্ব্বোক্ত একক্ষণাত্মক, অর্থাৎ প্রবন্ধ বা সমুদয়ানাত্মক, অধিমাত্রক্ষান্তি হইতেই অগ্রধর্ম্মের উদয় হয়। এই অগ্রধর্মও হঃথত্বমাত্র-প্রকারক এবং কামাবচর-ত্রঃথমাত্রালম্বনই হইবে। স্থাতরাং, ইহাও একফণই হইবে। পূর্ব্বোক্ত অগ্রধর্মের বর্ণনার ইহাকে কামাবচর-তঃখদত্যালম্বন এবং একমাত্র তঃখদ্পপ্রকারক, অন্তভূতিবিশেষ বলা হইরাছে। ইহার তাৎপর্য্য এই নহে যে, সর্বাক্ষেত্রেই ইহা তঃখদ্পপ্রকারক। অগ্রধর্ম যে কামাবচর-তঃখনত্যমাত্রালম্বন এবং একমাত্রপ্রকারক ইহা সর্ব্ববাদি-সম্মত। পরস্ক, ইহাতে তঃখন্বের স্থায় অনিত্যন্ত্র, শৃক্তব্ব বা অনাত্মন্ত্র প্রকার হইতে পারে।

বে ভাগ্যবান্ পুরুষ ক্ষান্তি-ভূমিতে বা অগ্রধর্ম-ভূমিতে আরোহণ করিয়াছেন বৈভাষিকশাস্ত্রে তাঁহাকে যোগাচারী বা যোগাচার সংজ্ঞায় অভিহিত করা ইইরাছে। দৃষ্টিচরিত ও তৃষ্ণাচরিত ভেদে যোগাচারীকে দুইভাগে বিভক্ত করা ইইরাছে। দৃষ্টিচরিত আবার ছুইপ্রকার — আত্মদৃষ্টিচরিত এবং আত্মীয়-দৃষ্টিচরিত। আত্মদৃষ্টিচরিত পুরুষ অগ্রধর্মাবস্থায় কামাবচর ছুঃগসভাকে একমাত্র অনাত্মন্ত্রপ্রকারেই আকারিত করিবেন এবং আত্মীর-দৃষ্টিচরিত ঐ কামাবচর ছঃগসতাকে শ্রুত্বপ্রকারেই আকারিত করিরা জন্তুত্ব করিবেন। ইহাই দৃষ্টিচরিত যোগাচারীর অগ্রধর্মের পরিচয়। তৃষ্ণাচরিত যোগাচারীরাও ছুইভাগে বিভক্ত — অত্মিমানোপহত ও কোসীভাধিক। যিনি অত্মিমানোপহত যোগাচারী তিনি অগ্রধর্মাবস্থার কামাবচর ছঃগসত্যগুলিকে অনিত্যত্বপ্রকারে আকারিত করিয়া অন্তত্ব করিবেন এবং যিনি কোসীভাধিক যোগাচারী তিনি ঐ কামাবচর ছঃগসত্যগুলিকে ছাগত্বপ্রকারে আকারিত করিয়া অগ্রথর্মে অবস্থান করিবেন। কারণ, স্ব স্ব হুষ্ট চরিতের প্রতিপক্ষরণেই অবিকারীভেদে অগ্রধর্মগুলি বিভিন্ন আকারে আকারিত হইনা থাকে।' অধিমাত্রদ্ধান্তিত ও অধিকারভেদে উক্ত ভাবেই আকারের গরিহার বুরিতে

১। স চ যোগাচারো ঘিবিধঃ। দৃষ্টিচরিতঃ তৃঞ্চাচরিত্তক। দৃষ্টিচরিতোইপি দিবিধঃ। আরদ্ধীতিরত আর্থায়দৃষ্টিচরিতক। যো ফারদৃষ্টিচরিতো ভবতি নোইনাথাকারেণ নিয়াসমব-কানতি যথাথ্থীয়দৃষ্টিচরিতঃ স শৃত্যাকারেণ। তৃঞ্চাচরিতোইপি দিবিধঃ। অফিনানোপইতঃ কৌসীতাধিকক। তত্র যোইলিনানোপইতঃ সোইনিত্যাকারেণ নিয়ামনবকানতি যঃকৌসীতাধিকঃ স হঃথাকারেণ। তাত আধিমাত্রা তু ক্ষান্তিঃ একমেব ক্ষণম্। সা ধ্থাপুদ্গল-চরিত্মনিত্যাকারেণ বা হঃথাকারেণ বা শৃত্যাকারেণ বা অনাথ্যাকারেণ বা সম্প্র্তুতি। কোশস্থান ৬, কা ১৮-২০ ক্ষুটার্থা।

হইবে। অগ্রধর্মাবস্থার সত্যাভিসময় রূপ যে দর্শনমার্গ, তাহা সমুখীভূত হইয়া থাকে বলিরাই, অর্থাৎ দর্শনমার্গের সহিত সংশ্লিষ্ট বলিরাই, উহাকে অগ্রধর্ম নামে অভিহিত করা হইয়াছে।

উন্নগত, মূর্দ্ধা, ক্ষান্তি ও অগ্রধর্ম এই চারিটীকে শাস্ত্রে "নির্বেধভাগীর" সংজ্ঞার অভিহিত করা হইরাছে। বৈভাষিক পরিভাষার নির্বেধভাগীর পদটী উক্ত চতুইরের অন্ততমকে ব্ঝার। যশোমিত্র স্ফুটার্থার নির্বেধভাগীর পদটীর নির্মেজ প্রকারে যৌগিক ব্যাখ্যা দিয়াছেন — বিভাগার্থক বিধ্ ধাতুর উক্তর যণ্ প্রভারযোগে বেধ পদটীকে নিপ্সন্ন করিয়া সভ্যাভিসময়রূপ দর্শনকে উহার অর্থ বলিয়াছেন। উক্ত দর্শন বা সভ্যাভিসময়ে ইহা ছংখ, ইহা সমুদ্ম, ইহা নিরোধ এবং ইহা নিরোধগামিনী প্রতিপৎ, অর্থাৎ মার্গ, এইভাবে বিভক্ত হয়়। আর্য্যসত্যগুলি অনুভূত হয়়। স্কভরাৎ, ঐ দর্শন বা সভ্যাভিসময়ই বেধ। বিচিকিৎসা বা সংশ্রের গন্ধমাত্রও ঐ দর্শনে থাকে না। স্কভরাৎ, নিশ্চয়াত্মক বলিয়া উক্ত দর্শনকে নির্বেধ বলা হয়়। উক্ত দর্শনের যে ভাগ, অর্থাৎ একদেশ যে ছংখে ধর্মজ্ঞানক্ষান্তি ও ছংখে ধর্মজ্ঞানরূপ সভ্যাভিসময়ের অবয়বদম্ম, তাহাই নির্বেধভাগ। তাহার আবাহক, অর্থাৎ আকর্ষক, এই অর্থে তদ্ধিত ছ (ঈয়) প্রত্যােরের দ্বারা নির্বেধভাগীর পদটী পরিনিম্পন্ন হইয়াছে। স্কতরাং, উক্ত পদটী উন্নগতাদি চতুইয়কে ব্রাইতেছে,

় উক্ত নির্বেধভাগীর আরূপ্যধাতৃতে নাই। দর্শনমার্গের আকর্ষকরূপে ইহা দর্শনমার্গের পরিবার। তঃখালম্বন বলিরা আরূপ্যধাতৃতে দর্শনমার্গ সম্ভব হয় না। অতএব, দর্শনমার্গের পরিবার বলিরা নির্বেধভাগীরও আরূপ্যধাতৃতে নাই। অনাগম্য বা প্রথম সামস্তক, ধ্যানান্তর বা দ্বিতীয় সামস্তক, প্রথম ধ্যান

১। বিধ বিভাগে ইতি বিস্তরঃ। তন্ত ধাতোরেতদ্ যণি রূপম্। নিশ্চিত ইতি
নিঃশদার্থং দর্শয়তি। কথং পুনর্নিশ্চিতো বেধ ইত্যত আহ তেন বিচিকিৎসাগ্রহাণাৎ নিশ্চিতঃ
সত্যানাঞ্চ বিভাগাৎ ইদং ছঃবময়ং যাবয়ার্গ ইতি। নির্বেধ আর্থামার্গঃ। তন্ত ভাগো দর্শনমার্গৈকদেশঃ তস্যাবাহকত্বেন আকর্ষকত্বেন হিতরাৎ তন্তিন্ হিতমিতি চ। তেন নির্বেধভাগীয়মিতি
ভবতি। কোশস্থান ৬, কা ২১-২৩, ক্টার্থা।

र। न আরপোর নির্বেধভাগীয়মন্তি। দর্শনমার্গপরিবারত্বাভাদভাবঃ। এ।

ষিতীয় ধ্যান, তৃতীর ধ্যান ও চতুর্য ধ্যান, এই যে রূপধাতুর বা লোকের অন্তর্গত ছরটী ভূমি, ইহার উর্ন্নে নির্নেধভাগীর নাই।' উন্নগতাদি চারিপ্রকার নির্নেধ-ভাগীরই কামধাতৃতে হইতে পারে। মনুন্মগণ তিনটা পর্য্যন্ত লাভ করিতে পারে। চতুর্থটা, অর্থাৎ অগ্রধর্মটা, কামধাতৃতে দেবগণই লাভ করিরা থাকেন। মনুন্মের মধ্যেও উত্তরকুকর মনুন্মগণ কোনও নির্নেধভাগীরই লাভ করিতে পারেন না। কারণ, তাঁহাদের ইন্দ্রিরপ্তলি অভিশর মৃহ। চাতৃশ্বাহারাজিক, অরিন্তিংশ, যাম, তুর্বিত, নির্মাণরতি ও পরনিশ্মিত-বশবর্তী এই পাচপ্রকার দেবগণ কামধাতু বা লোকে বাস করেন। কামলোকস্থ পুদ্গলের মধ্যে কেবল ইহারাই চতুর্থ নির্নেধভাগীর যে অগ্রধর্ম্ম, তাহা লাভ করিতে পারেন। কোনও মনুন্ম ইহা লাভ করিতে পারে না। প্রত্যেক নির্মেধভাগীরই সমাধিজ প্রজ্ঞা। নির্মেধভাগীর প্রজ্ঞা শ্রুতমন্ত্রী বা চিন্তামন্ত্রী হইতে পারে না।

উন্নগত, মুর্না ও ক্ষান্তি, এই তিন্টী স্ত্রী ও পুরুষ উভয়েই লাভ করিতে পারেন। নির্কেধভাগীরলাভী পুদ্গল জন্মান্তরে স্ত্রীযোনি লাভ করিলে স্ত্রীআপ্রিতরূপে এবং পুরুষযোনি প্রাপ্ত হইলে পুরুষাপ্রিতরূপেই উক্ত নির্কেধভাগীয়ত্রয় প্রাপ্ত হইরাই নির্কেধভাগীর লাভ করিবেন এবং যিনি পুরুষ ছিলেন
তিনি জন্মান্তরে পুরুষযোনি প্রাপ্ত হইয়াই পুনরার নির্কেধভাগীর লাভ করিবেন,
এমন কোনও নিয়ম নাই। পরস্ত, যিনি ইহজন্মে স্ত্রীযোনি ছিলেন তিনি
আগামী জন্মে পুরুষযোনি প্রাপ্ত হইয়াও পুর্কোক্ত নির্কেধভাগীরতার লাভ
করিতে পারেন। পরস্ত, স্ত্রী বা পুরুষ যে কোনও পুদ্গল ইহ জন্মে চতুর্থ
নির্কেধভাগীর যে অগ্রাবর্ম্ম, তাহা লাভ করিতে পারেন, কিন্তু অগ্রাধর্মলাভী
আগামী জন্ম পুরুষযোনিই প্রাপ্ত ইইবেন, স্ত্রীযোনিতে ভাঁহাকে আর জন্ম
পরিগ্রহ করিতে হয় না। কারণ, অগ্রধর্মলাভী স্ত্রী বা পুরুষ ইহ জন্মে অন্ত্রপত্তি-

১। অনাগম্যকান্তরক ধ্যানানি চ ভূময়োহতেতি। কোশস্থান ৬, কা ২১-২৩, ক্টার্থা।

२। দেবের সন্মুখীভাব ইতি। কামাবচরের চতুর্থং নির্বেধভাগীয়ং দেবেদপি তেখেব চ

ধর্মা বে স্ত্রী-ইন্দ্রির, তাহাতে অপ্রতিসংখ্যানিরোধ প্রাপ্ত হইয়া থাকেন। স্বতরাং, আগামী স্ত্রীযোনি তাঁহার পক্ষে সম্ভব হর না।

আর্য্য-পুদগলেরা কামধাততে নির্ব্বেধহাগীর লাভ করিয়া পশ্চাৎ নানা ধ্যান-ভূমিতে, অর্থাৎ রূপাদি ধাতুগত যে প্রথমগ্যানাদি নানাপ্রকার ভূমি শাস্ত্রে ক্থিত হইরাছে সেই সকল ভূমিতেও, গতায়াতের সামর্থ্য লাভ করিরা থাকেন। এই অবস্থায় তাঁহারা যদি প্রথমধ্যানভূমিক নির্বেধভাগীয় প্রাপ্ত হইয়া পরে দিতীয় ধ্যানভূমিতে সঞ্চার করেন, তাহা হইলে উক্ত আর্য্য-পুদ্রগলগণ প্রথম-ধ্যানভূমিক যে পূর্ব্বলব্ধ নির্ব্বেধভাগীয়, তাহাও পরিত্যাগ করিয়া থাকেন। এই-প্রকার দ্বিতীরধ্যানভূমিক নির্বেধভাগীয়লাভী তৃতীয় ধ্যানভূমিতে সঞ্চারকালে পূর্বলব্ধ যে দ্বিতীয়ধ্যানভূমিক নির্বেধভাগীয়, তাহাও পরিত্যাগ করিয়া থাকেন। অ্যান্ত উৰ্দ্ধভূমি সঞ্চারেও পূর্ব্বপূর্বভূমিক নির্বেধভাগীয়ের পরিত্যাগ ব্ঝিতে হইবে। ইহাতে আর্য্য-পুদ্গলের মৃত্যু বা দেহপরিবর্ত্তন আবশুক হয় নাং। কিন্তু, পৃথগ্-জন মৃত্যুব্যতিরেকে লব্ধ নির্কেধভাগীয়ের পরিত্যাগ করিতে পারেন না। যদিও আর্য্য-পুদ্গলের স্থায়ই পৃথগ্-জনও নির্বেধভাগীয় লাভ করিয়া উর্ব উদ্ধ ভূমিতে সঞ্চরণ করিতে সমর্থ হন, তথাপি তিনি কেবল ভূমিসঞ্চারের দারাই পূর্বলন্ধ নির্বেধভাগীয়ের পরিত্যাগ করিতে পারেন না। পরন্ত, যে দেহ অবলম্বনে লাভ করিয়াছিলেন সেই দেহ পরিত্যাগ করিয়াই সেই নির্ফেবভাগীয় পরিত্যাগ করিতে পারেন[®]। ইহাতে এই সিদ্ধান্তই আমরা ব্ঝিতেছি যে, নির্বেধভাগীয়-লাভী পৃথগ্-জ্বন দেবাদি-গতি লাভ করিতে পারেন, কিন্তু, সেই দেবভূত পৃথগ্-জন আর নির্বেধভাগীয় লাভ করিতে পারেন না। আরও, যদি নির্বেধভাগীয়-

১। শ্রীত্বন্তাপ্রতিসংখ্যানিরোধলাভাদিতি। যোহি অগ্রধর্মানুৎপাদয়তি সোহবয়্তমনস্তরং
দর্শনমার্গম্ৎপাদয়েৎ ন চ দৃষ্টসতায় পুনঃ শ্রীত্প্রাত্রভাব ইতি সিদ্ধান্তঃ। কোশস্থান ৬, কা ২১–২০,
ফুটার্থা।

২। यह ्यिकानि নির্বেধভাগীয়ানি প্রতিলক্ষানি প্রথমধানভূমিকানি যাবজতুর্থধানভূমিকানি তাং ভূমিং তাজন্ প্রথমং ধ্যানং যাবজতুর্থং ধ্যানং তাজন্ আর্যাঃ তানি অণি যথাসং
প্রথমধ্যানভূমিকানি যাবজতুর্থধানভূমিকানি তাজতি। নাগ্রথান মৃত্যুনা পরিহাণ্যা বা। এ।

গৃথগ্জনন্ত নিকায়য়ভাবত্যাগেনৈব তাজতি নির্বেধভাগীয়ানি সত্যসতি বা ভূমিন
সঞ্চারে। ঐ।

লাভী পৃথগ্-জ্বন স্বজন্মভূমি কামধাতুতে বীতরাগ না হইরা থাকেন, তাহা হইলে মৃত্যুর পরে তাঁহার উর্দ্ধ ভূমিতে জন্ম হইবে না, পরন্ত, পুনরার কামধাতুতেই তিনি জন্ম পরিগ্রহ করিবেন।

এম্বলে একটী কথা অবশ্রুই জিজ্ঞান্ত হইবে যে, কামধাতুর স্থার রূপাদি ধাতুতে অবস্থিত ব্রহ্মকায়িকাদি দেবগণ নির্বেধভাগীয় লাভ করিতে পারেন কি না? পূর্বে নির্বেধভাগীয়ের ভূমি বর্ণনায় আমরা আচার্য্য বস্তুবন্ধুর মতামুলারে অনাগম্য, ধ্যানান্তর এবং প্রথমাদি ধ্যানভূমিগুলিকেই নির্বেধভাগীয়ের ভূমি বলিরাছি এবং কামগাতুর তায় ঐ সকল ভূমিস্থ ব্রহ্মকারিকাদি দেবগণও নির্বেধভাগীয় লাভ করিতে পারেন বলিয়াই মনে করিয়াছি। আচার্য্য <mark>বস্থমিত্রও দেবলোকে নির্বে</mark>ধভাগীয়-প্রাপ্তি হয় বলিয়া স্বীকার করিয়াছেন। কারণ, তিনি পৃথগ্-জনের নির্ব্বেধভাগীয়ের কি ভাবে পরিত্যাগ হইরা থাকে, তাহা প্রতিপাদন করিতে গিয়া বলিয়াছেন যে, ব্রহ্মকায়িক দেবলোকস্থ পৃথগ্-জন নির্ব্বেধভাগীয় লাভ করিয়া যদি পুনর্বার ব্রহ্মপুরোহিত দেবলোকে জন্মগ্রহণ করেন, তাহা হইলে তিনি পূর্ব্ব শরীরের পরিত্যাগের ফলেই ঐ শরীরলব্ধ যে নির্বেধভাগীর তাহা পরিত্যাগ করিবেন এবং দ্বিতীয় ধ্যানভূমিতে জন্ম পরিগ্রহ করিলে পূর্ব ভূমি ও পূর্বে শরীর এই ছইটীর পরিহারের ফলেই পূর্বেশরীরলক <mark>নির্ব্বেধতা</mark>গীয়ের পরিত্যাগ করিবেন। স্ততরাং, বস্থমিত্রের কথার দারাও আমরা ইহাই ব্ঝিতে পারিতেছি যে, দেবলোকেও, অর্থাৎ রূপধাতুস্থ প্রথমাদি ধ্যান-ভূমিরূপ দেবলোকেও, তৎস্থ পুদ্গলগণ নির্কেধভাগীয় লাভ করিয়া থাকেন, অর্থাৎ ঐ সকল লোকেও নির্বেধভাগীয় আছে°।

১। তথাহি পৃথগ্জনো যদুমিকনির্বেধভাগীয়লাভী ভবতি, তত উদ্ধামুংপদ্যমানঃ তানি ভূমিনঞ্চারেংপি মৃত্যুনৈব তাজতি। অবীতরাগ্র্মতি ভূমিসঞ্চারে মৃত্যুনৈব তাজতি, কামধাতা-বেবেংপদ্যতে। কোশস্থান ৬, কা ২১-২৬, ক্ষুটার্থা।

ব অনাগম্যকান্তরক ধ্যানভূমিক ভূময়োহত্তেতি। নোর্কৃন্।
 ন অরিপার্ নির্কেধভাগীয়মন্তি। ঐ।

ত। পৃধন্জনন্ত নিকায়নভাগত্যাগেনৈব ত্যজতি। নত্যসতি বা ভূমিদঞার ইতি।
সকলং ধানমত্র ভূমিগ্রহণেন গৃহতে, তত্র পৃথন্জনো যদা ব্রহ্মকায়িকেভ্যন্ত্রা ব্রহ্মপুরোহিতেয্পপদ্ধতে তদা নিকায়নভাগত্যাগেন ত্যজতি। যদা তু প্রথমাদ্যানাচ্যুত্রা দিতীয় উপপদ্ধতে
তদা ভূমিত্যাগনিকায়নভাগত্যাগাভ্যামিতি। ঐ।

কিন্ত, স্ফুটার্থাকার যশোমিত্র কামধাতু ভিন্ন অন্ত লোকে নির্বেধভাগীয় নাই বলিয়াছেন । এবং নিজমত সমর্থন করিতে গিয়া তিনি বলিয়াছেন যে, ভদস্ত ঘোষকও দেবাদি অন্তলোকে নির্বেধভাগীয় স্বীকার করেন না। কারণ, ভদস্ত ঘোষক বলিয়াছেন যে, ভূমিত্যাগের দ্বারা পৃথগ-জ্বন নির্বেধভাগীয় পরিত্যাগ করেন না, একমাত্র মৃত্যুর দ্বারাই তাঁহারা পূর্বেলব্ধ নির্বেধভাগীয়ের পরিত্যাগ করিয়া থাকেন ।

কিন্তু, এইপ্রকার মতভেদ থাকিলেও আমরা রূপধাতুতেও, অর্থাৎ দেব-লোকেও, নির্কেধভাগীয়ের উৎপত্তি স্বীকার করিব। কারণ, বস্থবন্ধু স্বয়ং অভিধর্মকোশ ও তাহার ভায়ে ধ্যানান্তর প্রভৃতি ভূমিতে নির্কেধভাগীয় স্বীকার করিয়াছেন। কামধাতুগত ছংখকে আলম্বন করিয়াই নির্কেধভাগীয়ের আরম্ভ এবং কামধাতুগত ছংখালম্বনত্বই উহার পরিসমাপ্তি। এজ্ঞা, ধ্যানান্তরভূমিক নির্কেধভাগীয় পদের 'ধ্যানান্তরগত ছংখাতালম্বন প্রজ্ঞা' অর্থ হইতে পারে না। কারণ, রূপধাতুগত তৃতীয় লোকটাকেই শাস্ত্রে ধ্যানান্তর বা দ্বিতীয় সামন্তক নামে অভিহিত করা হইয়াছে। রূপধাতুগত ছংখকে আলম্বন করিয়া নির্কেধভাগীয়ের প্রারম্ভ হইতে পারে না। অতএব, ধ্যানান্তরভূমিক নির্কেধভাগীয় বলিতে ধ্যানান্তরগত পুদ্গলাপ্রিত যে কামাবচর ছংখাতালম্বন প্রজ্ঞাবিশেষ, তাহাকেই বৃথিতে হইবে।

উন্নগত, মুর্না, ক্ষান্তি ও অগ্রধর্ম, এই চারিটী নির্কেধভাগীরের মধ্যে প্রথম হুইটী, অর্থাৎ উন্নগত ও মুর্না, এই হুইটী সচল, অবশিষ্ট হুইটী অচল। পৃথগ্-জ্বন প্রথম হুইটী হুইতেও নিম্ন যোনিতে পতিত হুইতে পারে। পৃথগ্-জ্বনের পক্ষেপ্রথম হুইটীর পরিহাণি হুইতে পারে। দোবনিবন্ধন যে পরিভাগে ভাহাকে

>। তদযুক্তম্ ব্রন্ধলোকোপপন্নানাং নির্ক্ষেতাগীয়াভাবাৎ, কামধাতো হি নির্ক্ষেতাগীয়ানি উৎপদ্যন্তে। কোশস্থান ৬, কা ২১-২৩, ক্ষ্টার্থা।

২। আচার্য্য সক্ষতভদ্রেণাণি দর্শিতমেতং। নমু চ পৃথগ্জনোইপি যদ্ভূমিকনির্কেধভাগীয়লাভী ভবতি তত উর্দ্ধ সুপপজ্ঞানঃ নির্কেধভাগীয়ানি বিজ্ঞাদিতি। নাজ্যেতং। নিকায়সভাগত্যাগাদেব ত্যক্তথাং। মরণভবাবস্থিতো হি তানি তাজতি। অন্তর্মাভবস্থিতেন তু ত্যক্তানি
অত উন্ধ্পপজ্যমানত তন্নান্তি যদ্ বিজ্ঞাদিতি। ঐ।

৩। আদিমৌ দ্বৌ চলো অতএব হৃদু…। কোশস্থান ৬, কা २०, রাহুলকৃত ব্যাথা।

পরিহাণি বলা হয়।' ধ্যানশক্তির অপটুতাদিরূপ দোষ হইতেই পৃথগ্-জন উন্থাত ও মুর্দ্ধাকে লাভ করিয়াও হারাইয়া ফেলিতে পারেন। কিন্তু, অবশিষ্টের অর্থাৎ ক্ষান্তি ও অগ্রধর্মের, যিনি একবার অধিকারী হন, তিনি আর পতিত হন না। বিশেষতঃ, অগ্রধর্মলাভীর পৃথগ্-জনত্ব বিহীন হইয়া বায়। অগ্রধর্মের ফলে অতীত ও উৎপত্তিধর্মা যে পৃথগ্-জনত্ব, তাহার "বিহানি" হইয়া য়ায় এবং অন্তংপত্তিধর্মা যে পৃথগ্-জনত্ব, তৎসম্বন্ধে অপ্রতিসংখ্যানিরোধের প্রাপ্তি হয়। স্বতরাং, অগ্রধর্মলাভীর আর পৃথগ্-জনত্ব থাকিতে পারে না। দোষব্যতিরেকে যে পরিহার, তাহাকে শাস্ত্রে বিহানি নামে পরিভাষিত করা হইয়াছে। এই যে অগ্রধর্মলাভের ফলে অতীত উৎপত্তিধর্মা পৃথগ্-জনত্বের পরিহার হইল, ইহা পৃথগ্-জনত্বের পরিহানি নহে, পরস্তু, ইহা পৃথগ্-জনত্বের বিহানি। স্বতরাং, অগ্রধর্মলাভী পুদ্গলকে আমরা আর অভিধর্মান্ত্রসারে পৃথগ্-জন বিহানি। স্বতরাং, অগ্রধর্মলাভী পুদ্গলকে আমরা আর অভিধর্মান্ত্রসারে পৃথগ্-জন বিলতে পারি না। কিন্তু, আর্য্য-পুদ্গল উন্মগত বা মুদ্ধা লাভ করিলেই আর পতিত হন না।

কেহ কেহ পৃথগ্-জনত্বের বিহানি-বিষয়ে এইপ্রকার মত পোষণ করিতেন যে, অগ্রধর্মের দ্বারা পৃথগ্-জনত্বের বিহানি হর না। কারণ, যে, পৃথগ্-জনত্ব দশার অগ্রধর্ম লব্ধ হয়, সেই পৃথগ্-জনত্বের অগ্রধর্ম বিঘাতক হইতে পারে না। একত্রাবস্থান-হেতু উক্ত উভর, অর্থাৎ পৃথগ্-জনত্ব ও অগ্রধর্ম, ইহারা পরস্পর বিরুদ্ধ নহে। পৃথগ্-জন বথন অগ্রধর্ম লাভ করেন, তথন অনাগতাবস্থায় ধর্মজ্ঞানক্ষান্তি পৃথগ্-জনের সন্মুখীভূত থাকে। ঐ যে অনাগতাবস্থ বা অন্তৎপত্তিধর্মা ধর্মজ্ঞানক্ষান্তি, তাহাই পুদ্গলের পৃথগ্-জনত্বের বিঘটন করাইয়া থাকে। আচার্য্য বস্ত্ববন্ধ এই মত স্বীকার করেন নাই। তিনি অগ্রধর্মকেও পৃথগ্-জনত্বের বিঘটক বলিয়ামন করিতেন। একত্রাবস্থিত হইয়াও যে একে অপরের বিরোধ করে, তাহা প্রতিপাদন করিতে গিয়া তিনি বলিয়াছেন যে, যেমন স্থচতুর কোনও শক্ত নিজ-

১। পরিহাণিত্ত দোষকৃতা। ক্লেশকৃতা ইত্যর্থঃ। কোশস্থান ৬, কা ২১-২৩, ক্ফুটার্থা।

২। লৌকিকৈরএধর্মেরিত্যপরে ইতি। পৃথগ্জনতং ব্যাবর্ততে ইতি প্রকৃতম্। ঐ।

৩। নাবগুং বিহানিরিতি। সাহি গুণকুতাপি ভবতি ন কেবলং দোধকুতা। ঐ।

৪। ন তদ্ধরাদিতি। ন যুক্তমেতলৌকিকৈরগ্রধর্মেন্ত ব্যাবর্ত্তন ইতি। কম্মাৎ?
তেহপি হি পৃথগ্জনধর্মাঃ। কথং পৃথগ্জন বর্মান্ত পৃথগ্জনধর্মং ব্যাবর্ত্তিব্যস্তে ইতি। ঐ।

শক্রর স্বন্ধে আরোহণ করিয়াই আপন শক্রর বিনিপাত করে, তেমন অগ্রধর্মও পৃথগ্ জনে থাকিরাই পৃথগ্-জনত্বের বিঘাত করে।

কেই কেই আবার এইপ্রকার মতও পোষণ করিতেন বে, অগ্রধর্ম ও অন্তংগত্তিধর্ম। ধর্মজ্ঞানক্ষান্তি এই তুইটা মিলিরাই পৃথগ্-জনত্বের বিঘাতন করে। লৌকিক অগ্রধর্ম পৃথগ্-জনত্বের নিফাসন করে, আর ধর্মজ্ঞানক্ষান্তি অন্ত পৃথগ্-জনত্বের প্রাপ্তিতে বাধা দেয়। যেমন আনস্তর্য্যমার্গের দ্বারা ক্লেশটোর নিফাসিত হয় এবং বিমৃক্তি মার্গের দ্বারা নিরোধ-কপাট পিহিত হয়।

এই যে নির্কেধভাগীয়ের কথা বলা হইল, ইহার পূর্কেই মোক্ষভাগীয়ের লাভ হইয়া থাকে। ক্রতময় ও চিস্তাময় প্রজ্ঞা, এবং কায়িক, বাচিক ও মানসিক শুভ কর্মগুলিকে শাস্ত্রে মোক্ষভাগীয় বলা হইয়াছে। মাক্ষভাগ পদটার অর্থ হইল মোক্ষপ্রাপ্তি। ঐ মোক্ষপ্রাপ্তিতে সহায়ক যে প্রজ্ঞা বা কর্ম, তাহাকে শাস্ত্রে মোক্ষভাগীয় নামে অভিহিত করা হইয়াছে। মিনি মোক্ষভাগীয় লাভ করিয়াছেন, সর্কাধিক তিন জন্মে তাঁহার মোক্ষলাভ হইয়া থাকে। প্রথম জন্মে মোক্ষভাগীয়প্রাপ্তি, দ্বিতীয় জন্মে নির্কেধভাগীয়প্রাপ্তি, এবং তৃতীয় জন্ম অনাম্রব বা দৃষ্টিমার্নের প্রাপ্তিতে মোক্ষলাভ হইবেই। কেহ কেহ দ্বিতীয় জন্মেই নির্কেধভাগীয় এবং আর্য্যমার্গ বা দর্শনমার্গ লাভ করিয়া মোক্ষের অধিকারী হইয়া থাকেন। অগ্রধর্মলাভীর আর্য্যমার্গ সম্মুখীভূতই হইয়া থাকে। স্মৃতরাং, অগ্রধর্ম্মলাভীর সেই জন্মেই মুক্তি লক্ষপ্রায় থাকে।

^{&#}x27; ১। ত্রিরোধিস্বাদদোধঃ। অগ্রধর্মাণাং পৃথগ্জনস্ববিরোধিস্বাদদোধ এষঃ। কিং যথেতাহি, শক্রস্কারত্তদ্যতিনবদিতি। যথা শক্রস্কারত এব কশ্চিৎ শক্রং ঘাতরেৎ এবং কিলাগ্রধর্মাঃ পৃথগ্জনস্বশক্রস্কারতান্তদেব পৃথগ্জনস্বং ঘাতরেয়্রিতি। কোশস্থান ৬, কা ২১-২৩ স্ফুটার্থা।

২। যথা স্থানন্তর্গমার্গেণ ক্লেশঃ প্রহীয়তে, বিমুক্তিমার্গেণ প্রহীশঃ, এবং লৌকিকৈর এই প্রিণ্ডলবং বিহীয়তে ক্লান্ত্যা বিহীনমিতি। কোশস্থান ৬, কা ২৭-২৯, স্কুটার্থা।

৩। তংপূর্বং মোক্ষতাগীয়ং কিপ্রং মোক্ষপ্রিভির্তবিঃ। কোশস্থান ৬, কা ২৪। শ্রুতিন্তি।ময়ং কর্মুত্রয়মান্ধিপাতে নৃর্। ঐ, কা ২৫।

৪। মোক্ষ্য ভাগঃ প্রাপ্তিঃ মোক্ষভাগঃ তদ্মিন্ হিতং মোক্ষভাগীয়ন্। ঐ, কা ২৬, ক্ষুটার্থা।

৫। যঃ ক্ষিপ্র: মোক্ষং প্রাপ্নোতি স একস্মিন্ জন্মনি মোক্ষতাগীয়মূৎপাদয়েৎ, দ্বিতীয়ে নির্কেধভাগীয়ানি তৃতীয়ে আাগ্রমার্গ ইতি! ঐ ।

৬। যন্ত পূর্বস্থিন জননি সন্ত্তমোক্ষভাগীয়ো ভবতি স একস্মিন্নপি জন্মনি নির্ক্ত্ব-জ্যীয়ানি আর্থ্যমার্গকোৎপাদয়তীত্যবগন্তব্যম্। ঐ।

এই যে আমরা অগ্রধর্ম পর্য্যন্ত নির্বেধভাগীরের বর্ণনা করিলাম, ইহাও শাস্ত্রবই। ইহার দ্বারা সমুখীভাবপ্রাপ্ত যে আর্য্য বা দর্শনমার্গ, তাহাই মার্গসত্য।

অনাস্ত্রব মার্গকেই শাস্ত্রে সত্যাভিদমর নামে আ্থ্যাত করা হইয়াছে।

উক্ত আর্য্যমার্গ বা দর্শনমার্গকে হুইভাগে বিভক্ত করা হইরাছে — ফান্তি ও দর্শন। এই উভর তত্ত্বরূপে প্রজ্ঞাস্বভাব হইলেও, কান্তিতে বিচিকিৎসার লেশ থাকে এবং দর্শন সর্ব্বথা নিব্বিচিকিৎস বলিয়াই দর্শনমার্গকে হুই ভাগে বিভক্ত করা হইনাছে। ধর্মকান্তি ও অন্বয়ক্ষান্তি ভেদে কান্তি মাবার হুই ভাগে বিভক্ত এবং ধর্মজ্ঞান ও অন্বয়জ্ঞান ভেদে দর্শনকেও শাস্ত্রে দিধা বিভক্ত করা হইয়াছে। ধর্মকান্তি ও অন্বরকান্তি এই দ্বিবিধ কান্তিকে বলা হইরাছে "আনন্তর্য্য-মার্গ" এবং ধর্মজ্ঞান ও অয়য়জ্ঞান এই দ্বিবিধ জ্ঞানকে বলা হইয়াছে "বিমুক্তি-মার্গ"। স্বতরাং, দর্শনমার্গ বলিতে ক্ষান্তি ও জ্ঞান এই সমুদরকে অণবা আনন্তর্য্য ও বিমুক্তি এই দ্বিবিধ মার্গের সমুদরকে ব্ঝাইবে। ফাস্তিরয়ের সম্পূর্ণ নাম হইবে ধর্মজ্ঞানক্ষান্তি ও অন্বরজ্ঞানকান্তি। সংক্ষেপানুরোধেই আমরা ধর্মকান্তি ও অন্বয়ক্ষান্তি এইপ্রকার নাম দিলাম। যে স্বিচিকিৎস প্রজ্ঞার ফল-স্বরূপে নির্বিকিচিকিৎস-প্রজ্ঞারপ ধর্মজ্ঞান বা অব্যক্তান সমুৎপর হয়, সেই সবিচিকিৎস এজ্ঞাকে যথাক্রমে ধর্মজ্ঞানক্ষান্তি বা অন্বরজ্ঞানক্ষান্তি নামে শাস্ত্রে অভিহিত করা হইরাছে। কামধাতুগত হংথাদি সত্যকে আলম্বন করিয়া যে প্রজ্ঞাগুলি সমুৎপন্ন হইয়া থাকে, তাহাদিগের মধ্যে বাহা স্বিচিকিৎস তাহার নাম ধর্মজ্ঞানক্ষান্তি : এবং বাহা নিবিবচিকিৎস তাহার নাম ধর্মজ্ঞান। এইপ্রকার রূপ ও আরূপ্যাবচর দুঃখাদি সত্যগুলিকে আলম্বন করিয়া যে প্রজ্ঞাগুলি হইরা থাকে, তাহাদের মধ্যে যাহা স্বিচিকিৎস, তাহার নাম অন্বয়জ্ঞানকান্তি এবং যাহা নিব্বিচিকিৎস তাহার নাম অব্যক্তান। উক্ত প্রকারেই প্রশ্বজ্ঞানকান্তি, ধর্মজ্ঞান এবং অব্যুজ্ঞানকান্তি, অব্যুজ্ঞান ইহাদের ভেদ বুঝিতে হইবে।

কামবাতুগত বে হঃখ, সমুদর, নিরোধ ও মার্গ, এই চারিটী আর্য্যসত্য আছে, তাহাদের প্রত্যেকটী ধর্মজ্ঞানক্ষান্তি ও ধর্মজ্ঞান-ভেদে, অর্থাৎ কামধাতুগত হঃখ-

১। তত্র হি ছঃথে ধর্মজ্ঞানকান্তিঃ সবিচিকিৎদৈব বর্ত্ততে বিচিকিৎদায়া অপ্রহীণরাৎ ন চ তত্র ছঃথেংখয়জ্ঞানকান্তিঃ প্রহীণবিচিকিৎদেতি শক্যতে ব্যবস্থাপয়িতুমতদ্বিষয়ত্বাৎ। কোশস্থান ৬, কা ৩০, স্ফুটার্থা।

সত্যে ধর্মজ্ঞানক্ষান্তি ও ধর্মজ্ঞান, সমুদয়নত্যে ধর্মজ্ঞানক্ষান্তি ও ধর্মজ্ঞান,
নিরোধনত্যে ধর্মজ্ঞানক্ষান্তি ও ধর্মজ্ঞান এবং কামধাতুগত মার্গনত্যে ধর্মজ্ঞানফান্তি ও ধর্মজ্ঞান, সর্বানমেত ক্ষান্তি ও জ্ঞান (কামধাতুগত সত্যবিষয়ক) আটটী।
রূপ ও আরুপ্যাব্চর তৃঃখনত্যবিষয়ক অয়য়্য়্ঞানক্ষান্তি ও অয়য়্য়্ঞানক্ষান্তি ও
অয়য়্য়্রানক্ষান্তি ও অয়য়য়্য়ানকান্তি ও
অয়য়য়্য়ান এবং রূপ ও আরুপ্যাব্চর বে মার্গসত্য, তদালম্বন অয়য়য়্য়ান, সর্বাসমেত
ক্ষান্তি ও জ্ঞান (রূপ ও আরুপ্যা এই উভয় ধাতুগত সত্যবিষয়ক) আটটী।
ত্রৈধাতুক সত্যালম্বনে ঐ ক্ষান্তি ও জ্ঞান সর্বাসমেত ধোলটী হইল। এই কারণেই
সত্যাভিসয়য়্মকে শাস্ত্রে বোড়শক্ষণ বলা হইয়াছে।

ফল কথা এই বে, অগ্রধর্মলাভীর প্রথমতঃ ধর্মজ্ঞানক্ষান্তিরূপ, অর্থাৎ কামধাত্রত ছঃখালম্বনে ছঃখন্তাদি চতুর্বিব ক্রপে একটা প্রজ্ঞা আসিরা উপস্থিত হয়। এই প্রজ্ঞাতে ছঃখন্তাদি চতুর্বিব প্রকারেই কামাবচর ছঃখনতা সাক্ষাৎকৃত হইরা থাকে। সত্য-গ্রহণক্ষমতা ইহাতে বিগ্রমান আছে, এই কারণেই ইহাকে ক্ষান্তি নামে অভিহিত করা হইরাছে। সত্যগ্রহণক্ষম হইলেও এই প্রজ্ঞাটী সর্বাথা নির্বিচিকিৎস নহে বলিয়াই ইহাকে জ্ঞান নামে অভিহিত করা হয় নাই। বাহা সর্বাথা বিচিকিৎসারহিত, শাস্ত্রে তাহাকেই জ্ঞান নামে অভিহিত করা হইরাছে। পর পর ক্ষেত্রেও ক্ষান্তি এবং জ্ঞানের এই বৈলক্ষণাটি মৃনে রাখিতে হইবে। এই যে ধর্মজ্ঞানক্ষান্তি, ইহার পরে কামাবচর ছঃখালম্বনে ছঃখন্তাদি আকারচতুষ্ট্র লইরা একটী নির্বিচিকিৎস প্রজ্ঞা উৎপন্ন হয়। ইহাকেই শাস্ত্রে ধর্মজ্ঞান নামে অভিহিত করা হইরাছে। যদিও ক্ষান্তির হারা দৃষ্ট যে সত্য, তৎসম্বন্ধেই পরে প্রজ্ঞারপ জ্ঞান উৎপন্ন হইরা থাকে, এবং ইহা পূর্বাদৃষ্ট সত্যেরই পুনর্দ্দর্শন, তথাপি নির্বিচিকিৎস বলিয়া জ্ঞানগুলি ক্ষান্তি অপেক্ষা অধিক ক্ষমতাশালী। পরবর্তী জ্ঞানগুল পূর্ব্ব পূর্ববর্তী ক্ষান্তির নিঃশুন্দ-কল। ক্ষান্তিগুলি জ্ঞানের প্রতি সভাগ-হেতু এবং সমনন্তর-প্রত্যের হইবে।

এইভাবে কামাবচর হুংখালম্বনে ধর্মজ্ঞান হইয়া গেলে যোগীর অন্বয়জ্ঞান-ফান্তি সমুথাভূত হয়। তথন তিনি প্রয়োগমার্গের আশ্রয়ে অন্বয়জ্ঞানক্ষান্তি লাভ করেন। ইহাতে রূপ এবং আরূপ্য-ধাতুগত যে হুংখ, তাহা একসঙ্গে আলম্বিত হইয়া থাকে এবং ইহা উক্ত হুংখ সম্বন্ধে হুংখত্বাদি আকারচভূষ্ট্য লইরাই

সমুৎপন হইনা থাকে। এই অব্যক্তানকান্তি পূর্কোক্ত কান্তির ভারই সবিচিকিৎস। ইহার নিঃস্তন্দ-ফলরূপে যে রূপ এবং আরুপ্যাবচর তৃঃথ-সত্যাবলম্বনে হঃখন্ব প্রভৃতি প্রকারচতুষ্টয়ে নির্ব্বিচিকিৎস প্রজ্ঞা সম্ৎপন্ন হয়, তাহাকে শাস্ত্রে অবঃজ্ঞান নামে অভিহিত কর। হইয়াছে। এই যে ধর্মজ্ঞান ও অবরজ্ঞান, ইহার দ্বারা যোগী নিরবশেষে তুঃখ-সত্যকে সাফাৎভাবে সর্ব্বপ্রকারে জানিতে পারেন। এক্ষণে, হঃখসত্য সম্পর্কে তাঁহার আর জানিবার কিছু থাকিল না। এই অবস্থার যোগীর সমৃদর সম্পার্কে ধর্মজ্ঞানকান্তি সমুথস্থ হয়। কামধাতুগত সমুদরালম্বনে সমুদর্যন, প্রভবন্ন, হেতুত্ব ও প্রত্যয়ত্ব এই প্রকার-চতুষ্টর লইয়া যে সবিচিকিংস প্রজ্ঞাবিশেষ সমুৎপন্ন হয়, ভাহাকে শাস্ত্রে সমুদর-ধর্মজ্ঞানক্ষান্তি নামে আখ্যাত করা হইয়াছে। এই ক্ষান্তি বা প্রজ্ঞার নিঃশুন্দ-ফলরূপে প্রাপ্ত বে কামাবচর সম্দরালম্বনে সম্দর্জাদি প্রকারচতুইয়ের নির্কিচিকিৎস প্রজ্ঞাবিশেব, শাস্ত্রে তাহাকে সমুদয়-ধর্মজ্ঞান সংজ্ঞায় অভিহিত করা হইরাছে। এই অবস্থার যোগীর সমুদয়-মন্বরজ্ঞানফান্তি সমুখস্থ থাকে। স্কুতরাং, তিনি প্রয়োগের ছারা, অর্থাৎ ধ্যানাবলম্বনে, সমুদয়-অন্বয়ক্ষাস্তি লাভ করিয়া থাকেন। ইহাতে রূপ এবং আরূপ্যধাতুগত যে সমুদয়-সকল, তাহা ষুগপৎ আলম্বন হইয়া থাকে এবং পূর্ব্বের যে সমুদয়ত্ব প্রভবত্বাদি প্রকারচতুষ্টয়, তাহাও বিশেষণক্ষপে প্রকাশমান থাকে। ইহার নি:শুন্দ-ফলক্ষপে যোগী ষে রূপ ও আরূপ্যাবচর সমুদয় বিষয়ে পুর্বে।ক্ত প্রকারে নির্বিচিকিৎস প্রজ্ঞাবিশেষ প্রাপ্ত হন, তাহাকে শাস্ত্রে সমুদরাব্যক্তান নামে অভিহিত করা হইয়া থাকে। এইবারে বোগী নিরবশেষে সমুদর্গত্যের প্রজ্ঞাতা বা বিজ্ঞাতা হইলেন, সমুদর-সত্যের তত্ত্ব এইবারে যোগীর নিকট নিঃসন্দিগ্মভাবে সাক্ষাৎ প্রতিভাত হইল। <mark>এই অবস্তার যোগীর পক্ষে কামাবচর নিরোধসত্যে ধর্মজ্ঞানফান্তি সমুখস্থ হয়।</mark> তিনি প্রয়োগমার্গের আশ্রয়ে উক্ত সত্যে ধর্মজ্ঞানক্ষান্তি লাভ করেন। এই ক্ষান্তিতে কেবর্ল কামাব্দর নিরোধসতাই নিরোধত্ব, শান্তত্ব, প্রণীতত্ব ও নিঃসর্ণত্বরূপ প্রকারচতু<mark>ইরে প্রতিভাত হইতে থাকে।</mark> ক্ষাস্তি ব্লিয়া ইহাও স্বিচিকিৎস্<mark>ই</mark> হয়। ইহার নিঃশুন্দ-ফলরূপে যোগী যে কামাব্চর সমুদয়সত্যা<mark>দ্রখনে</mark> পূর্ব্বোক্তাকারে নির্কিচিকিৎস প্রজ্ঞাবিশেষ প্রাপ্ত হইয়া থাকেন, তাহাকে শাস্ত্রে সমুদ্য়ধর্মজ্ঞান নামে অভিহিত করা হইয়াছে। এখনও যোগী রূপ ও

আরূপ্যাব্চর সমুদর্গত্যে অভিজ্ঞ হইতে পারেন নাই। স্কুতরাং, ঐ সত্য সম্বন্ধে বিজ্ঞাতা হইবার নিমিত্ত যোগী প্রারোগমার্গের আশ্রন্ধুলইয়া থাকেন। ফলে তিনি রূপ ও আরপ্যাব্চর নিরোধসত্যে অন্বয়জ্ঞানক্ষান্তি প্রাপ্ত হন। এই যে ক্ষান্তি, ইহাতে পূর্ব্বোক্ত নিরোধন্বাদি প্রকারচতুষ্টরে একসঙ্গে রূপ ও আরূপ্যধাতুগত নিরোধসত্যগুলি প্রকাশ পাইতে থাকে। ক্ষান্তি বলিয়া ইহা নিবিবিচিকিৎস নহে। এই যে নিরোধে অন্বরজ্ঞানক্ষান্তি, ইহার নিঃশুন্দ-ফল-ক্রপে যোগী যে নির্ব্বিচিকিৎস প্রজ্ঞা লাভ করেন, শাস্ত্রে তাহাকে নিরোধান্বয়-জ্ঞান নামে অভিহিত করা হইন্নাছে। এইবার বোগী নিরবশেষে নিরোধ-সত্যের বিজ্ঞাত। হইলেন। এই অবস্থায় যোগীর কামাবচর মার্গ সম্বন্ধে ধর্মজ্ঞান-ক্ষান্তি সম্মূথস্থ থাকে। স্নতরাং, প্রয়োগমার্গের অধীনে থাকিয়া ধ্যানাবলম্বনে যোগী উক্ত ধর্মজ্ঞানক্ষান্তি প্রাপ্ত হইয়া থাকেন। ইহা সবিচিকিৎস হইলেও ইহাতে কামাবচর মার্গসত্য মার্গস্ব, স্থারত্ব, প্রতিপত্তিত্ব ও নৈর্য্যাণিকত্ব, এই প্রকারচতুষ্টরাকারে প্রকাশ পাইতে থাকে। এই ক্ষান্তির নি:শুন্দ-ফলরূপে যোগী যে নির্বিচিকিৎস প্রজ্ঞা লাভ করেন শাস্ত্রে তাহাকে মার্গধর্মজ্ঞান নামে অভিহিত করা হইদ্নাছে। এফণেও যোগী রূপ ও আরূপ্যাবচর মার্মসত্যে অভিজ্ঞতা লাভ করিতে পারেন নাই। স্থৃত্রাং, প্রয়োগমার্গের সাহায্যে তিনি ঐ মার্গদত্যে অন্বয়্জ্ঞানক্ষান্তি লাভ করেন। ইহা স্বিচিকিৎস। ইহার নিঃশ্রুদ্-ফল্ল-ক্ষণে যোগী উক্ত गার্গদত্যবিষয়ে যে নির্ব্বিচিকিৎস প্রজ্ঞাবিশেষ প্রাপ্ত হন, তাহাকে শাস্ত্র মার্গ-অবয়জ্ঞান নামে অভিহিত করা হইয়াছে। ইহাতে রপ ও আরপ্যাবচর যাবং-মার্গসতাই একসঙ্গে মার্গভাদি প্রকারচতুষ্ঠমে সাক্ষাৎ প্রকাশ পাইতে থাকে। এইবারে যোগীর চতুর্ব্বিধ আর্য্যসত্য সম্বন্ধেই নিরবশেষে শাক্ষাৎ প্রজ্ঞা লাভ হইল। আর তাহার জানিবার মত কোনও আর্য্যসত্য অবশিষ্ঠ থাকিল না। এই যে ষোড়শ ক্ষণ বা ষোড়শ প্রজ্ঞা, ইহাকে শাস্ত্রে সত্যাভি-সময় নামে আখ্যাত করা হইয়াছে'। এই যে যোড়শ প্রজ্ঞা, ইহাই অনাস্ত্রব মার্গসত্য।

এই সত্যাভিসমরকে শাস্ত্রে তিন ভাগে বিভক্ত করা হইরাছে —
দর্শনাভিসমর, আনম্বনাভিসমর ও কার্য্যাভিসমর। তু:থ, সম্পর, নিরোধ
ও মার্গ এই চতুর্বিধ আর্য্যসত্যের যে পূর্ব্বোক্ত তু:থছাদি ষোড়শপ্রকারে
সাক্ষাৎকারাত্মক প্রজ্ঞা, যাহা পূর্বে ব্যাখ্যাত হইরাছে, তাহারই নাম
দর্শনাভিসমর। বাহাতে উক্ত ষোড়শবিধ প্রজ্ঞা এবং ঐ প্রজ্ঞা-সম্প্রায়ুক্ত যে
বেদনাদি অপরাপর ধর্ম, তাহাদের সহিত চতুর্বিবধ সত্যের ষোড়শপ্রকারে
সাক্ষাৎকার হয় অর্থাৎ দর্শনাভিসমরাত্মক পূর্ব্বোক্ত যোড়শ প্রজ্ঞা এবং তৎসম্প্রেক্ত
বেদনাদিও চতুরার্য্যসত্যের স্থার নিজ নিজ আকারে সাক্ষাৎভাবে প্রকাশ
পার, এইরপ বোড়শ প্রজ্ঞাকে শাস্ত্রে আলম্বনাভিসমর নামে অভিহিত
করা হইয়াছে। এই আলম্বনাভিসময়ের অন্তর্গত যে ধর্মজ্ঞানক্ষান্তিটী তাহাতে,
দর্শনাভিসমরান্তর্গত যে ধর্মজ্ঞানক্ষান্তি তাহা, ঐ ক্ষান্তিসম্প্রযুক্ত যে বেদনাদি
তাহা এবং কামাব্চর ছঃথসত্য ছ.থম, অনিত্যম্ব, শৃক্তম্ব ও অনাত্মন্ত্র এই আকার
চতুষ্টরে সাক্ষাৎভাবে প্রকাশ পাইতে থাকিবে। এই প্রণালীতেই অপর পঞ্চদশ
প্রজ্ঞার স্বভাব বৃথিতে হইবে ।

বাহাতে দর্শনাভিসময়ান্তর্গত প্রজ্ঞা, তৎসম্প্রযুক্ত বেদনাদি ও তুঃথাদি সত্যের কার্য্য দর্শনাদি এবং চতুর্ব্বিধ আর্য্যসত্য উক্ত বোড়শপ্রকারে সাক্ষাৎকৃত হয়, এইরপ যে বোড়শবিধ প্রজ্ঞা, তাহাকে শাস্তে কার্য্যাভিসময় নামে অভিহিত করা হইয়াছে। তঃথসত্যের কার্য্য দর্শন, সমুদন্তসত্যের কার্য্য প্রহাণ, নিরোধ-সত্যের কার্য্য প্রহাণসাক্ষাৎকার এবং মার্গসত্যের কার্য্য ভাবনা।

এই বে সত্যাভিসময়গুলি ইহারা পূর্ব্বোক্ত ক্রমান্ত্রসারেই আসিরা উপস্থিত হয়, কেহই ইহাদিগকে ব্যুৎক্রমে পাইতে পারে না। অর্থাৎ, কেহ যদি এইপ্রকার মনে করেন যে, তিনি ধর্মজ্ঞানক্ষান্তিকে বাদ দিয়াই প্রথমে ধর্মজ্ঞান লাভ

১। দর্শনাভিসময় এবমালখনাভিসময়ঃ কার্য্যাভিসময়ণ্চ। দর্শনাভিসময়োংনাস্থ্রমা প্রজ্ঞয়া৽৽৽
আলখনং গ্রহণং তৎসম্প্রযুক্তরপি বেদনাদিভির্ভবিত। অপিশবাৎ প্রজ্ঞয়াপি। যালাচিত্রিটিব্রঃ সত্যানি আলম্বান্তে। কার্য্যং যত্ত সত্যত্ত যৎ কর্ত্তবাম্। তদ্বধা ছঃখসত্যত্ত প্রজ্ঞানং সমুদ্যত্ত প্রহাণং নিরোধসতাত্ত সাক্ষাৎকরণং মার্গসত্যত্ত ভাবনম্। তদ্বিপ্রযুক্তরপি শীলজাত্যাদিভির্ভবিত। অপিশবাৎ প্রজ্ঞা তৎসম্প্রযুক্তরপি। কোশস্থান ৬, কা ২৭-২৯,
ক্রুটার্থা।

করিবেন, তাহা হইলে তিনি ভ্রান্তই হইবেন। ধর্মজ্ঞানক্ষান্তির নিঃশুল-কলরপেই ধর্মজ্ঞান আসিয়া উপস্থিত হয়। স্কুতরাং, ধর্মজ্ঞানক্ষান্তিরপ সভাগ-হেতুটীকে লাভ না করিরা কেহই ঐ ক্ষান্তির ধর্মজ্ঞানরূপ যে নিঃশুল ফল, তাহাকে লাভ করিতে পারে না। অন্তান্ত পঞ্চদশ-প্রজ্ঞা স্থলেও অনাম্রব মার্গের বর্ণিত ক্রমান্ত্রসারেই পর পর তাহাদের প্রাপ্তি ব্রিতে হইবে। এইরূপ দর্শনাভিসময় লাভ না করিয়া আলম্বনাভিসময় এবং আলম্বনাভিসময় প্রাপ্ত না হইয়া কেহই কার্য্যাভিসময় প্রাপ্ত হইতে পারে না'।

পুর্ন্নোক্ত ষোড়শক্ষণাত্মক যে সত্যাভিসময়, তাহার মধ্যে মার্গে অবয়জ্ঞানকাপ যে অন্তঃক্ষণ, তাহা বাদ দিয়া হুংথে ধর্মজ্ঞানকান্তি হইতে আরম্ভ করিয়া
মার্গে অব্যক্তানকান্তি পর্যান্ত যে পঞ্চদশ ক্ষণ বা প্রজ্ঞা, তাহাকে শাস্তে
দর্শন-মার্গ এবং মার্গে অবশিষ্ট যে অব্যক্তানাত্মক প্রজ্ঞাটী রহিল, তাহাকে
শাস্তে ভাবনা-মার্গ নামে অভিহিত করা হইয়াছে। দর্শন-মার্গের অন্তর্গত
প্রজ্ঞানমূহের মধ্যে কোনও প্রজ্ঞা-ব্যক্তিই প্রবাহাত্মক নহে; পরস্ত, ক্রমাবস্থিত
প্রত্যোক্ষটী প্রজ্ঞাই একমাত্র-ক্ষণ। মার্গে অব্যক্তানরূপ যে ভাবনা-মার্গ, তাহা
প্রবাহাত্মক। এই যে প্রজ্ঞাপ্রবাহ, ইহাতে হুঃথাদি চতুর্ব্বিধ আর্য্য-সত্যই হুঃথন্থাদি
বোড়শপ্রকারে প্রকাশ পাইতে থাকে। কারণ, উহা দর্শনান্ত্রসারে প্রবর্ত্তিত হয়
বিদ্যা শাস্তে কথিত হইরাছে। আমাদের মনে হয় যে, দর্শন-মার্গের বিলোমক্রমেই
ভাবুনা-মার্গ প্রবর্ত্তিত হইবে। কারণ, সত্যাভিসময়ের অস্ত্যক্ষণ যে মার্গে অব্যক্ত জান, তাহা হইতেই ভাবনা-মার্গের আরম্ভ। স্নতরাং, এই প্রবাহে দ্বিতীয়
প্রজ্ঞাটী কামাবচর হুঃথ-সত্যে ধর্মজ্ঞানক্ষান্তি-রূপ না হইয়া রূপার্গ্রপ্যাবচর মার্গ-সত্যে অব্যক্তানক্ষান্ত্যাত্মকই হইবে। এই অবস্থার পরে যে ভাবনাপ্রবাহ
হয়, ভাহার প্রত্যেকটী ক্ষণে বা প্রজ্ঞাতেই ত্রৈধাতুক চতুরার্ঘ্য-সত্য ছঃথন্তাদি

১। অনাথপিওদ আহ কিং মু ভদন্ত চতুর্ণামার্যাসত্যানামনুপূর্ব।ভিসময়ঃ আহোন্বিদেক্ত্রাভিসময়ঃ আহোন্বিদেক্ত্রাভিসময় ইতি। চতুর্বাং গৃহপতে আগ্রসত্যানামনুপূর্বাভিসময়। বে গৃহপতে এবং বদেং অহং ছঃথমার্যাসত্যানভিসমেতা সমুদয়মার্যাসত্যমভিসমেয়ামীতি বিভরেশ যাবদ্ছঃখনিরোধগামিনীং প্রতিপদমার্যাসত্যাভিসমেয়ামীতি। নৈবং বোচ ইতি স্তাদ্ বচনীয়ঃ। তং কন্ত হেতোঃ। অন্থানমনবকাশো যদ্ ছঃথমার্যাসত্যমনভিসমেতা সমুদয়মার্যাসত্যমভিসমেয়াজীতি। সংযুক্তাগম।

বোড়শপ্রকারে প্রকাশ পাইতে থাকিবে। ভাবনা-মার্গের এই যে বিবরণ, ইহা আমাদের নিজস্ব। এইরূপ কোনও ব্যাখ্যা আমরা বৌদ্ধ শাস্ত্র হইতে খুঁজিয়া বাহির করিতে পারি নাই। উক্ত মার্গে অয়য়জ্ঞান হইতে আরম্ভ করিয়া বজ্ঞোপম সমাধি পর্য্যন্ত প্রবাহটী ভাবনা-মার্গ নামে অভিহিত হইয়া থাকে। বজ্ঞোপম-সমাধি পর্যান্ত যে কথিত প্রবাহটী, তাহার মধ্যে যোগীর ব্যুত্থান নাই বলিয়াই আমাদের ধারণা। এই ভাবনা-মার্গের পরবর্তী যে অনাপ্রব-মার্গ, তাহাকে শাস্ত্রে অশৈক্ষ-মার্গ নামে অভিহিত করা হইয়াছে।

পূর্ববর্তী গ্রন্থে গাস্ত্রব ও অনাস্রব ধর্মগুলির নিরপণ পরিসমাপ্ত হইরাছে এবং প্রশাসক্রমে ঐ স্থলে আমরা রূপস্কন্ধ ও বিজ্ঞানস্করের বিবেচনা করিয়াছি। এক্ষণে অবসর উপস্থিত হওয়ায় অবশিষ্ট স্কন্ধগুলির নিরূপণ করা যাইতেছে।

বেদনাক্ষন্ধ

প্রত্যেক ধর্মেরই তিনটী স্বভাব আছে। হলাদ-স্বভাব, পরিতাপ-স্বভাব বা হৃঃখ-স্বভাব এবং অতঃখাস্থথ-স্বভাব। কোনও একটা নম্ত দেখিয়া কেহ স্থবী হয়, কেহ বা তাহা দেখিয়াই আবার হঃখা হয়. কেহ বা উদাসীন থাকে অর্থাৎ স্থথী বা হঃখী হয় না। এই ত্রিবিধ স্বভাবের যে কোনও স্বভাবাবলমনে আমরা ধর্মের যে অমুভব করিয়া থাকি, তাহাই অর্থাৎ ধর্ম্মস্থনী যে সাতাদিরপতার অমুভব, তাহাই বৌদ্ধশাস্ত্রে বেদনাস্থন্ধ নামে অভিহিত হইয়াছে। এই বেদনা বা স্থথ-হঃখ-রূপতাদির অমুভব, ইহা একজাতীয় সবিকরক প্রতীতি বা হৈতা।

সংজ্ঞাক্ষন

নিখিতের যে পরিচ্ছেদ বা গ্রহণ, তাহাকেই অভিধর্মশান্ত্রে সংজ্ঞান্ধন্ধ নামে অভিহিত করা হইরাছে। ধর্মের যে নীলত্ব বা পীতত্বাদি অবস্থাগুলি, তাহাই নিমিত্ত। এই নিমিত্তের যে পরিচ্ছেদ, অর্থাৎ বস্তু-সম্বন্ধী নীলত্বাদি-বিশেষধর্ম-প্রকারক যে অনুভব বা কল্পনা, ভাহাই বৌদ্ধশান্ত্রে সংজ্ঞান্ধন্ধ নামে অভিহিত হইয়াছে।

সংস্থাব্ৰস্কন্ধ

রূপ, বেদনা, সংজ্ঞা ও বিজ্ঞান এই চারিপ্রকার স্বন্ধের বহিভূত যত যত ধর্ম আছে (সম্প্রযুক্ত-বিপ্রযুক্তাদি) ভাষাদিগকেই মিলিড ভাবে সংস্থারস্কন্ধ নামে অভিহিত করা হইরাছে।

চেতনা, ছন্দ, স্পর্শ, মতি, স্থৃতি, মনস্কার, অধিমৃত্তি, সমাধি, শ্রহ্মা, অপ্রমাদ, প্রশ্রহ্মি, উপেক্ষা, স্থ্রী, অপত্রপা, অলোভ, অদ্বেষ, অবিহিংসা, বীর্য্য, মোহ, প্রমাদ, কৌনীত্ব, অগ্রহান, উদ্ধতি, আহ্রীক্য, অনপত্রাপ্য, ক্রোধ, উপনাহ, শাঠ্য, উর্ব্যা, প্রদাশ, গ্রহ্ম, মংসর, মারা, মদ, বিহিংসা, বিতর্ক, বিচার কৌকত্য, রাগ, প্রতিঘ, মান, বিচিকিংসা, মিদ্ধ, প্রোপ্তি, অপ্রাপ্তি, সভাগতা, আসংজ্ঞিকসম্পত্তি, নিরোধসমাপত্তি, দ্বীবিত, লক্ষণ (অর্থাৎ জ্ঞাতি, জ্বরা, স্থিতি ও অনিত্যতা) নামকার, পদকার ও ব্যক্তনকার, অবিত্যা বা বিপর্য্যাস, দৃষ্টি — এই ষে চৈত্তাত্মক ধর্মগুলি, ইহারা সংস্কারম্বন্ধে প্রবিষ্ট আছে।

দ্বিভীয় খণ্ড

প্রথম পরিচ্ছেদ

প্রমাণ

বৈভাষিকমতামুসারে প্রমাণের কোন আলোচনা অভাবধি আহরা পাই নাই এবং কেছ পাইয়াছেন বলিয়াও জ্ঞানি না। গ্রায়বিন্দু নামক প্রকরণ গ্রন্থ সৌত্রান্তিকমতের অনুসরণেই রচিত হইয়াছে। প্রমাণাংশে বৈভাষিকমতের সহিত সৌত্রান্তিক বা যোগাচারমতের বিশেষ কোন বৈষম্য আছে বলিয়াও মনে হয় না! যাহাই হউক না কেন, বাধ্য হইয়া আমাকে সৌত্রান্তিকমতামুদারেই প্রমাণের আলোচনা করিতে হইতেছে। প্রমাণবার্ত্তিক অতিশয় তুর্বিগম্য গ্রন্থ, গ্রায়বিন্দুও খুব সরল গ্রন্থ নহে এবং গ্রায়বৈশেষিকাদি মত হইতে বৌদ্ধমতবাদের যথেই বৈলক্ষণ্যও আছে। স্মতরাং, এ বিষয়ে আমাদের পক্ষে সফলতা লাভ একমাত্র ভগবান বৃদ্ধের কক্ষণাতেই সম্ভবপর।

প্রমাণবার্ত্তিকে বা স্থায়বিন্ত্তে ধর্মকীর্ত্তি হয়ং প্রমাণের কোন সামাগ্রলক্ষণ বলেন নাই। এইরূপ সাক্ষাৎ অভিধান না থাকিলেও "সম্যুগ্জ্ঞানত্ব"ই যে ধর্ম্মকীর্ত্তির মতে প্রমাণের সামাগ্রলক্ষণ হইবে, তাহা আমরা মনে করিতে পারি। কারণ, "দ্বিবিধং সম্যুগ্জ্ঞানং প্রত্যক্ষমমুমানঞ্চ", এই গ্রন্থের দ্বারা তিনি সম্যুগজ্ঞানকেই প্রত্যক্ষম্ব ও অনুযানত্বরূপ ছইটি বিশেষ ধর্ম্মের সাহায্যে ছই ভাগে বিভক্ত করিয়াছেন। সম্যুগ্জ্ঞানত্বের অবাস্তর, অর্থাৎ বিশেষ, ধর্মরূপে প্রত্যক্ষত্ব ও অনুযানত্বের অবাস্তর, অর্থাৎ বিশেষ, ধর্মরূপে প্রত্যক্ষত্ব ও অনুযানত্বের অবাস্তর পাওয়া যাইতেছে যে, সম্যুগ্জ্ঞানত্বই প্রত্যক্ষ ও অনুযানরূপ দ্বিবিধ প্রমাণের সাধারণ ধর্ম। স্কুতরাং, সম্যুগ্জ্ঞানত্বই ধর্মকীর্ত্তির মতে প্রমাণের সামাগ্রলক্ষণ হইবে।

সম্যগ্জান পদটীর ব্যাখ্যা করিতে গিরা ধর্মোত্তর বলিয়াছেন যে, যে জ্ঞান অবিসংবাদক তাহাই সম্যগ্জান। যাহা পূর্বপ্রদর্শিত অর্থের প্রাপক হর,

১। স্থায়বিন্দু, সূত্র ২ ও ৩।

२ । अविमःवानकः छानःनमागृकानम् । छात्रवि पू. खूब ১, वार्गा

তাহাকেই লোকে সংবাদক বলা হইয়া থাকে। আমরা যথন কোনও লোকের নিকট হইতে জানিতে পারিলাম যে, অমুক স্থানে স্বর্ণের থনি আছে এবং পরে যথাযোগ্য ব্যবস্থা অবলম্বন করিয়া ঠিক্ সেই স্থানেই স্বর্ণ পাওয়া গেল, তথন ঐ উপদেষ্টা পুরুষকে আমরা সংবাদক বলিয়া মনে করি। এইপ্রকার যদি আমরা আগামী কল্য আমাদের প্রয়োজনীয় বস্তু পাইব ইহা জানিয়া বাস্তবিকপক্ষেই কথিত সময়ে আমাদের প্ররোজনীয় বস্ত পাই, তাহা হইলে সেই উপদেষ্টা প্রুষকে আমরা দাংবাদক বলিরা মনে করি। স্থতরাং, যথোপদর্শিত অর্থের প্রাপকন্বই সংবাদকত্ব। এইরূপ বথোপদর্শিত অর্থের প্রাপকত্বই হইবে জ্ঞানের সংবাদকত্ব। সেই জ্ঞানকেই আমরা সংবাদক বলিয়া মনে করিব, যে জ্ঞান স্বপ্রদর্শিত দেশ বা কালাবচ্ছেদে প্রদর্শিত অর্থের প্রাপক হইবে। এইরূপ সংবাদযুক্ত যে জ্ঞান, তাহাই প্রমাণ, বর্থাৎ প্রমা। জ্ঞান আমাদিগকে অভিপ্রেত অর্থ পাওয়াইয়া দেয় ইহা নত্য, কিন্তু, এইরূপ হইলেও উহা হাতে ধরিয়া আমাদিগকে বস্তুর নিকট লইয়া যায় না অথবা অভিলবিত বস্তু নিজে সৃষ্টি করিয়া আমাদিগকে দেয় না। স্বতরাং, বিচার করিয়া দেখিতে হইবে যে, ক্তান কেমন করিয়া বস্তুর প্রাপক হয়। প্রবৃত্তি বা নিবৃত্তির বিষয়ীভূত যে অর্থ, তৎপ্রদর্শকন্বই জ্ঞানের বস্তু-প্রাপকন্ত। ই আমরা যে বস্তুবিশেষে প্রারুত্ত বা বস্তুবিশেষ হইতে নিবৃত্ত হই, জ্ঞানই তাহার মূল। জ্ঞানই আমাদিগকে বস্তুর সহিত পরিচয় করাইয়া দেয়, এবং পরিচিত বা পরিজ্ঞাত বস্তুতেই আমরা প্রবৃত্ত এবং পরিচিত বা পরিজ্ঞাত বস্তু হইতেই আমরা নিবৃত্ত হইয়া থাকি। আমরা পৃর্কের ব্যাখ্যাতুসারে "প্রমাণ" পদটির যদি প্রমারপ অর্থ গ্রহণ করি, তাহা হইলে বিষয়প্রদর্শনাত্মক যে জ্ঞান, অর্থাৎ ফল, তাহাকেই বিষয়প্রদর্শক বলিয়া বৃঝিতে হইবে। যেরূপ লৌকিকরূপে সবিতা প্রকাশস্বভাব হইলেও সেই সবিতাকেই আমরা প্রকাশক বলিয়া থাকি, সেইরূপ জ্ঞানবস্তুটি বিষয়-দর্শনস্বভাব হইলেও তাহাকেই বিষয়প্রকাশকনামে অভিহিত করা হইয়াছে। বৈভাষিকাদি চারিপ্রকারের বৌদ্ধবাদের কোন বাদেই দর্শনাত্মক যে জ্ঞানক্ষণ বা বস্ত, তদতিরিক্তরূপে দ্রষ্টা বলিয়া কোনও পদার্থ স্বীকৃত হয় নাই।

অতি প্রাচীন বৌদ্ধদিগের মধ্যে কোন কোন সম্প্রদায়, অর্থাৎ সন্মিতীয় ও

১। তথল্জানমপি প্রদশিতমর্থং প্রাপয়ৎ সংবাদকমুচাতে। স্থায়বিন্দু, সূত্র ১, ব্যাপ্যা।

२। প্রবর্ত্তকত্মপি প্রবৃতিবিষয়গ্রদর্শকত্বমেব। ঐ।

বিজ্ঞপুত্তক সম্প্রদায়, পঞ্চন্ধনাতিরিক্ত পুদ্গল-বাদী ছিলেন। তাঁহারা ভার, ভার-হারক, ভার-গ্রহণ ও ভার-ত্যাগ এই চারিপ্রকার পদার্থের বৃংপাদন করিয়াছেন। রূপাদি স্কন্ধপঞ্চককে ভার, স্কন্ধাতিরিক্ত পুদ্গল অর্থাৎ জীবাত্মাকে ভার-হারক, তৃঞ্চাকে ভার-গ্রহণ ও উপরমাত্মক তৃঞ্চাচ্ছেদকে ভার-ত্যাগ বলিয়াছেন। ইংগারা পুদ্গলরূপ যে ভার-হারক পদার্থ, তাহার স্থিরত্ব বা নিত্যত্ব স্বীকার করিতেন। কিন্তু, পরবর্তী বৌদ্ধগণ এইমত খণ্ডন করিয়াছেন বলিয়াই আমরা বৌদ্ধমতে বিজ্ঞানাতিরিক্ত স্থির আত্মা স্বীকৃত হয় নাই বলিয়া সিদ্ধান্ত করিয়াছি। বৃদ্ধঘোষ, বস্তবন্ধ, চক্রকীর্ত্তি, যশোমিত্র প্রভৃতি ব্যাখ্যাতৃগণ "সংযুক্ত-নিকাম" ভার-হার স্বত্রের নিত্যাত্মবাদেই তাৎপর্য্য প্রদর্শন করিয়াছেন। অপ্রাসন্ধিক মনে করিয়া এই স্থানে আমরা আর ঐ বিষয়ে আলোচনা করিলাম না।

এইমতে স্বরণাত্মক জ্ঞানের প্রামাণ্য অর্থাৎ প্রমান্ত স্বীকৃত হয় নাই । কারণ,
স্মরণাত্মক জ্ঞানের অবিসংবাদকর অর্থাৎ প্রবৃত্তি-বিষদীভূত অর্থের প্রদর্শকর নাই।
এই যে স্মরণরূপ জ্ঞানের প্রবৃত্তিবিষদীভূত অর্থের প্রদর্শকর নাই বলিয়া সিদ্ধান্ত
করা হইল, যদি ইহার বিরুদ্ধে আপত্তি করা যায় যে, বহু ক্ষেত্রেই ত লোক অর্থস্মরণের পরে প্রবৃত্ত হইয়া স্মৃত অর্থ প্রাপ্ত হয়, স্কতরাং, স্মরণেরও অবশুই প্রবৃত্তিবিষদীভূত অর্থের প্রদর্শকর্ষর অবিসংবাদকর থাকিবে। তাহা হইলেও উত্তরে
আমরা বলিতে পারি যে, পূর্ব্বপরিজ্ঞাত অর্থসম্বন্ধেই দেশান্তরম্বন্থ বা কালান্তরম্বর্ধপ্রকারে লোক স্মরণ করিয়া থাকে। অপরিজ্ঞাত অর্থ স্মরণাত্মক জ্ঞান হয় না।
স্কতরাং, স্মরণের মূলীভূত যে প্রত্যক্রাদি অনুত্ব, তাহারই বাত্তবিকপক্ষে অর্থপ্রদর্শকর্ষ আছে। মূলীভূত অনুভবের যে অর্থপ্রদর্শকর্ষ তাহার দ্বারাই স্মরণের
অর্থপ্রদর্শকত্ব আদে, স্বতন্ত্রভাবে উহার অর্থপ্রদর্শকর্ষ নাই। স্বত্রএব, ইহা সিদ্ধই
ইইল যে, প্রবৃত্তিবিষদ্ধীভূতার্থ-প্রদর্শকন্বরূপ যে অবিসংবাদকত্ব, তাহা স্মরণের নাই
বিলিয়া উহা প্রমাণ হইবে না।

>। আত্মতত্ত্ববিবেক, গোপীনাথ কবিরাজকৃত ভূমিকা, পৃঃ ৪, চৌঃ সংস্করণ।

২। অতএব।নধিগতবিষয়ং প্রমাণম্। স্থায়বিন্দু, স্থা ১, বাাধ্যা।

 [।] যেনৈব হি জ্ঞানেন প্রথমমিগতোহর্থ স্তেনেব প্রবর্ত্তিতঃ পুরুষঃ প্রাপিত চার্থঃ। তত্ত্রৈবার্থে
 কিমন্তেন জ্ঞানেনাধিকং কাল্যন্। তত্তোহধিগতবিষয়নপ্রমাণুমেব। ঐ।

এইরূপ অনুমিত্যাত্মক যে জ্ঞান, তাহারও প্রবৃত্তিবিষয়ীভূতার্থ-প্রদর্শকত্বরূপ অবিসংবাদকত্ব আছে। অতএব, অনুমানও প্রমাণ হইবে। ত্রৈরূপ্য-প্রকারে লিঙ্গদর্শনের ফলে, লোক পক্ষে সাধ্যের নিশ্চর করিয়া তাহাতে প্রবৃত্ত হয় এবং ফল লাভ করে। ^১ অতএব, প্রত্যক্ষের স্থায় অনুমিত্যাত্মক জ্ঞানেও প্রবৃত্তিবিষরী-ভূতার্থ-প্রদর্শকত্বরূপ অবিলংবাদকত্বটী আছে বলিরা উহাও প্রমাণ হইবে।

বে বিজ্ঞান ভ্রাস্ত, তাহাতে প্রবৃত্তিবিষয়ীভূতার্থ-প্রদর্শকত্বরূপ অবিসংবাদকত্ব নাই। অতএব, উহা প্রমাণ হইবে না। মরুমরীচিকাতে জলত্ববিভ্রমের ফলে প্রবৃত্ত হইরা পুরুষ তাহার প্রাপ্তব্য অর্থ যে জল, তাহা পায় না। কারণ, প্রবৃত্তির বিষয়ীভূত অর্থ যে জল, তাহা ঐ স্থলে অসৎ বা অলীক। স্থতরাং, ঐরপ ভাস্ত বিজ্ঞানে প্রবৃত্তির বিষয়ীভূত যে অর্থ, অর্থাৎ পিপাসানিবর্ত্তনক্ষম জলরূপ বস্তু, তংপ্রদর্শকত্ব নাই। উহার দ্বারা যে জল প্রদর্শিত হইয়া থাকে, তাহা সং অর্থাৎ অর্থক্রিরাসমর্থ নহে।

সংশরাত্মক যে বিকলবিজ্ঞান, তাহাতেও প্রামাণ্য নাই। কারণ, উহাও প্রবৃত্তির বিষয়ীভূত যে অর্থ, তাহার প্রদর্শক হর না। সংশব্বের দারা ভাব ও অভাবরূপ বিক্লম ধর্মদন্ত-প্রকারে যাহা প্রদর্শিত হইরা থাকে, তাহা অর্থ অর্থাৎ অর্থক্রিয়াসমর্থ হইতে পারে না। বস্তু ক্থনও অনিয়তস্কর্প হইতে পারে না। বস্তু ভাব-স্বভাবের দ্বারা নিয়তই হইয়া থাকে। অতএব, ভাবাভাবের দ্বারা অনিয়তস্বরূপ অলীকের প্রকাশক বে সংশয়, তাহা অর্থপ্রদর্শক হইবে না। "ইদং রজতং ন বা" ইত্যাকার সংশয়-বিকল্পের দারা রজতত্ব ও তদভাবত্ব-প্রকারে যাহা প্রদর্শিত হইরা থাকে, তাহা বস্তু হইতে পারে না। রজত ও অরজতাত্মক কি কোনও বস্তু থাকিতে পারে? কোন বস্তবিশেষ হয় রক্ষতই হইবে, না হয়

১। অনুমানত্ত লিজদর্শনাল্লিভিলং প্রবৃত্তিবিষয়ং দর্শয়তি। তথাচ প্রত্যক্ষং প্রতিভাসমানং নিয়তমর্থং দর্শয়তি অনুমানক লিক্সম্বদ্ধং নিয়তমর্থং দর্শয়তি। অতএব তে নিয়তভার্থ্য প্রদর্শকে। তেন তে প্রমাণে। স্থায়বিন্দু, স্বত্র ১, ব্যাখ্যা।

शांकाং প্রমাণাভামত্যেন জ্ঞানেন প্রদর্শিতোহর্যঃ কন্চিদতান্তবিপর্যান্তঃ যথা মরীচিকার बनम्। म हामबार आख्मनकाः। व।

ও। কন্চিদনিয়তো ভাৰাভাৰয়োঃ। যথা সংশয়ার্থঃ। ন চ ভাৰাভাৰাভাং যুক্তোহর্থঃ জগভাৱি। ই।

অরজত অর্থাৎ ঘটাদিই হইবে, উভন্নাত্মক হইবে না। অতএব, উভন্নপ্রকারে যাহা প্রকাশিত হয়, তাহা অসং বা অলীক না হইনা পারে না।

এই বে সংশয়ের অর্থপ্রদর্শকত্ব নাই বলিয়া সিদ্ধান্ত করা হইল, ইহার বিরুদ্ধে আপত্তি হইতে পারে যে, যদি বাস্তবিকপক্ষে সংশন্ন সর্বত্র অনিয়ত অর্থাৎ ভাবাভাবাত্মক যে অদং অর্থ তাহারই প্রকাশক হয়, তাহা হইলে সন্দিগ্নের প্রবৃত্তি কথনও স্ফল হইতে পারে না ; অণ্চ ক্ষেত্রবিশেষে ইহা আমরা দেখিতে পাই যে, সন্দেহের ফলে প্রবৃত্ত হইয়াও লোক ফললাভ করিয়া থাকে। ইহার উত্তরে আমরা বলিব বে, ঐরূপ স্থলে অর্থ থাকে বলিয়াই লোক উহা প্রাপ্ত হয়। সংশয় স্থিত অর্থের প্রদর্শন করে না; পরস্তু, তদেশে ভাবাভাবানিয়ত অলীক বস্তুরই প্রদর্শন করে। বস্তুর বিভ্যানতাই ঐ স্থলে প্রবৃদ্ধিকে সফল করে, সংশন্ন <mark>অ</mark>র্থপ্রদর্শন করে না। ইহার অভিপ্রার এই যে, "ইহা রজত কি না" এই প্রকার সংশায়স্থলে পুরুষ রজতত্বরূপ ধর্ম্মের দ্বারা নিয়ত যে অর্থ, তাহাকে পাইবার জন্মই প্রবৃত্ত হয়, রজতত্ত্ব ও তদভাবত্বের দ্বারা অনিয়ত অর্থকে পাইবার নিমিত্ত প্রবৃত্ত হয় না। স্নত্রাং, রম্বতত্ব-ধর্মের দারা নিয়ত বে এরতির বিষয়ীভূত অর্থ, তাদৃশ নিয়ত অর্থের প্রদর্শক না হওয়ায় প্রবৃত্তিটী সফল হইলেও ম্লীভূত যে জ্ঞান, তাহা প্রমাণ হয় না। কারণ, প্রবৃত্তির বিষয়ীভূত যে অর্থ, তং প্রদর্শকত্বকেই জ্ঞানের প্রামাণ্য বা প্রমাত্ব বলা হইরাছে। এই প্রণালীতেই সিদ্ধান্তের অবিরোধে বৃদ্ধিপূর্বক বিপক্ষের খণ্ডন করিতে হইবে।

অনুমিত্যাত্মক জ্ঞান যদিও সামান্ত-বিষয়ক এবং সামান্তধর্ম বৌদ্ধমতে আরোপিত, প্রত্যক্ষদিদ্ধ নহে, তথাপি ব্যাপ্তিনিশ্চর-সাপেক্ষ বলিয়া আরোপাত্মক হইলেও অনুমিতি প্রমাণ হইবে। অপরাপর যে শান্ধাদিরপ বিকরপ্রত্যার, তাহা প্রমাণ হইবে না। কারণ, উহাতে ব্যাপ্তিনিশ্চরের অপেক্ষা নাই। ইহার অভিপ্রায় এই যে, প্রত্যক্ষপ্রলে বিষয় হইতে প্রাপ্ত যে জ্ঞানের অর্থসারপ্য বা প্রতিভাস, তাহার দ্বারা নিয়ত অর্থের প্রকাশ হর। অর্থাৎ, পরবর্ত্তী বিকর্মবিজ্ঞানে প্রতিভাস-অনুসারেই অর্থ নিশ্চিত হইরা থাকে। এইপ্রকারে অনুমিতিতেও পূর্ব্ববর্তী যে ব্যাপ্তিনিশ্চর বা লিঙ্গজ্ঞ-জ্ঞান, তদনুসারেই অর্থ নিশ্চিত হইরা থাকে। এই ভাবে অর্থনিশ্চরের নিয়ামক গাকার প্রত্যক্ষের ত্যার অনুমিতিরও প্রামাণ্য থাকিবে। শুলাদিপ্রলে অর্থনিশ্চরের নিয়ামক না থাকার ভজ্জ্য জ্ঞান ভাবাভাবানিরত

অর্থেরই প্রকাশ করিবে। অতএব, প্রমাণ হইবে না। ব্যাপ্তিনিশ্চর-সাপেক্ষত্বনিবন্ধনই যদি কোনও কোনও জ্ঞানের প্রামাণ্য থাকে, তাহা হইলে
নিতারাদিবিবরক বে অনুমিতি তাহাও প্রমাণ হউক। কারণ, প্রামাণ্যের নির্ব্বাহক
যে ব্যাপ্তিনিশ্চর-সাপেক্ষতা, তাহা ঐ অনুমিতিতেও আছে। কিন্তু, বস্তুর
ক্ষণিকত্ববাদীরা বস্তুবিশেষে নিত্যত্তরে অনুমানকে কথনই প্রমাণ বলিয়া স্বীকার
করিতে পারেন না। এই আপত্তির উত্তরে আমরা বৌদ্ধমতের অনুকূলে
বলিতে পারি যে, নিত্যহরূপ সাধ্যধর্ম্বটী অপ্রসিদ্ধ বলিয়া উহার কোন ব্যাপ্তি
থাকিতে পারে না।

যদি আপত্তি করা যার যে, "ব্রুদো বহ্নিমান্ ধ্মাৎ", এই স্থলে যে ব্রুদে বহ্নিমন্ত্রের অমুমিতি, তাহাও প্রমাণ হউক। কারণ, উহা ধ্মে বহ্নির ব্যাপ্তিনিশ্চরের 'ফলেই উৎপন্ন হইরাছে এবং বাস্তবিকপক্ষেই ধ্মে বহ্নির ব্যাপ্তি আছে। অল্রান্তর্থনিবন্ধনই অন্থ্যানের প্রামাণ্য, ব্যাপ্তি-সাপেক্ষত্ব-নিবন্ধন নহে, এইরূপ বলিয়াও আমরা বৌদ্ধমতের সমাধান করিতে পারি না। কারণ, সামান্তর্ণবিষয়কত্ব-নিবন্ধন অন্থ্যানমাত্রই বৌদ্ধমতে ল্রান্ত। বৌদ্ধগণ যে সকল অন্থমিতির প্রামাণ্য স্বীকার করিয়াছেন. সেই অন্থমিতিগুলিও তাঁহাদের মতে প্রতীতিরূপে ল্রান্তই। কারণ, অলীক যে সামান্ত-লক্ষণ, তাহা লইরাই অন্থমিত বিষয় নিশ্চিত হইয়া থাকে বলিয়া বৌদ্ধগণ মনে করেন। স্থতরাং, প্রমাণের সামান্তলক্ষণে তাঁহারা অল্রান্তবের নিবেশ করিতে পারেন না। প্রমাণবার্ত্তিকের টীকায় চন্ত্রগোমী অন্থমিতি-প্রমাণের ল্রান্ডত্বের কথা পরিক্ষারভাবেই বলিয়াছেন। '

আমাদের মনে হয় নিয়োক্ত প্রকারে আমরা পূর্বপ্রেদশিত আপত্তির সমাধান করিতে পারি। লিক্ষতা-সাপেক্ষত্বই অনুমানের প্রামাণ্যের নির্বাহক, কেবল ব্যাপ্তি-সাপেক্ষতা নহে। পক্ষধর্মতাসহক্ষত ব্যাপ্তিই লিক্ষতা। "হুদো বহিমান্ ধ্মাৎ" ইত্যাদি স্থলে অনুমিতিতে ব্যাপ্তি-সাপেক্ষতা থাকিলেও লিক্ষত্ব-সাপেক্ষতা নাই। কারণ, উক্ত স্থলে লিক্ষর্মপে অভিমত যে ধ্ম তাহাতে ব্রদ্রাত্মক পক্ষের ধর্মতা না থাকার, উহা যথার্যতঃ লিক্ষই হয় নাই। অতএব, লিক্ষত্ব-সাপেক্ষতা না থাকার উক্ত অনুমান আর প্রমাণ হইবে না।

[ু] অনুমান্ত তু আন্তত্বে সভাপি প্রতিবন্ধবশাৎ প্রামাণ্যম্। চল্রগোমীর তব্যাখা। প্রমাণবার্তিক, পৃঃ ৮।

এফণে আমাদের বিচার করিয়া দেখিতে হইবে যে, প্রবৃত্তিবিষয়ীভূতার্থ-প্রদর্শকত্বরূপ যে ধর্মোত্তরোক্ত প্রমাণের সামাগুলক্ষণ, তাহা অনুমিত্যাত্মক জ্ঞানে আছে কিনা। পূর্ব্বেই আমরা বলিয়াছি যে, অনুমান ভ্রান্তবিজ্ঞান এবং ভ্রান্ত-বিজ্ঞান কোনও অর্থের, অর্থাৎ অর্থক্রিরাসমর্থ বস্তুর, প্রকাশক হইতে পারে না। স্কুত্রাং, অর্থপ্রদর্শকত্ব না থাকায় অনুমানে উক্ত লক্ষণের সঙ্গতি হইবে না। ধর্মোত্তর অবশ্যই অনুমানকে লিঙ্গসম্বদ্ধ নিয়ত অর্থের প্রকাশক বলিয়াছেন এবং নিয়ত অর্থের প্রকাশকত্ব-নিবন্ধন উহার প্রামাণ্যও স্বীকার করিয়াছেন। কিন্তু, আমরা বৌদ্ধসিদ্ধান্তের অনুসরণ করিয়া কোন প্রকারেই ইহা বুঝিতে পারিতেছি না যে, কল্লিত সামাগুলক্ষণের প্রকাশক অনুমান কেমন করিয়া অর্থের প্রকাশক হইতে পারে। আর, ধর্মোত্তর প্রমাণের সামাগুলফ্ল বলিতে গিয়া অর্থে প্রবৃতিবিষয়ত্বরূপ বিশেষণ্টীই বা কি কারণে দিয়াছেন তাহাও আমরা বুঝিতে পারি নাই। আমাদের মনে হয়, যাঁহারা সামাগ্র-লক্ষণের অর্থক্রিয়াসামর্থ্য স্থীকার করেন না এবং সামাগুলক্ষণের প্রকাশক অনুমানের প্রামাণ্য স্বীকার করেন, তাঁহারা অর্থপ্রকাশকত্বকে প্রমাণের সামান্ত-লক্ষণ বলিতে পারেন না। ধর্মোত্তর ভায়বিন্দুর টীকাতে অনুমানের প্রামাণ্য সমর্থন করিতে গিয়া যাহা কিছু বলিয়াছেন ভাহা নিতাস্তই অস্পষ্ট এবং বৃহ চিন্তা করিয়াও আমরা উহার কোন সদর্থ আবিষ্কার করিতে পারি নাই। আমাদের মনে হয়, বৌদ্ধমতে জ্ঞানের প্রমাত্ব যে কেবল নিজ বিষয়ের উপরই রির্ভর করে, তাহা নহে। জ্ঞানীয় প্রতিভাস যদি বিষয়সাপেক্ষ হয়, তাহা হইলে প্রতিভাসী জ্ঞানটী প্রমা হইবেই এবং স্থলবিশেষে প্রতিভাসটী বিষয়সাপেক্ষ না হইলেও জ্ঞানটা প্রমা হইবে, যদি জ্ঞানজন্ম প্রবৃত্তির বিষয়টা স্বলক্ষণ হয়। স্থতরাং, ইহাই সিদ্ধান্ত হইবে যে, জ্ঞানের আপন বিষয় অথবা জানজ্ঞ প্রবৃত্তির বিষয়, ইহাদের অঞ্তর স্বলক্ষণ বা অর্থক্রিয়াসমর্থ হইলেই জ্ঞানটী বৌদ্ধমতে প্রমা বলিয়া গৃহীত হইবে। প্রত্যক্ষস্থলে নিজ বিষয়টী এবং অনুমানহুলে তজ্জ্য প্রবৃত্তির বিষয়টী স্বলক্ষণ হওয়ায় উহারা উভয়েই প্রমা বলিয়া গৃহীত হইবে। প্রত্যক্ষন্তলে স্বলক্ষণ বস্তুটী উহার আলম্বন এবং সামান্ত-লক্ষণটা ভজ্জ্য প্রবৃত্তির বিষয় এবং জন্মানে সামান্তলক্ষণটা আলম্বন ও স্বলক্ষণটা ভজ্জন্ম প্রবৃত্তির বিষয়। শান্দাদি জ্ঞানস্থলে আলম্বন ও প্রবৃত্তির বিষয়

'এই উভরই সামাগুলকণ হইরা থাকে। এই কারণেই বৌদ্ধাতে শালাদি
বিকল্পবিজ্ঞানের প্রমাত্ব স্থীকৃত হর নাই। প্রতীতিরূপে অনুমানগুলি বিকল্পায়ক
হইলেও তজ্জন্য প্রবৃত্তির বিবর্টী স্থলকণ হওরাতেই উহারা প্রমা বলিয়া গৃহীত
হইবে, অন্থ বিকল্প প্রমা হইবে না। "অর্থাব্যভিচারিত্বে সতি জ্ঞানত্ব"ও
এইমতে প্রমাণের সামাগুলকণ হইতে পারে নো, কারণ, অর্থব্যভিচারী বে
অমুমান, তাহাতে উক্ত লক্ষণের অব্যাপ্তি হইবে। কল্লিত সামাগুলক্ষণের
প্রকাশক অনুমিতিতে অর্থাব্যভিচার থাকিতে পারে না। অমুমানের বিষয়
যে সামাগুলক্ষণ, ভাহার সামীপ্য বা দ্রবর্তিতায় জ্ঞানের স্ফুটত্ব বা অস্ফুটত্ব
হর না। অতএব, সামাগুলক্ষণেরা কোনও অর্থক্রিয়াকারিত্ব নাই। কিন্তু,
প্রত্যক্ষন্থলে বিষয়ের সামীপ্যে জ্ঞানের স্ফুটত্ব এবং দ্রবর্ত্তিতায় জ্ঞানের অস্ফুটত্বরূপ
বৈলক্ষণ্য সম্পাদিত হয়। স্ক্রেয়াং, প্রত্যক্ষে বিষয়ের অর্থক্রিয়াকারিত্ব আছে।

একণে জিজ্ঞান্ত এই যে, বৌদ্ধমতে প্রমাণের সামান্তলকণ কিরুপ হইবে ? লক্ষ্যের স্বরূপে ইহারা যে অন্তুত ধারণা পোষণ করেন, ভাহাতে এইমতে প্রমাণের সামান্তলকণ না হওয়ার সন্তাবনাই অধিক। প্রথমতঃ, অপরাপর দার্শনিক সম্প্রদারের ন্তায় ইহারাও স্বরণের প্রামাণ্য স্বীকার করেন না এবং ল্রান্ত প্রত্যাক্ষরও প্রামাণ্য স্বীকার করেন না ।' অমুমিতির মধ্যে যেগুলি ন্তায়াদিমতেও ল্রান্ত (হুদো বহ্নিমান্), সেই সকল অমুমিতিরও ইহারা প্রামাণ্য স্বীকার করেন না । বৌদ্ধমতামুসারে ল্রান্ত হইলেও "পর্বতো বহ্নিমান্" ইত্যাদি অমুমিতির বা "সর্ববং ক্ষণিকম্" ইত্যাদি অমুমিতিরও ইহারা প্রামাণ্য স্বীকার করেন । সামান্তলক্ষণের প্রকাশক কোনও কোনও অমুমিতির (পূর্বোক্ত অমুমিতির) প্রামাণ্য স্বীকার করেনেও প্রামাণ্য স্বীকার করেনেও প্রামাণ্য স্বীকার করিলেও সামান্তলক্ষণের প্রকাশক শান্দ জ্ঞানের (যাহা ন্তারাদিমতে অল্রান্ত) স্বতন্ত্রপ্রামাণ্য আদ্বি ইহারা স্বীকার করেন না । অমুমিত্যাত্মক স্বিকল্লক জ্ঞানের প্রামাণ্য স্বীকার করিলেও

^{)।} তলাদভাকারবন্তগ্রাহি নাকারান্তরবতি বন্তনি প্রমাণম্। যথা পীতশহাগ্রাহি শুরে শহো। দেশান্তরগ্রাহি চ ন দেশান্তরশ্বে প্রমাণম্। যথা কৃঞ্চিকাবিবরদেশস্থারাং মণিপ্রভার্মাং মণিগ্রাহি জ্ঞানং নাপবরকদেশস্থে মণো। কালান্তরযুক্তগ্রাহি চ ন কালান্তরবতি বস্তুনি প্রমাণম্। যথা অর্করাক্রকালে মধ্যাক্রকালবন্তগ্রাহি স্বপ্রজ্ঞানং নার্করাক্রকালে বস্তুনি প্রমাণম্। ভাষবিন্দু, স্ত্র ১, ব্যাখ্যা।

স্বলক্ষণার্থ-প্রকাশক নির্ব্বিকল্পক অপরোক্ষ বিজ্ঞানের অনন্তর্গুলী যে বিকল্লাধ্যবসা।
তাহার আবার ইহারা পৃথক্ প্রামাণ্য স্বীকার করেন না। বিপর্যান্ত অর্থের
প্রকাশক মিধ্যাজ্ঞান বা বিপর্যাস এবং ভাবাভাবানিয়ত অর্থের প্রকাশক
সংশ্যাত্মক জ্ঞানের ত কেহই প্রামাণ্য স্বীকার করেন না। স্কুতরাং, ইহারান্ত
তাহা করেন না। অতএব, কোনও বিকল্লবিজ্ঞানের প্রামাণ্য স্বীকার এবং
কোনও বিকল্লের প্রামাণ্য অস্বীকার করিয়া ইহারা যে অস্ক্রবিধার স্থিষ্ট করিয়াছেন,
তাহাতে ইহা আমরা অনাল্লাসেই ব্রিতে পারি যে, এই সিদ্ধান্তান্ত্রসারে
প্রমাণের সামান্তলক্ষণ করা সহজ্ব হইবে না। এই কারণেই, বোধ হল্প
বৌদ্ধনৈয়ায়িকদিগের মধ্যে অনেকেই প্রমাণের সামান্তলক্ষণ করিতে অগ্রসর
হন নাই। ধর্মকীর্ত্তি যে অর্থতঃ সম্যুগ্ জ্ঞানকে প্রমাণ বলিয়াছেন, তাহা
নিতান্তই অম্পন্ত। ধর্ম্মোন্তর চেষ্টা করিয়ান্ত জ্ঞানগত সম্যক্তের নির্ব্বচনে ব্যর্থ
হইয়াছেন বলিয়াই আমরা ব্রিয়াছি। ধর্ম্মোন্তরের ব্যর্থতার কারণ আমরা পূর্বের
বলিয়াছে।

যাহা হউক, বৌদ্ধসিদ্ধান্তের অনুসরণ করিয়া আমরা নিম্নোক্ত প্রণালীতে প্রমাণের সামান্তলকা, করিলাম। যুক্ত রাযুক্ত বিচারের ভার স্থবীগণের হন্তে ন্যস্ত রহিল। লক্ষণিট এই—"অর্থপ্রকাশকত্ব ও লিঙ্গাবিষয়কত্বে সভি লিঙ্গতাসাপেক্ষত্ব এতদন্ততররপবর।" অন্ততররূপ যে অর্থপ্রকাশকত্ব তাহা থাকার অন্তাস্ত প্রত্যাক্ষে এই লক্ষণের সময়য় হইল, এবং অর্থপ্রকাশকত্ব না থাকার ক্ষণিকত্বাদির অনুমিভিতে এই লক্ষণের সময়য় হইল। পক্ষর্থতা-সহক্বত-ব্যাপ্তি-রূপ যে লিঙ্গতা, তাহা সম্ভব না হওয়য় "হ্রদো বহ্নিমান্" ইত্যাদি ভ্রান্ত অনুমিভিতে এই লক্ষণের সময়য় হইল। পক্ষর্থতা-সহক্বত-ব্যাপ্তি-রূপ যে লিঙ্গতা, তাহা সম্ভব না হওয়য় "হ্রদো বহ্নিমান্" ইত্যাদি ভ্রান্ত অনুমিভিতে এই লক্ষণের অভিব্যাপ্তি হইল না। উক্ত লিঙ্গতাবিষয়ক যে স্মরণাতাত্মক বিকলপ্রতীতি, তাহাতে স্ববিষয়ক সংস্কারদারা লিঙ্গতাসাপেক্ষত্ব থাকিলেও লিঙ্গাবিষয়কত্ব না থাকায়, উহাতে প্রমাণক্ষণের অভিব্যাপ্তি হইল না। শালাদিরূপ বা প্রত্যক্ষের অনন্তরভাবী অধ্যবসায়াদিরূপ যে বিকলপ্রতীভিতে তাহাতেও এই লক্ষণের অভিব্যাপ্তি হইবে না। কারণ, ঐ সকল বিকলপ্রতীভিতে লিঙ্গতাসাপেক্ষত্বও নাই, অর্থপ্রকাশকত্বও নাই। অনুমিভিত্তে কথনও লিঙ্গের ভান হয় না, ইহা স্বীকার করিলেই আমরা এইপ্রকারে প্রমাণের সামান্ত লক্ষণ

করিতে পারিব। অন্তথা লিঙ্গবিষয়ক বে সকল সদম্মিতি, তাহাতে এই লক্ষণের অব্যাপ্তি হইরা বাইবে। অসদ্বিষয়ক হইলেও লিঙ্গতা-সাপেক্ষম্ব নিবন্ধনই যথন অনুমিত্যাত্মক বিকল্পের প্রামাণ্য বৌদ্ধমতে স্বীকৃত হইরাছে, তথন এইমতে কূট-লিঙ্গক সদমুমিতিকে কথনই প্রমাণ বলা বাইবে না। কারণ, এদ্ধপ অনুমিতিতে লিঙ্গতাসাপেক্ষম্ব নাই। স্থতরাং, প্রদর্শিত প্রমাণলক্ষণের কূট-লিঙ্গক সদমুমিতিতে অব্যাপ্তির আশঙ্কা হইবে না। ধারাবাহিক প্রত্যক্ষম্বলে দ্বিতীয়াদি প্রত্যক্ষের প্রথম প্রত্যক্ষেরই মত প্রামাণ্য আছে। কারণ, প্রথম প্রত্যক্ষের ত্যায় দ্বিতীয়াদি প্রত্যক্ষপ্তলিও সদর্থেরই প্রকাশক হইরাছে। মণিপ্রভাতে মণিজ্ঞানস্থলে জ্ঞানের আন্তম্বনিবন্ধনই উহার বিষয়কে অলীক বলিতে হইবে। স্থতরাং, অর্থপ্রকাশকত্ব বা লিঙ্গতাসাপ্তেক্ষ্ম্ব না থাকায় উহাতে উক্ত প্রমাণলক্ষণের অতিব্যাপ্তি হইবে না। উক্ত জ্ঞান প্রাপ্ত হইলেও সন্নিহিত দেশে মণি আছে বলিয়াই প্রবৃত্তি সফল হয়।

এফণে আমানিগকে বিচার করির। দেখিতে হইবে যে, বৌদ্ধমতে কি গ্রায়াদিমতের ন্যার ইন্দ্রির বা বিষয়েন্দ্রিয়-সন্নিকর্যকে বা ব্যাপ্তি-নিশ্চর বা পরামর্শকে প্রমাণ এবং তত্তজন্ত প্রমিতিকে প্রমাণের ফল বলা হইরাছে, অথবা এই প্রমাণ এবং ফলবিষরেও এইমতে কোন নৃতনত্ব আছে। স্তায়াদিন্মতের ন্যার এইমতে ইন্দ্রিয় বা বিষয়েন্দ্রিয়-সন্নিকর্যকে প্রত্যক্ষপ্রমাণ বলা হয় নাই এবং ব্যাপ্তি-নিশ্চর বা পরামর্শকেও অনুমানপ্রমাণ বলা হয় নাই। ইংবারা সাকারবিজ্ঞানবাদী, অর্থাৎ চিত্ত বা চৈত্ত পদার্থগুলি বিষয়ের আকার লইরা উৎপন্ন হর বলিয়াই ইংহারা বিশ্বাস করেন। স্যায়াদিমতের ন্যায় বিষয়-

>। হেতুতে সাধ্যের ব্যাপ্তি না খাকিলেও ভ্রান্ত ব্যাপ্তিনিশ্চয়ের ফলে যে অনুমিতিটা ইইয়াছে, তাহা সং। যেমন পৃথিবী গন্ধবতী দ্রব্যাথাং ইত্যাদিহুলীয় যে পৃথিবী গন্ধবতী ইত্যাকার অনুমিতিটা তাহা সং, কারণ পৃথিবীতে বহুতঃই গন্ধ আছে। কিন্তু, দ্রব্যাহরণ হেতুটী গন্ধের ব্যাপ্য নহে। এই প্রকার ব্যভিচারী হেতুর দ্বারা যে সদক্ষিতি হয়, তাহাকে কুটলিক্সক সদম্মিতি বলা হইয়াছে।

২। চিন্তং মনোহথবিজ্ঞানমেকার্থং চিন্তটৈতসাঃ। সাত্রয়ালম্বনাকারাঃ সম্প্রযুক্তান্ট পঞ্ধা।'
কোশস্থান ২, কাওঃ। সাকারাঃ তত্তৈবালম্বনত প্রকারেণাকরণাং। যেন তে সালম্বনাঃ
উত্তৈবালম্বনত প্রকারেণ গ্রহণাং। ঐ, স্ফুটার্থা। সাত্রয়া ইন্দ্রিয়াপ্রিত্তাং, সালম্বনা
বিষয়গ্রহণাং, মাকারাঃ তত্তিব আলম্বনত প্রকারেণাকরণাং। স্ফুটার্থাধৃত ভাষা।

প্রকাশাত্মক (স্ব-প্রকাশাত্মক নহে) আত্মগত একপ্রকার সামন্ত্রিক গুণকে অথবা বেদান্তমতের ন্থার বিষয়াকারক অন্তঃকরণবৃত্ত্বাপহিত চিৎকে ইহারা জ্ঞান বলেন নাই। ঐ বে সাকার বিজ্ঞানগুলি, উহাদের যে স্বগত বা স্বাভিন্ন আকারগুলি, তাহাই প্রমাণ এবং ঐ বিষয়াকার লইয়া যাহা উৎপন্ন হয়, সেই যে বোধাত্মক পদার্থ, তাহাই প্রমিতি বা প্রমাণের ফল। আকার ও আকারীর বস্তুতঃ ভেদ না থাকিলেও কল্পিত ভেদ লইয়াই প্রমাণ ও ফলের ব্যবহার হইয়া থাকে।

ভারাদিমতে বেমন জন্ত-জনক-ভাব-নিবন্ধন ফল-প্রমাণ-ভাব, তেমন বৌদ্ধমতেও যে জন্ত-জনক-ভাব-নিবন্ধনই ফল-প্রমাণ-ভাব স্বীকৃত হইয়াছে তাহা
নহে। পরস্ত, ব্যবস্থাপ্য-ব্যবস্থাপক-ভাব-নিবন্ধনই ফল-প্রমাণ-ভাব শ্বীকৃত আছে।

চক্ষ্ বিজ্ঞানকে নীলাকারেও উৎপাদিত করে, পীতাকারেও উৎপাদিত করে।
অতএব, বিজ্ঞানের জনক যে ইন্দ্রিয়, তাহা বিজ্ঞানকে নীলাকারে বা পীতাকারে
ব্যবস্থাপিত করিতে পারে না। বিজ্ঞানের পরবর্ত্তী জণে উৎপন্ন যে অধ্যবসায়াত্মক
বিকল্পপ্রতীতি, তাহা আমাদিগকে জানাইয়া দেয় যে, এক একটা বিজ্ঞান
এক একটা আকার লইয়াই ব্যবস্থিত আছে। পরবর্ত্তী অধ্যবসায়াত্মক
বিকল্পপ্রতীতির দ্বারা অনুভূরমান এই যে বিজ্ঞানগত নীলাদিসাক্রপ্য বা নীলাভাকার,
ইহাই নীলাদির অসাক্রপ্যবিশিষ্ট যে পীতাদিবিজ্ঞানক্ষণ, তাহা হইতে ব্যাবৃত্ত
করিয়া উক্ত বিজ্ঞানকে নীলবিষয়কত্বে ব্যবস্থাপিত করে। স্ক্তরাং, ঐ যে
নীলসাক্রপ্য বা নীলাকার তাহাই ব্যবস্থাপক বলিয়া প্রমাণ হইবে এবং ঐ
যে সংবেদনাত্মক বিজ্ঞানটা তাহা ব্যবস্থাপ্যরূপে উক্ত সাক্রপ্যাত্মক প্রমাণাত্মক

মর্থসারপামশু প্রমাণম্। ন্যায়বিন্দু, স্তা ২০। অর্থেন সহ যথ সারপাং সাদৃশ্যমশু
 জ্ঞানশু তৎ প্রমাণম্। ঐ, ব্যাঝা।

২। ন চাত্র জন্মজনকভাবনিবন্ধনঃ সাধ্যসাধনভাবো যেন এক আন্-বিরোধঃ স্থাৎ অপি তু ব্যবস্থাপ্যব্যস্থাপকভাবেন। তত একস্থ বস্তুনঃ কিঞ্চিত্রপং প্রমাণং কিঞ্চিৎ প্রমাণফলং ন বিক্লধ্যতে। স্থায়বিন্দু, ক্তর ২১, ব্যাধ্যা।

ত। ব্যবস্থাপনহেতুর্হি সার্ন্ধাং তক্ত জ্ঞানস্ত ব্যবস্থাপনঞ্চ নীলসংবেদনরূপম্। ব্যবস্থাপকন্চ বিকল্পপ্রত্যন্তঃ প্রত্যক্ষবলোৎপল্লো দ্রষ্টব্যঃ। ঐ।

হইলেও অনীল-সংবেদনের ব্যাবৃত্তির দারা নিজেকে নিজে ব্যবস্থাপিত করিতে পারে না। পরবর্ত্তী অধ্যবসায়াত্মক যে বিকল্পপ্রতীতি, তাহাই উহাকে <mark>নীলসংবেদনরপে ব্যবস্থাপিত করে। এই কারণেই প্রাভ্যক্ষিক প্রভীতিগুলি</mark> উৎপত্তিক্ষণাবচ্ছেদে সৎ হইলেও অব্যবস্থাবশতঃ অসৎকল্পই গাকে। অধ্যবসায়াত্মক বিক্লপ্রতীতিগুলি স্বয়ং প্রত্যকের উত্তরবর্তী দ্বিতীয় ফণে উৎপন্ন হইয়া পর ক্ষণে, অর্থাৎ প্রত্যক্ষ প্রতীতির তৃতীর ফণে, যে উহাকে নীলাদিসংবেদনরূপে ব্যবস্থাপিত করে, তাহা নহে ; পরন্তু, ঐ বিকল্পপ্রতীতি স্বোৎপত্তিফণেই পূর্শ্ববর্ত্তী প্রতাক্ষপ্রতীতির নীলাদিসংবেদনতার ব্যবস্থা করে। অর্থাৎ, পরবর্ত্তী বিকল্প প্রতীতিগুলি নিজেরাই পূর্ববর্ত্তী নির্ব্বিকল্লক প্রতীতির নীলাদিসংবেদনতার ব্যবস্থাপনাত্মক হইয়া উৎপন্ন হয়। স্থতরাং, স্বোৎপত্তিফণেই উহারা পূর্মবর্তী নির্বিকল্পক প্রতীতিগুলিকে নীলাদিসংবেদনরূপে ব্যবস্থাপিত করে ! যদিও অধ্যবসায়াত্মক বিকলপ্রতীতিগুলিই পূর্ব্ববর্তী নির্মিকল্লক বিজ্ঞানগুলিকে তাহাদের নিজ নিজ বিষয়ানুসারে ব্যবস্থাপিত করিয়া থাকে ইহা সত্য, তথাপি নির্বিকল্পক বিজ্ঞানের যে বিংয়সারপ্য তাহাকেই আমরা ব্যবস্থাপকরূপে প্রমাণ নামে অভিহিত করিব²। কারণ, ঐ যে নির্ফিকর্মক বিজ্ঞানের পরবর্ত্তী অধ্যবসায়াত্মক বিকল্পপ্রতীতিগুলি, উহারা পূর্ববের্ত্তী নির্বিকল্পক বিজ্ঞানের বে স্বগত নানাপ্রকারের বিষয়সারপ্য, তদ্বশেই উহাদের ব্যবস্থাপনাত্মক হইয়া <mark>থাকে। অতএব, নি</mark>শ্চীর্মান যে বিজ্ঞানগত বিষ্যুসারূপ্য, তাহাই ব্যবস্থাপু<mark>ক</mark>-রূপে প্রমাণ, এবং ব্যবস্থাপ্যমান যে নির্কিকল্লক প্রতীতিগুলি তাহারা প্রমাণে<mark>র</mark> ফল। এইভাবে ব্যবস্থাপ্য-ব্যবস্থাপকত্ব-নিবন্ধনই ফল-প্রমাণ-ভাব, জন্ম-জনকত্ব-নিবন্ধন নহে। অভেদে জন্মজনকভাব সম্ভব না হইলেও ব্যবস্থাপ্যব্যবস্থাপক-ভাব হইতে কোনও বাধা নাই। সবিকল্পক প্রতীতিগুলি যে বিষয়-নামাদির প্রহণের ফলে স্ববিষয়ে ব্যবস্থাপিত থাকে, তাহা নহে। সবিকল্লকস্থলে যা<mark>হা</mark> বিষয়গ্রহণাত্মক, তাহাই আবার নামাদির গ্রহণাত্মক হইরা থাকে। স্কুতরাং, ক্রস্তলে নামাদির গ্রহণকে বিষরগ্রহণ হইতে পৃথক বলা যায় না।

যদিও নির্বিকল্লক প্রত্যক্ষগুলি অনিশ্চীর্মান অবস্থার, অর্থাৎ স্বোৎপতি

১। জনিতেন ত্বধ্যবসায়েন সারপ্যবশানীলবেধিরূপে জ্ঞানে অব্যবস্থাপানানে সারপাং ব্যবস্থাপনহেতুকাৎ প্রমাণং সিল্কং ভবতি। স্থায়বিন্দু, হত্র ২১, ব্যাখ্যা।

ক্ষণাবচ্ছেদে বিষয়সারপ্য সত্ত্বেও তদ্যারা উহারা ব্যবস্থিত থাকে না: পরস্তু, উত্তরক্ষণোৎপন্ন যে অধ্যবসায়াত্মক বিকল্পপ্রতীতি, তাহার দ্বারাই বিষয়াৎশে ব্যবস্থাপিত হয় ইহা সত্য, তথাপি ঐ পরবর্ত্তী বিকল্লকে বৌদ্ধমতে প্রমাণ বা ফল বলা হয় নাই। কারণ, প্রত্যুক্তের পরবর্তী যে বিকল্পপ্রতায়, উহা উহার নিজের কার্য্য যে বিষয়গত বিকল্পনারূপ ব্যাপার তাহার দ্বারা নিজের বিষয়কে ব্যবস্থাপিত করে না; পরস্তু, পূর্ব্ববর্ত্তী প্রত্যক্ষের ব্যাপার যে দর্শন বা সাক্ষাৎকার, তাহার দ্বারাই বিষয়কে অধ্যবসায়িত করে। প্রত্যক্ষন্তলে "নীলং পশ্রামি<mark>"</mark> এই আকারেই অর্থ অধ্যবসিত হয়, "নীলং কল্লয়ামি", "নীলগুৎপ্রেক্ষে" ইত্যাদি আকারে অন্যবসিত হয় না। নিজের ব্যাপার যে উৎপ্রেক্ষা, ভাহাকে পরিহার করিয়া পুর্ববতী প্রতাক্ষের ব্যাপার যে দর্শন, তাহাকে লইয়া অর্থের অধ্যবসার করে বলিরাই প্রত্যক্ষ হলীয় অধ্যবসার প্রমাণ বা ফলের মধ্যে গৃহীত ষ্টবে না। অনুমানস্থলে বিকল্পপ্রতীতিগুলির, অর্থাং অনুমিত্যাত্মক বিকল্প-প্রতীতিগুলির, স্বব্যাপারের দারাই, অর্থাৎ "পর্ব্বতে বহ্নিমুৎপ্রেক্ষামহে" ইত্যাদি আকারেই, অর্থগুলি নিশ্চিত হইয়া থাকে। স্কুতরাং, ঐ সকল বিকল্পগুলি প্রমাকল বলিরা গৃঁহীত হইবে এবং ঐ বিকল্লগত যে বিষয়সাক্রপ্য, (অলীক সামাস্তাংশাকার) তাহা প্রমাণ হইবে। অতুমিতিস্থলে নিশ্চীরমান বে বিধর, তাহা অসৎ বা অলীক হইলেও প্রবৃত্তির বিষয় যে স্বলক্ষণ বস্তু, ভাহা অলীক নহে। এই যে দর্শনাত্মক প্রত্যক্ষব্যাপার বা উৎপ্রেক্ষাত্মক বিকল্পব্যাপারের কথা বলা হইন, ইহা নির্বিকন্নক প্রত্যক্ষপ্রতীতি বা সবিকন্নক অনুমত্যাত্মক প্রতীতি হইতে কোনও পৃথক্ পদার্থ নহে। ভাউমতে যেরূপ বিষয়ে জ্ঞানজন্ম জ্ঞাততারূপ পুথক পদার্থ স্বীকৃত হইয়াছে, সেইরূপ বিষয়গত কোনও ব্যাপার, যাহা জান হইতে সম্পূর্ণ পৃথক, তাহা বৌদ্ধাতে স্বীকৃত হয় নাই বলিয়াই আমাদের বিশ্বাস। নিরূপকঅসম্বন্ধে বিষয়গত করিয়া জ্ঞান <mark>যথন গৃহীত হয়, তথন ঐ জ্ঞানকেই বলা হইয়া থাকে জ্ঞানের ব্যাপার।</mark>

২। তত্মাৎ খব্যাপারং তিরভুত্য প্রতাদব্যাপার বাদর্শীয়তি মত্রাবে প্রত্যক্ষপূর্বকোইধ্যবস্থয়তত্ত্ব প্রত্যক্ষং কেবলমের প্রমাণমূ। ঐ।

স্থতরাং, পূর্বেষে দর্শন বা সাকাংকাররূপ প্রভাগবাগার বা উৎপ্রেক্ষাত্মক বিকরবাগারের কথা বলিয়াছি, তাহা প্রভাকপ্রতীতি বা বিকরপ্রতীতি ভিন্ন অন্ত কিছু নহে। অথবা বিকরের বিষয়রূপে আমরা যদি বিষয়গত কোনও ভানব্যাপার স্বীকার করি, তাহাতেও বৌদ্ধসিদ্ধান্তের কোন ব্যাঘাত হইবে না। ভানজ বিষয়গত কোনও সদ্ভূত ভাততা স্বীকার করিলেই সিদ্ধান্তের হানি হইবে। অসদ্ভূত সামান্তাংশের ন্তার অসদ্ভূত ভাততা স্বীকারে কোনও বাধা আমরা দেখিতে পাই না।

দ্বিতীয় পরিচ্ছেদ

প্রত্যক

বৌদ্ধমতে প্রভাক্ষ ও অনুমানভেদে প্রমাণ ছইপ্রকার। বৌদ্ধ সম্প্রদায়ের মধ্যে বাহারা প্রমাণাংশ লইয়া গ্রন্থ লিথিয়াছেন, তাঁহাদের মধ্যে বস্ত্বন্ধই বাধ হয় সকলের অপেক্ষা প্রাচীন। বস্তবন্ধ বাদবিধি নামে একথানি প্রকরণ-গ্রন্থ লিথিয়াছিলেন এবং তাহাতে বৌদ্ধমতানুসারে প্রমাণগুলি আলোচিত হইয়াছিল, এরপ জনপ্রবাদ আছে। কিন্তু, বৌদ্ধ মহানৈয়ায়িক দিঙ্নাগ বস্তবন্ধকে বাদবিধির প্রণেতা বলিয়া স্বীকার করেন নাই। তথ্য যাহাই হউক না কেন, বাদবিধ্যক্ত প্রত্যক্ষের লক্ষণটী যে বস্তবন্ধ্যমত, তাহা দিঙ্নাগের সময়েও প্রচলিত ছিল। বাচম্পতিমিশ্র প্রভৃতি পণ্ডিত-ধ্রন্ধর-গণও বাদবিধ্যক্ত প্রত্যক্ষের লক্ষণটীকেই বস্তবন্ধকত প্রত্যক্ষের লক্ষণ বলিয়া জ্বানিতেন। স্তব্যাং, আমরাও প্রক্রকত প্রত্যক্ষের লক্ষণ বলিয়া জ্বানিতেন। স্তব্যাং, আমরাও প্রক্রকাণ্টীকে বস্তবন্ধুর লক্ষণ বলিয়াই গ্রহণ করিলাম।

"ততোহর্থাদিজ্ঞানং প্রত্যক্ষম্" এই বাক্যের দারাই বস্তুবন্ধু তদীয় বাদবিধিতে প্রত্যক্ষের লক্ষণ বলিয়াছিলেন। এই লক্ষণটা প্রমাণসমূচ্চয়ে নিয়োক্ত প্রকারে ব্যাখ্যাত হইয়াছে। অধ্যবসায়াত্মক বিকল্ল-প্রতীতিতে যে যে বিজ্ঞানগুলি যে যে বিষয়-নামের দারা ব্যপদিষ্ট অর্থাৎ ব্যবহৃত হয়, সেই সেই বিজ্ঞানগুলি, যদি কেবল সেই সেই বিষয়ের দারাই উৎপাদিত হয়, নিজের উৎপত্রিতে ব্যপদিষ্ট অর্থ ভিন্ন অপর কাহারও অপেক্ষা না রাখে, তাহা হইলে বুঝিতে হইবে যে, উৎপন্ন বিজ্ঞানগুলি প্রত্যক্ষ-বিজ্ঞান'। অতিজ্ঞরন্ময়ায়িক মহামতি উদ্যোতকর তদীয় "খায়বার্ত্তিক"-গ্রাহে উক্ত লক্ষণের ব্যাখ্যা প্রসঙ্গে বলিয়াছেন যে, অধ্যবসায়াত্মক বিকল্প-প্রতীতিতে যে বিজ্ঞান যে অর্থের সম্বন্ধীরূপে ব্যবহৃত হইয়া থাকে, সেই বিজ্ঞান যদি কেবল সেই অর্থের সাহায্যেই উৎপন্ন হয়, ব্যপদেশাসম্বন্ধী কোনও অর্থের অপেক্ষা না রাথে, তাহা হইলেই বুঝিতে হইবে যে, সেই বিজ্ঞান

>। যদিজ্ঞানং যেন বিষয়েণ বাপদিগুতে তং তল্মাআছুৎপদ্মতে নাস্মতঃ। ততােইয়ত-চ ন ভবতীতি তজ্জ্ঞানং প্রত্যক্ষম্। প্রমাণসমূচ্যম।

প্রত্যক্ষাত্মক হইয়াছে'। এই ব্যাখ্যা ছইটার মধ্যে বাচনভঙ্গীরই বা কিছু বৈষ্মা, অর্থাংশে ব্যাখ্যাদ্বরের কোনও বৈষ্মা নাই।

বৌদ্ধমতে বাহা অর্থ-ক্রিয়া-সমর্থ ভাহাই সং 12 বস্তুর যে অর্থ-ক্রিয়া-সামর্থ্য <mark>তাহাকেই উহারা বস্তুর সতা বলিয়াছেন। সর্ববস্তুসাধারণ কোনও জাতি বা ধর্ম্ম</mark> উহারা স্বীকার করেন নাই। সাধারণধর্ম বা দামান্তকে বৌদ্ধগণ নানাপ্রকার যুক্তির অবতারণা করিরা খণ্ডন্ই করিয়াছেন। স্বলঙ্গণ যে বস্তু, তাহা অস্ততঃ স্ববিষয়ক জ্ঞানে আকার-সম্পাদন করিয়া অর্থ-ক্রিয়া-সমর্থ হইবে। সামান্ত-<mark>লফণ্টী স্ববিষয়ক জ্ঞানে আকার পর্য্যস্তও সম্পাদন করে না। অন্থমিত্যাতাত্মক</mark> জ্ঞানের যে সামান্তাকার, বিষয়গুলি তাহার সমর্গক নহে। পরস্তু, কারণীভূত যে ব্যাপ্ত্যাদি-নিশ্চয়, তাহাই ঐ সকল জ্ঞানে আকার সমর্পণ করিয়া থাকে। স্বতরাং, কোনও প্রকারের বিকল্প প্রতীতিতেই বিষয়ের কারণতা নাই ; বৌদ্ধমতে তাহা থাকিতেও পারে না। কারণ, তাবৎ-বিকন্নপ্রতীতিরই বিষয়গুলি অসৎ বা অলীক এবং অসৎ বা অলীকের কোনও কার্য্যকারিতা নাই। একমাত্র প্রভ্যক্ষ-জ্ঞানেই ইহা দেখা যায় যে, বিষয়ের সামীপাবশতঃ জ্ঞান বিশদ হয় এবং বিষয়ের <u>দ্রবে জ্ঞান অবিশদ হইরা থাকে। আকারের তারতমোই জ্ঞানের বৈশ্ভাবৈশ্ভ</u> <mark>সংঘটিত হইরা থাকে এবং বিষয়ের তারতম্যের ফলেই আকারের তারতম্য হয়।</mark> স্তরাং, প্রাত্যক্ষিক জ্ঞানে তদীর বিষয়গুলিকেই আকারদাতা বলিরা মানিতে হইবে। অগ্রথা, বিষয়ের দূরত্ব-নিকটত্বে জ্ঞানীয় আকারের বৈশভাবৈশভ সংঘটিত হইত না। সামাশ্য-লক্ষণরূপ বিষয়গুলি সমীপে থাকিলেও অনুমিত্যাত্মক বিকল্প-বিজ্ঞান যাদৃশ নিশ্চরাত্মক হয়, উহারা বহু দ্রবন্তী হইলেও, উহাদের অমুমিত্যাত্মক যে বিকল্প-বিজ্ঞান, তাহা তাদৃশ নিশ্চরতা লইয়াই সমান ভাবে

>। যন্ত অর্থন্ত যদ্বিজ্ঞানং বাপদিন্ততে যদি তত এব তত্ত্বতি নার্থাস্তরাদ্বাপদেশাসক্ষিনঃ তৎ প্রত্যক্ষম্। স্থায়বার্ত্তিক, প্রত্যক্ষ-সূত্র।

২। অর্থজিয়াসামর্থ্যলকণহাদ্বন্তনঃ। ভাষবিন্দু, ফ্ত্র ১৫। অর্থগু প্রয়োজনগু ক্রিয়া নিপ্পতিস্তপ্তাং সামর্থাং শক্তিঃ.....বলাদর্থক্রিয়াসমর্থাং পরমার্থসভূচতে, সন্ধিংনাসন্নিধ্নাভ্যাঞ্চ জ্ঞানপ্রতিভাসগু ভেদকোহর্থঃ কর্থজিয়াসমর্থাঃ। তক্ষাৎ স এব পরমার্থসন্। ঐ, ব্যাগ্যা। কেবলং মদেতদর্থজিয়াকারিম্বং সর্বজনপ্রসিদ্ধনাম্তে, তৎ থল্ল্ড সম্বাধ্বনোভিস্কায়্র সাধ্বত্বনোল পাত্রন্। ফ্রন্ডক্রসিদ্ধি, পুঃ ২১।

উৎপন্ন হইরা থাকে। শব্দাদি অপরাপর বিকরবিক্সানগুলিতেও তুল্য যুক্তিতেই নিজ বিষয়ের আকারদাতৃত্ব নাই বলিরা ব্রিতে হইবে। কারণ, প্রথমতঃ বিকল্প বিজ্ঞানের সামাগ্র-লক্ষণাদিরূপ বিষয়গুলি অলীক, দ্বিতীয়তঃ বিষয়ের দ্রত্ব-নিকটত্বে ক্রনার কোনও তার্তম্য হয় না।

এই দিন্ধান্তে যদি কারণের দ্বারা প্রত্যাক্ষের লক্ষণ করিতে হয়, তাহ। হইলে "স্বপ্রদর্শিত বে বিষয়, তজ্জয়ত্ব"কেই উহার লক্ষণ বলিতে হইবে। লক্ষণান্তর্গত "স্ব"পদে, লক্ষ্য যে প্রত্যক্ষজ্ঞান-ব্যক্তিগুলি, তাহাদের এক একটাকে গ্রহণ করিয়া উহাতে লক্ষণের সময়য় করিতে হইবে। অর্থাৎ, একটা ঘট-বিষয়ক চাক্ষ্যপ্রত্যাক্ষে উক্ত লক্ষণের সময়য় হইল কিনা, ইহা আময়া দেখিব। এই অবস্থায় ঐ ঘট-বিষয়ক চাক্ষ্যজ্ঞানব্যক্তিটীই স্ব-পদের দ্বারা গৃহীত হইবে। স্বপ্রদর্শিত বিষয় যে স্বলক্ষণ ঘটটী, অর্থাৎ উক্ত জ্ঞানব্যক্তিরে দ্বারা প্রদর্শিত যে স্বলক্ষণ ঘটরূপ বিষয়টী, তজ্জয়ত্ব ঐ স্বাত্মক চাক্ষ্যজ্ঞানব্যক্তিতে আছে। কারণ, ঐ জ্ঞানে তাহার বিষয় ঘটই আকার সমর্পণ করিয়াছে। অতএব, "স্বপ্রদর্শিত-বিষয়-জয়ৢত্ব"রূপ লক্ষণটী ঐ জ্ঞানে থাকায় উহাতে উক্ত লক্ষণের সময়য় হইল। এই প্রণালীতেই অপরাপর স্থলেও উক্ত লক্ষণের সময়য় স্বয়ং ব্রিতে হইবে।

অন্ত্রনিত্যান্তাত্মক কোন প্রকার বিকল্প-বিজ্ঞানেই এই লক্ষণের অভিব্যাপ্তি
ক হইবে না। কারণ, ইহা আমরা পূর্বের জ্ঞানিতে পারিয়াছি যে, বিকল্প-বিজ্ঞানে
স্থপ্রদর্শিত অর্থের বা বিষয়ের জ্ঞানতা নাই। উহার বিষয় অসৎ বা জ্ঞলীক।
অসৎ বা জ্ঞলীকের কোনও কারণতা থাকিতে পারে না। স্থতরাং, স্থপ্রদর্শিত
যে অর্থ বা বিষয়, তজ্জন্তম্ব না থাকার বিকল্প-বিজ্ঞানে এই লক্ষণের অভিব্যাপ্তি
হইল না।

বাদবিধিত্ব "ততোহর্থাবিজ্ঞানং প্রত্যক্ষম্" এই লক্ষণ-বাক্যের প্রদর্শিত তাৎপর্য্যান্মপারে "স্বপ্রদর্শিত-বিষয় জন্তত্ব"কেই আমরা প্রত্যক্ষের লক্ষণ বলিয়া গ্রহণ করিয়াছি। কিন্তু, দিছনাগ বা উদ্যোতকর যে ব্যাখ্যা করিয়াছেন, তাহাতে "এব"-কারার্থ অন্তর্নিবিষ্ট থাকায় লক্ষণটী আরও একটু বদ্ধিতাকারে পরিগৃহীত হইবে। অর্থাৎ, "স্বপ্রদর্শিতার্থাতিরিক্তাজন্তকে সতি স্বপ্রদর্শিতার্থ-জন্তত্ব"ই প্রত্যক্ষের লক্ষণ হইবে। বিবরণবাক্যগত এব-কারকে অন্তয়োগ-

ব্যবচ্ছেদার্থে গ্রহণ করিলেই ব্যাখ্যাবাক্য হইতে প্রদর্শিতরূপে আমরা লক্ষণটাকে

এক্ষণে আমাদের বিচার করিয়া দেখিতে হইবে যে, দিঙ্নাগ প্রভৃতি ব্যাখ্যাতৃগণের ব্যাখ্যা হইতে আমরা লক্ষণটীকে যে আকারে পাইতেছি, তাহার বিশেষণাংশের, অর্থাৎ "স্বপ্রদর্শিত যে অর্থ তদ্বতিরিক্তাজন্তত্ব"রূপ অংশের, কোনও প্রয়োজন আছে কি না।

স্মানবিষয়ক স্থলে অনুমিতির সামগ্রী অপেক্ষা প্রতাক্ষসামগ্রী বলবতী হইলেও অনুমিৎসা থাকিলে, অর্থাৎ অনুমিতি হওরার ইচ্ছা থাকিলে, অনুমিংসা-ঘটিত যে অনুমিতির সামগ্রী, তাহাই প্রত্যক্ষদামগ্রী অপেক্ষা বলবতী হইয়া থাকে বলিয়া নৈয়ায়িকগণ মনে করেন। স্থতরাং, বিষয়টী সমীপস্থ হইলেও প্রত্যক্ষকে বাধা করিরা উহার অনুমানই হইয়া যাইবে, যদি ব্যাপ্ত্যাদি-<mark>নিশ্চয়ের সহিত অনুমিৎসা বিভামান থাকে। এই সিদ্ধাস্তানুসারে ইহাই</mark> স্বীকৃত হইবে যে, সাধা বহু এবং লিঙ্গ ধ্য, এই উভায়ই সমীপস্থ এবং <mark>ধুমরূপ লিঙ্গে ব্যাপ্তি ও প</mark>ক্ষধর্মতা এতত্তরই নিশ্চিত আছে। অনুমিৎসা থাকিলে তাদৃশ স্থলে বহির প্রাত্যক্ষিক জ্ঞান না হইয়া ইচ্ছাঘটিত সামগ্রীর <mark>বলবত্তা-নিবন্ধন উহার জন্মুমিত্যাত্মক জ্ঞানই হইবে। সমীপস্থ হওয়ায় উক্ত</mark> <mark>অনু</mark>মিতিতে বহ্নিরও জাকারদাতৃত্ব আছে বলিয়াই স্বীকার করিতে হইবে। "স্বপ্রদর্শিত-বিষয়-জন্মত্ব" মাত্রই যদি প্রত্যক্ষের লক্ষণ হয়, তাহা হইলে উক্ত স্থানে বহ্নিবিষয়ক অনুমিত্যাত্মক জ্ঞানে, প্রত্যক্ষলক্ষণের অতিব্যাপ্তি হইন্না যাইবে। কারণ, ঐ অনুমিভিতে আকারদাতৃত্তরূপে স্বপ্রদর্শিত বহ্নিরও জনকতা আছে। "স্বপ্রদর্শিত যে বিষয়, তদতিরিক্তাজ্মস্ব"রূপ বিশেষণ্টী লক্ষণে প্রবিষ্ট থাকিলে আর উক্ত অতিব্যাপ্তি হয় না। কারণ, ঐ অনুমিতির দ্বারা প্রদৃশিত অর্থ যে বহিং, তাহা হইতে অতিরিক্ত অর্থাৎ পুথক বস্তু যে ব্যাপ্তি-নিশ্চর, তজ্জ্মত্বও ঐ অনুমিতিতে আছে। স্বতরাং, "স্বপ্রদর্শিতার্থারিক্তা-জ্মত্ব"রূপ বিশেষণটী উহাতে নাই। সমীপস্থ বহ্নির স্থায় ব্যাপ্তিনিশ্চন্নের<mark>ও</mark> ঐ অনুমিতিতে আকারদাতৃত্ব থাকিবেই। যেহেতু, উহা প্রাত্যক্ষিক বিছ্লান নহে, গরন্ত, উহা জ্ঞানত্বরূপে অনুমিত্যাত্মকই।

এক্ষণে আমাদিগকে দেখিতে হইবে বে, "স্বপ্রদর্শিতার্থাতিরিক্তাজন্ততে সতি

স্বপ্রদনিতার্থনন্ত প্রান্ত বিজ্ঞানত বিজ্ঞানে সমন্বিত হইল কি না। কিন্তু, ইহা দেখা যায় যে, উক্ত লক্ষণটা নীলাদিক্ষণবিষয়ক চাক্ষ্মাদি প্রত্যক্ষে সমন্বিত হইতেছে না। কারণ, চাক্ষ্মাদি বিজ্ঞানে চক্ষ্মাদি ইন্দ্রিয়গুলি প্রকাশিত হয় না, অথচ ঐ ইন্দ্রিগুলিরও জনকতা ঐ সকল বিজ্ঞানে স্বীকৃতই আছে। স্কৃত্রাং, স্বপ্রদর্শিতার্থাতিরিক্তাজন্তত্ব না থাকার উক্ত লক্ষণটা কোনও প্রত্যক্ষ বিজ্ঞানেই সমন্বিত হইল না।

পূর্ন্ধোক্ত অসম্ভবদোবের উদ্ধার করিতে নিয়া যদি বলা যার যে,
"স্বপ্রদর্শিতার্থাতিরিক্তগত যে স্বপ্রদর্শিত অর্থাদারক জনকতা, তরিরূপিত
জ্যারাভাববের দতি স্বপ্রদর্শিতার্থজ্যপ্রানত্বই প্রত্যক্ষের লক্ষণ হইবে। এক্ষণে
আর প্রদর্শিতপ্রকারে ইন্দ্রিরজ্যাতাগ্রহণে অসম্ভবদোব হইবে না। কারণ,
ইন্দ্রিরগত যে প্রত্যক্ষজনকতা, তাহা স্বপ্রদর্শিত যে অর্থ, তদ্বারকই হয়,
তদ্বারক হয় না।' ব্যাপ্রিনিশ্চিয়াদিগত বে অন্মত্যাদিজনকতা, তাহাই
বিষয়াদারক হইবে। তরিরূপিতজ্যাতা প্রত্যক্ষে না থাকায় উহাতে
স্বপ্রদর্শিতার্থাতিরিক্ত বস্তগত যে স্বপ্রদর্শিত অর্থাদারক জনকতা, তরিরূপিতজ্যাত্বাভাববত্বও ছাছে এবং বিশেয়াংশ যে স্বপ্রদর্শিতার্থজ্যজ্ঞানত্ব, তাহাও
আছে। স্বতরাং, নীলাদিক্ষণ-বিষয়ক প্রত্যক্ষে উক্ত লক্ষণের সঙ্গতি বা সমন্বয়
হইল। অনুমত্যাতাত্মক জ্ঞানে প্রদর্শিত লক্ষণের অভিব্যাপ্তি হইবে না।
কারণ, অনুমিতিতে স্বপ্রদর্শিতার্থাতিরিক্ত বস্তু যে ব্যাপ্রিনিশ্চয়, তদ্গত যে
স্বপ্রদর্শিত অর্থাদারকজনকতা, তর্মিরূপিত জ্যাতাই আছে। তাদৃশ জ্যাতার
জ্ঞাববত্বরূপ বিশেষণাংশটী কোন অনুমিতিতেই নাই।

তাহা হইলেও উত্তরে আমরা বলিতে বাধ্য হইব যে, "স্বপ্রদর্শিতার্থাতিরিক্ত বস্তুগত যে স্বপ্রদর্শিতার্থাদারকজনকতা, তল্লিরূপিত জ্ঞাস্তাভাববত্ত্বীরূপ

১। ইহা অভ্যুপগমই, নিদ্ধান্ত নহে। কারণ, ন্থায়াদিমতে বিষয়ের সহিত ইল্রিয়ের যে সন্নিকর্ব, তাহা প্রত্যক্ষে অপেক্ষিত থাকায় ঐ মতে ইল্রিয়ের যে প্রত্যক্ষমনকতা তাহা অর্থবারকই হয়, অর্থায়ারক হয় না। পরয়, বৌলমতে উহা অর্থবারক হয়েন না। কারণ, এইমতে চক্ষুর অপ্রাপ্যকারিস্বই সিন্ধান্তিত আছে। অতএব, চাক্ষ্ম প্রত্যক্ষে উক্ত লক্ষণের সময়য় হয়বৈ না। কারণ, স্বপ্রদণিত অর্থাতিরিক্ত বস্ত যে চক্ষ্মরিল্রিয়, তদ্গত যে অর্থায়ারক-জনকতা, তিরিজ্পিত জন্মতাই চাক্ষ্ম প্রত্যক্ষে আছে, তদভাববস্বাট উহাতে নাই।

বিশেষণাংশটা বিনা প্রয়োজনেই লক্ষণে প্রদত্ত হ'ইয়াছে। স্থতরাং, ব্যর্থ-বিশেষণতা-দোষে ছপ্ট উক্ত লক্ষণটীকে আমরা কোনরপেই সমর্থন করিতে পারি না। সমীপস্থ সাধ্যস্থলীয় অনুমিতিতে অতিব্যাপ্তির নিরাসার্থই উক্ত বিশেষণটী প্রদত্ত হইরাছিল। সাধাটী সমীপস্থই থাকুক বা দ্রস্থই থাকুক, তাহাতে বৌষ্মতে অনুমিত্যাত্মক ভানের কোনও ক্ষতি বা বৃদ্ধি হর না। কারণ, বৌদ্ধ-মতে অনীক যে সামাগ্র-লক্ষণ, তাহাই অনুমিতির বিষয় হর, অর্থক্রিয়াসমর্থ স্বলক্ষণ বস্তু, আদৌ অনুমিতির বিষয় হর না। স্থতরাং, এইমতে অনুমিত বিষয়ের দূরত্ব-সামীপ্যের কোন প্রশ্নই উঠে না। যাহা অসৎ বা অলীক, তাহা দুরবর্ত্তী বা সমীপস্থ হয় না, হইতে পারে না। স্থতরাং, কোনও ক্ষেত্রেই ইহা সম্ভব হইবে না, যাহাতে অর্থাৎ যে স্থলে, অনুমিতিতে স্ববিষয়ের আকার-দাতৃত্ব থাকিবে এবং দেশুলে অতিব্যাপ্তির নিরাসার্থ প্রদর্শিত বিশেষণের সার্থকতা থাকিতে পারে। স্থতরাং, তাৎপর্য্যটীকাকার বাচম্পতিমিশ্র লক্ষণে এব-কারার্থ-প্রবেশের যে প্রয়োজন বর্ণনা করিয়াছেন, বৌদ্ধ্যতে তাহা সম্ভব হয় বলিরা আমরা বুঝিতে পারিলাম না। ব্যাখ্যার দিঙ্নাগ যে এব-কারের প্রবেশ করিয়াছেন, তাহার এই মাত্রই তাৎপর্য্য যে, প্রত্যক্ষে বিষয়কে সহযোগী না করিয়া কোন কিছু কারণ হয় না, ইহা জানাইয়া দেওয়া। প্রত্যক্ষের লক্ষণে <u>এব-কারার্থের প্রবেশে উহার তাৎপর্য্য নহে। স্থতরাং, "স্বপ্রদর্শিতার্থজন্ত-</u> জ্ঞানত্ব"ই বস্থবন্ধুর মতাতু্ুুলারে প্রত্যক্ষের লক্ষণ হইবে। কিন্তু, ব্যাথ্যায় এব-কারের প্রবেশ থাকিলেও মূলগ্রন্থ বাদবিধিতে লক্ষণ-প্রতিপাদক বাক্যে এব-কার नाहै।' किंद्ध, आमता (रोक्षमणासूनात डेक नक्षनरक निर्प्ताय विनवाह मतन করি।

বস্ত্বন্ধুকথিত প্রত্যক্ষলক্ষণের প্রাস্তবিজ্ঞানে অতিব্যাপ্তি হইবে না। কারণ, প্রাস্ত-বিজ্ঞানের বিষয় অলীক হওয়ার স্বপ্রদর্শিত-বিষয়-জন্মঘটী উহাতে নাই। বাহা অলীক বা অসৎ, তাহা স্ববিষয়ক বিজ্ঞানে আকারের সমর্পণ করিতে পারে না।

বৌদ্ধ মহানৈয়ায়িক দিঙ্নাগ তদীয় প্রমাণসমূচ্চয়ে এবং স্থায়প্রবেশ বা

>। ততোহর্থান্বিজ্ঞানং প্রতাক্ষম্। স্থায়বার্ত্তিক ও প্রমাণসমূচ্চয়ে উদ্ধ ত বাদবিধি-বাক্য।

ভারম্থে ু ভিন্ন ভিন্ন বাক্যের দ্বারা বৌদ্ধনান্তর প্রত্যক্ষের লক্ষণ প্রদর্শন করিরাছেন। আমরা প্রধানতঃ প্রমাণসমূচ্যান্ত লক্ষণেরই আলোচনা করিব। বস্তব্যুক্ত লক্ষণ ও দিঙ্নাগক্ষত লক্ষণের মধ্যে পার্থক্য এই যে, বস্তব্যু প্রত্যক্ষের স্বরূপ-প্রতিপাদন-মুখে লক্ষণ বর্ণনা করেন নাই; পরস্তু, তিনি কারণ বর্ণনা-মুখেই লক্ষণপ্রতিপাদন করিরাছেন। দিঙ্নাগ প্রত্যক্ষের কারণ-প্রতিপাদনের দ্বারা উহার লক্ষণ-প্রতিপাদন করেন নাই, পরস্তু, স্বরূপ-প্রতিপাদন-মুখেই প্রত্যক্ষের লক্ষণবর্ণনা করিরাছেন।

<u>"প্রত্যক্ষং কল্লনাপোঢ়ং নামজাত্যাভসংযুহম্" এই কারিকাংশের ছারা দিঙ্নাগ</u> আমাদিগকে প্রত্যক্ষের লক্ষণ জানাইয়া দিয়াছেন। "প্রত্যক্ষম্" এই অংশের দ্বারা লক্ষ্য-নির্দেশ ও "কল্পনাপোঢ়ম্" এই অংশের দ্বারা লক্ষণ-নির্দেশ করা হইয়াছে। "কলনাপোঢ়ম্" এই পদটীর ব্যাখ্যারূপেই "নামজাত্যাভসংযুত্ম্" এই পদ প্রযুক্ত হইরাছে। যাহা প্রত্যক্ষ বাস্তবিকপক্ষে তাহা কল্লনাপোঢ় হইলেও, নর ও মানব এই ছইটা পদের তার প্রত্যক্ষ ও কল্পনাপোঢ় এই ছইটা পদ পর্য্যায়াত্মক নহে। উক্ত স্থলে প্রত্যক্ষ পদটার দারা অক্ষ, অর্থাৎ ইন্দ্রিয় আশ্রিতম্বন্যুপে এবং কল্পনাপোঢ় পদট্টীর দারা কল্পনাপোঢ়ত্ব-প্রকারে একই বিজ্ঞানরূপ অর্থ কথিত হইয়াছে। স্থতরাং, একই অর্থের উপস্থাপক হইলেও পদ ছইটী বিভিন্ন প্রকারে অর্থের উপস্থাপক হওয়ায় পর্য্যায়াত্মক হয় নাই ; পরস্ক, উদ্দেশ্য-বিধেয়-ভাবাপর একটা বিশিষ্ট অর্থের প্রতিপাদন করিয়াছে। গৌঃ গলকম্বলবান্ ইত্যাদি বাক্যে ্গোঃ ও গলকম্বলবান্ এই ছুইটা পদ একই অর্থের উপস্থাপন করিয়াছে। কারণ, যাহা গো তাহাই বাস্তবিকপক্ষেও গলকম্বলবান্ হয়, গো হইতে গলকম্বলবান্ অর্থ টা পৃথক্ নহে। এইরূপ হইলেও একটা গোত্বরূপে ও অপরটা গল-কম্বলবত্ত্ব-প্রকারে অর্থের উপস্থাপন করায় উহারা পর্য্যায়শব্দ হয় নাই; পরস্তু, উদ্দেশ্য-বিধেয় ভাবে একটা বিশিষ্ট অর্থেরই প্রতিপাদন করিরাছে। "প্রত্যক্ষং কল্পনাপোঢ়ম্" এই স্থলেও ঠিম্প্রদর্শিতরপেই তুইটা পদ মিলিতভাবে একটা বিশিষ্ট অর্থের প্রতিপাদন করিয়াছে। অতএব, উক্ত লক্ষণবাক্যের দ্বারা দিঙ্নাগ প্রত্যক্ষ-রূপ লক্ষ্যকে উদ্দেশ করিয়া উহাতে কল্পনা-মপোচ্ত-রূপ লক্ষণের বিধান করিয়াছেন।

১। প্রত্যক্ষং কল্পনাপোঢ়ং যজ্জানমর্থে রূপানে নামজাত্যাদিকল্পনারহিতং তদক্ষমকং প্রতি বর্ত্তইতি প্রত্যক্ষম্। ভারম্থ, পৃঃ ৭।

বে পদটী সাধারণতঃ বাদী ও প্রতিবাদী এতহ্ ভর-সন্মত-প্রকারে অর্থের উপস্থাপন করে, তাহাকে উদ্বেশ্যবাধক, এবং যাহা স্বসন্মত-প্রকারে অর্থের উপস্থাপন করে, তাহাকে বিধেরবাধক পদ বলা হইরা থাকে। প্রত্যক্ষরিজ্ঞানের ইন্দ্রিরসাপেক্ষরটা বৌদ্ধ ও তদিতর, এতহভর মতেই স্বীকৃত আছে। কিন্তু, উহার অর্থাৎ যাবৎ-প্রত্যক্ষের, কল্পনা-অপোঢ়ত্ব বৌদ্ধগাই স্বীকার করেন, অপরে নহে। স্কতরাং, এক্ষণে ইহা আমরা বৃত্তিরে পারিলাম যে, মহামতি দিঙ্নাগ ইন্দ্রিরসাপেক্ষত্ব বা ইন্দ্রিরাপ্রতিত্ব-প্রকারে প্রত্যক্ষ-পদের দ্বারা লক্ষ্যের নির্দেশ করিরা উহাতে স্বমতমাত্রসন্মত যে কল্পনা-আপোঢ়ত্তরূপ লক্ষণ, তাহার বিধান করিরাছেন। "তত্র প্রত্যক্ষ-পদের দ্বারা সাক্ষাৎকারি-বিজ্ঞানত্ব-প্রকারে লক্ষ্যের নির্দেশ করিরা উহাতে প্রত্যক্ষ-পদের দ্বারা সাক্ষাৎকারি-বিজ্ঞানত্ব-প্রকারে লক্ষ্যের নির্দেশ করিরা উহাতে অল্রান্তব্বিশিষ্ট-কল্পনা-অপোঢ়ত্বকে নিজ্পন্মত লক্ষণরূপে বিহিত্ত করিরাছেন। "

দিঙ্নাগের কল্পনা-অপোঢ়ত্বরূপ প্রত্যক্ষের লক্ষণটাকে আমরা ততক্ষণ পর্য্যস্ত ভালভাবে ব্ঝিতে পারিব না, যতক্ষণ না আমরা কল্পনা ও অপোঢ়ত্বের স্বরূপকে সরলভাবে অবধারণ করিতে পারিব। স্থতরাং, এক্ষণে আমাদের উক্ত হুইটীর স্বরূপসম্বন্ধে পরিকার ধারণা আবশ্যক।

বদি বলা যার যে, কল্পনার স্বরূপ ব্যা ত অতি সরল। কারণ, বৌদ্ধমতে প্রত্যক্ষ ব্যতীত যাবং জ্ঞানই কল্পনা। স্থতরাং, প্রত্যক্ষতির যে জ্ঞান, তাহাই কল্পনা হইবে। এই কল্পনা যাহাতে নাই তাহাই কল্পনা-অপোঢ়। এই বে কল্পনা-আপোঢ়ত্ত্ব, ইহাই প্রত্যক্ষের দিঙ্নাগ-সম্মত লক্ষণ। তাহা হইবেও ইহার বিরুদ্ধে আমরা বলিতে বাধ্য হইব যে, এরূপ কল্পনা-অপোঢ়ত্ত্ব প্রত্যক্ষের লক্ষণ হইতে পারে না। কারণ, উহা জ্ঞপ্তিতে পরম্পরাশ্রয়ত্ব-দোষে ছিই হইরা গিরাছে। প্রত্যক্ষতিম-জ্ঞানত্বকে কল্পনার মারীর বলিলে কল্পনার জ্ঞানে প্রত্যক্ষের জ্ঞান আবশ্রক হইরা গেল এবং উক্ত কল্পনার অপোঢ়ত্বটী প্রত্যক্ষণ দেহে প্রবিষ্ট থাকিলে প্রত্যক্ষের জ্ঞান আবার কল্পনার জ্ঞান বাধ্যতামূলকভাবে

১। স্থায়বিন্দু, হত্র ৪।

 [।] যত্রাদিল্রিয়ারয়ব্যতিরেকাল্পবিধায়্রথেয়্ সাক্ষাংকারিজ্ঞানং প্রত্যক্ষশক্ষবাচ্যং সর্কেবাং
 প্রসিদ্ধং, তদকুবাদেন কল্পনাংপাঢ়াভাতত্ববিধিঃ। ঐ, ব্যাখ্যা।

আবশুক হইরা গেল। স্থতরাং, করনার বোধে প্রত্যক্ষের বোধ এবং প্রত্যক্ষের বোধে করনার বোধ অপেক্ষিত হওয়ার উহা জ্ঞপ্তি-অংশে পরম্পরাশ্রয়ত্ব-দোষে তৃষ্ট হইরা গিয়াছে। সরল এবং বৌদ্ধ দৃষ্টিতে অভ্রান্ত হইলেও প্রদর্শিতরূপে আমরা করনার নির্বাচন করিতে পারিলাম না।

দিঙ্নাগ প্রমাণসমুচ্চয়ের স্বোপজ্ঞ বৃত্তিগ্রন্থে করনার স্বরূপপ্রতিপাদন করিতে গিয়া বলিয়াছেন যে, অর্থে নাম ও জাত্যাদির যে যোজনা, অর্থাৎ যোগ, তাহাই করনা। ডিআদি সংজ্ঞা-শব্দস্থলে অর্থে সংজ্ঞার যোজনা, গো প্রভৃতি জাতি-শব্দ হলে অর্থে গোড়াদি জাতির যোজনা, ভক্রাদি গুণ-শব্দস্থলে অর্থে গুকুত্বাদি গুণের যোজনা, পাচকাদি ক্রিয়া-শব্দ স্থলে অর্থে পাকাদি ক্রিয়ার যোজনা এবং দণ্ডী, বিষাণী প্রভৃতি দ্রয়া-শব্দ স্থলে অর্থে দণ্ড, বিষাণাদি দ্বারের যোজনা কথিত হইরা থাকে। এই যে যোজনা বা অর্থে নাম বা জাত্যাদির সম্বর্ধ, ইহাকেই আমরা পূর্ব্বোক্ত বৃত্তিগ্রন্থান্থসারে করনা বলিয়া ব্রিতেছি।

অপোঢ়-পদের ব্যাখ্যাপ্রসঙ্গে ঐ বৃত্তিগ্রন্থেই দিঙ্নাগ বলিরাছেন যে, বে জ্ঞান উক্ত কল্লনার অত্যন্তাভাববান্ তাহাই কল্লনাপোঢ় এবং প্রত্যক্ষ। ব্রুল্রাং, দিঙ্নাগের ব্যাখ্যাত্মসারে আমরা কল্লনার, অর্থাৎ নাম-জ্ঞাত্যাদি-যোগের, অত্যন্তাভাববিশিষ্ট যে জ্ঞানত্ব, তাহাকেই প্রত্যক্ষের লক্ষণক্রপে পাইতেছি। কিন্তু, প্রদর্শিত লক্ষণটাকে কখনই আমরা সমীচীন মনে করিতে পারি না। অর্থগত যে নামাদি-সম্বন্ধ-রূপ কল্পনা, তাহা চিরকাল অর্থেই থাকিবে, জ্ঞানে তাহা কথনও থাকিবে না। স্কৃত্রাং, উক্ত লক্ষণটা অনুমিতি প্রভৃতি জ্ঞানান্তর্ভাবে অতিব্যাপ্ত হইরা যাইতেছে। অনুমিত্যাদিজাতীয় জ্ঞানেও নাম-জাত্যাদি যোগের অত্যন্তাভাববিশিষ্ট যে জ্ঞানত্ব, তাহা আছে।

আমাদের মনে হর, "নামজাত্যাদিযোজনা" এই বৃত্তিগ্রন্থ যোজনা-পদটী যোগরূপ, অর্থাৎ সম্বন্ধরূপ, অর্থে প্রযুক্ত হর নাই। কারণ, বৌদ্ধমতে অর্থের সহিত

১। অথ কলন। চ কীদৃশী চেদাহ নামজাত্যাদিযোজনা। প্রমাণসমূচ্যর্ভি।

২। যত্ৰ জ্ঞানে কল্পনা নান্তি তৎ প্ৰত্যক্ষম্। ঐ।

শব্দের বে কোনও স্বাভাবিক সম্বন্ধ আছে, তাহা স্বীকৃত হর নাই; বরং গ্রায়াদিসমত বে শক্ষার্থের বাচ্যবাচকভাব সম্বন্ধ, আড়ম্বরের সহিত তাহার থণ্ডনই করা
ইইয়াছে।' স্কুতরাং, অর্থে নামজাত্যাদির সম্বন্ধ আছে বলিয়া বে জ্ঞান প্রকাশ
করে, অর্থাৎ বাস্তবিকপক্ষে অর্থে নামজাত্যাদির সম্বন্ধ না থাকিলেও বে জ্ঞান প্রকাপ
অসৎ-সম্বন্ধের প্রকাশ করে, তাহাই, অর্থাৎ তাদৃশজ্ঞানস্বই, বোজনা-পদের
অর্থ। উক্ত বোজনারপ বে জ্ঞানস্ব তাহাই কর্মনা। এই কর্মনা বা বোজনা
যাহাতে নাই, অর্থাৎ এই বোজনার অত্যন্তাভাববিশিষ্ট বে জ্ঞান, তাহাই প্রত্যক্ষ।

তত্ত্বসংগ্রহকার শান্তর্ক্ষিত "নামজাত্যাদিযোজনা" এই দিঙ্নাগীয় বৃত্তিগ্রন্থের ব্যাথ্যা করিতে গিয়া প্রথমতঃ নামযোজনা ও জাত্যাদিযোজনা এই ছই-রূপে উক্ত গ্রন্থের ভাগ করিয়াছেন। পরে প্রথম ভাগ যে নামযোজনা, তাহাকেই করনা-পদটীর ব্যাথ্যারূপে গ্রহণ করিয়াছেন, এবং "নামা (অর্থস্থা) যোজনা যতো ভবতি", এইপ্রকারে ব্যধিকরণবহুত্রীহিসমাসে উক্ত পদের ব্যুৎপত্তি করিয়াছেন। তত্ত্ববি, এই মতেও অভিলাপিনী, অর্থাৎ বাচক শব্দের সহিত অর্থের সম্বন্ধপ্রকাশক যে প্রতীতি, তাহাই যোজনা বা কয়ন। হইবে। এই কয়না বা যোজনা যাহাতে নাই, এমন জ্ঞানই প্রত্যক্ষ।

কিন্তু, এইপ্রকারে কল্পনার অত্যন্তাভাববিশিষ্ট যে জ্ঞানত্ব, তাহাকেও আমরা প্রত্যাক্ষর লক্ষণ বলিয়া গ্রহণ করিতে পারি না। কারণ, অনুমিত্যাতাত্মক কল্পনা-জ্ঞানে উহা অতিব্যাপ্ত হইয়া যাইতেছে। অনুমিতি প্রভৃতি জ্ঞানগুলি নিজেরা কল্পনা-স্বভাব হইলেও কল্পনাত্মক জ্ঞানের আধার বা আশ্রয় হয় না। এজ্ঞা, কল্পনার বা যোজনার অত্যন্তাভাববিশিষ্ট যে জ্ঞানত্ব, তাহা ঐ জ্ঞানে আছে। প্রত্যক্ষরণ করিলাম না। তিনি অপোঢ়-

১। অত্যেষাং চ বলক্ষণাদীনাং বাহ্যানাং বাচ্যত্বেনাযোগতা প্রতিপাদিতবাং। তত্ত্বসংগ্রহ, স্লো১২১৮, পঞ্জিকা।

২। নামাদিযোজনা চেয়ং শ্বনিবিত্তমনন্তর্ম। আফিপ্য বর্ত্ততে যেন তেন নাপ্রস্ততাভিধা। তত্ত্বসংগ্রহ, শ্লো, ১২২২।

তাভাাং যোজনা যতো ভবতি না তথোভা। গমকত্বাবৈয়ধিকরণ্যেংপি চ বহুবীহিঃ। ঐ,পঞ্জিকা।

^{ু ।} নুনু যদি প্রতীতিরভিলাপিনী কল্পনা, সা ধর্মিণী, ন চ ধর্মান্তরক্ত প্রসঙ্গো যেন তরিবেধস্তক্ষ্মত্যা ক্রিয়ত ইত্যসম্বলভিধানম্। পঞ্জিকা, পৃঃ ১৭১।

পদটীর "অত্যন্তাববান্" অর্থ করিলেও আমরা উহার "অফ্যোন্তাভাববান্"-রূপ অর্থ ই গ্রহণ করিলাম। স্থতরাং, আমাদের মতানুসারে কল্পনার অফ্যোন্তাভাব বা ভেদবিশিষ্ট বে জ্ঞানত্ব, তাহাই বৌদ্ধসমত প্রত্যাক্ষর লক্ষণ হইবে। প্রক্ষণে আর অনুমিত্যাদিজাতীর জ্ঞানে লক্ষণের অতিব্যাপ্তি হইবে না। কারণ, কল্পনা বা বোজনাস্বভাব যে ঐ সকল জ্ঞান, তাহাতে কল্পনার ভেদ নাই। স্থতরাং, "কল্পনাভেদবিশিষ্ট্রজ্ঞানত্ব"রূপ যে লক্ষণটা, তাহা উহাদের মধ্যে থাকিবে না। বৌদ্ধমতে প্রত্যক্ষজাতীর জ্ঞানগুলি অকল্পনাস্থভাব হওয়ায় ঐ সকল জ্ঞানে "কল্পনা বা বোজনার ভেদবিশিষ্ট জ্ঞানগুলি অকল্পনাস্থভাব হওয়ায় ঐ সকল জ্ঞানে "কল্পনা বা বোজনার ভেদবিশিষ্ট জ্ঞানগুল্মপ লক্ষণটীর যথাযথভাবেই সঙ্গতি হইল শান্তরক্ষিত্ত অপোঢ়-পদটীর অফ্যোন্তাভাববান্-রূপ অর্থ ই গ্রহণ করিয়াছেন। তিনি "যত্র জ্ঞানে কল্পনা নাপ্তি" এই দিঙ্নাগীয় বৃত্তিগ্রন্থকে তাদাত্ম্য-নিষ্ধেশ্যই বলিয়াছেন।

মহামতি দিছ্নাগ তদীর স্থারপ্রবেশ বা স্থারমুখনামক প্রকরণেও "তত্র প্রত্যক্ষণ কর্রনাপোঢ়ং যজ্জানমর্থে রূপাদৌ নামজাত্যাদিকরনারহিতঃ তদক্ষমক্ষণ প্রতি বর্ত্তত ইতি প্রত্যক্ষন্য বা তদ্ব্যাখ্যার পার্শ্বদেব যাহা বলিরাছেন। এই গ্রন্থের ব্যাখ্যার হরিভদ্র বা তদ্ব্যাখ্যার পার্শ্বদেব যাহা বলিরাছেন, তাহা লক্ষণ-নির্মাণের পক্ষে পর্যাপ্ত হয় নাই। তাঁহারা কর্নার স্বরূপটাকে পরিজার করেন নাই, এবং অপোঢ়-পদের অর্থকেও পরিক্ষুট করিতে চেষ্টা করেন নাই। প্রস্কুল ব্যাখ্যাগ্রন্থের ইহাই তাৎপর্যার্থ যে, প্রত্যক্ষজ্ঞানে স্বলক্ষণ ক্ষণই বিষয় হয়, বাচক নাম উহাতে বিষয় হয় না। কারণ, বাচক নামগুলির স্থলক্ষণ অর্থের সহিত কোন সম্বন্ধই নাই। তাদাখ্যা বা কার্য্যকারণভাবই বাস্তবিক সম্বন্ধ, স্বত্ত্বামিত্বাদিক্ষপ সম্বন্ধগুলি কার্নানক। প্রত্যের সহিত শব্দের তাদাখ্যাস্থন্ধ নাই। অভেদ-স্থলেই তাদাখ্যাটী সম্বন্ধ হয়। শব্দ ও বাচ্য অর্থের তাদাখ্যা থাকিলে অগ্নাদি শব্দের

>। এবং প্রতীতিরূপা চ যদেবং কল্পনা মতা। তাদাস্ম্যপ্রতিষেধশ্চ প্রত্যক্ষক্তোপবর্ণ্যতে। তত্ত্বসংগ্রহ, শ্লো ১২৩৯।

যত্রৈষা কল্পনা নান্তি তৎ প্রত্যক্ষমিত্যনেন গ্রন্থেন লক্ষণকারঃ তাদায়াপ্রতিহ্বধং করোতি । এবস্তুতং কল্পনায়কং যজ্জানং ন ভবতি ইত্যর্থঃ। পঞ্জিকা, পঃ ৩৭৩।

२। यनक्षविवयस्य প্रकाकम्। ग्रायथस्य वृत्ति, शृः ७८।

০। ভারপ্রবেশবৃত্তিপঞ্জিকা, পৃঃ ৭৬।

উচ্চারণে লোকের মুখ দগ্ধ হইরা বাইত, কিন্তু বস্তুতঃ তাহা হয় না। স্থতরাং, শক ও বাচ্য অর্থের তাদাত্ম্যরূপ সম্বন্ধ নাই। জন্ম-জনক-ভাব-সম্বন্ধও উহাদের থাকিতে পারে না। কারণ, অতীত যে রামরাবণাদিরূপ অর্থ, তাহাদের বাচক নামগুলি বর্ত্তমানেও আমরা উচ্চারণের দারা স্বাষ্ট করি এবং আগামী পুত্র প্রভৃতি অর্থ সম্বন্ধেও বর্ত্তমানেই নাম অর্থাৎ সংজ্ঞা কল্লিত হইতে দেখা যার। স্বতরাং, তাদায়া বা কার্য্যকারণভাব না থাকার নাম ও অর্থের প্র<mark>স্পর</mark> বাস্তব কোনও সম্বন্ধই নাই। এই কারণেই অর্থপ্রকাশক যে প্রত্যক্ষ জ্ঞান, তাহাতে বাচক নামের প্রকাশ হইতে পারে না। এইপ্রকারে প্রত্যক্ষের স্বরূপ-সম্বন্ধে কিছু আলোচনাই ঐ সকল ব্যাখ্যাগ্রন্থে পাওয়া যায়। তার্কিক পদ্ধতিতে কোন নির্দ্ধোধ-লক্ষণ বাহার দারা পাওয়া যার, ন্যারপ্রবেশোক্ত ঐ লক্ষণবাকোর এমন কোনও ব্যাখ্যা উহারা করেন নাই। স্থতরাং, আমাদের মনে হর, প্রমাণসমূচ্চয়োক্ত লক্ষণবাক্যের যে ব্যাখ্যা করা হইরাছে, এই গ্রন্থোক্ত লক্ষণবাক্যেরও সেই ব্যাখ্যাই করিতে হইবে। তাহা হইলে এই স্থলেও "কল্পনা-ভিন্নত্ব-বিশিষ্ট যে জ্ঞানত্ব," তাহাকেই প্রত্যক্ষের লক্ষণরূপে আমরা পাইব। যদিও দিঙ্নাগরুত প্রত্যক্ষলক্ষণ লইরা জারও অনেকানেক আলোচনা হইতে পারে, তথাপি গ্রন্থবিস্তারভয়ে আমরা এই স্থানেই উহার বিশ্রান্তি ঘটাইলাম। আমাদের মনে হর, ঐ সম্বন্ধে যতটা আলোচনা হইয়াছে তাহাতে লক্ষণটী পরিষার হইরাছে এবং অত্যাবশ্রক বিষয়গুলিও অনালোচিত হাবে পরিত্যক্ত হয় নাই।

একলে আমরা সায়বিশ্র কথিত প্রত্যক্ষনক্ষণটার আলোচনা করিব।
ধর্মকীর্ত্তি তদীর অনবস্থ গ্রন্থ সায়বিশৃতে "তত্র প্রত্যক্ষণ কর্মনাপোদ্মন্নান্তন্"
এই স্ত্রবাক্যের দ্বারা স্বন্দ্রত প্রত্যক্ষলক্ষণটার উপস্থাপন করিয়াছেন। দিঙ্নাগের
লক্ষণ হইতে ধর্মকীর্ত্তির লক্ষণে একটামাত্র অধিক বিশেষণ আমরা পাই।
অল্রান্তহরূপ বিশেষণটা দিঙ্নাগের লক্ষণে নাই, কিন্তু ধর্মকীর্ত্তির লক্ষণে তাহা
সমিবিষ্ট আছে। অবশিষ্টাংশে উভয়ের লক্ষণবাক্য অবিশেষ। দিঙ্নাগের
লক্ষণবাক্যে "কল্পনাপোদ্ম্" এই অংশ আছে, ধর্মকীর্ত্তির লক্ষণবাক্যেও ঐ
অংশটা বথাযথভাবেই আছে। বাক্যাংশের সমতা থাকিলেও অর্থাংশে উভয়ের

>। श्राप्तिन्तु, सूत्र ह।

সমতা নাই বলিয়াই আমাদের মনে হয়। কারণ, ধর্মকীর্ত্তি নবীন রীতিতেই
করনার স্বরূপ প্রদর্শন করিয়াছেন এবং এইমতে অত্যস্তাভাববান্-রূপ অর্থেই
অপোঢ়-পদটী ব্যবস্থত হইয়াছে। দিঙ্নাগের মতে বে উহা ঐ অর্থে প্রযুক্ত
হয় নাই এবং ভিন্ন, অর্থাং অন্যোক্তাভাববান্ অর্থে, প্রযুক্ত হইয়াছে, তাহা
আমরা পূর্বেরি জানিয়াছি। উভয়মতে করনার স্বরূপে প্রভেদ থাকায় অপোঢ়পদের অর্থেও প্রভেদ আসিয়া পড়িয়াছে।

বাহাই হউক, যতক্ষণ পর্যান্ত না আমরা কীর্ত্তির মতামুসারে ক্রনার স্বরূপটী ব্ঝিতে পারিব, ততক্ষণ পর্যান্ত আমাদিগকে তত্ত্ত লক্ষণে অঞ্জই থাকিতে হইবে। স্থতরাং, লক্ষণটীকে যথাযথভাবে ব্ঝিতে হইলে, প্রথমতঃই আমাদিগকে ধর্মকীর্ত্তিসমৃত ক্রনার স্বরূপসম্বন্ধে অবহিত হইতে হইবে।

"অভিলাপ-সংসর্গ-যোগ্য-প্রতিভাস-প্রতীতিঃ করনা", এই স্ত্রবাক্যের দারা ধর্মকীর্ত্তি আমাদিগকে স্বসন্মত করনার স্বরূপ জানাইয়া দিয়াছেন। "অভিলাপ্যতে আনন" এই অর্থে, অর্থাৎ বাহার সাহাব্যে আমরা অর্থের উপস্থাপন করিয়া থাকি এইপ্রকার অর্থে, অভিলাপ-পদটী নিপান্ন হইয়াছে। আমরা বাচক নামগুলির সহায়তায়ই অপরের নিকট অভিমত অর্থের উপস্থাপন করিয়া থাকি। স্কুতরাং, উক্ত বৃংপত্তি অনুসারে যে নাম বা যে সংজ্ঞাটী যে অর্থের বাচক, তাহাই, অর্থাৎ সেই নাম বা সংজ্ঞাটীই, অর্থের সেই অভিলাপ। এই অভিলাপের অর্থাৎ বাচক নাম বা সংক্রার সহিত অর্থের যে সম্বন্ধ, তাহার বোগ্যতাবিশিষ্ট প্রতিভাসযুক্ত প্রতীতিই ধর্মকীর্ত্তির মতানুসারে করনা হইবে।

বৌদ্ধমতে যে বাচক নামের সহিত বাচ্য অর্থের কোনও স্বাভাবিক সম্বন্ধ, অর্থাৎ তাদা ব্যা বা তত্ত্বপত্তি স্বীকৃত হর নাই, তাহা আমরা বস্থবন্ধুকৃত প্রত্যক্ষলকণের আলোচনাপ্রদক্ষে জানিতে পারিয়াছি। স্থতরাং, ধর্মকীর্ত্তি কল্পনার স্বরূপ বর্ণনার অভিলাপের সহিত অভিলাপের যে সংসর্গের কথা বলিয়াছেন, বৌদ্ধন্মতান্ত্রদারে উহা কিরূপ হইবে, তাহা আমাদের জানা আবশ্রক। আমাদের বস্তুসম্বন্ধে যে জ্ঞান হয়, তাহাতে অধিকাংশ ক্ষেত্রেই আমরা দেখিতে পাই যে, বস্তু ও তাহার বাচক নাম একসঙ্গেই জ্ঞানের দ্বারা প্রকাশিত হইতেছে, অর্থাৎ

२। शाहितम्, यव ६।

কোন না কোন নাম দিয়াই আমরা বস্তুকে জানিতেছি। এই একই জ্ঞানে নাম ও অর্থের সমাবেশ বা মিলনকেই ধর্মকীর্ত্তি বলিয়াছেন অভিলাপসংসর্গ।

বাচক নামগুলি যে স্থালকণ্যকে লইয়া, অর্থাৎ স্বজাতীয়েতর-ব্যাবৃত্তির দ্বারা, অর্থের উপস্থাপন করে না, পরন্ত, সামাগ্ত-লফণকে লইয়াই, অর্থাৎ বিজ্ঞাতীয়েতর-ব্যাবৃত্তির দারাই, অর্থের উপস্থাপদ করে, তাহাও আমর। পূর্ব্বে জানিতে পারিয়াছি। হতরাং, যে জ্ঞানেই নামের সহিত অর্থের সমাবেশ বা মিলন হইবে, সেই জ্ঞানে সামাস্তাকার লইরাই অর্থের প্রতিভাস বা সারপ্য স্বীকার করিতে হইবে। জানীয় উক্ত অর্থ-সামান্তাকারপ্রতিভাসকেই ধর্মকীর্ত্তি বলিয়াছেন "অভিলাপ-সংসর্গ-যোগ্য-প্রতিভাস"। জ্ঞানীয় যে অর্থসারপ্য বা অর্থাকার, তাহাই বৌজ্মতানুসারে প্রতিভাস-পদের অর্থ। অর্থাৎ, জ্ঞানগত যে বিষয়াকার, তাহাকেই বৌদ্ধগ^ণ তাঁহাদের ভাষায় প্রতিভাস বলিতেন। যে জ্ঞানে অর্থ-স্বালক্ষণ্যের প্রতিভা<mark>স</mark> থাকে, সেই জ্ঞানে বাচক নামের প্রকাশ থাকে না। যে জ্ঞানেই বাচক নামের প্রকাশ থাকে, তাহাতেই অর্থসামান্তাকারের প্রতিভাস থাকে। স্কুতরাং, ইহা দেখা যাইতেছে বে, জ্ঞানীর অর্থগামান্তাকার-প্রতিভাষ্টি হইল অভিলাপ-সংসর্কের <mark>(অর্থাৎ বাচ্যাকার-নিরূপিত যে বাচকাকার-প্রতিভাস তাহার) ব্যাপক। এই</mark> কারণেই ধর্মকীর্ত্তি অর্থসামান্তাকার-প্রতিভাবে উক্ত অভিলাপ-সংসর্গের যোগ্যতা আছে বলিয়া মনে করিয়াছেন। এতাদৃশ যোগ্যতাবিশিষ্ট প্রতিভাস যে প্রতীতিতে থাকিবে, তাহাই হইবে কল্পনা, অর্থাৎ অর্থসামান্তাকার-প্রতিভাসশালী যে জ্ঞান তাহাই ক্রনা হইবে। এতাদৃশ-ক্রনা-ভিন্ন যে অভ্রান্ত জ্ঞান, তাহাই প্রত্যক্ষ হইবে ।

এক্ষণে আমরা বিচার করিয়া দেখিব যে, শান্তরক্ষিতোক্ত করনার সহিত্
ধর্মকীর্ত্তি-প্রদর্শিত করনার কোনও বৈষম্য আছে কি না এবং থাকিলে ঐ বৈষম্যের
কারণ কি। শান্তরক্ষিত অভিলাপিনী প্রতীতিকে, অর্থাৎ অর্থাকার-নির্মাণত যে
বাচকাকার, অথবা অর্থ-প্রতিভাদ-নির্মাণত যে বাচক-নাম-প্রতিভাস, তাহাকেই
ফলতঃ অভিলাপ বলিরাছেন এবং ঐ প্রকার প্রতিভাস যাহাতে আছে, অর্থাৎ
নাম ও এতহুভরের প্রতিভাস বা আকার যাহাতে আছে, এমন প্রতীতিকেই,
কল্পনা বলিরাছেন। ইহা ধর্মকীর্তির মতানুসারেও অভিলাপ-সংসর্গপ্রতীতিই হইল। কারণ, ধর্মকীর্তিও ফলতঃ অর্থ-প্রতিভাস-নির্মাণত যে বাচক-

নাম-প্রতিভাস, তাহাকেই অভিনাপ-সংদর্গ বলিয়াছেন।. ইহাই যদি কল্লনার স্বরূপ হয়, তাহা হইলে যাহাতে বাচক নামের প্রতিভাস বা আকার নাই, প্রহা কল্পনা হইবে না। কিন্তু, বালমুকাদির বে ইপ্ট-সাধনতা-প্রতীতি, যাহার ফলে তাহারা স্ব স্ব অভিলম্বিত কার্য্য স্তম্যুপানাদিতে প্রবৃত্ত হয়, সেই প্রতীতিতে করনাত্ত থাকিবে না। কারণ, সামান্ততঃ অর্থের প্রতিভাস, অর্থাৎ অর্থসামান্তাকার-প্রতিভাস থাকিলেও বাচক নামের প্রতিভাস উহাতে নাই। জাতমাত্র বালক বা মুকাদির বাচক-নামসম্বন্ধে ধারণা থাকে না। অনভ্যস্ত স্থলে প্রত্যক্ষের দ্বারা বস্তুর ইষ্ট্রসাধনতা জানা যাইতে পারে না। তত্ত্ব বা ভজ্জাতীয়ত্ব লিঙ্গের দারাই প্রায়শঃ আমরা অর্থকে ইষ্টসাধন বলিয়া বৃঝি। স্কুতরাৎ, অন্তুমিতিজাতীয় যে ইষ্ট-সাধনতা-বোধ, তাহা কল্পনাই হইবে। এই কারণেই, অভিলাপ-সংসর্গ-প্রতীতি বা অভিলাপিনী প্রতীতিকে কর্না না বলিয়া অভিলাপ-সংসর্গ-যোগা-প্রতিভাস-প্রতীতিকে করনা বলিয়াছেন, অর্থাৎ অভিলাপ-সংসর্গ-প্রতীতিত্ব বা অভিলাপি-প্রতীতিত্বকে কল্পনার লক্ষণ না বলিয়া অভিনাপ-সংসর্গ-যোগ্য-প্রতিভাস-প্রতীতিত্বকে কল্লনার লক্ষণ বলিয়াছেন। পুর্ব্বেই ইহা আমরা জানিয়াছি যে অর্থের <mark>যে</mark> সামান্তাকার-প্রতিভাস, তাহাই অভিলাপ-সংসর্গ-বোগ্য প্রতিভাস। এই যে প্রতিভাস, ইহা পূর্ব্বোক্ত ইষ্ট-সাধনতা-প্রতীতিতেও আছে। বাল বা মুকাদির হইলেও উহাতে অর্থের সামান্তাকার-প্রতিভাস থাকিবেই। অমুমিত্যালাত্মক জ্ঞানে সামান্তাকারেই অর্থগুলি প্রতীত হইরা থাকে। অতএব, বাচক নামের প্রতিভাগ না থাকিলেও ঐ সকল প্রতীতিতে কল্পনা-লক্ষণের অব্যাপ্তি হইল না, এবং যে সকল প্রতীতিতে অর্থ ও নাম এতত্ত্তরের প্রতিভাস আছে. তাহাতেও উক্ত লক্ষণের অব্যাপ্তি হইবে না। কারণ, সামান্তাকারে অর্থ-প্রতিভাস ঐ সকল জ্ঞানেও আছে। অর্থের সামান্তাকার-প্রতিভাস না গাকিলে উহাতে বাচকাকারের প্রতিভাস থাকিতেই পারিত না। কারণ, অর্থসামান্তাকার-প্রতিভাসটী বাচকাকার প্রতিভাসের ব্যাপক।

১। কাচিত্ত্ অভিনাপেনাসংস্থাপি অভিনাপসংসর্গবোগ্যাভাসা ভবতি। যথা বালকস্ত অব্বংপরসক্ষেত্ত কল্পনা। তত্র অভিনাপসংস্থাভাসা কল্পনেত্যুক্তে অব্বংপরসক্ষেত্ত ন সংগৃহতে। যোগ্যগ্রহণে তু সাপি সংগৃহতে। যাত্তপ্যভিনাপসংস্থাভাসা ন ভবতি তদহর্জাত ত্ত কল্পনা অভিনাপসংস্থাযোগ্যপ্রতিভাসা তু ভবত্যেব। স্তান্ত্রিন্দু, ফুত্র ৫, ব্যাখ্যা।

শান্তরক্ষিত বালম্কাদিস্থলীয় যে ইপ্ট-সাধনতা-প্রতীতি, তাহাতেও বাচকনামাকারের প্রতিভাস থাকে বলিয়া মনে করিতেন। পূর্ব্বজ্ञনীয় সংস্কারবশেই ঐ
সকল প্রতীতিতে বাচকনামের প্রকাশ হইতে পারে বলিয়া তাঁহার ধারণা ছিল।
স্কুতরাং, তিনি অভিনাপিনা প্রতীতিমাত্রকেই ক্সনা বলিয়াছেন। ক্সনার
লক্ষণে যোগ্যতা-প্রবেশের কোনও প্রয়োজন তিনি দেখেন নাই।

ভায়বিন্দুকার ধর্মকীর্ত্তি বালমুকাদির ইপ্ট-সাধনতা-বোধে বাচকনামের প্রতিভাস স্বীকার করেন নাই। স্কুতরাং, তিনি ঐ সকল প্রতীতির সংগ্রহার্থে কল্পনার লক্ষণে নামাকার-প্রতিভাব-যোগ্য প্রতিভাবের, অগৎ নামাকার-প্রতিভাব-প্রযোজক প্রতিভাবের প্রবেশ করিরাছেন। অর্থের যে নামান্তাকার প্রতিভাস, যাহা বাচক-নামাকার-প্রতিভাসের প্রতি যোগ্যতাবিশিষ্ঠ, তাহা বালমূকাদিত্বলীয় ইষ্ট্রসাধনতা-প্রতীতিতেও আছে। অতএব, যোগ্যভাঘটিত যে ক্রনার লক্ষণ, তদ্বারা উক্ত ইট্ট-সাধনতা-প্রতীতিও যণাষথভাবেই সংগৃহীত হইল। এইস্থলের যোগ্যভাটী নিয়তপূর্ব্ববর্ত্তির-ঘটিত নহে। কারণ, অর্থদামান্তাকার-প্রতিভাসে নামাকার-প্রতিভাসের নিয়তপূর্ববর্ত্তির থাকে না। নামাকার-প্রতিভাসের সহিত একক্ষণেই অর্থপামান্তাকার-প্রতিভাসগুলি উৎপন্ন হইরা থাকে। স্ক্রতাং, এইস্থলীয় যোগ্যতাতে নিয়তপূর্কবর্তিজের প্রবেশ থাকিলে অর্থনামান্তাকার-প্রতিভাষ্টী নামাকার-প্রতিভাসের প্রতি আদে যোগাই হইবে না। পরস্তু, এই কল্পনার লক্ষণে ব্যাপকত্বরূপ অর্থেই যোগ্যতার কথন ব্বিতে হইবে। এক্ষণে আর যোগ্যতার ব্যাঘাত হইবে না। কারণ, সহোৎপন্ন হইলেও সামান্তাকার-প্রতিভা<mark>সে</mark> নামাকার-প্রতিভাসের ব্যাপকতা অবশুই আছে। নামাকার-প্রতিভাসের এমন কোনও স্থল আমরা পাইব না, যাহাতে অর্থের সামান্তাকার-প্রতিভাস থাকিবে না। এইস্থলীয় যে নামাকার প্রতিভাস, তাহাতে অবশ্রুই স্বতাদাঅ্যাপন্ন-জ্ঞানবিষয়াজগুত্ব-রূপ বিশেষণের প্রবেশ করিতে হইবে। অন্তথা, অর্থনামান্তাকার-প্রতিভাসে নামাকার-প্রতিভাবের ব্যাপকতা থাকিবে না ৷ কারণ, ঘটাদি অর্থের বাচক-নাম-

১। অতীতভবনামার্থভাবনাবাসনাব্যাং। সজ্যোজাতোহপি যদ্যোগাদিতিকর্ত্তব্যতাপটুঃ ।
তত্ত্বসংগ্রহ, শ্লো ১২১৬ ।

ইতিকর্ত্তবাতা লোকে সর্বাপলব্যপাশ্রয়। যাং পূর্বাহিতসংস্কারো বালোহপি প্রতিপদ্ধতে ।

ত্র, পঞ্জিকা।

বিষয়ক যে শ্রাবণ প্রত্যক্ষ, তাহাতেও নামাকার প্রতিভাস আছে। কারণ, ঐ স্থলে বিষয়ক্রপে নামই প্রাত্যক্ষিক প্রতীতিতে আকার-সম্পাদন করিয়াছে। কিন্তু, ঐ প্রতী,তিতে কোনও সামাগ্রাকার-প্রতিভাস নাই। প্রাত্যক্ষিক সংবেদনে যে সামান্তাকার থাকে না, তাহা দিদ্ধান্তিতই আছে। নাম-প্রতিভাসে উক্ত বিশেষণটী থাকিলে আর শ্রাবণ-প্রত্যক্ষগত যে নামাকার, তাহাকে আমরা অভিমত নামাকার বলিয়া গ্রহণ করিতে পারিব না। কারণ, উহা স্বতাদাত্মাপর বে প্রাবণ প্রত্যক্ষ, তাহার বিষয় যে সংস্কারণ স্বলকণ বস্তু, তজ্জগুই হইরাছে, তদজ্য হর নাই। অর্থ-বিকল্পনা-স্থলীর যে নামাকার প্রতিভাস, তাহাতেই উক্ত বিশেষণটা থকিবে। কারণ, উক্ত নামাকার-প্রতিভাসের তাদাত্মাপন্ন বে ঐ অর্থবিকলনা, তাহার বিষয় যে অলীক সামাগুলক্ষণ, তাহা উক্ত জ্ঞানে নামাকার-প্রতিভাসের সম্পাদন করে নাই। অলীকের সম্পাদকতা থাকে না। স্ত্রাং, অর্থ-বিকল্লনাস্থলীয় যে নামাকার-প্রতিভাস, তাহাই স্বতাদাত্ম্যাপন্ন-জ্ঞানবিষরাজ্ঞতক্রপ বিশেষণযুক্ত হইবে। ঐ একরি যে বিশিষ্ট নামাকার প্রতিভাস, তাহার প্রতি অর্থসামান্তাকার-প্রতিভাসের যে ব্যাপকতারূপ যোগ্যতা, তাহা থাকিবেই। তএই প্রণালীতে পরিকার করিয়া যদি আমরা কল্পনার লক্ষণ করি এবং "তভিন্ন-জানত্ব"কে প্রত্যক্ষের লক্ষণরূপে ধরিন্না লই, তাহা হইলে আর কোনও দোষ থাকিবে না বলিয়াই আমাদের মনে হয়।

এই ব্যাথ্যাতেও শাস্ত্রাফিতের মতের স্থার ধর্মকীর্ত্তির মতেও অর্থ-সামান্যাকার-প্রতিভাবশালিনী যে প্রতীতি, তাহাই কল্পনা হইল। স্কৃতরাং, অপোঢ়-পদটারও এই মতে ভিন্ন বা অন্যোন্তাভাববান্-রূপ অর্থ ই গ্রহণ করিতে হইবে। স্কৃতরাং, "অন্নান্তত্বে সতি কল্পনাভিন্নজ্ঞানত্ব, অর্থাৎ ভ্রম-ভিন্নত্বে সতি অভিলাপ-সংসর্গ-যোগ্য-প্রতিভাসশালি-প্রতীতি-ভিন্ন জ্ঞানত্ব"ই প্রত্যক্ষের সামান্য-লক্ষণ হইল।

কিন্তু, আমাদের ইহা মনে হর বে, আমরা ধর্মকীত্তির মতামুসারে লক্ষণটীকে অপেক্ষাকৃত সংক্ষিপ্ত করিতে পারি। অংশুই করনা-বস্তুটী প্রতীতি বা সংবেদন-রূপ হওয়ার, যথন আমরা অন্ত উদ্দেশ্য না লইয়া কেবল করনার স্বরূপপ্রতিপাদনেই প্রবৃত্ত হইব, তথন প্রতীতিত্বের প্রবেশে উহার লক্ষণটীকে "অভিলাপ-সংসর্গ যোগ্য-প্রতিভাস-শালিত্বে সতি প্রতীতিত্বই করনাত্ব", এইপ্রকারেই গ্রহণ করিতে



ইইবে। অন্তথা, ইচ্ছা প্রভৃতিতে ঐ লক্ষণের অতিব্যাপ্তি হইবে। কারণ, ইচ্ছা প্রভৃতি যে সবিষয়ক হৈত্ত ক্ষণগুলি তাহাতেও অর্থসামান্তাকারের প্রতিভাস থাকে। ঐ সকল হৈত্ত-ক্ষণগুলিও যদি সংবেদনাত্মক বস্তুই হয়, তাহা হইলে উহারাও কল্পনার মধ্যেই অন্তর্ভুক্ত হইবে। স্কৃতরাং, এই মতে প্রতীতিস্বরূপ বিশেষ্যাংশের পরিত্যাগ করিরা কেবল অভিলাপ-সংসর্গ-যোগ্য-প্রতিভাসশালিওই কল্পনার লক্ষণ হইবে। প্রতিভাসটি সংবেদনানাত্মক পদার্থে না থাকায় সংবেদনভিয়ে ঐ লক্ষণের অতিব্যাপ্তি হইবে না এবং প্রত্যক্ষ-সংবেদনে প্রতিভাস থাকিলেও অভিলাপ-সংসর্গ-যোগ্য যে প্রতিভাস, অর্থাৎ অর্থসামান্তাকার যে প্রতিভাস, তাহা না থাকায় উহাতেও এই যে অপেক্ষাকৃত ক্ষুদ্র লক্ষণটী, ইহার অতিব্যাপ্তি হইবে না। স্কৃতরাং, ইচ্ছাদির সংবেদনাত্মকভাপক্ষেপ্রতীতিত্ব-সংশ বাদ দিয়া কেবল অভিলাপ-সংসর্গ-যোগ্য-প্রতিভাসশালিও কল্পনার লক্ষণ হইবে।

প্রতীতিত্বাংশকে নইরাই হউক অথবা উহাকে বাদ দিরাই কর্নার লক্ষণ হউক, কিন্তু, প্রত্যক্ষের লক্ষণে কর্নাগত যে প্রতীতিত্ব-অংশ, তদন্তর্ভাবের কোনও উপযোগ আমরা দেখি না এবং এইমতে অপোঢ়-পদটিও অত্যন্তাভাববান্-অর্থেই গৃহীত হইতে পারিবে। স্কতরাং, "ভ্রমভিন্নত্বে সতি অভিলাপসংসর্গযোগ্যপ্রতিভাসশৃগুজ্ঞানত্ব"ই হইবে প্রত্যক্ষের সামাগুলক্ষণ। কিন্তু, বান্তবিকপক্ষে অভিলাপত্ব, সংসর্গত্ব বা যোগ্যত্ব, ইহারা কেহই লক্ষণপ্রবিষ্ট ধর্ম নহে। যাদৃশ প্রতিভাসকে লইয়া লক্ষণটী বিনিশ্মিত হইবে তাদৃশ প্রতিভাসের পক্ষে উহারা পরিচায়ক-রূপেই কণিত আছে। স্কৃতরাং, ভ্রমভিন্নত্বে সতি সামাগুলক্ষণ। স্বপ্রদিতানপেক্ষিত্বই প্রতিভাসের সামাগ্রাকারপ্রতিভাসশৃগুজ্ঞানত্ব"ই হইবে প্রত্যক্ষের পর্যাবসিত সামাগ্রলক্ষণ। স্বপ্রদর্শিতানপেক্ষিত্বই প্রতিভাসের সামাগ্রাকারত্ব। সেই প্রতিভাসকেই আমরা বৌদ্মতান্ত্বসারে সামাগ্রাকার বলিব, যাহা তৎপ্রদর্শিত বিষয়কে অপেক্ষা না করিয়াই উৎপন্ন হয়।

ন্তার বিন্দুকার সম্যক্-প্রত্যক্ষেরই সামান্তলক্ষণ করিরাছেন, তিনি ভ্রম-প্রমান্তলক্ষণ করিরাছেন, তিনি ভ্রম-প্রমান্তলক্ষণ প্রত্যাং, তদীর লক্ষণে অভ্রান্তবরূপ বিশেষণটা প্রদত্ত হইরাছে। ক্রতগামী যানে অবস্থিত পুরুষ পার্শস্থ বৃক্ষাদিকে ক্রত-গ্রমনশীল বলিয়া দেখিতে পার। এই যে চলদ্বুক্ষ-প্রতীতি, ইহা্ভ্রাস্ত। কারণ, উক্ত

বৃক্ষ হস্থানেই স্থিন ভাবে বিজ্ঞান আছে। এই জ্ঞানের যে বৃক্ষপ্রতিভাস তাহার বৈষম্য ঘটিতে দেখা যান। ক্রমশঃ বৃক্ষটিকে ক্ষুদ্রভর বলিরা মনে হয়। এই যে প্রতিভাসত বষমা, ইহা বিষয়ের দ্রন্ধ-নিকটন্থের ফলেই হইয়া থাকে। স্মৃতরাং, অর্থ ক্রিয়াসমর্থ 'যে স্বলক্ষণ বস্তু, তাহাই এই জ্ঞানে প্রতিভাসের সমর্পক। অতএব, এই প্রতিভাসকে আমরা সামান্তাকার বলিতে পারি না। এই প্রতিভাস যদি স্বপ্রদর্শিতবিষয়নিরপেক্ষ হইত, তাহা হইলে বিষয়ের দ্রন্ধ-নিকটন্থে ইহার বৈষম্য হইত না। বস্তুসাপেক্ষ বলিরাই ইহা স্থলক্ষণাকার হইবে, সামান্তাকার হইবে না। স্মৃতরাং, এই যে চলদ্বৃক্ষ-দর্শন, ইহা সংবাদক না হওয়ায় ইহাতে লক্ষণের অতিবাধি হইয়া যাইবে, যদি না লক্ষণে ভ্রমভিন্নত্বরূপ বিশেষণাটী প্রদত্ত হয়। ভ্রম-প্রমা-সাধারণভাবে প্রত্যক্ষের লক্ষণ করিলে তাহাতে অভ্রাপ্তর বা ভ্রমভিন্নত্বরূপ বিশেষণের প্রয়োজন থাকিবে না।

প্রানম্পিক হওরার এই স্থানেই বৌদ্ধমতানুসারে ভ্রমের নিরূপণও করা যাইতে পারিত; কিন্তু, বিস্তারভরে আর ভ্রমের ব্যাখ্যা করা হইল না। প্রমাণের নিরূপণ শেষ করিয়াই আমরা ভ্রমের ব্যাখ্যা করিব। যদিও এই সম্বন্ধে আরও অনেক বক্তব্য ছিল, তথাপি লক্ষণ জানিবার পক্ষে অত্যাবশ্যক না হওয়ায়, প্রত্যক্ষের সামাগ্যলক্ষণের বৌদ্ধমতানুসারিণী ব্যাখ্যার এই স্থানেই পরিসমাপ্তি করিলাম।

প্রত্যক্ষের সামান্ততঃ নিরূপণ পরিসমাপ্ত হইয়াছে। এক্ষণে প্রসক্ষত্রমে তাহার বিভাগ করা যাইতেছে। ধর্মকীর্ত্তি প্রত্যক্ষকে চারি ভাগে বিভক্ত করিয়াছেন — "ইন্দ্রিজ্ঞান", "মনোবিজ্ঞান", "আত্মসংবেদন" ও "যোগি-জ্ঞান"। চক্ষুরাদি ইন্দ্রিয়াশ্রিত যে নীল-পীতাদি ক্ষণ-বিষয়ক প্রত্যক্ষজ্ঞান, তাহাদিগকেই ইন্দ্রিয়াশ্র বিশ্বতে হইবে। ঘ্রাণজ্ঞ, রাসন, চাক্ষুষ, ছাচ্ ও শ্রাবণ ভেদে এই ইন্দ্রিরবিজ্ঞান আবার পাঁচ ভাগে বিভক্ত। নীলাদিরূপ স্বলক্ষণ-ক্ষণ, অর্থাৎ বস্তু ও চক্ষুরাদি ইন্দ্রিয়গুলি পরম্পর মিলিতভাবে যখন স্বলক্ষণাকার-প্রতিভাসশালী জ্ঞানের সমুৎপাদন করিবে, তথন ঐ যে স্বলক্ষণাকার-প্রতিভাসী বিজ্ঞান, তাহাই ইন্দ্রিয়ভ্রান হইবে। অর্থাৎ, চক্ষুরাদি ইন্দ্রিয়গুলি অধিপতি-প্রত্যয়রপে এবং নীলাদি বিষয়গুলি আলম্বন-প্রত্যয়রপে কারণ হইয়া যে স্বলক্ষণাকার-প্রতিভাসী বিজ্ঞানটীর সমুৎপাদন

করে, তাহাই ইন্দ্রিবিজ্ঞান বা ইন্দ্রিয়ঞ্জান নামে বৌদ্ধগ্রারশান্ত্রে প্রসিদ্ধ আছে।
এই ইন্দ্রিয়ঞ্জানগুলিকে চাক্দ্র্য, রাসন, তাচ, শ্রাবণ ও ঘ্রাণজ নামে পাঁচ ভাগে
বিভক্ত করিলেও বৌদ্ধমতানুসারে ইহা অপসিদ্ধান্ত হইবে না। ইহা সর্ব্বদাই
মনে রাথিতে হইবে নে, বৌদ্ধমতানুসারে প্রত্যক্ষ জ্ঞান স্বিক্লক হয় না;
পরস্ত, সকল সময়েই উহা নির্মিকলক হইবে।

বৌদ্ধসিদ্ধান্তে মনোবিজ্ঞান নামে একপ্রকার প্রত্যক্ষ স্বীকৃত হইরাছে।
এই প্রকারের কোন প্রত্যক্ষ স্থারাদিমতে স্বীকৃত হয় নাই। এই সম্বন্ধে
ধর্মোত্তর বলিয়াছেন যে, এই প্রকারের প্রত্যক্ষবিজ্ঞানকে কোনও সাধক প্রমাণের
দারা যথাযথভাবে প্রমাণিত করিতে না পারিলেও, ইহাকে স্বীকার করিলে বৌদ্ধ
সিদ্ধান্তের কোনও হানি হয় না এবং শান্ত্রানুসারে ইহা সিদ্ধ আছে। স্বত্রাং,
প্রত্যক্ষের বিভাগে মনোবিজ্ঞানের পরিগণনা করা হইল!

অধিপতি-প্রত্যয়ররপ চক্ষ্রাদি ইন্দ্রিরের দ্বারা নীলাদি বিজ্ঞান সমুৎপর হইলে ঐ যে চাক্ষ্ম নীলবিজ্ঞান, তাহা সমনস্তর-প্রত্যয়রপে অব্যবহিতোত্তর ক্ষণে নীল-ক্ষণ-বিষয়ক আর একটি বিজ্ঞানের স্বষ্টি করে। এই যে দ্বিতীয় বিজ্ঞানটা, ইহাকেই মনোবিজ্ঞান নামে অভিহিত করা হইরাছে'। এই মনোবিজ্ঞানে যে নীল-ক্ষণটি বিষয় হইয়াছে, তাহা পূর্ব্ববর্ত্তী চাক্ষ্ম বিজ্ঞানের বিষয় যে নীল-ক্ষণটি, তাহার সমনস্তরক্ষণবর্ত্তী। অর্থাৎ, একটি নীল-সন্তানের যে সন্তানী ক্ষণটি পূর্ববর্ত্তী চাক্ষ্ম বিজ্ঞানে আপন প্রতিভাগ জন্মাইয়া দিয়াছিল, সেই সন্তানী নীল-ক্ষণটির অব্যবহিতোত্তরবর্ত্তী যে সেই নীল-সন্তান-গত অপর নীল-ক্ষণটী, তাহাই স্বাকার-প্রতিভাসের সম্পাদন করিয়া পরবর্ত্তী ঐ মনোবিজ্ঞানে বিষয় হইবে ও এবং পূর্ববর্ত্তী ঐ চাক্ষ্ম নীলবিজ্ঞানটি হইবে ঐ মনোবিজ্ঞানের সমনস্তরপ্রত্যয়। কিন্তু,

^{)।} এতচ্চ দিদ্ধান্তপ্রদিদ্ধং মানসং প্রত্যক্ষম্। নত্বস্ত সাধকমন্তি প্রমাণম্। এবং-জাতীয়কং তদ্ যদি স্তাৎ ন কন্চিদ্ধোবঃ স্তাদিত্যক্তং লক্ষণমাধ্যতিমস্তেতি। স্থায়বিন্দ্, সূত্র ১, বাাধ্যা।

২। ব্যবিষয়ানন্তরবিষয়সহকারিণেন্দ্রিয়জানেন সমন্তরপ্রত্যায়েন জনিতং তন্মনোবিজ্ঞানম্। স্থায়বিন্দু, স্ত্র ৯।

৩। ন বিদ্যতে অন্তরমতেতি। অন্তরং চ ব্যবধানং বিশেষকোচাতে। অতশ্চান্তরে প্রতিসিদ্ধে সমানজাতীয়ো দিতীয়ক্ষণভাব্যপাদেয়ক্ষণ ইন্দ্রিয়ক্তানবিষয়ক্ষণাছ্ত্রক্ষণ একসন্তানন্তিভূতো গৃহীতঃ। ন্থায়বিন্দু, কুত্র ৯, ব্যাথ্যা।

সর্বাদাই ইহা মনে রাখিতে হইবে বে, যদি একটি চাকুষ নীল-বিজ্ঞান জন্মাইয়া দিরাও চকু সব্যাপার থাকে, অর্থাৎ নিমালিত বা অগ্রত নিবদ্ধ না হর, তাহা হইলে পরবর্তী যে সমনন্তর নীল-কণবিবরক অন্ত নীলাকার বিজ্ঞানটি হইবে, তাহা মনো-বিঞান হইবে না, উহা অন্ত একটি চাকুব বিজ্ঞানই হইবে'। নীলাকার বিজ্ঞান জনাইয়া দিয়া চক্ষু নির্ব্যাপার হইলেও যদি পরবর্তী অপর নীল-ক্ষণবিষয়ক, অর্থাৎ পরবর্তী অপর নীল-প্রতিভাদী, বিজ্ঞান সমুৎপন্ন হয়, তাহা হইলেই উহা মনো-বিজ্ঞান নামে অভিহিত হইবে। ইক্রিরবিজ্ঞানের বিষয়ীভূত নীলাদিক্ষণ এবং মনোবিজ্ঞানের বিবলীভূত নীলাদিক্ষণ, ইহারা কথনও পৃথক্ সস্তানগত হইবে না এবং ইক্রিয়জানের বিষয়ীভূত ক্ষণটার অব্যবহিতোত্তরবর্ত্তী যে নীলাদিক্ষণটা, তাহাই হইবে মনোবিজ্ঞানের আপন বিষয়। পূর্ববর্তী ইন্দ্রিয়জ্ঞানের বিষয় হইতে পরবর্তী মনোবিজ্ঞানের যে বিষয়, তাহা এক সন্তানান্তর্গত হইলেও সন্তানী ক্ষণ পৃথক্ হওয়ায় (সমানাকারক হইলেও) উহা অনধিগতার্থের প্রতিভাসীই হইল। স্বতরাং, পূর্ব্ববর্ত্তী ইন্দ্রিরবিজ্ঞানের পরবর্ত্তী বে মনোবিজ্ঞান, তাহাও প্রমাই হইবে । সামাগুলক্ষণের প্রতিভাস না থাকায় উহাতে কল্পনাত্বের কোন প্রসঙ্গই নাই। কন্ননাত্ব না থাকার উহা প্রত্যক্ষেই অন্তর্ভুক্তি হইবে। এজ্যু, প্রত্যক্ষের বিভাগে মনোবিজ্ঞানের পরিগণনা হইয়াছে। এই স্থলে এই কথাটিও বিশেষ করিয়াই মনে রাখিতে হইবে যে, যদি পূর্ববর্তী ইন্দ্রিরবিজ্ঞানটী, সমনন্তর-প্রভার-রপে কারণ না হইরা, আলম্বন-প্রত্যর-রপে পরবর্ত্তী বিজ্ঞানের কারণ হয়, তাহা হইলে ঐ পরবর্ত্তী বিজ্ঞানটী, মনোবিজ্ঞান হইবে না, উহা যোগিজ্ঞানে অন্তর্ভুক্ত হইবে। পুর্ববর্তী ইন্দ্রিয়জ্ঞানের সহিত পরবর্তী মনোবাজ্ঞনের এক-সন্তান-বর্ত্তিতা-স্থলেই ঐ মনোবিজ্ঞান প্রত্যক্ষ হইবে, অন্তথা নহে। ^৪ পূর্ব্বে

এতক্ত মনোবিজ্ঞানম্পরতব্যাপারে চফুবি প্রত্যক্ষিয়তে। ব্যাপারবতি তু চফুবি

বিদ্বাপজ্ঞানং তং দর্বং চফুরাথিতমেব। আয়বিন্দু, হুয় ১, ব্যাথা।

[।] যদা চ ইন্সিয়জ্ঞানবিষয়াদজো বিষয়ো মনোবিজ্ঞানস্ত তদা গৃহীতগ্রহণাদানঞ্জিতে।২প্রামাণ্যদোষো নিরন্তঃ। ঐ।

৩। ঈদৃশেনেন্দ্রিয়বিজ্ঞানেনাল্যনপ্রতায়ভূতেনাপি যোগিজ,নং জভতে। তরিরাসার্থং সমন্তরপ্রতায়গ্রহণম্। ঐ।

^৪। তদনেন একসন্তানাহভূতিয়োরেব ইন্দ্রিজানমনে।জ্ঞানয়ে।র্জ্যজনকভাবে মনোবিজ্ঞানং প্রত্যক্ষিত্যুক্তং ভবতি। ঐ।

ইন্দ্রিরবিজ্ঞান না হইলে এই প্রাত্যক্ষিক মনোবিজ্ঞান হইবে না।
ইন্দ্রিরবিজ্ঞানকে অপেক্ষা না করিরাই যদি বাহ্যবিষয়ক মনোবিজ্ঞানের উৎপত্তি
হইত, তাহা হইলে কেহ অন্ধ বা ব্রির থাকিতে পারিত না। করিরা, চকু না
থাকিলেও মনোবিজ্ঞানের দ্বারাই রূপের প্রত্যক্ষের সন্তাবনা আছে। এজন্ত, ইহা
বলিতে হইবে বে, মনোবিজ্ঞান ইন্দ্রিরবিজ্ঞানকে অপেক্ষা করিয়াই উৎপন্ন হয়।

এফণে স্বসংবেদন বা আত্মসংবেদননামক প্রত্যক্ষের ব্যাখ্যা করা থাইতেছে। "সর্বচিত্তচৈত্তানামাত্মদংবেদনম্" এই গ্রন্থের দারা ধর্মকীর্ত্তি আত্মসংবেদন বা স্বসংবেদননামক প্রত্যক্ষের ব্যাখ্যা করিরাছেন। এ গ্রন্থ হইতে আমরা এই অর্থ ই পাইতেছি যে, চিক্ত-চৈতগুলি, অর্থাৎ চিক্তসম্বন্ধী যে কৈত্তগুলি, তাহারা সকলেই স্বসংবেদননামক প্রত্যক্ষ। বাহার দারা বিষয় গৃহীত হয়, বৌদ্ধশাস্ত্রে তাহাকে চিত্ত নামে অভিহিত করা হইয়াছে। আমরা বর্থন চিত্তের দ্বারা অর্থ গ্রহণ করি, ঠিক তাহার সঙ্গে সঙ্গেই আবার স্থবে আনন্দিত বা হঃথাদির দারা অভিভূত হইরা যাই। এই যে চিত্তের সহিত এককালে উংপন্ন স্থুথ বা তঃখগুলি, ইহারাই বৌদ্ধশান্তে চৈত্ত নামে অভিহিত হইয়াছে। এই হৈত্ত তিলি শাস্ত্রে বেদনা নামেও কথিত হইয়া থাকে। ইচ্ছা বা দেষাদিও এই কৈত্তেই অন্তর্ভুক্তি আছে। যে চিত্তের সমকালে যে চৈত্তটী উৎপন্ন হয়, সেই ৈ তৈত্তীকে সেই চিত্তের অবস্থাবিশেষও বলা হইয়া থাকে। এই যে স্থগছঃখাছাত্মক हिल-देहल खनि, वर्शेष हिल्लत व्यवस्थितिमय खनि, देशता मकरनदे व्यमः दिन्तनाभक প্রত্যক্ষ। কোনটা স্থকপ্রকারে নিজকে সংবেদিত করে, কোনটা বা হঃথবাদিপ্রকারে আপনার সংবেদন ঘটায়। ইহারা অন্তবরূপে সকলেই স্ফুটাভ এবং কোনও সামান্তাকার প্রতিভাস ইহাদের নাই। এজন্ত, ইহারা সকলেই প্রত্যকাত্মক। চিত্তের সহিত ইহাদের এই পার্থক্য যে, চিত্তগুলি বিষয়াংশে প্রত্যক্ষাত্মক, আর ইহারা স্বাংশে প্রত্যক্ষাত্মক। ইহারা বিষয়ের প্রকাশ করে না, অর্থাৎ বিষয়াকার-প্রতিভাস এই স্বসংবেদন-প্রত্যক্ষে থাকে না। চিত্তের বিষরগুলিকে আমরা স্থ বা ছঃখাত্মক বলিতে পারি না। কারণ, চিত্তের

১। যদা চ ইন্দ্রিয়জ্ঞানবিষয়োপাদেয়ভূতঃ কণঃ গৃহীতন্তন। ইন্দ্রিয়জ্ঞানেনাগৃহীত্ত গ্রহণাদক্ষবিদ্যাত্তভাবদে।মপ্রসঙ্কো নিরস্তঃ। স্থায়বিন্দু, ফুন্র ১, ব্যাখ্যা।

২। স্থায়বিন্দু, সূত্র ১০।

* অব্যবহিতোত্তরকালে উৎপন্ন যে অধ্যবদারগুলি, তাহারা নীলাদি বিষয়ের স্থাদিরপতার অবধারণ বা বিনিশ্চর করার না। 'বিকল্পপ্রতীতিগুলি বিষয়ের যদ্রপতাতে প্রত্যক্ষের সাক্ষাৎকারিষ্ট-ব্যাপার আছে বলিয়া জানাইবে না, বিষয়কে আমরা তদ্রপ বলিয়া স্বীকার করিতে পারি না। স্বতরাং, নীলামুভবকালে যে স্থের অমূভব হয়, সেই স্থুখ নীলাদি অর্থ হইতে পৃথক্ই হইবে, এবং এই কারণেই আমরা নীলামুভবকেও স্থামুভব বলিতে পারি না। এজ্যু, স্থেস্কর্মপথে অমূভব, তাহা নীলামুকও নহে, তদ্মুভবাত্মকও নহে; উহা নীলাদি বিষয় ও তদ্মুভবাত্মক যে চিত্ত, তাহা হইতে ভিন্ন। এই যে স্থেছ:থাছাত্মক চিত্তাবস্থা বা চৈত্তগুলি, ইহারাই স্বসংবেদননামক প্রত্যক্ষ।

"সর্বচি ¿ চৈতানাম্" এই কগার: "সকল যে চিত্ত এবং সকল যে চৈত্ত, তাহাদের" এই প্রকার অর্থ ই স্থাভাবিক এবং এই ব্যাখ্যানুসারে চিত্ত এবং চৈত্ত এই তুইই স্বসংবেদন-প্রত্যক্ষ বলিরা পরিগৃহীত হইতে পারে। আর, "সর্বের চ তে চিত্তচৈত্তা শক্তিততৈতাঃ", এই ধর্মোত্রীয় পঙ্ক্তির বারাও সকল চিত্ত এবং সকল চৈত্ত, এই প্রকার অর্থ ই পাওয়া যায়। কিন্তু আমরা "চিত্তানাং চৈত্তা: চিত্ত-চৈত্তাঃ" এইপ্রকারে প্রথমতঃ ষষ্টাসমাস করিরা পরে "সর্ব্বে চ তে চিত্তচৈত্তাশ্চ" এইরূপ কর্মধারয় সমাসেই 'সর্ব্বচিত্তটেত্ত' কথাটীর ব্যুৎপত্তি গ্রহণ করিয়াছি। ইহার কারণ। এই যে, ধর্মোত্তর "চিত্তমর্থমাত্রগ্রাহি" ° এই প্রকারে চিত্তের ব্যাখ্যা করিয়াছেন। আরও কথা এই বে, নীলাদি-স্থলফণ-ফণাকার-প্রতিভাগী বে চিন্ত বা বিজ্ঞান, ভাহাকে ধর্মকীত্তি স্বয়ং ইন্দ্রিয়বিজ্ঞানে অস্তর্ভুক্ত করিয়াছেন। স্মৃতরাং, যাহা ই জি রবিজ্ঞান হইবে না, মনোবিজ্ঞান হইবে না এবং যোগিজ্ঞানও হইবে না, এমন যে প্রত্যক্ষ জ্ঞান, তাহাকেই স্বসংবেদন বা আত্মসংবেদন বলিতে হইবে। অন্তথা, যাহা ইন্দ্রিরবিজ্ঞান, তাহাই যদি আবার 'স্বদংবেদন'-প্রত্যক্ষও হইয়া যায়, তাহা হইলে পূর্বকথিত প্রত্যক্ষের চারিপ্রকারে বিভাগ, সাম্ব্যুদোষে ব্যাহত হইরা যাইবে। এই কারণেই আমরা চিত্তকে, অর্থাৎ নীলাদি-স্বলক্ষণ-শণাকার-প্রতিভাগী যে ইন্দ্রিয়বিজ্ঞান তাহাকে, বাদ দিবার নিমিত্ত স্থ্রস্থ 'চিত্তচৈত্ত'

১। ন চ গৃহ্যনাণাকারো নীলাদিঃ সাতাদিরপো বেছতে ইতি বক্ত**্ং শ**ক্তে। যতো নীলাদিঃ সাতরপোরত্যত ইতি ন নিশ্চীয়তে। স্থায়বিলু, ত্র ১০, ব্যাখা।

रा थे।

[ा] छ,।

পদটীর ষ্টাদমাস গ্রহণ করিয়াছি। চৈত্তের ভার চিত্তগুলিও, অর্থাৎ ইজিন-বিজ্ঞানগুলিও স্বসংবেদন প্রত্যক্ষেই অন্তর্ভুক্ত হইবে, ইহা আমাদের মনে হয় নাই। এক্ষণে বোগিজ্ঞানের ব্যাখ্যা করা বাইতেছে। "ভূতার্থ-ভাবনা-প্রকর্ম-পর্য্যন্তজ্ঞং বোগিজ্ঞানঞ্চেতি", বই স্তত্তের দারা ভায়বিলুকার বোগিপ্রত্যক্ষ বা যোগিজ্ঞানের লকণ করিয়াছেন। এই স্থলে 'ভূতার্থ'কথার দ্বারা তৃঃথ, সমুদ্র, নিরোধ ও মার্গ এই যে চতুর্বিধ আর্য্যসভ্য, ইহাদিগকে গ্রহণ করা হইরাছে। ত এই আর্য্যসভ্য-ভাবনার অর্থাৎ ধ্যানের যে প্রাকর্ষ, অর্থাৎ ধ্যাতব্য বস্তু-বিবয়ে জ্ঞানের যে বৈশ্যু, তাহার বে হচনা বা প্রারম্ভ তাহাই প্রকৃত হলে প্রকর্ষ। গ্রান বা ভাবনা করিতে করিতে যথন দেখা যায় যে, ধ্যাতব্য বিষয় জ্ঞানে অপেক্ষাকৃত পরিক্ষুটভাবে প্রকাশ পাইতে আরম্ভ করিরাছে, তথনই ব্ঝিতে হইবে যে ভাবনা বা ধ্যানের উৎকর্ষ আরম্ভ হইয়াছে। এই উৎকর্ষ বাড়িতে বাড়িতে বখন প্রাস্ত সীমার আসে, অর্থাং কাচাদি স্বচ্ছ আবরণের মধ্য দিয়া বস্তু প্রকাশের ন্তার ধ্যাতব্য বস্তু প্রকাশ পাইতে থাকে, তথনই ভাবনা প্রকর্ষের পর্য্যন্ততা প্রাপ্ত ইয়াছে বলিয়া বুঝিবে। এই বে চরম প্রান্তে আগত ভাবনাপ্রকর্ষ, ইহা হইতে যে আর্য্যসত্যসম্বন্ধে পরিক্ষ টতম জ্ঞানে হর, অর্থাৎ করতলত্থ আমলক ফলের স্থায় পরিক্ষু টভাবে আর্য্যসত্যগুলি প্রকাশ হয়, ইহাই যোগিক্সান। এই বে জ্ঞান, ইহা

স্বলক্ষণাকারপ্রতিভাগী, অতএব প্রত্যক্ষ।

১। আরপ্রবেশের পঞ্জিকাকার অনুমিতি প্রভৃতিকেও বসংবেদন-প্রত্যয় বলিয়াছেন।
ননে হয়, তিনি ভ্রমে পতিত ইইয়াছেন। কারণ, নৌদ্ধাতে সকল জ্ঞান বরূপতঃ আয়ন্দংবেদনাত্মক ইইলেও সকল জ্ঞানকেই আমরা আয়্র-সংবেদন-প্রত্যয় বলিতে পারি না। কারণ,
যাহা কল্পনাত্মক ইইবে, সেই অনুমিতি প্রভৃতি জ্ঞানগুলি আয়্র-সংবেদন ইইলেও প্রত্যক্ষ
ইইবেনা।

২। ক্লায়বিন্দু, সূত্র ১১।

৩। ভূতঃ সভূতোহর্থঃ। প্রমাণেন দৃষ্টণ্ড সভূতঃ, যথা চত্বার্যামিসত্যানি। স্থামবিন্দু, হত্ত ১১, ব্যাখ্যা। বৌদ্ধসম্মত অপরাপর পদার্থকে ভূতার্থ বলিলেও অপদিদ্ধান্ত হইবে না। বোগজ প্রত্যক্ষে তাহাদের প্রকাশও অস্বীকৃত হয় নাই; তথাপি যোগিজ্ঞানের বৈশিষ্ট্য দেখাইবার নিমিত্তই আমরা উক্ত আয়সত্যগুলিকেই ভূতার্থ বলিলাম।

^{8।} ভাবনায়াঃ প্রকর্বো ভাব্যনানার্থাভাবত জ্ঞানত ক্টাভহারতঃ। ভায়বিন্দু, >>, ব্যাথা।

^{ে।} অত্রকব্যবহিতমিব বদা ভাবামানং বস্তু পশ্চতি সা একর্মপর্যান্তাবস্থা। ঐ।

৬। করতলামলকবছাবামানার্থন্ত যদ্ধনং তদ্ যোগিনঃ প্রত্যক্ষ্। ঐ।

বৌদ্ধমতার্ম্যারে প্রত্যক্ষের লক্ষণ ও বিভাগের আলোচনা সংক্ষেপে পরিসমাপ্ত হইয়াছে। এক্ষণে চক্ষ্রিন্দ্রিরের অপ্রাপ্যকারিত্ব সম্বন্ধে আলোচনা করা য়াইতেছে। জায়বৈশেবিকাদিমতে চক্ষ্রিন্দ্রিরের প্রাপ্যকারিত্ব স্বীকৃত হইয়াছে। বৌদ্ধ নৈয়ায়িকগণ উহা অস্বীকার করিয়াছেন। স্কতরাং, প্রত্যক্ষের বিচারে উক্ত আলোচনা অপরিহার্য্য। বৌদ্ধ নৈয়ায়িকগণ প্রাপাকারিত্বের কারণবর্ণনা-প্রসঙ্গে বিলিয়াছেন —

সান্তরগ্রহণং ন ভাৎ প্রাপ্তেটি জ্ঞানাধিকন্ত চ। অধিষ্ঠানাদ্বহি ন'কিং ন শক্তিবিষয়ে ক্ষণে॥

ইহার অভিপ্রায় এই যে, চক্ষুর দ্বারা আমরা বহু দ্বে অবস্থিত গ্রহনক্তাদির প্রত্যক্ষ করিয়া থাকি এবং শ্রবণেল্রিয়ের দ্বারাও আমরা বহুদ্রস্থ শন্দের গ্রহণ করি। এই যে সান্তর-গ্রহণ, অর্থাৎ দ্রে বস্তর গ্রহণ, ইহা সম্ভব হয় না, যদি অর্থের, অর্থাৎ ইল্রিয়গ্রাহ্ম বস্তর, সহিত ইল্রিয়ের সয়িকর্ষকে চাক্ষ্ম বা শ্রাবণ প্রত্যক্ষে কারণ বলা হয়। যদি বলা বায় যে, ইল্রিয়সমিরকর্ষের কারণত্ব-পক্ষেও দ্রস্থ বিষয়গ্রহণের অনুপণত্তি হয় না, কারণ, দ্রস্থ হইলেও চাক্ষ্মাদি প্রত্যক্ষকালে উহা চক্ষ্রাদি ইল্রিয়ের দ্বারা সম্লিক্সই থাকে। চক্ষ্রিল্রিয়টী নয়নচ্ছিদ্র-পথে বহির্গত হইয়া দ্রবর্তী বিষয়কেও নিজের সহিত সম্বদ্ধ করিয়াই লয়।

ইহার বিক্লছে বৌদ্ধাণ বলেন যে, চক্ষ্নাদি ইন্সিমগুলি কথনও নিজ্ঞ নিজ্ঞ অধিষ্ঠান হইতে বহির্গত হয় না। স্থতরাং, দ্রবর্জী বিষয়ের সহিত উহাদের সম্পর্কের অর্থাৎ সন্নিকর্ষের সম্ভাবনা নাই। ইহার অভিপ্রায় এই যে, গোলক বা ক্ষমার যাহা নিতান্তই ভৌতিক, তাহাই রূপোপভোগ-বাসনাজ্ঞ কর্মা, অর্থাৎ অদৃষ্টকারণবিশেষ-সহকারে চক্ষ্রাদি নামে অভিহিত হইয়া থাকে। এই যে গোলকাধিষ্টিত ভৌতিক কৃষ্ণসারাত্মক চক্ষ্রিন্সিয়, ইহা কথনও নিজের আশ্রম-গোলককে পরিত্যাগ করিয়া নয়নচ্ছিদ্রপথে বহির্গত হয় না। স্থতরাং, দ্রস্থ বস্ততে চক্ষ্রিন্সিয়ের সন্নিকর্ম হইতে পারে না। কেবল কৃষ্ণসারকে ইন্সিয় না বলিয়া কর্মবিশেষ-সহকৃত কৃষ্ণসারকে যে চক্ষ্রিন্সিয় বলা হইল, তাহার হেতু দেখাইতে গিয়া বৌদ্ধগণ বলিয়াছেন যে, এমন অনেক অন্ধ আছেন যাঁহাদের কৃষ্ণসারটী অবিক্বতই আছে, অথচ তাঁহারা নীলপীতাদি কোনও দ্রব্যই দেখিতে পান না। ইহাদিগকে শাস্তে প্রসন্নান্ধ বলা হইয়া থাকে। এই প্রসন্নান্ধতাই উপপন্ন হয় না,

বদি অদৃষ্ট-নিরপেক্ষ কেবল ক্ষণসারই চক্রিন্তির হর। কারণ, চক্রিন্তির থাকিলে রপ না দেখার প্রশ্ন উঠে না। অদৃষ্টবিশেষ-সহকৃত কৃষণসারকে চক্রিন্তির বলিলে প্রসন্নান্ধের চক্রিন্তির নাই, ইহা বলা যার। কারণ, কৃষণসার থাকিলেও রূপোপভোগবাসনা-নিম্মিত যে অদৃষ্ট বা কর্মবিশেষ, প্রসন্নান্ধ প্রক্ষের তাহা না থাকার উহা তাদৃশ অদৃষ্টসহকৃত কৃষ্ণসারও থাকিল না। বিশেষণের অভাবে বিশিষ্টাভাব সর্ব্বসন্মতই আছে। এক্ষণে আর প্রসন্নান্ধের রূপের অদর্শন অন্থপন্ন ইইল না। কারণ, কৃষ্ণসার থাকিলেও উহাদের চক্রিন্তির নাই। উহা না থাকার উহারা রূপ-দর্শনে অসমর্থ হয়।

এইভাবে চক্ষুনিন্দ্রিরের অধিষ্ঠান-বহির্ভাবে অবস্থান অস্বীকার করিয়াই বৌদ্ধগণ চক্ষুনিন্দ্রিরেকে অপ্রাপ্যকারী বলিয়াছেন। চক্নিন্দ্রির যে বহুদ্রবর্তী গ্রহনক্ষত্রাদির প্রভাক্ষ করে, ইহা সর্ব্ববাদিসমত এবং রুক্ষসার যে গোলকের বহির্ভাগে যায় না, উহা যে সর্ব্বদা গোলকেই থাকে, তাহাও আমরা সকলেই জানি। স্মৃতরাং, ইহা সিদ্ধান্ত করিতে হয় যে, চক্ষুনিন্দ্রির অপ্রাপ্যকারী, যেহেতু উহা সাম্ভরগ্রাহী, অর্থাৎ দূরস্থ বস্তুর গ্রহণ করে।

কোনও কোনও বৌদ্ধ একদেশী বলেন যে, "অন্তরেণ সর্থ বর্তমানং যদ্গ্রহণম্" এই বৃৎপত্তিতে সান্তরগ্রহণ পদটা নিজার হইয়াছে। স্কুতরাং, এই পদটা বিষয়-দেশ হইতে ব্যবহিত গ্রহণ-রূপ অর্থ বৃয়াইতেছে। ইহার অভিপ্রায় এই যে, যে স্থলে দ্রন্থ বিষয়র চাক্ষ্ম জ্ঞান হয়, সেই স্থলে ঐ চক্ষ্রাপ্রিত জ্ঞান, তদীয় বিষয় হইতে ব্যবহিত হইয়া থাকে। কারণ, জ্ঞানের আশ্রমীভূত দেশ যে চক্ষ্রিক্রিয়, তাহা হইতে ঐ জ্ঞানের বিষয় যে চক্রম্থ্যাদি, তাহা বহুদ্রন্থ থাকে। এই যে ব্যবধানপ্রাপ্ত গ্রহণ, ইহাই চক্ষ্রিক্রিয়ের অপ্রাপ্যকারিত্বকে আমাদের নিকট প্রমাণিত করে। এই মতামুসারে অপ্রাপ্যকারিত্বের অমুমানটা নিম্নলিথিত আকারে পর্য্যবসান পাইবে—"চক্ষ্রিক্রিয়মপ্রাপ্যকারি সান্তরগ্রহণবত্তাৎ, যরৈবং তমৈবং, যথা ঘ্রাণোক্রিয়্ম্য্ । ঘ্রাণাদি ইক্রিয়ম্প্রাপ্যকারী হইলেই তাহা নিরন্তর-গ্রহণের আশ্রয় হয়। ঘ্রাণাদি ইক্রিয়গ্রাহণি নিম্ন নিজ্ব গ্রহণ করে; স্কুতরাং, স্বীয় বিষয়ের হারা ব্যবহিত হয় না। বিষয়ের হারা প্রাপ্ত যে ইক্রিয়, তাহাতেই বিষয়ের জ্ঞানটা বিভ্যমান থাকে। ইহার হারা নিরন্তর-গ্রহণে প্রাপ্য

কারিজের ব্যাপকত প্রমাণিত হইল। সান্তরগ্রহণ উহার বিরুদ্ধ হইরাছে; স্থতরাং,
ব্যাপক-বিরুদ্ধের উপলব্ধিবলে চক্ষ্রিক্রিয়ের অপ্রাণ্যকারিস্থই প্রমাণিত হইয়া
যাইতেছে।

আর, পৃথ্তর বস্তর গ্রহণের দ্বারাও চফুরিন্সিরের অপ্রাপ্যকারিত্ব
প্রমাণিত হইরা বার। চফুরিন্সির যে নিজ অপেক্ষার অনেক বৃহৎ বস্ত গ্রহণ
করে, ইহা আমরা সকলেই দ্বানি। সাগর-পর্বতাদি অনেক বৃহৎ বৃহৎ বস্ত চক্ষুর
দ্বারা গৃহীত হইরা থাকে। এই যে পৃথ্তর বস্তর গ্রহণ, ইহা চক্ষুরিন্সিরের প্রাপ্যকারিত্বপক্ষে সম্ভব হয় না। কারণ, চক্ষুরিন্সিরের আকার ঐ সকল সাগরপর্বতাদি হইতে অনেক ক্ষুদ্র হওয়ায় উহা ঐ সকল বস্তকে নিজ সম্বন্ধের দ্বারা
সর্ববিশে পরিবাপ্তি করিতে পারে না, অতি অয় অংশই পরিব্যাপ্ত করিতে
পারে। প্রাপ্যকারী হইলে ততটুকু অংশেরই গ্রহণ হইবে, যতটুকু অংশ প্রাপ্তির
দ্বারা সমাক্রান্ত হয়। কিন্ত, প্রকৃতপক্ষে আমরা বৃহৎ বৃহৎ বস্ত দেখিতে পাই।
স্কুত্রাং, চক্রিন্সির অপ্রাপ্তের গ্রহণ করে বলিয়াই প্রগাণিত হইবে।

আরও কথা এই যে, চকুরিন্দ্রিয়ের দ্বারা দিক্ ও দেশের গ্রহণ হয়। অশু প্রাপ্যকারী ইন্দ্রিয়ের দ্বারা তাহা হয় না। আমরা চকু মুদ্রিত করিয়া কেবল স্পর্শাদির
সাহায্যে বস্তুর দিক্ অবধারণ করিতে পারি না; অথচ চক্রিন্দ্রিয়ের দ্বারা আমরা
বস্তুর পূর্বোত্তরাদি দিক্সমূহের বিনির্ণয় করিয়া থাকি। স্থতরাং, চক্তুকে অপ্রাপ্যকারী বলিরাই স্বীকার করিতে হয়। অর্থাৎ, প্রাপ্যকারিত্বের ব্যাপক যে দিক্
প্রভৃতির অজ্ঞান, দিগবধারণ তাহার বিরুদ্ধ ধর্ম। অতএব, ব্যাপক-বিরুদ্ধোপলব্রির বলে চকুর অপ্রাপ্যকারিত্ব প্রমাণিত হইয়া যায়।

নিমলিথিত কারণেও চকুর প্রাপ্যকারিত্ব সম্ভব হয় না। আমরা ইহা
সকলেই জানি যে, বৃক্ষাদি এবং তদপেক্ষা বহুদ্রবর্তী যে চক্রমণ্ডলাদি, এই চুইই
চকুর বারা গৃহীত হয় এবং ইহারা য়ুগপৎই দৃষ্ট হইয়া থাকে। যদি চাকুষ প্রত্যক্ষে
বিষয়ের সহিত চকুর সন্নিকর্ম অপেক্ষিত হইত, তাহা হইলে উক্ত দ্বিবিধ বস্তসম্বন্ধে চাকুষ জান সমকালে সমুৎপন্ন হইতে পারিত না। কারণ, নিকটস্থ বৃক্ষ-দেশে
চকুর উপস্থিতি অপেক্ষা চক্রমণ্ডলে চকুর উপস্থিতিতে অনেক অধিক সময়
প্রয়োজন হইত। স্নতরাং, অত্যে প্রাপ্ত বৃক্ষের প্রথমে প্রত্যক্ষ হইত, পশ্চাৎ
বথাসময়ে চক্রমণ্ডলের প্রত্যক্ষ হইত। কিন্তু, এইপ্রকার কাল-ভেদে আমরা

দূর ও নিকটস্থ বস্তুর চাক্ষ্য প্রত্যক্ষ করি না, সমকালেই করি। এতএব, চাক্ষ্য প্রত্যক্ষের এই বে সমকালতা, ইহার অমুপপত্তিই প্রমাণিত করিয়া দিতেছে বে, চাক্ষ্য প্রত্যক্ষে বিষয়ের সহিত চফুর প্রাপ্তি, অর্থাৎ সন্নিকর্য, অপেফিত নহে।

পূর্ব্বেক্তি বে দকল যুক্তির দ্বারা বৌদ্ধ দার্শনিকগণ চন্দ্র অপ্রাণ্যকারিত্ব দিদ্ধান্ত করেন, তাহার বিরুদ্ধে যদি আপত্তি করা যায় যে, যদি চাক্ষ্য প্রতাক্ষে বিষয়ের সহিত চক্ষ্রিক্তিরের কোনও নিরুদ্ধ অপেক্ষিতই না হয়, তাহা হইলে বে কোনও চক্ষ্মান্ ব্যক্তিরই দর্ব্বদা সকল যোগ্য-বিষয়ের চক্ষ্র দ্বারা প্রত্যক্ষ করা উচিত। সন্নিকর্বের অপেক্ষা থাকিলে অবশুই উক্ত আপত্তি হয় না। কারণ, দাগর, পর্বব্রুত্বির দ্বারা যে দকল প্রত্যক্ষযোগ্য বস্তু চক্ষ্রর সহিত ব্যবধান-প্রাপ্ত, দেইগুলি আবরণের বিরোধিতার চক্ষ্রিক্তিরের দ্বারা দন্তিরুদ্ধই হইতে পারে নাই। অতএব, অসম্বদ্ধতানিবন্ধন আবরণ-কালে তাহাদের চাল্য্য প্রত্যক্ষ হইবে না। দন্তিকর্বের আনাবশুকতা-পক্ষে ঐ ব্যাখ্যা সম্ভব হইবে না। কারণ, অনাবৃত ও আর্তের অসম্বিক্তিতা তুল্য হওয়ার চাক্ষ্য প্রত্যক্ষে আবরণের কোনও প্রকার বিদ্বকারিত্ব থাকিতে পারে না। স্থতরাং, প্রাবরণের অনুপপত্তিই প্র্যাণিত করিয়া দিতেছে যে, চাক্ষ্য প্রত্যক্ষে বিষয়ের সাইত চক্ষ্র সন্ধিকর্ষ নিতান্তই আবশুক।

তাহা হইলেও উত্তরে বৌদ্ধগণ বলিবেন যে, পূর্ব্বোক্ত আগত্তির বিশেষ কোনও
মূল্য আছে বলিরা তাঁহারা মনে করেন না। অঞ্জতাবশতই পূর্ব্বপক্ষী তাঁহাদের
সম্বন্ধে ঐরপ আগত্তির উত্থাপন করিরাছেন। কারণ, আবৃত ও অনাবৃত
এই উভয়ের অসরিরুষ্টতা তুল্য হইলেও উভয়ের তুল্যভাবে চাক্ষ্ম প্রত্যক্ষের
যোগ্যতা নাই। পূর্ব্বপক্ষী যাহাকে আবৃত বলিতেছেন, চাক্ষ্ম প্রত্যক্ষের
বিষয়-ভাব, অর্থাৎ যোগ্যতা নাই, বলিরাই তাহার চাক্ষ্ম প্রত্যক্ষ হইবে না।
যাহারা প্রত্যক্ষে ইন্দ্রিয়সরিকর্ষের অপেক্ষা স্বীকার করেন, তাঁহারাও যোগ্যতাকে
অস্বীকার করিতে পারেন না। কারণ, আত্মা বা আকাশাদি দ্রব্যের সহিত
চক্ষ্মেরিকর্ম স্বীকার করিরাও ঐ গুলির চাক্ষ্ম প্রত্যক্ষ তাঁহারা স্বীকার করেন
না। অতএব, চাক্ষ্ম প্রত্যক্ষে অযোগ্যতা-নিবন্ধনই উহাদের অহ ত্যক্ষতা
স্বীকার করিতে হইবে। স্নতরাং, যোগ্যতাকে কেহই অস্বীকার করিতে
পারেন না।

মহামতি দিছনাগ সাস্তরগ্রহণকে লিম্বরূপে গ্রহণ করিয়া চক্ষুর অপ্রাপ্যকারিত্ব

সাধন করিয়াছেন। স্থতরাং, তদীয় অনুমানটী "চক্ষ্: অপ্রাণ্যকারি সাস্তরগ্রহণাৎ" এই আকারে প্রযুক্ত হুইবে। আমন্ত্রা ঐ অনুমানটীকে স্পষ্টভাবে বুঝিবার . নিমিত্ত অবশ্রই জিজাসা করিব বে, তিনি সান্তরগ্রহণ পদটীর কিরূপ অর্থ গ্রহণ করিরাছেন। আমরা উহার "সাস্তরশু গ্রহণম্" অথবা "সহ অন্তরেণ গ্রহণম্" এইভাবে হুই প্রকারে ব্যুৎপত্তি করিতে পারি। প্রথম ব্যুৎপত্তি অনুসারে সান্তরগ্রহণ পদটী অপ্রাপ্তবস্তু-বিষয়ক গ্রহণরূপ অর্থের প্রতিপাদক হইবে। এই অপ্রাপ্ত-বস্তু-বিষয়ক গ্রহণকে লিঙ্গ করিয়া চক্ষুতে অপ্রাপ্যকারিত্বের অনুমান করা সম্ভব হয় না। কারণ, ইহাতে সাধ্য ও হেতু অভিন্ন হইন্না যায়। যে অনুমানে যাহা সাধ্য সেই অনুমানে তাহা কথনই হেতু বা লিঙ্গ হইতে পারে না। অনুমানের পুর্রক্ষণ পর্য্যন্ত বাহার পক্ষবৃত্তিটী নিশ্চিত থাকে না, এমন বস্তুই সাধারণতঃ অনুমানে সাধ্য হইয়া থাকে এবং অনুমানের পূর্ব্বেই যাহাতে সাধ্য-নিরূপিত ব্যাপ্তি ও পক্ষধর্মতা অবধারিত থাকে, এইরূপ কোনও বস্তুই অনুমানের হেতু বা লিঙ্গ হয়। অতএব, অমুমানে একই বস্তু সাধ্য ও হেতুরূপে বিভিন্ন পদ-সাহায্যেও প্রযুক্ত হইতে পারে না। কিন্তু, প্রকৃতস্থলের অনুমানে তাহাই হইয়াছে। কারণ, প্রতিজ্ঞাবাক্যুস্থ অপ্রাপ্যকারিত্ব পদেও অপ্রাপ্তবস্তু-বিষয়ক গ্রহণরূপ অর্থই বিবিক্ষিত হইয়াছে এবং সাস্তরগ্রহণ পদের দারাও ঐ অপ্রাপ্তবস্তু-বিষয়ক গ্রহণকেই লিম্বরূপে বিবৃক্ষিত করা হইয়াছে। স্নতরাং, এক্ষণে ইহা আমরা বেশ বুঝিতে পারিলাম যে, সাস্তরগ্রহণ পদের প্রথমোক্ত ব্যুৎপত্তি অনুসারে "চমুঃ অপ্রাপ্যকারি সান্তরগ্রহণাং" এই আকারে অনুমানের প্রয়োগ সম্ভব হয় না। ষেহেতু বাক্য ভিন্ন ভিন্ন হইলেও যাহা সাধ্য, তাহাই লিঙ্গরূপে গৃহীত হইন্নাছে। চক্ষুরিন্দ্রির নিজ বিষয়কে প্রাপ্ত না হইয়াই তাহার গ্রহণ করিয়া থাকে এইরূপ সংস্কারে আবদ্ধ হইয়াই বৌদ্ধ দার্শনিকগণ উহাকে অপ্রাপ্যকারী বলিয়াছেন।

আর, যদি "দহ অন্তরেণ গ্রহণম্" এই দ্বিতীয় ব্রংপত্তিতে দিদ্ধ সান্তরগ্রহণ পদটী লিন্দের প্রতিপাদন করিয়ছে বলিয়া তাঁহাদের অভিপ্রেত হইয়া থাকে, তাহা হইলেও আমরা বলিতে বাধ্য হইব বে, "চক্ষুঃ অপ্রাপ্যকারি সান্তরগ্রহণাৎ" এইভাবে অনুমানের প্রয়োগ সমীচীন হয় না। বদিও ইহাতে পূর্বের তায় সাধ্য ও হেতুর অভিয়তা হয় নাই। কারণ, অপ্রাপ্তবস্ত-বিষয়ক গ্রহণকে লিঙ্গ করা হয় নাই; পরস্ত, অন্তর ও ঘটপটাদি অর্থ, এতত্ত্রবিষয়ক গ্রহণকেই লিঙ্গরূপে

ভূতীয় পরিচ্ছেদ

অনুমান

প্রমাণের সামাগ্রনক্ষণ ও বিভাগের আলোচনাপ্রসঙ্গে আমরা ইহা জানিরাছি যে বৌদ্ধতে প্রত্যক্ষ ও অনুমান এই গুইটী মাত্র প্রমাণই স্বীকৃত হইয়াছে। ইহাদের মধ্যে পূর্বের্ব প্রত্যক্ষ প্রমাণের আলোচনা করা হইয়াছে। স্ক্তরাং, একণে ক্রমপ্রাপ্ত অনুমান প্রমাণের আলোচনা করা ঘাইতেছে। অনুমান-প্রমাণসম্বন্ধে আনেকে অনেকানেক কথা বলিয়াছেন। বৌদ্ধমতানুসারে উক্ত প্রমাণসম্বন্ধে আমরা ততটাই আলোচনা করিব, যতটা পর্যন্ত আলোচিত হইলে অনুমান-প্রমাণসম্বন্ধে বৌদ্ধসিদ্ধান্তের যথাযথ ধারণা লোকের হইতে পারে। এইস্থলে আমরা অতিপরম্পরাগত বিচারাংশের অবতারণা করিব না বলিয়াই মনেকরিয়াছি। আমরা বিচারের যে অংশকে অতিদ্রাগত বলিয়া মনেকরি, অনেকে হয়ত সেই অংশকেই সাক্ষাদাগত মনে করেন। স্ক্তরাং, কোন্ অংশ দ্রাগত বলিয়া পরিত্যাজ্য এবং কোন্ অংশ নহে, তাহাও আমরাই নিজ্বোধানুসারে স্থির করিব। অগ্রথা, ইহা অতিবিস্তৃত ও গুরুবিগম্য হইয়া যাইবে।

প্রথমতঃ আমাদের ইহা দেখিতে হইবে যে, অমুমানের কোনও সামান্তলক্ষণ প্রস্তুব হর কি না। অমুমান পদটা ফল ও করণ এই উভর অর্থেই প্রযুক্ত হইরা থাকে। ভাববাচ্যে নিম্পন্ন হইলে উহা অর্থপরিচ্ছেদাত্মক ফলের এবং করণবাদ্যে . ব্যুৎপন্ন হইলে উহা ফলগত অর্থাকার প্রতিভাসম্বরূপ প্রমাণের সমুপস্থাপক হইয়া থাকে। বোদ্ধমতে ফলগত অর্থাকারপ্রতিভাসই যে প্রমাণ অর্থাৎ প্রমার করণ, তাহা আমরা প্রমাণের সামান্তভঃ আলোচনার জানিয়াছি। প্রথমপক্ষে ব্যাপ্তি ও পক্ষধর্মতানিশ্চয়-জন্ম যে সাধ্যাকারপ্রতিভাসী নিশ্চরাত্মক বিকল্পজান, তাহাই অমুমান হইবে। স্কৃতরাং, উক্তপক্ষে সাধ্যনিক্রপিতব্যাপ্তিপ্রকারকনিশ্চয়ত্মবাহিন্দ্রন্ধকতানিরূপিতজ্মতাশালিনিশ্চয়ত্বই অমুমানের সামান্তলক্ষণ হইবে। দ্বিতীয় পক্ষে ব্যাপ্তি ও পক্ষধর্মতানিশ্চয়্মজন্ম যে ফলগত সাধ্যাকারপ্রতিভাস, তাহাই অমুমান

হইবে। স্থতরাং, উক্তপক্ষে সাধ্যনির্রাপিতব্যাপ্তি প্রকারকনি চয়ন্তাবচ্ছিন্নজনকতা-নির্বাপিতজ্ঞতাশালিপ্রতিভাগন্তই অনুমানের সামান্তলক্ষণ হইবে।

যদিও তত্ত্বতঃ ফল ও করণভেদে অনুমান পূর্ব্বোক্ত দ্বিবিধরণই হইবে, তথাপি শাস্ত্রে ত্রিরপ-লিঙ্গপ্রতিপাদক মহাবাক্যকে পরার্থানুমান নামে পরিভাবিত করা হইয়াছে। কিন্তু, আমরা পূর্ব্বে যে অনুমানের সামাগুলক্ষণ করিয়াছি, তাহা উক্ত পরিভাবিত পরার্থানুমানে সমন্বিত হইবে না। কারণ, উহা ফলাত্মক বা প্রতিভাসাত্মক নহে; পরস্ত, উহা বাক্যাত্মক। অতএব, দ্বিবিধ সামাগুলক্ষণেরই উক্ত বাক্যাত্মক পরার্থানুমানে অব্যাপ্তির আশক্ষা থাকিয়া গেল। উক্তরে আমরা বলিব যে, আমাদের সামাগুলক্ষণ অব্যাপ্তিদোষে হন্ত হয় নাই। কারণ, আমরা ফল বা প্রমাণেরই সামাগুলক্ষণ করিয়াছি। অতএব, সাধ্যপরিচ্ছেদাত্মক ফল বা সাধ্যাকারপ্রতিভাসই উহার লক্ষ্য হইবে, পরম্পারায় ফল বা প্রতিভাসের প্রয়োজক যে বাক্যাত্মক পরিভাবিত পরার্থানুমান, তাহা উহার লক্ষ্য হইবে না। স্থতরাৎ, কথিত সামাগুলক্ষণের বাক্যাত্মক পরার্থানুমানে সঙ্গতি না হইলেও উহা অব্যাপ্তিদোষে হন্ত হয় নাই। ফলের বা ফলগত প্রতিভাসের পরম্পারায় প্রয়োজক বলিয়াই ত্রিরপ-লিক্ষের প্রতিপাদক মহাবাক্যকে পরার্থানুমান নামে উপচরিত করা হইয়াছে। উহা মুখ্যতঃ বা তত্ত্বতঃ অনুমান নহে।

অনুমানের সামান্তলক্ষণ সম্বন্ধে ধর্ম্মোত্তর বলিয়াছেন যে, অনুমানের কোনও সামান্তলক্ষণ সম্ভব হইবে না। কারণ, স্বার্থান্তমান জ্ঞানাত্মক ধর্ম এবং পরার্থান্তমান বাক্যাত্মক ধর্ম। স্থতরাং, পরম্পার অত্যন্ত বিসদৃশ উক্ত দিবিধ ধর্মের কোনও সামান্তলক্ষণ হইতে পারে না। এই কারণেই ধর্ম্মকীর্ত্তি ভায়বিন্দুগ্রন্থে অনুমানের সামান্তলক্ষণ না বলিয়াই উহার বিভাগ করিয়াছেন। কিন্তু, আমরা ধর্মোত্তরের উক্ত ব্যাথ্যার সমর্থন করিতে পারিলাম না। কারণ, পুর্ক্বোক্ত রীতিতে অনুমানের সামান্তলক্ষণ সম্ভব হয় বলিয়াই আমাদের বিশ্বাস।

ভারপ্রবেশবৃত্তিকার হরিভদ্র স্থরি অনুমান কথাটীর ব্যুৎপত্তিকথন-প্রসঙ্গে অনুমানের সামাভালক্ষণের স্থচনা করিয়াছেন। অনুমান পদটী নিত্যসমাসে নিষ্পন্ন হইরাছে। স্বপদান্তভাবে উহার বিগ্রহবাক্যের রচনা হইবে না। নিত্যসমাসে

 >। পরার্থানুমানং শদায়কং বার্থানুমানর জ্ঞানায়কং, তয়োরতায়ভেনায়ৈকলক্ষণমস্তি।
 ততঃ প্রতিনিয়তং লক্ষণমাঝাতুং প্রকারভেনঃ কথ্যতে। স্থায়বিন্দু, স্ত্র, ১, পরি ২, ব্যাখ্যা।

স্বপদ্বিগ্রহ হয় না। স্বতরাং, "প*চানানং অনুমানম্" এইভাবে অস্বপদেই উহার বিগ্রহ হইবে। পশ্চাৎ পদটা উত্তরবর্ত্তিহ-প্রকারে অর্থের উপস্থাপন করে। যাহা পরবর্ত্তী তাহাকেই পশ্চাৎ বলা হইনা থাকে। উত্তরবর্ত্তিয়তী সাপেক পদার্থ। কোনও পূর্ব্ববর্তী বস্তুকে অপেক্ষা করিয়াই অন্ত কোনও বস্ত উত্তরবর্ত্তী হইয়া থাকে। কোনও পূর্ববর্ত্তীকে (লিঞ্চ-গ্রহণ ও সম্বন্ধখনগরপ পূর্ববর্ত্তীকে) অপেকা করিরা উত্তরকালে যে মার্ন অর্থাৎ জ্ঞান উৎপন্ন হয়, তাহাই অনুমান। লিম্বাহণ ও নম্বন্ধ অর্থাৎ ব্যাপ্তিমারণ এতত্ত্যজ্ঞত যে জ্ঞান, তাহাই অনুমান অর্থাৎ ফলীভূত অনুমিতি-প্রমিতি হইবে'। এইস্থলে লিন্সগ্রহণ পদটীর দ্বারা প্রত্যক্ষাত্তরবর্ত্তী যে পক্ষবিষয়তানিরূপিতলিঙ্গবিষয়তাশালী বিকল্পপ্রতীবি তাহাকেই অভিহিত করা হইয়াছে। এইপ্রকার অধ্যবসায়াত্মক লিম্নদর্শন এম সাধ্যতাবচ্ছেদকাবচ্ছিন্ননিরূপিতব্যাপ্তিবিষয়তানিরূপিতহেতৃতাবচ্ছেদকাবচ্ছিন্নবিষয়-তাশালী যে স্মরণাত্মক নিশ্চর, এই উভরপ্রকার নিশ্চরজ্ঞ যে জ্ঞান, তাহাঁ অমুমান বা অনুমিতি হইবে। অনেক হলে ব্যাপ্তিনিশ্চরের ন্যায় শ্বরণাপুক যে লিক্ষজান, অর্থাৎ পক্ষতাবচ্ছেদকাবছিন্নবিষয়তানিরূপিতহেতুতাবচ্ছেদকাবছিন্ন বিষয়তাশালী যে শ্বরণাত্মক নিশ্চয়, তাহার ফলেও স্বার্থানুমিতি হইয়া থাকে। পক্ষধর্মতাজ্ঞানের অর্থাৎ লিমজানের নিশ্চরাত্মকতাই অনুমিতিতে অপেচিত, গ্রহণরপতা বা শ্বরণরপতা অপেক্ষিত নহে। অতএব, অনুমিতির পরিচায়ঃর<mark>পে</mark> গৃহীত লিম্বজ্ঞানে বদি গ্রহণত্বের প্রবেশ থাকে, তাহা হইলে স্মরণাত্মক লিম্ব নিচমের ফলে যে অনুমিতি হর, তাহাতে উহা অব্যাপ্ত হইবে। বিশেষতঃ উক্ত ভয়বিৰ্ব নিশ্চয় সর্বত্র অনুমিতিতে অপেক্ষিত হইলেও লক্ষণে উভয়ের প্রবেশ নিশুরাজন। কেবল মাত্র সম্বন্ধমরণজ্ঞত্বই, অর্থাৎ সাধ্যভাবচ্ছেদকাবচ্ছিমনিরপির্ব্যাপ্তিত্বা বচ্ছিন্নবিষয়তানিরপিতপকতাবচ্ছেদকাবচ্ছিন্নবিষয়তাশালিনিশ্চয়ত্বাবচ্নিজনকতা-নিরাপিতজন্মতাবত্তই অনুমিতির সামান্সলকণ হইতে পারে

১। অনুশব্দঃ পশ্চাদর্থে। পশ্চামানমনুমানম্। পক্ষধর্মগ্রহণসম্বন্ধন্ম পুর্বকমিতার্থঃ। ভাষপ্রবেশবৃত্তি, পৃঃ ১১। (বরোদা সং)

লিকরপেশু ধর্মশু প্রত্যক্ষং গ্রহণং চ সম্বন্ধত্মরণকৈতিবিগ্রহে পক্ষধর্মশু হেজোর্ম হণসম্বন্ধত্মরণে । তে পূর্বে যক্ত জ্ঞানক্ত তত্তথা। যদ্বা পক্ষধর্মশু গ্রহণঞ্চ সাধ্যসাধনয়ের বিনাণবিরূপক্ত সম্বন্ধত্ত অরণক্ষেতিবিগ্রহঃ। পঞ্জিকা, পৃঃ ৪০। (বরোদা সং)

যদিও ভাষপ্রবেশের বৃত্তিগ্রন্থে হরিভদ্র স্থরি ও পঞ্জিকা গ্রন্থে পার্শ্বনেব প্রোক্ত উভয়ম্বভাবের দারাই অনুমিতির পরিচর দিয়াছেন ইহা সত্য, তথাপি পূর্ব্বোক্ত প্রকারে একটীমাত্র কারণকে লইরাই লক্ষণের পরিম্বার করিতে হইবে। অন্তথা, লক্ষণটী ব্যর্থবিশেষণতা-দোবে ছাই হইয়া যাইবে।

যদিও শব্দপ্রমাণসম্বন্ধে বৌদ্ধদার্শনিকগণের যাহা বক্তব্য, তাহা প্রমাণের সামাগ্র-লক্ষণ-প্রসঙ্গেই আলোচিত হওরা উচিত ছিল, তাহা হইলেও ঐ হুলে আমরা শব্দের প্রামাণ্যবিষরে কোনও কথা বলি নাই। কারণ, উহা সর্ব্বথাই অনুমান-সাপেক। স্থতরাং, অনুমানের সামাগ্রলক্ষণ নির্ব্বচন করিয়া শব্দপ্রামাণ্যসম্বন্ধে বৌদ্ধদার্শনিকগণের অভিপ্রায় অতিসংক্ষেপে বর্ণনা করা যাইতেছে।

প্রমাণবার্ত্তিকের টীকার চক্রগোমী বলিরাছেন বে, যদিও অলীক সামান্তলক্ষণের প্রকাশক হওয়ার মনুমিত্যাত্মক বিজ্ঞান বাস্তবিকপক্ষে ভ্রান্তই, তাহা হইলেও তাঁহারা অনুমানের প্রামাণ্য স্বীকার করেন। কারণ, উহা প্রতিবদ্ধসাপেক্ষ। অর্থাৎ, সাধ্যব্যাণ্যত্বপ্রকারে লিন্নদর্শনের ফলে অনুমিতির উৎপত্তি হয়। স্কুতরাৎ, যুক্তি-সাপেক্ষতা থাকারই, অর্থাৎ সাধানির পিতব্যাপ্তিপ্রকারে হেতুনিশ্চয়ের অপেক্ষা থাকার জন্তই, তাঁহারা অনুমিতির প্রামাণ্যস্বীকার করেন, অভ্রান্তত্বনিবন্ধন নহে। এরূপ হইলে ভ্রান্তবিজ্ঞান বে অনুমিতি, তাহার প্রামাণ্য বৌদ্ধমতে স্বীকৃত হইত না। এইভাবে শব্দও যদি প্রতিবন্ধ, অর্থাৎ ব্যাপ্তি, প্রতিপাদন করিয়া ব্যাপকীভূত অর্থের প্রতিপাদন করে, তাহা হইলে তাঁহারা সেই শব্দেরও প্রামাণ্য স্বীকার করিয়া থাকেন এবং উহা, অর্থাৎ সেইরূপ শব্দও, অনুমান-প্রমাণ বলিয়াই পরিগণিত হইবে।

কিন্ত, চক্রগোমীর এই কথার দ্বারাও আমরা বেশ পরিচ্চারভাবে ব্ঝিতে পারিলাম না যে, বৌদ্ধার্শনিকগণ কি বৈশেষিকদর্শনের রীতি জনুসারে শব্দ-প্রমাণকে জনুমানে অন্তর্ভুক্ত করিতে চাহেন অথবা অন্ত প্রণালীতে উহারা উহাকে জনুমানপ্রমাণে অন্তর্ভুক্ত করিরাছেন।

ন্যারপ্রবেশবৃত্তিকার হরিভদ্র স্থরি ও পঞ্জিকাকার পার্যদেবও বলিয়াছেন যে.

১। অনুমানস্থ তু ভ্রান্থত্বে সত্যপি প্রতিবন্ধবশাৎ প্রামাণাম্। শলাদি (শালাদি) জ্ঞানস্থ ত্বেবং প্রামাণাইভূপগনামানেইভূমানে অন্তর্ভাবাদপক্ষর্পান্যর্ভাগমকস্থান্থবিবেচনাশ্রয়ত্বমনুমানভৈব। প্রমাণবার্ত্তিক, ক্রেগোমিকৃত টীকা, পৃঃ ৮।

শন্দপ্রমাণ বৌদ্ধমতে অনুমানেই অন্তর্ভুক্ত আছে এবং বে প্রণালীতে উহাকে অমুমানে অন্তর্ভুক্ত করা হইরাছে, তাহার পরিচয় আমরা প্রমাণসমূচ্চর হইতে পাইতে পারি। অতএব, এই বৃত্তিগ্রন্থে আর উহা আলোচিত হইল না। ইহারা বে প্রমাণসমূচ্চরের কথা বলিরাছেন, তাহার প্রত্যক্ষাংশ (তিববতীয় অনুবাদের অনুবাদ) যথাকথঞ্চিৎ পাওয়া গেলেও অনুমানাংশ অন্তাবধি আমরা পাই নাই। স্বতরাং, আমরা বে ঐ গ্রন্থের সাহায্যে শন্ধপ্রমাণসম্বন্ধে বৌদ্ধ নৈরায়িকগণের অভিপ্রায় জানিতে পারিতেছি না, ইহা অতি সত্য কথা। এমন একটী প্ররোজনীয় বিষয়কে ইহারা কেন যে বিশদ করিলেন না, তাহা বুঝা গেল না।

আমাদের মনে হয় বৈশেষিকগণ যে প্রণালীতে শব্দপ্রমাণকে অমুমানে অন্তর্ভুক্ত করিরাছেন, সেই প্রণালীতে বৌদ্ধন্প্রদায় শব্দকে অমুমানে অন্তর্ভুক্ত করেন নাই। যে বাক্যসমূহ কোনও না কোনও পরার্থান্তমানে পর্য্যান্তর্পান্তর হইতে পারে, সেইরূপ বাক্যকেই বৌদ্ধনম্প্রদায় প্রমাণ বলেন। যে সকল বাক্যের পরার্থান্তমানে পর্য্যবদান হইবে না, সেই বাক্যের প্রামাণ্য তাঁহারা স্বীকার করেন না। এইরূপে পরার্থান্তমানে পর্য্যবদানের দ্বারাই তাঁহারা শব্দের অনুমান-প্রমাণে অন্তর্ভাব করিয়া থাকেন। ব্যবহারিকভাবে পরার্থান্তমান যে শব্দাত্মক, তাহা আমরা অনুমানের দামান্তলক্ষণপ্রসঙ্গে জ্বানিরাছি। এক্ষণে ইহা বেশ পরিক্ষারভাবে ব্যা গেল যে, কিরূপ বাক্য বৌদ্ধমতে প্রমাণ বিলয়া গৃহীত হইবে এবং কেন উহা অমুমানে অন্তর্ভুক্ত হইবে।

যে সকল বাক্য পরার্থান্ত্রমানে পর্য্যবসানপ্রাপ্ত হইবে না, তাহা বৌদ্ধমতান্ত্রসারে প্রমাণ না হইলেও, ঐ সকল বাক্য শুনিরা শ্রোতার কোনও অর্থের বোধই হইবে না, ইহা বৌদ্ধসিদ্ধান্ত নহে। অপ্রমাণ বাক্য শুনিরাও শ্রোতার অর্থবোধ অবশুই হইবে; পরস্তু, উহা বিক্লাত্মক হইবে এবং উহা অর্থাংশে সর্ব্বণা নিশ্চরাত্মক হইবে না।

১। তথাহি বৌদ্ধানাং দ্বে এব প্রমাণে প্রত্যক্ষানুমানে। শেবপ্রমাণ,নামত্রৈবান্তর্ভাবাৎ। অন্তর্ভাবন্চ প্রমাণসমূজ্যাদির্ চর্চিতথান্নেই প্রতন্ত্যতে। স্থায়প্রবেশবৃত্তি, পৃঃ এ৫ (বর্মোণা মং)।

অন্তর্ম প্রত্যক্ষাত্মানব্যতিরিক্তপ্রমাণ,নাং যদি সত্যার্থপ্রাপকরং তদানয়েরেরান্তর্ভাবো বিজ্ঞোঃ। অপার্থাপ্যকারীণি তদা অপ্রমাণান্ত্যের তংনি। সংদ্রশিতার্থপ্রাপকত্বং হি প্রমাণং স্থাদিতি ভারঃ। পঞ্জিকা, পৃঃ ৭৫ (বরোদা সং)।

এক্ষণে প্রথম পরিপ্রাপ্ত স্বার্থান্তমানের নিরূপণ করা যাইতেছে। নিরপণে অমুমান পদটীর ভাববৃাৎপত্তি গ্রহণ করা হইল। স্থতরাং অনু-মিত্যাত্মক কলেরই কারণমূথে আলোচনা করা যাইতেছে। মহামতি দিঙ্নাগ তদীর প্রমাণসম্ভারপ্রতে "পক্ষার্মস্তদংশেন ব্যাপ্তো হেতুস্তিধৈব সঃ। অবিনাভাবনিয়ম্যক্ষেহাভাবাস্ততোহপরে॥" — এই কারিকার দ্বারা অনুমিতি-লক্ষণের স্টনা করিয়াছেন। উক্ত কারিকার দারা গ্রন্থকার যাহা পক্ষের ধর্ম এবং বাহা সাধ্যের ব্যাপ্তিবিশিষ্ট, তাহাকে হেতৃ বলিয়াছেন। স্থতরাং, ইহা বুঝা যাইতেছে যে, হেতুর পক্ষবৃত্তিত্বনিশ্চয় এবং উহাতে সাধ্যনিরূপিত ব্যাপ্তির নিশ্চয়ের ফলে আমাদের যে সাধ্যাকারপ্রতিভাসী নিশ্চয়াত্মক বিকল্পজান সমুৎপন্ন হয়, তাহাই দিঙ্নাগের মতানুসারে অনুমিতি হইবে। হেতুতে পক্ষধর্মত্ব, অর্থাৎ পক্ষবৃত্তিত্ব ও সাধ্যনিরূপিতব্যাপ্তিনিশ্চয়ের ফলে সমুৎপন্ন জ্ঞান যে অন্তমিতিরূপ হর, ইহা প্রায় সর্ক্রাদিসম্মত। স্কুতরাং, কলীভূত অনুমিতির স্বরূপসম্বন্ধে বাদিগণের মধ্যে মতবৈষম্য নাই বলিয়াই অনুমিতির নিরূপণে প্রবৃত্ত হইয়াও মহামতি দিঙ্নাগ সাক্ষাভাবে অনুমিতির স্বরূপের নির্ণয় করেন নাই, পরস্তু হেতুরই নিরূপণ করিয়াছেন। হেতুর স্বরূপসম্বন্ধে বাদিগণের যে ঐকমত্য নাই, তাহা পরে জানিতে পারিব। দিছ্নাগ পক্ষধর্মাত্র ও সাধ্যনিরূপিতব্যাপ্তি এই রূপ বা বিশেষণ যাহাতে থাকিবে তাহাকে হেতু বলিয়াছেন। স্বতরাং, ইহা ব্ঝা যাইতেছে যে, দিঙ্নাগের মতে উক্ত বৈরূপ্যই হেতুর লক্ষণ।

যদিও ধর্মকীত্তি তদীর হেতুবিন্তে প্রদর্শিত দিঙ্নাগোক্ত কারিকাবলয়নেই হেতুর নিরূপণ করিয়াছেন এবং পক্ষধর্মত্ব ও সাধ্যনিরূপিতব্যাপ্তি এই রূপদ্মকেই হেতুর লক্ষণয়পে স্বীকার করিয়াছেন বলিয়া মনে হওয়া স্বাভাবিক, তথাপি তিনি তাঁহার স্থায়বিন্তে রূপত্রয়কে হেতুর লক্ষণ বলিয়াছেন।' স্কতরাং, হেতুর রূপসম্বন্ধে দিঙ্নাগ ও ধর্মকীর্ত্তির ঐকমত্য নাই বলিয়াই ধরিয়ালইতে হয়। কিন্ত, আমাদের ইহাই মনে হয় য়ে, উক্ত গ্রন্থকারদ্বয়ের হেতুর রূপসম্বন্ধে কোনও মতভেদ নাই। স্থায়বিন্তে পক্ষবৃত্তিত্ব, সপক্ষবৃত্তিত্ব ও বিপক্ষাবৃত্তিত্ব এই তিনটী রূপকে মিলিতভাবে হেতুর লক্ষণ বলা হইয়াছে। ইহাদের মধ্যে পক্ষ

>। তত্র ত্রিরূপারিক্সাদ্ যদসুমেরে জ্ঞানং তদসুমানম্। স্থায়বিন্দু, পরি ২, সূত্র ৩।

্রব্তিথন্ত্রপ রূপটীর কথা সাক্ষাভাবেই দিঙ্কাগ উক্ত কারিকায় পক্ষবর্ম পদের দারা বলিরাছেন। "ভদংশেন ব্যাপ্তঃ" এই অংশের দ্বারা তিনি অর্থতঃ সপক্ষরৃত্তিত্ব ও বিপক্ষাবৃত্তিত্বের স্থচনা করিয়াছেন। কারণ, সপক্ষবৃত্তি ও বিপক্ষাবৃত্তি না হইলে তাহা কথনই সাধ্যের ব্যাপ্তিবিশিষ্ট হর না। স্বতরাং, কথিত একটা রপ ও স্থচিত তুইটী রূপ লইয়া দিঙ্নাগের মতেও হেতুর ত্রৈরূপ্য অব্যাহতই আছে। সাধ্য-নিরূপিতব্যাপ্তিকে হেতুলক্ষণের অন্তর্গত করিলে, পৃথগ্ভাবে আর সপক্ষরতির ও বিপক্ষাবৃত্তিত্বের গ্রহণ করিতে হয় না; পরস্ক, উহাতেও পক্ষবৃত্তিত্বের পৃথগুলেখ অবশ্রুই করিতে হয়। কারণ, সাধ্যের ব্যাপ্তি থাকিলেও স্থলবিশেষে পক্ষর্তিত্ব না থাকিতে পারে। "হ্রদো বহ্নিমান্ ধুমাৎ" অথবা "উষ্ণলোহগোলকং বহ্নিমদ্ধ মাৎ" ইত্যাদি প্ররোগত্তলে হেতুরূপে অভিমত ধৃম্টী বহ্নিরপ সাধ্যের ব্যাপ্তিবিশিষ্ট হইরাছে। এইরূপ হইলেও উহা উক্ত স্থলে হেতু হইবে না। কারণ, হেতুরূপে অভিমত ঐ ধুমটী হ্রদ বা উক্তলৌহগোলকত্মক পক্ষে বৃত্তি হয় নাই। এই কারণেই মহামতি দিঙ্নাগ সাধ্যনিরপিত ব্যাপ্তি ও পক্ষধর্মতা অর্থাৎ পক্ষবৃত্তির এই দৈরপ্যকে হেতুর লক্ষণ বলিয়াছেন। স্বতরাং, এক্ষণে ইহা আমরা পরিফারভাবে বুঝিতে পারিলাম যে, উক্ত দৈরূপ্য বা ত্রৈরূপ্য হেতুর লক্ষণ হইনে এবং উক্ত মত-দ্বয়ের মধ্যে অর্থতঃ কোনও বৈষম্য নাই। উক্ত দৈরপা বা তৈরপাপ্রকারে হেতুর বিনিশ্চয়ের ফলে যে সাধ্যাকারপ্রতিভাসী নিশ্চয়াত্মক বিকল্পভান সমুৎপন হর, তাহাই অনুমিতিরূপ ফল বলিয়া গৃহীত হইবে।

বদি পক্ষরশ্ব অর্থাৎ পক্ষবৃত্তি ইকে পরিত্যাগ করিয়া সপক্ষবৃত্তির ও বিপক্ষাবৃত্তির এই রূপদ্বরকে হেতুর লক্ষণ বলা যায়, তাহা হইলে "ছদো বহিন্মান্ ধ্নাৎ" ইত্যাদি স্থলীয় ধ্নরূপ হেরাভাসে উক্ত লক্ষণের অতিব্যাপ্তি হইবে। কারণ, উক্ত স্থলেও ধ্মে সপক্ষবৃত্তির ও বিপক্ষাবৃত্তিররূপ দৈরূপ্য যথাযথভাবেই বিজ্ঞান আছে। উক্তস্থলে বহি সাধ্য হওয়ায় মহানস সপক্ষ এবং হ্রদাদি বিপক্ষ হইবে। ধ্মরূপ হেরাভাসে মহানদাত্মক যে সপক্ষ, তদ্বৃত্তির এবং হ্রদাভাত্মক যে বিপক্ষ, তদ্বৃত্তির আছে। উক্ত অতিব্যাপ্তি-দোষের নিরাসের নিমিত্তই পক্ষবৃত্তিরক হেতুরূপের অত্যতি করা হইয়াছে। এক্ষণে আর প্রদর্শিত অতিব্যাপ্তির অবকাশ নাই। কারণ, উক্তস্থলীয় ধ্মাত্মক হেরাভাসে পক্ষ যে হ্রদ, তদ্বৃত্তিরতী না থাকায় উহা ত্রিরূপ হয় নাই।

সপক্ষরভিত্বকে পরিত্যাগ করিয়। পক্ষরভিত্ব ও বিপক্ষারভিত্ব এই রূপদ্মকে হেতুর লক্ষণ বলিলে, উহা "শব্দো নিত্যঃ শ্রাবণত্বাং" ইত্যাদি স্থলীয় শ্রাবণত্বরূপ হেত্যাভাসে অভিব্যাপ্ত হইয়। য়য়। কারণ, শ্রাবণত্ব শব্দরূপ পক্ষে রভি এবং ঘটপটাদিরূপ বিপক্ষে অরভি হইয়াছে। লক্ষণে সপক্ষরভিত্বের প্রবেশ থাকিলে আর উক্ত অভিব্যাপ্তির অবকাশ থাকে না। কারণ, সপক্ষ যে আকাশাদি, ভাহাতে শ্রাবণত্বরূপ হেতুটী রভি হয় নাই।

উক্ত রূপত্ররের একএকটাকে পৃথক্ পৃথগ্ভাবে গ্রহণ করিয়াও হেতুর লক্ষণ করা সম্ভব হর না। কারণ, এরপ পৃথক্ পৃথক্ লক্ষণগুলিও হেস্বাভাসে অতি-ব্যাপ্তই হইন্না যায়। সপক্ষবৃত্তিত্ব ও বিপক্ষাবৃত্তিত্ব এই ছুইটীকে পরিত্যাগ করিয়া যদি কেবল পক্ষবৃত্তিমকে হেতুর লক্ষণ করা যায়, তাহা হইলে উহা পর্বতো-বহ্নিমান কৃতকত্বাৎ" ইত্যাদি স্থলীয় সাধারণানৈকান্তিকরূপ হেত্বাভাসে অতিব্যাপ্ত হইয়া যাইবে। উক্তম্বলীয় হেতুরূপে অভিমত যে ক্রতকন্বটী, তাহাও পর্ব্বতাত্মক পক্ষে বৃত্তি হইয়াছে। পক্ষবৃত্তিত্ব ও বিপক্ষাবৃত্তিত্ব এই ছইটী রূপকে পরিত্যাগ করিয়া যদি কেবল সপক্ষরতিত্বকে হেতুর লক্ষণরূপে গ্রহণ করা যায়, তাহা হইলেও উহা উক্ত হলে। সাধারণানৈকান্তিক হেমাভাসেই অতিব্যাপ্ত হট্যা যাইবে। কারণ, ক্বতকন্টী মহানসাদি সপক্ষে বৃত্তি হইয়াছে। পক্ষবৃত্তিত্ব ও সপক্ষবৃত্তিত্ব এই ছুইটা রূপকে পরিত্যাগ করিয়া যদি কেবল বিপক্ষাবৃত্তিত্বকে হেতুর লক্ষ্ণ বলিয়া গ্রহণ করা যায়, তাহা হইলেও উহা "হ্রদো বহ্নিমান্ ধুমাৎ" ইত্যাদি ত্রনীয় হেডাভাসে অতিব্যাপ্ত হইয়া বাইবে। কারণ, উক্তস্থনীয় যে ধুমাত্মক হেতৃটী অর্থাৎ হেতুরূপে অভিমত ধুমটী, তাহা নদী প্রভৃতি বিপক্ষে বাস্তবিক-পক্ষেই অবৃত্তি হইয়াছে। স্নতরাং, পক্ষবৃত্তিত্ব, সপক্ষবৃত্তিত্ব ও বিপক্ষাবৃত্তিত্ব এই রূপত্রয়কে অথবা পক্ষবৃত্তিত্ব ও সাধ্যব্যাপ্যত্ব এই রূপদমকেই হেতুর লক্ষণরূপে গ্রহণ করিতে হুইবে।

দিঙ্নাগ পক্ষবৃত্তিষ্ব ও সাধ্যব্যাপাত্ব এই রূপদ্বরকে হেতুর লক্ষণরূপে গ্রহণ করিয়াছেন। ইহাতে যদি আপত্তি করা যায় যে, উক্ত দৈরূপ্যকে হেতুর লক্ষণ বলা যায় না। কারণ, উহা "পর্বতো বহ্নিমান্ পর্বতত্বাং" ইত্যাদি স্থলীয় পর্বতত্ত্ব-রূপ অসাধারণ হেত্বাভাসে অতিব্যাপ্ত হইয়া গিয়াছে। কারণ, উহা পর্বতিরূপ গক্ষে বৃত্তি এবং বহ্নিরূপ সাধ্যের ব্যাপ্য হইয়াছে। স্মৃতরাং, উক্ত দৈরূপ্যটা পর্বত্বে থাকার উহা কথিত অসাধারণ-হেন্বাভাসে অতিব্যাপ্ত হইয়া গিরাছে।
তাহা হইলেও উত্তরে আমরা বলিব যে, উক্ত হেতুলক্ষণটা উক্ত অসাধারণহেন্বাভাসে অতিব্যাপ্ত হর নাই। কারণ, পর্বতহটী আদৌ বহ্নির ব্যাপ্যাই হয়
নাই। পর্বতমাত্রই বহ্নির অধিকরণ হয় না। স্কৃতরাং, বহ্নিশ্লু পর্বতে পর্বতহটী
থাকার উহাতে বহ্নিরপ সাধ্যের ব্যাপ্তি নাই।

র্থদি আপত্তি করা বার বে, উক্ত দৈরপ্য বা তৈরুপ্যকে হেতুর লক্ষণ বলিলে উহা "উৎপত্তিকালাবচ্ছিন্নো ঘটো গর্ধবান্ পৃথিবীত্বাৎ ঘতাদিবং" ইত্যাদিপ্রয়োগফ্লীর পৃথিবীত্বরূপ হেত্বাভাসে অতিব্যাপ্ত হয়। কারণ, উক্ত হেতুটী ঘটাত্মক পক্ষে
বৃত্তি এবং গন্ধরূপ সাধ্যের ব্যাপ্য হইরাছে, অথবা উহাতে ঘটাত্মক-পক্ষরৃত্তিত্ব,
জ্বলন্ধ-বিপক্ষারুত্তিত্ব এবং ঘতাদিরূপ-সপক্ষরৃত্তিত্ব, এই রূপত্রেয় যথাযথই বিশ্বমান
আছে। উক্তস্থলীয় হেতুকে অবশ্রুই আভাস বলিতে হইবে। কারণ, উৎপত্তিকালাবচ্ছেদে ঘটাদিরূপ জ্বন্দ্রব্যে গন্ধাদি গুণ না থাকার উহা বাধিত হইরা
গিরাছে। স্কৃতরাং, উক্ত দ্বৈরূপ্য বা তৈরুপ্যকে কেমন করিরা হেতুর লক্ষণরূপে
গ্রহণ করা যায়।

তাহা হইলেও উত্তরে আমরা বলিব যে, পূর্ব্বপক্ষীর আপত্তি সমীচীন হয় নাই। কারণ, গন্ধরূপ সাধ্যের ব্যাপ্তি পৃথিবীত্বে না থাকার উহা উক্ত রূপদ্বয়বিশিষ্ট হয় নাই। গন্ধরূপ সাধ্যের কালাপেক্ষায় অধিককালীন যে পৃথিবীত্ব, তাহা গন্ধের ব্যাপ্য হইতে পারে না। যাহা বদপেক্ষায় অধিক দেশ বা অধিক কালে বৃত্তি হয়, শাস্তকারণণ তাহাকে তাহার অব্যাপাই বলিরাছেন। গন্ধরূপ সাধ্যের পক্ষে বিপক্ষ যে উৎপত্তিকালাবচ্ছিন্ন ঘট, তাহাতে বৃত্তি হওরার উক্তস্থলীর পৃথিবীত্বরূপ হেতুতে ত্রৈরূপ্যও নাই। স্কুতরাং, অভিব্যাপ্তি প্রভৃতি দোষশৃত্য যে দৈরূপ্য বা উক্ত ত্রেরূপ্য, তাহাকে হেতুর লক্ষণ বলিরা গ্রহণ করার কোনও বাধা নাই।

তাহা বিশেষভাবে আলোচিত হইতেছে। কেহ কেং এইরূপ অভিমত পো^{ষ্} করিতেন যে, পক্ষবৃত্তিত্বটী কথনও হেতুরূপে অন্তর্ভুক্ত থাকিতে পারে না।

১। যো যন্ত দেশকালাভ্যাং সমো ন্যুনোহিপ বা ভবেং।
স ব্যাপ্যো ব্যাপকন্তত্ত সমো বাভ্যধিকোইপি বা ॥
লোকবার্ত্তিক, অনুমানপরিছেদ, লো, ৫।

বছবছ হলে হেতুতে পক্ষবৃত্তিত্বের নিশ্চর ব্যতিরেকেও হেতুকে সাধ্যের সহিত নিয়তপ্রতিব্দ্ধ, অর্থাৎ হেতুকে সাধ্যের ব্যাপ্যরূপে জানিয়াই আমরা ধর্মিবিশেরে সাধ্যধর্মের অনুমান করিয়া থাকি। স্কুতরাং, পক্ষধর্মত্বকে কথনই আমরা হেতুরূপের অন্তর্গত বলিতে পারি না। হেতুতে পক্ষধর্মত্বের নিশ্চর ব্যতিরেকেই যে স্থলবিশেষে আমরা অনুমান করিয়া থাকি, তাহা হুই একটা দুষ্টান্ত অবলম্বন করিলেই <্ঝা যায়।^১ আমরা পর্বতাদির অধোদেশস্থ নদীর পূর দেখি<mark>য়া</mark> উর্জস্থ পর্ব্বতাদি দেশে বৃষ্টির অনুমান করিয়া থাকি। এস্থলে অনুমানের পক্ষ যে উর্দ্ধদেশ, ভদ্ধর্মতা অধোদেশের নদীপুরে নাই এবং উক্ত নদীপুরে উর্দ্ধদেশাত্মক পক্ষধর্মতার নিশ্চয়কে অপেক্ষা না করিয়াই ঐ উর্দ্ধদেশে আমরা বুষ্টির অনুমান করিয়া থাকি। আমরা বালকবিশেষকে ব্রাহ্মণ বলিয়া অনুমান করিতে পারি, যদি আমরা তদীয় মাতা ও পিতাকে নিশ্চিতভাবে ব্রাহ্মণ বলিয়া জানি। সাধারণতঃ নিম্নোক্ত আকারে অনুমানটীর প্রয়োগ হয়— "বালকোহয়ং ব্রাহ্মণঃ জনকজনভো ব্রাহ্মণত্বাৎ"। এই অনুমানের হেতু ধে জনকজননীর ত্রান্ধণত, তাহাতে বালকরূপ পক্ষধর্মতার নিশ্চয় ব্যতিরেকেই আমরা উক্তরূপ অনুমান ,করিয়া থাকি। আমরা সমুদ্রে জলফীতি দেথিয়া মেঘাবৃত আকাশে চক্রের উদয় অনুমান করি। এই অনুমানের পক্ষ যে চক্র, তদ্ধর্মতার জ্ঞান ব্যতিরেকেই জ্লক্ষীতির দ্বারা আমরা উহার উদয়ের অনুমান করিয়া থাকি। আকাশে ক্বত্তিকা নক্ষত্রপুঞ্জের উদয় দেখিয়া আমরা রোহিণীনামক নক্ষত্রপুঞ্জের উদয়কে আসন বলিয়া মনে করি। এই অনুমানের পক্ষ ষে

ন্যেবনকুষান্ত প্রামাণোহণক্ষধর্মপানুমানং প্রমাণং স্থাদপ্রতিপরাধিগমাৎ ।

ক্ষাধ্যারদীপুরং দৃষ্ট্রোপরি বৃষ্টাকুষানম্। যথা—শিশুরয়ং ব্রাহ্মণঃ মাতাপিত্রো ব্রিহ্মণাদিতি ।

তত্তকুম্—

নদীপুরোহপ্যধো দেশে দৃষ্টঃ সমুপরিস্থিতাম্।
নিয়ম্যোগময়তোব বৃত্তাং বৃদ্ধিং নিয়ামিকাম্।
এবং প্রত্যক্ষধর্মত্বং জ্যেষ্ঠং হেবজমিয়তে।
তৎপূর্বোক্তান্তধর্মবৃদর্শনাদ্যভিচার্যতে।
পিত্রোক্ রাহ্মণব্দে পুত্রাহ্মণতানুমা।
সর্বলোকপ্রসিদ্ধান পক্ষধর্মমপেক্ষতে।
প্রমাণবার্ত্তিক, চক্রধ্যেমিক্বত ব্যাখ্যা পৃঃ ১০।

রোহিনী নক্ষত্রপুঞ্জের আসর উদর, কৃত্তিকার উদরে তদ্ধতার জ্ঞানভিন্নই আমরা কৃতিকোদয়ের দারা আসন রোহিণ্যুদরের অনুমান করিবা থাকি। স্কৃত্রাং, উক্ত অনুমানগুলির পক্ষ ও হেতুর বিশ্লেষণ করিলে ইহা কথনও বলা যার না যে, পক্ষর্বর্মতাও হেতুরপের অন্তর্গত।

ইহার উত্তরে আমরা বলিব যে, পূর্ব্যপক্ষী যাহা বলিয়াছেন আপাতদৃষ্টিতে তাহা সত্য বলিয়াই মনে হয়; কিন্তু, বিচার করিয়া দেখিলে উক্ত মতকে অস্মীচীনই বলিতে হয়। কারণ, নদীর পূর দেখিয়া আমরা নদীর উদ্ধ দেশেই বৃষ্টির অমুমান করি, নদী অপেক্ষা নিমদেশে বৃষ্টি হইয়াছিল বলিয়া আমরা বৃঝি না। উর্দ্ধদেশ, নিম্নদেশ বা স্থানান্তর যদি তুল্যভাবেই নদীপুরের সহিত অসম্বদ্ধ হয়, তাহা হইলে উর্দ্ধেশের ভায় নিমদেশ বা হানান্তরেও তুলাভাবেই বৃষ্ট্যন্ত্রমানের প্রসক্তি হয়। কারণ, উক্ত বিভিন্ন দেশগুলির নদীপুরের স্থিত অসম্বদ্ধতা সম:নই আছে। এই যে নিয়তদেশে সাধ্যানুমান হয়, ইহার দ্বারাই প্রমাণিত হইরা বাইতেছে বে, উক্ত দেশবিশেষের সহিতই হেতুর সম্বন্ধ আছে, যে কোনও দেশের সহিত নহে। স্মুতরাং, পক্ষধর্মতা যে হেতুরূ<mark>পের</mark> অন্তর্গত, ইহা নিঃসন্দিগ্ধ। অতএব, আমাদের পূর্ব্বক্থিত স্বলগুলিতে নিম্নোক্ত আকারে অনুমানের প্রয়োগ হইবে। প্রথম স্থলে, "নদী উপরিবৃষ্টিমদ্দেশসম্বন্ধিনী স্রোতঃশীঘ্রতে সতি পূর্ণফলকাষ্ঠাদিবহনবত্ত্বে সতি পূর্ণবাৎ পূর্ণবৃষ্টিমনদীবৎ" — <u>এই আকারে অনুমানের প্ররোগ হইবে।</u> উক্ত প্ররোগে নদীকে প<mark>ক্ষ</mark>, বৃষ্টিমদুর্ন্নদেশসম্বন্ধিত্বকে সাধ্য এবং স্রোতঃশীঘ্রত্ত ও পূর্ণকলকাষ্ঠাদিবহনবত্তবিশিষ্ট পূর্ণন্বকে হেতুরূপে উপশুস্ত করা হইয়াছে। উক্ত হেতুটী নদীরূপ পক্ষে যথাযথই বৃত্তি হইয়াছে। দিতীয় স্থলে, "বালকোহনং ব্রাহ্মণঃ ব্রাহ্মণবাহ্মণীজন্মবাৎ"—এই আকারে অনুমানটীর প্রয়োগ হইবে। উক্ত প্রয়োগে বালকটি পক্ষ, ব্রাহ্মণত সাব্য এবং ব্রাহ্মণব্রাহ্মণীজ্যত্বকে হেতু করা হইরাছে। নির্দ্দিষ্ট বালকাত্মক প<mark>ক্ষে</mark> ব্রান্ধণব্রান্ধণীজ্ঞত্বরূপ হে চুটীর বস্তুতঃই বৃত্তি হইরাছে। তৃতীয় স্থলে, "গগনমাপল্লোদয়রোহিগ্যাথ্যনক্ষত্রপুঞ্জবৎ সমুদিতোদয়কৃত্তিকাথ্যনক্ষত্রপুঞ্জবত্তাৎ"— • এই আকারে অমুমানটীর প্রয়োগ হইবে। উক্ত প্রয়োগে গগন পক্ষ, আসমোদর-রোহিণীনক্ষত্রপুঞ্জ সাধ্য এবং উদরবিশিষ্ট-কৃত্তিকানক্ষত্রপুঞ্জবন্ধটী হেতু

>। शांत्रवार्त्विक. घ. ३. थां. ३. १ ०।

হইরাছে। উক্ত হেতুটিও বাস্তবিক পক্ষেই গগনাত্মক পক্ষে বৃত্তি হইরাছে। অতএব, এফণে ইহা আমরা পরিষ্কারভাবে ব্কিতে পারিলাম যে, পূর্ব্বপক্ষী যে অপক্ষধর্মহেতুক অনুমানের কথা বলিয়াছেন, তাহা তদীয় অজ্ঞতারই পরিচারক, বিজ্ঞতার নহে।

পাত্রস্বামিপ্রমুখ অপর এক দার্শনিকসম্প্রদায় মনে করিতেন যে, যদিও পক্ষরভিত্ব, সপক্ষরভিত্ব ও বিপক্ষারভিত্ব এই রূপত্রয় হেতৃতে থাকে ইহা সত্যা, তথাপি ঐ ত্রৈরূপ্যই যে হেত্বাভাস হইতে হেতৃর বৈশিষ্ট্য, তাহা নহে। পরস্তু, অশ্রথারূপপন্নত্বই হেত্বাভাস হইতে হেতৃর বৈশিষ্ট্য। স্মৃতরাং, ত্রেরূপ্য হেতৃর লক্ষণ নহে, অশ্রথারূপপন্নত্বই হেতৃর লক্ষণ। "স শ্রামো মিত্রাতনয়ত্বাৎ অপরমিত্রাতনরবং" ইত্যাদি প্রয়োগস্থলে মিত্রাতনয়ত্বরূপ হেতৃতে পক্ষরভিত্ব, সপক্ষরভিত্ব ও বিপক্ষারভিত্ব এই রূপত্রয় যথাযথই বিশ্বমান আছে। উক্তর্রুবর্শিষ্ট হইয়াও মিত্রাতনয়ত্বটী শ্রামত্বরূপ সাধ্যের পক্ষে হেতৃ নহে, হেত্বাভাসই। শ্রামত্বরূপ সাধ্য ব্যতিরেকেও মিত্রাতনয়ত্বটী উপপন্ন হইতে পারে বিলিয়াই উহা শ্রামত্বর হেতৃ হইবে না। স্মৃতরাং, একমাত্র অশ্রথারূপপন্নত্বই, অর্থাৎ সাধ্যব্যতিরেকে অনুপপ্রমানত্বই, হেতৃর রূপ বা হেত্বাভাস হইতে হেতৃর বৈশিষ্ট্য, ত্রেরূপ্য নহে।

"ভাবাভাবী কথঞ্চিৎ সদাত্মকো কথঞ্চিত্পলভ্যমানত্বাৎ" ইত্যাদি প্রয়োগস্থলে সপক্ষ ও বিপক্ষ এই চুইটীই অপ্রসিদ্ধ। কারণ, ভাব বা অভাব সবই পক্ষ
হইয়া গিয়াছে। স্বতরাং, উক্তস্থলে সপক্ষবৃত্তিত্ব ও বিপক্ষাবৃত্তিত্ব এই চুইটী
রূপই অপ্রসিদ্ধ হইয়া গিয়াছে; কেবল পক্ষবৃত্তিত্বাত্মক একটা রূপের দ্বারাই
কথঞ্চিত্পলভ্যমানত্বটী হেতু হইয়াছে। অতএব, উক্তস্থলে হেতুতে অব্যাপ্তি
হয় বলিয়া তৈরূপ্যকে হেতুর লক্ষণ বলা যায় না। সাধারণাদি হেত্বাভাসে
অতিব্যাপ্তি হওয়ায় কেবল পক্ষবৃত্তিত্ব যে হেতুর লক্ষণ হইতে পারে না, তাহা

অক্তথাকুপপরত্বে নকু দৃষ্টা হহেতুতা।

নাসতি ত্রাংশকস্তাপি তথ্নাৎ ক্লীবা দ্রিলক্ষণাঃ। তথসংগ্রহ, কা ১৩৬৪।

অক্তথানুপপন্নত্ব এব শোভনো হেতু র্নতু পুনস্থিলক্ষণঃ। তথাহুসত্যগ্রথাকু — পপন্নত্বে

ত্যাংশকস্তাপি তৎপুত্রতাদে ন' দুষ্টা হুহেছুতা। ঐ, পঞ্জিকা।

আমরা পূর্ব্বেই বলিয়াছি। স্কৃতরাং, অন্তথানুপপন্নত্বকেই অগত্যা হেতুর রূপ বলিয়া স্বীকার করিতে হটবে।

"শ্শী চন্দ্রঃ চন্দ্রবেন ব্যপদিশুমানহাৎ" ইত্যাদি প্রয়োগহলেও সপক সম্ভব হইবে না / কারণ, পক্ষীভূত যে শ্শী, তদ্তির এমন কোনও ধর্মান্তর জগতে নাই যাহা চক্র হইবে। স্মৃতরাং, সপক্ষ অপ্রসিদ্ধ হওয়ায় উক্ত স্থলে ত্রৈরূপ্যকে হৈতুর লক্ষণ বলা বাইবে না। "শব্দো নিত্য: শ্রাবণহাৎ" ইত্যাদি স্থলে শ্রাবণঘ-. রূপ **হে**খাভাসে অতিব্যাপ্ত হওয়ার পক্ষরতিত্ব ও বিপক্ষারতিত্ব এই রূপদ্বর যে হে**তু**র লক্ষণ হইতে পারে না, তাহা আমরা পুর্বেই জানিয়াছি। অতএব, অগত্যা অন্তর্থা-মুপন্নত্বকেই হেতুর লক্ষণ বলিয়া স্বীকার করিতে হইবে। অথবা, "চক্ষুঃ বিভামান-রূপগ্রহণসাধকতমশক্তিকম অনুপ্রতত্ত্বে সতি রূপদর্শনার্থৎ প্রেক্ষাপূর্বকারিভির্ব্যাপা-র্যামাণত্বাৎ" ইত্যানি প্রয়োগস্থলেও সপক্ষ প্রশিদ্ধ হইবে না। পক্ষীভূত যে চক্ষরিক্রিয়, তদ্মতিরিক্ত এমন একটা ধর্মণ জগতে পাওয়া যাইবে না, যাহাতে রূপগ্রাহকশক্তি আছে। স্থতরাং, এই হলেও পদ্দর্তিত্ব ও বিপদ্দার্তিত্ব, এই তুইটীমাত্র রূপই সম্ভব হইবে। উক্ত রূপ্দন্ত যে হেতুর লক্ষণ হইতে পারে না তাহা <mark>অব্যবহিত পূর্ব্বেই আম</mark>রা জানিরাছি। অতএব, গত্যন্তর ন**্থাকার অ**ন্তথা<mark>নুপ</mark>-পন্নত্বকেই হেতুর রূপ বলিতে হইবে। উক্ত নানাবিধ যুক্তির সাহায্যে পাত্রস্বামী এবং তাঁহার অন্নবর্ত্তিগণ বলিয়াছেন যে, উক্ত ত্রৈরূপ্য হেতুর রূপ নহে, পরন্ত, অন্তথানুপপত্তিই একমাত্র হেতুর রূপ। অন্তথানুপপন্ন হইলেই তাহা হেতু হইবে, অগ্রথা ত্রিরূপ হইলেও তাহ। হেত্বাভাসই হইরা যাইবে।

ইহার উত্তরে আমরা বলিতে পারি যে, পাত্রস্বামী এবং তাঁহার অনুগামিগণ যে অন্তথানুপপত্তিরপ ঐকরপ্যকে হেতুর লক্ষণ বলিয়াছেন, ঐ অন্তথানুপপত্তি, অর্থাৎ সাধ্যের সহিত হেতুর অবিনাভাব, কি সামান্ততঃ, অর্থাৎ বিশেষ বিশেষভাবে পর্বত, মহানসাদি ধর্মীর গ্রহণ না করিয়া, 'যত্র যত্র ধৃয়ঃ ভত্র তত্র বহিঃ' এইভাবে গৃহীত হইবে, অথবা বিশেষ বিশেষভাবে ধর্মীর আশ্রারে উহা গৃহীত হইবে। যদি তাঁহারা প্রথম পক্ষ অবলম্বন করিয়া বলেন যে, উক্ত অন্তথানুপপত্তিরপ বামান্ততঃই গৃহীত হইবে, বিশেষতঃ নহে, তাহা হইলে উক্ত অন্তথানুপপত্তিরপ ঐকরপ্যকে হেতুর লক্ষণ বলা যাইবে না। কারণ, এরপ বলিলে 'শেকোংনিত্যঃ চাক্ষ্যত্বাৎ'' ইত্যাদিস্থলে অসিদ্ধ হেত্যভাবে উক্ত লক্ষণের অতিব্যাপ্তি

হইয়া যাইবে। অনিত্যত্বরূপ সাধ্যের অবিনাভাব চাক্ষ্বত্বে আছে। আকাশ, প্রতিসংখ্যানিরোধ ও অপ্রতিসংখ্যানিরোধ ভিন্ন অপরাপর ধর্মমাত্রেরই অনিত্যত্ব বৈভাষিক্মতে স্বীকৃত আছে। স্কৃতরাং, উক্ত অতিব্যাপ্তির নিরাসের নিমিত্ত অবশ্যই পক্ষবৃত্তিত্বকে হেতুরূপে অস্তর্ভুক্ত করিতে হইবে।

আর, যদি তাঁহারা এইরূপ বলেন যে, বিশেষতঃ ধর্মীকে অবলম্বন করিয়াই হেতৃতে সাধ্যের অবিনাভাব বা অন্তথানুপপত্তির গ্রহণ হয়, তাহা হইলেও জিজ্ঞাসা হইবে যে অবিনাভাব গ্রহণের বিশেষ ধর্ম্মীটী কি সপক্ষ বা পক্ষ হইবে। যদি সপক্ষকে অবলম্বন করিয়া অবিনাভাবের গ্রহণ হয় বলিয়া তাঁহারা মনে করেন, তাহা হইলেও দোষ হইবে যে, এরপে অবিনাভূত হেতুর দারা পক্ষে সাধ্যান্তমিতির কোনও সম্ভাবনা থাকিবে না। কারণ, অবিনাভাবগ্রহণে যাহা সামাগ্রভঃও পক্ষের সহিত সংস্ট থাকে না, তাহা কথনই পক্ষে সাধ্যের অমুমাপক হইতে পারে না এবং এই পক্ষে পুর্ব্বোক্ত স্বরূপাসিদ্ধ হেখাভাবে লক্ষণের অতিব্যাপ্তি থাকিয়াই যাইবে। কারণ, ঘটাদি অর্থাৎ নীলাদি ক্ষণাত্মক সপক্ষে চাক্ষ্যত্তী অনিত্যত্বের সহিত অবিনাভূতই আছে। স্থতরাং, ''শব্দোহনিত্য: চাক্ষ্বাৎ'' ইত্যাদি স্থলে স্বরূপাশিদ্ধ হেত্বাভাবে অতিব্যাপ্তির উদ্ধার হইল না। যদি তাঁহারা অবিনাভাবগ্রাহক বিশেষধর্মিরূপে পক্ষের গ্রহণ করেন, তাহা হইলে উক্ত স্বরূপাসিদ্ধ হেত্বাভাসে অতিব্যাপ্তির উদ্ধার হইরা যাইবে ইহা সত্য ; কারণ, চাক্ষুষন্ধটী শব্দাত্মক পক্ষে না থাকায় পক্ষাস্তর্ভাবে উহাতে অনিত্যন্তরূপ সাধ্যের অবিনাভাব বা অন্তথানুপপত্তি গৃহীত হইবে না। এইরূপ হইলেও তাঁহাদিগকে সর্বত অনুমানে সিদ্ধাধন-দোষ স্বীকার করিতে হইবেই। কারণ, অবিনাভাব গ্রহণের সময়েই তাঁহারা পক্ষে সাধ্যের নিশ্চয় স্বীকার করিয়া বসিয়াছেন। পূর্ব্বে পক্ষধর্মীতে সাধ্যের নিশ্চয় না থাকিলে কথনই পক্ষধর্মী অবলম্বনে হেতুতে সাধ্যের অবিনাভাব নির্ণীত হইতে পারে না। স্থতরাং, অগ্ররূপনিরপেক্ষভাবে কেবল অন্তথামুপপত্তিকে কথনই হেতুর রূপ বা লক্ষণ বলা যাইতে পারে না।

আরও কথা এই যে, অন্তথানুপপত্তি বা অবিনাভাবও অবয় এবং ব্যতিরেকের দ্বারাই গৃহীত হইবে।' অবয় ও ব্যতিরেকের গ্রহণ না হইলে

১। শাস্ত্রে সপক্ষবৃত্তিত্বকে "অন্বয়" এবং বিপক্ষাবৃত্তিত্বকে ব্যক্তিরেক বলা ইইয়াছে।
ভাষ্মঃ সপক্ষবৃত্তিত্বং ব্যতিরেকঃ বিপক্ষাবৃত্তিত্বমূ। ভত্তমংগ্রহ, কা ১৬৮৪, পঞ্জিকা।

কথনই হেতুতে সাধ্যের অন্তথানুপপত্তি গৃহীত হইতে পারে না। স্কুতরাং, অন্তথানুপপত্তিকে হেতুর রূপ বলিলে কলতঃ সপক্ষরতিত্ব ও বিপক্ষাবৃত্তিত্বকেও হেতুর রূপ বলিয়া অবশ্রুই স্বীকার করা হইল। পূর্ব্ধক্থিত স্বরূপাসিদ্ধ হেডাভাসে অতিব্যাপ্তির নিরাসের নিমিত্ত বে পক্ষরতিত্ব হেতুর রূপে অন্তর্ভুক্ত হইবে, তাহা আমরা পূর্ব্বেই জ্বানিয়াছি। অতএব, পাত্রস্বামী ও তাঁহার অনুবর্তিগণও অজ্ঞাতভাবে পক্ষরতিত্ব, সপক্ষরতিত্ব ও বিপক্ষার্ত্তিত্ব, এই রূপত্রয়কেই হেতুর লক্ষণ বা রূপ বলিয়া স্বীকার করিয়া কেলিয়াছেন। পরস্ত, বিশ্লেষণের অভাববশতই তাঁহারা অন্তথানুপপত্তিরূপ ঐকরপ্যকে হেতুর লক্ষণ বলিয়া ত্রৈরূপেয়র হেতুরূপত্ব স্বীকার করিয়াছেন।

পূর্ব্বপক্ষী বে "স শ্রামো মিত্রাতনয়য়াং" এইন্থলে তৈরূপাসব্বেও হেন্ধাভাসন্থের কথা বলিয়াছেন, তাহাও সমীচীন হয় নাই। কারণ, উক্ত ন্থলে
হেতুতে বাস্তবিকপক্ষে ত্রৈরূপাই নাই। শ্রামন্থ মিত্রাতনয়য়রপ হেন্ধাভাবে
হেতুটো আদৌ বিপক্ষে অর্ত্রিই হয় নাই। শ্রামন্থাভাব ও মিত্রাতনয়য়
ত্রেরূপাাল্মক হেতুলক্ষণের অতিব্যাপ্তি হয় নাই। শ্রামন্থাভাব ও মিত্রাতনয়য়
(অর্থাৎ শ্রামর্ব না হওয়া ও মিত্রাতনয় হওয়া) এতত্রভয়ের মধ্যে কোনও বিরোধ
না থাকায় মিত্রাতনয়য়ের বিপক্ষাবৃত্তিয়টী সন্দিয় হওয়ায় উক্ত ন্থলে হেতুতে
ত্রৈরূপ্য নাই। অত এব, ইহা বলা সম্পত্ত হয় নাই যে, অতিব্যাপ্তিদোবে য়প্ত
হওয়ায় উক্ত ত্রেরূপ্য হেতুর রূপ বা লক্ষণ হইতে পারে না।

আমাদের পূর্ব্বপক্ষী 'ভাবাভাবে কথঞিৎ সদাত্মকো কথঞিত্পলভামানহাং" ইত্যাদি সদ্ধেতৃ-স্থলে ত্রেরপ্যাত্মক হেতৃলক্ষণের অব্যাপ্তি দেখাইরাছেন।. তিনি বলিয়াছেন যে ধর্মমাত্রই পক্ষে প্রবিষ্ঠ আছে; স্মৃতরাং, উক্ত স্থলে সপক্ষ বলিয়া কাহাকেও গ্রহণ করা যাইবে না। উত্তরে আমরা বলিব যে, পূর্ব্বপক্ষী ভ্রমে পতিত হইয়াই প্রদর্শিতরূপে অব্যাপ্তির কথা বলিয়াছেন। কারণ, সিদ্ধনাধ্যতা-দোষে উক্ত হেতৃটী হুই হইয়া গিয়াছে। ইহা হেতৃ নহে; পরস্ক, হেত্বাভাস। অতএব, উহাতে ত্রেরপ্যাত্মক হেতৃলক্ষণের অসমন্বরই আবশ্রক, সমন্বিত হইলে লক্ষণটী অতিব্যাপ্তিদোষে হুই হইয়া যাইত। এমন কোনও মতই নাই, যে মতে ভাবাভাবাত্মক ধর্ম্মজাত কথঞিৎও সৎ হইবে না। নৈয়াধ্যিক প্রভৃতি দৈতবাদিগণ জ্রেয়্বাণিরূপে যাবৎপদার্থেরই সদাত্মকতা স্বীকার করেন। অদৈতবাদে বা বিজ্ঞানবাদেও ব্যবহারতঃ

ভাবাভাব পদার্থের সদায়কতা ধীকৃত আছে। এমন কি শুগুবাদেও ভাবাভাব-ধর্মের সাংবৃতিক সদায়কতা অভ্যুপগত হইয়াছে। স্কুতরাং, ভাবাভাবায়ক যাবং-পদার্থের কণঞ্জিং সদায়কতা সর্ব্ববাদিস্বীকৃত থাকায় উক্ত স্থলে হেতুটা সিদ্ধ-সাধ্যতা-দোষে আভাস হইয়া গিয়াছে। অতএব, ত্রৈদ্ধপ্যাত্মক হেতুলক্ষণটা অব্যাপ্তি-দোষে মুষ্ট হয় নাই।

আর যে, পূর্ব্বপক্ষী "শশী চক্রঃ চক্রছেন ব্যবহার্য্যমাণস্থাৎ," "চকুঃ বিভ্যমান-গ্রহণগাণকতমশক্তিকম্ অন্থণহতত্বে সতি রূপদর্শনার্থং প্রেক্ষাপূর্ব্বকারিভির্ব্যাপার্য্যমাণস্থাৎ" এই স্থলদ্বে সপক্ষের অপ্রদিদ্ধি-নিবন্ধন তৈরূপ্যাত্মক হেতুলক্ষণের অব্যাপ্তির কথা বলিয়াছেন, তাহাও স্ক্রণশনি না থাকারই পরিচায়ক। কারণ, প্রথম স্থলে সপক্ষ অপ্রসিদ্ধ নহে। কারণ, রক্ষত বা কর্পুর উক্ত স্থলে সপক্ষ হইবে। শশীর স্থার উহারাও "চক্র" পদের দ্বারা কথিত হইরা থাকে। দ্বিতীয় স্থনে চক্ষু:রূপ পক্ষতী প্রসিদ্ধ নাই। স্থতরাং, অপ্রসিদ্ধপক্ষক-রূপ হেত্বাভাবে উক্ত হেতুলক্ষণের সমন্বর না হইলেও ক্র ত্রৈরূপ্যাত্মক হেতুলক্ষণতী অব্যাপ্তিদোধে ছুই হর নাই। যদি অস্থবিধ অন্ধ্যানের দ্বারা চক্ষুকে প্রমাণিত করিয়া উহাকে পক্ষ করা হয়. তাহা হইলেও উক্ত অন্ধ্যান সিন্ধসাধ্যতা-দোধে ছুই হইয়া যাইবে। অতএব, উহাতে তৈর্রুপ্যাত্মক হেতুলক্ষণের সমন্বর না হইলেও উহা অব্যাপ্তিদোধে ছুই হইবে না। যে অন্ধ্যানের দ্বারা চক্ষুরূপ ধর্মীকে প্রমাণিত করা হইবে, সেই অন্ধ্যানের দ্বারাই উহার বিদ্যমান-রূপদর্শন-সাধকতম-শক্তিমন্তর প্রমাণিত হইয়া যাইবে। স্থতরাং, অস্থা অনুমানের দ্বারা চক্ষুরূপ ধর্মীতে বিদ্যমান-রূপগ্রহণ-সাধকতম-শক্তিমন্তর সাধন ক্রিতে গেলে ক্র অন্ধ্যান অবশ্বই সিদ্ধসাধন-দোহে ছুই হইয়া বাইবে।

কোনও কোনও নৈয়ান্ত্ৰিক যে মহাবাক্য পক্ষবৃত্তিহ্ন, সপক্ষবৃত্তিছ্ব, বিপক্ষাবৃত্তিত্ব, অসংপ্ৰতিপক্ষিতত্ব ও অবাধিতত্ব, এই পঞ্চবিধ রূপের ছারা বিশেষিত করিয়া লিঙ্গের প্রতিপাদন করে সেই মহাবাক্যকে ন্থায় বা পরার্থান্থমান বলিয়াছেন। বদিও তত্বিষ্ঠিয়মনিকার উক্ত ন্থাই-লক্ষণটীকে ত্বষ্ঠ বলিয়াছেন ইহা সত্য, তথাপি কোনও কোনও একদেশীর ঐরপ লক্ষণ অভিপ্রেত ছিল। স্মৃতরাং, ইহা ব্রা যাইতেছে যে, ঐ মতে উক্ত পঞ্চবিধ রূপ হেতুর লক্ষণ বলিয়া স্বীকৃত ছিল। ঘাহারা কেবলায়্বী অনুমান, অর্থাৎ কেবলায়্বি-সাধ্যক অনুমান স্বীকার করেন, তাঁহাদের মতামুদারে উক্ত পঞ্চরূপ সামান্ততঃ হেতুলক্ষণ হইবে না। কারণ, কেবলায়্বি-সাধ্যক স্থলে

বিপক্ষ অপ্রসিদ্ধ এবং ঘাঁহার। কেবলব্যভিরেকী অনুমান স্বীকার করেন, ভাঁহাদের মতেও ঐ পঞ্চবিধ রূপ সামান্তভঃ হেতুলফণ হইবে না। কারণ, কেবলব্যভিরেকী স্থলে সপক্ষ অপ্রসিদ্ধ থাকে। অভএব, ইহা বুঝা যাইতেছে যে, জন্মরব্যভিরেকী অনুমান স্থলেই উক্ত পঞ্চবিধ রূপ হেতুর লক্ষণ হইবে। অথবা, গাঁহারা কেবল অন্ধর্যভিরেকী অনুমানই স্বীকার করেন, কেবলান্থরী বা কেবলব্যভিরেকী অনুমান স্বীকার করেন না, তাঁহাদের মতে উক্ত পঞ্চরূপ হেতুর সামান্তলফণ হইতে পারে। যাহাই হউক, হেতুর রূপ সম্বন্ধে যে দার্শনিকগণের মতানৈক্য ছিল, ইহা উক্ত আলোচনার দ্বারা বেশ বুঝা যার। এই বিপ্রতিপত্তি থাকাতেই বৌদ্ধ নিয়ান্তিকগণ অনুমানের নিরূপণে প্রবৃত্ত হইয়া প্রথমে হেতুরূপের কথা বলিয়াছেন। পক্ষর্ত্তিত্ব, সপক্ষর্ত্তিত্ব ও বিপক্ষার্ত্তিত্ব এই ত্রৈরূপ্যকে সামান্তভঃ হেতুরূপ বা সামান্তভঃ হেতুরূপ বা লামান্তভঃ হেতুরূপ বা লামান্তভঃ হেতুরূপ বিলয়া স্বীকার করায় ইহা বেশ পরিদ্ধারভাবে বুঝা যায় যে, বৌদ্ধ নৈয়ান্তিকগণ কেবলান্থরী বা কেবলব্যভিরেকী অনুমান স্বীকার করিতেন না, পরন্ধ, তাঁহারা অনুমানের অন্ধর্যবৃত্তিরেকি-রূপভাই স্বীকার করিতেন।

লিঙ্গের উক্ত তৈরূপ্যকে অপেকা করিয়া, অর্থাৎ ব্যাপ্তিও পক্ষধর্মতার নিশ্চয়কে অপেকা করিয়া, ধর্মীতে সাধ্যধর্মের যে নিশ্চয়াত্মক বিকল্পজান উৎপন্ন হয়, তাহাই বৌদ্ধমতে ফলীভূত অমুমিতি হয় এবং উক্ত ফলগত যে সাধ্যধর্মের সামান্তাকার প্রতিভাস, তাহাই করণীভূত অমুমানাত্মক প্রমাণ হইবে। বৌদ্ধমতে প্রভাক ভিন্ন জ্ঞানে স্বলক্ষণ-প্রতিভাস স্বীকার করা হয় নাই। ঐ সকল জ্ঞানে নিয়ভভাবে সামান্ত- লক্ষণেরই প্রতিভাস স্বীকার করা হয় নাই। এই কারণেই এই মতে প্রমাণের সংপ্রব স্বীকার করা হয় নাই। কারণ, ইহারা সামান্তলক্ষণ অর্থে প্রত্যক্ষের এবং স্বলক্ষণ অর্থে অমুমানের প্রবৃত্তি স্বীকার করেন নাই।

পূর্ব্বোক্ত বিচারের দারা পক্ষবৃত্তিত্ব, সপক্ষবৃত্তিত্ব ও বিপ্ফাবৃত্তিত্ব, এই ত্রৈর্ন্নপোর হেতুরপতা ব্যবস্থাপিত হইয়াছে। এক্ষণে দিঙ্নাগোক্ত হেতুলক্ষণের আলোচনা করা বাইতেছে। মহামতি দিঙ্নাগ—

> পক্ষধৰ্মস্তদংশেন ব্যাপ্তো হেতৃস্ক্ৰিধৈৰ সঃ। প্ৰবিনাভাৰনিয়মাদ্ধেখাভাসাস্ততোহপৱে।।

এই কারিকার দারা যাহা পক্ষের ধর্ম, অর্থাৎ যাহা পক্ষে বৃত্তি এবং পক্ষের অংশের দারা, অর্থাৎ সাধনীয় ধর্মের দারা ব্যাপ্ত, তাহাকে হেতু বলিয়াছেন।

মুখ্যবৃত্তির দারা "পক্ষ" পদটি সাধনীর ধর্মবিশিষ্ট ধর্মীকে বুঝার। স্থতরাং, "পর্বতো বহ্নিমান্ ধ্মাং" ইত্যাদি স্থলে বহ্নিবিশিষ্ট যে পর্বত, তাহাই মুখ্যতঃ পক্ষ হইবে। ঐরপ মুখ্য পক্ষের ধর্মাত্ব, অর্থাৎ বহ্নিবিশিষ্ট পর্বতে বৃত্তিত্ব, যদি হেতুরূপের অন্তর্গত হয়,তাহা হইলে উহা অনুমানের পূর্ব্বে ধূমাদি হেতুতে অনিশ্চিতই থাকিয়া যাইবে। কারণ, অনুমানের পূর্ব্বে আমরা পর্ব্বতকে বহ্নিবিশিষ্ট বলিয়া জানি না। স্কৃতরাৎ, অনুমানের পূর্ব্বে আর আমরা ধুমকে পক্ষরুত্তি বলিয়া জানিতে পারিলাম না। অতএব, এরূপ মুখ্য পক্ষধর্মত হেতুরপের অন্তর্গত হইলে আমাদের নিকট পকল হেতুই অনিদ্ধ হইয়া যাইবে^১। দিঙ্নাগ যাহাকে হেতুর রূপের অন্তর্গত ক্রিয়াছেন, সেই রূপবিশিষ্ট হেতুর নিশ্চয়কেও তিনি ফলতঃ অনুমানের কারণ বলিয়াই স্টিত করিয়াছেন। অতএব, এরূপ মুখ্য পক্ষের ধর্মান্তকে কথনই আমরা হেতুরূপের অন্তর্গত বলিয়া মনে করিতে পারি না। আর, যদি প্রাগলভা-বশতঃ এইরূপ বলা যায় যে, অনুমানের পূর্বেই মুখ্য পক্ষধর্মত্ব হেতুতে নিশ্চিত আছে, তাহা হইলে সকল হেতুই নিদ্ধসাধ্যতা-দোষে গৃষ্ট হইয়া যাইবে । কারণ, বহ্নিবিশিষ্টরূপে পর্বতাদির জ্ঞান না থাকিলে, ধ্যটী বহ্নিবিশিষ্ট পর্বতে বৃত্তি হইরাছে, ইহা জানা যাইতে পারে না। স্থতরাং, অনুমানের কারণরূপে ধুমে বহ্নিবিশিষ্ট পর্বতরূপ মুখ্য পক্ষধর্মতের নিশ্চয় স্বীকার করিলে ফলতঃ অমুমানের পূর্বেই পর্বতে বহ্নিত্রের নিশ্চর স্বীকার করা হইল। এইরপ হইলে সকল হেতুই সিদ্ধসাধ্যতা-দোষে ছষ্ট হইয়া গেল। এই সকল দিক্ বিবেচনা করিয়া ধর্মকীত্তি কারিকাস্থ 'পক্ষ' পদটীকে ঔপচারিক, অর্থাৎ লাক্ষণিক বলিয়া সিদ্ধান্ত করিয়াছেন । যে পদের যাহা মুখ্য অর্থ, তাহার সম্বন্ধকে ''লক্ষণা" বলা হয়। প্রকৃত স্থলে 'পক্ষ' পদটীর মুখ্য অর্ধ যে ধর্মধিদ্মিরূপ সমুদায়, অর্থাৎ পূর্ব্বোক্ত স্থলানুসারে বহ্নিবিশিষ্ট পর্বত, তাহার সম্বন্ধ বা প্রত্যাসতি কেবল পর্বত ও কেবল বহ্নিতে অর্থাৎ উক্ত সমুদায়ের অন্তর্ভুক্ত প্রোক্ত হুইটী অবয়বেই বিভয়ান আছে। ষ্ঠতএব, প্রকৃত হলে পক্ষ-পদ্টী স্বীয় মুখ্যার্থের সহিত প্রত্যাসন্ন বা সম্বদ্ধ যে

> । যদি সম্বায়ঃ পকো গৃহাতে যোগ্দুম।নবিষয়ন্তবা সর্বো হেতুরসিকঃ। হেতুবিন্দু,
অর্চেটকুত টীকা, পঃ ১১।

२। निष्को वाक्यानदेवप्रधीय्। अ।

৩। পকো শর্মী অবরবে সম্বায়োপচারাও। হেতুবিন্দু, পৃঃ ৫২।

ধর্মিকপ পর্কাচি অর্থ, তাহাতেই প্রযুক্ত হইরাছে। বদিও সাধারণভাবে পদার্থমাত্রই, অর্থাৎ বে কোনও পদার্থ ই, ধর্মী বিলয় গৃহীত হইতে পারে ইহা সত্ত্য,
তথাপি "পর্কতো বহ্নিমান্ ধ্যাৎ" ইত্যাদি স্থলে হ্রদাদি পদার্থগুলি পক্ষ-পদের
উপচারিক অর্থন্ধপে পরিগৃহীত হইবে না। কারণ, উক্ত স্থলের সমুদার যে বহ্নি
বিশিষ্টপর্কাত, হ্রদাদি পদার্থগুলি উহার একদেশ বা অবয়ব হয় নাই। স্থতরাং,
প্রদর্শিত স্থলে পক্ষ-পদের মুখ্যার্থ যে বহ্নিবিশিষ্ট-পর্কতরূপ সমুদার, তাহার সহিত
প্রত্যাসর না হওরার উক্ত স্থলে হ্রদাদিরূপ ধর্মীগুলি পক্ষ-পদের অর্থরূপে গৃহীত
হইবে না। বদিও উক্ত স্থলে পর্কাতাত্মক ধর্মীগুলি পক্ষ-পদের অর্থরূপে গৃহীত
হইবে না। বদিও উক্ত স্থলে পর্কাতাত্মক ধর্মীগুলি কায় বহ্যাত্মক ধর্মাও উক্ত
সমুদারাত্মক মুখ্যার্থের সহিত প্রত্যাসর হইয়াছে ইহয় সত্য, তগাদি সাধ্য-ধর্মের
উপস্থাপক "তদংশ"রূপ অন্ত পদ থাকায় উহা লক্ষণপ্রা
উপস্থাপক "তদংশ"রূপ অন্ত পদ থাকায় উহা লক্ষণপ্রা
ভিন্তান্দর হইবে না; পরস্ক, পর্কাতরূপ ধর্মীই উহার অর্থন্ধপে ক্রিকাস্থ প্রক্ষ-পদ্টী সাধ্য-ধর্ম্মন্ধপ
অর্কে উপচারিক হওয়ায় দিঙ্নাগোক্ত হেতুরূপ স্বর্জপাসাদ্ধি বা সিদ্ধসাধ্যতা-দোষে
তথ্ঠ হয় নাই।

পূর্ব্বোল্লিখিত দিঙ্নাগীয় কারিকায় দোবোদ্ভাবন করিতে গিয়া সিদ্ধসেন বিলয়াছেন নে, হেতুরূপের প্রতিপাদনে আচার্য্য দিছ্নাগ যে উপচারিক অর্থে পক্ষ-পদটীর প্রয়োগ করিয়াছেন, তাহা সঙ্গত হয় নাই। কারণ, এরূপ, উপচারিক প্রয়োগের কোনও প্রয়াজন নাই। "ধর্মিধর্মা" এইভাবে প্রয়োগ করিয়াছেই ত বিনা উপচারে পর্বত্যুত্তিম্বরূপ পক্ষধর্মছের লাভ হইতে পারিত। স্কতরাং, বিনা প্রয়োজন করিয়াছেন তাহাকে আমরা অভিনন্দিত করিতে পারি না'। সিদ্ধাসনের বিরুদ্ধে যদি বলা বার, মে, পূর্ব্বপক্ষী যথন উপচারকে নিপ্রয়োজন মনে করিয়াছেন, তথন তিনি স্বয়্য ধর্মী-পদটীর স্থ্যপ্রয়োগই করিয়াছেন বলিয়া মনে করিতে হইবে। ধর্মী পদটী স্থাত: যে কোনও ধর্মীকেই প্রতিপাদন করিয়া থাকে। এইরূপ হইলে "ইদো বহিমান্ ধ্যাং" ইত্যাদি হলে হেআভাসে ভ্নীয় হেতুলক্ষণের অভিব্যাপ্তি হইরা ঘাইবে। কারণ, ঐ হেতুতে পর্ব্বতাদিরূপ ধর্মীর ধর্ম্যর এবং সাধ্যনিরূপিত

১। এয়োজনাভাবাদনুপচার ইতি চেং। হেডুবিন্দু, পৃঃ, ৫২।

ব্যাপ্তি এই ছুইটা রূপই বিভ্নমান আছে। অতএব, উক্ত অতিব্যাপ্তির নিরাদের নিমিত্ত ঔপচারিকভাবে পক্ষ-পদ প্রয়োগের প্রয়োজনীয়তা বঝিয়াই আচার্য্য ঔপচারিক প্রয়োগ করিয়াছেন। স্থতরাং, উপচারকে নিশ্রয়োজন বলা সম্বত হয় নাই। ভাহা হইলেও উত্তরে সিদ্ধদেন বলিবেন যে, "ধিমিধর্ম" এইরূপ বলিলেও "ব্রদো বহ্নিমান ধুমাৎ" ইত্যাদি স্থলে হেডাভাদে হেতুলক্ষণের অতিব্যাপ্তি হুইবে না : কারণ, ধর্মী-পদটা পক্ষরপ বিশেষ অর্থে প্রযুক্ত হুইরাছে। ধর্ম হুইলে তাহা কোন না কোনও আশ্রয়ে থাকিবেই। সামান্তভাবে আশ্রয়ের সহিত সম্পর্ক থাকার ধর্ম-পদের দারাই সামাগ্রতঃ আশ্ররের লাভ হইতে পারে। স্কুতরাং, সামানতঃ ধর্মীর প্রতিপাদনের নিমিত্ত ধর্মী-পদের প্ররোগ হয় নাই। পরস্ক, বিশেষতঃ ধর্মীর প্রতিপাদকরূপেই উহা প্রযুক্ত হইয়াছে এবং স্থায়প্রয়োগে প্রাথমিক স্মিকর্ষবশতঃ ধর্মী-পদটা প্রকৃত হলে পক্ষরূপ ধর্মীরই প্রতিপাদন করিবে। স্থারপ্ররোগে যে প্রথমে পক্ষের উল্লেখ হয় ইহা সর্ব্ববাদিসম্মত। অতএব, "পক্ষধ<mark>র্মা</mark>" এইরপে বাকোর প্রয়োগ না করিয়া "ধর্ম্মির্ন্ম" এইরপেই হেতুরূপের প্রতিপাদক বাক্যের প্রয়োগ হওয়া উচিত। সিদ্ধসেনের ব্যাখার বিরুদ্ধে বৃদি বলা বার যে, क्रिक्र इरेटन एन विटेमरव धर्मी-भरमत बाता मुहाख-धर्मीत आशि इरेता यारेट । কারণ, যে স্থলে তারপ্রয়োগে প্রথমেই দৃষ্টান্তের উল্লেখ করা হয় সেইস্থলে প্রাথমিক সন্নিকর্ষ দ্বান্তেই থাকিবে। স্থতরাং, "যাচাক্ষ্মং তদনিত্যং যথা রূপং, শব্দোহ-নিত্যশ্চাকৃষত্বাৎ" ইত্যাদি প্রয়োগস্থলে সপক্ষরতিত্ব ও সাধ্যব্যাপ্তি এই রূপদর চাক্ষ-ষত্বরূপ হেতুতে থাকার উহা অসিদ্ধ হেলাভাবে অতিব্যাপ্ত হইয়া বাইবে। তাহা. হইলেও উত্তরে বলা যায় যে, স্থলবিশেষে দৃষ্টাস্তরূপ ধর্মী প্রথমতঃ প্রত্যাসন হইলেও "ধর্মিবর্ম" এই হলে ধর্মী-পদটী দৃষ্টান্ত-ধর্মীর উপস্থাপন করিবে না। কারণ, "তদংশব্যাপ্ত" রূপ যে পদটী আছে, তাহার দারাই দৃষ্টান্তরূপ ধর্মীর লাভ আমরা অনুমানের পূর্বে দৃটাস্ত ধর্মীতেই হেতুটীকে সাধ্যের সহিত ব্যাপ্ত র্বালয়া নিশ্চর করি। স্থতরাং, দৃষ্টাক্তরূপ ধর্মীটী ব্যাপ্ত-পদের দারাই আফিপ্ত ৰওয়ার ধর্মী-পদের আর উহাতে তাৎপর্য্য থাকিবে না। অতএব, উহা পক্ষরপ ধর্মীরই সমুপস্থাপন করিবে। সিদ্ধসেন পূর্বোক্ত প্রণালীতে দিঙ্নাগীয় লক্ষণের **খণ্ডন এবং স্বমতানুসারে হেতুলক্ষণের সমর্থন করিয়াছেন^১।**

১। হেতৃবিন্দু, অর্চটকৃত টাকা, পৃ: ১২-১৩।

ধর্মকীর্ত্তি প্রভৃতি বৌদ্ধ নৈরায়িকগণ দিঙ্নাগের সমর্থন এবং নিদ্ধাসনাক ব্যাখার খণ্ডনপ্রসঙ্গে বলিয়াছেন বে, যদিও ব্যাপ্তিবোধক পদের দারাই আক্ষেপতঃ দৃষ্টান্তরূপ ধর্মীর লাভ হয়, ইহা সত্য, তথাপি ধর্মী-পদের নিয়মার্থতা আশক্ষিত হইতে পারে। অর্থাৎ, ভ্রমবশতঃ লোক ইহা ব্রিতে পারে যে, অতিরিক্ত ধর্মী-পদটির দারা হেতুতে দৃষ্টান্তরূপ ধর্মিবৃত্তিত্বের নিয়ম প্রতিপাদিত হইয়াছে। যাহা দাধ্যের ব্যাপ্ত হইবে এবং যাহা দৃষ্টান্ত-ধর্মীতেই থাকিবে তাহাই হেতু হইবে। বিপক্ষব্যাবৃত্তির নিমিত্ত উরূপ নিয়মের প্রয়োজনও আছে। ধর্মী-পদটার যদি নিয়মার্থতা হয়, তাহা হইলে "শক্ষোহ্নিত্যঃ চাক্ষ্বথাৎ রূপবং" এই স্থলে অসিদ্ধ হেতুলক্ষণের অতিব্যাপ্তি গুনিবারই হইয়া যাইবে। কারণ, ঐ স্থলে চাক্ষ্বত্বরূপ হেতুটি নিয়তভাবে দৃষ্টান্ত-ধর্মীতে বৃত্তি হইয়াছে'।

সিদ্ধদেনের ব্যাখ্যার অনুক্লে এইরপ বলা ধার যে, ব্যাপ্ত ক্রান্দেরে দারা আদিপ্ত অর্থ যে, হেতুর দৃষ্টাস্ত-ধর্মির্ভিছ, ভিন্নমার্থতা প্রকৃত্ত ্রেল ধর্মী-পদের দারা করিত হইতে পারে না; পরস্ত, প্রত্যাসন্তিবশত: ধ্র্নী-পদের পক্ষধর্মীরপ বিশেষার্থতাই করিত হইতে পারে। স্ক্রতরাং, দিঙ্নাপ যে ধর্মী-পদের প্রয়োগ না করিয়া ঔপচারিকভাবে পক্ষ-পদের প্রয়োগ করিয়াছেন, তাহা সঙ্গত হয় নাই। সামান্ততঃ অর্থোপস্থাপক পদের ঔপচারিকত্বের দারা প্রয়োজননির্কাহ সম্ভব হইলে বিশেষতঃ অর্থবাধক পদের ঔপচারিকত্বের দারা প্রয়োজননির্কাহ সম্ভব হইলে বিশেষতঃ অর্থবোধক পদের ঔপচারিকত্বের করনা সমর্থিত হইতে পারে না। ইহার অভিপ্রায় এই যে, সাধ্যনিরূপিত ব্যাপ্তিবিশিষ্ট যে হেতু, তাহা যে স্থানে সম্বদ্ধ হইবে, অর্থাৎ যে দেশে বৃত্তি হইবে, দেই স্থলেই স্বব্যাপকীভূত সাধ্যের অনুমাণক হইবে। এ ব্যাপ্ত হেতুটী যে দেশে সম্বদ্ধ হইবে না দেই দেশে সাধ্যের অনুমাণক হইতে পারে। কারণ, দেশবিশেষের স্তায় অস্তান্ত দেশও তুল্যভাবেই হেতুর পক্ষে অসম্বদ্ধ হইরাছে। স্কতরাং, স্বাধিকরণীভূত দেশেই ব্যাপ্ত হেতুর ব্যাপকালুমাণকত্ব স্বীকার করিতে হইবে। নিজ্বের অধিকরণ হইলেও দৃষ্টান্ত-ধর্মীতে ব্যাপ্ত হেতু সাধ্যানুমাণক হইবে না। কারণ, অনুমানের প্রের্হ দৃষ্টান্ত-ধর্মীতে ব্যাপ্ত হেতু সাধ্যানুমাণক হইবে না। কারণ, অনুমানের প্রের্হ দৃষ্টান্ত-ধর্মীতে ব্যাপ্ত হেতু সাধ্যানুমাণক হইবে না। কারণ, অনুমানের প্রের্হ দৃষ্টান্ত-ধর্মীতে সাধ্যটি নিশ্চিত আছে।

>। দিক্ষে তদংশব্যাপ্ত্যা দৃষ্টান্তর্ধ শিল্পণি দত্তে পুনর্ধ শিল্পণো বচনং দৃষ্টধ শিল্পণ এব যো ধর্ম স হেতুরিতি নিয়মার্থনাশক্ষেত। ততক চাকুষড়াদয় এব হেতবং স্থান কৃতকত্বাদয় ইত্যানিষ্টমেব স্থাব। হেতুবিন্দু, পৃঃ ৫২।

অন্থমিৎসা না থাকিলে নিশ্চিতসাধ্যক দেশে কেইই হেতুর দ্বারা সাধ্যের অন্থমান করেন না। স্থতরাং ধর্মী-পদটী দৃষ্টান্ত-ধর্মীতে হেতুর বৃত্তিত্বের নির্মার্থে কল্লিত ইইরা উহা পক্ষ-ধর্মীতে হেতুর অবৃত্তিত্বের পোষক হইতে পারে না। কারণ, এরূপ হইলে ব্যাপ্ত হেতুর সাধ্যান্থমাপকত্বই ফলতঃ ব্যাহত হইরা ঘাইবে।

কিন্তু, দিঙ্নাগীর পক্ষ-পদের সমর্থনে মহামতি ধর্মকীর্ত্তি বলিয়াছেন যে, অবগ্রুই সিদ্ধনেন যে ভাবে চিন্তা করিয়াছেন সেইভাবে চিন্তা করিলে ধর্মিধর্ম এইরূপ প্ররোগের সমর্থন করা বার না, ইহা নহে। কিন্তু, এইরূপভাবে চিন্তা করা সাধারণের পক্ষে সম্ভব হর না। পরস্তু, পক্ষ-পদটীর প্রয়োগ গাকিলে উহাকে সাধ্য-ধন্মিরূপ বিশেষার্থে গ্রহণ করা অনেক সহজ্ব বা স্থলত হর। স্থতরাং, দিঙ্নাগ যে পক্ষ-পদের উপচারিক প্রয়োগ করিয়াছেন, ভাহাকে সর্ব্বণা নিপ্রয়োজন মনে করা সমীচীন নহে। কিন্তু, আমরা সিদ্ধসেনের আপত্তিকে অসঙ্গত মনে করিতে পারি না। প্রতিপত্তির, অর্থাৎ ব্রোবার দিক্ দিয়া কঠিন হইলেও সিদ্ধসেনের সমীক্ষা যে হন্দ্র ভাহাতে কোনও সন্দেহের অবকাশ নাই। আমরা এই যে পদব্যাখ্যার আলোচনা করিলাম, ইহাতে যদি ধর্মকীর্ত্তির ও ভদীর ব্যখ্যাতৃগণের ব্যাখ্যা ব্রিবার পক্ষে আমুক্ল্য হত্ত, তাহা হইলেই আমাদের আলোচনা সার্থক হইবে। এই স্থলের গ্রন্থ অত্যন্ত প্রের্বাধ বলিয়াই আমরা এই রূপ পদব্যাখ্যার আলোচনা করিলাম।

পূর্ব্বোক্ত বিচারের দারা ইহা আমরা জানিতে পারিয়াছি যে, পক্ষধর্মত্বকে, তথাৎ পক্ষবৃত্তিত্বকে, হেতুরূপের অন্তর্ভুক্ত করিতেই হইবে, অন্তথা "শব্দোহনিত্য-শিচাক্ষ্যত্বাং" ইত্যাদিস্থলে স্বরূপাসিদ্ধ হেথাভাসে হেতুলক্ষণের অতিয়াপ্তি হইয়া যাইবে। কারণ, উক্ত চাক্ষ্যত্বরূপ হেতুতে অনিত্যত্বরূপ সাধ্যের ব্যাপ্তি আছে। কিন্তু, এক্ষণে বিচার করিলে দেখা যাইবে যে, পক্ষবৃত্তিকে হেতুর্রুপের অন্তর্ভুক্ত করিলে, উহার তদংশব্যাপ্তি, অর্থাৎ সাধ্যধর্মের ব্যাপ্তিরূপ, অপর রূপটীর বিরোধ হইয়া যাইবে। কারণ, বিশেষণের দারা ধর্মপ্তলিকে সাধারণ হইতে ব্যাবৃত্ত করিয়া আনা হয়। রাম, শ্রাম প্রভৃতি মনেকের পুত্র থাকিলেও যথন রামের পুত্র বলা হয়, তথন উহাকে শ্রামাদির পুত্র হইতে ব্যাবৃত্ত করিয়াই সমুপস্থাপিত করা হইয়া থাকে। স্থতরাং, পক্ষবৃত্তিত্বটী হেতুর বিশেষণ হইলে, উক্ত বিশেষণের দারা সপক্ষ বা বিপক্ষবৃত্তিত্বরূপ অপরাপর ধর্ম হইতে উহাকে ব্যাবৃত্ত করিয়াই সমুপস্থাপিত করা হইবে। যাহা পক্ষবৃত্তিত্বরূপ বিশেষণের দারা যুক্ত হইবে, তাহা আর কথনই সপক্ষবৃত্তি বা

বিপক্ষরতি হইবে না। যাহা সপক্ষ এবং বিপক্ষ হইতে ব্যার্ত্ত, তাহাতেই পক্ষরতিত্ব পর্প বিশেষণটা থাকিলে, ফলতঃ অসাধারণ হেত্বাভাসেই উহা থাকিল। এদিকে আবার অসাধারণ হেত্বাভাস হইতে হেতুকে পূপক্ করিবার নিমিত্ত সাধ্যব্যাপ্তিকে হেতুরপের অন্তর্গত করা হইরাছে। দৃষ্টান্ত-ধর্মীতেই ব্যাপ্তির নিশ্চর হইয়া থাকে। স্থতরাং, যাহা সাধ্যের ব্যাপ্য হইবে তাহা অবশ্যই দৃষ্টান্ত-ধর্মীর ধর্ম হইবে। দৃষ্টান্তে বৃত্তি হইলে আর তাহা অসাধারণ হইতে পারে না। কারণ, অসাধারণ হইলে তাহা অবশ্যই দৃষ্টান্ত-ধর্মী বা সপক্ষ হইতে ব্যার্ত্ত হইবেই। স্থতরাং, ইহা দেখা যাইতেছে যে, পক্ষর্ত্তিত্বরূপ বিশেষণের দ্বারা হেতুকে সপক্ষ হইতে ব্যার্ত্ত করা হইরাছে এবং সাধ্যব্যাপ্যত্বরূপ অপর বিশেষণের দ্বারা উহাকে সপক্ষর্ত্তি করা হইরাছে। এইরূপ হইলে ফলতঃ পক্ষর্ত্তির ও সাধ্যব্যাপ্যত্ব এই চুইটা পরম্পরবিরুদ্ধ রূপের দ্বারা হেতুর লক্ষণটাকৈ সমাকুলিতই করা হইল।

এই যে সাধ্যব্যাপ্যত্বের হারা হেতুর দৃষ্টান্তর্বিত্তিরের আক্ষেপের কণা বলা হইরাছে, ইহার বিরুদ্ধে যদি বলা যায় যে, কেবল দৃষ্টান্তমাত্র ধর্মীতে হেতুটা সাধ্যের ব্যাপ্য হইলে, ঐ ব্যাপ্তির সহিত পক্ষের কোনও সম্পর্ক না থাকায় উহার ছারা পক্ষে সাধ্যের অন্থমান হইতে পারে না। স্কুতরাং, সাধারণভাবে পক্ষদৃষ্টান্তাদি সর্ক্ষর্মী-উপসংহারেই "যত্র যত্র হেতু স্তত্র সাধ্যম্" এইরূপে হেতুটা সাধ্যের ব্যাপ্য হইবে। যত্ত্-রূপ সামান্তধর্মের হারা পক্ষ ও দৃষ্টান্তাদি সকল ধর্মীরই উক্ত ব্যাপ্তিতে অন্থএবেশ থাকিল। অতএব, উক্ত ব্যাপ্তিটা নাধারণভাবে, অর্থাৎ যত্ত্-রূপ সামান্তিধর্মের হারা, পক্ষের সহিতও সম্বন্ধ হইলে, উহা পক্ষে সাধ্যের অন্থমাপক হইতে পারিল। এইরূপ হইলে ব্যাপ্তি-পদের হারা সাধ্যে হেতুর ব্যাপকত্বই আক্ষিপ্ত হইবে, হেতুতে কোনও ধর্মিবিশেষর্তিত্ব উহার হারা আক্ষিপ্ত হইবে না। অতএব, পক্ষধর্মত্ব ও সাধ্যব্যাপ্তি এই তুইটা পরস্পরবিরুদ্ধ হইল না। হেতুটা পক্ষধর্মত্বরূপ বিশেষণের হারা যুক্ত হইলেও সাধ্যে তাহার ব্যাপকত্ব থাকিতে পারে। "সর্বধি-ক্ষণিকৎ সত্তাৎ" ইত্যাদি স্থলে পক্ষমাত্রবৃত্তি যে সত্ত্বরূপ হেতুটী, তদ্যাপকত্ব ক্ষণিকত্বন্ধ পার্থার বিরুদ্ধ ধর্মের কথা বলিয়া দিঙ্নাগ হেতুলক্ষণটাকে সমাকুলিত করিয়াছেন।

এইরূপ হইলেও পূর্ব্বপক্ষী বলিবেন যে, দিঙ্নাগের সমর্থকগণ আমাদের অভি-প্রায় ব্রিতে পারেন নাই। কারণ, পক্ষদৃষ্টান্তাদি সর্ব্বোপসংহারে হেতুতে সাধ্যের ব্যাপ্তিনিশ্চয় অনুমানে অপেক্ষিত হইলেও দৃষ্টান্তকে অবলম্বন করিয়াই উহা হইয়া থাকে। অনুমানের পূর্বের পক্ষধর্মীতে সাধ্যধর্ম নিশ্চিত না থাকায় তদবলম্বনে হে টুতে সাধ্যব্যাপত্বের নিশ্চয় হইতে পারে না। অতএব, "তদংশব্যাপ্ত" পদের দারা হেতুর দৃষ্টান্তধর্মত আক্ষিপ্ত হইবেই। এইরূপ হইলে পক্ষধর্ম ও তদংশব্যাপ্ত, এই হইটাপদ পরস্পরবিক্ষম ধর্মের উপস্থাপন করিয়া ক্ষিত হেতু-লক্ষণটীকে অবশ্রুই সমাকুলিত করিয়াছে। কারণ, পক্ষধর্মতাবিশিষ্ট হইয়া হেতুর দৃষ্টান্তধর্মতা সম্ভব হয় না। পক্ষধর্ম হরূপ বিশেষণের দ্বারা হেতুকে পক্ষাতিরিক্ত হইতে এবং সাধ্যবাপ্যদ্ধ-বিশেষণের দ্বারা উহাকে দৃষ্টান্তাতিরিক্ত হইতে ব্যার্ক্ত করিয়াই সমুপস্থাপিত করা হইয়াছে। পক্ষাতিরিক্ত হইতে ব্যার্ক্ত হইলে তাহা দৃষ্টান্তধর্ম্ম এবং দৃষ্টান্তাতিরিক্ত হইতে ব্যার্ক্ত হইতে ব্যার্ক্ত হইলে তাহা দৃষ্টান্তধর্ম্ম এবং দৃষ্টান্তাতিরিক্ত হইতে ব্যার্ক্ত হইতে ব্যার্ক্ত হইতে ব্যার্ক্ত হইতে ব্যার্ক্ত হিতে ব্যার্ক্ত হইতে ব্যার্ক্ত হইতে ব্যার্ক্ত হইতে ব্যার্ক্ত হইতে ব্যার্ক্ত হইতে ব্যার্ক্ত হিতে ব্যার্ক্ত হইতে ব্যার্ক্ত হইতে ব্যার্ক্ত হিতে ব্যার্ক্ত হিতে ব্যার্ক্ত হইতে ব্যার্ক্ত হিতে ব্যার্ক্ত হিতা ব্যার্ক্ত হিতে ব্যার্ক্ত হিতে ব্যার্ক্ত হিতা বিক্ত ব

উক্ত পূর্ব্বপক্ষের সমাধানে দিঙ্নাগের সমর্থকগণ অবশুই বলিবেন যে, পূর্ব্বপক্ষী শানী ব্যুৎপত্তিতে অনভিজ্ঞ বলিয়াই "পক্ষধৰ্মস্তদংশেন ব্যাপ্তো হেতুস্তিধৈব সঃ" এই গ্রন্থের দোষ দেখিতেছেন। অন্তথা তিনি পূর্ব্বোক্তরূপে আপত্তির সমুখাপন করিতেন না। ইহাই শাক্ষী রীতি যে, যে শুলে কোনও বিশেষণ সন্দিগ্ধ থাকে সেইস্থলে বিশেষণ্বোধক পদগুলি অভযোগব্যবচ্ছেদে বৃংপন্ন নহে, পরস্ত অযোগ-ব্যবচ্ছেদেই উহারা তাৎপর্য্যবিশিষ্ট হয়। যে স্থলে বিশেষণটা প্রমাণান্তরের দ্বারা নিশ্চিত থাকে তাদৃশ হলে উহা অযোগব্যবচ্ছেদে বাংপন্ন হইবে না, পরস্ক, অন্তবোগব্যবচ্ছেদেই তাৎপর্য্যবান্ হইবে। কারণ, অজ্ঞাতজ্ঞাপনার্থেই বাক্যের প্রয়োগ সাধু হয়। শ্রোতৃপুরুষের পূর্ব হইতে যাহা জানা থাকে না, শ্রোতাকে তাহা জানাইবার নিমিত্তই লোকে বাক্যের প্রয়োগ হইয়া থাকে। পক্ষধ্রমুত্তী হেতুরপের অন্তর্গত কিনা, এইরূপ সংশয় থাকায় হেতুতে পক্ষধর্মত্বের অযোগ-ব্যবচ্ছেদার্থ ই, অর্থাৎ গক্ষধর্মত না থাকিলে তাহা হেতু হইবে না ইহা জানাইয়া দিবার নিমিত্তই, পক্ষধর্ম এই বিশেষণবোধক পদের প্রয়োগ করা হইয়াছে। অগুযোগব্যবচ্ছেদার্থে, অর্থাৎ পক্ষভিন্ন অন্তোর ধর্ম উহা হইবে না এইরূপ অর্থে, উক্ত বিশেষণবোধক পদের প্রয়োগ হয় নাই। স্কতরাং, পক্ষধর্মত্ব ও দৃষ্টান্তধর্মত্ব এই ছইটী হেতুরপতার প্রতিপাদক হইলেও দিঙ্নাগীয় উক্তি বিরুদ্ধার্থকতা দোবে ছষ্ট হয় নাই। "দৈত্রো ধন্মর্ধরঃ" এন্থলে চৈত্রে ধনুর্ধরত্বের অযোগ নিষিদ্ধ হইবে: চৈত্র ভিন্ন অন্ত কেহ ধনুর্ধর নহে এইরূপ অর্থের উহা প্রতিপাদন করিবে না।

পার্থের ধনুধ রতানিশ্চরস্থলে যদি "পার্থে। ধনুধরিঃ এইরূপ প্রয়োগ হর, তাহা হইলে উহা পার্থে ধনুধরিজের অযোগের নিষেধকে ব্ঝাইবে না; কারণ, পার্থে যে ধনুধরিজের অযোগের নিষেধকে ব্ঝাইবে না; কারণ, পার্থে যে ধনুধরিজের অযোগের নিষেধকে ব্ঝাইবে না; কারণ, পার্থে যে ধনুধরিজের পার্থ ভিন্ন অন্তের যে ধনুধরিজ নাই, তাহাই উক্ত বাক্যের দারা প্রতিপাদিত হইবে। অতএব, পক্ষধর্ম-পদের অভ্যধর্মেরে নিষেধে তাৎপর্য্য গ্রহণ করিয়া পূর্ব্রপক্ষী যে আপত্তির ক্ষুত্থাপন করিয়াছেন, তাহার দারা তদীয় শাক ব্যুৎপত্তির অজ্ঞতাই প্রমাণিত হয়, দিও্নাগীয় লক্ষণবাক্যের দোষ প্রমাণিত হয় না।

পূর্ব্বিথিত যে পক্ষধর্মবাত্মক হেতুরূপ, তাহা কথনও প্রত্যক্ষের দারা কথনও
পা অমুমানের দারা গৃহীত হইরা থাকে। পক্ষ এবং লিঙ্গ, এই তুইই যদি
প্রত্যক্ষের দারা গ্রহণবোগ্য হয়, তাহা হইলে সেইস্থলে লিঙ্গে পক্ষধর্মবের,
কর্যাৎ পক্ষবৃত্তিকের গ্রহণও প্রত্যক্ষের দারাই হইবে। আর যে স্থলে পক্ষ ও
লিঙ্গ ইহাদের মধ্যে কোনও একটা বা উভন্ন প্রত্যক্ষের দারা গ্রহণযোগ্য হইবে
না, সেই স্থলে পক্ষধর্মবের জ্ঞানও প্রত্যক্ষের দারা হইবে না, অনুমানের দারাই
তিত্তিত পক্ষধর্মবের নিশ্চয় হইবে।

কার্য্যকারণভাব বা তাদায্মের দারা হেতুতে সাধ্যের র্যাপ্তি নির্ণীত হইয়া থাকে। অন্ত উপায়ে উহা নির্ণীত হইতে পারে না বলিয়াই বৌদ্ধ নৈরায়িকগণ মনে করিতেন।' স্থতরাং এই মতে স্বভাব ও কার্য্যভেদে হেতু তুই প্রকারই হইবে। অন্তুপলিরিও স্বভাবহেতুরই অন্তর্গত। স্থতরাং, বিধি ও প্রতিষেধ ক্রমন্থিরিকপে স্বভাব হেতুকে তুইভাগে বিভক্ত করিয়াই বৌদ্ধ নৈয়ায়িকগণ স্বভাব কার্য্য ও অন্তুপলিরি ভেদে হেতুকে তিধা বিভক্ত করিয়াছেন বলিয়া ব্ঝিতে হইবে। স্বভাবহেতুতে সাধ্যের তাদায়্ম থাকায় এবং কার্য্যহেতুতে সাধ্যাধীন উৎপত্তিমন্তা সর্ব্যক্ষত হওয়ায় স্বভাবে অথবা কার্য্যে সাধ্যের ব্যাপ্তি নির্ণীত হইতে পারে। তাদায়্ম ও কার্য্যকারণভাব ভিন্ন অন্ত কোনও দম্বর্ধ ব্যাপ্তির সহায়ক হইতে পারে না। কারণ, ঐ প্রকার সম্বন্ধ ব্যাভিচারের বিঘটক হয় না। বে

কার্য্যকারণভাবাদা শ্বভাবাদা নিরামকাং।
অবিনাভাবনিয়মোহদর্শনার ন দর্শনাং ।
অবগুন্তাবনিয়মঃ কঃ প্রস্তান্যথা পরৈঃ।
অর্থান্তরনিমিত্তে বা ধর্ম্মে বাসসি রাগবং। প্রমাণবার্তিক ৩, ৩০-৩১ ।

কোনও সম্বন্ধই যদি ব্যাপ্তির সাধক হইত তাহা হইলে ধে কোনও পদার্থ ই যে কোনও পদার্থের গমক হইতে পারিত।

এই যে কার্য্যকারণভাব ও তাদায্য্যের দারা অবিনাভাব-নিয়ম কথিত হুইল, ইহার বিরুদ্ধে যদি আপত্তি করা যার যে, যাহার উৎপত্তিতে যাহা কারণ নহে অথবা যাহাতে যাহার তাদাখ্য বিভ্যমান নাই, তাহাতেও তাহার অবিনাভাব সকলেই স্বীকার করিয়া থাকেন। স্নতরাং, ইহা কেমন করিয়া বলা যাইতে পারে যে, তাদায্ম্য বা তহুৎপত্তির ঘারাই অবিনাভাব নিয়মিত আছে। রসে রূপের অবিনাভাব সকলেই স্বীকার করিয়াছেন। অথচ, রসে রূপের তাদান্ম্য বা রূপজ্ঞত্ব কেহই স্বীকার করেন নাই। অতএব, ইহা কথনই বলা যাইতে পারে না যে, অবিনাভাব বা ব্যাপ্তি তত্তাদাত্ম্য বা তত্ত্ৎপত্তির দারাই ব্যাপ্ত। তাহা হইলেও উত্তরে আমরা বলিব যে, পূর্ব্বপক্ষী তাদান্ম্য ও ভত্নংপত্তির বিবরণ সম্যগ্ভাবে অবধারণ করিতে পারেন নাই বলিয়াই উক্ত প্রকারে আপত্তি করিয়াছেন। রুসে যদিও সাক্ষান্তাবে রূপাধীন উৎপত্তি নাই ইহা সত্য, তথাপি স্বকারণের দারা অবশুই উহার সমুৎপত্তি রূপাধীন হইরাছে এবং সেই জ্মুই রুস রূপের অবিনাভাবী হইয়া থাকে। রূপের বাহা আশ্রয়রূপে কারণ, তাহাই রসেরও আশ্রয়রূপে কারণ হইয়াছে। এইভাবে উৎপাদক কারণের ঐক্য থাকাতেই রস রূপের অবিনাভাবী হইয়াছে। কেবল একত্রাবস্থান-নিবন্ধন উহা রূপের অবিনাভাবী হয় নাই। অতএব, এক্ষণে ইহা আমরা পরিকারভাবেই বুঝিতে পারিলাম যে, তত্তাদাম্ম্য বা তহুৎপত্তির দারাই অবিনাভাব বা ব্যাপ্তি নির্মিত আছে। উক্ত প্রণালীতে স্বভাব বা কার্য্যন্তের দ্বারাই যদি অবিনাভাব নিয়মিত হয় এবং পক্ষধর্মতা ও সাধ্যনিরূপিত ব্যাপ্তিই যদি হেতুত্বের নির্বাহক হয়, তাহা হইলে যাহা যাহার স্বভাব বা কার্য্য নহে, তাহা তাহার পক্ষে হেতৃও অবশ্রুই হইবে না। স্থতরাং, স্বভাব বা কার্য্যাতিরিক্ত ক্ষণগুলি হেম্বাভাসই হইন্না যাইবে। এই অভিপ্রান্নেই গ্রন্থকার "হেম্বাভাসাস্ত-

অগ্রথা তদনায়ত্ত তৎকারণানায়ত্ত বা তেন বিনা অভাবকল্পনায়াং সর্বস্তা
সর্বাইর্থরবিনাভাবঃ স্তাদবিশেষাং। হেতুবিন্দুটাকা, পৃঃ ৮।

২। রূপাদিনা রদাদেরবিনাভাবো ন বতঃ, কিন্তু বকারণাব্যভিচারদারক ইতি তৎকারণােং-প্তিরেব অবিনাভাবনিবন্ধনম্। ঐ।

তোহপরে<mark>" এই গ্রন্থের দারা স্বভাব বা কার্য্যব্যতিরিক্ত ক্ষণ</mark>গুলিকে হেন্<u>বাভাস</u> বলিয়াছেন।

একণে আমাদিগকে বিচার করিয়া দেখিতে হইবে যে ব্যাপ্তির স্বরূপ কি এবং কোন উপায়ে তাহা নির্ণীত হইতে পারে। ব্যাপ্তির স্বরূপবর্ণনাপ্রসঙ্গে, বৌদ্ধ নৈয়ায়িকগণ অবিনাভাবকেই ব্যাপ্তির স্বরূপ বলিয়াছেন। "সাধ্যসামানাধিকরণাবিশিষ্ট যে সাধ্যাভাববদর্ভিত্ত", তাহাকেই অবিনাভাবের স্বরূপভূত বলা হইয়াছে। স্কুতরাং, ইহা বুঝা যাইতেছে যে সাধ্যসামানাধিকরণাবিশিষ্ট যে সাধ্যাভাববদর্ভিত্ত তাহাকেই বৌদ্ধ নৈয়ায়িকগণ স্বরূপতঃ ব্যাপ্তি বলিয়া ব্রিয়াছেন। উক্ত ব্যাপ্তিশরীরে বিশেষণরূপে যে অংশ প্রবিষ্ট রহিয়াছে তাহা অয়য়ায়্মক এবং যাহা উহার বিশেষাংশ তাহা ব্যতিরেকাত্মক। এই কারণেই বৌদ্ধাণ ব্যাপ্তিকে অয়য়ব্যতিরেকাত্মক বিলয়াছেন। এই মতে প্রত্যেক ব্যাপ্তিকেই অংশতঃ অয়য়াত্মক ও অংশতঃ ব্যাতিরেকাত্মক বলা হইয়াছে। স্থামবৈশেষিকাদ্দি মতে যেমন পৃথক্ পৃথগ্ভাবে কোনও ব্যাপ্তিকে অয়য়াত্মক এবং কোনও ব্যাপ্তিকে ব্যতিরেকাত্মক বলা হইয়াছে, সেইরূপ ইহায়া স্বীকার করেন নাই। পরস্ক, প্রত্যেক ব্যাপ্তিকেই ইহায়া অয়য় ও ব্যতিরেকস্থভাব বলিয়াছেন।

বৌদ্ধ নৈয়ায়িকগণ যে প্রত্যেক হুলেই ব্যাপ্তির অষয় ও ব্যতিরেকরপ উভয়াত্মকতা স্বীকার করিলেন, ইহার বিরুদ্ধে যদি আপত্তি করা যায় যে, স্বাসিদ্ধান্তরিরুদ্ধ হওয়ায় সর্বত্র ব্যাপ্তির ব্যতিরেকরপতা সন্তব হয় না। কারণ, "সর্বাং ক্ষণিকং সন্তাং" ইহা স্বভাবহেতুক অনুমানের প্রসিদ্ধ প্রয়োগ। এই স্থলে ক্ষণিকত্বরূপ সাধ্যের এবং সন্তরূপ হেতুর ব্যতিরেক সৌত্রান্তিকাদি মতে প্রসিদ্ধ নাই। অক্ষণিক কোনও পদার্থ সিদ্ধান্তিত না থাকায় ক্ষণিকত্বের ব্যতিরেক ঐ সকল মতে অপ্রসিদ্ধ হইয়া গিয়াছে এবং অসৎ কোনও পদার্থ

১। অবিনাভাবনিয়মাং। অবিনাভাবত ব্যাপ্তে:। হেত্বিদ্টীকা, ১০ পৃঃ। ব্যাপাত্ত বা হেতোন্তবৈৰ ব্যাপকে সাধ্যধর্মে সত্যেব ভাব ইতি স্বসাধ্যাবিনাভাবলক্ষণা বক্ষ্যতে। ঐ, পুঃ ১৫।

২। য এব যেনাবিতো যদ্লিবৃত্তো চ নিব্রত্তিতে স এব তেন ব্যাপ্ত উচ্চতে ইতি। এ,
পুঃ ১৯।

ত। অধ্যব্যতিরেকরপরাদ্ ব্যাপ্তেঃ। ঐ।

স্বীকৃত না থাকার সম্বরূপ হেতুর ব্যতিরেকও এই সকল মতে প্রসিদ্ধ নাই। স্থতরাং, বৌদ্ধমতানুসারে উক্ত স্থলীয় ব্যাপ্তির কি প্রকারে যে অন্বর ও ব্যতিরেক এতহুভরাত্মকতা সম্ভব হইতে পারে, তাহা আমরা বুঝিতে পারিলাম না।

তাহা হইলেও অবশুই উত্তরে বলা যায় যে, যেমন সদ্ভূত সামাশ্রাদি পদার্থ
স্বীকৃত না হইলেও বিকল্লিত সামাশ্রাদির দ্বারা অনুমানের সাধ্য ও হেতুর প্রয়োগ হয়, তেমন সদ্ভূত অক্ষণিক বা অসং পদার্থ না থাকিলেও বিকল্লিত অক্ষণিক এবং অসং অর্থকে অবলম্বন করিয়া ক্ষণিকত্ব ও সত্তের ব্যতিরেক
প্রসিদ্ধ হইতে পারে। স্থতরাং, "সর্ব্ধং ক্ষণিকং সত্ত্বাং" এই সকল প্রসিদ্ধ
প্রয়োগন্তলেও বিকল্লিত ব্যাপ্তির বিকল্লিত অন্তর্ম-ব্যতিরেকর্নপতা অসম্ভব হইবে না।

পূর্ব্বোক্ত বিচারের দারা ইহা জানা গিয়াছে যে, ব্যাপ্তি মন্তর ও ব্যতিরেকাত্মক।
স্কুতরাং, ইহাও বুঝা ঘাইতেছে যে, অন্তর ও ব্যতিরেকের নিশ্চরই ব্যাপ্তি-নিশ্চর।
কারণ, বাহা যদাত্মক তাহার নিশ্চয়ও তলিশ্চরাত্মকই হইয়া থাকে।

এক্ষণে আমরা বিচার করিয়া দেখিব যে, স্বভাবহেত্-স্থলে কেমন করিয়া আয়য় ও ব্যতিরেক নিশ্চিত হইতে পারে। কতিপয় স্থলে সাধ্য ও হেতুর যে একত্রাবস্থান-নিশ্চয় তাহাকে ব্যাপ্তির শরীর-প্রবিষ্ট অয়য়য়র নিশ্চয় বলিয়া ব্রিলে তাহা ভ্রান্তই হইবে। কারণ, অনেকানেক স্থলে পার্থিবছ ও লোহলেখ্যফের একত্রাবস্থান-সত্ত্বেও পার্থিবছে লোহলেখ্যফের ব্যাপ্তি নাই। লোহলেখ্য না হইলেও হারকাদি বস্তর পার্থিবছ সকলেই স্বীকার করিয়া থাকেন। স্থতরাৎ, সর্কোপসংহারে "যে যে স্থানে হেতুটী বিভমান আছে তাহার সর্ব্বত্রই লাধ্যও বিভমান আছে তাহার সর্ব্বত্রই লাধ্যও বিভমান আছে তাহার সর্ব্বত্রই লাধ্যও বিভমান আছে" এইরূপে সাধ্য ও হেতুর একত্রাবস্থানের নিশ্চয়ই ব্যাপ্তিনিশ্চয়ের অঙ্গাভূত অয়য়নিশ্চয় হইবে। এরূপ অয়য়নিশ্চয় কেমন করিয়া সন্তব হয় তাহাই এইস্থলে আমাদের বিবেচ্য। যদি আমরা হেতুটীকে সাধ্যের স্বভাবভূত বলিয়া জানিতে পারি, তাহা হইলে যে কোনও স্থলবিশেষে সাধ্য ও হেতুর একত্রাবস্থান দৃষ্ট হইলেই পরবর্তী বিকয়ে সর্ব্বোপসংহারে হেতুতে সাধ্যের অয়য় নিশ্চত হইয়া যায়। কারণ, য়াহা যাহার স্বভাবভূত হয়, তাহা নিমিত্রান্তরকে অপেক্ষা না করিয়াই তাহার, অর্থাৎ সেই স্বভাবের, অয়্গামী হইয়া থাকে। ব

 [।] অন্বয়নিশ্চয়োহপি বভাবহেতো সাধ্যধর্মন্ত বস্ততস্তত্তাবতয়া সাধনধর্মভাবমাত্রাত্মকাসিদ্ধিঃ।
 হেতৃবিন্দু, পৃঃ ৫৪।

স্থতরাং, শিংশপাত্ব বৃক্ষত্বের স্বভাবভূত হইলে, বৃক্ষত্বান্দ্রী শিংশপাত্তরেপ তদীর স্বভাবের অনুগমন অবশ্রাই করিবে। এই ভাবে স্বভাবতা-নিশ্চয়ের কলে স্বভাব-হেতু-স্থলে সর্ব্বোপসংহারে সাধ্যে হেতুর অব্বর্ধ নিশ্চিত হইয়া পাকে। শিংশপাত্ত- ধর্মটী যে বৃক্ষত্বের স্বভাবভূত অর্থাৎ বৃক্ষত্বের সহিত তাদান্ম্যাপন্ধ, তাহা আমরা বৈপরীত্যে বাবকপ্রমাণের প্রবৃত্তির দারাই বৃক্ষিতে পারি। যদি শিংশপাত্তী বৃক্ষত্বের স্বভাবভূত না হর তাহা হইলে বৃক্ষ না হইয়াও তাহা শিংশপা হইতে পারিত। কিন্তু, তাহা হয় না। অতএব, বৈপরীত্যে বাধা থাকার আমরা শিংশপাত্তকে বৃক্ষত্বের স্বভাবভূত বলিয়া বৃক্ষিতে পারি। উক্ত প্রকারে আমরা যদি শিংশপাত্তকে বৃক্ষত্বের স্বভাবভূত বলিয়া জানিয়া থাকি, তাহা হইলে বৃক্ষ না হইয়াও তাহা শিংশপাত্তকে বৃক্ষের স্বভাবভূত বলিয়া আমরা আর সংশন্ত করিতে পারি না। কারণ, শিংশপাত্তে যে বৃক্ষস্বভাবতার নিশ্চয়, তাহা স্বভাবভঃই শিংশপাত্তে বৃক্ষত্বের ব্যভিচার-জ্ঞানের বিরোধী। অতএব, একণে ইহা আমরা পরিক্ষারভাবেই বৃক্তিতে পারিলাম যে, "বৃক্ষঃ শিংশপাত্তাত", "ক্ষণিকং সন্তাৎ" ইত্যাদি স্থলে শিংশপাত্ত, সর প্রভৃতি হেতুতে বৃক্ষ বা ক্ষণিকের স্বভাবতানিশ্চয়ের ফলেই সাধ্য ও হেতুর একত্রাবস্থানতা-প্রত্যক্ষের পরে সর্ব্বোপসংহারে হেতুতে স্বাধ্যের অব্বর্ধ নিশ্চত হহঁয়া যায়।

শিংশপাত্বকে যে বৃক্ষের স্বভাব বলা হইল ইহাতে যদি আপত্তি করা যায় যে,
শিংশপাত্ব কথনই বৃক্ষের স্বভাব হইতে পারে না। কারণ, যাহা শিংশপা নহে —
পনস, চূত, শাল, পিরাল প্রভৃতি বস্তগুলি, তাহারাও বৃক্ষই। যাহা যাহার
স্বভাবভূত তাহা কথনই তাহাকে পরিত্যাগ করিরা থাকে না। স্বভাবপরিত্যাগে
কল্পর অন্তিত্ব সন্তব হয় না। স্বতরাং, শিংশপা না হইলেও যথন বৃক্ষ হইতে
কোনও বাধা থাকে না, তথন কোনও ক্রমেই শিংশপাত্বকে বৃক্ষের স্বভাবভূত বলা
যাইতে পারে না। তাহা হইলেও উত্তরে আমরা বলিব যে পূর্ব্বর্ধকার আপত্তি
সমীচীন হয় নাই। কারণ, সহজেই বৈপরীত্যে বাধকপ্রমাণের প্রবৃত্তি হইয়া
গাকে। শিংশপাত্তী বৃক্ষের স্বভাব না হইয়া অন্তের স্বভাব হইলে, বৃক্ষ না
হইয়াও অর্থাৎ বন্তগত্যা যাহা অরুক্ষ তাহাও শিংশপা হইতে পারিত। কিন্ত,
বাস্তবিকপক্ষে পূর্ব্বপক্ষী অরুক্ষকে শিংশপা বলিয়া স্বীকার করেন না। স্বতরাং

>। সা হি সাধ্যবিপর্যায়ে হেতো বাধকপ্রমাণবৃত্তিঃ। যথা, যং সং তৎ ক্ষণিকমেব অক্ষণিক অর্থক্রিয়াবিরে,ধাৎ তনক্ষণবস্তত্বং হীয়তে। হেতুবিন্দু, পূ, ৫৪।

বৈপরীত্যে বাধক প্রমাণের প্রবৃত্তির দারা শিংশপাত্তে বৃক্ষস্বভাবতা প্রমাণিত হইয়া যাইতেছে। শিংশপান্ধটী বুক্ষের অর্থাৎ বুক্ষবিশেষের স্বভাব হইলেও, একমাত্র শিংশপাত্তই বুক্ষের স্বভাব নহে। পরন্ত, পনসত্ত, চূতত্ব, শালত্ব, পিয়ালত্বাদিও বুক্ষের স্বভাবভূতই। অগাৎ, শিংশপাথাদি ধর্মগুলির অন্ততম বুকের, অর্থাৎ বুক্ষদামান্তের, স্কভাৰতত হওয়ায় শিংশপা বা পনস না হইয়াও শাল-পিয়ালাদি বস্তগুলি বুগণাথুক হুইয়াছে। উক্ত অন্ততমের মধ্যে শিংশপাত্বও প্রবিষ্ট আছে। অতএব, উক্ত অ্যাতম নুফের স্বভাব হইলে শিংশপাত্ত অব্ছাই বুফের স্বভাবভূত হইবে। শিংশপাত্ব প্রভৃতি ধর্মগুলি শিংশপাত্তরূপে বুক্ষের স্বভাব না হইয়া অন্তত্মত্ত-রূপে স্বভাব হওয়ায় অশিংশপার বৃক্ষত্ব থাকিলেও বৃক্ষের স্বভাবহানির আপত্তি হয় না। এই কারণেই, অর্থাৎ উক্ত অন্ততমহরূপে শিংশপাথাদি ধর্মগুলি বুক্ষের স্বভাবভূত হওদ্নতেই, শিংশপান্তী বৃক্ষন্তের ব্যাপ্য হইলেও বৃক্ষন্ত্রী শিংশপাহের ব্যাপ্য হইবে না। অতএব, শিংশপাত্মের দ্বারা বৃক্ষত্মের অনুমান হইলেও বিপরীত-ভাবে বৃক্ষত্বের দারা শিংশপাত্বের অনুমান হইবে না। অন্বয়ের নিশ্চায়ক**রূপে** আমরা যে স্বভাবতার কথা বলিলাম, তাহাই বৌদ্ধ-শাস্ত্রে তালাল্মা নামে অভিহিত হইয়াছে। এই স্ক্লাবতাকেই তাদাত্ম নাম দিয়া ব্যাপ্তির নিবন্ধ বা নিশ্চায়ক বলা হইন্নাছে। বৌদ্ধ নৈয়ায়িকগণ তাদাত্ম্য অর্থাৎ উক্তবভাবতা এবং উৎপত্তিকে ব্যাপ্তির নিবন্ধ বা নিশ্চায়ক বলিয়াছেন।

পূর্ব্বোক্ত ব্যাখ্যায়সারে আমরা হেতুটীকে সাধ্যের স্বভাবভূত বলিয়াই স্বভাবহৈতুক অনুমানের উপস্থাপন করিয়াছি এবং ঐ প্রকার ব্যাখ্যাই হেতুবিলু এবং
টীকাকার অর্চ্চ ভট্টের অভিপ্রেত বলিয়া ব্রিয়াছি। কিন্তু, ন্যায়বিলুর ব্যাখ্যায়
ধর্মোত্তর অন্ত প্রণালীতেই স্বভাবহেতুক অনুমানের উপস্থাপন করিয়াছেন।
তিনি স্বভাবালুমানস্থলে হেতুটীকে সাধ্যের স্বভাবভূত বলেন নাই; পরন্ত, যে স্থলে
সাধ্যটী হেতুর স্বভাবভূত হয়, সেই স্থলের অনুমানগুলিকেই উপচরিতভাবে স্বভাবহেতুক অনুমান বলিয়াছেন । ধর্মোত্তর "বৃক্ষঃ শিংশপাত্বাৎ" এইরূপে প্রেরোগের

১। স সাধনধর্মঃ ভাবঃ সভাবো যক্ত ে হতুবিলুটীকা, পৃঃ ৪১।

২। স সাধ্যোহর্থ আত্মা স্বভাবো যস্ত্র ক্ষান্তর সাধ্যস্থলাবং সাধনং । স্থায়বিন্দু, পরিচ্ছেদ ২, সূত্র ২০, ধর্ম্মোত্তরীয় ব্যাখ্যা। তক্ষাং স এব সাধ্যঃ কর্ত্তবাঃ যঃ সাধনস্থ স্বভাবঃ স্থাৎ। স্থায়বিন্দু, পরিচ্ছেদ ৩, সূত্র ১৯, ধর্ম্মোত্তরীয় ব্যাখ্যা।

উপস্থাপন করিয়া সাধ্য যে বৃক্ষত্ব, তাহাকেই শিংশপার স্বভাব বলিয়াছেন ; হেতৃ যে শিংশপাত্ব, তাহাকে বৃক্ষের স্বভাবভূত বলেন নাই। শিংশপা ভিন্ন শাল, পিয়ালাদির বুক্ষত্ব দেখিয়াই তিনি শিংশপাত্মকে বুক্ষের স্বভাব না বলিয়া বৃক্ষত্মকেই শিংশপার স্বভাব বলিয়াছেন। কিন্তু, এই প্রকার ব্যাখ্যা ধর্মকীত্তির সম্মত নহে বলিয়াই আমাদের মনে হয়। কারণ, তিনি যাহা যাহার স্বভাব হইবে তাহাকে অখ্য-নিরপেক্ষভাবে তন্মাত্রান্ত্রবন্ধী বলিয়াছেন। স্থতরাং, বুক্ষও্ই যদি শিংশপার স্বভাব হর, তাহা হইলে শিংশপার্থটী অন্তনিরপেক্ষভাবে রুক্ষত্বের অনুসরণ করিবে। এরপ হইলে বৃষ্ণমাত্রই, অর্থাং সকলবৃষ্ণই, শিংশপা হইয়া যাইবে। কিন্তু, বাস্তবিকপক্ষে তাহা নহে। শিংশপা ভিন্নও অনেক প্রকারের বৃক্ষ রহিয়াছে। অধিকস্ত, তিনি স্বভাবমাত্রানুব্য্বিত্বনিবন্ধনই স্বভাবানুমানস্থলে সর্ব্বোপসংহারে সাধ্যে হেতুর অন্তরনিশ্চয়ের সম্ভাবনার কণা বলিয়াছেন। স্নতরাং, স্বভাবামুমান-স্থলে হেতুই নাধ্যের স্বভাবভূত হইবে। তাহা হইলেই নাধ্যের হেতুমাত্রামুবদ্ধিত্ব-নিবন্ধন সর্ব্বোপসংহারে সাধ্য ও হেতুর অন্নয়নিশ্চয়ও সম্ভব হইবে। আরও কথা এই যে, স্বভাব, কার্য্য ও অনুপলব্ধি এই ত্রিবিধ অনুসানের মধ্যে দ্বিতীর ও তৃতীয় স্থলে হেতুটা সাধ্যের কার্য্যাত্মক এবং হেতুটা অনুপলব্যাত্মক ুহইলেই যথাক্রমে কার্য্যহেতৃক ও অনুপলব্ধিহেতুক অনুমান হইয়া থাকে। অতএব, প্রথমন্থলেও হেতুটী সাধ্যের স্বভাবভূত হইলেই স্বভাবানুমান হওয়া উচিত। অন্তথা, সাধ্যের হেতুসভাবতাস্থলে অনুমানের সভাবতাপক্ষে প্রক্রমভন্স-দোব হয়। পাধ্যের হেতৃস্বভাবতা না হইরা হেতুর সাধ্যস্বভাবতাই যে ধর্মকীর্ত্তির অভিমৃত, তাহা অনারাসেই বুঝা ধায়।

এক্ষণে আমরা স্বভাবহেতুহলে ব্যতিরেক-নিশ্চয়ের আলোচনা করিব।
"বৃক্ষঃ শিংশপাত্বাং", "সর্কং ক্ষণিকং সন্থাং" ইত্যাদি আকারে শান্তকারগণ
সভাবহেতুক অনুমানের প্রয়োগ করিয়াছেন। উক্ত ছিবিধ প্রয়োগেই স্বভাবহেতুক
অনুমান সমুপস্থাপিত হইয়াছে। উক্ত প্রয়োগদ্যের মধ্যে কিছুটা বৈলক্ষণ্য
আছে এবং উক্ত বৈলক্ষণ্যকে বিবৃত করিবার নিমিত্তই আমরা তুইটা প্রয়োগের
উল্লেখ করিয়াছি। উক্ত প্রয়োগদ্যের মধ্যে ইহাই বৈলক্ষণ্য যে, প্রথম প্রয়োগে
সম্মুখ্য কোনও বিশেষ বস্তুতে শিংশপাত্বরূপ হেতুর দ্বারা বৃক্ষত্বের অনুমান
প্রদর্শিত হইয়াছে। স্থতরাং, এস্থলে লাধর্ম্য ও বৈধর্ম্যভেদে দ্বিবিধ দৃষ্টান্তই

প্রসিদ্ধ আছে। "সর্বাং ক্ষণিকং সন্থাৎ এই দ্বিতীয় প্রয়োগে তাবং-বস্তুগুলিকে পক্ষ করিয়াই সন্ত্রপ হেতুর দ্বারা ক্ষণিকত্বের অনুমান প্রদর্শিত হইয়াছে। স্থতরাং, দ্বিতীয়স্থলে পক্ষান্তর্গত বস্তুবিশেষকে আশ্রয় করিয়া অনুয়োপস্থাসের সম্ভাবনা থাকিলেও, উহাতে আশ্রমবিশেষে ব্যতিরেকোপস্থাসের কোনও সম্ভাবনাই নাই। কারণ, কোনও পদার্থই সৌত্রান্তিক মতে অক্ষণিক বলিয়া এবং কোনও মতেই অসং বলিয়া স্বীকৃত নাই। এই কারণেই, আমরা স্বভাবানুমানস্থলীয় ব্যতিরেকের আলোচনাপ্রসঙ্গে পূর্ব্বোক্ত প্রয়োগদ্বয়ের সমুপস্থাপন করিয়াছি। প্রথমস্থলে যোগ্যান্ত্রপলন্ধির দ্বারা এবং দ্বিতীয়স্থলে অনুপলন্ধিমাত্রের দ্বারা সর্ব্বোপসংহারে ব্যতিরেক নির্ণীত হইয়া থাকে।

"অরং বৃক্ষঃ শিংশপান্তাৎ" ইত্যাদি স্বভাবহেতুস্থলে "যদৈবং তদ্নৈবং যথা ঘটঃ" ইত্যাদি আকারে ব্যতিরেক নির্ণীত হইবে। ইহা ব্যাপকান্থপলিম্লক ব্যতিরেকনিশ্চর।' শিংশপান্তে বৃক্ষত্বের স্বভাবতা বা তাদান্ম্য-নিশ্চরের ফলে প্রথমে যে "যত্র যত্র শিংশপান্তং তত্র বৃক্ষত্বম্" এই আকারে সর্ব্বোপসংহারে অয়য় নিশ্চিত হইরাছে, তাহাতে বৃক্ষত্বকে শিংশপান্তের ব্যাপক বলিয়া বৃঝা গিয়াছে। কারণ, থাহা সর্ব্বোপসংহারে অয়য়নিশ্চয়, তাহাই সাধ্যে হেতুর ব্যাপকত্ব-নিশ্চয়। শিংশপান্তে বৃক্ষস্বভাবতার নিশ্চয়ের ফলেই উক্ত প্রকারে ব্যাপকত্বার নিশ্চয়। শিংশপান্তে বৃক্ষস্বভাবতার নিশ্চয়ের ফলেই উক্ত প্রকারে ব্যাপকত্বার নিশ্চয় সম্ভব হইরাছে। হেতুতে সাধ্যতাদান্দ্রা বা সাধ্যকার্যাত্বের নির্পার নির্ণার কারা পূর্ববিদ্ধ যে ব্যাপকত্ব নির্ণাত হইতে পারে না। অয়য়নিশ্চমের ব্যাপকত্ব তাহাই ব্যাহত হইয়া যায়, যদি স্থলবিশেষে বৃক্ষত্বের অসম্বেও শিংশপান্তের বিভ্যমানতা স্বীকার করা যায়। স্থতরাৎ, ইহা অবশ্রই স্বীকার করিতে হইবে যে, যাহা যাহা অর্ক্ষ অর্থাৎ বৃক্ষযুশ্ব্য, তাহা শিংশপান্থাভাববান্। এই প্রণালীতেই স্বভাবহেতুস্থলে সর্ব্বোপসংহারে সাধ্য ও

"অরং বৃক্ষঃ শিংশপাত্বাৎ" ইত্যাদি স্বভাবহেতুস্থলে যথন "যদ্মৈবং তদ্মৈবং যথা ঘটঃ" ইত্যাদি আকারে ঘটাদিরূপ স্থলবিশেষে ব্যতিরেকনিশ্চর প্রদর্শিত হইবে, তথ্ন অনুপলির্ক্ষিয়ত্তই ব্যতিরেকের গ্রাহক হইবে না; পরস্তু, দৃশ্যান্ত্রপলির্ক্ষিই, অর্থাৎ

>। স্বভাবহেতে ব্যাপকানুপলক্ষা।....ব্যাপ্যব্যাপকভাবসিদ্ধো সত্যাং ব্যাপকানুপলকিঃ
স্বভাবহেতে সাধ্যাভাবেহভাবত সাধিকেতি। হেতুবিন্দু দীকা, পৃঃ ৫১।

বোগ্যাত্মপলন্ধিই ব্যতিরেকের গ্রাহক হইবে। কারণ, যাহা উপলব্ধিলক্ষণ অপ্রাপ্তের অনুপলি অর্থাৎ অযোগ্যানুপলির, তাহা বিশেষস্থলে অভাবের গ্রাহক হয় না।' স্বতরাং, ঘটাদিরূপ স্থলবিশেষে বথন ব্যাপকীভূত বুক্ষত্বের অনুপলব্ধির দ্বারা ব্যাপ্যভূত শিংশপাত্বের অভাব নির্ণীত হইবে, তথন অবশুই ব্যাপকাভাবের প্রতিযোগীভূত বুক্ষত্বকে উপলব্ধিলক্ষণের দারা প্রাপ্ত হইতে হইবে। কি প্রকার অবস্থার উহা উপলব্ধিলক্ষণকে প্রাপ্ত হয়, তাহা অনুপলব্ধিহেতৃক অনুমানের ব্যাখ্যাপ্রসঙ্গে আমরা <mark>জানিতে পারিব। ফল কথা এই যে, কেবল অধিকরণের প্রত্যক্ষকালে</mark> প্রত্যক্ষযোগ্যতাসম্পন্ন যে বস্তগুলি, ভাহাদিগকেই উপলব্ধিলক্ষণপ্রাপ্ত বা দুখ্য বলা হইয়া থাকে। এরপ যোগ্যতা, দুখতা বা উপলব্ধিলক্ষণ-প্রাপ্ত বৃক্ষত্বাদি বস্তর যে অনুপলি তাহাই যোগ্যানুপলির বা উপলব্ধিলক্ষণ-প্রাপ্তের অনুপলির হইবে। প্রকৃতস্থলে বৃক্ষত্বের যে অনুপলিক্ধি তাহা শিংশপাত্বের পক্ষে উপলব্ধিলক্ষণ-প্রাপ্ত ব্যাপকের অনুপলব্ধি হওয়ায়, উহার দারা অবগ্রই ঘটাদিরূপ দেশবিশেষে ব্যাপ্যভূত যে শিংশপান্ব, তাহার ব্যতিরেক নির্ণীত হইবে। পূর্ব্ধসিদ্ধ যে বৃক্ষতে শিংশপাত্তের ব্যাপকত্বনিশ্চয় বা অবয়নিশ্চর তাহা "বৃক্ষত্ব না থাকিলেও স্থল-বিশেষে শিংশপাত্ত থাকিতে পারে" এইপ্রকার বিপরীভক্রাদের বাধক হওয়ায়. ফলতঃ উক্ত ব্যাপকানুপলব্ধির দারা সর্ব্বোপসংহারেই ব্যতিরেক নির্ণীত হইয়া ষাইবে। "সর্বাং ক্ষণিকং সন্ত্রাৎ" ইত্যাদিরপ স্বভাবহেতৃক অনুমানস্থলে কোনও দেশবিশৈষে ব্যতিরেকনিশ্চয়ের সম্ভাবনা নাই; কারণ, এমন কোনও বস্তই সৌত্রান্তিকাদিমতে স্বীকৃত নাই যাহা অক্ষণিক। স্নতরাং, উক্তরূপ স্বভাবহেতুক অনুমানস্থলে অধিকরণবিশেষের পরিহারেই "যন্ন ফণিকং তন্ন সৎ" এই আকারে ব্যতিরেকনিশ্চয়ের সমুখাপন হইবে। অতএব, সত্ত্বের ব্যাপকীভূত যে ক্ষণিকত্ব, তাহার অনুপলব্নিমাত্রই প্রদর্শিতরূপে সর্বোপসংহারে, অর্থাৎ "যন্ন ক্ষণিকং তন্ন সৎ<mark>"</mark> এই আকারে, ব্যতিরেকের নির্ণায়ক হইবে। উক্তস্থলে সত্ত্বের ব্যাপকীভূত ক্ষণিকত্বে উপলব্ধিলক্ষণ প্রাপ্তির অপেক্ষা নাই'। অধিকরণবিশেষে অভাবের নির্ণয়স্তলেই · যোগ্যতা বা উপলব্ধিলক্ষণ-প্রাপ্তির উপযোগ থাকে। পূর্ব্বসিদ্ধ যে অন্তর্যনিশ্চয়াত্মক

১। অনুপলব্ধিলক্ষণপ্ৰাপ্তজাক্তাগা কচিদভাবাসিক্ষে:। হেতুবিন্দু, পৃঃ ৩৫—৫৫।

২। অন্থিনিষ্টবিষয়ং সাধ্যাভাবে হেডভাবখ্যাপনং প্রতিবন্ধমাত্রসিন্ধ্যে সিধ্যতি ইতি ন তত্র ব্যতিরেকসাধনে দৃষ্ঠবিষয়তাবিশেষণমপেক্ষতে। ঐ।

ক্ষণিকত্বে পত্তের ব্যাপকত্বনিশ্চর, তাহা "অফণিক হইরাও বস্তু সৎ হইতে পারে" এইরূপ বিপরীতজ্ঞানের বাধক হওরার, উক্ত স্থলীয় ব্যাপকার্মপলিরিমূলক ব্যতিরেক-নিশ্চরটী "যন্ন ক্ষণিকং তম সৎ" এই আকার লইরা সর্বোপসংহারেই সমুৎপন্ন হইবে।

স্বভাবহেতুক অমুমানস্থলে যদি এই প্রকার আপত্তি করা যায় যে, ধর্মকীর্ত্তি বৈ "অয়ং বৃক্ষঃ শিংশপাত্বাৎ", "সর্বাং ক্ষণিকং সত্তাৎ" এই অনুমানগুলিকে স্বভাবহেতুক বলিয়াছেন, তাহা সমীচীন হয় নাই। কারণ, তাঁহার মতানুসারে স্বভাব ও স্বভাবীর ভেদ স্বীক্কত নাই। তিনি ঐ সকল হুলে সাধ্য ও হেতুর তাদাত্ম্য বা অভেদই সিদ্ধান্ত করিয়াছেন। কারণ, ঐ সকল স্থলে সাধ্য ও হেতুর তাদাস্যুকে<mark>ই</mark> তিনি ব্যাপ্তির নির্ণায়ক ব্লিয়াছেন। ভেদেই সাধ্যহেতুর গম্যগমকভাব হইয়া থাকে। স্থতরাং, বৃক্ষত্ব ও শিংশপাত্বের বা ক্ষণিকত্ব ও সত্ত্বের তাদাত্ম্য স্বীক্ষ করিলে আর কথনই শিংশপান্তকে বৃক্ষত্বের অথবা সত্তকে ক্ষণিকন্তের অনুমাপক বলা সমীচীন হয় না'। তাহা হইলেও উত্তরে বলা যায় যে, পূর্ব্বপক্ষী ধশ্বকীতির অভিপ্রায় যথাযথভাবে বুঝিতে পারেন নাই ব্লিয়াই প্রদশিতরূপে আপত্তির সমুখাপন করিয়াছেন। ধর্মকীত্তি বস্তগত্যা স্বভাব ও স্বভাবীর ঐক্য স্বীকার করিলেও ব্যাবৃত্তিভেদে উহাদের কল্লিত ভেদ স্বীকার করিয়াই শিংশপাত্তক বুক্ষত্বের বা সত্ত্বকে ক্ষণিকত্বের অনুমাপক বলিয়াছেন। ধর্মকীত্তি ভেদের বস্তু-সত্তাকে গম্যগমকভাবের নিয়ামক বলেন নাই, পরস্ত, ভেদের জ্ঞানকেই তিনি গম্যগ্মকভাবের নিয়ামক বলিয়াছেন। স্থতরাং, স্বভাবহেতুস্থলে বস্তুতঃ সাধ্য ও হেতৃর ভেদ না থাকিলেও ব্যাবৃত্তিভেদে উহাদের কাল্লনিক ভেদ থাকার গম্যগমক-ভাব বা সাধ্যসাধনভাবে কোনও বাধা নাই।

এক্ষণে আমরা কার্য্যহেতুক অমুমানের আলোচনা করিব। যে যে স্থলে কার্য্যের দ্বারা কারণের অমুমান হয়, সেই অমুমানগুলিকে বৌদ্ধ-নৈয়ায়িকগণ কার্য্যহেতুক অমুমান বলিয়াছেন। আমরা ধ্মাদির দর্শন করিয়া পর্ব্বতাদিতে

১। নত্ন তংসভাবতে ভেদাভাবাৎ কথং সাধ্যসাধনভাবঃ ইত্যাহ বস্ততঃ প্রমার্থতঃ। ' -হেতুবিন্দুটীকা, পুঃ, ৪১।

২। সাধানাধনকালে তু পরম্পরয়া তওদাবৃত্তপদার্থনিবদ্ধনায়াং কল্পনাবৃদ্ধে ভেদেন প্রতিভাসনাৎ সাধানাধনভাবো ন বিহলতে। নহুসৌ পারমাধিকং সাধানাধনধর্ময়ো ধর্মিণশ্চ ক্রতক্তাদে ভেদমবলম্বতে, সম্বন্ধভাবেন সাধানাধনভাবাযোগাং। এ।

বহ্যাদির অনুমান করিয়া থাকি। এই প্রকারের অনুমানগুলিই কার্য্যহেতুক অনুমান হইবে। "পর্কতো বহ্নিমান্ ধ্মাং" ইত্যাদিন্তলে ধ্মাদি বস্তপুলিকে বদি আমরা বহ্নির কার্য্য বলিয়া ব্ঝিতে পারি, তাহা হইলে অনায়াসেই "যো যঃ ধ্মবান্ স বহ্নিমান্" ইত্যাদি আকারে সর্কোপসংহারে অয়য় জানিতে পারিব। অয়ৢথা, কেবল স্থলবিশেষে ধ্মবহ্নির একত্রাবস্থান দেখিলেও পূর্কোক্তরূপে সর্কোপসংহারে ধ্মে বহ্নির অয়য় নিশ্চিত হইবে না। কারণ, ঐ প্রকারে স্থল বিশেষে একত্রাবহানের প্রত্যক্ষদর্শন সত্ত্বেও ধ্মে বহ্নির ব্যক্তিরার সন্দিয়্ম হইতে পারে। কোনও প্রকারে ব্যক্তিরারের আশ্বালেশ থাকিলেও যে সর্কোপসংহারে হেতুতে সাধ্যের ব্যাপ্তি নির্ণীত হয় না, ইহা নৈয়ায়িকমাত্রই স্বীকার করিয়াছেন। স্মতরাং, ইহা বেশ ব্ঝা যাইতেছে যে, ধ্মে বহ্নির কার্য্যর নির্ণীত না হইলে, অয়্য ক্ষোনও পন্থায় "যো যঃ ধ্মবান্ স বহ্নিমান্" এইরূপে সর্কোপসংহারে অয়য়নিশ্চয় হইবে না।

এক্ষণে আমাদিগকৈ দেখিতে হইবে যে ধ্যে বহ্নির কার্য্যন্ত বস্তুটী কি এবং কেনই বা উক্ত কার্য্যন্তজ্ঞান ব্যভিচারজ্ঞানের বিমন্দিক হয়। বহ্নির অসত্ত্বে ধ্যের অসত্ত্ব এবং বহ্নিসত্ত্বে ধ্যের সত্ত্বই ধ্যে বহ্নির কার্য্যন্ত । অর্থাং, বহ্নাভাবপ্রযুক্ত অভাবপ্রতিযোগিন্ববিশিষ্ট যে পূর্ব্বক্ষণাবচ্ছেদে বহ্নিসামানাধিকরণ্য, তাহাই ধ্যে বহ্নির কার্য্যন্ত । ধ্যে যদি উক্তরূপ বহ্নিকার্য্যন্তের নির্ণন্ন হইরা যান্ন, তাহা হইলে আর ধ্যে বহ্নির ব্যভিচার আশক্ষিত হইবে না।

ধুম যে বাস্তবিকপক্ষে জন্মবস্ত ইহা আমাদের নিশ্চিত্রই আছে। অন্তণা, উহার প্রমাণসিদ্ধ যে কাদাচিৎকত্ব, তাহা ব্যাহত হইরা যার। এক্ষণে আমাদিগকে বিচার করিয়া দেখিতে হইবে যে, উহা কি অগ্নিরই কার্য্য বা অন্তের। কট বা কুড্যাদির অসত্ত্বেও আমরা ধ্যের সত্তা সর্ব্বদাই দেখিতে পাই। অতএব, ধুম যে কটকুড্যাদির কার্য্য নহে, ইহা নিশ্চিত্রই আছে। কিন্তু, আমরা বহিল অসত্ত্বে ধ্যের বিভ্যমানতা অভাবিধি দেখি নাই। এইপ্রকার হইলেও অতীত বা ভবিশ্বৎ কালাবছেদে বহিল অসত্ত্বেও ধ্যের বিভ্যমানতাবিষরে আমরা সন্দিহান হইতে পারি। এরূপ হইলে ধ্য কথনই বহিল কার্য্য হইবে না। তাহা না হইলে, অর্থাৎ বহিল কার্য্য না হইলে, ধ্য অবশ্রই অন্তের কার্য্য হইবে। কারণ, কাদাচিৎকত্ব-নিবন্ধন ধ্যের কার্য্যত্ব আমরা নিশ্চিত রূপেই জানি। বর্ত্তমানকালীন ধূমে বহ্না-

ঘটিত সামগ্রীজ্মতা বাধিত থাকার অতীত বা ভবিদ্বংকালীন ধ্মে আমরা বহিজম্মতের সংশর করিতে পারি না। এই যে কাদাচিংক ধ্যে বহুস্ঘটিত সামগ্রাজম্মতের বাধা এবং বহ্নিদত্তে ধ্যের সক্ত-প্রতাক্ষ, ইহা হইতেই আমরা ধ্যে
বহ্নিজ্মতান্তের কল্পনা করি। এইভাবে ধ্যে বহ্নিজ্মতান্তের নিশ্চর হইরা গোলে
আর ধ্যে বহ্নিগাভিচারের সন্দেহ হইতে পারে না। স্তরাং, ধ্ম ও বহ্নির একত্র
সমাবেশের প্রত্যক্ষির কলে "যো যঃ ধ্মবান্ স বহিমান্" এই আকারে সর্ব্বোপসংহারে অয়য় নিশ্চিত হইরা যায়। পূর্ব্বোক্ত যুক্তির দ্বারা ব্যভিচারসন্দেহের
নিরাসের কলে কারণামপ্রভাবের দ্বারা "যো যঃ বহ্সভাববান্ স ধ্মাভাববান্" এই
আকারে সর্ব্বোপসংহারে ব্যতিরেকও নিশ্চিত হইয়া যায়। আমরা এই
প্রণালীতেই ব্যাপ্তিনিশ্চয়ের ফলে কার্য্যের দ্বারা কারণের অমুমান করিয়া থাকি।
এইভাবে তাদাত্ম্য বা তত্ত্পন্তির সাহায্যেই ব্যাপ্তি নির্ণীত হইতে পারে; অম্য
উপায়ে উহা হইতে পারে না বলিয়াই বৌদ্ধ নৈর্যানিকগণ মনে করিতেন।

এক্ষণে অনুপলন্ধিলিক্ষক অনুমানের নির্মাণ করা যাইতেছে। অনুপলন্ধির স্বরূপ ও ফল-সম্বন্ধে বাদিগান বিভিন্ন মত পোবণ করেন। বিভিন্ন মতগুলির সাধারণ পরিচয় না থাকিলে দিঙ্নাগ বা ধর্মকীর্ত্তি-সম্মত যে অনুপলন্ধির হরপ ও ফল, তাহার সবিশেষ পরিচয় হইবে না। স্পতরাং, প্রথমতঃ আমরা অতি সংক্ষেপে বিভিন্ন মতের সমুপস্থাপন করিতেছি। ক্রম্বরেলন প্রভৃতি প্রাচীন জৈন দার্শনিকগণ অনুপলন্ধিকে একটা পৃথক্ প্রমাণ বলিয়া স্বীকার করিয়াছেন। তাঁহারা বলিয়াছেন যে, ঘট-পটাদি বস্তার যে উপলন্ধাভাব, তাহার দ্বারাই প্রদেশবিশেষে বস্তার নিষেধ, অর্থাৎ প্রসম্ভ্যাপ্রতিষেধ, লোকসকল, জানিয়া থাকেন। ইহাতে ব্যাপ্তিজ্ঞান বা ইন্দ্রিয়াদির অপেক্ষা না থাকায় ইহাকে অনুমান বা প্রত্যাক্ষে অনুভূতি করা সম্ভব হয় না। স্করোং, প্রতিষ্ধে-বিজ্ঞানে অনুপলন্ধি একটা পৃথক্ প্রমাণ এই মতে প্রতিষ্ধের বস্তু ঘটপটাদির যে জ্ঞানাভাব, তাহাই অনুপলন্ধিরূপ প্রমাণের স্বরূপ এবং "এই স্থানে ঘট বা পটাদি বস্তু নাই" এই জ্ঞাকারের যে প্রসজ্য-প্রতিষ্ধের জ্ঞান, ত্র্যাৎ প্রসজ্য-প্রতিষ্ধে-বিষয়ক যে উক্ত আকারের জ্ঞানগুলি, তাহাই জ্মুপলন্ধি-প্রমাণের ফল। গ

১। কেচিত্রপলয়্য়ভাবমাত্রমনুপলয়িয়ভাবস্থ প্রসলাপ্রতিয়েধায়নঃ প্রমাণাস্তরত্বেন গমিকামিছেন্তি ঈয়য়য়েনপ্রভৃতয়ঃ। হেতুবিন্টীকা, পুঃ ১৬৭।

কুমারিল ভট্ট বলিয়াছেন যে, প্রতিষেধ্য-ঘটপটাদিবস্তবিষয়ক জ্ঞানের প্রতিবেধমাত্রই অনুপলির নছে। পরন্ত, প্রতিবেধ্য বস্তুর জ্ঞানাকারে অপরিণম্মান আত্মার যে প্রদেশবিশেষাদির আকারে জানাত্মক পরিণাম, তাহাই অনুপ্রবিধি-রূপ প্রমাণের স্বরূপ। উহার ফলে লোকসকল প্রতিষেধ্য বস্তুর নিষেধকে জানিয়া থাকেন। এইরূপ হলে প্রতিষেধ্যবস্তবিষয়ক বিজ্ঞানে ব্যাপ্তিজ্ঞান বা ইক্রিরাদির অপেক্ষা না থাকার ইহা প্রমাণান্তর। স্মতরাং, এই মতে প্রতিষেধ্য বস্তুর জ্ঞানাভাব, वर्थाए उपनक्षा छार-मर्क्ड व अत्मनिरित्यानि-क्रिप वस्तर-विषयक विकान, তাহাই হইবে অনুপন্ধি-প্রমাণের স্বরূপ এবং প্রতিবেধ্য ঘটপটাদি বস্তর প্রতিষেধবিষরক যে জ্ঞান, তাহাই অমুপলব্ধি-প্রমাণের ফল হইবে।' গ্রায় বা বৈশেষিকাদিমতে অনুপলব্ধিকে প্রমাণান্তর বলিয়া স্বীকারই করা হয় নাই। স্থতরাং, প্রকৃত হলে ঐ সকল মতের অনুপলব্ধিসময়ে আলোচনা অনাবশ্রক। পূর্ব্বপক্ষরপে অনুপল্ধি-সম্বন্ধে যে ছুইটা মতের সমুপস্থাপন করা হইল, উহাদের সম্বন্ধে অনেকানেক বক্তব্য আছে। বৌদ্ধমতের আলোচনায় বাধা হইবে বলিয়া তাহাদের বিশেষ বক্তব্যগুলির বিস্তৃত সমালোচনায় আমরা বিরত রহিলাম এবং অনুপলি সম্বন্ধে থৌদ্ধমত জানিতে বভটুকু নিভান্ত আঁবশুক তাহারই বিবরণ দিলাম। ঐ সকল মতের অনুপলন্ধির উহাই সার সিদ্ধান্ত।

দিশ্বরদেন যেমন প্রতিষেধ্য-ঘটাদিবস্তবিষয়ক উপলব্ধি বা জ্ঞানের অভাবমাত্রকেই অনুপলব্ধি-প্রমাণের স্বরূপ বলিয়াছেন, তেমন কিন্তু নৌগতামতে উপলব্ধির নিষেধমাত্রকে অনুপলব্ধি-প্রমাণের স্বরূপ বলিয়া স্বীকার করা হয় নাই। কারণ, বৌদ্ধমতে সর্ক্ষরিধ সামর্থ্যরহিত বলিয়া অভাবের তৃচ্ছত্বই স্বীকৃত হইয়াছে এবং সেই কারণেই প্রতিষেধাত্মক অনুপলব্ধিকে তাঁহারা প্রমার সাধন বা প্রমাণ বলিয়া স্বীকার করিতে পারেন নাই। আরও কথা এই যে, যাঁহারা প্রতিষেধ্যবস্তবিষয়ক জ্ঞানের অভাবমাত্রকেই প্রতিষেধ্যবস্তব অভাব-দিন্ধিতে প্রমাণ বলেন, তাঁহারাও ঐ অভাবাত্মক অনুপলব্ধিকে অজ্ঞাত অবস্থায় স্বরূপমাত্রে অভাববৃদ্ধির প্রতি কারণ বলিতে পারেন না। কারণ, ইন্দ্রিয়ব্যতিরিক্ত প্রমাণগুলির প্রত্যেকটী জ্ঞাত হইয়াই তৎপ্রমিত্যাত্মক স্বন্ধ ফলের সমৃৎপাদন

১। অপরে তু প্রতিষেধ্যবিষয়কজ্ঞানরপোণাপরিণামশাস্ত্রনঃ তদশুবপ্তবিষয়ং বিজ্ঞাননেব বাংভাবশু গ্রনকং প্রত্যক্ষাসুমানাভ্যাং প্রমাণাস্তরমাহশ্মীমাংসকাঃ। হেতুরিন্দৃটীকা, পৃ ১৬৭।

করিয়া থাকে। স্থতরাং, ঘটাদিবিবরক উপলব্ধির অভাবরূপ যে অনুপলবিধ, তাহাও জ্ঞাত হইয়াই ঘটাদির অভাববিষয়ক প্রমাজ্ঞানের সাধন হইবে। এইরপ হইলে অনবস্থাদোষ আসিয়া উপস্থিত হয়। কারণ, ঘটাভাবের গ্রাহক যে ঘটোপলব্ধির নিষেধায়রক অনুপলবিধ, তাহাকে ঘটোপলব্ধিবিয়য়ক উপলব্ধির নিষেধায়ক অনুপলবিধর সাহায্যে গ্রহণ করিতে হইবে এবং ঐ অনুপলবিধকে আবার ঘটোপলবিধিবয়য়কোপলবিধিবয়য়কোপলবিধর নিষেধায়রক অনুপলবির দারা গ্রহণ করিতে হইবে, তাহাকে আবার অন্ত অনুপলবির দারা গ্রহণ করিতে হইবে এইপ্রকারে অনবস্থাদোষ অবশ্রম্ভাবী হইয়া পড়ে। স্থতরাং, ঈশ্বরসেনসম্মত যে অভাবায়ক অনুপলবিধ, তাহাকে আমরা অভাবগ্রাহক প্রমাণ বলিয়া শ্বীকার করিতে পারি না।

কুমারিলভট্ট যে অনুপলন্ধির দ্বিবিধ স্বরূপ প্রদর্শন করিরাছেন, তাহাও সমীচীন হর নাই। কারণ, তিনি যে ঘটাদিবিষরক উপলন্ধির অন্তংপত্তিরপ অভাবকে অনুপলন্ধি প্রমাণ বলিরাছেন, তাহাতে ঈশ্বরদেনের মতের সহিত উহা অভিন্ন হইন্না গিরাছে। স্কতরাং, পূর্ব্বোক্ত অনবস্থাদোবে উহাও তৃষ্ট হইরা গিরাছে। দ্বিতীয়পক্ষে তিনি যে অক্তবিষরক উপলন্ধিমাত্রকে, অর্থাৎ ঘট হইতে পৃথাগ্রুত প্রদেশবিশেষের উপলন্ধিমাত্রকে (ঘটোপলন্ধিরহিত প্রদেশবিশেষের জ্ঞানকে) ঘটাভাবের সাধক অনুপলন্ধি বলিরাছেন, তাহাও সমীচীন হর নাই। কারণ, ত্রিরূপ হইলে ঘটাভাবের জ্ঞানকে অনুপলন্ধি-প্রমাণের ফলরূপে কলনা করা সম্ভব হর না। যাহাকে অনুপলন্ধি-প্রমাণে বলা হইরাছে স্নেই যে প্রদেশ-বিশেষের জ্ঞান, অর্থাৎ অক্তবস্থবিষরক জ্ঞান, তাহাই ঘটাভাবের জ্ঞান। ঘটাভাবটি যথন ঘটবিবিক্তপ্রদেশ ছাড়া অন্ত কোনও বস্তু নহে, তথন উক্ত প্রদেশ-বিশেষের জ্ঞানই যে ঘটাভাবেরও জ্ঞান হইলে ফলতঃ এ ইন্দ্রিরুন্ধযোগের দ্বারাই ঘটাভাবেরও জ্ঞান হইরাই গেল। স্কতরাৎ, প্রদেশবিশেষের জ্ঞানকে অনুপলন্ধি ঘটাভাবেরও জ্ঞান হইরাই গেল। স্কতরাৎ, প্রদেশবিশেষের জ্ঞানকে অনুপলন্ধি বলিলে কণনই আর ঘটাভাবের জ্ঞানকে উহার ফল বলা সমীচীন হয় না।

যদিও কুমারিলমতে ঘটবিবিক্ত-প্রদেশাতাক বস্তটীকে ধর্মাধর্মিভাবে তুই ভাগে বিভক্ত করিয়া ধর্ম্মাংশের ইক্রিয়জ জ্ঞানকে অনুপলন্ধি প্রমাণ এবং ঘটবিবিক্ততা অর্থাৎ ঘটাভাবাত্মক ধর্মাংশের জ্ঞানকে উহার ফলরূপে কল্পনা করা হইয়াছে এবং অনুপদির্বিত্বলে প্রমাণ ও ফল এতহভরের জ্ঞানরূপতাসত্ত্বেও হুইটা জ্ঞান ক্রমে সমুৎপন্ন হওয়ার পূর্ব্বোৎপন্ন যে ইন্দ্রিয়ল ধর্ম্মাংশের জ্ঞান, তাহাকে প্রমাণ ও অনন্তরে।ৎপন্ন যে অভাবাংশের জ্ঞান, তাহাকে ফল বলায় প্রমাণ ও ফলের ভেদ আছে বলিয়াই তাঁহারা মনে করিয়াছেন ইহা সত্য; তাহা হইলেও ধর্মকীর্টি প্রভৃতি বৌদ্ধাচার্য্যগণ উক্ত ব্যাখ্যার সারবক্তা স্থীকার করেন নাই। তাঁহারা বলিয়াছেন যে ঘটবিবিক্ততারূপ ধর্মটী কথনই প্রদেশবিশেষ হইতে পৃথক্ হইতে পারে না। কারণ, কুমারিল নিজেই প্রত্যেক বস্তুকে পররূপে অসং অর্থাৎ অভাবাত্মক বলিয়াছেন। স্কুতরাং, প্রদেশবিশেষরূপ বস্তুটীই স্বরূপাতিরিক্তরূপে ঘটাভাবাত্মক হওয়ার, উহার যে ইন্দ্রিরেল জ্ঞান, ফলতঃ তাহাই ঘটাভাবেরও জ্ঞান হইবে। এই কারণেই বৌদ্ধাচার্য্যগণ কুমারিললক্ষত অনুপল্ধির ব্যাখ্যাকে সম্পীতীন মনে করিয়াছেন।

আমরা কুমারিলসমত অনুপলত্তি-প্রমাণ ও ফলের স্বরূপ সম্বন্ধে যে পরিচর দিলাম, তাহা পার্থসারথিমিশ্রের ব্যাখ্যার অনুরূপ হইবে না বলিরাই মনে হয়। কারণ, তিনি শ্লোকবার্তিকের (অভাব পরিচ্ছেদ, কা, ১১)

> "প্রত্যক্ষাদেরমুৎপত্তিঃ প্রমাণাভাব উচ্যতে। ন সাত্মনঃ পরিণামো বা বিজ্ঞানং বাস্তবস্তুনি"॥

এই বে অন্থপন কি-প্রমাণের স্বরূপনির্দেশক কারিকাটা, ইহার অন্থপ্রকারে ব্যাখ্যা করিরাছেন। তিনি শ্লোকস্থ "অন্থপত্তি" পদটার অভাবরূপ অর্থ গ্রহণ করিয়া ঘটাদিবিবয়ক প্রত্যক্ষান্তায়্মক জ্ঞানের অভাবমাত্রকেই মুখ্যতঃ অনুপলির প্রমাণ বিলিয়ছেন এবং ঘটাভাবাদিবিয়রক জ্ঞানকে উক্ত প্রমাণের ফল বলিয়াছেন। ঘটবিবিক্ত প্রদেশাদিরপ অন্থবস্তবিয়রক বিক্রানকে তিনি অনুপলিরি-প্রমাণ বলেন নাই। উক্ত কারিকার "সান্থানঃ পরিণামো বা বিজ্ঞানং বান্তবস্তনি" এই অংশের ব্যাখ্যায় তিনি বলিয়াছেন যে, যদি গৌণভাবে উক্ত ঘটান্তভাব-বিয়য়ক ফলীভূত বিজ্ঞানকে অনুপলিরি-প্রমাণ বলিয়া গ্রহণ করা হয়, তাহা হইলে উহা হানাদি বৃদ্ধিতেই প্রমাণ হইবৈ। স্থতরাং, পার্থসারথির মতানুসারে ঈশ্বরসেনের অনুপলিরর সহিত কুমারিলের অনুপলিরি একই হইয়া গেল। কিন্ত, অর্চটভট্ট, ধর্মাকীর্ত্তি প্রভৃতি আচার্য্যগণ ঘটবিবিক্তপ্রদেশাদিরপ ঘটান্তবস্তর বিজ্ঞানকেই কুমারিলসম্মত অনুপলিরি-প্রমাণ বলিয়া গ্রহণ করিয়াছেন। "বিজ্ঞানং বান্তবস্তর কুমারিলসম্মত অনুপলিরি-প্রমাণ বলিয়া গ্রহণ করিয়াছেন। "বিজ্ঞানং বান্তবস্তিন"

এই কারিকাংশের দারাও সহজভাবে অগুবস্তবিষয়ক বিজ্ঞানের অনুপ্রনিজ্ঞপতাই কুমারিলের সম্মত ব্লিরা বৃঝা যায়। যাহাই হউক, আমরা কথিত আচার্য্যগণের মতানুসারেই কুমারিলের মত বর্ণনা করিলাম।

পূর্ব্বোক্ত প্রকারে পূর্ব্বপক্ষিগণের মতবর্ণনা করিয়া এক্ষণে আমরা ধর্মকীর্ত্তির মতানুসারে অনুপলব্ধির স্বরূপ ও তাহার ফল বর্ণনা করিতেছি। হেতুবিন্দুগ্রন্থে মহামতি ধর্মকীত্তি উপলব্ধিলক্ষণপ্রাপ্ত-বস্তুবিষয়ক উপলব্ধি হইতে ভিন্ন যে তংসদৃশবস্তু-বিষয়ক উপলব্ধিরূপ ভাবাত্মক পদার্থ, তাহাকেই বলিয়াছেন। ' "উপলব্ধি-লক্ষণ" এই পদের অন্তর্গত "লক্ষণ" পদটী হেতু বা প্রত্যন্ত্র-রূপ অর্থে, অর্থাৎ কারণ-রূপ অর্থে প্রযুক্ত হইয়াছে। স্থতরাং, প্রতিষেধ্যবস্তু-বিষয়ক উপলব্ধির অর্থাৎ প্রত্যক্ষজ্ঞানের প্রতি যাহা যাহা কারণ হয়, আলম্বন-প্রত্যয়-ভিন্ন তংসমুদায় অর্থাৎ সমনন্তর, অবিপত্তি প্রভৃতি প্রতায়গুলি এবং আলম্বন-প্রত্যয়ের অর্থাৎ প্রতিষেধ্যবস্তুর প্রত্যক্ষযোগ্যতারূপ স্বভাববিশেষ, এইগুলিকে প্রকৃতস্থলে উপলব্ধির, অর্থাৎ প্রতিবেধ্যবস্তবিষরক প্রত্যক্ষের, লক্ষণ বলিয়া ব্রিতে হইবে। এইগুলির প্রাপ্তি অর্থাৎ যোগ বাহার আছে এমন বে প্রতিষেধ্য বস্তু, তাহাই উপলব্ধি-লক্ষণ-প্রাপ্ত হইকে। তদ্বিষয়ক উপলব্ধি হইতে ভিন্ন যে ঐ প্রকার উপলব্ধিলক্ষণ-প্রাপ্ত বস্তুত্তরবিষয়ক উপলব্ধি অর্থাৎ প্রত্যক্ষপ্রতীতি, তাহাই প্রক্নতস্থলে "অনুপলব্ধি" পদের দ্বারা বিব্ফিত হইরাছে। "ইহ ভূতলে ঘটো নান্তি" ইত্যাদি স্থলে ঘটাত্মক প্রতিষেধ্য বস্তুটী উপলব্ধিলক্ষণের দ্বারা প্রাপ্ত হইরাছে। কারণ, ঐ স্থলে [']ভূতলাদির প্রত্যক্ষজ্ঞানের জ্বন্য উপস্থিত বে কারণগুলি, তাহারাই ঘটপ্রত্যক্ষেরও কারণ এবং প্রত্যক্ষজ্ঞানের যোগ্যতারূপ স্বভাববিশেষও ঘটের আছে। স্থতরাৎ, আলম্বনপ্রত্যর ভিন্ন প্রত্যয়ান্তর এবং প্রত্যক্ষযোগ্যতারূপ স্বভাববিশেষ থাকায় ঐ স্থলে ঘটাত্মক প্রতিষেধ্য বস্তুটী উপলব্ধিলক্ষণ-প্রাপ্ত হইয়াছে। ঐ স্থলের যে ভূতলাদিরূপ প্রদেশবিশেষ তাহাও উক্ত প্রকার উপলব্ধিলক্ষণের দারা যুক্তই হইন্নাছে। কারণ, ঐ প্রত্যন্নগুলির ও প্রত্যক্ষধোগ্যতারূপ স্বভাববিশেষের যোগ আছে। স্নতরাং, ঐ যে ভূতলাদি প্রদেশবিশেষের প্রভাক্ষ উপলব্ধি, তাহাই উক্ত স্থলে অনুপলিক্ক বলিক্বা পরিগৃহীত হইবে।

১। অত্র উপলব্ধে: উপলভ্যানধর্মতে তজ্জানম্পলবিং। তত্মাদতা উপলবিরকুপলবিং বিবিশিতোপলবেরত্যত্বি অভক্ষ্যাম্পর্নীয়বৎ পর্যাদাসব্ব্যা। তেতুবিন্দু, পরিশিষ্ট, পৃঃ ৬৪।

"অনুপলন্ধি" পদের প্রদর্শিত ব্যাখ্যার বিরুদ্ধে যদি আপত্তি করা যায় যে, "ন উপলন্ধিং" এইপ্রকার বিগ্রহে নিপান্ন হইলে "অনুপলন্ধি" পদটা উপলন্ধি হইতে যাহা ভিন্ন অর্থাৎ জড় বস্তু, তাহাকেই বুঝাইবে, আর যদি "উপলন্ধেরভাবং" এই-প্রকার বিগ্রহে নিপান্ন হইনা থাকে, তাহা হইলেও উপলন্ধির নিষেধকেই বুঝাইবে। স্কতরাং, ইহা দেখা যাইতেছে যে কোনও প্রকারেই উহা অগ্রবস্তবিষয়ক উপলন্ধিকে ব্যাইতে পারে না। অতএব, ধর্মকীতি-সম্মত "অনুপলন্ধি" পদের ব্যাখ্যাকে সমীচীন বলিন্না মনে করা যার না। তাহা হইলেও উত্তরে বলা যান্ন যে, প্রকৃত স্থলে "অস্তা উপলন্ধিং" এইপ্রকার বিগ্রহে "অনুপলন্ধি" পদ্টী নিপান হওনার উহা অস্তবিষয়ক উপলন্ধিরূপ ভাবান্মক অর্থের বোধক হইন্নাছে।

পুনরার যদি আপত্তি করা যার যে, পূর্ব্বোক্ত ব্যাখ্যার আশ্রয় লইলেও "অমুপলিক" পদটার নামান্ততঃ যে কোনও উপলক্ষান্তরই অর্থ হওয়া উচিত। কিন্তু, তাহা না করিয়া যে ঐ পদটাকে একটা বিশেষ অন্ত-উপলব্ধি-রূপ অর্থে গ্রহণ করা হইয়াছে, তাহা কোনও প্রকারেই সমর্থিত হইতে পারে না। তাহা হইলেও উত্তরে বলা যার যে, প্রমাণ-প্রকরণে পঠিত হওয়ার প্রকৃতস্থলের অমুপলিকি পদটা সামান্ততঃ উপলক্ষান্তরের বোধক না হইয়া উপলব্ধিলকণপ্রাধ্য অন্তবন্তবিষয়ক উপলক্ষান্তরের বোধক হইয়াছে। যে কোনও অন্ত উপলব্ধিকে অমুপলব্ধিহেতু বলা যায় না। কারণ, উহা ব্যভিচারী হইয়া যায়। এই কারণেই প্রমাণ-প্রকরণে পঠিত অমুপলব্ধি পদটাকৈ উপলব্ধিলকণপ্রাপ্ত যে অন্ত বস্তু তল্মাত্রবিষয়ক উপলব্ধিরূপ বিশেষ অর্থে গ্রহণ করা হইয়াছে।

এই যে, যে কোনও উপলব্ধান্তরকে অনুপলব্ধি অর্থাৎ অন্ত উপলব্ধিক্তপে গ্রহণ না করিয়া উপলব্ধিলকে প্রাণ্ড অন্তবন্ধবিষয়ক উপলব্ধিকে অনুপলব্ধিকপে গ্রহণ করা হইরাছে, ইহার যুক্তি দেখাইতে গিয়া ধর্মোত্তর বলিয়াছেন যে, অন্ত উপলব্ধিশুলির মধ্যে যে উপলব্ধিটা যে হলে উপলব্ধিলকণপ্রাণ্ড প্রতিষেধ্য বস্তুতে অনুপলম্ভনিশ্চয়ের অর্থাৎ উপলভ্যবসমারোপের হেতু হইবে, সেই অন্ত উপলব্ধিটাই সেই
শুলে "অনুপলব্ধি" পদের দারা গৃহীত হইবে, অন্ত উপলব্ধিমাত্রই নহে। যে হইটী
বস্তু একই ইন্দ্রিরজ জ্ঞানে ভাসমান হইবার যোগ্য হর, তাহাদের অন্ততরের নিশ্চয়
ইইলে এবং অপরটীর নিশ্চয় না হইলে সাধারণতঃ অপরটীতে "উহা যদি থাকিত
তাহ হইলে এইটীর ন্তার অবশ্রুই উপলব্ধ হইত" এই আকারে উপলভ্যত্বের সমারোপ

হইয়া থাকে। কিন্তু, এই সমারোপ যে কোনও উপলক্ষতির থাকিলেই হয় না; পরস্তু, একজান-সম্বন্ধী বস্তুদ্বরের অন্ততরের নিশ্চয় ও অপরটার অনিশ্চয় হইলেই হইয়া থাকে। স্থতরাং, যে বিশেষ উপলক্ষ্যস্তরটা উক্তর্মপ সমারোপের হেতু হয়, তাহাকেই, অর্থাৎ সেই বিশেষ উপলক্ষিটীকেই, অনুপলক্ষি-পদের দ্বারা গ্রহণ করা হইয়াছে, যে কোনও উপলক্ষ্যস্তরকে নহে।

প্রকৃতস্থলে "অমুপলিন্ধি" পদের অন্তর্গত উপলিন্দিনিকে যদি কর্ভৃশ্বক্রিয়াপর বলা যার, অর্থাৎ ভাববাচ্যে নিম্পন্ন বলিয়া গ্রহণ করা যার, তাহা হইলে পূর্ব্বোক্ত ব্যাখ্যানুসারে ভূতলাদিরপ-প্রদেশবিষয়ক যে প্রভ্যক্ষজ্ঞান, তাহাই অমুপলিন্ধি-পদের অর্থ হইবে। ঐরপ হইলে উক্ত প্রদেশবিশেষের প্রভ্যক্ষাত্মক যে অমুপলিন্ধি, অর্থাৎ অন্ত বিষয়ক উপলিন্ধি, তাহাই স্বসংবেদন-সিন্ধ হইয়া "অত্র ঘটো নান্তি" এই আকারে ঘটাভাব-ব্যবহারের অনুমাপক হইবে।

আর, বদি উক্তস্থলীর অনুপলন্ধি-পদের অন্তর্গত উপলন্ধি-পদ্টীকে কর্মস্থ ক্রিরাপর বলিরা গ্রহণ করা যায়, তাহা হইলে পূর্ব্বোক্ত প্রত্যয়ান্তরসাকল্য-সহকৃত যে প্রত্যক্ষ-যোগ্যতারপ স্বভাববিশেষ, তাহাই হইবে প্রতিষেধ্য ঘটাদিবস্তর অনুপলন্ধি।' স্নতরাং, এইপক্ষে প্রদেশবিশেষের প্রত্যক্ষাত্মক জ্ঞান আর অনুপলন্ধি হইবে না; পরস্ত, প্রদেশবিশেষের যে প্রত্যয়ান্তরসাকল্যসহক্ষত প্রত্যক্ষযোগ্যতারপ স্বভাব-বিশেষ, তাহাই অনুপলন্ধি হইবে। এইরপ হইলে প্রত্যক্ষাদির দ্বারা পরিজ্ঞাত হইরাই উহা "ইহ ঘটে। নান্তি" এই আকারে অভাব-ব্যবহারের অনুমাপক হইবে। এইপ্রকারের অনুমাপক হইবে। এইপ্রকারের অনুপলন্ধিগুলিকে শাস্ত্রে স্বভাবানুপলন্ধি নামে পরিভাষিত করা হইয়াছে। এইরূপ অনুপলন্ধিগুলিকে শান্ত্র স্বভাবানুপলন্ধি নামে পরিভাষিত করা হইয়াছে। এইরূপ অনুপলন্ধিগুলে ঘটাদির অভাব সাধ্য অর্থাৎ লিঙ্গী হইবে না। পরস্তু, ঘটাভাবাদির ব্যবহারই সাধ্য বা লিঙ্গী হইবে। কারণ, প্রদেশবিশেষের প্রত্যক্ষজ্ঞানাত্মক যে অনুপলন্ধি, উহা ঘটাভাবের জ্ঞানাত্মক হওয়ায় লিঙ্গজ্ঞানেই ঘটাভাবের জ্ঞান পর্য্যবসানপ্রাপ্ত হইরা গিয়াছে। প্রদেশাদির পূর্ব্বোক্ত স্বভাবের অনুপলন্ধিত্বপক্ষেও ঐ স্বভাববিশেষের জ্ঞানেই ঘটাভাবাদির জ্ঞান পর্য্যবসানপ্রাপ্ত হইরা যায়। স্বতরাং, ঐ সকল অনুপলন্ধিস্থলে ঘটাভাবাদির ব্যবহারই সাধ্য হইবে। বৌদ্ধমতে ঘট-বিবিক্ত প্রদেশাতিরিক্ত কোনও ঘটাভাবরূপ অর্থ স্বীকৃত

১। উপলভ্যমানধর্মতে স্ববিষয়বিজ্ঞানজননযোগ্যতালক্ষণো বিষয়স্বভাবো ভবতি। যোগ্যতারাঃ ভাবস্বরূপস্থাৎ। হেতুবিন্দু, পরিশিষ্ট, পৃঃ ৬৪।

হয় নাই। স্থতরাং, ইন্দ্রিয়াদিজন্ত যে কেবল-প্রদেশের জ্ঞান, তাহাই ঐ মতে ঘটাভাবের জ্ঞান হইবে।

বৌদ্ধসন্মত অনুপলন্ধির স্বরূপ এবং ভট্টসন্মত অনুপলন্ধির স্বরূপ এক হইলেও, অর্থাৎ উভয় মতেই প্রদেশবিশেষাদির উপলন্ধির অনুপলন্ধিত্ব স্বীকৃত হইলেও, ফলে উহাদের মতবৈষম্য বিভ্যমান আছে। কারণ, ভট্টমতে প্রদেশবিশেষের উপলন্ধিক্রপ অনুপলন্ধি-প্রমাণের ফল হইবে ঘটাভাবের জ্ঞান, আর বৌদ্ধমতে ঐ সকল অনুপলন্ধির ফল হইবে ঘটাভাব-ব্যবহারের জ্ঞান।

ধর্মকীর্ত্তি তদীয় হেতৃবিন্দুগ্রন্থে অনুপলব্ধিকে তিন ভাগে বিভক্ত করিয়াছেন — <mark>স্বভাবানুপলন্ধি, ব্যাপকান্তুপলন্ধি ও কারণানুপলন্ধি'। পূর্ব্বে আমরা যে অনুপলন্ধির</mark> বর্ণনা করিয়াছি, তাহাই স্বভাবানুপলিন। অভাব উহার সাধ্য হইবে না; পরস্তু, ঘটাভাবাদির ব্যবহারই উহার সাধ্য হইবে'। ধ্যের ব্যাপকীভূত যে বহিং, তাহা যদি পূর্ব্বোক্ত প্রকারে উপলব্ধিলক্ষণপ্রাপ্ত হয়, তাহা হইলে এরপ উপলব্ধিলক্ষণপ্রাপ্ত গুদেশাদিরূপ বস্ক্তরের যে প্রত্যক্ষাত্মক উপলব্ধি, তাহা বহ্যভাবের পক্ষে স্বভাবানুপলির হইলেও ধ্যাভাবের পক্ষে ব্যাপকানুপলিরিই হইবে। এই যে ব্যাপকান্ত্ৰপলিক্কি, ইহার সাধ্য হইবে ব্যাপ্যাভাব অর্থাৎ ধুমাভাব অথবা ধ্যাভাবের ব্যবহার। কারণ, বহ্নিবিক্তিরূপে প্রদেশবিশেষের যে জ্ঞান, তাহা বহ্যভাবের জ্ঞানাত্মক হইলেও ধ্যাভাবের জ্ঞানাত্মক হইবে না। স্থতরাং, উক্ত উপলব্ধিরপ অনুপলবিটী ধ্মাভাবের উপলব্ধিরপ না হওরার ধ্মাভাবও উহার সাধ্য হইতে পারে। যে স্থলে একজানসংসর্গী বস্তদ্বয়ের মধ্যে যে একের জ্ঞান হইলে যে অপরটীতে দৃগুত্বের সমারোপ হইবে, দেই একের জ্ঞানটী সেই স্থলে সেই অপর্টীরই অভাবজ্ঞানাত্মক হইবে। স্থতরাং, যে স্থলে কেবল-প্রদেশবিশেষের জ্ঞান হইলে ব্যাপকীভূত বহিতেই দৃখ্যত্বের সমারোপ হইবে, ব্যাপ্যভূত ধ্মে দৃশ্যত্বের সমারোপ হইবে না, সেই স্থলে উক্ত প্রদেশবিশেষের জ্ঞানটা বহ্যভাবেরই জ্ঞানাত্মক হইবে, ঐ প্রদেশে বাস্তবিক পক্ষে ধ্মাভাব থাকিলেও ঐ স্থলে ঐ প্রদেশ-

সয়ময়পলিয়িধা। সিত্বে কার্যকারণভাবে নিদ্ধাভাবত কারণতামুপলিয়ঃ, ব্যাপাল
ব্যাপকভাবনিদ্ধে নিদ্ধাভাবত ব্যাপকতামুপলিয়ঃ, বভাবামুপলিয়৽চ। হেতুবিন্দু, পরিশিষ্ট,
পৃঃ ৬৮।

২। বভাবামুপলক্ষে তু অভাববাবহার এব সাধ্যতে। ঐ।

বিশেষের জ্ঞানকে ধুমাভাবের জ্ঞান বলা যাইবে না। অত এব, ব্যাপকামপল কিন্তলে ব্যাপ্যাভাবটী সিদ্ধ না থাকায় উহা সাধ্য হইতে পারে। এইরপ কারণামপল কিন্তলেও কার্য্যাভাব বা তাহার ব্যবহার সাধ্য হইবে। কারণটী যদি উপল ক্ষিলক্ষণপ্রাপ্ত হইয়া দৃশ্যত্বের দ্বারা সমারোপিত হয়, তাহা হইলে তৎসংসগী যে প্রদেশ-বিশেষাদির উপল কিরপ কারণামপল কি, তাহা কার্য্যাভাবের বা কার্য্যাভাব-ব্যবহারের হেতু হইবে।

নিম্নোক্ত প্রকারে অমুপলি রিহেতুতে অবয় নিশ্চিত হইয়া থাকে। স্বভাবানু-পলব্ধিস্থলে অর্থাৎ প্রতিষেধ্যবস্ত ঘটাদিরূপ ধর্মীতে দৃগুত্তের সমারোপকালীন কেবল-প্রদেশাদির উপলব্ধিরূপ অন্তুপলব্ধিস্থলে, উক্ত অন্তুপলব্ধিতে যদি অগ্রকারণ-নিরপেক্ষ-ভাবে অসদ্যবহারের কারণতা প্রতিপাদন করা যায়, তাহা হইলেই "যত্র যত্র অমুপল্জিঃ তত্র অসদ্ব্যবহারঃ" এইরূপে সর্ব্বোপসংহারে অন্বন্ন নিশ্চিত হইতে পারে। ক্ষণিকত্ববাদে যে কোনও স্থলেই কার্য্যোৎপাদে সহকারীর অপেক্ষা থাকিতে পারে না, তাহা ক্ষণভঙ্গপ্রস্তাবে বিশ্বভাবেই আলোচিত হইয়াছে। স্ততরাং, অন্তুপলব্ধির ক্ষণিকজ-নিবন্ধনই উহা যে অসদ্যবহারজননে পর্য্যাপ্ত কারণ, অর্থাৎ নিমিত্তাস্তরকে অপেক্ষা করিতে পারে না, তাহা প্রমাণিত আছে। উক্ত প্রণালীতে যদি অমুপলবিতে অসধ্যহারের পর্য্যাপ্তকারণত্ব নির্ণীত হইয়া যায়, অর্থাৎ নিমিত্তাস্তরানপেক্ষিত্ব নির্ণীত হইয়া যায়, তাহা হইলে আর এইরূপ সন্দেহের অবকাশ থাকে না যে, অনুপলি ি থাকিলেও অসন্থাবহার না হইতে পারে। কারণ, যাহা যে কার্য্যের পর্য্যাপ্ত কারণ হইবে, তৎসত্তে কার্য্যের অন্তুৎপাদ হইতে পারে না। কার্য্যোৎপাদে কারণের সহকারিসাপেক্ষতা থাকিলে কারণবিশেষের উপস্থিতিসত্ত্বেও কার্য্যের অন্নুংপাদ আশঙ্কিত হইতে পারে। উক্ত প্রণালীতে অন্নপলন্ধিতে অসদ্যবহারের পর্য্যাপ্তকারণতা নির্ণীত হইয়া গেলে, অবশ্রুই পূর্ব্বোক্ত আকারে সর্ব্বোপসংহারে অনুপল্ধিহেতুতে অসদ্যবহারের অন্বর নির্ণীত হইবে । বৌদ্ধশিদ্ধান্তের অনুসরণ করিয়া আমরা আমাদের নিজ ব্দ্ধানুসারে অনুপ্লিকিস্থলে

অনুপলকাবপি অয়য়নি৽চয়ঃ —অসয়বহারয় উপলক্ষিলয়শপ্রাপ্তয় অনুপলক্ষিমাত্রবৃত্তিসাধনং নিমিত্তায়য়াভাবোপদর্শনাং। হেতুবিন্দু, পৃঃ ৫৪।

অসন্মবহারস্থ সাধ্যধর্মস্ত অসম্বাহার কিনি জান্তরা পেক্ষারাং সত্যামপি মধোজানুপলক্ষে নাবগুমসন্মবহারস্থ ভাব ইতি কুতোহ্বয়নিশ্চয়ঃ স্থাৎ। হেতুবিন্দুব্যাখ্যা, পৃঃ ৫০।

অন্তর্যনিশ্চয়ের পস্থা প্রদর্শন করিলাম। যিনি আরও জানিতে চাহেন তিনি এবিষরে "বাদ্যায়" গ্রন্থের পর্য্যালোচনা করিবেন। নিস্তারোজন বলিয়া আমরা বাদ্যায়োক্ত গুরুতর পস্থার অনুসরণ করিলাম না। পূর্ব্বোক্ত প্রণালীতেই কার্য্যানুপলব্ধি ও ব্যাপকানুপলব্ধিস্থলে অন্তর নিশ্চিত হইবে।

"অত্র প্রদেশে ঘটো নাস্তি অমুপলবেং" ইত্যাদি স্বভাবামুপলদিস্থলে "বত্র যত্র ঘটাভাবাভাবস্তত্র অনুপলম্ভাভাবঃ" এই আকারে ব্যতিরেকের নিশ্চয় হইবে l উপলব্ধিলক্ষণপ্রাপ্ত যে ঘটাদি ২স্তু, তাহার অভাবের অভাব, অর্থাৎ ঘটাভাত্রক বস্তু, যদি প্রদেশবিশেষে বিভ্নমান থাকে তাহা হইলে কথনও উক্ত ঘটাদি বস্তুর অমুপলন্ত, অর্থাৎ ঘটাদিবিক্তিরূপে প্রদেশবিশেবের উপলব্ধি, থাকিতে পারে না। কারণ, ঘটাদি বস্তগুলির প্রত্যাক্ষ্যোগ্যতা আছে এবং প্রদেশ-বিশেষের উপলব্ধিরূপ অনুপলব্ধিদশায় উহাদের প্রত্যয়াস্তরসাক্ল্যও আছে ! এইরূপ অবস্থার প্রদেশে ঘটাদি বস্ত বিভাষান হইলে কথনও উহাদের অনুপ্রার্থিত অর্থাৎ ঘটা দিবিবিক্তরূপে প্রদেশের উপলব্ধি, সম্ভব হইতে পারে না। ঘটা দিবিবিক্তরূপে প্রদেশবিশেষের উপলব্ধিরূপ অনুপলব্ধিসত্ত্বেও বদি উক্ত প্রদেশবিশেষে ঘটাদি বস্তু গুলি বিভ্যমান থাকে, তাহা হইলে পূর্ব্বস্বীকৃত যে ঘটাদিবস্তুর উপলব্ধিলক্ষণপ্রাপ্ততা, তাহাই ব্যাহত হইরা পড়ে। একজ্ঞানসংসর্গী বস্তদ্বরের মধ্যে একমাত্রের প্রভাকস্থলে সেই স্থানে কথনই অপরের বিভ্যমানতা থাকিতে পারে না। সামগ্রী থাকিলে যে নিরমতঃ কার্য্যের সমুৎপাদ হয়, তাহা সকলেই স্বীকার করিয়া থাকেন। ঘটাদি বস্তুর প্রত্যক্ষের প্রতি বিগুমানতাবিশিষ্ট যে উপল্বিলকণপ্রাপ্ততা, তাহাই সামগ্রী। স্বতরাং, উপলব্ধিলক্ষণপ্রাপ্ত ঘটাদি বস্তু সৎ হইলে অবশুই তাহার অমুপলির থাকিবে না অর্থাৎ উপলব্ধি থাকিবেই। এই সকল যুক্তির সাহায্যে "ষত্র যত্র ঘটাভাবাভাবঃ তত্ত্ব ন অনুপল্কিঃ" এই আকারে সর্ব্বোপসংহারে ব্যতিরেক নির্ণীত হইরা যাইবে। যে সকল প্রমাণের দ্বারা উপলব্ধিলক্ষণপ্রা<mark>প্ত</mark> বিভ্যমান বস্তুর অনুপ্রস্তাভাব অর্থাৎ উপলম্ভ প্রমাণিত হর, সেই প্রমাণের দারাই অনুপ্রবিহেতুতে সাধ্যের ব্যতিরেক প্রমাণিত হইবে। বিগুমানতা-বিশিষ্ট যে উপলব্ধিলক্ষণপ্রাপ্ততারপ স্বভাবহেতু, তাহার দ্বারা ঘটাদি বস্তর অমুপলম্ভাভাব প্রমাণিত হয়। স্থতরাং, ঐ স্বভাবহেতুর দ্বারাই অমুপলব্ধিহেতুতে ব্যতিরেক নির্ণীত হইবে। অতএব, "অত্র ঘটো ন অনুপলভ্যঃ, সত্ত্বে সতি

উপলবিলক্ষণপ্রাপ্তত্তাৎ" এইরূপ স্বভাবহেতুক অনুমানের দারা ঘটাদিবস্তুর অনুপলস্থাভাব প্রমাণিত হইরা গেলে প*চাৎ অনারাসেই যত্র যত্র "ঘটাভাবাভাবস্তত্ত্ব তত্র অনুপলস্থাভাবঃ" এই আকারে অনুপলবিহেতুতে সর্ব্বোপসংহারে সাধ্যের ব্যতিরেক নির্ণীত হইরা যাইবে।

স্বার্থানুমানের নিরূপণ পরিসমাপ্ত হইয়াছে। অতএব, অবসরক্রমে এক্ষণে পরার্থানুমানের নিরূপণ করা যাইতেছে। পরার্থানুমানের বর্ণনাপ্রবাদ্ধ লার বিল্যাছেন যে, রূপত্ররবিশিষ্টরূপে লিঙ্গের যে আখ্যান, তাহাই পরার্থানুমান। আখ্যানপদটী সাধারণতঃ অভিধান অর্থাৎ অর্থোপস্থাপক শালী বৃত্তিরূপ অর্থে ব্যবহৃত হইয়া থাকে। এইরূপ হইলেও প্রকৃতস্থলে উহা উক্ত অর্থে প্রযুক্ত হর নাই। পরস্তু, উহা অধিকরণবৃংপত্তিতে উক্ত বৃত্তির আশ্রমীভূত যে সাকাজ্জ্ব বা উচিতান্ধপূর্বীক পদসন্দর্ভাত্মক বাক্য, তাহাকেই ব্রুমাইবার নিমিত্ত প্রযুক্ত হইয়াছে। স্কতরাং, ইহা ব্রুমা যাইতেছে যে, সেই সেই বাক্যগুলিই বৌদ্ধমতানুমারে পরার্থানুমান হইবে, যাহাদের দ্বারা প্রতিপাত্ম পুরুষের নিকট রূপত্রয়বিশিষ্টরূপে লিঙ্গের সমুপস্থাপন হর। পক্ষরুত্তিত্ব, সপক্ষরুত্তিত্ব ও বিপক্ষারুত্তিত্বই যে লিঙ্গের গ্রুমতানুমারে সেই মহাবাক্যই পরার্থানুমান হইবে, যাহার দ্বারা পক্ষরুত্তিত্ব, সপক্ষরুত্তিত্ব ও বিপক্ষারুত্তিত্ব, সপক্ষরুত্তিত্ব ও বিপক্ষারুত্তিত্ব এই রূপত্রয়বিশিষ্টরূপে লিঙ্গের প্রতিপাদন বা ক্যুমুপস্থাপন হয়।

প্রদর্শিত ব্যাথ্যার দারা আমরা ইহাই ব্ঝিতে পারিয়াছি যে, কোনও বাক্যবিশেষকেই শাস্ত্রকারগণ পরার্থান্ত্রমান বলিয়াছেন। ইহাতে অবশ্রুই জিজ্ঞাসা
হইবে যে, পূর্ব্বে স্বার্থান্ত্রমানের ব্যাখ্যাপ্রসঙ্গে জ্ঞানবিশেষকে অর্থাৎ ত্রিরূপলিক্ষজ্ঞান হইতে সমুৎপন্ন যে সাধ্যজ্ঞান অর্থাৎ লিক্সিবিশিষ্টরূপে ধর্মীর জ্ঞান,
তাহাকেই অনুমান বা অনুমিতি নামে অভিহিত করা হইয়াছে। এক্ষণে
পরার্থান্ত্রমানের বর্ণনাপ্রসঙ্গে দেখা যাইতেছে যে, পরার্থান্ত্রমান জ্ঞানাত্রক নহে
পরন্ত, উহা বাক্যাত্রক। স্বরূপতঃ যাহা বাক্যাত্রক তাহা কি প্রকারে অনুমানাত্রক

>। ত্রিরূপলিঙ্গাথানং পরাথানুমানম্। স্থায়বিন্দু, পরিচ্ছেদ ৩, স্ত্র ১। আথাায়তে প্রকাগুতে অনেন ত্রিরূপলিঙ্গাথ্যানম্। কিং পুনন্তং। বচনম্। বচনেন হি ত্রিরূপং লিফ্যমাথ্যায়তে পরস্মায়িতি পরার্থম্। ধর্মোত্তরকৃত বাাধ্যা, ঐ।

হইতে পারে ? ইহার উত্তরে বলা যায় যে, স্বার্থানুমান জ্ঞানাত্মক হইলেও পরার্থানুমান বাক্যাত্মকই হইবে। কারণ, যাহা অপরের নিকট কোনও কিছুর প্রতিপাদন করে, তাহা সাধারণতঃ বাক্যাত্মকই হইয়া থাকে। আমরা যাহা জানি তাহা অন্তকে বুঝাইতে হইলে সাধারণতঃ আমরা বাক্যেরই আশ্রয় লইয়া থাকি। স্কুতরাং, আমরা স্বয়ং যে প্রণালীতে যাহার অনুমান করিলাম, সেই বস্তুর সেই প্রণালীতে প্রকে অনুমান করাইতে হইলে, আমাদের বাক্যের সাহায্যেই তাহা করাইতে হয়। স্থতরাং, স্বার্থানুমান জ্ঞানাত্মক হইলেও পরার্থানুমানগুলি বাক্যাত্মকই হইবে। প্রকৃতস্থলে অর্থাৎ "পরার্থানুমান" এই প্রয়োগে অনুমানপদ্টী অনুমিতিরূপ মুখ্য অর্থে প্রযুক্ত হয় নাই; পরস্তু, গৌণভাবে পরম্পারায় অনুমিতির কারণরূপ অর্থে প্রযুক্ত হইরাছে। ত্রিরূপ লিঙ্গের প্রতিপাদক বাক্য শ্রবণ করিয়া শ্রোতার রূপত্রমবিশিষ্টরূপে লিঙ্গের নিশ্চয় হয় এবং ঐরূপ লিঙ্গের নিশ্চয়ের ফলে শ্রোতার সাধ্যবিষরে অমুমিত্যাত্মক বিকল্প সমুৎপন্ন হয়। স্কুতরাং, পরম্পরায় শাধ্যানুমিতির সহায়ক হওয়ায় ত্রৈরূপ্য-প্রকারে লিঙ্গপ্রতিপাদক বাক্যকে প্রকৃতস্থলে অনুমান বলা হইয়াছে'। ঐ বাক্যগুলির বক্তা অন্তোর অনুমিতির নিমিত্ই বাক্যের প্রয়োগ করিয়াছেন। স্থতরাং, রূপত্র্যবিশিষ্ট্রপে 'লিঙ্গের প্রতিপাদক বাক্যগুলিকে শান্ত্রকারগণ "পরার্থানুমান" নামে পরিভাষিত করিরাছেন।

স্বার্থান্ত্রমানের ব্যাথ্যাপ্রসঙ্গে ইহা আমরা জ্ঞানিতে পারিয়াছি বে, পক্ষমন্ত্র, সপক্ষমন্ত্র ও বিপক্ষানত্ত এই তিনটীকেই গমকহেতুর রূপ বলা হইয়াছে। স্থাতরাং, ইহা বুঝা যাইতেছে যে, যে বাকাগুলি কথিত রূপত্রয়বিশিষ্টরূপে হেতুর অর্থাৎ লিঙ্গের প্রতিপাদন করে, তাহারাই পরার্থান্ত্রমান হইবে। উদাহরণবাক্যের দ্বারা লিঙ্গটীকে সপক্ষরুত্তিত্ব ও বিপক্ষারুত্তিত্ব প্রকারে সমৃপস্থাপিত করা হয় এবং "সংশ্চ শক্তঃ" ইত্যাদি বাক্যের দ্বারা লিঙ্গটীর পক্ষধর্মত্ব বা পক্ষরুত্তিত্ব কণিত হয়। স্থাতরাং, "য়ৎ সৎ তৎ ক্ষণিকং যথা ঘটঃ, সংশ্চ শক্তঃ" এই যে মিলিত

১। কারণে কার্য্যোপচারাদিতি। ত্রিরপলিঙ্গাভিধানাং ত্রিরপলিঙ্গস্থৃতিরুংপদ্যুতে। স্মৃত্তশচামুমানম্। তপ্তামুমানত পরস্পর্যা ত্রিরপলিঙ্গাভিধানং কারণম্। তিমিন কারণে বচনে
কার্য্যামুমানপ্রোপচারঃ সমারোপঃ ক্রিয়তে। ততঃ সমারোপাং কারণং বচনমমুমানশব্দেনোচাতে উপচারিকং বচনমমুমানং ন মুধ্যমিত্যর্থঃ। স্থায়বিন্দু, পরিচ্ছেদ ৩, সূত্র, ২
মর্মোভরীয় ব্যাথা।

বাক্যদরাত্মক মহাবাক্যটা, তাহাই বৌদ্ধমতান্ত্ৰসারে পরার্থান্ত্রমান বা স্থায় হইবে'।
"বং কতকং তদনিতাং যথা ঘটঃ। তথা কতকশ্চ শব্দঃ" এই আকারে ধর্মোত্তর
সাধর্ম্মাপ্রারোগে পরার্থান্তুমানের উল্লেখ করিয়াছেন। স্কুতরাং, ধর্মকীর্তি বা
ধর্মোত্তরের মতে পরার্থান্তুমান বা স্থারে প্রতিজ্ঞা, হেতু, উপনয় ও নিগমনের অন্তুপ্রবেশ নাই। ইহাদের মতে উদাহরণ-বাক্য ও পক্ষর্তিত্বমাত্রের বোধক অপর একটী
বাক্য — এই মিনিত বাক্যদ্বরেই পরার্থান্তুমান পর্য্যবন্ধানপ্রাপ্ত হইবে। এইমতে
উক্ত বাক্যদ্বরের পৌর্কাপর্য্যেও কোন নিয়ম স্বীকৃত হয় নাই। প্রথমে উদাহরণ
বাক্যের প্রয়োগ না করিয়া 'শব্দঃ সন্' এইভাবে পক্ষর্তিত্ববোধক বাক্যের
প্রয়োগ করিয়া পরে "যৎ সৎ তৎ ক্ষণিকং, যথা ঘটঃ" এইরূপে উদাহরণ বাক্যের
প্রয়োগ করিলেও 'শব্দঃ সন্' 'যৎ সং তৎ ক্ষণিকং, যথা ঘটঃ' এই মহাবাক্যটী
অবগ্যই পরার্থান্তুমান বনিয়া গৃহীত হইবে।

মহামতি দিঙ্নাগ তদীয় স্থায়প্রবেশ নামক গ্রন্থে লিঙ্গের ত্রৈরূপ্য-প্রতিপাদক বাক্যরূপে প্রতিজ্ঞা, হতু ও উদাহরণ এই বাক্যন্ত্রের সমষ্ট্রাত্মক মহাবাক্যকেই পরার্থান্তমান বলিয়াছেন"। দিঙ্নাগ বোধ হয় প্রতিজ্ঞা, হেতু ও উদাহরণ এই অবয়বত্রেরে সমষ্ট্রাত্মক পরার্থান্তমানে উক্ত বাক্যগুলির পৌর্ব্বাপর্য্যেও নিয়ম স্বীকার করিতেন। তিনি প্রথমে প্রতিজ্ঞা, পরে হেতু এবং তৎপশ্চাৎ উদাহরণ বাক্যের প্রয়োগে যে মহাবাক্যটী হয়, তাহাকেই পরার্থান্তমান বলিয়াছেন। স্কুতরাং, উক্ত ক্রমের ভঙ্গ হইলে প্রোক্ত প্রতিজ্ঞাদি বাক্যন্তম মিলিত হইলেও তাদৃশ ব্যুৎক্রমপ্রযুক্ত মহাবাক্যগুলি তাঁহার মতান্ত্র্সারে পরার্থান্তমান হইবে না বলিয়াই মনে হয়। কারণ, স্থায়প্রবেশে প্রতিজ্ঞা, হেতু ও উদাহরণ ইহাদের যথাক্রমে নির্দেশ করিয়াই তিনি পরার্থান্তমানের দৃষ্টান্ত প্রদর্শন করিয়াছেন ।

ন্থারমতে প্রতিজ্ঞা, হেতু, উদাহরণ, উপনয় ও নিগমন এই বাক্যপঞ্চকের

>। এতেন উপনয়নিগমন। দিকমপি প্রত্যুক্তম্। হেতুবিন্দু, পৃঃ ৫৬।

২। অত পূৰ্বাং হেতুঃ প্ৰযোক্তৰাঃ পশ্চাদ দৃষ্টান্ত ইতি ক্ৰমনিয়মোইপি ন কন্চিৎ। ঐ।

শ্র পক্ষানিবচনানি সাধনম। পক্ষহেতু ইষ্টান্তবচনৈ হিঁ প্রাশ্বিকানামপ্রতীতোহর্থঃ
 প্রতিপদ্যত ইতি। স্থায়প্রবেশ, পৃঃ ১।

৪। তন্, যথা অনিতাঃ শব্দ ইতি পক্ষবচনন্। কৃতকত্বাদিতি পক্ষধর্মবচনন্। যৎ কৃতকং তদনিতাং দৃষ্টং যথা ঘটাদিরিতি সপক্ষানুগ্যবচনন্। ঐ, পৃঃ ২।

সমস্ট্যাত্মক মহাবাক্যকেই পরার্থান্তমান বা ভার বলিয়া স্বীকার করা হইরাছে।' উক্ত পঞ্চবাক্যের মেলনস্থলে বদি উক্ত বাক্যগুলি যথাক্রমে প্রযুক্ত না হইয়া র্যুৎক্রমে প্রযুক্ত হয়, তাহা হইলে ঐ ব্যুৎক্রমে প্রযুক্ত পঞ্চবাক্যের লমস্ট্যাত্মক মহাবাক্য ভারমভান্তমারে ভার বা পরার্থান্তমান বলিয়া গৃহীত হইবে না।' বিস্তারভয়ে আমরা অপরাপর মডের উল্লেখে বিরত থাকিলাম। ভারমতের সহিত পরার্থান্তমানবিষয়ে বৌদ্ধমতের বৈষম্য দেখাইবার নিমিতই এই স্থলে ভারমতের উল্লেখ করিলাম।

পরার্থামুশানে প্রতিজ্ঞাদি বাক্যের নিপ্রয়োজনত্ব প্রতিপাদন করিতে গিয়া
ধর্মকীর্ত্তি বলিরাছেন যে, যিনি পরার্থামুখানে প্রতিজ্ঞাবাক্যের প্রয়োগ স্থীকার করেন
তিনি লিন্ধিবিশিষ্টরূপে ধর্মীর প্রতিপাদনের নিমিত্তই উহা করিয়া থাকেন।
কারণ, "সাধ্যনির্দেশঃ প্রতিজ্ঞা" এই স্থত্রের দ্বারা মহর্ষি গৌতম সাধনীয়ধর্মবিশিষ্টরূপে পক্ষের অর্থাৎ ধর্মীর প্রতিপাদক বাক্যকেই প্রতিজ্ঞানামে পরিভাষিত
করিয়াছেন। কিন্তু, তাহা লক্ষত নহে। কারণ, প্রদর্শিত ছইটা বাক্যের দ্বারা
প্রোতা বথন লিন্ধকে পক্ষাসন্ত্বাদি ত্রৈরূপ্যবিশিষ্টরূপে নিশ্চিতভাবে জ্ঞানেন,
তথন অনায়াসে অনুমানের সাহায্যেই তিনি ধর্মীকে সাধনীয়ধর্মবিশিষ্টরূপে
জ্ঞানিতে পারেন। স্মতরাং, পরে যাহা অনুমানের দ্বারাই জ্ঞানিতে পারিবেন,
তাহাকেই অনুমানের পূর্ণের জ্ঞানিবার কোনও প্রয়োজন নাই। পরন্ত, পূর্ণের
জ্ঞাত থাকিলে অনুমানই হইতে পারিবে না। কারণ, পক্ষে সাধ্যনিশ্চর অনুমানের
বিদ্যাতক বলিয়াই স্বীকৃত আছে।

কেই কেই এইপ্রকার মনে করেন যে, প্রার্থামুমানে যদি লিঙ্গের নির্দেশ না থাকে, তাহা হইলে যেমন শ্রোতা লিঙ্গজ্ঞানের অভাবে লাধ্যামুমানে অসমর্থ ইন, তেমন যদি সাধ্যের নির্দেশ অর্থাৎ প্রতিজ্ঞাবাক্যের প্রয়োগ না থাকে, তাহা হইলেও তিনি অনুমান করিতে পারিবেন না। স্কৃতরাং, প্রার্থানুমানস্থলে প্রতিজ্ঞাবাক্যের প্রয়োগ আবশ্যক হইবে।

>। সাধনীয়তার্থত যাবতি শক্সমূহে সিদ্ধিঃ পরিসমাপ্যতে তত্ত পঞ্চ অবয়বা প্রতিজ্ঞাদ্যঃ
সমূহমপেক্যাবয়বা উচাতে। স্থায়ভাক, হত্ত >।

ই তিতাকুপূর্বীকং প্রতিজ্ঞাদিপঞ্চকসম্দায়বং ভায়বৃদ্। অবয়বদীধিতি, পৃঃ ১৪৬০ চৌধাধা

শং। বৃৎক্রমপ্রয়ক্রপ্রতিজ্ঞাদিপঞ্চেহতিব্যাপ্তিবারণায় উচিতাকুপূর্বীকেতি। অবয়বগাদাধরী,

পৃঃ ১৪৬৪।

ইহার উত্তরে বলা যায় যে, পূর্ব্বোক্ত প্রকারে প্রতিজ্ঞাবাক্যের সমর্থন করা সঙ্গত হয় নাই। কারণ, যতক্ষণ পর্য্যন্ত প্রতিপাগ্য পুরুষ লিম্বটীকে কথিত ত্রৈরপ্যপ্রকারে জানিতে না পারিবেন, ততক্ষণ পর্যান্ত সাধ্যধর্মীতে সাধনীরধর্মটী তাঁহার পক্ষে অনিশ্চিত থাকায় প্রতিজ্ঞাবাক্যের শ্রবণেও কোন ফল হইবে না। কেহই শব্দ প্রমাণের দ্বারা অর্থনি চয়ের নিমিত্ত পরার্থানুমানের প্রয়োগ করেন না। পরস্তু, অনুমানের দারা অর্থপ্রত্যায়নের নিমিত্তই প্রতিপাদয়িতা পুরুষ প্রতিপাত পুরুষের নিকট পরার্থানুমানের সমুপস্থাপন করেন। এস্থলে ইহাও মনে রাথিতে হইবে যে, প্রতিপাগ্য পুরুষ যে কেবল উদাহরণ বাক্য ও পক্ষধর্মতাবোধক বাক্যের সাহায্যেই লিঙ্গটীকে ত্রৈরূপ্যবিশিষ্ট বলিয়া নিশ্চয় করেন তাহা নহে, পরস্তু, শব্দসমূপস্থাপিত লিঙ্গের যে পূর্বনিশ্চিত ত্রৈরূপ্য, তাহার স্মরণই তিনি প্রতিপাদয়িতার নিকট উদাহরণাদিবাক্যের সাহায্যে করিয়া থাকেন। পূর্বেষ যদি প্রত্যক্ষাদি প্রমাণের দারা হেতুতে ত্রৈরূপ্যের বিনিশ্চয় না থাকে, তাহা হইলে উদাহরণাদি বাক্যের শ্রবণেও প্রতিপাত্য পুরুষের হেতুতে ত্রৈরূপ্যের বিনির্ণয় হইবে না, উহা তাহার নিকট সন্দিগ্ধই থাকিবে। স্থতরাং, পরার্থানুমানস্থলে ত্রৈরূপ্য-বিশিষ্ট্রপ্রেপ লিঞ্চির স্মরণে উদাহরণ ও পক্ষধর্মতাবোধক বাক্যম্বয়ের সার্থকতা থাকিলেও প্রতিজ্ঞাবাক্যের কোনও সার্থকতা থাকিতে পারে না। এই কারণেই ধর্মকীর্ত্তি প্রভৃতি বৌদ্ধ নৈয়ায়িকগণ পরার্থানুমানে প্রতিজ্ঞাবাক্যের প্রয়োগ অস্বীকার করিয়াছেন। আরও কথা এই যে, পরার্থান্তুমান শ্রবণ করিয়া প্রতিপান্ত পুরুষে যে ফলীভূত বিনিশ্চরাত্মক জ্ঞানটী সমুৎপন্ন হয়, তাহা প্রতিপাদন্বিতার সম্বন্ধে স্বার্থানুমান না হইলেও, উহা প্রতিপাল পুরুষের নিজের পক্ষে স্বার্থানুমানই হইবে। স্থতরাং, প্রতিপাদন্ধিতা পুরুষের পক্ষে যদি স্বার্থানুমানে সাধ্যধর্মীতে সাধ্যধর্শ্বের পূর্ব্ববর্ত্তী বিনিশ্চয় অনাবশুক হয়, তাহা হইলে তুল্যভাবে প্রতিপান্ত পুক্ষের স্বার্থানুমানস্থলেও, অর্থাৎ পরার্থানুমানস্থলীয় প্রতিপাভ পুরুষের স্বীয় অনুমানেও, সাধ্যধর্মীতে সাধনীয় ধর্মের পূর্ব্ববর্তী বিনিশ্চয় অনাবশুকই হইবে। একের অনুমিতিতে যাহা অনপেক্ষিত আছে অপরের অনুমিতিতে তাহা অপেক্ষিত থাকিবে. ইহা কেহই বলিতে পারেন না। অতএব, পূর্ব্বোক্ত প্রণালীতে পরার্থামূ-মানে প্রতিজ্ঞাবাক্যের সার্থকতা প্রমাণিত হয় না।

পরার্থানুমানে প্রতিজ্ঞাবাক্যের সার্থকতা প্রতিপাদন করিতে গিয়া যদি এইপ্রকার

বলা যায় যে, ধর্মকীর্ত্তি স্বরং দাধর্ম্য ও বৈধর্ম্য এই ছই রীতিতে পরার্থানুমানের প্রােরাগ স্বীকার করিয়াছেন। "বৎ সৎ তৎ ক্ষণিকং যথা ঘটঃ, সং×চ শব্দঃ" ইহা সাধর্ম্ম্যে পরার্থান্তুমানের প্রয়োগ এবং "ক্ষণিকত্বাভাবে পঁত্বাভাব: যথা গগনস্, শব্দত সন্ ইহা বৈধর্ম্যে পরার্থানুমানের প্রয়োগ। উক্ত ছইপ্রকারে যদি পরার্থানু-মানের প্ররোগ হয়, তাহা হইলে অবগ্রই পরার্থানুমানে প্রতিজ্ঞাবাক্যের প্রয়োগ প্রবোধন হইবে। কারণ, যদি প্রতিজ্ঞাবাক্যের প্রয়োগ না করিয়া কেবল "বং ক্ষণিকং তৎ সং বথা ঘটঃ, সংশ্চ শব্দঃ" এইভাবে পরার্থাকুমানের প্রয়োগ করা হয়, তাহা হইলে উহা কি শব্দে সত্ত্বের দ্বারা ক্ষণিকত্বসাধনের নিমিত্ত প্রযুক্ত হইয়াছে অথবা উহা শব্দে অক্ষণিকত্বের দ্বারা অসত্ত্বের সাধনের নিমিত্ত প্রযুক্ত হইয়াছে, তাহা বুঝা ঘাইবে না। কারণ, অক্ষণিকত্বের দ্বারা অসত্বের সাধনেও ষাহা যাহা সৎ অর্থাৎ অসৎ নহে তাহা ক্ষণিক অর্থাৎ অক্ষণিক নহে যথা ঘট, এইপ্রকারের বৈধর্ম্যে পরার্থানুমানের প্রয়োগ হইতে পারে। এবং সত্তের দ্বারা ক্ষণিকত্বের সাধনের নিমিত্তও উক্ত প্রকারে সাধর্ম্ম্যে পরার্থানুমানের প্রয়োগ হইতে পারে। প্রতিজ্ঞাবাক্যের দ্বারা প্রথমে যদি সাধ্য নির্দিষ্ট হইন্না যায়, তাহা হইলে আর উক্তপ্রকার সন্দেহের অবকাশ থাকে না। কারণ, যদি "শদঃ ক্ষণিকঃ" এই প্রতিজ্ঞাবাক্যের দ্বারা সাধ্যধর্মী শব্দে সাধনীরধর্ম ক্ষণিকত্বের সমুপস্থাপন করা হয়, তাহা হইলে "বং সং তৎ ক্ষণিকং বথা ঘটঃ, সংশ্চ শব্দঃ" এই পরার্থামুমান যে শব্দে সত্ত্বের দ্বারা ক্ষণিকত্ব-সাধনের নিমিত্ত সাধর্ম্ম্যেই প্রযুক্ত হইরাছে, তাহা নিশ্চিতরপেই জানা যায়। স্থৃতরাং, ইহা কিরপে ধর্মকীর্ত্তি বলিতে পারেন যে, পরার্থানুমানে প্রতিজ্ঞাবাক্যের প্রয়োগ নিপ্রয়োজন।

তাহা হইলেও উত্তরে আমরা বলিব যে, আপাত মনোরম হইলেও পূর্ব্বপক্ষীর
ছুক্তি স্থবিবেচিত নহে। কারণ, প্রতিজ্ঞাবাক্যের প্ররোগ ব্যতিরেকেও যথন
স্থার্থানুমানস্থলে হেতুর ত্রৈরূপ্য-নিশ্চয়ের ফলে সাধ্যধর্মীতে সাধনীর ধর্মের অনুমান
হয়, তথন পরার্থানুমানস্থলে প্রতিজ্ঞাবাক্যের অশ্রবণে প্রতিপাত পুরুবের
সাধ্যধর্মীতে সাধনীরধর্মের অনুমান হইবে না, ইহা নিতান্তই অযৌক্তিক কথা।
প্রকরণের সাহায্যেই প্রতিপাত্য পুরুষ ব্বিতে পারিবেন যে, অনুমানটী সাধর্ম্মেই
প্রযুক্ত হইয়াছে বৈধর্ম্যে নহে অথবা বৈধর্ম্যেই প্রযুক্ত হইয়াছে সাধর্ম্যে নহে।
পরার্থানুমান প্রযুক্ত হইয়া প্রতিপাত্য পুরুবের পূর্ব্বপরিক্তাত যে ত্রেরূপ্যবিশিষ্ট

লিঙ্গ, তাহার স্বরণেই সহায়তা করে, উহা ন্তন করিয়া প্রতিপাছ পুরুষের নিকট ত্রৈন্ধপ্যপ্রকারে লিঙ্গের সমুপস্থাপন করে না। অতএব, প্রদশিত প্রকারে পরার্থাসুমানে প্রতিজ্ঞাবাক্যের প্রয়োগ সমর্থিত হইতে পারে না।

আরও কথা এই যে, পূর্ম্নপক্ষী তাহা হইলেই প্রয়োগের সাধর্ম্মা-বৈধর্ম্ম্যের সন্দেহের কথা বলিতে পারিতেন, যদি পরার্থানুমানে হেতুতে পক্ষবৃত্তিত্বের উল্লেখ না থাকিত এবং উহা হেতুর সপক্ষবৃত্তিত্ব ও বিপক্ষাবৃত্তিত্বের সমূল্লেখেই পর্যাবসান প্রাপ্ত হইত। কিন্তু, বাস্তবিকপক্ষে তাহা নহে; সপক্ষবৃত্তিত্ব ও বিপক্ষাবৃত্তিত্বমাত্রের সমুল্লেখেই উহা পর্য্যবসানপ্রাপ্ত নহে। পরার্থান্থনানে উক্ত উভয়ের স্থায় হেতুর পক্ষবৃত্তিত্বেও অবশ্যই সমূলেথ থাকিবে। হেতুর পক্ষবৃত্তিত্বের সমূলেথের দারাই প্রতিপান্ত পুরুষ নিশ্চিতভাবে প্রয়োগের সাধর্ম্য-বৈধর্ম্যারূপতার একতরপক্ষত্ব জানিতে পারে। স্কুতরাং, প্রয়োগের একতরপক্ষত্ব নিশ্চয়ের নিমিত্তও পরার্থামুমানে প্রতিজ্ঞাবাক্যের সন্নিবেশ সমর্থিত হইতে পারে না। ইহার অভিপ্রায় এই যে, পরার্থান্তুমানের প্ররোগ যদি 'বাছা যাছা সৎ তাছা ক্ষণিক, যথা ঘট' (যৎ সৎ তৎ ক্ষণিকং যণা ঘটঃ) এইরূপে উদাহরণমাত্রের প্রয়োগেই পর্য্যবদানপ্রাপ্ত হইত, তাহা হইলে উক্ত প্রয়োগে সাধর্ম্য বা বৈধর্ম্যারপতার সন্দেহের অবকাশ থাকিত। কারণ, উহা সত্তরূপ হেতুতে ক্ষণিকত্তরূপ সাধ্যের অবন্ধ-ব্যাপ্তির স্থায় অক্ষণিকত্বরূপ হেতুতে অসন্তরূপ সাধ্যের ব্যতিরেক-ব্যাপ্তিরও প্রদর্শক হইয়া থাকে। কিন্তু, 'যাহা যাহা সৎ তাহা ক্ষণিক ষেমন ঘট', ইহার সঙ্গে যদি 'শব্দগুলি সং' এইভাবে পক্ষধর্মত্বের সমুল্লেথ থাকে, তাহা হইলে আর প্রয়োগের বৈধর্ম্যারূপতার সন্দেহের অবকাশ থাকে না। কারণ, 'শব্দগুলি সং' এই প্রায়োগের দ্বারা সত্ত্বই যে অনুমানের হেতু, অক্ষণিকত্ব নহে, ইহা পরিদ্বারভাবে বলিয়া দেওয়া হইয়াছে। 'যাহা যাহা সং তাহা ক্ষণিক যেমন ঘট' ইহা অক্ষণিকত্বহেতুক ব্যতিরেকী প্রয়োগ হইলে উক্ত প্রয়োগের সহিত 'শব্দগুলি অক্ষণিক' এইভাবে পক্ষধর্মতার সমুল্লেথ থাকিত। পরার্থানুমানে হেতুতে পক্ষধর্মতাবোধক পদের সন্নিবেশ থাকায় উহাতে সাধর্ম্য-বৈধর্ম্মারূপতার সন্দেহের অবকাশ নাই। স্নৃত্রাং, উক্ত সন্দেহের নিরাসার্থ পরার্থান্তুমানে প্রতিজ্ঞাবাক্যের প্রয়োগ সমর্থিত হইতে পারে না।

ভাষভাষ্যকার ভগবান বাৎভাষন পরার্থান্মান বা ভাষ্প্রয়োগের ব্যাধ্যাপ্রসঙ্গে

বলিরাছেন বে, সাধ্যধর্মীতে সাধনীয়ধর্মকে তাবৎ-প্রমাণের দ্বারা প্রমাণিত করিবার নিমিত্তই পরার্থান্থমান বা স্থায়বাক্যের প্রয়োগ হইয়া থাকে। পরার্থান্থমানস্থলে সকলগুলি প্রমাণ মিলিতভাবে অর্থবিশেষকে প্রমাণিত করে বলিয়াই উহাকে পরম্যায় নামে অভিহিত করা হয়়। পরার্থান্থমানে শব্দপ্রমাণের দ্বারা সাধ্যধর্মীতে সাধনীয়ধর্মকে প্রমাণিত করিবার নিমিত্তই উহাতে প্রভিজ্ঞাবাক্যের সম্লিবেশ আবশ্রুক। পশ্চাং অন্থমান প্রমাণের দ্বারা উহাকে প্রমাণিত করিবার নিমিত্ত পঞ্চমান্ত প্রয়োগে হেতুবাক্যের সমিবেশ থাকে। সাধ্যধর্মীতে সাধনীয়ধর্মকে প্রত্যক্ষতঃ প্রমাণিত করিবার অভিপ্রারে পরার্থান্থমানে উদাহরণবাক্যের আবশ্রুক হয় এবং অভিমত অর্থ টীকে উপমান প্রমাণের দ্বারা সংস্থাপিত করিবার জন্ম উহাতে উপনয়বাক্যের প্রয়োগ হইয়া থাকে। শব্দ, অন্থমান, প্রত্যক্ষ ও উপমান এই সকলগুলি প্রমাণই যে একটা বিশিষ্টার্থের সংস্থাপন করিতেছে, ইহা প্রতিপাদনের নিমিত্তই উপসংহারক্ষপে পরার্থান্থমানের শেষে নিগমনবাক্যের প্রয়োগ হইয়া থাকে । অতএব, পরার্থান্থমানে প্রতিক্রাদি পাঁচটী বাক্যেরই সার্থকতা বা প্রয়োজন আছে। উক্ত প্রণালীতেই স্থান্থভাবার পরার্থান্থমান বা স্থায়ে প্রতিক্রাদি বাক্যপঞ্চকের প্রয়োগর সমর্থন করিরাছেন।

কিন্তু, বৌদ্ধ নৈরারিকগণের নিকট উক্ত প্রণালীতে প্রতিজ্ঞা প্রভৃতি বাক্যের সমর্থন করা সহজ হইবে না। কারণ, প্রথমতঃ বৌদ্ধমতে প্রমাণগুলির সংপ্রব স্বীকৃত হয় নাই। উক্তমতে একই অর্থে বিভিন্ন জাতীয় প্রমাণের প্রবৃত্তি অস্বীকৃত হইরাছে। বৌদ্ধগণ স্বলক্ষণ-অর্থে একমাত্র প্রত্যাক্ষেরই প্রবৃত্তি স্বীকার করিয়াছেন; উহাতে অমুমানের প্রামাণ্য তাঁহারা স্বীকার করেন নাই এবং সামান্তলক্ষণ অর্থে তাঁহারা অমুমানেরই প্রামাণ্য স্বীকার করিয়াছেন, উক্ত অর্থে প্রত্যক্ষের প্রবৃত্তি তাঁহারা স্বীকার করেন নাই। স্কৃতরাং, বৌদ্ধমতে প্রমাণসংপ্রব স্বীকৃত না থাকায় উহাবের নিকট ইহা সহজে সংস্থাপিত করা সম্ভব হইবে না যে, চতুর্বিধ প্রমাণের দ্বারা একই বিশিষ্টার্থকে- প্রমাণিত করিবার নিমিত্ত পরার্থান্ম্মানে প্রতিজ্ঞাদি বাক্যপঞ্চকের প্ররোগ অপরিহার্য্য। আরও কথা এই যে, বৌদ্ধমতে কেবল প্রত্যক্ষ

>। তেবু প্রমাণসমবার:। আগমঃ প্রতিজ্ঞা হেতুরনুমানম্, উদাহরণং প্রত্যক্ষম্, উপমানমুপনর: সর্বেধামেকার্থসমবারে সামর্থ্যপ্রদর্শনং নিগমনমিতি। সোহরং প্রমো ভারঃ। ভারতারা, ত্ত্র ১।

ও অনুমান এই ছইটীই প্রমাণ বলিয়া স্বীকৃত হইয়াছে। অতএব, মতক্ষণ পর্যাপ্ত শব্দ ও উপমানের পৃথক্প্রামাণ্য বৌদ্ধগণের নিকট ব্যবস্থাপিত না হইবে, ততক্ষণ পর্যাপ্ত একথা তাঁহাদিগকে স্বীকার করান ঘাইবে না যে, শব্দ ও উপমান প্রমাণের ছারা সাধ্যবর্মীতে সাধনীয়ধর্মকে সংস্থাপিত করিবার নিমিত্ত পরার্থান্থমানে প্রতিজ্ঞা ও উপনয় বাক্যের সমাবেশ আবশ্রক। যদিও উদাহরণ বাক্যের দ্বারা কোনও প্রকারে বা দৃষ্টান্তধর্মীতে সাধ্যধর্মের প্রত্যক্ষত্ব ব্যবস্থাপিত হইতে পারে, তথাপি সাধ্যবর্মীতে উহা কি প্রকারে প্রত্যক্ষপ্রমাণের সমুপস্থাপন করিবে, তাহা বৃদ্ধিস্থ হওয়া অনায়াসমাধ্য নহে। স্থতরাং, ভাষ্যকারক্ষিত প্রণালীতে বৌদ্ধ নৈয়ায়িক-গণের নিকট পরার্থান্থমানে, প্রতিজ্ঞা প্রভৃতি বাক্যের সমাবেশ সম্থিত হইতে পারে না।

জননৈরামিক মহামতি উদ্যোতকর পরার্থান্থমানে প্রতিজ্ঞাবাক্য-প্ররোগের অপেক্ষা প্রতিপাদন করিতে গিয়া বলিয়াছেন ষে, লোকে ইহা আমরা দেখিতে পাই বে, ছেদনকরণ কুঠারাদিকে স্বকার্য্যছেদনে প্রেরিত করিবার পূর্বেছেদনকর্ত্তাছেল কাষ্ট্রাদির সংগ্রহ করিয়া থাকেন। স্বতরাং, তদন্থসারে পরার্থান্থমানরূপ করণস্থলেও প্রমাতা প্রথমে উক্ত করণের বিষয়কে পূর্বেজ্বানিয়া লইবেন। এইরূপ হইলে অবশ্রই পরার্থান্থমানে প্রতিজ্ঞাবাক্যের প্রয়োগ আবশ্রক হইবে। কারণ, প্র প্রতিজ্ঞাবাক্যের দ্বারাই প্রথমে পরার্থান্থমানে যাহা প্রমেয়, তাহা সমুপস্থাপিত হইয়া থাকে। এইরূপ পরার্থান্থমানে উপনরবাক্যের প্রয়োগও আবশ্রক হইবে। কারণ, উদাহরণবাক্যের দ্বারা লিঙ্গটী সাধনীয়ধর্মের ব্যাপ্যরূপে জ্বানিলেও উক্ত ব্যাপ্যলিক্ষের পক্ষর্ম্মতা উহার দ্বারা জানা যায় নাই। অতএব, সাধ্যব্যাপ্য হেতুর পক্ষর্ম্মতাজ্ঞানার্থ অবশ্রই পরার্থান্থমানে উপনয়বাক্যের প্রয়োগ আবশ্রক হইবে এবং প্রমাণের প্রমেয়ে উপসংহার-জ্ঞাপনের নিমিত্ত নিগমনবাক্যের প্রয়োগও পরার্থান্থমানে সর্ব্বেণ্ট অপেক্ষিত আছে। স্বতরাং, প্রতিজ্ঞাদি বাক্যপঞ্চকের সমাবেশেই পরার্থান্থমানের প্ররোগ করিতে হইবে।

ইহার উত্তরে ধর্মকীর্ত্তি বলিয়াছেন যে, স্বার্থানুমানস্থলে প্রমাতা যদি পূর্ব্ব হইতে প্রমেয়কে না জানিয়াই ত্রৈরূপ্যপ্রকারে লিক্ষজ্ঞানের ফলে দাধ্যধর্মীতে সাধনীয়ধর্ম্মের বিনিশ্চর করিতে পারিয়া থাকেন, তাহা হইলে পরার্থানুমানস্থলে প্রতিজ্ঞাবাক্যের সাহায্য ব্যতিরেকে কেন যে প্রতিপাল পুরুষ সাধ্যধর্মীতে সাধনীয়-

নিৰ্ঘণ্ট

	MAX	जन।ख्रवधर्म७১, ००, ०७, ১७०
	অকণিক—১৯৯	অনাত্রবধ্যান—১৮২
	অকণিদ্ধগ—৫১	অনাশ্রবপ্রজ্ঞা—১, ৩২, ৩৪, ৪৬
	অকুশনকৌকৃত্য—২১•	थनाख्रवमार्श—७०२
	অকুশলচিত্ত—২১৮	অনাত্রবস্থর—১••, ১৫৮
	रूक्नल्श्य — 260, 260	অনাস্রবদংস্কৃতধর্ম—৩০১—৩২৭
	অকুশলমহাভূমিক চৈত্ত—২০৮, ২১০	অনিত্যতা—১৫৬, ২৩৪, ২৩৫, ২৩৬, ২৪:
	অকুশলমূল—১০১	অনিত্যতানিত্যতা —১৫৬, ২৩৪, ২৩৫, ২৩
	অকুশলস্বভাব—৯৮	অনিত্যতানিরোধ –৩১, ৪০, ৪৩, ৪৫, ৪৬
	অগত্যোপাধি—২২৯	অনিবৃতাবাাকৃত—১৬•
	व्यवस्त्र—७८, ७.२, ७११, ७१५, ७१५,	অনিবৃতাব্যাকৃতচিত্ত—২১•
	৩১৯, ৩২ •	অনিয়ত—২০৯
	অভপ—১৯৯	অনুংপাদকজান—৩৪
	অতীতবিজ্ঞান—৫	অনুপলন্ধি—৪১০
	चारचर—२०२, २०४, २>०	অনুপাত্ত—২৯
	অবৈত্যান—৩৮৮	অনুপাত্তমহাভূতহেতুক—৮৪, ৮৫
	অধিপতিপ্রতার—৪, ১৮১, ১৮৫, ১৮৮	অনুপাত্তিক ৷—১৮
	অধিপতিফল—১৭৫, ১৭৬, ১৭৭, ১৭৮, ১৭৯	অনুমান৩৭৪
	অধিমাত্রক্ষান্তি—৩১১	অসুলক্ষণ—২১২
	অধিমৃত্তি—२०२, २०७, २०४, २১०	অনুলোম—৩•৪
	অধ্বপতিত—১৭৫	बाजूनात ८४, ८४, ১८७, ১८४
	च्यक्ष विन्यू क्य->१६, >११	ष्यंनकाञ्चिक—२७ ', २७३, २७६, २१४, २
_	অধ্বব্যবহা—১৮, २०, २১	অন্তর্গাহদৃষ্ট—৫৪
9	व्यथर गुरशत—२•	व्यस्तानिर्त्वा नर्सा हो — e », e >, e >
	खक्षमाद्भवी—১৪, ১৬, ১৮, ১৯	ष्यस्त्राख्य—১৯२, ১৯৫
	चास्त्रा—8, १, ३७, ३६, ३१, ३१, ३१, २०, ७৯, ४४,	অন্তরাভবগ তি—১৯১
	७२, ७७, ११, ১८८	অন্তরা ভবলোক—৫১
	অনপত্রপা—২০২, ২০৮, ২১০	অন্তরভেবসত্ত্—১৯৪
	অনভিসংস্বারপরিনির্বায়ী—৫•	অন্তরভিবিক—১৯৩, ১৯৮
	অন্ত্ৰক—১৯৯	অন্তথান্ত থক্ষবাদ—১—১০, ১৫
	অনাগ্ৰধৰ্ম —১৬৪, ১৬৬	অন্তথাসিদ্ধ—১০৭
	ञनाशमा →১৬৭, ৩১৩	অন্তযোগবাবচেছ্দ— ১৯৭
	অনাগামী—৫•	ब्युव्य
	অন্বরণত্—২৭, ২৮	व्ययुक्तास्त्रि—७८, ८२.
	ष्मनाञ्चव—२६, २७, ६১, ७२, ३१०, २०७, २२०	व्ययग्रस्कान—७४, ७१, ७२०, ७२১
	२२३	অশ্বয়জ্ঞানক্ষান্তি—৩২ •, ৩২১, ৩২২, ৩২৬

অধ্যাব্যতিরেক-৩৮৭ অসম্বাভিরেকী--২৬৫ ष्यव्यवाश्वि->•४, २७७, ८०১, ८२৫ व्यवशी महोख-२१ অপস্তি---২৯ অপায়গতি—৪৯, ১৯৯ खार्भाए-७६३, ७६३ অপ্রতিসংখ্যানিরোধ—২৫, ২৬, ২৭, ৩১, ৩৬, 80 80, 80, 80, 89, 85, 60, 63, ८२, ७२, ५७%, ५१८, २२५, २७५, 036.03F অপ্রমাদ--- ২০২, ২০৪, ২০৮, ২১০ অপ্রমাদাক---> • • অপ্রমাণগুভ-১৯৯ অপ্রমাণাভ-১৯৯ অপ্রসিদ্ধপক্ষ-২৮ অপ্রসিদ্ধ লিক্সক-২৮ অপ্রাপ্তি--২১২, ২২১, ২২২ অপ্রাপাকারিত্ব—৩৪৭, ৩৬৭—৩৭৩ অবয়বগাদাধরী-8২২ অবয়বদীধিতি—৪২২ অবয়বিগণ্ডন--২৯৽--৩•• অবস্থান্তথাত্বাদ--> - -- ২৪ অবিজ্ঞপ্তিধর্ম--৭৮, ৮০, ৯৭, ৯৮ অবিজ্ঞপ্তিরাপ—৮২, ৮৪, ৯০, ৯৯, ১০০ অবিজ্ঞপ্তিবাককর্ম্ম-১৭ অবিদ্ধকর্ণ—২৬৬, ২৬৭ অবিদ্যা-৫৪, ২৫১, ২৫৫ অবিনাভাব--৩৮৭, ৩১৯ অবিসংবাদকত্ব--৩৩১ অবিহিংদা----------অব্যাকৃত-১৬০, ১৬১, ১৬৯, ১৭০, ১৮০, ২৩০ অভিধৰ্ম—১, ২৫, ৩৪, ৬১, ৬৩, ৬৪, ১০০, >=>, २०२, २४९, ७०> व्यक्तिम्बर्कारकोर-->, >२, १२, १४, १४, १८, १८), >60, >66, >66, >67, >30, >36, 280, 280 অভিলাপ-→০৫৫, ৩৫৬ অভ্যাদয়—৮৮

অভেদবাদী --> ٩ व्यम्तास्य-४६ অযোগবাবচ্ছেদ---৩৯৭ অৰ্চেটভট্ট-৪•৩, ৪১২ অর্থক্রিয়া--১০৬, ১৪৪ অর্থক্রিয়াকারিড—২২, ১০৪, ১০৫, ১০৬, ১০৭, >>>, >>, >>, ><, ><>, ><>, ><>, ><</br> অর্থক্রিয়াকারী-৩৭ অর্থক্রিয়ামাম্থ্য-১৪৮, ৩০৫ অর্থসাম্থ্য-->৬৮, ১০৯ অলোড-২০২, ২০৮, ২১০, ৩০৩, ৩০৪ অলোভন্বভাব---৩২ ख्यका--२०२, २०२, २३० অসন্তসংখ্যাতি--- ৫ ৭ অসৱাধ্যধৰ্ম-২২৭ অন্তত্তর-২৭১, ২৭২, ২৭৩ অসম্প্রমোষ—২০৩ অস্থ্র-১৮ ट मखवरमांच-- >8 ९ অনাধারণ-->৪৪ व्यमधात्रेना-२४० অমুগত্রঃথা--- ২০২ অসংজ্ঞিকতা—৪৩, ৪৪ অসংজ্ঞিক সন্ত্—৪৪ অসংক্তিক দত্তলোপ-- ১৯৮ অসংজ্ঞিকসম্পিত্তি—১৭১, ১৮৪, ১৮৫, ১৯৯, व्यतःऋउधर्म—४, २९,२७, २९, ०১, ४०, ६०, ee, e4, 5ee, 208, 206, 285 অসংস্কৃতবিমৃক্তি-৩৫ অস্তান--১৯৯ অহিংসা--২১• আ

আকাশ—৮, ২৫, ২৭, ৩০
আকাশানস্তায়ন্তন—১৯৮, ১৯৯, ৩০১
আকিঞ্চায়ন্তন—১৯৯, ৩০১
আগামিধর্ম—৫০
আজানিক—১২২
আস্মুন্টচরিত—৩১২

আত্মদৃষ্টি—৫৯ আত্মা—১৮৭, ২৫+ আশ্রীয়দৃষ্টিচরিত—৩১২ আত্যন্তিকহ---88 আদিকর্দ্মিক—৩২, ৩+৪ আনম্ভর্য্য--তণ আনন্তর্গ্যার্গ--তং, ৩৮, ৪২, ৪৬, ৩২ • আনাপানশ্বতি—৩২, ৩০৩, ৩০৪ ष्याभामक—১১२, ১১७, २৮७ আপাত্স--১১২, ১১৬, ২৮৬ আপেক্ষিককারশ—> আপ্তপ্ৰমাণ---৩১৩ আবেণিক-২১• আবেণিকচিত্ত-২১• আভান্ধরদেবলোক-১৯১ আভোগ—২০৩ আয়তন-১৭০, ২২৮ আরপ্যধাতু—৪২, ৪৪, ১৯৮, ১৯৯, ২০৫ আরাপ্যভূমি—১৬৭ আরাপালোক—১৯৮, ২৩১, ৩০১ আরুপাাবচরী অগ্রাপ্তি—২২ व्यात्रशावहती वाश्वि--२२३ অধ্যিত্ব—২১৬ व्याद्यार्थम्यन-७, ७८, ६४, ६३, ६०, ६४, ७४, ১৭৬, ১৮৪, ৩১৫, ৩১৮ আর্ঘাথক-৪ আ্র্মিড্য-৩০, ৩১, ৩৩, ৩৪, ৩৫, ৩৭, ৩০৭,

আলম্বন—৩-৫, ৩৩৫
আলম্বনপ্রত্যায়—৪, ১৮১, ১৮৫, ৪১৩
আলম্বনস্থত্যাপস্থান—৩-৫
আলম্বনভিসময়—৩২৫
আলম্বিজ্ঞান—১৮৯
আশ্রমাসিদ্ধি—২৬৯, ২৭•
আসংজ্ঞিকতা—২৩•
আসংজ্ঞিকসমাপত্তি—২১২, ২৩•, ২৩১, ২৩২
আশ্রব—৫, ৩৯, ৫৫, ৫৯
আশ্রীক্যা—৫৪, ৫৫, ২-২, ২০৮, ১১•

\$2 ·

Cali

ইন্দ্ৰিয়জ্ঞান—৩৬২

귥

ই .

ঈর্ব্যা—२०२, २०२ ঈশ্বরধন্তন—২৫৭—২৮२ ঈশ্বরপ্রত্যক্ষ—২৬১—২৬২ ঈশ্বরসেন—৪০২, ৪১৭, ৪১২ ঈশ্বরামুমান—২৬২—২৮২

উৎপ ত্রপ্রতিলম্ভিক--৩•৪ উৎপত্তিভব--১৯২ উৎপাদ--२8> উদ্দোতিকর---२१८, २१६, २१७, ७४७, ४२४ উন্ধতি —২•২, ২•৯, ২১• **ऐलनग्-8२७, 8२**४ छिशनाइ—२•२, २**०**२ উপপব্ৰিভৰ-১৯৩ উপপত্তিপরিনির্বায়ী--৫০, ৫২ উপপাত্রকসন্ত্—১৯৩ উপবাদপ্রাতিমোক—৯৯ উপাত্ৰমহাভূতহেতুক---৮৪ উপাদাन—€8, २€> উপাদানক্ষ-- ৫৯, ৬০ উপাদানোপাদেয়ভাব—২৩৪ উপাদায়-- ৮৯, ३∙ উপাধি-১৯৪, ২৭৯ উপাসকপ্রাতিমোক-- ১১ উপেক্ষা—১৯১, ২০২, ২০৪, ২০৮, ২১০

€

উৰ্ছস্ৰোতা— ৫১

উত্মগত—৩৩, ৩৪, ৩০৮

এ

এককারণত্বাদ—২৪৩, ৩০৮ একোত্তরিকাগম—১৭১

ঔদারিক—২∘৬ ঔদারিকতা—২∘৫, ২∘৬ ঔপন্নেষিক আ্রায়—৮১, ▶২ Φ

কথাবস্ত —৬৩

कमलनील->०, ১৪

করণা—২•৪

कर्ष-२०८

কর্দ্মপথ--১০১

कल्लमा—७६५, ७६२, ७६६, ७६५, ७६५

কল্পাড়-৩৪৯

কাত্যায়নীপুত্র—১

কাদাচিৎকত্—৪০৯,

कामधाज्—88, ८२, ১१०, ১৯৮, ১৯৯, २०४,

008

কামনাময়ী—৩৩

কামালোক-৩.১

কামাবচরচিত্ত-২১০

কামাবচরী অগ্রাপ্তি-২২২, ২২৩

कांग्रकर्य-->०, ১১, ১१, ১৮२

কায়বিজ্ঞপ্তি—৬৬, ১৮২

কারশ্বত্যপন্থান--৩০৬

কারণস্ক-১৭৭

কারণহেতু—১৫২—১৫৫

কারণাত্রপলন্ধি-৪১৬

কারিত্র—১১, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২৩৪

কারিত্ব—১১৪, ১১৫, ১১৬

কার্য্যকারণভাব-১৪৬

কাৰ্য্যবিশেষ—২৫৯, ২৬০

কার্বাসমা -- ২৭১, ২৭২

কাৰ্য্যাভিদময়—৩২৪

क्यांत्रिल-8>=, 8>>, 8>>, 8>>

ক্র্বজপতা— ৩৭, ১৩৮, ১৪১, ১৪৪

কুশলকৌকুত্য-২-৯

কুশলচিত্ত—২১০, ২১৮

क्नवस्य - ১৬०, ১৮৫, २७०

কুশলনহাভূ মিকটৈজ-২০৮, ২০৯, ২১০, ২১১

কুশলম্ল--৩৩, ৩৪, ১৮০, ২০৪, ৩০৩

কুশলসাম্রব-১৭০

কুশলমভাব--১৮

কৃতকারিত্—১০৪, ১০৫

কেবলব্যতিরেকী—৩৯০

কেবলাম্ব্রী--১৫৫, ৩৮৯, ৩৯٠

कोकुडा--२०२, २०४, २००

कोमीख-२०२, २०३, २३०

কৌদীভাধিক-৩১২

ক্রিয়াকারিড্—১৪২

्कांध—२०२, २०३

TES--- 3

ক্লিইডিভ-১৮৩

(क्रमा--- e8, २५७, २**e**3

ক্লেশবীজভাব—২১৭

ক্লেশমহাভূমিক—২৫৬

ক্লেশমহাভূমিকচৈত্ত—২০৮, ২০৯, ২১১, ২১১

77

ক্ষণিক—২৫২

ক্ষণিকত্ব—২৬, ৭০, ২৯৯

ক্ষণিকত্ব নিরূপণ—১০২—১৪৯

ক্ষণিকবাদী---

ক্ষ্তান-৩৪

ক্ষাস্থি-৩৪, ৩০৮, ৩২০, ৩২১

ক্ষান্তিলাভ—২১৩

ক্ষান্তিলাভী--৪৮, ৪৯

5

গন্ধর্ব—১৯৩

গুণমতি-১৯৪

গোত্য—৪২২

ঘ

ঘোষ---৪২২

ō

চন্দ্রকীর্ত্তি--২৪৩, ৩৩১

চন্দ্রগোমী-৩৩৪, ৩৩৭

চাকুৰবিজ্ঞাन---। ७१, ७१, ०€, ১৭৯

চাতুর্মাহারাজিক—১৯৮, ৩১৪

চিৎ--৩৩৯

हिल् - ००, ३७४, ३४७, ७७६

চিত্তপ্রসাদ--২ • ৩ हिखविश्रयुक्त—२४४ —२8२ চিত্রবিপ্রযুক্তধর্ম—৯, ২১৪ চিত্তসম্প্রযুক্ত—১৫৮, ২০০—২১১ চিত্রসামাগ্য-১৮৬ চিত্তশৃত্যপশ্বান-৩০৬ চিত্তাহ্বত্তী-১৫৮, ১৭১ চিত্ররপ-২৯৬ চিন্তাময়ী-তত, ৩১৪ চিন্তাময়ীপ্রজ্ঞা -- ৩০৩ (ठउन -- २०२, २०४, २). ¿BG − cc, 344, 2.4, 088 চৈত্ৰক্ষণ-- ৫৬ চৈত্তধৰ্ম্ম—২ • ১ চৈত্তদমাবেশ--২>• চৈত্ৰাত্মকধৰ্ম—৮৮ हार्डि—३४२, ३२७, ३२१, ३२४

ছ

क्लि:--२०२, २०७, २०४°, २३०

क्तामत्रप-२०३, २०८ छाड़ा—३०७, २७८, २४১ । बेড়াব্রড়া---১৫৬, ২৩৪, ২৩৫, ২৩৬ व्याजि—३६५, २७६, २७६, २७५, २६५ নাতিলাতি —১৫৬, ২৩৪, ২৩৫, ২৩৬ জাতিভেদ--২ ৽৬ कीविड—२०२, २०७ জাততা—৩৪১ জ্ঞান--৩২১ জ্ঞানপ্রস্থান-১ জ্ঞানগ্রী-১০৩ छानमस्रान->>७

ত

তত্ত্বচিন্তাম্বি—৩৮৯ তব্দংগ্ৰহ—৫, ৮, ১, ১০ তাদাস্যাস্থ্য —৩৫৩, ৩৫৫, ৩৯৮, ৩৯৯, ৪০৩ 8 . 9 ত্রিত—১৯৮, ৩১৪ क्का--२०३ তৃষ্ণাচরিত--৩১২ ত্রয় স্ত্রংশ—১৯৮, ৩১৪ जिकानां खड़ -२, २७१ ত্রিরত্ব—২০৪ ত্রিশরণ-৫৮, ১০০ ত্রৈকালিকসন্তা-১৫৫ ত্রৈধাতুকত্ব:খ—৩০১ ত্রৈধাত্তপদার্থ-ত্রৈয়াধ্বকধর্ম-২১৯, ২২০ ত্রৈয়াধাকপ্রাপ্তি-২২০ ত্রাণক--২৯০, ৩০০ थ

থেরাবাদ--৩

14

पर्शनभार्श-७०, ८৮, ८२, ७०) দশনাভিসময়—৩২৪ मिछ्नाभ-३३, ७८७, ७८७, ७८४-७१३, ७१०-658

দীধিতিকার-২৮০ पू:थरवमना---२·२ দু:খনত্য--ত৽, ৩২, ৩৪, ৪২, ৪০৭ দৃগ্যানুপল ক-৪ • ৫ पृष्टीख->२६, २७३ দৃষ্টিচরিত—৩১২ দ্ভিপরামর্শ—৫৪ দৃষ্টিস্থান—৬• पृष्टिदश-८०, ७०२ দেবলোক-১৯৮ দেবশর্মা (স্থবির)--> দো:শাল্য--১০০ ख्वान्य--रन, ४३, ३३, ३४-३न, ३०२, ३०८,

238, 208, 226

ज्वामला—२३०, २०৯, २৯६

Ŋ

ধর্মকীর্ত্তি—৩২৯, ৩৩৭, ৩৫০, ৩৫৪, ৩৫৬, ৩৫৯, ৩৬১, ৩৬৪, ৩৭৫, ৩৭৯, ৩৯৩-৩৯৫, ৪০৪, ৪০৭, ৪০৯, ৪১২-৪১৪, ৪১৬, ° ৪২৩, ৪২৪, ৪২৭

ধর্মজান—৩৪, ৩৫, ৩২ -, ৩২১

थर्मछानकान्त्रि—8०, 8२, २১२, ७२०-७५७

ধৰ্মতাত--৫-৭, ৯, ১২, ১৩

ধৰ্ম ৰন্ধ--- ১

শর্মাত্যুপস্থান—৩৩, ৩৪, ৩১৫, ৩১৬, ৩১১

ধর্ম্মেন্তর—৩৩৫, ৩৩৭, ৩৭৫, ৪০৩ ধাতৃ—৭, ৩১, ৪০, ৭২

ধাতুকার—১

ধ্যান--৩-৪

ধ্যানভূমি—৪৪, ১৯৯

ধ্যানসম্বর--১০০, ১৫৮

শ্যানান্তর—১৬৭, ৩০৪, ৩১৩

ब

नमध्द--১৮

नञ्चरेनवष्टः थारवन्ना---२०२

ৰামকায়—২১২

नामज्ञल--२०३, २०८

নাসন্তর—৯৮

নিকার—১৬৮, ১৯৩

নিকায়সভাগ—১৯৪, ২২৪, ২৩০, ২৩৩

निगमन- ४२७, ४२৮

নিত্যকারণত্—৩০৮

নিত্যাত্মবাদ—৩৩১

নিৰ্ব্বাণমাৰ্গ—৬৩, ৩১১

নির্কিকল্পক—৩৩৯

নির্বিকিচিকিৎস প্রজ্ঞা—৩২১

নির্বেধভাগীয়—৩৪, ৩৫, ৩১৩-৩১৭

নিব্তাব্যাকৃত—১৬০, ২১০

নির্মাণচিত্ত—১৮০

নির্মাণরতি—১৯৮,৩১৪

নিরোধ—৩১, ৩৩

নিরোধতাদৃষ্টি---৩৩

নিরোধধাতু—৩৫, ৩৬ নিরোধগ্রাপ্তি—৪২

নিরোধনতা--৩০, ৫০, ৩১১

নিরোধসমাপত্তি—৪৩, ৪৪, ১৭১, ১৮৪, ১৮৫,

३००, २०३, २०२

নি:শ্রেয়স্—৮৮

নিঃসরণতাদৃষ্টি—৩০

निकुन्न-) ६३

—क्ल-->१८, ১१२

নৈবদংজ্ঞানাদংজ্ঞায়তন—১৯৯, ৩০১

নৈৰ্য্যাণিকতাদৃষ্টি—৩৩

देनद्राञ्जावाम-३४४, २८०

गायशात्न-- ७८५, ७८७, ८२५

ত্যান্ন বৃদ্ধি--৩৭৫, ৩৭৭

স্থায় পঞ্জিক**।**—৩৭৭

স্থায়বার্ত্তিক—৩৪৩

क्षांत्रिन्त्--७२२, ४६०, ७६६, ७५६, ७५३, ४०७

879, 85.

श्रांब्रदेवरमविक—२००, २৯०, २৯५

স্থায়ভাগ্য—৪২২

স্থায়মুখ--৩৪৯, ৩৫৩

প

পক্—-২৮

পক্ষধর্মতা—২৮, ৩৩৪, ৩৮৪

পক্ষধৰ্মী---৯২

পক্ষবৃত্তিত্ব—৩৭৯, ৩৮৫, ৩৮৬, ৩৯৫, ৩৯৬

পকাসিদ্ধি—২৮৪

পঞ্জিকা—৬, ৮, ৯, ১০, ১১, ১২-১৭

পর্রনির্ম্মাণবশী---১৯৮

পরমন্তায়—৪২৬

পরমার্থদৎ—২৭•

পরমাণু—২••

—পুঞ্চাবাদ—৩০০

পরার্থানুমান—৩৭৫, ৩৮০, ৪১৯-৪২১

পরিণামবাদ--- १, ৮, ১২

পরিত্ত--২০৮

পরিভাভ--১৯৯

পরিভ্রমহা মিক---২০৯

ফ

—আলম্বন—১৮১ পরিত্তগুড়--১৯৯ -- 阿伊-- 9つ পরিব্রক্রেশমহাভূমিকচৈত্র—২০৮ — विकना —8 ¢ পরিনির্বাণ-৫১ পরিহাণি—৩১৮ —সমন্তর—১৮১ —হেতৃ—১১৮ পাতপ্রলশাস্ত্র—২৩২ প্রত্যক্ষ—৩৪৩ পাত্রসামী—৩৮৫, ৩৮৬, ৩৮৮ —লক্ষণ—৩৪১ পার্থসারথি--৪'১২ —দামগ্রী—৩৪৬ পারাজিক—৯৯ श्रामा---२०२, २०२ পারিমাওলা--৬৫ প্রভবদৃষ্টি—৩৩ পার্যদেব—৩৫৩, ৩৭৭ পুঞ্চবাদ—২৯৮ প্রমা-৩৩০, ৩৩৫ প্রমাণ-ত্ম, ৩৩৫, ৩৪. পুণাপ্রসব-১৯৯ ---সামান্তলক্ষণ--ত্ত্ৰ পুদ্রাল—৩১-৩৯, ৪২, ৪৪, ৪৭, ৫২, ১৯৬, ৩১৪ প্রমাণসমৃচ্চয়—৩৪৮, ৩৪৯, ৩৭৮ পুরুষ্কার্ফল-১৭৫, ১৭৯, ১৮= প্রমাণসংগ্রব—৪২৬ প্রমাদ--२०२, २३० পৃথগ্জনত্ব—২১৬ প্রসঙ্গানুমান—২৮৬, ২৮৭ প্রকরণপাদ---> প্রসর্পণবৃত্তি-৭৩ প্রজিপান্ত-১, ১৬৪, ১৬৫ প্রসহাপ্রতিবেধ--৪০৯ खळाशिम९--६२, २३७, २७८ প্রস্থান -- ২০২, ২০৪, ২১০ প্রক্তা---২০৩ প্রণীততাদৃষ্টি—৩০ ্ প্রহাণ্ধাত—৩৫, ৩৬ প্রাগভাব---২৮৩ প্রতিঘ-৫৪, ২০২, ২০৯-২১১ প্রাতিমোক্ষ-- ১ প্রতিজ্ঞা--৪২২, ৪২৮ প্রতিপত্তাদৃষ্টি--৩৩ —मसूत्र—৯৯, ১·· প্রতিবিজ্ঞপ্রি—১৮৬ প্রাপকত্--৪১ প্রতি লাস—৩৩৫, ৩২৬ वाखि-->, ०७, २>२, २>> व्यक्तियांगी->२४, ১२२ প্রাপাকারিত-২৯৭ প্রতিলম্ভ—২১৩ প্রতিসংখ্যানিরোধ—৫, ৮, ২৫-২৭, ৩০, ৩১, यन-390 96-82, 85, 85, 60, 68, 82, 398 —অধিপতি—১৭৫ 399 -- निश्चन्त- > १० প্রতীতাসম্ৎপাদ—২১-২৪, ২৪১, ২৪৩-২৫৭ —পুরুষকার—: १¢, ১৭৬ —প্রতায়োপনিবদ্ধ—২৪৮, ২৪৯ —বিপাক—১৭৫ —প্রাকর্ষিক—২৫৩ —বিদংবোগ—১৭৫ —সাম্বন্ধিক—২৫৩ ফলভাববিচার—১৭৪ —হতুপনিবদ্ধ—२8৮, २**8**৯ ফলাক্ষেপকশক্তি-১৮ প্রত্যভিজ্ঞা—১২৩, ২৬৯, ২৭• প্রত্যর—२৫, ৫৩, ১৫১, ১৮১ বজ্জিপুত্তক—৩৩১ —অধিপতি—১৮১ বজ্রোপমসমাধি—৩৪, ৩২৬

বন্ধনশভালা--৩০৪ वस्वत्->, १, ४, ১२, ১৯, २১, २७, ८०, ८०. 29, 90, 99, 92-53, 303, 300, १४७, १४८, २१२, २२८, २७२, २७७, २७३, २८३, ७०७, ७३७-३४, ७७३, 080, 085, 082, 00c वर्षिक->, ১०, ১२, ১७, ১৯, ১१२, ७১७ বাককর্ম-৯*, ৯৭ বাক কায়বিজ্ঞপ্তি-১৭• বাচস্পতি মিশ্র—২৪৬, ২৪৭, ২৫৭, ৩৪৩, ৩৪৮ वादमीभूजीय-२७ বাৎস্থায়ন--- ৪২৫ বাদভায়-৪১৮ विकल्लश्रीजि->२२, ১२७, ১२৫, ७८० বিকল্পবিজ্ঞান—১২১, ৩৩২ বিকল্লাধাবদায়--তত্ৰ विठात-२०२, २०७-२०२, २১১ विकिकिৎमा-२०२, २०३, २३०, ३३ বিজ্ঞপ্তিবাক কর্ম- ৭১৭ বিজপ্তিশব্দ-৮৫, ৯৭ विकान-२०३, २०२, २०४ **一 本 初 一 3** — [西辺] — 2 b 9-2 b b **—邓9—《**6 —বাদ—৩৮৮ <u>—রূপ</u>—৮২ —मञ्जान-- १४४, १४२ —ক্ষা—৬৪, ১৬২, ১৮৬ বিজ্ঞানাস্তায়তন—১৯৯, ৩০১ विडर्क--२०२, २०७, २०१, २०४, २०३, २३३ বিনয়তোষ ভট্টাচার্যাড়োঃ)—৫ বিপক্ষ-১৪২, ১৯২ —বাধকতর্ক—২৭২ -- वृद्धि-- ७९२, ७४४, ७४६, ७४७, ४२६ বিপর্যায়ানুমান—২৮৬, ২৭৮, ২৮৮ বিপৰ্ব্যাস-৩৩৭ বিপাকফল—১৭৫, ১৭৬, ১৮১, ২৩০ বিপাকহেডু—১৮, ১৬৩, ১৬৯-১৭৪

বিভজ্যবাদ-৩ বিভূত্--২৯ বিভ্রুরাপ্সংজ-২•• বিমতি-৫৪, ৫৫ বিমৃত্তি-৩৭ —মার্গ—৩৫, ৪২, ৩২· বিরাগধাড়-তথ বিলোম-৩08 বিশিষ্টাভাব-২৬৩ বিসংযোগ—৩৭, ৩৮ --- क्ल--- ১ qe, ১৮১ বিহানি--৩১৮ বিহিংসা--২০২, ২০৯ বীজ-২১৭ বদ্ধযোৱ—৩৩১ वृक्षाप्तव->, > , > २, ७०, ७৯, २८८ बुट्रक्न->>>, २७०, २७১ (वप्रमा---२०२, २०७, २०४, २४०, २८১, २८२ —স্বল-**৬৪.** ৩২৬ —শুতাপস্থান—৩০৬ বেদান্তদর্শন-২ বৈছাত্য—১৪০, ১৪২, ১৪৪, ১৪৭, ১৪৯ देवर्शिक---२२७, २२१, २७८, २०७, २०७, २०७, 996 বোধি-৩৫ —নগ্ৰ—৫৬ वाल्टिवक->८६, २১८ —অনুমান—২৬৫ —可作图—>ob, २७৫, 80>, 82€ ব্যভিচার—২৭৪, ২৭০, ২৮১, ২৮৩, ৪০৮ বাখান চিত্ত—১৮৪ ব্যাকৃতত্ব—১৬৬ ব্যাকৃতসাম্রবধর্ম—১৭০, ১৮০ ব্যাপক-->৪৪ ব্যাপকানুপলব্ধি—৪১৬ वा श-800 ব্যাপা-১৪৪ <u>- वृद्धिय- ५०२</u> गावर्श-> ३७-- ३२६

বাাবৃদ্ভি—১১২ ব্যাহতবচন—১৪৭

5

छव—७०, ७১, २६১, २६८ <u>—चयुत्र—३३२</u> —हेदशिव-३०२ —পূৰ্বকাল—১৯২ —মরণ—১৯২ ভববিচেছদ—১৯২ खवां श-> ३२२, ४०३ खवार्थश—e>, ६२ ভাষতী—২৪৬, ২৪৭, ২৪৮, ২৪৯, ২৫৭ ভাবনামার্গ—৩২, ১৭৬, ১৭৭, ৩২৫, ৩২৬ ভावनारश्य—°•, ७•२ ভাবাগ্রিক-৩৽২ ভাবান্তথাত্বাদ-৬-৮ ভিক্সপ্রাতিমোক—৯৯, ১০০ ভেদাভেদবাদ-২৪ ভৌতিকত্ব—৮৯, ৯০

70

मदमन-२०२ मिकि—२०२, २०७, २०४, २३० यम-२०२, २०२ মধ্যকান্তি-৩১১ খন-১৮২ मनकात--२०२, २०४, २०० মৰোজ্ঞ—৮৫ म्पाविकान->>०, >>>, >>०, ००२, ०७२, ०७० মরণভব--১৯২ মহত্বপরিমাণ—২৯১, ২৯৯ মহাকোঞ্ডিল--> মহাভূত-- ৭২, ৭৩ महाज्ञिक—२०४, २১०, २₡७ -C53-20b, 233 মহেম্বতা--৩০৩ মার্গ—৩৩ —অম্বয়ক্তান—৩২৩

—ধর্মজান—৩২৩ — সভ্য—২৬, ৩°, ৩৫, ৩৯, ৪৬, ৫৩, ৫৪, ৫৭, er, 63, 65, 369, 00 P, 030 মাৰ্গতাদৃষ্টি—৩৩ भादमधा-२०२ মাধ্যমিক-১, ২৭৫ —वृद्धि—२8७, २88 मान-६८, २०२, २०३, २४०, २४১ মানসকর্ম-৯৭ भानमिविकान-8¢, ১৯৭ भाषा-२०२, २०२ মিথ্যাজ্ঞান—৩৩৭ মিথাাদৃষ্টি—৫৪ भिक्ष-२०२, २०४, २०३ মূদিতা-২০৪ मुक्ता-७३४, ७०३ ম্রান—৩৪ মুদ্র-উত্মগত-৩০১ মৃত্-ক্লান্তি-৩১০, ৩১১ মৈত্ৰী-২ = ৪ মোকভাগীয়—৩ং, ৩১৯ मिर्-२०२, २०२, २३० মৌদ্গল্যায়ন-> अक--२०२, २०२

য

যশোমিত্ত—১৩, ৩৭, ৩৮, ৪২, ৪৯, ৭৫, ১৫১,
১৫৯, ২০৩, ৩০১, ৩১৩, ৩১৭, ৩৩১
যাম—১৯৮, ৩১৪
যোগ—২৩২
যোগাচার—১, ২৩২, ২৭৫, ৩১২, ৩২৯
যোগবিক্তান—৩৬৬
যোগামুপলব্বি—২৬৮, ২৯৪, ২৯৫, ৪০৫

র

রছকীর্ত্তি—১০৩ রাগ—৫৪, ২০২, ২০৯-২১১ রাহল সাম্বত্যায়ন—৬৯ — বৃত্তি—৬৯ রূপ—৭৫

বৈভাষিক দর্শন

শ্বলক্ষণ—৩২, ৮৯, ৯০, ১২৫, ৩৩৫
স্বদংবেদন—৩৬৪
স্বাৰ্থাস্থ্ৰমিতি—৩৭৫, ৩৭৯, ৪২০
শ্বেপজ্ঞভাশ্ব—৫৩, ৭৫, ৩৫১
শ্বিত—২০২, ২০৬, ২১০
শ্বত্যাপস্থান—৩২, ৩০৫
স্বোত-আপন্ন—৪৯, ৫০

হরিভক্ত—৩৫০, ৩৭৫, ৩৭৭
হীনোচচদৃষ্টি—৫৪
হেতুফলভাব—১৫০
হেতুফিলু—৩৭৯, ৪০৩, ৪১৫, ৪১৬,
৪১৭, ৪২১
হী—২০২, ২০৪, ২০৮

